বিশেষ কার্য্যে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত সি, ডি ফিল্ড সাহেব আগামি আগষ্ট মাসের ১২ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৮ জুলাই।—গত মাসের ৩ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নওয়াখালীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এফ, এচ, মাকলখলিন সাহেব, আগামি মাসের ৩ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এফ, এচ, মাকলখলিন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত জে, আর, হালেট সাহেব ফরীদপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া নওয়াখালীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত টি, এম, কার্কউড্ সাহেব মজফরপুরের একটিং ডিষ্ট্রিকট ও সেশন জজস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যাবৎ অন্য আজ্ঞা না হয় ময়মনসিংহের ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৯ জুলাই।—সারণের একটিং জাইন্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জি, কুক সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় বগুড়ার ম্যাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজশাহীর একটিং জাইন্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, ব্যাডকক সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় হাবড়ার ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২১ জুলাই।—মুঙ্গেরের একটিং ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী কয়জুদ্দীন হুসেন, রাজশাহীতে প্রেরিত হইলেন।

রাজশাহীর একটিং ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ মিত্র, নওয়াখালীতে প্রেরিত হইলেন।

নওয়াখালীর অন্তর্গত ফেণীনদী মহকুমার একটিং ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী জাকের হুসেন গত মাসের ১৭ তারিখ অবধি চট্টগ্রামে প্রেরিত হইলেন।

ছুটী প্রাপ্ত গয়ার ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ঈশ্বরী প্রসাদ বাবু মজফরপুর জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

দিনাজপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ললিতমোহন চট্টোপাধ্যায়, বগুড়ায় প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ২২ জুলাই।—শ্রীযুত ডবলিউ, এস, ওয়েলস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ছুটী প্রাপ্ত জাইন্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেব, ২৪ পরগনার ম্যাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৩ জুলাই।—ত্রিপুরার একটিং ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীশঙ্কর রায় সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

যশোহরের অন্তর্গত বাগেরহাটের ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ ঘোষ দিনাজপুরে প্রেরিত হইলেন।

দিনাজপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী যশোহরে প্রেরিত হইয়া উক্ত জিলার অন্তর্গত বাগেরহাট মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৫ আগষ্ট।]

Mr. H. Gillon is appointed to act, until further orders, in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the date on which he was relieved of his appointment as Officiating Magistrate and Deputy Collector of Howrah. Mr. Gillon is posted to the Sudder Station of the Rajshahye district.

The 24th July 1879.—Mr. C. S. Bayley, Assistant Magistrate and Collector, Raneegunge, Burdwan, is transferred temporarily to the Sudder Station of that district.

Mr. H. M. Tobin, Officiating Joint-Magistrate and Deputy Collector, Burdwan, is appointed to have temporary charge of the Raneegunge division of that district.

The 25th July 1879.—Moulvi Mahomed, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is vested with special appellate powers under Section 87 of Act VII (B.C.) of 1876.

The 26th July 1879.—Baboo Rakhal Dass Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871.

The 29th July 1879.—Moulvi Syed Obedullah Khan, Deputy Magistrate and Deputy Collector, Khoolna, Jessore, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring the land required for the road across Rungpore bheel from Dowlutpore to Shahapore in Jessore.

The orders of the 19th instant, appointing Mr. E. R. Henry to be Private Secretary to the Lieutenant-Governor, and Lieutenant G. U. Browne, 40th Foot, to be Aide-de-Camp on the Personal Staff of the Lieutenant-Governor, will have effect from the 15th July 1879.

Education.—*The 21st July* 1879.—Baboo Prasanna Kumar Sarvadhikari, Officiating Principal of the Berhampore College, is allowed leave for three months, under Rule I, Section 43, Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

The 25th July 1879.—Baboo Bhuan Lall, Sub-Manager of Raj Durbhunga, is appointed to be a Member of the Durbhunga District School Committee.

Opium.—*The 19th July* 1879.—Mr. R. Fraser, Assistant Sub-Deputy Opium Agent, Basti, Benares Agency, is allowed leave for six months, under Section 6, Supplement F to the Civil Leave Code, with effect from such date as he may be relieved.

The 21st July 1879.—Mr. R. W. Blair, Assistant Sub-Deputy Opium Agent, Gola, Benares Agency, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st instant.

Mr. James Augier is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, during the absence, on leave, of Mr. R. W. Blair, or until further orders.

The 23rd July 1879.—Mr. A. W. Osborne, Assistant Sub-Deputy Opium Agent, Budaon, Benares Agency, is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 11th instant.

Forests.—*The 15th July* 1879.—Mr. E. Fuchs, Assistant Conservator of Forests, in charge of the Teesta Division, is allowed leave for two months and twelve days, under Sections 41 and 42 of the Civil Leave Code, with effect from the 10th instant.

Medical.—*The 5th July* 1879.—Assistant Surgeon Prosunno Coomar Dey, Deputy Superintendent of Vaccination, Ranchee, is appointed temporarily to have medical charge of the Civil Station of Maubhoom, with effect from the 19th ultimo, until relieved by Dr. D. Basu.

The 17th July 1879.—Kumar Girindra Narain Deb, Officiating Deputy Magistrate and Deputy Collector, Burdwan, is appointed to be a Member of the Committee for the management of the Gotan Charitable Dispensary in the district of Burdwan.

The 23rd July 1879.—The services of third grade Assistant Surgeon Kedar Nath Sen, now doing duty at the Campbell Hospital, Sealdah, are placed at the disposal of the Government of India in the Home, Revenue, and Agricultural Department.

Assistant Surgeon Jogendra Nath Ghose, in temporary medical charge of the Charitable Dispensary at Motihari, in Chumparun, is confirmed in that appointment, *vice* Assistant Surgeon Rojonee Lal Sett, deceased.

The 24th July 1879.—Dr. A. Crombie, Civil Surgeon of Dacca, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st August next.

[*Government Gazette*, 5*th August* 1879.]

শ্রীযুত এচ, গিলন সাহেব হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টরস্বরূপ স্বীয় কর্ম্মের ভার যে তারিখে অন্যের প্রতি অর্পণ করেন তদবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি রাজশাহী জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ২৪ জুলাই।—বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এস. বেলী সাহেব কিয়ৎকালের নিমিত্তে সেই জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

বর্দ্ধমানের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, এম, টোবিন সাহেব, কিয়ৎকালের নিমিত্তে সেই জেলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৫ জুলাই।—ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৮৭ ধারামতে বিশেষ আপীলী মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৬ জুলাই।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখাল দাস মুখোপাধ্যায় ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৯ জুলাই।—যশোহরের অন্তর্গত খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ অবেদুল্লা খাঁ যশোহরের অন্তর্গত দৌলতপুর অবধি শাহপুর পর্য্যন্ত রজপুর বিলের উপর দিয়া পথ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রাইবেট সেক্রেটরীর পদে শ্রীযুত ই, আর, হেনরি সাহেবের, এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্বকীয় দলের মোসাহেবের পদে ৪০ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জি, ইউ. ব্রীন সাহেবের নিয়োগ বিষয়ক এই মাসের ১৯ তারিখের আজ্ঞা ১৮৭৯ সালের ১৫ জুলাই অবধি বলবৎ হইবে।

শিক্ষাবিষয়ক।—১৮৭৯ সাল ২১ জুলাই।—বহরমপুর কালেজের একটিং প্রিন্সিপল শ্রীযুত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারি, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৭ অধ্যায়ের ৪৩ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৫ জুলাই।—রাজ দ্বারভঙ্গার অধীন কার্য্যাধ্যক্ষ শ্রীযুত ভুরম লাল বাবু দ্বারভঙ্গা জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৭৯ সাল ১৯ জুলাই।—বাণারস এজেন্টীর অন্তর্গত বস্তির আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত আর, ক্রুমর সাহেব অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২১ জুলাই।—বাণারস এজেন্টীর অন্তর্গত গোলার আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত আর, ডবলিউ, ব্রের সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত আর, ডবলিউ, ব্রের সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত জেমস এগুার সাহেব বাণারস এজেন্টীর আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৩ জুলাই।—বাণারস এজেন্টীর অন্তর্গত বদাওনের আফীমের আসিষ্টান্ট সব ডেপুটী এজেন্ট শ্রীযুত এ, ডবলিউ, অসবোণ সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এই মাসের ১১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইলেন।

বনবিষয়ক।—১৮৭৯ সাল ১৫ জুলাই।—তিস্তা খণ্ডের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত ই, ফ্যাকস সাহেব. সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪১ ও ৪২ ধারামতে এই মাসের ১০ তারিখ অবধি দুই মাস বার দিনের ছুটী পাইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৭৯ সাল ৫ জুলাই।—রাজ্যির টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিষ্টান্ট সার্জন শ্রীযুত প্রসন্নকুমার দে, গত মাসের ১৯ তারিখ অবধি ডাক্তর শ্রীযুত ডি, বসুর প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত কিয়ৎ কালের নিমিত্তে মানভূমের সিবিল ষ্টেশনের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৭ জুলাই।—বর্দ্ধমানের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত কুমার গিরীন্দ্র নারায়ণ দেব, বর্দ্ধমান জিলার অন্তর্গত গোতাম্রের দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২০ জুলাই।—শিয়ালদহস্থ কাম্বেল হাস্পাতালে সম্প্রতি কর্ম্মকারি তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সর্জন শ্রীযুত কেদারনাথ সেন, জোব, রাজস্ব, ও কৃষি কার্য্য সম্পর্কীয় কার্য্য বিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট সর্জন চুনীলাল শেঠের মৃত্যু হওয়াতে চাম্পারণের অন্তর্গত মতিহারীর দাতব্য ঔষধালয়ের অস্থায়ী চিকিৎসা কার্য্যের ভার প্রাপ্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত যোগেন্দ্রনাথ ঘোষ, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ জুলাই।—ঢাকার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এ, ক্রমি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি আগষ্ট মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৫ আগষ্ট।]

Surgeon G. H. Peevor, attached to the Left Wing, 10th Regiment, Native Infantry, at Dacca, is appointed to act, in addition to his own duties, as Civil Surgeon of that district, during the absence, on leave, of Dr. A. Crombie, or until further orders.

Surgeon H. W. Hill, Officiating Civil Surgeon of Manbhoom, is allowed subsidiary leave from the afternoon of the 17th ultimo to the 15th instant, inclusive, under Section 34 of the Civil Leave Code.

Assistant Surgeon Kally Das Bose, Superintendent of Vaccination, Behar Circle, is appointed to have charge of the Charitable Dispensary at Durbhunga, *vice* Assistant Surgeon Raj Kissen Mookerjee, deceased.

Assistant Surgeon Mothoora Nath Sen, Deputy Superintendent of Vaccination, Sonthal Pergunnahs, is appointed to be Superintendent of Vaccination, Behar Circle, *vice* Assistant Surgeon Kally Das Bose.

Assistant Surgeon Probode Chunder Bose, Deputy Superintendent of Vaccination, Metropolitan Circle, is appointed to be Deputy Superintendent of Vaccination, Sonthal Pergunnahs, *vice* Assistant Surgeon Mothoora Nath Sen.

Assistant Surgeon Durga Nund Sen, a Supernumerary at the Presidency, is appointed to be Deputy Superintendent of Vaccination, Metropolitan Circle, *vice* Assistant Surgeon, Probode Chunder Bose.

MUNICIPAL.—*The 17th July* 1879.—Mr. W. H. M. Gun is appointed to be a Commissioner of the Municipality of Kishnaghur, in the district of Nuddea, *vice* Mr. F. B. Taylor, transferred.

The following gentlemen are appointed to be Commissioners of the Municipality of Commillah, in the district of Tipperah.

Mr. H. M. Weathrall, Agent to Nawab Ahsan Oollah of Dacca, *vice* Mr. H. L. Weathrall.

Baboo Novin Chandra Mookerjee, Mooktear of the Zemindar of Gunga Mundul.

Moulvi Mahomed Hoque, Mooktear of Rajah Suttyanund Ghosaul, Bahadoor.

The 18th July 1879.—Baboo Preonath Mullick, Pleader, is appointed to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta, *vice* Kumar Kanti Chunder Sing, resigned.

ROAD CESS.—*The 26th July* 1879.—Baboo Rakhal Das Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to be a member of the District Road Cess Committee of that district.

In supersession of all previous orders, the following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Furreedpore :—

Mr. J. E. B. Jeffery, Offg. Magistrate and Collector, Chairman, } *ex-officio.*
„ J. B. Birch, Offg. District Superintendent of Police, } *ex-officio.*
Baboo Krishto Chunder Dutt, Excise Deputy Collector, } *ex-officio.*
„ Tarak Nath Sen, Deputy Inspector of Schools,
„ Bhagaban Chandra Bhumik.
„ Dina Nath Das.
„ Gungadhur Majumdar.
„ Hara Bilash Mookerjea.
„ Ishan Chandra Maitra.
Moonshi Meherali Khonkar.
Baboo Sarat Chandra Das.
„ Shomeshawr Sikdar.
„ Shyama Sankar Majumdar.
„ Uma Charan Acharjee.

The 28th July 1879.—The following gentlemen are appointed to be members of the Terai Branch Road Cess Committee :—

The Sub-Inspector of the Terai Schools, *ex-officio.*
Mr. A. H. Fletcher, Tea Planter.
Baboo Haro Soonder Mozumdar, Pleader.
Moonshee Imdad Hosain, Jotedar.

[*Government Gazette, 5th August* 1879.]

ডাক্তর শ্রীযুত এ, ক্রম্বি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ঢাকার ১০ সংখ্যক পদাতিক পল্‌টনের লেপ্‌ট উইংজে নিযুক্ত সর্জন শ্রীযুত জি, এচ, পীবর্‌ সাহেব আপন কর্ম্মাতিরিক্ত উক্ত জিলার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মানভূমের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত এচ, ডবলিউ, হিল সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩৪ ধারামতে গত মাসের ১৭ তারিখের অপরাহ্ণ অবধি এই মাসের ১৫ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

আসিস্টান্ট সর্জন রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে বিহারচক্রের টীকাদান কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট আসিস্টান্ট সর্জন শ্রীযুত কালিদাস বসু, দারভঙ্গার দাতব্য ঔষধালয়ের কার্য্যের ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

আসিস্টান্ট সর্জন শ্রীযুত কালিদাস বসুর পরিবর্ত্তে সাঁওতাল পরগনার টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিস্টান্ট সর্জন শ্রীযুত মথুরানাথ সেন, বিহার চক্রের টীকা দান কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

আসিস্টান্ট সর্জন শ্রীযুত মথুরানাথ সেনের পরিবর্ত্তে রাজধানী চক্রের টীকা দান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিস্টান্ট সর্জন শ্রীযুত প্রবোধচন্দ্র বসু, সাঁওতাল পরগনার টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

আসিস্টান্ট সর্জন শ্রীযুত প্রবোধচন্দ্র বসুর পরিবর্ত্তে রাজধানীতে অতিরিক্ত আসিস্টান্ট সর্জন শ্রীযুত দুর্গানন্দ সেন, রাজধানী চক্রের টীকা দান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ১৭ জুলাই।—শ্রীযুত এফ, বি, টেলর সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত ডবলিউ, এচ, এম, গন্ সাহেব, নদীয়া জিলার অন্তর্গত কৃষ্ণনগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এল, ওয়েদরঅল সাহেবের পরিবর্ত্তে ঢাকার নবাব শ্রীযুত আশানুল্লার কর্ম্মচারী শ্রীযুত এচ, এম, ওয়েদরঅল সাহেব।
গঙ্গা মণ্ডলের জমীদারের মোক্তার শ্রীযুত বাবু নবীনচন্দ্র মুখোপাধ্যায়।
শ্রীযুত রাজা সত্যানন্দ ঘোষাল বাহাদুরের মোক্তার শ্রীযুত মৌলবী মহম্মদ হক্।

১৮৭৯ সাল ১৮ জুলাই।—শ্রীযুত কুমার কান্তিচন্দ্র সিংহ কর্ম্মত্যাগ করাতে উকীল শ্রীযুত বাবু প্রিয়নাথ মল্লিক কলিকাতার শাখানরের মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৭৯ সাল ২৬ জুলাই।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায়, সেই জিলার ডিষ্ট্রিক্ট পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পূর্ব্ব২ আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা ফরীদপুর জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, ই, বি, জেফ্রি সাহেব, সভাপতি,
পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, বি, বর্চ সাহেব,
আবকারীর ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত,
স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু তারক নাথ সেন,
} স্ব২ পদোপলক্ষে।

শ্রীযুত বাবু ভগবান চন্দ্র ভুমিক।
" " দীন নাথ দাস।
" " গঙ্গাধর মজুমদার।
" " হরবিলাস মুখোপাধ্যায়।
" " ঈশান চন্দ্র মৈত্র।
" মুনশী মেহের আলি খোনকার।
" বাবু শরচ্চন্দ্র দাস।
" " সোমেশ্বর শীকদার।
" " শ্যামাশঙ্কর মজুমদার।
" " উমাচরণ আচার্য্য।

১৮৭৯ সাল ২৮ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা তেরাই পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

তেরাইর স্কুল সমূহের সব-ইনস্পেক্টর, স্বীয় পদোপলক্ষে।
চা-কর শ্রীযুত এ, এচ, ফ্লেচর সাহেব।
উকীল শ্রীযুত বাবু হরসুন্দর মজুমদার।
যোতদার শ্রীযুত মুনশী ইমদাদ হুসেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৫ আগষ্ট।]

The 29th July 1879.—The following officers are appointed to be *ex-officio* members of the Pubna District Road Cess Committee :—

The District Superintendent of Police, Pubna.

„ District Road Cess Deputy Collector, Pubna.

ERRATUM.—*The 29th July* 1879.—In the orders of the 11th ultimo, published in the *Calcutta Gazette* of the 18th idem, appointing certain gentlemen to be members of the Pubna District Road Cess Committee, *for* " Baboo Devendra Nath Sanyal, Zemindar," *read* " Baboo Dinendra Nath Sanyal, Zemindar."

The following Notifications are republished from the *Assam Gazette* :—

No. 172.—*The* 15*th July* 1879.—Mr. W. C. Fasson, Officiating Assistant Superintendent of Police, Sylhet, is transferred to the district of Khasi and Jaintia Hills, on special duty, from the 25th April 1879.

No 175.—*The* 18*th July* 1879.—Mr. B. G. Geidt, C.S., Officiating Assistant Commissioner, Second Grade, in charge of the sub-division of Karimganj, Sylhet, is transferred to the district of Cachar.

No. 176.—Mr. W. C. Macpherson, C.S., Supernumerary Assistant Commissioner, Sylhet, is transferred to the sub-division of Karimganj in that district.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25*th July* 1879.—Mr. J. S. Slater, Professor, Presidency College, having passed by the High Proficiency Standard in Bengali, at the examination held on the 7th instant, is allowed, under the rules for the encouragement of the study of Oriental languages among graded European Officers of the Bengal Educational Service, to draw the authorized donation of Rs. 1,000.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28*th July* 1879.—The following rules passed by the Lieutenant-Governor of Bengal, under Section 25(*i*) of the Indian Forest Act VII of 1878, are hereby published for general information. They will take effect in all Reserved Forests in Bengal, and will come into force from the 1st September 1879 :—

Rule I.—No person shall, unless it be necessary in defence of the life or limb of himself or some other, kill or wound any elephant, or catch or attempt to catch elephants in any part of a reserved forest.

Rule II.—No person shall set snares or traps in any reserved forest.

Rule III.—The forest officer may, with the sanction of the Local Government, close any reserved forest, or any part of such forest, against hunting, shooting, or fishing.

Rule IV.—Nothing in Rules I to III shall be deemed to prohibit any act done with the permission in writing of the forest officer or of the Local Government.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 28*th July* 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Burdwan Municipality for a public purpose, viz. for a site for the erection of a public latrine, it is hereby declared that for the above purpose a piece of land is required measuring about 10 cottahs, more or less, situated in mohulla Lacoordee, within the municipal limits of the town of Burdwan, in the district of Burdwan, and bounded as follows :—

North.—By a tank called Banipooker, the property of Taruk Nath Roy.

South.—By a piece of land the property of Ram Soonder Adhikaree.

East.—By Shibtolla Lane.

[*Government Gazette*, 5*th August* 1879.]

১৮৭৯ সাল ২৯ জুলাই।—নিম্নলিখিত কার্য্যকারকেরা স্ব২ পদোপলক্ষে পাবনা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব।
পাবনা জিলার পথকরের ডেপুটী কালেক্টর।

অশুদ্ধশোধন।—১৮৭৯ সাল ২৯ জুলাই।—পাবনা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে কএক মহাশয়ের নিয়োগ বিষয়ক গত মাসের ১১ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ২৪ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "জমীদার শ্রীযুত বাবু দেবেন্দ্রনাথ সান্ন্যাল" এই নামের পরিবর্ত্তে "জমীদার শ্রীযুত বাবু গিনেন্দ্রনাথ সান্ন্যাল" পাঠ করিতে হইবে।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৭২ নম্বর।—১৮৭৯ সাল ১৫ জুলাই।—ছিলটের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, সি, ক্যাসন সাহেব বিশেষ কার্য্যের নিমিত্তে ১৮৭৯ সালের ২৫ আপ্রিল অবধি খাসী ও জায়ন্তী পর্ব্বত জিলায় প্রেরিত হইলেন।

১৭৫ নম্বর।—১৮৭৯ সাল ১৮ জুলাই।—ছিলটের অন্তর্গত করিমগঞ্জ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত দ্বিতীয় শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বি, জি, গেইট সাহেব সি, এস, কাছাড় জিলায় প্রেরিত হইলেন।

১৭৬ নম্বর।—ছিলটের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত ডবলিউ, সি, মাকফরসন সাহেব, সি, এস, উক্ত জিলার অন্তর্গত করিমগঞ্জ মহকুমায় প্রেরিত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৫ জুলাই।—এই মাসের ৭ তারিখে যে পরীক্ষা হয় তাহাতে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জে, এস, স্লেটর সাহেব বঙ্গ ভাষায় বিশেষ ব্যুৎপত্তির কল্পিমতে উত্তীর্ণ হওয়াতে বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের শ্রেণীবদ্ধ ইউরোপীয় কর্ম্মচারিদের মধ্যে প্রাচ্য ভাষাভ্যাসের উৎসাহ বর্দ্ধনার্থ বিধিমতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার গ্রহণের অনুমতি পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৮ জুলাই।—ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ২৫ ধারার (ঝ) প্রকরণমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রচারিত নিম্নলিখিত বিধি এতদ্দ্বারা সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল। এই বিধি বঙ্গদেশের অন্তর্গত রক্ষিত সমস্ত বনে ফলবৎ হইয়া ১৮৭৯ সালের সেপ্টেম্বর মাসে ১ তারিখ অবধি প্রবল হইবে।

১ ধারা।—কোন ব্যক্তি নিজের বা অন্য ব্যক্তির প্রাণ বা অঙ্গ রক্ষার আবশ্যক না হইলে রক্ষিত বনের কোন অংশে হস্তি মারিবে না বা তাহাকে আঘাত করিবে না কিম্বা ধরিবে বা ধরিবার উদ্যোগ করিবে না।

২ ধারা।—কোন ব্যক্তি রক্ষিত কোন বনে ফাঁদ কি জাল পাতিবে না।

৩ ধারা।—বনের কর্ম্মচারী স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে উক্ত বনে বা তাহার কোন অংশে শীকার করা কি বন্দুকাদিদ্বারা পক্ষ্যাদি মারা কিম্বা মৎস্য ধরা বন্ধ করিতে পারিবেন।

৪ ধারা। বনের কর্ম্মচারির বা স্থানীয় গবর্ণমেণ্টের লিখিত অনুমতিক্রমে যে কোন কর্ম্ম করা যায় তাহা ১ অবধি ৩ পর্য্যন্ত ধারার নিষিদ্ধ কার্য্য বলিয়া জ্ঞান করিতে হইবে না।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৮ জুলাই।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাধারণের পাইখানা প্রস্তুত করিবার জন্যে বর্দ্ধমান মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বর্দ্ধমান জিলার অন্তর্গত বর্দ্ধমান নগরের মুনিসিপল সীমার মধ্যে লাকুর্দ্দি মহল্লায় স্থিত ন্যূনাধিক ॥০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২,—

উত্তর সীমা।—তারকনাথ রায়ের বেণীপুকুর নামক পুষ্করিণী।
দক্ষিণ সীমা।—রামসুন্দর অধিকারির এক খণ্ড ভূমি।
পূর্ব্ব সীমা।—শিবতলা লেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৫ আগষ্ট।]

West.—By a tank called Moonshipooker, the property of Ram Soonder Adhikaree.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

H. L. HARRISON,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 28*th July* 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Burdwan Municipality for a public purpose, viz. for a site for the erection of a public latrine, it is hereby declared that for the above purpose a parcel of land is required measuring about 10 cottahs, more or less, situated in mohulla Tickurhaut, within the municipal limits of the town of Burdwan, in the district of Burdwan, and bounded as follows :—

North.—By Baniapooker.

South.—By Kissoree Baboo's house.

East.—By Thakoorpooker.

West.—By Gopal Addy's land.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

H. L. HARRISON,
Offg. Secy. io the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 3540A.

The 16*th July* 1879.—Baboo Greece Chunder Dutt is appointed, under Section 8, Act IV of 1877, to be a Presidency Magistrate for the Town of Calcutta.

The 24*th July* 1879.—Baboo Bepin Behary Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Manickgunge, Dacca, is vested with the powers of a Magistrate of the First Class.

The 25*th July* 1879.—Mr. C. M. W. Brett, Officiating Joint-Magistrate and Deputy Collector, Hooghly, is vested with powers under Sections 142, 157, 417, and 521 of the Criminal Procedure Code.

Mr. J. P. Scotland, Assistant Engineer, Buxar Division, is vested with the powers of a Magistrate of the Third Class for the trial of offences under Act V (B.C.) of 1864.

The 28*th July* 1879.—Baboo Norendro Nath Chowdry, Officiating Deputy Magistrate and Deputy Collector, Sarun, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 29*th July* 1879.—Baboo Umbica Churn Ghose, Moonsif of Diamond Harbour, is appointed to be a Moonsif in the 24-Pergunnahs and to be ordinarily stationed at Diamond Harbour.

Baboo Kali Prosunno Bose is appointed to act as a Moonsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at the Sudder Station.

Baboo Debendro Chunder Mookerjee is appointed to act as a Moonsif in the district of Chittagong, during the absence, on leave, of Baboo Chunder Coomar Roy, or until further orders, with effect from such date as he may assume charge of his duties.

Baboo Debendro Chunder Mookerjee will be ordinarily stationed at Futtickcherry.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The* 24*th July* 1879.—Baboo Gobind Chunder Bose Moonsif of Nitrokonah, in the district of Mymensingh, has been allowed privilege leave of absence for two months and twenty days, under Section 43-1, Chapter VII of the Civil Leave Code, with effect from the 20th August 1879, or such date as he may avail himself of it.

[*Government Gazette*, 5*th August* 1879.]

পশ্চিম সীমা ।—রামসুন্দর অধিকারির মুনশীপুকুর নামক পুষ্করিণী ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

এচ, এল, হারিসন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৭৯ সাল ২৮ জুলাই ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাধারণের পাইথানা প্রস্তুত করিবার জন্যে বৰ্দ্ধমান মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বৰ্দ্ধমান জিলার অন্তর্গত বৰ্দ্ধমান নগরের মুনিসিপাল সীমার মধ্যে টিকরহাট মহল্লায় স্থিত ন্যূনাধিক ।।০ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমির সীমা এই,—

উত্তর সীমা ।—বেণিয়াপুকুর ।
দক্ষিণ সীমা ।—কিশোরী বাবুর বাড়ী ।
পূর্ব্ব সীমা ।—ঠাকুরপুকুর ।
পশ্চিম সীমা ।—গোপাল আচার্য্যের ভূমি ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

এচ, এল, হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট ।

৩৫৪০ A নম্বর ।

১৮৭৯ সাল ১৬ জুলাই ।—শ্রীযুত বাবু গিরীশচন্দ্র দত্ত ১৮৭৭ সালের ৪ আইনের ৮ ধারামতে কলিকাতা নগরের প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইলেন ।

১৮৭৯ সাল ২৪ জুলাই ।—ঢাকার অন্তর্গত মানিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিপিন বিহারী মুখোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

১৮৭৯ সাল ২৫ জুলাই ।—হুগলীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪২ ও ১৫৭ ও ৪১৭ ও ৫২১ ধারামত ক্ষমতা পাইলেন ।

বক্সার খণ্ডের আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, স্কটলণ্ড সাহেব ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনমত অপরাধের বিচার করিবার নিমিত্ত তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

১৮৭৯ সাল ২৮ জুলাই ।—সারণের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নরেন্দ্রনাথ চৌধুরী দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

১৮৭৯ সাল ২৯ জুলাই ।—কলাগাছির মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ ঘোষ ২৪ পরগনার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ কলাগাছিতে অবস্থাপিত হইবেন ।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন বসু, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ সদর মোকামে অবস্থাপিত হইবেন ।

শ্রীযুত বাবু চন্দ্রকুমার রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি চট্টগ্রাম জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন ।

শ্রীযুত বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় সামান্যতঃ ফটিকছড়িতে অবস্থাপিত হইবেন ।

মুনসেফের ছুটী ।—১৮৭৯ সাল ২৪ জুলাই ।—ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু, ১৮৭৯ সালের ২০ আগষ্ট অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ৪৩-১ ধারামতে দুই মাস একুশ দিনের ছুটী পাইলেন ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ৫ আগষ্ট ।]

The 25th July 1879.—Baboo Prosuno Kumar Sen, a Moonsif of Jessore, has been allowed leave of absence, under Section 48-1, Chapter VII of the Civil Leave Code, for one month and twelve days, in extension of that already granted to him on the 9th June 1879.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 21st July 1879.

No. 173.—*Leave of Absence.*—Major R. G. Smyth, R.E., Superintending Engineer (temporary rank), Second Grade, is allowed privilege leave for one day under Civil Leave Code, Section 41, in extension of the privilege leave granted* to him.

* Bengal Government (Public Works Department) notification No. 66, of 18th March 1879.

The 25th July 1879.

No. 174.—Mr. J. A. Price, Assistant Engineer (temporary rank), First Grade, availed himself of the privilege leave granted† to him from the 23rd June 1879, before noon.

† Bengal Government (Public Works Department) notification No. 161, of 7th July 1879.

T. H. WICKES,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

১৮৭৯ সাল ২৫ জুলাই।—যশোহরের মুন্সেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন, ১৮৭৯ সালের ৯ জুনে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ৫৩-১ ধারামতে এক মাস বার দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৯ সাল ২১ জুলাই।

১৭৩ নম্বর।—ছুটী।—কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ সাহেব, আর, ই, যে অনুগ্রহের ছুটী পান * তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪১ ধারামতে এক দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ১৮ মার্চের ৬৬ নং বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৫ জুলাই।

১৭৪ নম্বর।—প্রথম শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, প্রাইস সাহেব, যে অনুগ্রহের ছুটী পান † তাহা ১৮৭৯ সালের ২৩ জুনের পূর্ব্বাহ্ণ অবধি গ্রহণ করিলেন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ৭ জুলাইর ১৬১ নম্বর বিজ্ঞাপন।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টর একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

Numb. 2089 ২০৮৯ [REGISTERED No. 38.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 12, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১২ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3602A.

GENERAL.—*The 25th July* 1879.—Baboo Beechand Patnaik, Tehsildar of Ungool, Tributary Mehals, Cuttack, is allowed leave for fifteen months on medical certificate, under Section 4, Supplement F to the Civil Leave Code.

Baboo Harradhun Ghose is appointed to act as Tehsildar of Ungool during the absence, on leave, of Baboo Beechand Patnaik, or until further orders.

The 26th July 1879.—Baboo Radha Kissore Sett is appointed, under Section 32 of the "Bengal License Act, 1878," to hear objections to assessments in all the classes under the Act in the district of Nuddea.

Baboo Debi Prosad, Sub-Deputy Collector, Second Grade, Godda, Sonthal Pergunnahs, is appointed temporarily to be a Sub-Deputy Collector, First Grade, during the absence, on deputation, of Baboo Ram Narain Banerjee, or until further orders.

Moulvi Imdad Ali, Officiating Sub-Deputy Collector, Second Grade, Deoghur, Sonthal Pergunnahs, is appointed to act as a Sub-Deputy Collector, First Grade, during the absence, on deputation, of Baboo Sant Prosad, or until further orders.

Moulvi Imdad Ali is posted to the Jamoee division of the Monghyr district on being relieved from settlement duty.

Moulvi Nujeemuddin Ahmed, Officiating Sub-Deputy Collector, Second Grade, Arrareah, Purneah, is appointed to act as a Sub-Deputy Collector, First Grade, during the absence, on deputation, of Moulvi Shere Ali, or until further orders.

Baboo Shama Churn Das, Sub-Deputy Collector, Second Grade, Sonthal Pergunnahs, is appointed temporarily to be a Sub-Deputy Collector, First Grade, during the absence, on deputation, of Baboo Bunku Behari Buxee, or until further orders.

Baboo Koylash Chunder Chatterjee, Officiating Sub-Deputy Collector, Sonthal Pergunnahs, is appointed temporarily to be a Sub-Deputy Collector, Second Grade, *vice* Moulvi Mahomed Serajul Huq, and is posted to the Banka division of the Bhagulpore district.

Baboo Hori Mohun Sandyal, Officiating Sub-Deputy Collector, Maldah, is appointed temporarily to be Sub-Deputy Collector, Second Grade, *vice* Baboo Debi Prosad.

Baboo Jogendro Chundra Bhunjo is appointed temporarily to be a Sub-Deputy Collector, Second Grade, *vice* Baboo Shama Churn Das, and is posted at Doomka.

The 28th July 1879.—Moulvi Buzlul Karim, Officiating Deputy Magistrate and Deputy Collector, Purneah, is vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871.

The 31st July 1879.—Baboo Koylash Chunder Chatterjee, temporary Sub-Deputy Collector, Banka, Bhagulpore, is allowed leave for two months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

The 2nd August 1879.—Baboo Rakhaldas Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under Act VII (B.C.) of 1868.

The Right Hon'ble the Secretary of State for India has granted Mr. H. L. Oliphant, C.S., an extension of furlough for three months and a half.

The 5th August 1879.—Mr. T. E. Coxhead, Joint-Magistrate and Deputy Collector, having returned from furlough, is posted to the district of the 24-Pergunnahs.

EDUCATION.—*The 4th August* 1879.—Dr. G. Watt, Professor of the Patna College, is allowed furlough for eighteen months, under Section 21 of the Civil Leave Code, together with subsidiary leave from the 16th to the 30th July 1879 under Section 34 of the Code.

The Rev. Lal Behari Dé, Professor, Hooghly College, is appointed to act in the Third Class of the Bengal Educational Service, during the absence, on leave, of Dr. G. Watt, or until further orders.

[*Government Gazette*, 12*th August* 1879.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৬০২ A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ২৫ জুলাই।—কটকের অন্তর্গত পেশকশী মহালের অঞ্চুলের তহসীলদার শ্রীযুত বাবু বীচ্ছন্দ পট্টনায়ক চিকিৎসকের সর্টিফিকটক্রমে, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে পনের মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু বীচ্ছন্দ পট্টনায়কের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু হারাধন ঘোষ অঞ্চুলের তহসীলদারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৬ জুলাই।—শ্রীযুত বাবু রাধাকিশোর সেট, নদীয়া জিলায় বঙ্গদেশীয় লাইসেন্স বিষয়ক ১৮৭৮ সালের আইনমত সকল শ্রেণীর ধার্য্যকরা টাক্সর উপর আপত্তি শ্রবণার্থে উক্ত আইনের ৩২ ধারামতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু রামনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় সাঁওতাল পরগনার অন্তর্গত গদ্দার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটর শ্রীযুত দেবী প্রসাদ বাবু কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত শাস্তু প্রসাদ বাবুর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় সাঁওতাল পরগনার অন্তর্গত দেবগড়ের দ্বিতীয় শ্রেণীর একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী ইমদাদ আলী, প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলি বন্দোবস্তকরণ কার্য্যের ভার অন্যের প্রতি অর্পণ করিলে মুঙ্গের জিলার অন্তর্গত জমুই মহকুমায় অবস্থাপিত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত মৌলবী শের আলির অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পূর্ণিয়ার অন্তর্গত অরারিয়ার দ্বিতীয় শ্রেণীর একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী নজীমদ্দীন আহাম্মদ প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু বঙ্কু বিহারী বক্শীর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সাঁওতাল পরগনার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্যামাচরণ দাস, কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ শেরাজল হকের পরিবর্ত্তে সাঁওতাল পরগনার একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৈলাশ চন্দ্র চট্টোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়া ভাগলপুর জিলার অন্তর্গত বাঁকা মহকুমায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত দেবী প্রসাদ বাবুর পরিবর্ত্তে মালদহের একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরিমোহন সান্ন্যাল, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্যামাচরণ দাসের পরিবর্ত্তে শ্রীযুত বাবু যোগেন্দ্র চন্দ্র ভঞ্জ কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়া দুমকায় অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ২৮ জুলাই।—পুরণিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী ফজলুল করিম ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ৩১ জুলাই।—ভাগলপুরের অন্তর্গত বাঁকার কিয়ৎকালীর সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৈলাশ চন্দ্র চট্টোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২ আগষ্ট।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায়, ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, শ্রীযুত এচ, এল, আলিফান্ট, সি, এস, সাহেবকে আর সাড়ে তিন মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৭৯ সাল ৫ আগষ্ট।—জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া ২৪ পরগনা জিলায় অবস্থাপিত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৭৯ সাল ৪ আগষ্ট।—পাটনা কালেজের অধ্যাপক ডাক্তর শ্রীযুত জি, ওয়াট সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে আঠার মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন উক্ত বিধির ৩৪ ধারামতে ১৮৭৯ সালের জুলাই মাসের ১৬ তারিখ অবধি ৩০ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

ডাক্তর শ্রীযুত জি, ওয়াট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ আজ্ঞা না হয় হুগলী কালেজের অধ্যাপক পাদরী শ্রীযুত লালবিহারী দে, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১২ আগষ্ট।]

Opium.—*The 30th July* 1879.—The orders of the 26th ultimo, granting Mr. W. T. Ryves, Assistant Sub-Deputy Opium Agent, Gya, six months' leave under Section 4, Supplement F to the Civil Leave Code, are cancelled.

Medical.—*The 31st July* 1879.—In modification of the orders of the 24th instant, Surgeon H. W. Hill, Officiating Civil Surgeon of Manbhoom, is allowed subsidiary leave from the afternoon of the 17th ultimo to the 17th instant, inclusive, under Section 34 of the Civil Leave Code.

Surgeon Hill reported his departure from India on furlough on the 18th instant.

The 4th August 1879.—Assistant Surgeon Soorjee Narain Singh, Teacher of Materia Medica and Medical Jurisprudence at the Dacca Medical School, having returned to duty on the forenoon of the 30th June last, the unexpired portion of the privilege leave granted to him under orders of the 30th January 1879 is cancelled.

Assistant Surgeon Preumber Nath Mitter, in charge of the Charitable Dispensary at Behar, is allowed leave for one month and twenty-six days, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Assistant Surgeon Gunga Gobind Sircar, doing duty at the Campbell Hospital, is appointed to have charge of the Charitable Dispensary at Behar, during the absence, on leave, of Assistant Surgeon Preumber Nath Mitter, or until further orders.

The 5th August 1879.—The services of Apothecary J. McNaught, House Surgeon Mitford Hospital, Dacca, are replaced at the disposal of the Government of India in the Military Department, with effect from October next.

Assistant Surgeon Manmotha Nath Roy, a Supernumerary doing duty at the Presidency General Hospital, is allowed leave for six months, under Section 10, Supplement F to the Civil Leave Code.

Assistant Surgeon Nidhu Lall Haldar, who, in the orders of the 22nd April 1879, was appointed to have charge of the Serajgunge Dispensary in Pubna, is allowed leave for one month under Section 4, Supplement F to the Civil Leave Code.

Jails.—*The 26th July* 1879.—Surgeon A. S. Lethbridge, Inspector-General of Jails, is allowed leave for two months and 28 days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 18th August next, or such date as he may avail himself of it

Surgeon-Major J. M. Coates, Sanitary Commissioner for Bengal, is appointed to act, in addition to his own duties, as Inspector-General of Jails, during the absence, on leave, of Surgeon A. S. Lethbridge, or until further orders.

Municipal.—*The 23rd July* 1879.—The following gentlemen are appointed to be Commissioners of the Municipality of Howrah :—

Mr. S. Carrington, *vice* Mr. C. H. Denham.
,, J. Stalkartt, *vice* Mr. W. Stalkartt.

Mr. E. F. Ainslie, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed to be an *ex-officio* Commissioner of the Howrah Municipality.

Baboo Bunko Behari Chatterjee is re-appointed to be a Commissioner of the Municipality of South Barrackpore, in the district of the 24-Pergunnahs.

The following gentlemen are appointed to be Commissioners of the above Municipality :—

Mr. T. F. Hamilton, Merchant.

Baboo Ambica Churn Mookerjee, Landholder.
,, Bholanath Banerjee, Pleader.
,, Mohendranath Mookerjee, Clerk in the Military Ordnance Office.
,, Obhoy Churn Banerjee, Record-keeper, Emigration Office.
,, Rameshur Bose, Zemindar.

Road Cess.—*The 30th July* 1879.—The following officers are appointed to be *ex-officio* members of the Durbhunga District Road Cess Committee :—

The Sub-Divisional Officer of Tajpore.
The Sub-Divisional Officer of Mudhoobunnee.

[*Government Gazette, 12th August* 1879.]

আফীন বিষয়ক।—১৮৭৯ সাল ৩০ জুলাই।—গয়ার আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ডবলিউ, টি, রাইবস সাহেবকে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে ছয় মাসের ছুটী দেওন বিষয়ক গত মাসের ২৬ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৯ সাল ৩১ জুলাই।—এই মাসের ২৪ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। মানভূমের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত এচ, ডবলিউ, হিল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির, ৩৪ ধারামতে গত মাসের ১৭ তারিখের অপরাহ্ণ অবধি এই মাসের ১৭ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

সর্জন- শ্রীযুত হিল সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১৮ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৭৯ সাল ৪ আগষ্ট।—ঢাকার মেডিকাল স্কুলের মেটিরিয়া মেডিকার ও মেডিকাল জুরিসপ্রুডেন্স বিদ্যার শিক্ষক আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত সূর্য্যনারায়ণ সিংহ গত জুন মাসের ৩০ তারিখের পূর্ব্বাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৭৯ সালের ৩০ জানুয়ারির আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

বিহারের দাতব্য ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত প্রিয়ম্বরনাথ মিত্র সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাস ছাব্বিশ দিনের ছুটী পাইলেন।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত প্রিয়ম্বরনাথ মিত্রের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ক্যাম্বেল হাস্পাতালে কর্ম্মকারি আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত গঙ্গাগোবিন্দ সরকার বিহারের দাতব্য ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৫ আগষ্ট।—ঢাকার মিটফর্ড হাস্পাতালের হৌস সর্জন আপথিকরি শ্রীযুত জে, মাকনট সাহেব আগামি অকটোবর মাস অবধি মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন।

প্রেসিডেন্সী জেনরল হাস্পাতালে কর্ম্মকারি অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত মন্মথনাথ রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সালের ২২ আপ্রিলের আজ্ঞাতে পাবনার অন্তর্গত শেরাজগঞ্জের ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত নিধুলাল হালদার, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

জেলবিষয়ক।—১৮৭৯ সাল ২৬ জুলাই।—জেলসমূহের ইন্সপেক্টর জেনরল সর্জন শ্রীযুত এ, এস, লেথব্রিজ সাহেব আগামি আগষ্ট মাসের ১৩ তারিখ অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস আটাইশ দিনের ছুটী পাইলেন।

সর্জন শ্রীযুত এ, এস, লেথব্রিজ সাহেবের ছুটীর প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বঙ্গদেশের সানিটরী কমিশ্যনর সর্জন-মেজর শ্রীযুত জে, এম, কোটস সাহেব আপন কর্ম্মাতিরিক্ত জেলসমূহের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ২৩ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি. এচ, ডেনহাম সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এস, কারিংটন সাহেব,।
,, ডবলিউ, ষ্টলকার্ট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জে, ষ্টলকার্ট সাহেব।

একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এফ, এজালী সাহেব স্বীয় পদোপলক্ষে হাবড়া মুনসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বঙ্কবেহারী চট্টোপাধ্যায় ২৪ পরগনা জিলার অন্তর্গত দক্ষিণ বারাকপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত মুনসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

সওদাগার শ্রীযুত টি, এফ, হামিল্টন সাহেব।
ভূম্যধিকারি শ্রীযুত বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
উকীল শ্রীযুত বাবু ভোলানাথ বন্দ্যোপাধ্যায়।
মিলিটরী অর্ডনান্স আফিসের ক্লার্ক শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
এমিগ্রেশন আফিসের মহাফেজ শ্রীযুত বাবু অতারাচরণ বন্দ্যোপাধ্যায়।
জমীদার শ্রীযুত বাবু রাজেশ্বর বসু।

পথকর বিষয়ক।—১৮৭৯ সাল ৩০ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা স্বং পদোপলক্ষে দ্বারভঙ্গা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

তাজপুর মহকুমার কর্তৃপক্ষ।
মধুবনি মহকুমার কর্তৃপক্ষ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১২ আগষ্ট।]

Baboo Ram Churn Lal, Sub-Deputy Collector, is appointed to be Vice-Chairman of the Mudhoobunnee Branch Road Cess Committee.

The following Notification is republished from the *Assam Gazette* :—

No. 177.—*The 23rd July* 1879.—The undermentioned officer has been granted by Her Majesty's Secretary of State for India an extension of the leave advised in List dated 13th June 1879 :—

Name.	Service.	Appointment.	Period and nature of extension.
W. W. Daly ...	Uncovenanted...	District Superintendent of Police, Third Grade, Assam.	Two months' furlough.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th August 1879.—In the exercise of the powers conferred on him by Section 78, Act V (B.C.) of 1876, and in compliance with the recommendation of the Commissioners of the Municipality of Burrisal, in the district of Backergunge, made at a meeting, the Lieutenant-Governor sanctions the imposition, from 1st October 1879, by the Commissioners, under Section 122 of the Act, of a tax on carriages, horses, and other animals mentioned in the third Schedule annexed to the Act, at rates not exceeding those specified in the said schedule.

2. The Lieutenant-Governor also sanctions, on the recommendation of the Commissioners at a meeting, the registration by them, under Section 183 of the Act, of all cart kept or habitually used within the Burrisal Municipality, and the levy under Section 184, from the 1st October 1879, of fees upon every cart for such registration at rates not exceeding Rs. 4 per annum or Rs. 2 per half year.

H. L. HARRISON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th July 1879.—Plans and estimates, the latter amounting to Rs. 13,290, for the construction of a timber jetty in front of Messrs. Ralli Brothers' premises at Cossipore, having been submitted by the Port Commissioners with their Vice-Chairman's letter, No. 978 of the 19th June 1879, and approved by the Public Works Department of this Government, the Lieutenant-Governor is pleased to sanction the project under the provisions of Section 85 of Act V (B.C.) of 1870.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th July 1879.—Under sections 2 and 75 (*a*) of Act VII of 1878 (the Indian Forest Act), the Lieutenant-Governor is pleased to direct that the officers of the Forest Department in Bengal, mentioned in the first column of the following schedule, shall exercise the powers

সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামচরণ লাল, মধুবনি শাখা পথকর কমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

১৭৭ নম্বর।—১৮৭৯ সাল ২৩ জুলাই।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারককে ১৮৭৯ সালের ১৩ জুনের নির্ঘন্টপত্রের প্রকাশিত অতিরিক্ত ছুটী দিয়াছেন।

নাম।	সর্ব্বিস।	পদ	যত কাল ও যে প্রকারের বর্দ্ধিত ছুটী।
শ্রীযুত ডবলিউ, ডবলিউ, ডালি সাহেব।	অচিহ্নিত।	আসামের পোলীসের তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট	দুই মাসের নিয়মিত।

হরেস, এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

NOTE.—In the above list the names given are those of the villages as demarcated and surveyed by the Revenue Survey Department and as shown on their maps and records.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৩১ জুলাই।—১৮৭৪ সালের নবেম্বর মাসের ৬ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ সালের ঐ মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা গিয়াছে তাহার কিয়দংশ রহিত করিয় এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে দিনাজপুর জিলার অন্তর্গত থানার এলাকার নিম্নলিখিত পরিবর্ত্তন করা গেল।

প্রথম।—ঘোড়াঘাট থানা (বা রাণীগঞ্জ) ফাঁড়ি করিয়া নবাবগঞ্জ থানার অধীন করা গেল।

দ্বিতীয়।—পত্নীতলা থানার এলাকার কিয়দংশ মহাদেবপুর নামক স্বতন্ত্র থানা হইবে, তাহার সদর স্থান মহাদেবপুর।

তৃতীয়।—এতৎসঙ্গে দত্ত A চিহ্নিত নির্ঘণ্টপত্রের উল্লিখিত গ্রামসকল পত্নীতলা থানাহইতে মহাদেবপুর থানা ভুক্ত করা গেল।

উপরোক্ত পরিবর্ত্তনহেতু নবাবগঞ্জ ও পত্নীতলা ও মহাদেবপুর (নূতন থানার) থানার সংশোধিত সীমা এই২,

থানা		সীমা।
নবাবগঞ্জ	...	উত্তর সীমা।—এই সীমা, ১৮৭৪ সালের নবেম্বর মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঐ সালের ৬ নবেম্বরের বিজ্ঞাপনে প্রকাশিত সীমাই থাকিবে। পূর্ব্ব সীমা।—এই সীমা গিলাবুকি গ্রামের ও করতোয়া নদীর তটস্থ সাহেবগঞ্জের মধ্যগত জিলার সীমার সঙ্গে২ মিলিয়া যায়। দক্ষিণ সীমা।—এই সীমা সাহেবগঞ্জ ও রৈভাগ গ্রামের মধ্যগত জিলার সীমার সঙ্গে২ মিলিয়া যায়। পশ্চিম সীমা।—এই সীমা, ১৮৭৪ সালের নবেম্বর মাসের ৬ তারিখের বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমাই থাকিবে।
পত্নীতলা	...	উত্তর সীমা।—এই সীমা, ১৮৭৪ সালের নবেম্বর মাসের ৬ তারিখের বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট সীমাই থাকিবে। পূর্ব্ব সীমা।—এই সীমা, রূপনারায়ণপুর ও আরাইল গ্রামের মধ্যগত জিলার সীমার সঙ্গে২ মিলিয়া যায়। দক্ষিণ সীমা।—এই সীমা, আরাইল ও ফরীদাবাজ ও বামুনকুরি ও পাকুড় ও কাদিয়ান প্রভৃতি ও হরিপুর কিসমৎ ও দুর্গাপুর ও ঘোষনগর ও ডাবরকুরী ও কুচখিরশান ও নোধুনী ও নাতুরা ও কঞ্চন ও কায়েমপুর ও বেরাই ও পার্ব্বতীপুর ও উজীরপুর ও ছোট মসীদা ও হরপুর ও মহবৎপুর ও টেঙ্গাহার ও সোণাপুর ও কোকইবাড়ী ও আবার সোণাপুর ও খাঁপুর ও মেঘডম্বুর ও সংহদী প্রভৃতি ও গোবিন্দপুর ও মহানন্দপুর ও পার্ব্বতীপুর গ্রামের সঙ্গে২ যায়। পশ্চিম সীমা।—এই সীমা, পার্ব্বতীপুর ও হাটশিমুল গ্রামের মধ্যগত পরসা থানার পূর্ব্ব সীমার সঙ্গে মিলে।
মহাদেবপুর	...	উত্তর সীমা।—উপরের নির্ণীত পত্নীতলা থানার দক্ষিণ সীমা। পূর্ব্ব সীমা রঘুনাথপুর ও বকণকান্দি গ্রামের মধ্যগত জিলার সীমা। দক্ষিণ সীমা। বকণকান্দি ও লৌডাঙ্গা গ্রামের মধ্যগত জিলার সীমা। পশ্চিম সীমা।—লৌডাঙ্গা ও অমরাই গ্রামের মধ্যগত জিলার সীমা এবং তথাহইতে অমরাই ও নাগরুল-হিমুরা গ্রামের মধ্যগত পরসা থানার পূর্ব্ব সীমা।

মন্তব্য।—থানার সীমার কাছে বলিয়া উপরোক্ত বিবরণপত্রে যে সকল গ্রামের নাম লেখা গিয়াছে সেই সকল গ্রাম ঐ২ থানার সীমার মধ্যে ধরা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৯ আগষ্ট।]

A নির্ঘণ্টপত্র।

পত্নীতলা থানাহইতে মহাদেবপুর থানাভুক্ত সকল গ্রাম।

নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।	নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
১	রঘুনাথপুর ...	২৪১৪	জাহাঙ্গীরপুর		কুতবপুর ...	২২৯	জাহাঙ্গীরপুর।
	চমচমপুর ...	২৪১৩	ঐ	৬০	চক বিক্রম ...	২২৮	ঐ
	জঙ্গল ...	২৪১২	ঐ		মাদাই ঘোরাই ...	২২৭	ঐ
	আবাদপুর ...	২৪০৮	ঐ		বাগাঁচরা ...	২২৬	ঐ
৫	আড়ুরা ...	২৩০৯	ঐ		মথরপুর ...	২২৪	ঐ
	ভবানীনগর ...	২৩১১	ঐ		ভাণ্ডারপুর ...	২২৩	ঐ
	সাতগ্রাম ...	২৩২২	ঐ	৬৫	পীরা ...	২২৫	ঐ
	দোজাতিয়া ...	২৩২৭	ঐ		আধার কোলা ...	২২২	ঐ
	জগন্নাথপুর ...	২৩৩১	ঐ		খোর্দ্দ কুতবপুর ...	২২০	ঐ
১০	গোপালচক ...	২৩৩৩	ঐ		হরিসাই ...	২১৯	ঐ
	রামভদ্রপুর ...	২৩০৭	ঐ		দাফোল ...	২১৮	ঐ
	চৌরা ...	২৩৩৮	ঐ	৭০	পাতল ...	২১৭	ঐ
	শিয়ালী ...	২৩৩৬	ঐ		বরুণকান্দি ...	২১৬	ঐ
	বাদ বহুতী ...	২৩২১	ঐ		রাজয়পুর ...	২১৫	ঐ
১৫	শোহরাই ...	২৩২০	ঐ		লক্ষ্মীপুর ...	২১৪	ঐ
	শরীপপুর ...	২৩১৯	ঐ		রসুলপুর ...	২১৩	ঐ
	জীয়ানগর ...	২৩১৭	ঐ	৭৫	ঝরীরা ...	২১২	ঐ
	বাদ কৃষ্ণপুর ...	২৩১৫	ঐ		চন্দনপুর ...	২১১	ঐ
	করঞ্জ বাড়ী ...	২৩০০	ঐ		তেজ পৌল ...	২১০	ঐ
২০	মল্লিকপুর ...	২৪৫	ঐ		গণেশপুর ...	২০৯	ঐ
	বালুভরা ...	২৫১	ঐ		খুর্দ্দনারায়ণপুর ...	২০৫	ঐ
	বোসৈল ...	২৫২	ঐ	৮০	চঙ্গোকড়ি ...	২০৪	ঐ
	কেশবপুর ...	২৫৩	ঐ		বেলগড়িয়া ...	২০৩	ঐ
	চুয়ারপুর ...	২৫৪	ঐ		বাগধানী ...	২০১	ঐ
২৫	পীতাম্বরপুর ...	২৫৫	ঐ		ফুলবাড়ী ...	২০০	ঐ
	গোন্দলী ...	২৬৫	ঐ		মনোহরপুর ...	১৬৭	ঐ
	সোহাসা ...	২৬৯	ঐ	৮৫	শীকার পুর ...	২০৮	ঐ
	অন্তপুর ...	২৬৮	ঐ		সোণাপুর ...	২০৭	ঐ
	জয়জাতা ...	২৭১	ঐ		ভীমপুর ...	২০৬	ঐ
৩০	পুজলী ...	২২৮৭	ঐ		সরস্বতী পুর ...	১৬৬	ঐ
	গাঁসাইপুর ...	২৩০৩	ঐ		আজীপুর ...	১৭৭	ঐ
	ধনঞ্জল ...	১৯৭	ঐ	৯০	কাশী বাড়ী ...	১৮২	ঐ
	মধুপুর ...	১৯৬	ঐ		কৃষ্ণপুর ...	১৭৯	ঐ
	খোষালবাড়ী ...	১৯৫	ঐ		ভবানীপুর ...	১৭৮	ঐ
৩৫	এতাখের ...	১৯০	ঐ		বাধকুর্মন ...	১৬৮	ঐ
	চিরাগপুর ...	১৮৯	ঐ		চকশোণ ...	১৬৯	ঐ
	নোলপুকুর ...	১৮৬	ঐ	৯৫	আঁধাকোলা ...	১৭০	ঐ
	ভগবতীপুর ...	১৮৫	ঐ		শ্যামপুর ...	১৬৫	ঐ
	রাবণা ...	১৮৪	ঐ		মোহনপুর ...	১৭৪	ঐ
৪০	ঝারকুরি ...	১৮৩	ঐ		মাটিয়া দিঘী ...	১৭২	ঐ
	সোণাদিঘী ...	১৮১	ঐ		পদ্মপুকুর ...	১৭১	ঐ
	মহেশপুর ...	১৯৮	ঐ	১০০	চক রোজা ...	১৬৪	ঐ
	বুজরুক বোড়াল ...	১৮০	ঐ		দশরা ...	১৬৩	ঐ
	নলবন ...	১৯৯	ঐ		চক দশরা ...	১৬২	ঐ
৪৫	ঝরিগ্রাম ...	২৪৪	ঐ		বামুনসাটা ...	১৬১	ঐ
	মকলমপুর ...	২৪০	ঐ		উত্তর গ্রাম ...	১৪০	ঐ
	ঝিকরা ...	২৪২	ঐ	১০৫	চক দৌলৎ ...	১৩৯	ঐ
	লক্ষ্মীপুর ...	২৪১	ঐ		রাজিৎপুর ...	১৩৮	ঐ
	অনন্তপুর ...	২৪০	ঐ		বাকাপুর ...	১৩৭	ঐ
৫০	স্বরূপপুর ...	২৩৮	ঐ		মজলিসপুর ...	১২৮	ঐ
	পচা কান্দোর ...	২৩৭	ঐ		অলঙ্কারপুর ...	১২৭	ঐ
	গদাইগাছী ...	২৩৬	ঐ	১১০	জোয়ানপুর ...	১২৬	ঐ
	চকদোরি ...	২৩৫	ঐ		সোয়পা ...	১২৫	ঐ
	গোয়ালবাড়ী ...	২৩৪	ঐ		খোষালপুর ...	১২৩	ঐ
৫৫	গোবিন্দগাছী ...	২৩৩	ঐ		বেহার ...	১২৯	ঐ
	সোণাকান্দোর ...	২৩২	ঐ		হায়দরাবাদ ...	১৩১	ঐ
	দোগাছী ...	২৩১	ঐ	১১৫	গোপালপুর ...	১৩২	ঐ
	বহদ্দিনপুর ...	২৩০	ঐ		নালগাঁ ...	১৩০	ঐ

নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
	রহিমপুর ...	১৭৫	জাহাঙ্গীর পুর।
	নাটসেল ...	১৩৪	ঐ
	চক চাঁদ ...	১৩৬	ঐ
১২০	সীদিকপুর ...	১৪১	ঐ
	শিবরামপুর ...	১৪৩	ঐ
	হাট বড়াল ...	১৪২	ঐ
	চক গোরা ...	১৪৪	ঐ
	ভালোর ...	১৪৫	ঐ
১২৫	ফেরুশা বিল ...	১১২	ঐ
	চক গোবিন্দ ...	১২১	ঐ
	মহাদেবপুর ...	১০৯	ঐ
	হসন পুর ...	১০৮	ঐ
	ধর্ম্মপুর ...	১০৭	ঐ
১৩০	যোত হরি ...	১০৬	ঐ
	আঠার জানি ...	২৩৩৪	ঐ
	চকগোপী ...	১৪৬	ঐ
	দুর্গাপুর ...	১৪৮	ঐ
	কর্ণপুর ...	১৪৭	ঐ
১৩৫	শ্রীপুর ...	১৫৯	ঐ
	রায় পুর ...	১৫০	ঐ
	বিল ভুবলা ...	১৪৯	ঐ
	কৃষ্ণ পুর ...	.৬৮	ঐ
	চক গৌরী ...	১০১	ঐ
১৪০	হামিদ পুর ...	৬৭	ঐ
	হামিদ পুর ...	৭০	ঐ
	তাতরপুর ...	৯৯	ঐ
	যোত ভগবান ...	১০০	ঐ
	মথুরাপুর ...	৬৯	ঐ
১৪৫	গোবিন্দপুর ...	৭৩	ঐ
	মমিনপুর ...	৭১	ঐ
	চণ্ডীপুর ...	৭২	ঐ
	সাকাপুর ...	৯৮	ঐ
	বাখরা বাদ ...	৭৪	ঐ
১৫০	পাহাড় পুর ...	৯৭	ঐ
	চক বাশী ...	৭০	ঐ
	চক উজল ...	৯৫	ঐ
	হাতি মণ্ডল ...	৯৩	ঐ
	শীয়ালি প্রভৃতি ...	৭৭	ঐ
১৫৫	ইসব পুর ...	৭৫	ঐ
	পাবাতোর ...	৮৫	ঐ
	চক সাকাপুর ...	৯৪	ঐ
	বাশবাড়িয়া ...	৯৬	ঐ
	বিশ্বারামপুর ...	৯২	ঐ
১৬০	এসাদপুর ...	৭৮	ঐ
	লক্ষীপুর ...	৮৪	ঐ
	শ্রীনগর ...	৭৯	ঐ
	যাসিয়াড়া ...	৮৩	ঐ
	পাটাকাটা ...	৮০	ঐ
১৬৫	বিনোদপুর ...	৮১	ঐ
	জয়রামপুর ...	৮২	ঐ
	কোচকুরি ...	৮৬	ঐ
	চাপরঘাট ...	৮৮	ঐ
	হুদকুরী ...	৮৭	ঐ
১৭০	গোপালপুর ...	৯০	ঐ
	চক বিক্রম ...	৯১	ঐ
	কৃষ্ণপুর ...	৮৯	ঐ
	গোবিন্দপুর ...	৩০	ঐ
	নৌপাড়া ...	২৯	ঐ
১৭৫	খুর্দ্দ জয়পুর ...	৩৩	ঐ
	পারলী ...	৩৪	জাহাঙ্গীরপুর।
	দেবলে ...	৩৫	ঐ
	রঘুনাথপুর ...	৫০	ঐ
	পাণ্ডতপুর ...	৩৬	ঐ
১৮০	বাচরা ...	৩৮	ঐ
	ডাগর হল ...	৩৭	ঐ
	কাঞ্চন ...	৩৯	ঐ
	যন্তোল ...	৪১	ঐ
	আখিরা পাড়া ...	৪০	ঐ
১৮৫	লোডাঙ্গা ...	৪২	ঐ
	পথা ...	৪৩	ঐ
	রায় পুর তাজরাপুকুর ...	৪৪	ঐ
	চণ্ডাস ...	৪৫	ঐ
	মাধবপাড়া ...	৪৬	ঐ
১৯০	রাড়ি পাড়া ...	৪৭	ঐ
	চক কন্দর্পপুর ...	৪৮	ঐ
	কন্দর্প পুর ...	৪৯	ঐ
	গুড় হারিরা ...	২৭	ঐ
	কর্ণটোর ...	২৬	ঐ
১৯৫	খুর্দ্দ কালনা ...	২২	ঐ
	লক্ষী পুর ...	৫২	ঐ
	চাকলা ...	৬১	ঐ
	বাগডোব ...	৬০	ঐ
	গণেশ পুর ...	৬৩	ঐ
২০০	রাম রায় পুর ...	৬২	ঐ
	অন্তপুর ...	৬৬	ঐ
	শিবপুর ...	৬৫	ঐ
	ভীম জোয়ান ...	৫৯	ঐ
	রামচরণপুর ...	৬৪	ঐ
২০৫	গোপীনাথপুর ...	৫৮	ঐ
	চক শিবরাম ...	৫৭	ঐ
	শাহাজাদ পুর ...	৫৬	ঐ
	লক্ষ্মণপুর ...	৫৫	ঐ
	বলরাম পুর ...	৫৪	ঐ
২১০	হরিশ্চন্দ্র পুর ...	৫৩	ঐ
	দোহলা ...	১০৫	ঐ
	সুলতানপুর ...	১০৩	ঐ
	দরীয়.পুর ...	১০৪	ঐ
	শ্যামপুর ...	১০২	ঐ
২১৫	ভেভয়া ...	২	ঐ
	মোল্লোর ...	৩	ঐ
	বিশ্বনাথ পুর ...	৪	ঐ
	সাবুল ...	৫	ঐ
	গোক্ষানগর ...	৯	ঐ
২২০	মহিষ বাথান ...	৮	ঐ
	চক্রকুরি ...	১১	ঐ
	জয়পুর ...	১২	ঐ
	রাণালী ...	১৪	ঐ
	দাজাপাড়া ...	১৫	ঐ
২২৫	চক হালকা ...	১৬	ঐ
	দেবীপুর ...	১৭	ঐ
	রামচন্দ্রপুর ...	১৮	ঐ
	হরিরামনগর ...	১৯	ঐ
	বিলমহম্মদপুর ...	২০	ঐ
২৩০	ফুলবন ...	২১	ঐ
	দক্ষিণোড়া ...	২৩	ঐ
	খাজুর ...	২৪	ঐ
	রক্তভোর ...	২৫	ঐ
	ঝালকা ...	২৮	ঐ

নম্বর।	গ্রামের নাম।	থাকবস্তের নম্বর।	পরগনার নাম।
২৩৫	মর্ত্তাজাপুর ...	৩১	জাহাঙ্গীর পুর
	নটওয়াপাড়া ...	৩২	ঐ
	শিবপুর ...	১১০	ঐ
	চক হরিবল্লভপুর ...	১১১	ঐ
	এমাত্তপুর ...	১১২	ঐ
২৪০	ব্রাহ্মণপাড়া ...	১১৩	ঐ
	আদিত্যপুর ...	১১৮	ঐ
	ফাজিলপুর ...	১২০	ঐ
	বুজরুক অন্তপুর ...	১১৯	ঐ
	চককচী ...	৭	ঐ
২৪৫	বিষ্ণুপুর ...	১১৫	ঐ
	বৃন্দাবনপুর ...	১১৪	ঐ
	কোরয়েবাড়ী ...	১১৬	ঐ
	ইজ্জিৎপুর ...	১:৭	ঐ
	একডালা ...	৩৬৮	ঐ
২৫০	নুরপুর বা ময়নগর ...	৪১১	ঐ
	হাতুর ...	৬	ঐ
	বনগ্রাম ...	১০ ৫১	ঐ
	চক ফকীরা ...	২৪১১	বারবকপুর।
	মাধবপাড়া ...	২৪১০	ঐ
২৫৫	বাকাকুরী ...	২৩০৭	ঐ
	পাইকারী ...	২৩০৮	ঐ
	রাইগাঁ ...	২৪০২	ঐ
	ছিলিমপুর ...	২৪০৩	ঐ
	নাউরান ...	২৪০৭	ঐ
২৬০	কালনদ জলকর ...	২৪০৬	ঐ
	কোটাবাড়ী ...	২৪০৪	ঐ
	মাঙ্গোরা ...	২৩০২	ঐ
	একডালা ...	২৩০৩	ঐ
	থাঁপুর ...	২২৯৬	ঐ
	কুরুণীপাড়া ...	২২৮৩	ঐ
২৬৫	ফতেপুর ...	২২৮৪	ঐ
	কালীয়াবাড়ী৪ ...	২২৮৬	ঐ
	গাবনাগুণগাড়ী ...	২৪৬	ঐ
	মার্শা ...	১৯৪	ঐ
২৭০	বোরজান ...	১৯২	ঐ
	দেওয়ানপুর ...	১৯১	ঐ
	শালগাড়ি ...	২৩৯	ঐ
	বারৈল ...	২২১	ঐ
	মাথাইকোল ...	২০২	ঐ
২৭৫	চোমিসা ...	১৩৩	ঐ
	সগুণা ...	১৩২	ঐ
	জাপড়া ...	১৫৮	ঐ
	লালতপুর প্রভৃতি ...	১৫৭	ঐ
	বর্দ্ধপুর ...	১৫০	ঐ
২৮০	এটাখোর ...	১৫৫	ঐ
	এশবপুর ...	১৫৪	ঐ
	রামপুর ...	১৫৩	ঐ
	মঞ্জিলম ...	১৫২	ঐ
	বাঙ্গালপাড়া ...	১৫১	ঐ
২৮৫	শ্রীরামপুর ...	২৪০৯	ফতেজঙ্গপুর।
	ভাতশালী ...	২৭১৫।।	ঐ
	শাইলগাছ ...	২৪০৫	ঐ
	কালমা কিসমৎ ...	২৪০২	ঐ
	আরাজুনি ...	২৩৫০	ঐ
২৯০	বিজয়পুর ...	২৩০৪	ঐ
	কালবা বা কালবা বড় ...	২২৮৯	ঐ
	রাইনারা ...	২৬৬	ঐ
	ভুবন ...		
	খুর্দ্দ ভুবন ...	২৬৭	ফতেজঙ্গপুর।
২৯৫	খাগড়া ...	২৬২	ঐ
	সোলাহা ...	২৫৮	ঐ
	সীতাশন ...	২৫৬	ঐ
	কাটুপাড়া ...	১	ঐ
	লক্ষ্মীতারা ...	২৩১৩	কান্তনগর।
৩০০	কানুরচক ...	২৩২৩	ঐ
	কোলচট্ট ...	২৩২৪	ঐ
	নারায়ণপুর ...	২৩২৫	ঐ
	নীলাংচক ...	২৩২৬	ঐ
	ভেষনীয়া পাড়া ...	২৩১৮	ঐ
৩০৫	রঘুনাথপুর ...	২২৯৮	ঐ
	দাউল ...	২৩০১	ঐ
	রঘুনাথপুর ...	২২৯৬।।	ঐ
	ধুলাহর ...	২৬৭	ঐ
	আলিপুর ...	১৭৬	ঐ
৩১০	উর্জ্জনী ...	১৭৩	ঐ
	লক্ষ্মীকোলা ...	২৩১২	সন্তোষ।
	বহড়ী চক ...	২৩৩৫	ঐ
	বীরমগ্রাম ...	২৩২৮	ঐ
	খুলীসকুরি ...	২৩২৯	ঐ
৩১৫	বদবীরমগ্রাম ...	২৩৩২	ঐ
	মল্লাচক ...	২৩৪২	ঐ
	দেশঙ্কার শোণ ...	২৩৪১	ঐ
	কৃষ্ণপুর ...	২৩১৪	ঐ
	মল্লিক পাড়া ...	২২৯৯	ঐ
	রহতা ...	২২৯৭	ঐ
৩২০	কুশাইল ...	২৩১৬	ঐ
	মোয়াকুরি ...	২২৯৫	ঐ
	গাবনা ...	২২৮৭	ঐ
	কালবাচক ...	২২৮৮	ঐ
৩২৫	কালবা কিসমৎ ...	২২৯০	ঐ
	কুন্দনা ...	২২৯১	ঐ
	নাকহাটী ...	২২৯৩	ঐ
	মালাইপুর কিসমৎ ...	২২৯২	ঐ
	কাচেল ...	১৮৮	ঐ
৩৩০	নেজামপুর ...	২৭৫	ঐ
	হামতোর ...	২৩৩০	ঐ
	শরাসন ...	২২৮০	বাল্লিহর।
	বামুনারা ...	২২৭৯	ঐ
	হরিণা ডাঙ্গা ...	২২৮২	ঐ
	রামকোর ...	২৬৩	ঐ
৩৩৫	বড়ডোল ...	২৬১	ঐ
	বরড়া ...	২৪৯	ঐ
	কোরোইবাড়ি ...	২৪৮	ঐ
	কেলাপাড়া ...	২৪৭	ঐ
	ঢোহিলা ...	১৯৩	ঐ
৩৪০	ইশবপুর ...	১৮৭	ঐ
	বিষ্ণুপুর ...	২৭৪	ঐ
	চক সালগাঁ ...	২৭২	ঐ
	তেলিহর ...	২০৩	ঐ
	গোবিন্দপুর প্রভৃতি ...	১৬০	ঐ
৩৪৫	মহেশপুর ...	২২৮১	খড়্গা।
	হরিপুর ...	২২৯৪	ঐ
	গোসাই ...	২৭০	বৈশাকারী।
	সরময়লো ...	১২৪	ঐ
৩৫০	নবাব ...	২৬০	আলিগাঁ।
	খেকরা ...	২৫৯	মালিমপুর।
	প্রধানকুণ্ডি ...	২৫৭	ঐ

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৬ আগস্ট।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বসন্তটীকে টীকা দানের প্রথা নিষেধ করণার্থে ১৮৬৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান ১৮৭৯ সালের ১ সেপ্টেম্বর অবধি জলপাইগুড়ি জিলায় প্রচলিত করিলেন।

হরেস এ. কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৬ আগস্ট।—সর্ব্বসাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৭১ সালের ৬ আইনের ১০ ধারামতে দার্জ্জিলিঙ্গের আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেবকে মুনসেফের ক্ষমতাতিরিক্ত সবর্ডিনেট জজের ক্ষমতা দিলেন, এবং ঐ জিলার ডেপুটী কমিশ্যনর সাহেবকে সবর্ডিনেট জজের ক্ষমতা দিলেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ২২ ধারামতে ডেপুটী কমিশ্যনরকে দার্জ্জিলিঙ্গ জিলায় মুনসেফের ক্ষমতাক্রমে কর্ম্মকারি কার্য্যকারকদের ডিক্রীর ও আজ্ঞার উপর আপীল শুনিবার ক্ষমতা দিলেন।

২। দিনাজপুরের সবর্ডিনেট জজ দার্জ্জিলিঙ্গে আর সবর্ডিনেট জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন না।

৩। এই বিজ্ঞাপন এই মাসের ২০ তারিখ অবধি ফলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১১ আগস্ট।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি সাঁওতাল পরগনার বন্দোবস্ত করণ বিষয়ক ১৮৭২ সালের আইনের ৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের ৪ আইন সাঁওতাল পরগনায় বলবৎ ও ফলবৎ হইবার আজ্ঞা করিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৬ আগস্ট।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত আজিমাবাদ পরগনার মহারাজবাগ গ্রামে মিটাপুরের জেল বাগানের নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মহারাজবাগ গ্রামে কমিবেতে ন্যূনাধিক ১২।২ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা জেলবাড়ী, পশ্চিম সীমা মৈদাম সিংহের ও গোপাল ও রমজান ও ভিকারির ক্ষেত, উত্তর সীমা বিহারিলালের ক্ষেত, ও দক্ষিণ সীমা জেলের নর্দ্দমা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৭৯ সাল ৭ আগস্ট।

১৮১ নম্বর।—ছুটী।—জলপাইগুড়ি খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু দীননাথ সেন, যে ছুটীপান* তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে চারি মাসের ছুটী পাইলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৮ সালের ১৯ নম্বরের ২২০ নং বিজ্ঞাপন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৯ আগস্ট।]

The 11*th August* 1879.

No. 183.—*Promotions.*—The Lieutenant-Governor is pleased to make the following promotions in the Provincial Engineer Establishment in Bengal, with effect from the 30th July 1879 :—

ENGINEER ESTABLISHMENT, TEMPORARY.

To be Executive Engineer, Third Grade.

Mr. J. S. Carey, Executive Engineer, Fourth Grade, Officiating Executive Engineer, Third Calcutta Division.

To be Executive Engineer, Fourth Grade.

Mr. E. J. Meara, Assistant Engineer, First Grade, Rajshahye Division.

To be Assistant Engineer, First Grade.

Mr. A. G. Bremner, Assistant Engineer, Second Grade, Julpiguri Division.

No. 184.—The Western Circle of Public Works is abolished, and the Public Works Divisions, which now form that Circle, will be transferred to the Circles specified below :—

Burdwan Division, to the Presidency Circle; Hazaribagh Division, to the North-Western Circle.

No. 185.—The Ganges and Darjeeling Road Division of Public Works is abolished, and the roads and buildings, now comprised in it, will be transferred to the Bhagulpore Division of Public Works.

T. H. WICKES,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATIONS—ESTABLISHMENT.

The 11*th August* 1879.

No. 175.—*Notifications.*—Captain A. D. McArthur, R.E., Executive Engineer, Fourth Grade, returned to duty on the forenoon of the 1st August 1879 from the privilege leave granted him in the orders marginally noted and took over charge of the Buxar division from Mr. Fahie on the same date.

No. 97, dated 1st April 1879.

D. B. HORN,

Asst. Secy., for Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

১৮৭৯ সাল ১১ আগষ্ট।

১৮২ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বঙ্গদেশস্থ প্রবিন্সল ইঞ্জিনিয়র সিরিস্তায় ১৮৭৯ সালের ৩০ জুলাই অবধি নিম্নলিখিত পদ বৃদ্ধি করিলেন।

কিয়ৎকালীন ইঞ্জিনিয়র শিরিস্তা।

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র, ও কলিকাতার তৃতীয় খণ্ডের একটিং একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে. এস, কেরি সাহেব,

তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

রাজশাহী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জে, মিয়ারা সাহেব,

চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

জলপাইগুড়ি খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জি, ব্রেমনর সাহেব,

প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র হইবেন।

১৮৭৯ সাল ১২ আগষ্ট।

১৮৪ নম্বর।—পবলিক ওর্কস সম্পর্কীয় পশ্চিম চক্র উঠিয়া যাওয়াতে যেং খণ্ড লইয়া এক্ষণে সেই চক্র হয় সেইং খণ্ড নিম্নলিখিত চক্র ভুক্ত করা গেল।

বর্দ্ধমান খণ্ড রাজধানী চক্রে ও হাজারী বাগ খণ্ড উত্তর-পশ্চিম চক্রে ভুক্ত হইল।

১৮৫ নম্বর।—পাবলিক ওর্কস সম্পর্কীয় গাঞ্জেস ও দার্জিলিঙ্গ রোড খণ্ড উঠিয়া যাওয়াতে যেং পথ ও বাড়ী তদন্তর্গত ছিল তাহা পবলিক ওর্কস সম্পার্কীয় ভাগলপুর খণ্ড ভুক্ত করা গেল।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টর একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১১ আগষ্ট।

১৭৫ নম্বর।—বিজ্ঞাপন।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এ, ডি, মাকার্থর সাহেব, আর, ই, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে ১৮৭৯ সালের আগষ্ট মাসের ১ তারিখে কর্ম্মে প্রত্যাগন করিয়া উক্ত তারিখে শ্রীযুত ফেহাই সাহেবের স্থানে বক্সার খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৯ সালের ১ আপ্রিলের ৯৭ নং।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
ডি, বি, হর্ণ,
আসিষ্টান্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 26, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৬ আগষ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3763A.

GENERAL.—*The 16th July* 1879.—Mr. E. A. Bradbury is appointed to act temporarily as Deputy Commissioner of Julpigoree, with effect from the date on which he joined that appointment.

The 28th July 1879.—Mr. L. R. Forbes, Assistant Commissioner, Palamow, Lohardugga, is appointed to act as Deputy Commissioner of Julpigoree, during the absence, on leave, of Major R. C. Money, or until further orders.

Mr. R. H. Renny, Officiating Assistant Commissioner, Manbhoom, is transferred to Lohardugga, and is appointed to have charge of the Palamow division of that district.

The 31st July 1879.—Baboo Grish Chunder Sarkar is appointed to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Isser Chunder Mozoomdar, and is posted to the Rajshahye and Cooch Behar Division.

The 2nd August 1879.—Baboo Anund Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo.

The 5th August 1879.—Baboo Gopaul Chunder Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Bogra, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade, *vice* Baboo Kally Churn Ghose, employed as Manager of the Narail estate in Jessore. Baboo Gopaul Chunder Mookerjee will continue to be employed at Bogra until further orders.

Baboo Grish Chunder Sarkar, a Sub-Deputy Collector in the Rajshahye and Cooch Behar Division, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Gopaul Chunder Mookerjee.

Baboo Grish Chunder Sarkar is posted to Nattore in Rajshahye.

The 9th August 1879.—Mr. W. H. Mackenzie is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the Sudder Station of the Lohardugga district.

Baboo Umbica Churn Roy Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 15th instant, or such subsequent date as he may avail himself of it.

The 11th August 1879.—The Hon'ble F. R. Cockerell, C.S., is allowed furlough for six months, under Section 21 of the Civil Leave Code, together with subsidiary leave for thirty days under Section 34 of the Code, with effect from the date on which his services are replaced at the disposal of this Government.

Baboo Jogendro Nath Sen, Sub-Deputy Collector, Seetamarhee, Mozufferpore, is appointed to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Moonshee Sadiq Ali, deceased.

Baboo Bepin Behary Pramanick, temporary Sub-Deputy Collector, on deputation to license tax duty, Patna Division, is appointed to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Baboo Jogendro Nath Sen, but will continue to be employed on his present duty.

Moonshee Nusseroodden, Sub-Deputy Collector, Buxar, Shahabad, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, during the absence, on deputation, of Baboo Sheonundun Lall, or until further orders.

Baboo Kedar Nath Mookerjee, temporary Sub-Deputy Collector, Seetamarhee, Mozufferpore, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Moonshee Nusseruddeen, and is posted to Sewan, in Sarun.

The 12th August 1879.—Baboo Juggobundhoo Khan, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is allowed leave for one month, under Section 10, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 3rd ultimo.

The 13th August 1879.—Baboo Parbutty Churn Roy, Deputy Collector, in charge of Dearah Surveys and Settlements in the districts of Dacca, Furreedpore, Backergunge, and Tipperah, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

৩৭৬৩ A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১৬ জুলাই।—শ্রীযুত ই, এ, ব্রাডবরি সাহেব যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি, কিয়ৎকালের নিমিত্তে জলপাইগুড়ির ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৮ জুলাই।—মেজর শ্রীযুত আর, সি, মনি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, লোহারডগার অন্তর্গত পালামৌয়ের আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এল, আর, ফর্ব্বস সাহেব, জলপাইগুড়ির ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মানভূমের একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর, এচ, রেণী সাহেব, লোহারডগায় প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত পালামৌ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৩১ জুলাই।—শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মজুমদারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গিরীশ চন্দ্র সরকার, দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইয়া রাজশাহী ও কুচবিহার খণ্ডে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ২ আগষ্ট।—বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু আনন্দ চন্দ্র সেন, সিবিল কার্য কারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৫ আগষ্ট।—শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ যশোহরের অন্তর্গত নড়াইল ইষ্টেটের কার্য্যাধ্যক্ষের পদে নিযুক্ত হওয়াতে বগুড়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গোপাল চন্দ্র মুখোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় যাবৎ অন্য আজ্ঞা না হয়, বগুড়ায় নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে রাজশাহী ও কুচবিহার খণ্ডের সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সরকার কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সরকার রাজশাহীর অন্তর্গত নাটোরে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ৯ আগষ্ট।—শ্রীযুত ডবলিউ, এচ, মাকেঞ্জি সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী-কালেকটরের পদে নিযুক্ত হইয়া, লোহারডগা জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অম্বিকাচরণ রায় চৌধুরী এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১১ আগষ্ট।—মান্যবর শ্রীযুত এফ, আর, কক্রেল সাহেব, সি, এস, এই গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ৩৪ ধারামতে ত্রিশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

মুনশী সাদিক আলির মৃত্যু হওয়াতে মজফরপুরের অন্তর্গত সীতামঢ়ীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ সেন, প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ সেনের পরিবর্ত্তে লাইসেন্স টাক্স কার্য্যোপলক্ষে পাটনা খণ্ডে প্রেরিত কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিপিনবিহারী প্রামাণিক দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু তিনি স্বীয় বর্ত্তমান কার্য্যে নিযুক্ত থাকিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু শিবনন্দনলালের অনুপস্থিতকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শাহাবাদের অন্তর্গত বক্সারের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী নসীরুদ্দীন, কিয়ৎকালের নিমিত্ত প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী নসীরুদ্দীনের পরিবর্ত্তে মজফরপুরের অন্তর্গত সীতামঢ়ীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ মুখোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া সারণের অন্তর্গত সেওয়ানে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ১২ আগষ্ট।—ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগবন্ধু খাঁ গত মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৩ আগষ্ট।—ঢাকা ও ফরীদপুর ও বাকরগঞ্জ ও ত্রিপুরা জিলার বিভাগীয় জরীপী ও বন্দোবস্তী কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু পার্ব্বতীচরণ রায় আগামি

[গবর্ণমেণ্ট গেজেট. ১৮৭৯। ২৬ আগষ্ট।]

Leave Code, with effect from the 6th October next, or from such subsequent date as he may avail himself of it.

The 16th August 1879.—Mr. T. E. Coxhead, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, who reported his return from furlough on the 30th ultimo, is allowed subsidiary leave from that date to the 5th instant, inclusive.

The 18th August 1879.—Mr. F. W. Badcock, Officiating Magistrate and Deputy Collector, Howrah, is vested with the powers of a Collector, under Act X of 1870, for the purpose of acquiring lands required for public purposes in that district.

The 19th August 1879.—Mr. C. Brownfield, now employed in surveying the boundary between the Khoordah estate and the Tributary Mehals, Cuttack, is appointed to be an Assistant Settlement Officer, and is vested with the powers of a Deputy Collector under Regulation IX of 1833 and Act V (B.C.) of 1875.

POLICE.—*The 11th August* 1879.—The following officers are appointed to be Assistant Superintendents of Police of the Second Grade, and to act, until further orders, in the First Grade:—

Mr. F. A. Chichester, Officiating Assistant Superintendent of Police, Sarun.

Mr. G. B. Havelock, Officiating Assistant Superintendent of Police, Manbhoom.

The 18th August 1879.—Mr. A. V. Knyvett, District Superintendent of Police, Chumparun, is allowed leave for three months and fifteen days, under Section 4, Supplement F to the Civil Leave Code, with effect from the 15th instant, or from such subsequent date as he may avail himself of it.

Mr. J. F. Needham, Assistant Superintendent of Police, is appointed to act, until further orders, in the First Grade of Assistant Superintendents, and is posted to Hazareebagh, on being relieved of his present appointment as Officiating District Superintendent of Police, Chittagong Hill Tracts.

REGISTRATION.—*The 6th August* 1879.—Moulvie Abdul Fateh, temporary Sub-Registrar of Katra, in the district of Mozufferpore, is confirmed in that appointment.

The 7th August 1879.—Lieutenant J. F. Rivett-Carnac, Officiating Assistant Commissioner, is also appointed to be Sub-Registrar of Doomka, in the Sonthal Pergunnahs, with effect from the 19th May last, *vice* Mr. W. B. Martin, transferred.

The 19th August 1879.—Baboo Prosunno Coomar Chackrabarti is confirmed in the appointment of Rural Sub-Registrar of Gulsakhali, in the district of Backergunge, with effect from the 30th June 1879.

EDUCATION.—*The 25th July* 1879.—Baboo Gobind Chunder Chatterjee, Second Demonstrator of Anatomy, Calcutta Medical College, is appointed to be Senior Demonstrator of Anatomy in that institution, *vice* Baboo Nil Madhub Mookerjee, deceased.

Baboo Rajmohun Banerjee, Assistant Demonstrator of Anatomy, Calcutta Medical College, is appointed to be Second Demonstrator of Anatomy in that institution, *vice* Baboo Gobind Chunder Chatterjee.

The 7th August 1879.—Mr. L. C. Abbott, Officiating Joint-Magistrate and Deputy Collector, is appointed to be a member of, and Secretary to, the Darjeeling District School Committee, *vice* Mr. C. E. Gouldsbury, transferred.

Baboo Mohendra Nath Banerjea, Government Pleader, is appointed to be a member of the Darjeeling District School Committee, *vice* Mr. J. Tweedie, deceased.

The 9th August 1879.—Mr. A. W. Croft, Director of Public Instruction, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 18th instant, or any subsequent date on which he may avail himself of it.

Mr. E. D. Archibald, Professor, Patna College, on leave, is promoted to the Third Class of the Bengal Educational Service, with effect from the 21st June last, *vice* Mr. R. Hand, retired.

The 19th August 1879.—Mr. C. H. Tawney, M.A., Principal, Presidency College, is appointed to act as Director of Public Instruction, during the absence, on leave, of Mr. A. W. Croft, or until further orders.

Mr. G. Bellett, M.A., Officiating Inspector of Schools, Rajshahye Circle, is appointed to act, until further orders, in the First Class of the Bengal Educational Service, *vice* Mr. C. H. Tawney.

[*Government Gazette, 26th August* 1879.]

অক্টোবর মাসের ৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৬ আগষ্ট।—২৪ পরগনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেব নিয়মিত ছুটীহইতে গত মাসের ৩০ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে উক্ত তারিখ অবধি এই মাসের ৫ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৮ আগষ্ট।—হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, ব্যাডকক সাহেব, উক্ত জিলায় রাজ কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৯ আগষ্ট।—কটকের অন্তর্গত খুর্দ্দাহ ইষ্টেটের ও পেশকশী মহালের মধ্যগত সীমার জরীপ করিতে এইক্ষণে নিযুক্ত শ্রীযুত সি, ব্রোমফিল্ড সাহেব বন্দোবস্ত করণ কার্য্যের সহকারী কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইয়া ১৮৬৩ সালের ৯ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইলেন।

পোলীস বিষয়ক।—১৮৭৯ সাল ১১ আগষ্ট।—নিম্নলিখিত কার্য্যকারকেরা পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন, ও যাবৎ অন্য আজ্ঞা না হয় প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

সারণের পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এফ, এ, চিচেষ্টর সাহেব।

মানভূমের পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জি, বি, হাবলক সাহেব।

১৮৭৯ সাল ১৩ আগষ্ট।—চাম্পারণের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ, বি, মিবেট সাহেব, এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে, এফ, নিচাম সাহেব, চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যাবৎঅন্য আজ্ঞা না হয় পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া হাজারীবাগে অবস্থাপিত হইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৭৯ সাল ৬ আগষ্ট।—মজফরপুর জিলার অন্তর্গত কাটরার কিয়ৎকালীন সব-রেজিষ্ট্রার শ্রীযুত মৌলবী আবদুল ফতে, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৭ আগষ্ট।—শ্রীযুত ডবলিউ, বি, মার্টীন সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে একটিং আসিষ্টান্ট কমিশ্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত জে, এফ, রিবেট কার্ণাক সাহেব গত মে মাসের ১৯ তারিখ অবধি সাঁওতাল পরগনার অন্তর্গত দুমকার সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৯ আগষ্ট।—শ্রীযুত বাবু প্রসন্নকুমার চক্রবর্ত্তী ১৮৭৯ সালের জুন মাসের ৩০ তারিখ অবধি বাকরগঞ্জ জিলার অন্তর্গত গুলসাখালির গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৭৯ সাল ২৫ জুলাই।—বাবু নীলমাধব মুখোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে কলিকাতার মেডিকাল কালেজে, শারীরতত্ত্ব বিদ্যার দ্বিতীয় শিক্ষক শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র চট্টোপাধ্যায় উক্ত বিদ্যালয়ে শারীরতত্ত্ব বিদ্যার পদজ্যেষ্ঠ শিক্ষকের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে কলিকাতার মেডিকাল কালেজে শারীরতত্ত্ব বিদ্যার সহকারি শিক্ষক শ্রীযুত বাবু রাজমোহন বন্দ্যোপাধ্যায় উক্ত বিদ্যালয়ে শারীর তত্ত্ব বিদ্যার দ্বিতীয় শিক্ষকের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৭ আগষ্ট।—শ্রীযুত সি, ই, গুলডসবরি সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল, সি, আবট সাহেব, দার্জিলিঙ্গ জিলার স্কুলকমিটীর মেম্বর ও সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

জে, টুইডী সাহেবের মৃত্যু হওয়াতে, গবর্ণমেন্টের উকীল শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, দার্জিলিঙ্গ জিলার স্কুলকমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৯ আগষ্ট।—সাধারণের শিক্ষা সংক্রান্ত কার্য্যের ডৈরেক্টর শ্রীযুত এ, ডবলিউ, ক্রফ্‌ট সাহেব এই মাসের ১৮ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত আর, হাণ্ড সাহেব কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে ছুটী প্রাপ্ত পাটনা কালেজের অধ্যাপক শ্রীযুত ই, ডি, আর্চিবল্ড সাহেব, গত জুন মাসের ২১ তারিখ অবধি বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৯ আগষ্ট।—শ্রীযুত ডবলিউ, এ, ক্রফ্‌ট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, প্রেসিডেন্সী কালেজের প্রিন্সিপাল শ্রীযুত সি, এচ, টনে সাহেব, এম, এ, সাধারণের শিক্ষা সংক্রান্ত কার্য্যের ডৈরেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, এচ, টনে সাহেবের পরিবর্ত্তে রাজশাহী চক্রের স্কুল সমূহের একটিং ইন্‌স্পেক্টর শ্রীযুত জি, বেলেট সাহেব, এম, এ, যাবৎ অন্য আজ্ঞা না হয়, বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২৬ আগষ্ট।]

Mr. F. J. Rowe, M.A., Officiating Inspector of Schools, Presidency Circle, is appointed to act, until further orders, in the Second Class of the Bengal Educational Service, *vice* Mr. G. Bellett. Mr. Rowe is also appointed to act, in addition to his own duties, as a Professor in the Presidency College, until further orders.

Mr. G. A. Stack, Officiating Inspector of Schools, Eastern Circle, is appointed to act, until further orders, in the Third Class of the Bengal Educational Service, *vice* Mr. F. J. Rowe.

Mr. J. Eliot, M.A., Professor, Presidency College, is appointed to have charge of the office of Principal of that institution, during the absence, on deputation, of Mr. C. H. Tawney, or until further orders.

Opium.—*The* 11*th August* 1879.—Mr. J. R. Mawson, Assistant Sub-Deputy Opium Agent, Burabanki, Benares Agency, is allowed leave for two and a half months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 15th instant.

Mr. R. W. Keown is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, during the absence, on leave, of Mr. J. R. Mawson, or until further orders.

The 12*th August* 1879.—Mr. J. E. Piffard is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, during the absence, on leave, of Mr. R. Fraser, or until further orders.

Medical.—*The* 29*th July* 1879.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Umbaria, in the district of Mymensingh:—

The Magistrate of the district. | The Civil Surgeon,

Baboo Neel Kanth Gangoli.

The 8*th August* 1879.—The services of Third Grade Assistant Surgeon Rajendra Chandra Mittra are placed at the disposal of the Government of India in the Home, Revenue and Agricultural Department.

The 9*th August* 1879.—Assistant Surgeon Mudhoo Soodun Gupta, in charge of the Charitable Dispensary at Doomraon, Shahabad, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code.

Assistant Surgeon Hari Das Mitra is appointed to have charge of the Charitable Dispensary at Doomraon, Shahabad, during the absence, on leave, of Assistant Surgeon Mudhoo Soodun Gupta, or until further orders.

The 15*th August* 1879.—Assistant Surgeon Taroknath Ganguly, in charge of the Charitable Dispensary at Jessore, is allowed leave for one month and twenty-seven days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 15th September 1879.

Assistant Surgeon Dwarka Nath Sen, now doing duty at the Campbell Hospital, Sealdah, is appointed to have medical charge of the Charitable Dispensary at Jessore, during the absence, on leave, of Assistant Surgeon Taroknath Ganguly, or until further orders.

The 18*th August* 1879.—Assistant Surgeon Kunja Beharee Nundy, a Supernumerary at the Calcutta Medical College Hospital, is appointed to have charge of the Charitable Dispensary at Alipore, in the 24-Pergunnahs, during the absence of Assistant Surgeon Umesh Chunder Roy, on duty with the Lieutenant-Governor on tour, or until further orders.

Municipal.—*The* 11*th August* 1879.—The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Berhampore Municipality, of Mr. C. J. S. Faulder, Assistant Magistrate and Collector, to be Vice-Chairman of that Municipality for the year 1879-80.

Baboo Dwarka Nath Banerjee, Zemindar, is appointed to be a Commissioner of the Municipality of Culna, *vice* Baboo Mohendra Nath Goopta, resigned.

Mr. C. E. Gouldsbury, Assistant Superintendent of Police, is appointed to be a Commissioner of the Municipality of Patna, *vice* Mr. W. F. Smith.

The 13*th August* 1879.—The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Municipality of Kurseong, in the district of Darjeeling, of Mr. C. W. Bagshawe, to be their Vice-Chairman.

[*Government Gazette*, 26*th August* 1879.]

শ্রীযুত জি, বেলেট সাহেবের পরিবর্ত্তে রাজধানীচক্রের স্কুল সমূহের, একটিং ইনস্পেক্টর শ্রীযুত এফ, জে, রো সাহেব, এম, এ, যাবৎ অন্য আজ্ঞা না হয়, বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয়, তিনি আপন কর্ম্মাতিরিক্ত প্রেসিডেন্সী কলেজের অধ্যাপকের কর্ম্মও করিবেন।

শ্রীযুত এফ, জে, রো সাহেবের পরিবর্ত্তে, পূর্ব্ব চক্রের স্কুল সমূহের একটিং ইনস্পেকটর শ্রীযুত জি, এ, ষ্টাক সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয়, বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত সি, এচ, টনে সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জে, এলিয়ট সাহেব, এম, এ, উক্ত কালেজের প্রিন্সিপলের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

আফীন বিষয়ক।—১৮৭৯ সাল ১১ আগষ্ট।—বাণারস এজেন্সীর অন্তর্গত বারবাকীর আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে, আর, মসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে, এই মাসের ১৫ তারিখ অবধি আড়াই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, আর, মসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত আর, ডবলিউ, কেওন সাহেব, বাণারস এজেন্সীর আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১২ আগষ্ট।—শ্রীযুত আর, ফ্রেসর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত জে, ই, পিকার্ড সাহেব, বাণারস এজেন্সীর আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৭৯ সাল ২৯ জুলাই।—নিম্ন লিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত আমড়িয়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব। | সিবিল চিকিৎসক সাহেব।
শ্রীযুত বাবু নীলকণ্ঠ গঙ্গোপাধ্যায়।

১৮৭৯ সাল ৮ আগষ্ট।—তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত রাজেন্দ্রনাথ মিত্র, হোম ও রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কার্য্য বিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ৯ আগষ্ট।—শাহাবাদের অন্তর্গত ডুমরাওনের দাতব্য ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত মধুসূদন গুপ্ত, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত মধুসূদন গুপ্তের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত হরিদাস মিত্র, শাহাবাদের অন্তর্গত ডুমরাওনস্থ দাতব্য ঔষধালয়ের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৫ আগষ্ট।—যশোহরের দাতব্য ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত ত্রৈলোক্যনাথ গঙ্গোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৯ সালের ১৫ সেপ্টেম্বর অবধি এক মাস সাতাইশ দিনের ছুটী পাইলেন।

আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত তারকনাথ গঙ্গোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শিয়ালদহস্থ কাম্বল হাস্পাতালে সম্প্রতি কর্ম্মকারি আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত দ্বারকানাথ সেন, যশোহরের দাতব্য ঔষধালয়ের চিকিৎসাকার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৮ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের দেশভ্রমণ কালীন আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত উমেশচন্দ্র রায়ের সেই সঙ্গে কার্য্যে থাকা প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় কলিকাতা মেডিকাল কালেজ হাস্পাতালের অতিরিক্ত আসিষ্টান্ট সর্জ্জন শ্রীযুত কুঞ্জবিহারী নন্দী, ২৪ পরগনার অন্তর্গত আলিপুরস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ১১ আগষ্ট।—বহরমপুর মুনিসিপালিটীর কমিশানরেরা আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সি, জে, এস্ কলডর সাহেবকে ১৮৭৯। ৮০ সালের নিমিত্ত উক্ত মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ গুপ্ত কর্ম্মত্যাগ করাতে জমীদার শ্রীযুত বাবু দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়, কালনা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এফ, স্মিথ সাহেবের পরিবর্ত্তে পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেন্ডেন্ট শ্রীযুত সি, ই, গুলডস সাহেব, পাটনা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৩ আগষ্ট।—দার্জিলিঙ্গ জিলার অন্তর্গত কর্সিয়ঙ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত সি, ডবলিউ, গ্রাগশা সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট।১৮৭৯।২৭ আগষ্ট।]

The following gentlemen are appointed to be Commissioners of the above Municipality :—

Mr. A. B. Morris. | Mr. S. Robinson.
Baboo Omrito Narain Roy.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

The 15*th July* 1879.—The following revised rules under the Bengal License Act, 1878, are published for general information.

By order of the Lieutenant-Governor of Bengal,
H. L. HARRISON,
Offg. Secy. to the Govt. of Bengal.

Revised Rules for the Administration of the Bengal License Act, sanctioned by Government for districts other than Calcutta, under Section 39 *of Act I* (*B.C.*) *of* 1878.

Persons liable to taxation.

1.—Every person carrying on any trade, dealing, or industry, whose annual earnings from such trade, dealing, or industry, amount to Rs. 100 or upwards, must take out and pay for a license under this Act.

Collective net profits to be taxed.

2.—A person who carries on more than one trade, dealing, or industry, is to be taxed not separately on the profits from each trade, dealing, or industry, but on the collective net profits derived from all such trades, dealings, or industries.

Designation of license.

3.—When a person or firm carries on two or more trades, dealings, or industries, coming under more than one designation in Schedule A of the Act, the assessment will be made with reference to the *total* profits from all such trades, dealings, or industries, but it is within the discretion of the Collector to determine under which particular designation the license will be granted.

Assessment of person in more districts than one.

4.—A person not specially exempted, is liable to taxation in any district in which he may be found carrying on any trade, dealing, or industry, and such person should be assessed in each district, it being left to him to claim exemption under section 5 of the Act in any district if his profits in that district are below Rs. 100.

Assessment of persons in more circles than one.

5.—A person carrying on a trade, dealing, or industry, in more than one circle in the same district, should be assessed by each Circle Officer independently with reference to the profits derived from his trade, dealing, or industry, in his particular circle, and the Collector of the district, after comparing and collecting the returns of the various Circle Officers, will determine the place in which the total and final assessment should be made. This place will usually be that in which the assessee's principal place of business is situated, but the Collector may order that the place of assessment shall be any other place of business of the assessee if he considers that the convenience of the assessee will be more consulted by this arrangement. In each case in which it comes to the notice of a Circle Officer that a person assessed by him carries on his trade, dealing, or industry in another circle in the

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, বি, মরিস, সাহেব। | শ্রীযুত এস, রাবিন্সন সাহেব।

শ্রীযুত বাবু অমৃত নারায়ণ রায়।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

১৮৭৯ সাল ১৫ জুলাই।—বঙ্গদেশীয় লাইসেন্স বিষয়ক ১৮৭৮ সালের আইনমত নিম্নলিখিত সংশোধিত বিধি সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এচ, এল, হারিসন্,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশীয় লাইসেন্স বিষয়ক আইনের কার্য্য নির্ব্বাহার্থ এই সংশোধিত বিধি কলিকাতা ভিন্ন নানা জিলায় প্রচলিত হইবার নিমিত্ত ১৮৭৮ সালের বঙ্গীয় ১ আইনের ৩৯ ধারামতে গবর্ণমেণ্ট কর্তৃক অনুমোদিত হইল।

যে ব্যক্তিরা টাক্স দিবার যোগ্য হন তাঁহাদের কথা।

১।—কোন ব্যক্তি কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইয়া সেই ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্মদ্বারা বৎসর ১০০৲ টাকা কি তদধিক উপার্জ্জন করিলে তাঁহার এই আইনমত লাইসেন্স লইয়া তাহার ফী দিতে হইবে।

সমগ্র নিট লভ্যের উপর টাক্স ধার্য্য করিবার কথা।

২।—কোন ব্যক্তি একের অধিক ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে তাঁহার প্রত্যেক ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের উপর স্বতন্ত্র২ রূপে টাক্স না বসাইয়া উক্ত ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্মের সমগ্র নিট লভ্যের উপর টাক্স ধার্য্য করিতে হইবে।

লাইসেন্সের আধার কথা।

৩।—কোন ব্যক্তি কি কুঠী দুই বা তদধিক ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে এই আইনের A চিহ্নিত তফশীলের একের অধিক নামের মধ্যে আসিলে, সেই সমুদয় ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম লক্ষ্য করিয়া টাক্স ধার্য্য করা যাইবে, কিন্তু বিশেষ কোন নামে যে লাইসেন্স দেওয়া যাইবে তাহা কালেকটর সাহেব স্বেচ্ছামতে নিরূপণ করিবেন।

কোন ব্যক্তির উপর একের অধিক জিলায় টাক্স ধার্য্য করিবার কথা।

৪।—কোন ব্যক্তি বিশেষমতে মুক্ত না হইলে যে কোন জিলায় তাঁহার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে দেখা যায় সেই জিলায় তাঁহার টাক্স ধার্য্য করা যাইতে পারিবে, ও প্রত্যেক জিলায় তাঁহার উপর টাক্স ধার্য্য করিতে হইবে। কোন জিলায় তাঁহার ১০০৲ টাকার কম লভ্য হইলে তিনি আইনের ৫ ধারামতে সেই জিলায় টাক্স দেওন হইতে মুক্তি পাইবার দাওয়া করিতে পারিবেন।

একের অধিক চাকলায় ব্যক্তিদের উপর টাক্স ধার্য্য করিবার কথা।

৫।—কোন ব্যক্তি একই জিলার অন্তর্গত একের অধিক চাকলায় ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্ম চালাইলে, প্রত্যেক চাকলার কর্ম্মচারী আপন চাকলার অন্তর্গত ঐ ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের লভ্যের উপর টাক্স ধার্য্য করিবেন, ও জিলার কালেকটর সাহেব নানা চাকলার কর্ম্মচারিদের রিটর্ণ মিলাইয়া সংগ্রহ করিলে পর, যে স্থানে মোট ও চূড়ান্ত টাক্স ধার্য্য করিতে হইবে তাহা নির্ণয় করিবেন। এই স্থান সচরাচর টাক্স দাতার কারবারের প্রধান স্থান যেখানে থাকে সেই স্থানেই হইবে। কিন্তু কালেকটর সাহেব টাক্স দাতার অন্য কোন কারবারের স্থানে টাক্স দিবার সুবিধা হয় বোধ করিলে ঐ টাক্সদাতার সঙ্গে এই নিয়ম বিষয়ে পরামর্শ করিয়া সেই স্থানের আজ্ঞা করিতে পারিবেন। যে প্রত্যেক স্থলে চাকলার কর্ম্মচারী জানিতে পান যে, যে ব্যক্তির উপর তিনি টাক্স ধার্য্য করিয়াছেন সেই জিলার অন্তর্গত

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৬ আগষ্ট।]

same district, a special report shall be made by him to the Collector.

6.—In estimating the amount of profits derived from any trade, dealing, or industry, the expenses incurred in carrying on such trade, dealing or industry, must be excluded; but the amount expended on things not directly connected with it, such as the maintenance of the licensee or his family, must not be excluded, as such amounts form part of the taxable profits of the licensee

Profits how to be estimated.

7.—Under section 4 of the Act no person earning his livelihood solely by agriculture, no cultivator of land, who does not keep a shop or stall for the sale of his produce, and no person receiving rent in kind who merely disposes of the produce so received as rent, is liable to license tax. All servants receiving fixed wages, whether their duties are such as would ordinarily make them liable under the Act or not, including all mechanics and artizans paid by wages, are exempted from the operation of the Act. No person shall be liable to taxation under the License Act by reason of his applying to agricultural produce raised by him or received by him as rent, the processes ordinarily necessary for making such produce marketable, but any person who applies the said processes to any other agricultural produce and prepares the same for the market, shall be deemed to be a trader in respect of such produce.

Persons exempted under the Act.

8.—Any agriculturist who (besides cultivating land) carries on any trade, dealing, or industry, which would, if it formed his sole occupation, subject him to tax, must take out a license with reference to the amount of his earnings from such separate trade, dealing, or industry. Care must be taken in assessing such a person to discriminate between his earnings from his trade or industry and his earnings from his agriculture. Agricultural profits must not on any account be taxed. So, again, no zemindar or rent receiver is liable to tax in respect of his rents. But if he carry on the business of a mahajun or money-lender, he should be required to take out a license in respect of his business profits. There will ordinarily be little difficulty in distinguishing between the case of a zemindar, who occasionally makes advances to his tenants with the object of assisting them, and the case of a zemindar who regularly carries on 'mahajuni' for his own profit The former should on no account be taxed under this Act. The latter must take out a license.

General instructions as to classes liable under the Act.

Collectors will ordinarily have little difficulty in deciding, generally, whether a man's occupation can be described as a 'trade' or 'dealing.' These words are intended to cover all the operations of commerce, large or small.

9.—In determining under which class, or which grade of a class of the schedules annexed to the Act a person is liable to be assessed, the Collector must endeavour so to regulate the incidence of the tax that the fee payable by any person shall not exceed 2 per cent. upon his annual earnings. No enquiry is to be made into the amount of a licensee's income, but the Collector may make an estimate of it from any information, which may be available to him, and should generally consider what rate of tax the licensee's apparent circum-

Incidence of taxation.

অন্য চাকলায় তাঁহার ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চলিতেছে তবে কালেকটর সাহেবের নিকট তিনি সেই বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন।

লভ্য যেরূপে ধরিতে হইবে তাহার কথা।

৬।—ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম হইতে কত লভ্য হয় ইহা ধরিতে গেলে, সেই ব্যবসায়ের কি কারবারের কি শিল্প কর্ম্মের খরচ বাদ দিতে হইবে কিন্তু সেই খরচের সঙ্গে যাহার সাক্ষাৎ সম্বন্ধ নাই তাহা অর্থাৎ লাইসেন্স গ্রহীতার নিজ বা তাঁহার পরিবারের খরচ বাদ দিতে হইবে না কেননা সেই টাকা লাইসেন্স গ্রহীতার টাক্সযোগ্য লভ্যের অংশস্বরূপ হয়।

যাহারা এই আইনের বিধান হইতে মুক্ত তাহাদের কথা।

২। উক্ত ভূমির পাট্টা দেওনবিষয়ে সুন্দর বনের কমিশ্যনর সাহেব ১৮৬৩ সালের ২৩ আইনমতে ভূমির রাজস্বের কালেকটরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। কিন্তু কোন ভূমির পাট্টা পাইবার প্রার্থনাপত্র লইয়া কার্য্য করিবার পূর্ব্বে সুন্দর বনের কমিশ্যনর সাহেব বনরক্ষকের নিকট সেই প্রার্থনাপত্র পাঠাইয়া সেই প্রার্থনাপত্র গ্রাহ্য হওন পক্ষে তাঁহার কার্য্যবিভাগের কোন আপত্তি নাই ইহা নির্ণয় করিবেন। কমিশ্যনর সাহেব কোন কারণে বনরক্ষকের আপত্তি গ্রাহ্য করিতে না পারিলে তাহা রেবেনিউ বোর্ডের দ্বারা স্থানীয় গবর্ণমেণ্টের নিষ্পত্তির নিমিত্ত পাঠাইবেন।

গবর্ণমেণ্ট বিশেষ আজ্ঞাক্রমে ভূমির পাট্টা দেওয়া রহিত করিতে পারিবেন ইহার কথা।

৩। সুন্দর বনের কমিশ্যনর সাহেব চূড়ান্তরূপে পাট্টা দিবার পূর্ব্বে কোন সময়ে বিশেষ আজ্ঞা করিয়া গবর্ণমেণ্ট কোন ভূমির পাট্টা দেওন রহিত করণের স্বত্ব নিজে রাখিলেন। এমত স্থলে প্রার্থনাকারী ভূমির চিহ্ন দিবার ও জরীপ করিবার ও নিম্নলিখিত বিধিমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার যত খরচ জমা করিয়া দিয়াছেন ও তদ্ভিন্ন এই বিধির ১০ ধারাক্রমে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের অনুমত্যনুসারে কোন পথ পরিষ্কার করিবার ও সীমার কিয়ৎ কালীন বেড়া দিবার নিমিত্ত যুক্তিমতে তাঁহার যত খরচ হইয়াছে তাহা তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

৩। (ক) যেহ ভূমির পাট্টা দেওয়া যাইবে তাহার ধাতু প্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবে তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সংগত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবে। উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্বও থাকিবে, ও পাট্টাধারিকে কেবল দখলী স্বত্ব দেওয়া যাইবে; সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তরকরণীয় হইবে।

II.—Application and Procedure before Advertisement.

4. Applications for leases shall be written on paper bearing a court-fee stamp as required by law and shall contain the following particulars:—

Applications what to contain.

First.—The estimated area of the land applied for in standard beeghas of eighty cubits square, with its character and description

Second.—The situation of the land accurately ascertained, and described as fully as possible.

Third.—A rough sketch map of the lands applied for.

A form of application marked A is annexed to these rules.

5. All applications shall be entered at once in a register, of which the form shall be prescribed by the Board of Revenue.

Register of applications.

5(*a*). In the portion of the Sundarbans which has been declared "Protected Forest" under the Forest Act, no blocks of waste land which are altogether surrounded by ungranted and unoccupied land shall be leased under these rules. No block shall be given on lease which is not adjacent to land which has already been granted for the purpose of cultivation. All applications which do not comply with this rule shall be rejected.

6. Every lot applied for must be compact including no more than a single tract of land such as might be enclosed in a ring-fence. If the land touches a navigable river, the river frontage must not exceed one half the depth of the lot; but for special reasons the Board of Revenue may relax this condition.

Lots to be compact.

7. No greater area of land than 5,000 standard beeghas will be included in one lease except under special orders of Government, nor will a smaller area than 200 beeghas be leased unless the lot has distinct water boundaries on all sides. The sanction of the Board of Revenue shall be necessary to the lease of more than one lot to one applicant, or to the lease of a second lot to an applicant who already holds one. The Board may at its discretion allow such further leases to be given on being satisfied that the applicant is in a position to begin clearing and cultivating at once, and that he *bonâ fide* means to do so, provided that each application shall comprise no more than the prescribed maximum area.

Limitation of area of each lot.

দ্বিতীয়।—প্রার্থনাপত্র ও জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পূর্ব্বে কার্য্যপ্রণালীর বিধি।

৪। পাট্টা পাইবার প্রার্থনাপত্র আইনের আদেশ মত কোর্ট ফি ইষ্টাম্পযুক্ত কাগজে লিখিতে হইবে ও তাহাতে এই ২ বিবরণ লেখা থাকিবে,

প্রার্থনাপত্রে যাহা লিখিতে হইবে তাহার কথা।

প্রথম।—যে ভূমি পাইবার প্রার্থনা হয় তাহার প্রকার ও বিবরণ সুদ্ধ বর্গ আশীহাতের বিঘার আনুমানিক পরিমাণ।

দ্বিতীয়।—ভূমি যে স্থানে আছে তাহার যথার্থ যে চতুঃসীমা থাকে সাধ্যমতে বিস্তারিত করিয়া তাহার বিবরণ লিখিতে হইবে।

তৃতীয়।— যে ভূমি পাইবার প্রার্থনা করা গেল তাহার খসড়া ম্যাপ (মানচিত্র) দিতে হইবে।

এই বিধি সংযুক্ত A চিহ্নিত পাঠে প্রার্থনাপত্রের পাঠ দেওয়া গেল।

৫। সমুদয় প্রার্থনাপত্র অবিলম্বে রেজিষ্টরে লিখিতে হইবে; রেবিনিউ বোর্ড তাহার পাঠ নির্দ্দেশ করিবেন।

প্রার্থনাপত্রের রেজিষ্টরের কথা।

৫ (ক)। বনবিষয়ক আইনমতে সুন্দরবনের যে অংশ "রক্ষিত বন" বলিয়া প্রকাশ করা গিয়াছে তদন্তর্গত অদত্ত ও অনধিকৃত ভূমি দ্বারা বেষ্টিত পতিত ভূমির কোন কিত্তার এই বিধিমতে পাট্টা দেওয়া যাইবে না। কৃষিকার্য্যের নিমিত্তে যে ভূমি দেওয়া গিয়াছে তাহার নিকটবর্ত্তি না হইলে কোন কিত্তার পাট্টা দেওয়া যাইবে না। যে সকল প্রার্থনাপত্র এই বিধিসঙ্গত নয় তৎসমুদয় অগ্রাহ্য করা যাইবে।

৬। যে প্রত্যেক লাটের প্রার্থনা করা যায় তাহা একলপ্তে থাকিবে. তন্মধ্যে একখণ্ড ভূমিমাত্র এমতে ধরা যাইবে যেন তাহা একই বেড়াতে ঘেরা যাইতে পারে। উক্ত ভূমির ধারে নৌকাগম্য নদী থাকিলে ভূমির যে অংশ ঐ নদীর ধারে থাকে তাহা উক্ত ভূমির প্রস্থের অর্দ্ধেকের অধিক না হয়; কিন্তু রেবিনিউ বোর্ড বিশেষ কারণে এই নিয়ম শিথিল করিতে পারিবেন।

লাট একলপ্তে হইবার কথা।

৭। গবর্ণমেন্টের বিশেষ আজ্ঞা ভিন্ন কষ্টিমতে ৫০০০৲ বিঘার অধিক আয়তনের ভূমি একলাট ধরা যাইবে না; জলদ্বারা স্পষ্টরূপে চতুর্দ্দিক বেষ্টিত না হইলে ২০০ বিঘার কম পরিমাণের পাট্টা দেওয়া যাইবেনা। এক জন প্রার্থককে একের অধিক লাট পাট্টা দিতে হইলে কিম্বা যিনি এক লাটের পাট্টা পাইয়াছেন তাঁহাকে দ্বিতীয়লাটের পাট্টা দিতে হইলে রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণ আবশ্যক প্রার্থকের এমন অবস্থা যে তিনি অবিলম্বে পরিষ্কার ও কৃষিকার্য্য আরম্ভ করিতে পারেন ও প্রকৃত প্রস্তাবে তিনি তাহা করিবেন বোর্ড ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে স্বেচ্ছামতে আরও পাট্টা দিবার অনুমতি দিতে পারেন, কিন্তু প্রত্যেক প্রার্থনাপত্রে নির্দ্দিষ্ট অত্যাধিক পরিমাণের অধিক ভূমি লেখা না যায়।

প্রত্যেকে লাটের পরিমাণের সীমার কথা।

8. On receipt of an application, the Sundarban Commissioner shall satisfy himself that it complies with all requirements of these rules, and that the land is such as can properly be leased. Should he find that the lands are not available for lease, or that for any reason they ought not to be leased, or that the application does not fulfil the requirements of the rules, he shall reject the application, or in the latter case, allow it to be amended. In no case shall any application be admitted without special sanction of the Board of Revenue for any land which any persons are found to be occupying or using.

Applications to be rejected if rules are not complied with.

৮। সুন্দর বনের কমিশনর সাহেব প্রার্থনাপত্র পাইলে এই বিধিমতে যাহা করা প্রয়োজন তদনুযায়ি কার্য্য হই- য়াছেও সেই ভুমির উপযুক্তমতে পাট্টা দেওয়াযাইতে পারে ইহা হৃদবোধমতে জানিবেন। যদি জানিতে পান যে, পাট্টা দিবার যোগ্য ভুমির নাই, কিম্বা কোন কারণে তাহার পাট্টা দেওয়া উচিত নয়, কিম্বা প্রার্থনাপত্রে বিধির আদেশ পালন করা নাই, তাহা হইলে তিনি সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবেন কিম্বা শেষোক্ত স্থলে তাহা সংশোধন করিবার অনুমতি দিবেন। কোন ব্যক্তি কোন ভুমি অধিকার কি ব্যবহার করিতেছেন জানা গেলে রেবিনিউ বোর্ডের বিশেষ অনুমতি বিনা সেই ভুমির প্রার্থনাপত্র কোন ক্রমেই গ্রাহ্য হইবে না।

বিধির অনলগত হইলে প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার কথা।

9. When no objection is known to exist against the lease being made, the Sundarban Commissioner shall determine whether a survey of the lands is required, or whether the maps and records of previous surveys available in his office are sufficient for the ready identification and demarcation of the boundaries on the ground.

Sundarban Commissioner to determine whether survey is required.

৯। পাট্টা করিয়া দেওয়া গেলে তাহার কোন প্রতিবন্ধক নাই জানিলে সুন্দর বনের কমিশনর সাহেব সেই ভুমির জরীপ করা আবশ্যক কি না কিম্বা আপন আফিসে পূর্ব্বকৃত জরীপের যে মাপ ও কাগজপত্র পান তাহা উক্ত ভুমি একেবারে চিনিবার ও ভুমিতে সীমার চিহ্ন নিরূপণ করিবার নিমিত্ত প্রচুর কি না ইহা নির্ণয় করিবেন।

জরীপ করা আবশ্যক কি না, সুন্দর বনের কমিশনর সাহেবের ইহা নির্ণয় করিবার কথা।

10. If no survey is required, and it is only necessary to demarcate the boundaries on the ground, the Sundarban Commissioner shall estimate the cost of such demarcation as well as the cost of clearing the lines and erecting temporary boundary marks, and shall call upon the applicant to deposit the same before a certain day, which shall be fixed with reference to the time at which the demarcation can conveniently be made. Provided, however, that it shall be optional with the said Commissioner to allow the applicant himself to clear the jungle and construct such temporary boundary marks as may be considered, sufficient for the ready identification of the land, until the permanent marks prescribed by article XIII of the "Terms of lease" shall be erected. If the applicant is allowed to clear the jungle and erect temporary landmarks, he shall enter into an agreement to do so within such reasonable time as shall be fixed by the Sundarban Commissioner.

Cost of demarcation of boundaries.

১০। জরীপ করা প্রয়োজন না হইলে, ও ভুমিতে সীমার চিহ্ন মাত্র দেওয়া আবশ্যক হইলে, সুন্দরবনের কমিশনর সাহেব, উক্ত সীমার চিহ্ন দিবার ও পথ পরিষ্কার করিবার ও সীমার চিহ্নের জন্যে অল্পকাল স্থায়ি বেড়া দিবার আনুমানিক খরচ ধরিবেন, ও প্রার্থককে কোন দিনের পূর্ব্বে তাহা দাখিল করিতে কহিবেন, সুবিধামতে যে সময় চিহ্ন দেওয়া যাইতেপারে তদ্বিবেচনায় উক্তদিন স্থির করা যাইবে। "পাট্টার নিয়মের" ১৩ প্রকরণমতে যত দিন স্থায়ী চিহ্ন গাঁথা না যায় তত দিন পর্য্যন্ত উক্ত কমিশনর সাহেব স্বেচ্ছামতে প্রার্থককে নিজে জঙ্গল পরিষ্কার করিবার ও যাহাতে ভুমি অনায়াসে চিনা যায় অল্পকালস্থায়ি সীমার এমত চিহ্ন প্রস্তুত করিয়া দিবার অনুমতি করিবেন। প্রার্থকের প্রতি জঙ্গল পরিষ্কার ও ভুমির অল্পকালস্থায়ি চিহ্ন প্রস্তুত করিবার আদেশ করা গেলে সুন্দর বনের কমিশনর সাহেব যুক্তিযুক্ত যে সময় নিরূপণ করিবেন তিনি তন্মধ্যে তাহা করিয়া দিবার এগ্রিমেণ্ট লিখিয়া দিবেন।

সীমার চিহ্ন করণ বিষয়ক খরচের কথা।

11. Should the Sundarban Commissioner decide that a survey of the land is necessary, he shall call upon the applicant to deposit, before a day fixed for that purpose, the cost of survey in addition to the cost of demarcation, &c., as provided in the preceding rule. The cost of survey shall be calculated at the rate of four annas an acre on the area estimated in the application, or at such

Cost of survey.

১১। ভুমির জরীপ করা আবশ্যক, সুন্দর বনের কমিশনর সাহেব এই নিষ্পত্তি করিলে, তিনি তন্নিমিত্তে যে দিন ধার্য্য করেন তৎপূর্ব্বে কোন দিন প্রার্থককে ইহার পূর্ব্ব ধারায় লিখিত ভুমির চিহ্ন প্রভৃতি দিবার খরচের অতিরিক্ত জরীপ করিবার খরচ দাখিল করিতে কহিবেন। প্রার্থনাপত্রে ভুমির যে আনুমানিক পরিমাণ লেখা যায়, তাহার একর প্রতি ।০ চারি আনার হারে, কিম্বা [illegible]

জরীপের খরচের কথা।

higher rate as may for special reasons be fixed in any case. The sum payable for survey shall be adjusted at the rate fixed per acre according to the actual area which may be ascertained by survey, a further payment being made by the applicant, or a refund being made to him, as may be necessary for adjustment.

12. In addition to the cost of survey, demarcation, &c., the applicant shall be required to deposit a sum of Rs. 16 to cover the cost of issuing the notice prescribed by Rule 17.

Cost of notices to be deposited.

13. Should the applicant fail to deposit any amount required by the foregoing rules before the date fixed for that purpose, or should he fail to clear the lines or to demarcate the boundaries by the date fixed under Rule 10, the application shall be struck off the file; an application so struck off may be re-admitted, but in that case the application shall be considered to have been made on the date of the application for such re-admission, and not on the date of the original application.

Application to be struck off on failure to deposit.

14. After the deposit of fees, if for any reason the application should be struck off, or the survey abandoned, the applicant shall not be entitled to a refund of the sum deposited, except when lands are withheld from lease under Rule 3. Refund may, however, be made at the discretion of the Sundarban Commissioner of any balance remaining in deposit after meeting all expenses incurred on the objects for which the deposit was made.

Refund of deposit.

15. Surveys shall ordinarily be made by Government surveyors; if made by other agency temporarily employed for the purpose, they shall be tested by Government officers.

Agency for survey.

16. Surveys need not be more minute or detailed than is necessary to ensure approximate ascertainment of area, but the boundaries must be very accurately and clearly defined.

Surveys need not be minute.

III.—Issue of Notice of Lease.

17. When the land has been surveyed and demarcated, and the Sundarban Commissioner is satisfied that it may be leased, he shall issue a notice in the Form B annexed to these rules, announcing that an application has been made,

Issue of notice.

ধরা যায় তদনুসারে জরীপ করিবার খরচ ধরা যাইবে জরীপ করিয়া বাস্তবিক যত একর ভূমি নিশ্চয় করা যাইবে তাহার একর প্রতি অবধারিত হারে জরীপ করা শেষ খরচ মিটাইতে হইবে, খরচ মিটাইবার প্রয়োজনমতে প্রার্থকের হয়ত আরও টাকা দিতে হইবে অথবা তাঁহাকে টাকা ফিরাইয়া দেওয়া যাইবে।

১২। জরীপ করিবার ও চিহ্ন প্রভৃতি দিবার খরচের অতিরিক্ত ১৭ ধারায় নির্দ্দিষ্ট নোটিস জারী করিবার খরচ নিমিত্ত প্রার্থকের আর ১৬৲ ষোল টাকা দাখিল করিতে হইবে।

নোটিসের খরচ দাখিল করিবার কথা।

১৩। পূর্ব্ব কএক ধারার টাকা দাখিল করিবার নিরূপিত দিনের পূর্ব্বে যত টাকা দাখিল করিবার আদেশ হইয়াছে প্রার্থক তাহা দাখিল করিতে ত্রুটি করিলে অথবা ১০ ধারামতে পথ পরিষ্কার করিবার বা সীমার চিহ্ন দিবার যে দিন ধার্য্য হইয়াছে তন্মধ্যে তাহা না করিলে প্রার্থনাপত্র নথীহইতে তুলিয়া ফেলা যাইবে, ও উক্তরূপে তুলিয়া ফেলা প্রার্থনাপত্র পুনরায় গ্রাহ্য হইতে পারিবে। কিন্তু তদ্রূপ স্থলে প্রার্থনাপত্র পুন গ্রাহ্য করিবার প্রার্থনাপত্রের লিখিত তারিখেই প্রার্থনা করা গেল জ্ঞান করিতে হইবে, পূর্ব্বকৃত প্রার্থনাপত্রের তারিখে নয়।

টাকা দাখিল করিতে ত্রুটি হইলে প্রার্থনাপত্র তুলিয়া ফেলিবার কথা।

১৪। ফী দাখিল করা গেলে পর কোন কারণে যদি প্রার্থনাপত্র তুলিয়া ফেলা যায় কিম্বা জরীপ করা না যায়, তাহা হইলে প্রার্থক সেই দাখিল করা টাকা ফিরিয়া পাইবার স্বত্ববান হইবেন না, কিন্তু এই বিধির ৩ ধারামতে পাট্টা দেওয়া না গেলে ফিরিয়া পাইতে পারিবেন। যে অভিপ্রায়ে টাকা দাখিল করা গিছে তাহার সকল খরচ শোধের পর ঐ দাখিল করা টাকার যাহা অবশিষ্ট থাকে সুন্দরবনের কমিশ্যনর সাহেবের ইচ্ছামতে তাহা ফিরাইয়া দেওয়া যাইতে পারিবে।

দাখিল করা টাকা ফিরাইয়া দিবার কথা।

১৫। গবর্ণমেন্টের জরীপকার্য্যকারক দ্বারা সচরাচর জরীপ করান যাইবে। জরীপ করিবার নিমিত্তে কিয়ৎ কালের জন্য নিযুক্ত অন্য কর্ম্মচারি দ্বারা জরীপ করান গেলে, গবর্ণমেন্টের কার্য্যকারক দ্বারা তাহার পরীক্ষা করা যাইবে।

যদ্দ্বারা জরীপ করান যাইবে তাহার কথা।

১৬। কত আয়তন এইটী মোটামোটি জানিবার নিমিত্ত যাহা আবশ্যক তদধিক সূক্ষ্ম বা বিস্তারিত বিবরণযুক্ত জরীপ অপ্রয়োজনীয়। কিন্তু সীমা প্রকৃত ও স্পষ্টরূপে নির্ণয় করিতে হইবে।

জরীপ সূক্ষ্ম না হইবার কথা।

তৃতীয় অধ্যায়।—ভূমির পাট্টা দিবার নোটিস প্রচার করিবার কথা।

১৭। ভূমির জরীপ হইলে ও সীমার চিহ্ন দেওয়া গেলে পর, ভূমির পাট্টা দেওয়া যাইতে পারে সুন্দরবনের কমিশ্যনর সাহেব ইহা অবগতমতে জানিলে, তিনি সেই ভূমির নিমিত্ত প্রার্থনা করা গিয়াছে এই উল্লেখ করিয়া এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে নোটিস প্রচার করিবেন, ও সেই ভূমির উপর যাহাদের

নোটিস প্রচার করিবার কথা।

and calling upon all persons who may have objections to make to appear before a date to be specified, which date shall not be less than three months from the date of the notice as provided in section I, Act XXIII of 1863.

Publication of notice.

18. The notice shall be published at the office of the Sundarban Commissioner, the office of the Board of Revenue, the office of the Collector of the District, at the Court of the District Judge, at the Sub-divisional Office, at the Moonsif's Court, and at the Police Station within the limits of which the lands are situate. A copy shall also be published in the Government Gazettes in English and in Bengali.

Notice to contain certain reservations.

19. In framing the notice the Sundarban Commissioner must be careful to state, as precisely as possible, all rights which will be reserved, such as waterways and the strips of land along the banks of rivers and nullahs for towing-paths (*vide* article XI of the annexed terms of lease), which will be held available for the use of Government and the public use.

Disposal of claims to the land.

20. If, after the issue of the notice and before the lease has been sold, any claim be preferred, or objection taken, the Sundarban Commissioner must proceed as directed in Act XXIII of 1863.

Action if claim is established.

21. If the Sundarban Commissioner shall consider that any claim or objection is established, he shall stay his proceedings for selling the lease as directed by section IV, Act XXIII of 1863, and make a special report to the Board of Revenue.

Arrangement may be made.

22. If the objection be such as can be got over by an arrangement without proceeding to formal trial under section VI of the Act, the Sundarban Commissioner may, with the sanction of the Board of Revenue, order the arrangement to be made, and in such case, or in case the claim or objection is eventually withdrawn or pronounced invalid, the Sundarban Commissioner may proceed, on the date specified in the notice, to sell the lease of the land.

IV.—SALE IN CASE OF MORE THAN ONE APPLICATION.

Sale to applicant.

22(*a*). If there is but one applicant for the lease of the land, it shall be sold to him at the upset price of one rupee an acre.

[*Government Gazette*, 16*th December* 1879.]

কার আপত্তি থাকে তাঁহারা নিরূপিত তারিখের পূর্ব্বে উপস্থিত হইয়া সেই আপত্তি করেন, এই আদেশ দিবেন উক্ত তারিখ ১৮৬৩ সালের ২৩ আইনের ১ ধারার লিখিতমতে উক্ত নোটিসের তারিখ অবধি তিন মাসের কম হইবে না।

নোটিস প্রকাশ করিবার কথা।

১৮। সুন্দরবনের কমিশ্যনর সাহেবের আফিসে ও রেবিনিউবোর্ডের আফিসে, ও জিলার কালেকটর সাহেবের আফিসে, ও জিলার জজসাহেবের আদালতে, ও মহকুমার কাছারীতে ও মুনসেফের আদালতে এবং যে পোলীস থানার এলাকার, মধ্যে ভূমি আছে সেই পোলীস থানায়, নোটিস প্রকাশ করা যাইবে। সেই নোটিসের একং খান ইংরেজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটেও প্রকাশ করা যাইবে।

ভূমির সঙ্গে যাহার পাট্টা দেওয়া না যাইবে তাহার কথা।

১৯। নোটিস লিখিবার সময়ে যেং স্বত্ব রক্ষিত হইবে, যথা জলপথ ও গুণ টানিবার পথের নিমিত্ত নদীর ও নালার ধারের ভূমি গবর্ণমেণ্টের ও সাধারণের ব্যবহারার্থে থাকিবে, (পাট্টার নিয়মে সংযুক্ত ১১ প্রকরণ দেখ), সুন্দরবনের কমিশ্যনর সাহেব তাহা সাধ্যমতে স্পষ্ট করিয়া লিখিয়া দিবেন।

ভূমির উপর দাওয়ার আপত্তি করিবার কথা।

২০। নোটিস প্রচার হইলে পর পাট্টা বিক্রয় হইবার পূর্ব্বে কোন দাওয়া কি আপত্তি উপস্থিত করা গেলে—সুন্দর বনের কমিশ্যনর সাহেব ১৮৬৩ সালের ২৩ আইনের আদেশমতে কার্য্য করিবেন।

দাওয়া স্থাপন হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

২১। কোন দাওয়ার কি আপত্তির প্রমাণ হইয়াছে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের এমত বিবেচনা হইলে ১৮৬৩ সালের ২৩ আইনের ৪ ধারার আদেশমতে পাট্টার নীলাম স্থগিত রাখিয়া রেবিনিউ বোর্ডের নিকট বিশেষ রিপোর্ট করিবেন।

আপোষে নিষ্পন্ন করা যাইতে পারিবার কথা।

২২। আইনের ৬ ধারানুসারে রীতিমত বিচার না হইয়া আপোষে নিষ্পন্ন করণ দ্বারা সেই আপত্তি ন্যায্যরূপে উঠাইয়া দেওয়া যাইতে পারিলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া আপোষ করিবার আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে কিম্বা পরিশেষে দাওয়া কি আপত্তি উঠাইয়া লইবার কি অসিদ্ধ বলিয়া কথিত হইবার স্থলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব নোটিসের নির্দ্দিষ্ট তারিখে উক্ত ভূমির পাট্টা নীলাম করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

চতুর্থ অধ্যায়।—একের অধিক প্রার্থনাপত্র হইলে বিক্রয়ের বিধি।

প্রার্থকের নিকট বিক্রয় করিবার কথা।

২২ (ক)। ভূমির নিমিত্ত এক জন মাত্র প্রার্থক হইলে তাঁহার নিকট নীলামের প্রথম ডাকের টাকায় অর্থাৎ একর প্রতি ১৲ এক টাকার হারে বিক্রয় করা যাইবে।

When more than one application is received for the same land.

23. Should there be more than one application for the lease of the same lands before the survey or demarcation fees have been deposited, and should the second application comprise the whole of the lands contained in the first, the Sundarban Commissioner shall put the lease up to auction on the day named in the notice, and shall sell it to the highest bidder; but no person shall be allowed to bid who has not made such application; and no bid shall be accepted which is not *bonâ fide* on behalf of such person. If the second application comprise a portion only of the land contained in the first, it shall be rejected.

Lease sold subject to conditions.

24. The lease, whether sold to the only applicant, or by auction, shall be sold subject to the conditions contained in the terms of lease annexed to these rules and to those contained in the notice issued in form B.

Sale.

25. The purchaser of the lease shall be required to pay down at once a sum of 500 rupees, or the full amount bid for the lease, if such amount be less than 500 rupees. In default of immediate payment, the lease may be put up to resale at once, or may be reserved for future sale.

Cancelment of sale in case of default of full payment of purchase-money.

26. The purchaser shall be required to pay in the balance of the purchase money, if any, together with all fees for demarcation, survey, and advertisement which may be demanded by the Sundarban Commissioner, within one month of the day of sale. If he fail to do so, the sale shall be cancelled by authority of the Sundarban Commissioner, and the amount deposited under rules 11 and 12 shall be forfeited, and the land shall be available for lease to any other applicant.

V.—Miscellaneous.

Lease to be granted.

27. After the conditions of this sale are fulfilled, the Sundarban Commissioner shall grant a lease of the lands in such form as may from time to time be prescribed by the Board of Revenue. He shall forward the lease for registration in the office of the Board, and will also cause it and its counterpart to be duly registered by the Registrar of Assurances.

Registers.

28. All leases of waste lands shall be recorded in a register to be kept in such form as the Board of Revenue may prescribe.

একই ভূমির নিমিত্ত একের অধিক প্রার্থনাপত্র পাওয়া গেলে যাহা করিতে হইবে তাহার কথা।

২৩। ভূমি জরীপ করিবার ও তাহার সীমার চিহ্ন দিবার ফী দাখিল করিবার পূর্ব্বে সেই ভূমির পাট্টা পাইবার নিমিত্ত একের অধিক প্রার্থনাপত্র করা গেলে ও প্রথম প্রার্থনাপত্রে যে ভূমির বিষয় লেখা গেল দ্বিতীয় প্রার্থনাপত্রে সেই সমুদয় ভূমির বিষয় লেখা গেলে সুন্দরবনের কমিশ্যনর সাহেব নোটিসের লিখিত তারিখে পাট্টা নীলামে ধরিবেন, ও যিনি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকেন তাঁহার নিকট বিক্রয় করিবেন। যিনি উক্ত প্রার্থনাপত্র অর্পণ করেন নাই তিনি নীলামে ডাকিতে পারিবেন না ও প্রকৃত প্রস্তাবে প্রার্থকের পক্ষে না হইলে অন্য ব্যক্তির ডাক গ্রাহ্য হইবে না। প্রথম প্রার্থনাপত্রে যে ভূমির বিষয় লেখা গেল তাহার অংশমাত্র দ্বিতীয় প্রার্থনাপত্রে লেখা থাকিলে তাহা অগ্রাহ্য করা যাইবে।

পাট্টা নিয়মাধীনে বিক্রয় হইবার কথা।

২৪। পাট্টা একমাত্র প্রার্থনাকারির নিকট অথবা নীলামেই বিক্রয় হউক এই বিধি সংযুক্ত পাট্টার নিয়মের লিখিত এবং B পাঠে প্রচারিত নোটিসের লিখিত নিয়মাধীনে তাহা বিক্রয় করা যাইবে।

বিক্রয়ের কথা।

২৫। পাট্টাক্রেতা ব্যক্তির তৎক্ষণাৎ ৫০০ টাকা আমানৎ করিতে হইবে, ও ৫০০ টাকার কম ডাক হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে। অবিলম্বে টাকা দিবার ত্রুটি হইলে উক্ত পাট্টা হয় তৎক্ষণাৎ না হয় পরে কোন সময়ে পুনর্ব্বার নীলাম করা যাইবে।

ক্রয়ের সমুদয় টাকা দিবার ত্রুটি হইলে নীলাম রহিত করিবার কথা।

২৬। সুন্দর বনের কমিশ্যনর সাহেব, ক্রয়ের টাকা বাকী থাকিলে সেই টাকা ও তদ্ভিন্ন ভূমির চিহ্ন দিবার ও তাহা জরীপ করিবার ও ইশতিহার দিবার যে ফী চাহেন তাহা নীলামের তারিখ অবধি এক মাসের মধ্যে ক্রেতার প্রতি দিবার আদেশ করিবেন। তিনি সেই টাকা দিতে ত্রুটি করিলে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের ক্ষমতাক্রমে সেই নীলাম রহিত করা যাইবে এবং ১১ ও ১২ ধারামতে যত টাকা দাখিল করা গিয়াছিল তাহা জব্দ হইবে ও অন্য কোন প্রার্থককে সেই ভূমির পাট্টা দেওয়া যাইতে পারিবে।

পঞ্চম।—অধ্যায়।—বিবিধ।

পাট্টা দিতে হইবার কথা

২৭। রেবিনিউ বোর্ডের সাহেবেরা সময়েং যে পাঠ নির্দ্দেশ করেন, এই বিক্রয়ের সমুদয় নিয়ম পূর্ণ হইলে পর, সুন্দর বনের কমিশ্যনর সাহেব, সেই পাঠে উক্ত ভূমির পাট্টা দিবেন। তিনি রেজিষ্টরী করিবার জন্য সেই পাট্টা বোর্ডের আফিসে পাঠাইবেন, এবং সেই পাট্টা ও তৎপ্রতিলিপি দলীল দস্তাবেজের রেজিষ্ট্রারের দ্বারা উপযুক্তমতে রেজিষ্টরী করাইবেন।

রেজিষ্টরের কথা।

২৮। রেবিনিউ বোর্ডের সাহেবেরা যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে রাখা রেজিষ্টরে পতিত ভূমির সকল পাট্টা লেখা যাইবে।

Board to issue certain orders.

29. The Board of Revenue shall as soon as possible after the publication of these rules—

I.—Prescribe forms of the register of applications as required by Rule 5, and for the register of leases as required by Rule 28.

II.—Issue a schedule specifying the rates of assessments subject to which the different lots of land available for lease in the Sundarbans shall be leased, as provided in article II of the terms of lease.

III.—Prescribe forms for leases.

And may issue subsidiary rules.

30. The Board may issue any further subsidiary instructions for giving effect to these rules.

Redemption of assessments not to be allowed.

31. As the present policy of Government is not to allow the redemption of assessments on the land except in the case of very minute estates, no future application for the redemption of the assessments payable on account of leases of waste lands in the Sundarbans, either under the rules of 1853 or under any other rules, will be entertained.

TERMS OF LEASE.

One-fourth of area revenue-free.

I.—One-fourth on the entire area leased shall be for ever exempted from assessment as an estimated allowance for unassessable area, such as that occupied by water-courses, creeks, tanks, roads, the space required for the construction of the lessee's embankments, dams, tow-paths, &c., and for irreclaimable waste land.

Rate of assessment.

II.—The remaining three-fourths of the area leased shall be held free of assessment for ten years, and shall be subject thereafter to such assessment within the limits given below as may have been fixed and notified by the Board of Revenue for the land in question:—

Table of rates of assessment.

TRACT.	PER BEEGHA OF 80 CUBITS SQUARE.		
	From 11th to 15th year.	From 16th to 20th year.	From 21st to 40th year.
24-Pergunnahs, west of the Kalindi river	1 to 2 as.	2 to 4 as.	4 to 8 as.
24-Pergunnahs, east of the Kalindi river, and Jessore	6 pie to 1 as.	1 to 2 as.	2 to 4 as.
Backergunge	2 to 4 as.	3 to 6 as.	6 to 12 as.

কোনং আজ্ঞা বোর্ডের প্রচার করিবার কথা।

২৯। এই বিধি প্রচার হইবার পর সাধ্যমতে ত্বরায় রেবিনিউ বোর্ডের সাহেবেরা,

১। ৫ ধারার আদেশমতে প্রার্থনাপত্রের রেজিষ্টরের ও ২৮ ধারার আদেশমতে পাট্টার রেজিষ্টরের পাঠ নির্দ্দেশ করিবেন।

২। পাট্টার নিয়মের ২ প্রকরণানুসারে সুন্দর বনের যে সকল ভূমির পাট্টা দেওয়া যাইবে তাহার ভিন্নং লাটের খাজানার হার নির্দ্দেশক তক্‌সীল প্রচার করিবেন।

৩। পাট্টার পাঠ নির্দ্দেশ করিবেন।

ও আনুষঙ্গিক বিধি প্রচার করিতে পারিবার কথা।

৩০। বোর্ডের সাহেবেরা এই বিধি সফল করণার্থ আনুষঙ্গিক অন্যকোন উপদেশ প্রচার করিতে পারিবেন।

রাজস্ব ধার্য্য করণ হইতে মুক্ত না হইবার কথা।

৩১। গবর্ণমেণ্টের এইক্ষণকার রাজনীতি এই যে অতিক্ষুদ্রং মহাল ভিন্ন কোন মহল রাজস্ব ধার্য্যকরণ হইতে মুক্ত করা যাইবে না এইহেতু ১৮৫৩ সালের বিধিমতে হউক বা অন্য কোন বিধিমতেই হউক সুন্দর বনের অন্তর্গত পতিত ভূমির পাট্টার নিমিত্ত যে রাজস্ব দিতে হয় সেই রাজস্ব হইতে মুক্তি পাইবার প্রার্থনা পত্র আর কখন গ্রাহ্য করা যাইবে না।

পাট্টার নিয়মের কথা।

চারিভাগের এক ভাগ নিষ্কর হইবার কথা।

১।—যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের চারিভাগের এক ভাগ জলস্রোত, খাড়ী, পুষ্করিণী, পথ, পাট্টাদারের বাঁধ প্রস্তুত করণার্থ প্রয়োজনীয় স্থান, জলবন্ধক, গুণটানিবার পথ প্রভৃতি ও অশোধনীয় পতিত ভূমি বলিয়া কর ধার্য্য হইবার অযোগ্য, ইত্যনুমানে তাহার উপর কস্মিন্‌কালে কর ধার্য্য হইবে না।

কর ধার্য্য করিবার হারের কথা।

২।—অবশিষ্ট তিন ভাগ দশ বৎসর পর্য্যন্ত নিষ্কর ভোগ করা যাইবে, তাহার পর রেবিনিউ বোর্ড নিম্নলিখিত সীমার মধ্যে যে কর ধার্য্য করিয়া প্রকাশ করেন উক্ত ভূমির সেই কর ধার্য্য করা যাইবে।

রাজস্ব ধার্য্যকরিবার হারের টেবিল।

প্রদেশ।	৮০ বর্গহাতের বিঘা প্রতি।		
	১১ অবধি ১৫ বৎসর পর্য্যন্ত।	১৬ অবধি ২০ পর্য্যন্ত	২১ অবধি ৪০ বৎসর পর্য্যন্ত।
২৪পরগনা, কালিন্দীনদীর পশ্চিম দিক ...	৵০ অবধি ৶০ পর্য্যন্ত।	৶ অবধি ।০ পর্য্যন্ত	।০ অবধি ॥০ পর্য্যন্ত
২৪ পরগনা, কালিন্দীনদীর পূর্ব্ব দিক ও যশোহর-	১০ " ৴০	৴০ " ৶০	৶০ " ।০
বাখরগঞ্জ ...	৶০ " ।০	।৶০ " ।৶	।৶ " ৸

III.—One-eighth of the entire area leased, as recorded in the lease, shall be cleared and shall be in a state fit for cultivation at the end of the fifth year, reckoning from the date from which the free term of the lease commenced. At any time after the expiration of the said year, the Sundarban Commissioner or any person authorized by him may enter upon the land and cause it to be measured for the purpose of ascertaining whether this condition has been fulfilled.

Clearance condition.

IV.—On failure to comply with the above clearing condition the lessee shall forfeit all rights in the land under his existing lease, and the Government shall have the right of immediate re-entry. Provided that, if the lessee shall give up the said lease to the Sundarban Commissioner within one month of the date on which notice of such forfeiture shall be given to him, and shall demand a fresh lease, such fresh lease shall be given to him on the following conditions, namely, that the lessee shall forfeit all claim to continued possession of the land free of assessment, and shall at once pay the assessment at the lowest rate fixed in the original lease, and shall continue to pay it at such rate for the remaining free term of the lease, and shall also pay the assessment at a rate 20 per centum higher than that which was fixed in the original lease for each period up to the termination of the settlement.

Forfeiture and re-lease.

V.—In the event of the lessee failing to demand such lease, and to execute the corresponding agreement, the entire area comprised in the lease shall be resumed by the Government, which shall enter into possession at once, and the lessee shall forfeit all right and interest in the lands, both those which may still be uncleared and those which may have been cleared and brought into cultivation.

Final forfeiture and resumption.

VI.—The amount of assessment due on the land shall be paid according to the fixed instalments to the Collector of the district.

Instalments.

VII.—All arrears of assessment due on the land shall be recoverable as arrears of revenue due on temporarily-settled estates according to any law for the time being in force.

Recovery of arrears of rent.

VIII.—After the expiration of 40 years, reckoning from the date of the original lease, the lot shall be open to resettle-

Resettlement after 40 years.

৩ ।—পাট্টার লিখিত যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের আট ভাগের এক ভাগ, নিষ্কর কালারম্ভের তারিখ অবধি গণনা করিয়া পঞ্চম বৎসরের শেষে পরিষ্কার ও আবাদের উপযুক্ত করিতে হইবে। উক্ত বৎসর অতীত হইবার পর কোন সময়ে সুন্দরবনের কমিশ্যনর সাহেব বা তাঁহার স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ভূমিতে প্রবেশ করিয়া এই নিয়ম পালন হইয়াছে কি না ইহা নিশ্চয় জানিবার জন্যে উক্ত ভূমি মাপ করাইতে পারিবেন ।

পরিষ্কার করিবার নিয়মের কথা ।

৪ ।—ভূমি পরিষ্কার করিবার উক্ত নিয়ম পালনের ত্রুটি হইলে বর্ত্তমান পাট্টানুসারে পাট্টাদারের যে স্বত্ব ছিল তাহা রহিত হইয়া তাহাতে অবিলম্বে গবর্ণমেণ্টের পুনরধিকার স্বত্ব জন্মিবে। কিন্তু পাট্টাদার যে তারিখে স্বত্ব রহিত হইবার নোটিস পান সেই তারিখ অবধি এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশ্যনর সাহেবকে যদি উক্ত পাট্টা ফেরৎ দিয়া নূতন পাট্টা পাইবার প্রার্থনা করেন তাহা হইলে, নিম্নলিখিত নিয়মাধীনে তাঁহাকে সেই পাট্টা দেওয়া যাইবে, অর্থাৎ উক্ত ভূমিতে পাট্টাদারের নিষ্কর ভোগের সকল দাওয়া রহিত হইবে, ও প্রথম পাট্টার অত্যল্প যে হার ধার্য্য হইয়াছে তিনি অবিলম্বে সেই হারে রাজস্ব দিবেন, ও নিষ্কর ভোগের অবশিষ্ট কাল পর্য্যন্ত উক্ত হারে রাজস্ব দিতে থাকিবেন, ও বন্দোবস্তের শেষ পর্য্যন্ত প্রত্যেক কালের নিমিত্ত প্রথম পাট্টার যে হার ধার্য্য হইয়াছিল তাহার উপর শতকরা ২০৲ টাকার হারে রাজস্ব দিবেন ।

স্বত্ব রহিত হইবার ও পুনর্ব্বার পাট্টা পাইবার কথা ।

৫ ।—পাট্টাদার উক্ত পাট্টা লইতে ত্রুটি করিলে এবং উক্তরূপ এগ্রীমেণ্ট লিখিয়া না দিলে পাট্টায় যত ভূমি লেখা আছে গবর্ণমেণ্ট তাহা সমুদয়ই বাজেয়াপ্ত করিয়া অবিলম্বে দখল করিতে প্রবৃত্ত হইবেন ও যত ভূমি অপরিষ্কৃতাবস্থায় আছে ও যত ভূমি পরিষ্কৃত হইয়া আবাদ করা গিয়াছে তৎসমুদয়ে পাট্টাদারের যে স্বত্ব ও স্বার্থ ছিল তাহা রহিত হইবে ।

চূড়ান্তরূপে স্বত্ব রহিত ও বাজেয়াপ্ত করিবার কথা ।

৬ ।—উক্ত ভূমির যত রাজস্ব পাওনা থাকে তাহা নিরূপিত কিস্তি অনুসারে জিলার কালেক্টর সাহেবের নিকট দিতে হইবে ।

কিস্তির কথা ।

৭ ।—উক্ত ভূমির যত রাজস্ব বাকী পড়ে তাহা কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বাকী রাজস্ব আদায় করণার্থে যৎ কালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে আদায় করা যাইবে ।

বাকী খাজানার আদায় করিবার কথা ।

৮ ।—প্রথম পাট্টার তারিখ অবধি গণনা করিয়া চল্লিশ বৎসর অতীত হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মে ত্রিশ বৎসরের নিমিত্ত লাটের পুনঃবন্দো-

৪০ বৎসরের পর পুনর্ব্বার বন্দোবস্ত করিবার কথা ।

ment for a period of 30 years on such terms as the Government shall think fit, provided that the assessment shall not be fixed higher than the rate which would be paid by cultivating ryots in the neighbourhood for land growing the ordinary crops of the country, less 30 per centum to be allowed to the lessee to cover the risks and cost of collection, and to represent his profits. The above assessment shall be calculated on the area of the entire area leased, less the one-fourth which is exempted from assessment under article I of these rules.

VIII(*a*).—The land shall be subject to any cesses—such as the District Road cess, the Public Works cess, or any other—in addition to the assessment to be paid, but the liability of the land to these cesses shall be left to the discretion of the local Government after the first period of the 40 years settlement has expired.

Periodical resettlements.

IX.—The land shall from time to time be subject to resurvey and re-assessment in accordance with the preceding rule after the expiration of 30 years from any resettlement.

Reservation of rights of way, &c.

X.—The land shall be subject to all existing rights of way and water and other easements, and to any exceptions and reservations which may be particularized in the notice of sale of lease in form B annexed to the rules.

Tow-path reserved.

XI.—The right of using all streams and channels in any way navigable shall be reserved to the public, as also the use of a tow-path not less than 25 feet in width on each side of every such stream and channel.

XI(*a*).—No charge will be made for wood and timber standing on the land at the time it is leased, nor for any wood which may be cut and burnt to effect clearances, or which may be used on the land. But, for wood and timber exported for sale, a duty shall be levied under the rules for the Sundarban protected forests, dated the 22nd April 1879, at any of the revenue stations mentioned in those rules, viz.—

For every maund of Sundri timber—one anna.
For every maund of any other kind—one-fourth of an anna.

Boundary dispute.

XII.—In the event of any boundary dispute arising between the lessee of any lot and the lessee of any adjoining lot already leased under these rules, or which may subsequently be leased, the

বন্ধ করা যাইবে, কিন্তু তন্নিকটবর্ত্তী ভূমির কৃষিকার রায়তেরা এদেশীয় নিয়মিত শস্যোৎপাদনের ভূমির যে হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষায় অধিক হারে খাজানা ধার্য্য করা যাইবে না। তাহাহইতে পাট্টাদারের দায়ের ও খাজানা আদায়ের খরচের ও তাহার লাভের নিমিত্ত শত করা ত্রিশ টাকা বাদ দেওয়া যাইবে। যত ভূমির পাট্টা দেওয়া গেল সেই সমুদয় ভূমি হিসাব করিয়া উক্ত কর ধার্য্য হইবে, কিন্তু এই বিধির ১ প্রকরণে চারি ভাগের যে এক ভাগ কর হইতে মুক্ত হইয়াছে তাহা ত্যাগ করা যাইবে।

৮।— (ক)।—উক্ত ভূমির যে রাজস্ব দিতে হয় তদতিরিক্ত তাহার প্রদেশীয় পথকর ও সাধারণের উপকারার্থে কার্য্য নিমিত্ত কর। অন্য কোন কর দিতে হইবে; কিন্তু বন্দোবস্তের প্রথম ৪০ বৎসর অতীত হইলে পর উক্ত কর দিবার নিমিত্ত উক্ত ভূমির উপর দায় থাকিবে কি না ইহা স্থানীয় গবর্ণমেণ্টের ইচ্ছাধীন থাকিবে।

সাময়িক পুনর্ব্বন্দোবস্তের কথা।

৯। পুনঃবন্দোবস্ত করিবার সময় অবধি ত্রিশ বৎসর অতীত হইলে পর, পূর্ব্ব ধারানুসারে সময়ে২ উক্ত ভূমির পুনর্ব্বার জরীপ করা ও তাহার পুনর্ব্বার খাজানা ধার্য্য করা যাইবে।

পথস্বত্বপ্রভৃতি রক্ষা করণের কথা।

১০। উক্ত ভূমি পথ ও জল ও অন্য সকল স্বাচ্ছন্দ্য ভোগস্বত্বের নিয়মাধীন থাকিবে ও এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে পাট্টা বিক্রয়ের নোটিসে বিশেষ করিয়া যেং বর্জ্জিত ও রক্ষিত বিষয় লেখা যাইতে পারে তাহারও নিয়মাধীন হইবে।

গুণ টানিবার পথ রাখিবার কথা।

১১।—নৌকাগম্য সকল জলস্রোত ও খাল সাধারণের ব্যবহার করিবার স্বত্ব থাকিবে ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

১১ (ক)।—ভূমির পাট্টা দিবার সময়ে উক্ত ভূমিতে যে সকল কাষ্ঠের ও বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ থাকে তাহার, কিম্বা উক্ত ভূমি পরিষ্কার করিবার জন্যে বা সেই ভূমিতে ব্যবহারার্থে যত কাষ্ঠ কাটা ব পোড়ান যায় তাহার, খরচ লওয়া যাইবেনা। কিন্তু যে সকল কাষ্ঠ বা বাহাদুরী কাষ্ঠ বিক্রয়ার্থে রপ্তানী করা যায় তাহার উপর রাজস্বের কোন ষ্টেশনে সুন্দর বন রক্ষিত বনবিষয়ক ১৮৭৯ সালের ২২ আপ্রিলের বিধি অনুসারে মাসুল লওয়া যাইবে। যথা—

ও সুন্দরী কাষ্ঠের মণপ্রতি	৵০ এক আনা
অন্যান্য কাষ্ঠের মণপ্রতি	৻৫ একপয়সা

সীমাবিষয়ক বিবাদের কথা।

১২।—এই বিধিমতে পাট্টাপ্রাপ্ত কোন লাটের পাট্টাদারের ও নিকটবর্ত্তী কোন লাটের পাট্টাদারের মধ্যে কিম্বা পরে যাহার পাট্টা দেওয়া যায় তাহার সীমা লইয়া বিবাদ উপস্থিত হইলে, সেই বিবাদ নিষ্পত্ত্যর্থে পাট্টাদা-

lessees shall be bound to submit such dispute to the decision of the Commissioner in the Sundarbans. The decision of the Sundarban Commissioner shall be appealable to the Board of Revenue, and the decision of the Board shall be final and binding on the lessees. No lessee under these rules shall have any claim against the Government for compensation or damages in respect of land having been included in his lease which has already been included in some previous lease; but the lessee shall be entitled to proportionate reduction of the assessment in respect of any land covered by his lease which may subsequently be discovered not to have been available for lease.

Boundary marks.

XIII.—On being put in possession of a lot which has not been previously defined by permanent marks, the lessee shall, except where the boundary runs along a river or well-defined nullah or water-course, within three months, erect masonry pillars or platforms or such other landmarks as may be required, to the satisfaction of the Sundarban Commissioner, at each point where more than two lots or patches of waste or other properties meet, and large earthen mounds at every angle and at intervals of a hundred yards of the boundary line between such masonry pillars or platforms.

Neglect of lessee to erect boundary marks.

XIV.—If the lessee neglect to demarcate the lands as prescribed in the preceding rule, the Commissioner in the Sundarbans shall have the right of entry on the lands, and shall erect the landmarks hereinbefore described; and all costs incurred in that behalf, whether the actual costs of the landmarks, or the expenses incurred for clearing any jungle, or for supervision, or travelling expenses; and all charges whatsoever shall be recovered from the lessee by the law in force for the time being for the recovery of Government demands or the recovery of arrears of assessment on the land, as shall be decided upon by the Commissioner of the Sundarbans.

Land subsequently required for public purpose.

XV.—If any land leased under these rules should hereafter be required for any public purpose, such land, whether cultivated or uncultivated, may be resumed by Government on exempting the lessee from payment of the assessment on the area required, and in the case of cultivated land by further payment of the reasonable cost of bringing the land under cultivation, and on payment of reasonable compensation for the value of any building, &c., which may stand on the lands.

রেরা সুন্দর বনের কমিশানর সাহেবের নিকট অর্পণ করিতে বদ্ধ হইবেন। সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্তির উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে, এবং বোর্ডের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও পাট্টাদারেরা তৎ পালনে বদ্ধ হইবেন। পূর্ব্ব কোন পাট্টায় যে ভুমি ধরা গিয়াছে এই বিধিমতে কোন পাট্টাদারের পাট্টার মধ্যে সেই ভুমি ধরা গেলে তিনি তন্নিমিত্তে গবর্ণমেণ্টের স্থানে ক্ষতি কি হানিপূরণ পাইবার দাওয়া করিতে পারিবেন না, কিন্তু তাঁহার পাট্টায় যত ভুমি লেখা আছে পাট্টা দিবার নিমিত্ত তত ভুমি পাওয়া যায় না পরে প্রকাশ হইলে, তিনি হারাহারীমতে সেই ভুমির খাজানা কম করাইয়া লইবার স্বত্ত্ববান হইবেন।

সীমার চিহ্নের কথা।

১৩।—স্থায়ি চিহ্ন দ্বারা যে লাট পূর্ব্বে নির্দ্দিষ্ট হয় নাই সেই লাট দখল দেওয়া গেলে, যে স্থলে নদীর বা উত্তমরূপে নির্দ্দিষ্ট নালার বা জলস্রোতের সঙ্গে২ সীমা চলে তদ্ভিন্ন অন্য স্থলে পাট্টাদার দুই লাট বা পতিত ভুমির যোড়ের স্থলে বা অন্য সম্পত্তি যে স্থলে মিলে তথায় তিন মাসের মধ্যে পাকা স্তম্ভ কি রোয়াক কিম্বা ভুমির অন্য যে চিহ্ন দিবার আদেশ হয় তাহা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সন্তোষজনকরূপে গাঁথাইয়া দিবেন, এবং প্রত্যেককোণে ও উক্ত পাকা স্তম্ভের বা রোয়াকের মধ্যবর্ত্তি সীমার রেখার এক এক শত গজ অন্তর মাটীর বড়২ ঢিবি করিয়া দিবেন।

পাট্টাদারের সীমার চিহ্ন নির্ম্মাণ করিতে শৈথিল্যের কথা।

১৪।—পাট্টাদার পূর্ব্ব ধারামতে ভুমির চিহ্ন দিতে শৈথিল্য করিলে, সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সেই ভুমিতে প্রবেশ করিবার স্বত্ব থাকিবে ও পূর্ব্ব নির্দ্দিষ্টমতে তিনি ভুমির চিহ্ন প্রস্তুত করাইয়া দিবেন, তাহাতে যে খরচ হয় অর্থাৎ ভুমির চিহ্ন দিবার প্রকৃত খরচ বা জঙ্গল পরিষ্কার করিবার খরচ বা তত্ত্বাবধারণের বা গমনাগমনের খরচ ও অন্য যে সকল খরচ হউক গবর্ণমেণ্টের প্রাপ্য আদায় বা ভুমির রাজস্ব আদায় করণপক্ষে যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্ত্যনুসারে তাহা পাট্টাদারের স্থানে আদায় করা যাইবে।

রাজকার্য্যের নিমিত্তে পরে ভুমির প্রয়োজন হইলে তাহার কথা।

১৫।—এই বিধিমতে কোন ভুমির পাট্টা দেওয়া গেলে পর সেই ভুমি রাজকার্য্যের নিমিত্ত গ্রহণ করা আবশ্যক হইলে তাহা কর্ষিত হউক বা না হউক যত ভুমির প্রয়োজন পাট্টাদারকে তত ভুমির অবধারিত রাজস্ব দান হইতে মুক্ত করিয়া ও তাহা কর্ষিত ভুমি হইলে আবাদ করিবার যুক্তি সঙ্গত যে খরচ হইয়াছে তাহা দিয়া ও সেই ভুমির উপর যে গৃহাদি থাকে তাহার মূল্যের নিমিত্তে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ করিয়া গবর্ণমেণ্ট সেই ভুমি পুনঃ গ্রহণ করিতে পারিবেন।

Form A.

APPLICATION UNDER RULE 4.

To

THE COMMISSIONER OF THE SUNDARBANS.

Dated

SIR,

I APPLY for a plot of waste land in the Sundarbans under the rules for the lease of Sundarban waste lands dated the

, and hereby bind myself to comply with all the requirements of the said rules.

2. The estimated area of the land is about beeghas of the standard measure of 80 cubits square. The land is entirely covered with jungle and unoccupied, and to the best of my information and belief has not been leased out.

3. The land is in the Sundarbans of the district, and *is a portion of lot No.*

of Lieutenant Hodges' map. Its boundaries are—

North,
East,
South,
West,

4. A rough sketch map of the lands is hereunto annexed.

Form B.

NOTICE UNDER RULE 17.

FORM OF NOTICE OF LEASE OF WASTE LANDS.

NOTICE is hereby given that the lease of the land specified in the Schedule hereunto annexed, and of which the plan is open to inspection at the office of the Commissioner of the Sundarban, has been applied for by , and will be sold at 12 o'clock noon on the of unless meantime the sale is stopped or postponed in consequence of claims or objections under Act XXIII of 1863 (*to provide for the adjudication of claims to waste lands*), or owing to any other cause.

2. The lease of the land will be granted subject to the conditions which are specified below, as well as to the general Terms annexed to the rules for the sale of leases of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, dated

[*Government Gazette*, 16*th December* 1879.]

A চিহ্নিত পাঠ।

৪ ধারামত প্রার্থনাপত্র।

সুন্দর বনের শ্রীযুত কমিশ্যনর সাহেব সমীপেষু।

১৮ সাল তাং

সুন্দর বনের পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক ১৮ সালের মাসের তারিখের বিধিমতে আমি সুন্দর বনের এক খণ্ড পতিত ভূমি পাইবার নিমিত্তে প্রার্থনা করিয়া উক্ত বিধির আদেশমতে কার্য্য করিতে এতদ্দ্বারা আপনাকে বদ্ধ করিলাম।

২। উক্ত ভূমি কষ্টিমতে বর্গ ৮০ হাতের মাপের অনুমান বিঘা হইবে। উক্ত ভূমি সর্ব্বতোভাবে জঙ্গলে পরিপূর্ণ ও কাহার অধিকারে নাই, ও আমার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার পাট্টা দেওয়া যায় নাই।

৩। উক্ত ভূমি জিলার অন্তর্গত সুন্দরবনে আছে এবং লেপ্টেনেন্ট হজ সাহেবের ম্যাপের

নং লাটের একাংশ। তাহার

উত্তর সীমা,
পূর্ব্ব সীমা,
দক্ষিণ সীমা,
পশ্চিম সীমা,

৪। উক্ত ভূমির খসড়া নক্সা এই সঙ্গে গাঁথিয়া দিলাম।

B পাঠ।

১৭ ধারামতে নোটিস।

পতিত ভূমির পাট্টার নোটিসের পাঠ।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যাহার নক্সা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্তে আছে এতৎসহ দত্ত তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্রীঅমুক পাইবার প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮ সালের মাসের তারিখের মধ্যাহ্ন কালে বিক্রীত হইবে।

২। নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা, যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দর বনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮ সালের মাসের তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

RULES FOR CULTIVATION LEASES OF PLOTS OF WASTE LAND NOT EXCEEDING 200 BEEGHAS IN EXTENT IN THE SUNDERBUNS OF THE 24-PERGUNNAHS, JESSORE, AND BACKERGUNGE.

(In continuation of "The Rules for the Lease of Waste Lands," issued on the same date.)

In the rules for the lease of waste lands in the Sunderbuns of the 24-Pergunnahs, Jessore and Backergunge, issued this day, provision is made for leases of blocks of land not being more than 5,000 beeghas or less than 200 beegahs in area. It is further desired to give every facility to small settlers who may wish to take up and bring under cultivation plots of land of less than 200 beeghas in area, holding the same directly as tenants of the Government. With this object the following rules are laid down:—

1. Cultivators who desire to bring plots of land into cultivation, and to hold the same directly from the Government, will be allowed to do so in the following lots:—

24-Pergunnahs.—Those parts of the "protected forest" area in which no embankments or other expensive works are required, provided that no lease will be given here without the consent of the Conservator of Forests.

Jessore.—The ungranted portions of lot 216 and lot 224.

Backergunge.—Dhulltooa Burgona, Karuibaria, part of Kalamagra, Chota Nishanberia Aboogunj, Meethagunj.

2. Applications for this purpose should be presented to the Sunderbuns Commissioner and should specify—

(1) the name of the applicant and of his father;
(2) his residence;
(3) the area of land required, which must not be in excess of 200 beeghas;
(4) the situation of the land, giving any available landmarks;
(5) its present condition;
(6) that it is at present unoccupied;
(7) whether it is known ever to have been occupied, and if so, by whom and when, and why it was abandoned.

3. On receipt of such an application, the Sunderbuns Commissioner shall, if he sees no objection, give to the applicant an authority to take possession by an amalnamah in the annexed form A, guaranteeing a formal lease to the applicant if he shall bring the land under cultivation within two years.

3(*a*). No charge will be made for wood and timber standing on the land, nor for any wood which may be cut and burnt to effect clearances, or which may be used on the land. But for wood and timber exported for sale a duty shall be levied, under the rules for the Sunderbun protected forests dated the 22nd April 1879, at any of the revenue stations mentioned in those rules, viz. for every maund of sundri timber, 1 anna; for every maund of any other kind, ½ of an anna.

4. If the land, or any part of it, shall have been brought under cultivation within the term specified, the applicant shall be entitled to a lease of the land so brought under cultivation for 30 years. The conditions of the lease will be—

that the land shall be held free of assessment for two years from the date of the lease;

that from the beginning of the third year to the end of the thirtieth year the lessee shall pay such assessments for each period of years as are specified in the lease, which shall be fixed on the cultivated area with reference to the rates ordinarily paid for similar lands in the neighbourhood to grantees and other landholders by their ryots;

that, if available, an area of unreclaimed land equal to the cultivated area shall be included in the lease and reserved for cultivation by him;

that in addition to the said unreclaimed land the lessee shall be at liberty to bring under cultivation any quantity of land adjoining his holding which he may find *bonâ fide* unoccupied;

that the lessee's holding shall be liable to measurement at the expiration of the fifth year from the date of lease, and again from time to time at the expiration of not less than five years from the date of the previous measurement; and that on each occasion all land found to be in his possession under cultivation in excess of the area originally assessed under the lease shall be assessed, but at no higher rates than were imposed on the land originally assessed under the lease;

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯ ১৬ ডিসেম্বর।]

that at the end of the thirtieth year, and so at the end of every period of thirty years, the lessee shall be entitled to a fresh lease for a further period of thirty years; the rates of assessment being similarly fixed on all lands which may then be found to be in his possession under cultivation, at such rates as are paid in the neighbourhood for similar lands by the ryots of grantees and landholders;

that the tenure shall be heritable and transferable, provided that notice of every transfer shall be given to the Sunderbuns Commissioner within one month of its occurrence: Provided, however, that no holding shall be divided without the permission of the Sunderbuns Commissioner.

5. The Board of Revenue shall, as soon as possible after these rules are issued, prescribe forms in which registers of amalnamahs and of leases granted under these rules shall be kept, and also a form of the lease to be granted under Rule 4.

Amalnamah.

FORM A REFERRED TO IN RULE 3.

WHEREAS , son of , inhabitant of having applied for the settlement of beeghas or thereabouts of land in the Government estate , within the boundaries roughly set forth hereafter, this amalnamah is given to him, empowering him to take possession of the lands at once if they be not already in the occupation of others, and to bring them into cultivation within the period of two years or earlier, of which notice in writing is to be given by the said
When the lands are cleared, a lease will be granted on the terms and conditions specified below.

(Here enter the conditions as in Rule 4 above.)

Boundaries.

North by
East by
South by
West by

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Bengal.

---

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনে ২০০৲ বিঘার অনধিক পরিমাণের পতিত ভূমি খণ্ডের কৃষি কার্য্যার্থ পাট্টা বিষয়ক বিধি।

(উক্ত তারিখে প্রকাশিত "পতিত ভূমি বিষয়ক বিধির" অতিরিক্ত এইং বিধি।

২৬। সুন্দর বনের কমিশানর সাহেব, ক্রয়ের টাকা বাকী থাকিলে সেই টাকা ও তাহার ভূমির চিহ্ন দিবার ও তাহা জরীপ করিবার ও ইশতিহার দিবার যে ফী চাহেন তাহা নীলামের তারিখ অবধি এক মাসের মধ্যে ক্রেতার প্রতি দিবার আদেশ করিবেন। তিনি সেই টাকা দিতে ত্রুটি করিলে সুন্দর বনের কমিশানর সাহেবের ক্ষমতাক্রমে সেই নীলাম রহিত করা যাইবে এবং ১১ ও ১২ ধারামতে যত টাকা দাখিল করা গিয়াছিল তাহা জব্দ হইবে ও অন্য কোন প্রার্থককে সেই ভূমির পাট্টা দেওয়া যাইতে পারিবে।

পঞ্চম।—অধ্যায়।—বিবিধ।

পাট্টা দিতে হইবার কথা।

২৭। রেবিনিউ বোর্ডের সাহেবেরা সময়ে২ যে পাঠ নির্দ্দেশ করেন, এই বিক্রয়ের সমুদয় নিয়ম পূর্ণ হইলে পর, সুন্দর বনের কমিশ্যনর সাহেব, সেই পাঠে উক্ত ভূমির পাট্টা দিবেন। তিনি রেজিষ্টরী করিবার জন্য সেই পাট্টা বোর্ডের আফিসে পাঠাইবেন, এবং সেই পাট্টা ও তৎপ্রতিলিপি দলীল দস্তাবেজের রেজিষ্ট্রারের দ্বারা উপযুক্তমতে রেজিস্টরী করাইবেন।

রেজিষ্টরের কথা।

২৮। রেবিনিউ বোর্ডের সাহেবেরা যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে রাখা রেজিষ্টরে পতিত ভূমির সকল পাট্টা লেখা যাইবে।

Board to issue certain orders.

29. The Board of Revenue shall as soon as possible after the publication of these rules—

I.—Prescribe forms of the register of applications as required by Rule 5, and for the register of leases as required by Rule 28.

II.—Issue a schedule specifying the rates of assessments subject to which the different lots of land available for lease in the Sundarbans shall be leased, as provided in article II of the terms of lease.

II. —Prescribe forms for leases.

And may issue subsidiary rules.

30. The Board may issue any further subsidiary instructions for giving effect to these rules.

Redemption of assessments not to be allowed.

31. As the present policy of Government is not to allow the redemption of assessments on the land except in the case of very minute estates, no future application for the redemption of the assessments payable on account of leases of waste lands in the Sundarbans, either under the rules of 1853 or under any other rules, will be entertained.

TERMS OF LEASE.

One-fourth of area revenue-free.

I.—One-fourth on the entire area leased shall be for ever exempted from assessment as an estimated allowance for unassessable area, such as that occupied by water-courses, creeks, tanks, roads, the space required for the construction of the lessee's embankments, dams, tow-paths, &c., and for irreclaimable waste land.

Rate of assessment.

II —The remaining three-fourths of the area leased shall be held free of assessment for ten years, and shall be subject thereafter to such assessment within the limits given below as may have been fixed and notified by the Board of Revenue for the land in question :—

Table of rates of assessment.

Tract.	Per beegha of 80 cubits square.		
	From 11th to 15th year.	From 16th to 20th year.	From 21st to 40th year.
24-Pergunnahs, west of the Kalindi river	to 2 as.	2 to 4 as.	4 to 8 as.
24-Pergunnahs, east of the Kalindi river, and Jessore	6 pie to 1 an.	1 to 2 as.	2 to 4 as.
Backergunge	2 to 4 as.	3 to 6 as.	6 to 12 as.

[*Government Gazette*, 23rd *December* 1879.]

কোনং আজ্ঞা বোর্ডের প্রচার করিবার কথা।

২৯। এই বিধি প্রচার হইবার পর সাধ্যমত ত্বরায় রেবিনিউ বোর্ডের সাহেবেরা,

১। ৫ ধারার আদেশমতে প্রার্থনাপত্রের রেজিষ্টরের ও ২৮ ধারার আদেশমতে পাট্টার রেজিষ্টরের পাঠ নির্দ্দেশ করিবেন।

২। পাট্টার নিয়মের ২ প্রকরণানুসারে সুন্দর বনের যে সকল ভূমির পাট্টা দেওয়া যাইবে তাহার ভিন্নং লাটের খাজানার হার নির্দ্দেশক তফসীল প্রচার করিবেন।

৩। পাট্টার পাঠ নির্দ্দেশ করিবেন।

আনুষঙ্গিক বিধি প্রচার করিতে পারিবার কথা।

৩০। বোর্ডের সাহেবেরা এই বিধি সফল করণার্থে আনুষঙ্গিক অন্য কোন উপদেশ প্রচার করিতে পারিবেন।

কর মুক্ত হইবার কথা।

৩১। গবর্ণমেণ্টের এইক্ষণকার রাজনীতি এই যে অতি ক্ষুদ্রং মহাল ভিন্ন কোন মহালের রাজস্ব ধার্য্যকরণ হইতে মুক্ত করা যাইবে না এইহেতু ১৮৫৩ সালের বিধিমতে হউক বা অন্য কোন বিধিমতেই হউক সুন্দর বনের অন্তর্গত পতিত ভূমির পাট্টার নিমিত্ত যে রাজস্ব দিতে হয় সেই রাজস্ব হইতে মুক্তি পাইবার প্রার্থনাপত্র আর কখন গ্রাহ্য করা যাইবে না।

পাট্টার নিয়মের কথা।

চারিভাগের এক ভাগ নিষ্কর হইবার কথা।

১।—যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের চারিভাগের এক ভাগ জলস্রোত, খাড়ী, পুষ্করিণী, পথ, পাট্টাদারের বাঁধ প্রস্তুত করণার্থে প্রয়োজনীয় স্থান, জলবন্ধক, গুণটানিবার পথ প্রভৃতি ও অশোধনীয় পতিত ভূমি বলিয়া কর ধার্য্য হইবার অযোগ্য, ইত্যনুমানে তাহার উপর কস্মিন কালে কর ধার্য্য হইবে না।

কর ধার্য্য করিবার হারের কথা।

২।—অবশিষ্ট তিন ভাগ দশ বৎসর পর্য্যন্ত নিষ্কর ভোগ করা যাইবে, তাহার পর রেবিনিউ বোর্ড নিম্নলিখিত সীমার মধ্যে যে কর ধার্য্য করিয়া প্রকাশ করেন উক্ত ভূমির সেই কর ধার্য্য করা যাইবে।

রাজস্ব ধার্য্য করিবার হারের টেবিল।

প্রদেশ।	৮০ হস্তের বিঘা প্রতি।		
	১১ অবধি ১৫ বৎসর পর্য্যন্ত।	১৬ অবধি ২০ বৎসর পর্য্যন্ত	২১ অবধি ৪০ বৎসর পর্য্যন্ত
২৪পরগনা, কালিন্দীনদীর পশ্চিম দিক ...	৵০ অবধি ৶০ পর্য্যন্ত।	৶০ অবধি ।০ পর্য্যন্ত	।০ অবধি ॥০ পর্য্যন্ত
২৪ পরগনা, কালিন্দীনদীর পূর্ব্ব দিক ও যশোহর	১০ ,, ৵০	৵০ ,, ৶০	৶০ ,, ।০
বাখরগঞ্জ ...	৶০ ,, ।০	৶	।৶ ,, ৮০

III.—One-eighth of the entire area leased, as recorded in the lease, shall be cleared and shall be in a state fit for cultivation at the end of the fifth year, reckoning from the date from which the free term of the lease commenced. At any time after the expiration of the said year, the Sundarban Commissioner or any person authorised by him may enter upon the land and cause it to be measured for the purpose of ascertaining whether this condition has been fulfilled.

Clearance condition.

IV.—On failure to comply with the above clearing condition the lessee shall forfeit all rights in the land under his existing lease, and the Government shall have the right of immediate re-entry. Provided that, if the lessee shall give up the said lease to the Sundarban Commissioner within one month of the date on which notice of such forfeiture shall be given to him, and shall demand a fresh lease, such fresh lease shall be given to him on the following conditions, namely, that the lessee shall forfeit all claim to continued possession of the land free of assessment, and shall at once pay the assessment at the lowest rate fixed in the original lease, and shall continue to pay it at such rate for the remaining free term of the lease, and shall also pay the assessment at a rate 20 per centum higher than that which was fixed in the original lease for each period up to the termination of the settlement.

Forfeiture and re-lease.

V.—In the event of the lessee failing to demand such lease, and to execute the corresponding agreement, the entire area comprised in the lease shall be resumed by the Government, which shall enter into possession at once, and the lessee shall forfeit all right and interest in the lands, both those which may still be uncleared and those which may have been cleared and brought into cultivation.

Final forfeiture and resumption.

VI.—The amount of assessment due on the land shall be paid according to the fixed instalments to the Collector of the district.

Instalments.

VII.—All arrears of assessment due on the land shall be recoverable as arrears of revenue due on temporarily-settled estates according to any law for the time being in force.

Recovery of arrears of rent.

VIII.—After the expiration of 40 years, reckoning from the date of the original lease, the lot shall be open to resettle-

Resettlement after 40 years.

৩।—পাট্টায় লিখিত যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের আট ভাগের এক ভাগ, নিষ্কর কালারম্ভের তারিখ অবধি গণনা করিয়া পঞ্চম বৎসরের শেষে পরিষ্কার ও আবাদের উপযুক্ত করিতে হইবে। উক্ত বৎসর অতীত হইবার পর কোন সময়ে সুন্দরবনের কমিশনর সাহেব বা তাঁহার স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ভূমিতে প্রবেশ করিয়া এই নিয়ম পালন হইয়াছে কি না ইহা নিশ্চয় জানিবার জন্যে উক্ত ভূমি মাপ করাইতে পারিবেন।

পরিষ্কার করিবার নিয়মের কথা।

৪।—ভূমি পরিষ্কার করিবার উক্ত নিয়ম পালনের ত্রুটি হইলে বর্ত্তমান পাট্টানুসারে পাট্টাদারের যে স্বত্ব ছিল তাহা রহিত হইয়া তাহাতে অবিলম্বে গবর্ণমেণ্টের পুনরধিকার স্বত্ব জন্মিবে। কিন্তু পাট্টাদার যে তারিখে স্বত্ব রহিত হইবার নোটিস পান সেই তারিখ অবধি এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশনর সাহেবকে যদি উক্ত পাট্টা ফেরৎ দিয়া নূতন পাট্টা পাইবার প্রার্থনা করেন তবে হইলে, নিম্নলিখিত নিয়মাধীনে তাঁহাকে সেই পাট্টা দেওয়া যাইবে, অর্থাৎ উক্ত ভূমি ত পাট্টাদারের নিষ্কর ভোগের সকল দাওয়া রহিত হইবে, ও প্রথম পাট্টার অত্যল্প যে হার ধার্য্য হইয়াছে তিনি অবিলম্বে সেই হারে রাজস্ব দিবেন, ও নিষ্কর ভোগের অবশিষ্ট কাল পর্য্যন্ত উক্ত হারে রাজস্ব দিতে থাকিবেন, ও বন্দোবস্তের শেষ পর্য্যন্ত প্রত্যেক বারের নিমিত্ত প্রথম পাট্টার যে হার ধার্য্য হইয়াছিল তাহার উপর শতকরা ২০৲ টাকার হারে রাজস্ব দিবেন।

স্বত্বরহিত হইবার ও পুনর্ব্বার পাট্টা পাইবার কথা।

৫।—পাট্টাদার উক্ত পাট্টা লইতে ত্রুটি করিলে এবং উক্তরূপ এগ্রীমেণ্ট লিখিয়া না দিলে পাট্টায় যত ভূমি লেখা আছে গবর্ণমেণ্ট তাহা সমুদয়ই বাজেয়াপ্ত করিয়া অবিলম্বে দখল করিতে প্রবৃত্ত হইবেন ও যত ভূমি অপরিষ্কৃতাবস্থায় আছে ও যত ভূমি পরিষ্কৃত হইয়া আবাদ করা গিয়াছে তৎসমুদয়ে পাট্টাদারের যে স্বত্ব ও স্বার্থ ছিল তাহা রহিত হইবে।

চূড়ান্তরূপে স্বত্ব রহিত ও বাজেয়াপ্ত করিবার কথা।

৬।—উক্ত ভূমির যত রাজস্ব পাওনা থাকে তাহা নিরূপিত কিস্তি অনুসারে জিলার কালেকটর সাহেবের নিকট দিতে হইবে।

কিস্তির কথা।

৭।—উক্ত ভূমির যত রাজস্ব বাকী পড়ে তাহা কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বাকী রাজস্ব আদায় করণার্থে যৎ কালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে আদায় করা যাইবে।

বাকী খাজানার আদায় করিবার কথা।

৮।—প্রথম পাট্টার তারিখ অবধি গণনা করিয়া চল্লিশ বৎসর অতীত হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মে ত্রিশ বৎসরের নিমিত্ত লাটের পুনঃবন্দো-

৪০ বৎসরের পর পুনর্ব্বার বন্দোবস্ত করিবার কথা।

ment for a period of 30 years on such terms as the Government shall think fit, provided that the assessment shall not be fixed higher than the rate which would be paid by cultivating ryots in the neighbourhood for land growing the ordinary crops of the country, less 30 per centum to be allowed to the lessee to cover the risks and cost of collection, and to represent his profits. The above assessment shall be calculated on the area of the entire area leased, less the one-fourth which is exempted from assessment under article 1 of these rules.

VIII(*a*).—The land shall be subject to any cesses—such as the District Road cess, the Public Works cess, or any other—in addition to the assessment to be paid, but the liability of the land to these cesses shall be left to the discretion of the local Government after the first period of the 40 years settlement has expired.

Periodical resettlements.

IX.—The land shall from time to time be subject to resurvey and re-assessment in accordance with the preceding rule after the expiration of 30 years from any resettlement.

Reservation of rights of way, &c.

X.—The land shall be subject to all existing rights of way and water and other easements, and to any exceptions and reservations which may be particularized in the notice of sale of lease in form B annexed to the rules.

Tow-path reserved.

XI.—The right of using all streams and channels in any way navigable shall be reserved to the public, as also the use of a tow-path not less than 25 feet in width on each side of every such stream and channel.

XI(*a*).—No charge will be made for wood and timber standing on the land at the time it is leased, nor for any wood which may be cut and burnt to effect clearances, or which may be used on the land. But, for wood and timber exported for sale, a duty shall be levied under the rules for the Sundarban protected forests, dated the 22nd April 1879, at any of the revenue stations mentioned in those rules, viz.—

For every maund of Sundri timber—one anna.
For every maund of any other kind—one-fourth of an anna.

Boundary dispute.

XII.—In the event of any boundary dispute arising between the lessee of any lot and the lessee of any adjoining lot already leased under these rules, or which may subsequently be leased, the

[*Government Gazette*, 23rd *December* 1879.]

বন্ত করা যাইবে, কিন্তু তন্নিকটবর্ত্তী ভূমির কৃষিকারি রায়তেরা প্রদেশীয় নিয়মিত শস্যোৎপাদনের ভূমির যে হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষায় অধিক হারে খাজানা ধার্য্য করা যাইবে না। তাহাহইতে পাট্টাদারের দাদের ও খাজানা আদায়ের খরচের ও তাহার লাভের নিমিত্ত শত করা ত্রিশ টাকা বাদ দেওয়া যাইবে। যত ভূমির পাট্টা দেওয়া গেল সেই সমুদয় ভূমি হিসাব করিয়া উক্ত কর ধার্য্য হইবে, কিন্তু এই বিধির ১ প্রকরণে চারি ভাগের যে এক ভাগ কর হইতে মুক্ত হইয়াছে তাহা ভাগ করা যাইবে।

৮। (ক)।—উক্ত ভূমির যে রাজস্ব দিতে হয় তদতিরিক্ত তাহার প্রদেশীয় পথকর ও সাধারণের উপকারার্থ কার্য্য নিমিত্ত কর বা অন্য কোন কর দিতে হইবে; কিন্তু বন্দোবস্তের প্রথম ৪০ বৎসর অতীত হইলে পর উক্ত কর দিবার নিমিত্ত উক্ত ভূমির উপর দায় থাকিবে কি না তাহা স্থানীয় গবর্ণমেণ্টের ইচ্ছাধীন থাকিবে।

সাময়িক পুনর্ব্বন্দোবস্তের কথা।

৯। পুনর্ব্বন্দোবস্ত করিবার সময় অবধি ত্রিশ বৎসর অতীত হইলে পর, পূর্ব্ব ধারানুসারে সময়ে২ উক্ত ভূমির পুনর্ব্বার জরীপ করা ও তাহার পুনর্ব্বার খাজানা ধার্য্য করা যাইবে।

পথস্বত্বপ্রভৃতি রক্ষা করণের কথা।

১০। উক্ত ভূমি, পথ ও জল ও অন্য সকল আচ্ছন্ন ভোগস্বত্বের নিয়মাধীন থাকিবে ও এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে পাট্টা বিক্রয়ের নোটিসে বিশেষ করিয়া যেং বর্জ্জিত ও রক্ষিত বিষয় লেখা যাইতে পারে তাহারও নিয়মাধীন হইবে।

গুণ টানিবার পথ রাখিবার কথা।

১১।—নৌকাগম্য সকল জলস্রোত ও খাল সাধারণের ব্যবহার করিবার স্বত্ব থাকিবে ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

১১ (ক)।—ভূমির পাট্টা দিবার সময়ে উক্ত ভূমিতে যে সকল কাষ্ঠের ও বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ থাকে তাহার, কিম্বা উক্ত ভূমি পরিষ্কার করিবার জন্যে বা সেই ভূমিতে ব্যবহারার্থে যত কাষ্ঠ কাটা যা পোড়ান যায় তাহার, কিছু লওয়া যাইবে না। কিন্তু যে সকল কাষ্ঠ বা বাহাদুরী কাষ্ঠ বিক্রয়ার্থে রপ্তানী করা যায় তাহার উপর রাজস্বের কোন ষ্টেশনে সুন্দর বন রক্ষিত বনবিষয়ক ১৮৭৯ সালের ২২ এপ্রেলের বিধি অনুসারে মাশুল লওয়া যাইবে। যথা—

শুঁড়িসুন্দরী কাষ্ঠের মণপ্রতি /০ এক আনা।
অন্যান্য কাষ্ঠের মণপ্রতি ৫ এক পয়সা।

সীমাবিষয়ক বিবাদের কথা।

১২।—এই বিধিমতে পাট্টাপ্রাপ্ত কোন লাটের পাট্টাদারের ও নিকটবর্ত্তী কোন লাটের পাট্টাদারের মধ্যে কিম্বা পরে যাহার পাট্টা দেওয়া যায় তাহার সীমা লইয়া বিবাদ উপস্থিত হইলে, সেই বিবাদ নিষ্পত্ত্যর্থে পাট্টাদা-

lessees shall be bound to submit such dispute to the decision of the Commissioner in the Sundarbans. The decision of the Sundarban Commissioner shall be appealable to the Board of Revenue, and the decision of the Board shall be final and binding on the lessees. No lessee under these rules shall have any claim against the Government for compensation or damages in respect of land having been included in his lease which has already been included in some previous lease; but the lessee shall be entitled to proportionate reduction of the assessment in respect of any land covered by his lease which may subsequently be discovered not to have been available for lease.

Boundary marks.

XIII.—On being put in possession of a lot which has not been previously defined by permanent marks, the lessee shall, except where the boundary runs along a river or well-defined nullah or water-course, within three months, erect masonry pillars or platforms or such other landmarks as may be required, to the satisfaction of the Sundarban Commissioner, at each point where more than two lots or patches of waste or other properties meet, and large earthen mounds at every angle and at intervals of a hundred yards of the boundary line between such masonry pillars or platforms.

Neglect of lessee to erect boundary marks.

XIV.—If the lessee neglect to demarcate the lands as prescribed in the preceding rule, the Commissioner in the Sundarbans shall have the right of entry on the lands, and shall erect the landmarks hereinbefore described; and all costs incurred in that behalf, whether the actual costs of the landmarks, or the expenses incurred for clearing any jungle, or for supervision, or travelling expenses; and all charges whatsoever shall be recovered from the lessee by the law in force for the time being for the recovery of Government demands or the recovery of arrears of assessment on the land, as shall be decided upon by the Commissioner of the Sundarbans.

Land subsequently required for public purpose.

XV.—If any land leased under these rules should hereafter be required for any public purpose, such land, whether cultivated or uncultivated, may be resumed by Government on exempting the lessee from payment of the assessment on the area required, and in the case of cultivated land by further payment of the reasonable cost of bringing the land under cultivation, and on payment of reasonable compensation for the value of any building, &c., which may stand on the lands.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৩ ডিসেম্বর।]

রেরা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিকট অর্পণ করিতে বদ্ধ হইবেন। সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্তির উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে, এবং বোর্ডের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও পাট্টাদারেরা তৎ পালনে বদ্ধ হইবেন। পূর্ব্বে কোন পাট্টায় যে ভুমি ধরা গিয়াছে এই বিধিমতে কোন পাট্টাদারের পাট্টার মধ্যে সেই ভুমি ধরা গেলে তিনি তন্নিমিত্তে গবর্ণমেণ্টের স্থানে ক্ষতি কি হানিপূরণ পাইবার দাওয়া করিতে পারিবেন না, কিন্তু তাঁহার পাট্টায় যত ভুমি লেখা আছে পাট্টা দিবার নিমিত্ত তত ভুমি পাওয়া যায় না পরে প্রকাশ হইলে, তিনি হারহারীমতে সেই ভুমির খাজানা কম করাইয়া লইবার স্বত্ববান হইবেন।

সীমার চিহ্নের কথা।

১৩।—স্থায়ি চিহ্ন দ্বারা যে লাট পূর্ব্বে নির্দ্দিষ্ট হয় নাই সেই লাট দখল দেওয়া গেলে, যে স্থলে নদীর বা উত্তমরূপে নির্দ্দিষ্ট নালার বা জলস্রোতের সঙ্গে২ সীমা চলে তদ্ভিন্ন অন্য স্থলে পাট্টাদার দুই লাট বা পতিত ভুমির যে দুয়ের স্থলে বা অন্য সম্পত্তি যে স্থলে মিলে তথায় তিন মাসের মধ্যে পাকা স্তম্ভ কি রোয়াক কিম্বা ভুমির অন্য যে চিহ্ন দিবার আদেশ হয় তাহা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সন্তোষজনকরূপে গাঁথাইয়া দিবেন, এবং প্রত্যেক কোণে ও উক্ত পাকা স্তম্ভের বা রোয়াকের মধ্যবর্ত্তি সীমার রেখার এক এক শত গজ অন্তর মাটীর বড়২ ঢিবি করিয়া দিবেন।

সীমার চিহ্ন নির্ম্মাণ করিতে পাট্টাদারের শৈথিল্যের কথা।

১৪।—পাট্টাদার পূর্ব্ব ধারামতে ভুমির চিহ্ন দিতে শৈথিল্য করিলে, সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সেই ভুমিতে প্রবেশ করিবার স্বত্ব থাকিবে ও পূর্ব্ব নির্দ্দিষ্টমতে তিনি ভুমির চিহ্ন প্রস্তুত করাইয়া দিবেন, তাহাতে যে খরচ হয় অর্থাৎ ভুমির চিহ্ন দিবার প্রকৃত খরচ বা জঙ্গল পরিষ্কার করিবার খরচ বা তত্ত্বাবধারণের বা গমনাগমনের খরচ ও অন্য যে সকল খরচ হউক গবর্ণমেণ্টের প্রাপ্য আদায় বা ভুমির রাজস্ব আদায় করণপক্ষে যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্ত্যনুসারে তাহা পাট্টাদারের স্থানে আদায় করা যাইবে।

রাজকার্য্যের নিমিত্তে পরে ভুমির প্রয়োজন হইলে তাহার কথা।

১৫।—এই বিধিমতে কোন ভুমির পাট্টা দেওয়া গেলে পর সেই ভুমি রাজকার্য্যের নিমিত্ত গ্রহণ করা আবশ্যক হইলে তাহা কর্ষিত হউক বা না হউক যত ভুমির প্রয়োজন পাট্টাদারকে তত ভুমির অবধারিত রাজস্ব দান হইতে মুক্ত করিয়া ও তাহা কর্ষিত ভুমি হইলে আবাদ করিবার যুক্তি সঙ্গত যে খরচ হইয়াছে তাহা দিয়া ও সেই ভুমির উপর যে গৃহাদি থাকে তাহার মূল্যের নিমিত্তে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ করিয়া গবর্ণমেণ্ট সেই ভুমি পুনঃ গ্রহণ করিতে পারিবেন।

Form A.

APPLICATION UNDER RULE 4.

To

THE COMMISSIONER OF THE SUNDARBANS.

Dated

SIR,

I APPLY for a plot of waste land in the Sundarbans under the rules for the lease of Sundarban waste lands dated the

, and hereby bind myself to comply with all the requirements of the said rules.

2. The estimated area of the land is about beeghas of the standard measure of 80 cubits square. The land is entirely covered with jungle and unoccupied, and to the best of my information and belief has not been leased out.

3. The land is in the Sundarbans of the district, and *is a portion of lot No.* *of Lieutenant Hodges' map.* Its boundaries are—

North,
East,
South,
West,

4. A rough sketch map of the lands is hereunto annexed.

A চিহ্নিত পাঠ।

৪ ধারামত প্রার্থনাপত্র।

সুন্দর বনের শ্রীযুত কমিশ্যনর সাহেব সমীপেষু।

১৮ সাল তাং

সুন্দর বনের পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক ১৮ সালের মাসের তারিখের বিধিমতে আমি সুন্দর বনের এক খণ্ড পতিত ভূমি পাইবার নিমিত্তে প্রার্থনা করিয়া উক্ত বিধির আদেশমতে কার্য্য করিতে এতদ্দ্বারা আপনাকে বদ্ধ করিলাম।

২। উক্ত ভূমি কমিমতে বর্গ ৮০ হাতের মাপের অনুমান বিঘা হইবে। উক্ত ভূমি সর্ব্বতোভাবে জঙ্গলে পরিপূর্ণ ও কাহার অধিকারে নাই, ও আমার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার পাট্টা দেওয়া যায় নাই।

৩। উক্ত ভূমি জিলার অন্তর্গত সুন্দরবনে আছে এবং লেপ্টেনেণ্ট হজ সাহেবের ম্যাপের

নং লাটের একাংশ। তাহার

উত্তর সীমা,
পূর্ব্ব সীমা,
দক্ষিণ সীমা,
পশ্চিম সীমা,

৪। উক্ত ভূমির খসড়া নক্সা এই সঙ্গে গাঁথিয়া দিলাম

Form B.

NOTICE UNDER RULE 17.

FORM OF NOTICE OF LEASE OF WASTE LANDS.

NOTICE is hereby given that the lease of the land specified in the Schedule hereunto annexed, and of which the plan is open to inspection at the office of the Commissioner of the Sundarban, has been applied for by , and will be sold at 12 o'clock noon on the of unless meantime the sale is stopped or postponed in consequence of claims or objections under Act XXIII of 1863 (*to provide for the adjudication of claims to waste lands*), or owing to any other cause.

2. The lease of the land will be granted subject to the conditions which are specified below, as well as to the general Terms annexed to the rules for the sale of leases of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, dated

[*Government Gazette*, 23rd *December* 1879.]

B পাঠ।

১৭ ধারামতে নোটিস।

পতিত ভূমির পাট্টার নোটিসের পাঠ।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যাহার নক্সা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের আফিসে দেখিবার নিমিত্তে আছে এতৎসহ নত্থি তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্রীঅমুক পাইবার প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮ সালের মাসের তারিখের মধ্যাহ্ন কালে বিক্রী হইবে।

২। নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দর বনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮ সালের মাসের তারিখের বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে ঐ ভূমির পাট্টা দেওয়া যাইবে।

RULES FOR CULTIVATION LEASES OF PLOTS OF WASTE LAND NOT EXCEEDING 200 BEEGHAS IN EXTENT IN THE SUNDERBUNS OF THE 24-PERGUNNAHS, JESSORE, AND BACKERGUNGE.

(In continuation of "The Rules for the Lease of Waste Lands," issued on the same date.

In the rules for the lease of waste lands in the Sunderbuns of the 24-Pergunnahs, Jessore and Backergunge, issued this day, provision is made for leases of blocks of land not being more than 5,000 beeghas or less than 200 beeghas in area. It is further desired to give every facility to small settlers who may wish to take up and bring under cultivation plots of lane of less than 200 beeghas in area, holding the same directly as tenants of the Government With this object the following rules are laid down :—

I. Cultivators who desire to bring plots of land into cultivation, and to hold the sam directly from the Government, will be allowed to do so in the following lots :—

24-Pergunnahs.—Those parts of the "protected forest" area in which no embankments or other expensive works are required, provided that no lease will be given here without the consent of the Conservator of Forests.

Jessore.—The ungranted portions of lot 216 and lot 224.

Backergunge.—Dhulloos Burgona, Karaibaria, part of Kalamagra, Chota Nishanberia Aboogunj, Meethagunj.

2. Applications for this purpose should be presented to the Sunderbuns Commissioner and should specify—

(1) the name of the applicant and of his father;
(2) his residence;
(3) the area of land required, which must not be in excess of 200 beeghas;
(4) the situation of the land, giving any available landmarks;
(5) its present condition;
(6) that it is at present unoccupied;
(7) whether it is known ever to have been occupied, and if so, by whom and when, and why it was abandoned.

3. On receipt of such an application, the Sunderbuns Commissioner shall, if he sees no objection, give to the applicant an authority to take possession by an amalnamah in the annexed form A, guaranteeing a formal lease to the applicant if he shall bring the land under cultivation within two years.

3(*a*). No charge will be made for wood and timber standing on the land, nor for any wood which may be cut and burnt to effect clearances, or which may be used on the land. But for wood and timber exported for sale a duty shall be levied, under the rules for the Sunderbun protected forests dated the 22nd April 1879, at any of the revenue stations mentioned in those rules, viz. for every maund of sundri timber, 1 anna; for every maund of any other kind, ½ of an anna.

4. If the land, or any part of it, shall have been brought under cultivation within the term specified, the applicant shall be entitled to a lease of the land so brought under cultivation for 30 years. The conditions of the lease will be—

that the land shall be held free of assessment for two years from the date of the lease;

that from the beginning of the third year to the end of the thirtieth year the lessee shall pay such assessments for each period of years as are specified in the lease, which shall be fixed on the cultivated area with reference to the rates ordinarily paid for similar lands in the neighbourhood to grantees and other landholders by their ryots;

that, if available, an area of unreclaimed land equal to the cultivated area shall be included in the lease and reserved for cultivation by him;

that in addition to the said unreclaimed land the lessee shall be at liberty to bring under cultivation any quantity of land adjoining his holding which he may find *bonâ fide* unoccupied;

that the lessee's holding shall be liable to measurement at the expiration of the fifth year from the date of lease, and again from time to time at the expiration of not less than five years from the date of the previous measurement; and that on each occasion all land found to be in his possession under cultivation in excess of the area originally assessed under the lease shall be assessed, but at no higher rates than were imposed on the land originally assessed under the lease;

that at the end of the thirtieth year, and so at the end of every period of thirty years, the lessee shall be entitled to a fresh lease for a further period of thirty years; the *rates of assessment being similarly fixed on all lands which may then be found to be in his possession under cultivation, at such rates as are paid in the neighbourhood* for similar lands by the ryots of grantees and landholders;

that the tenure shall be heritable and transferable, provided that notice of every transfer shall be given to the Sunderbuns Commissioner within one month of its occurrence: Provided, however, that no holding shall be divided without the permission of the Sunderbuns Commissioner.

5. The Board of Revenue shall, as soon as possible after these rules are issued, prescribe forms in which registers of amalnamahs and of leases granted under these rules shall be kept, and also a form of the lease to be granted under Rule 4.

Amalnamah.

FORM A REFERRED TO IN RULE 3.

WHEREAS , son of , inhabitant of having applied for the settlement of beeghas or thereabouts of land in the Government estate , within the boundaries roughly set forth hereafter, this amalnamah is given to him, empowering him to take possession of the lands at once if they be not already in the occupation of others, and to bring them into cultivation within the period of two years or earlier, of which notice in writing is to be given by the said When the lands are cleared, a lease will be granted on the terms and conditions specified below.

(Here enter the conditions as in Rule 4 above.)

Boundaries.

North by
East by
South by
West by

H. J. REYNOLDS,
Secy. to the Govt. of Bengal.

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনে ২০০/ বিঘার অনধিক পরিমাণের পতিত ভূমি খণ্ডের কৃষি কার্য্যার্থ পাট্টা বিষয়ক বিধি।

(উক্ত তারিখে প্রকাশিত " পতিত ভূমি বিষয়ক বিধির " অতিরিক্ত এই২ বিধি ।

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনস্থ পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক অদ্যকার তারিখের প্রকাশিত বিধিতে ৫০০০/ বিঘার অনধিক বা ২০০/ বিঘার অন্যূন একং খণ্ড ভূমির পাট্টা দিবার বিধান করা গিয়াছে। ২০০/ বিঘার কম পরিমাণের এক২ খণ্ড ভূমি লইয়া যাহারা আবাদ করাইতে ইচ্ছা করেন ও সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেন্টের প্রজাস্বরূপ হইয়া সেই ভূমি পাইতে চাহেন তাঁহাদের পক্ষে সুবিধা করা বাঞ্ছনীয়। এই অভিপ্রায়ে নিম্নলিখিত বিধি প্রণয়ন করা গেল।

১।—যে কৃষকেরা ভূমি আবাদ করিতে ও সাক্ষাৎ সম্বন্ধে তাহা গবর্ণমেন্টের স্থানে পাইতে ইচ্ছা করেন নিম্নলিখিত লাটে তাঁহারা তাহা করিতে অনুমতি পাইবেন,

২৪ পরগনা।—রক্ষিত বন ভূমির যেং অংশে বাঁধ বা অধিক খরচের অন্য কার্য্য করা আবশ্যক না হয় সেই অংশ। কিন্তু বন রক্ষকের সম্মতি বিনা এই স্থানের পাট্টা দেওয়া যাইবে না।

যশোহর।—২১৬ নং লাটের ও ২২৪ নং লাটের অনন্তাংশ।

বাকরগঞ্জ।—ধনুয়া বড়গণা ও কড়াই বাড়িয়া ও কালামাগরার একাংশ ও ছোট বিশান বেড়িয়া, আবুগঞ্জ ও মিটাগঞ্জ।

২।—এতদ্বিষয়ের প্রার্থনাপত্র সুন্দরবনের কমিশ্যনর সাহেবের নিকট দিতে হইবে, ও তাহাতে এই২ কথা লেখা যাইবে,

(১) প্রার্থকের ও তৎপিতার নাম।
(২) বাসস্থান।
(৩) প্রার্থিত ভূমির পরিমাণ কিন্তু তাহা ২০০/ বিঘার অধিক হইবে না।
(৪) ভূমি যে স্থানে আছে তাহা, সেই ভূমির সীমা নিরূপক যে চিহ্ন পাওয়া যাইতে পারে তাহাও দিতে হইবে।
(৫) ভূমির বর্ত্তমান অবস্থা।
(৬) তাহা এইক্ষণে কাহারো দখলে নাই।
(৭) কেহ কখন যে দখল করিয়াছে ইহা জানা আছে কিনা, জানা থাকিলে কে দখল করিয়াছিল ও কোন্ সময়ে ও কেন ত্যাগ করা গেল

[*Government Gazette, 23rd December* 1879.]

৩।—উক্ত প্রার্থনাপত্র পাইলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব যদি কোন প্রতিবন্ধক না দেখেন তাহা হইলে তিনি প্রার্থককে এতৎ সংযুক্ত A চিহ্নিত পাঠে কোন আমলনামা দিয়া দখল করিবার ক্ষমতা দিবেন, প্রার্থক দুই বৎসরের মধ্যে ভুমির আবাদ করিলে তাঁহাকে রীতিমতে পাট্টা দিবার প্রতিভু তিনি থাকিবেন।

৩ (ক)।—ভুমির পাট্টা দিবার সময়ে উক্ত ভুমিতে যে সকল কাষ্ঠের ও বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ থাকে তাহার, কিম্বা উক্ত ভুমি পরিষ্কার করিবার জন্য বা সেই ভুমিতে ব্যবহারার্থে যত কাষ্ঠ কাটা বা পোড়ান যায় তাহার, খরচ লওয়া যাইবে না। কিন্তু যে সকল কাষ্ঠ বা বাহাদূরী কাষ্ঠ বিক্রয়ার্থে রপ্তানী করা যায় তাহার উপর রাজস্বের কোন ষ্টেসনে সুন্দরবন রক্ষিত বনবিষয়ক ১৮৭৯ সালের ২২ আপ্রিলের বিধি অনুসারে মাসুল লওয়া যাইবে। যথা গুঁড়ি সুন্দরী কাষ্ঠের মণ প্রতি /০ এক আনা অন্যান্য কাষ্ঠের মণ প্রতি ৻৹ এক পয়সা।

৪।—সমুদয় ভুমি বা তাহার কোন অংশ নির্দ্দিষ্ট কালের মধ্যে আবাদ করা গেলে, যে ভুমির আবাদ করা গেল প্রার্থক ৩০ বৎসরের নিমিত্ত সেই ভুমির পাট্টা পাইবার স্বত্ববান হইবেন। পাট্টার এই নিয়ম হইবে —

পাট্টার তারিখ অবধি দুই বৎসর ভুমি নিষ্কর ভোগ হইবে।

পাট্টাদার তৃতীয় বৎসরের আরম্ভ অবধি ত্রিংশৎ বৎসরের শেষ পর্য্যন্ত পাট্টায় নির্দ্দিষ্ট যত বৎসর অন্তর যে খাজানা লেখা থাকে তাহাই দিবেন, নিকটবর্ত্তী ভুমি প্রাপ্ত ব্যক্তিদিগকে ও অন্য ভুম্যধিকারীদিগকে রায়তেরা তদ্রূপ ভুমির নিমিত্ত নিয়মিতরূপে যে হারে খাজানা দেন সেই হারানুসারে কর্ষিত উক্ত ভুমির খাজানা ধার্য্য হইবে।

কর্ষিত ভুমির তুল্য পরিমাণের পতিত ভুমি পাওয়া যাইতে পারিলে তাহা পাট্টার মধ্যে ধরা যাইবে ও তৎ কর্ত্তৃক আবাদ হইবার নিমিত্ত রাখা যাইবে।

উক্ত পতিত ভুমির অতিরিক্ত পাট্টাদার আপন যোতের লাগাও যত ভুমি প্রকৃত প্রস্তাবে কাহারও দখলে নাই দেখিতে পান সেই সমস্ত ভুমি তিনি আবাদ করিতে পারিবেন।

পাট্টাদারের যোত পাট্টার তারিখ অবধি পঞ্চম বৎসর অতীত হইলে পর পরিমাপণের যোগ্য হইবে, ও পূর্ব্ব পরিমাপণের তারিখ অবধি পাঁচ বৎসর অতীত না হইলে সময়েং পুনর্ব্বার মাপ করা যাইবে না। পাট্টা অনুসারে প্রথম যত ভুমির উপর কর ধার্য্য হইয়াছে একং বার মাপ করিয়া তদপেক্ষা অধিক যত ভুমি তাঁহার দখলে আছে দেখা যায় তাহার উপর কর ধার্য্য করা যাইবে, কিন্তু পাট্টামতে ভুমির উপর যে হারে কর ধার্য্য করা গিয়াছে তদপেক্ষা অধিক হারে কর ধার্য্য করা যাইবে না।

ত্রিংশৎ বৎসরের শেষে ও তদনুক্রমিক ত্রিশং বৎসরান্তে পাট্টাদার আর ত্রিশ বৎসরের নূতন পাট্টা পাইবার স্বত্ববান হইবেন। নিকটবর্ত্তী ভুমি প্রাপ্ত ব্যক্তি ও ভুম্যধিকারিদিগকে রায়তেরা তদ্রূপ ভুমির নিমিত্ত যে হারে খাজানা দিয়া থাকেন তৎকালে তাঁহার দখলে আবাদী যত ভুমি আছে দেখা যায় তৎসমুদয়ের উপর সেই হারে কর ধার্য্য করা যাইবে।

উক্ত ভুসম্পর্ক পুত্রপৌত্রাদিক্রমে ভোগ্য ও হস্তান্তর যোগ্য হইবে, কিন্তু হস্তান্তর করা গেলে এক মাসের মধ্যে সুন্দর বনের কমিশ্যনর সাহেবকে তাহার নোটিস দিতে হইবে।

পরন্তু সুন্দর বনের কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা যোত বিভাগ করা যাইবে না।

৫।—এই বিধি প্রচার হইবার পর রেবিনিউ বোর্ড সাধ্যমতে ত্বরায় আমলনামার ও এই বিধিমতে দত্ত পাট্টার যে রেজিষ্টর রাখিতে হইবে তাহার পাঠ এবং ৪ ধারামতে যে পাট্টা দেওয়া যাইবে তাহারও পাঠ নির্দ্দিষ্ট করিবেন।

আমলনামা।

৩ ধারার উল্লিখিত A পাঠ।

অমুকস্থান বাসি অমুকের পুত্র শ্রী

গবর্ণমেণ্টের ইষ্টেটে এতৎ পরবর্ত্তি খসড়া লিখিত সীমার মধ্যে এত বিঘা ভুমির বন্দোবস্ত করিয়া লইবার প্রার্থনা করিয়াছেন, উক্ত ভুমি যদি কাহারো দখলে না থাকে তবে অবিলম্বে সেই ভুমি দখল করিবার ও দুই বৎসরের মধ্যে বা আরো শীঘ্র সেই ভুমি আবাদ করিবার (ইহার লিখিত নোটিস তৎকর্ত্তৃক দিতে হইবে) ক্ষমতা সূচক এই আমলনামা তাঁহাকে দেওয়া গেল। ভুমি পরিষ্কার করা গেলে পর নিম্নলিখিত মিয়াদ ও নিয়মে পাট্টা দেওয়া যাইবে।

(পূর্ব্বোক্ত ৪ ধারানুসারে এই স্থানে সকল নিয়ম লেখ।)

সীমা।

উত্তর সীমা,
পূর্ব্ব সীমা,
দক্ষিণ সীমা,
পশ্চিম সীমা।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৩ ডিসেম্বর।]

JUDICIAL DEPARTMENT.

No. 5197A.

The 9th December 1879.—Mr. A. C. Tute, Officiating Joint-Magistrate and Deputy Collector, Dacca, is vested with the power, under Section 266 of the Code of Criminal Procedure, of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Classes, during the absence, on tour, of the District Magistrate.

Baboo Bogolanund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Magoora division of the district of Jessore, is vested with the powers of a Magistrate of the First Class.

The 12th December 1879.—Baboo Okhoy Coomar Chatterjee, B.L., is appointed to act as a Moonsif in the district of Backergunge during the absence, on leave, of Mr. C. E. Perroux, or until further orders. Baboo Okhoy Coomar Chatterjee will ordinarily be stationed at Burrisal.

The 16th December 1879.—Mr. C. C. Quinn, Joint-Magistrate and Deputy Collector, Bankoora, is vested with the powers of a Magistrate of the First Class, and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Baboo Hura Krishna Chatterjee, Moonsif of Jajpore, Cuttack, is promoted to the Second Grade of Moonsifs, *vice* Shah Gholam Shuruff, deceased.

Baboo Juggodeshwar Gupta is appointed to be a Moonsif of the Fourth Grade in the district of Rungpore. Baboo Juggodeshwar Gupta will be ordinarily stationed at Nelphamaree, in that district, but will continue to act at Nemal, in Midnapore, until further orders.

Baboo Denesh Chunder Roy is appointed to be a Moonsif of the Fourth Grade in the district of Rungpore. Baboo Denesh Chunder Roy will be ordinarily stationed at Gyebanda, in that district, but will continue to act at Bood-Bood, until relieved.

Baboo Sitikant Mullick, Moonsif of Gyebanda, Rungpore, is appointed to be a Moonsif in the district of Jessore. Baboo Sitikant Mullick will be ordinarily stationed at the Sudder Station of that district.

Baboo Behary Lall Mookerjee, Officiating Moonsif, of Rungpore, will be ordinarily stationed at Nelphamaree, in that district.

Baboo Brojonath Roy is appointed to act, until further orders, as a Moonsif in the district of Rungpore. Baboo Brojonath Roy will be ordinarily stationed at Gyebanda, in that district.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 13th December 1879.—Under the provisions of Section 6, of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor has appointed Mr. J. A. Craven, Deputy Magistrate and Deputy Collector, to be Sub-Registrar of Darjeeling.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 9th December 1879.

No. 270.—*Appointment.*—Mr. W. H. Wells, Assistant Engineer, First Grade, having returned from furlough to Europe, is appointed to officiate as Executive Engineer of the Julpigoree Division, as a temporary measure, or until further orders.

No. 272.—Colonel J. D. Swayne, Executive Engineer, First Grade, was relieved* of his duties as Executive Engineer of the Rajshahye Division, from the 24th November 1879, afternoon.

* Government of India Notification No. 1214 of 12th December 1879.

[*Government Gazette*, 23rd *December* 1879.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৫১৯৭ A নম্বর।

১৮৭৯ সাল ৯ ডিসেম্বর।—জিলার মাজিষ্ট্রেট সাহেবের মফঃসল গমন প্রযুক্ত অনুপস্থিতিকালে দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা নির্ণীতাপরাধের উপর আপীল শ্রবণার্থে ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, সি, টুাট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬১ ধারা মতে ক্ষমতা পাইলেন।

যশোহর জিলার অন্তর্গত মাগুরা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বগলানন্দ মুখোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১২ ডিসেম্বর।—শ্রীযুত সি, ই, পেঁরো সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎঅন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায়, বি, এল, বাকরগঞ্জ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ বরিশালে অবস্থাপিত হইবেন।

১৮৭৯ সাল ১৬ ডিসেম্বর।—বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, সি, কুইন সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারায় লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

শাহ গোলাম শরফের মৃত্যু হওয়াতে কটকের অন্তর্গত যাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু হরকৃষ্ণ চট্টোপাধ্যায়, মুনসেফদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জগদীশ্বর গুপ্ত রঙ্গপুর জিলায় চতুর্থ শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ উক্ত জিলার অন্তর্গত নেলফামারিতে অবস্থাপিত হইবেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের অন্তর্গত নেমালে কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু দিনেশচন্দ্র রায় রঙ্গপুর জিলার চতুর্থ শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ উক্ত জিলার অন্তর্গত গাইবান্ধায় অবস্থাপিত হইবেন, কিন্তু অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত বুবুদে কর্ম্ম করিতে থাকিবেন।

রঙ্গপুরের অন্তর্গত গাইবান্ধার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ মল্লিক, যশোহর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ ঐ জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

রঙ্গপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু বিহারীলাল মুখোপাধ্যায় সামান্যতঃ ঐ জিলার অন্তর্গত নেলফামারিতে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু ব্রজনাথ রায় যাবৎ অন্য আজ্ঞা না হয় রঙ্গপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ উক্ত জিলার অন্তর্গত গাইবান্ধায় অবস্থাপিত হইবেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৩ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এ, ক্রাবেন সাহেবকে ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৬ ধারার বিধানমতে দার্জিলিঙ্গের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক।

১৮৭৯ সাল ৯ ডিসেম্বর।

২৭০ নম্বর।—নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, ওয়েলস সাহেব ইউরোপ গমনের নির্ধারিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া কিয়ৎকালের নিমিত্তে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, জলপাইগুড়ি খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৫ ডিসেম্বর।

২৭২ নম্বর।—প্রথম শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত জে, ডি, শ্বেন সাহেব, ১৮৭৯ সালের ২৪ নবেম্বরের অপরাহ্নে রাজশাহী খণ্ডের একজেকিটিব ইঞ্জিনিয়রস্বরূপ আপন কর্ম্ম হইতে অব্যাহতি পাইলেন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ১২ ডিসেম্বরের ১২১৪ নং বিজ্ঞাপন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৩ ডিসেম্বর।]

No. 273.—Major G. S. Hills, R.E., Executive Engineer, First Grade, assumed charge of the Third Calcutta Division on the 25th November 1879, before noon.

No. 274.—Baboo Ram Rutton Mosoomdar, Assistant Engineer, First Grade, attached to the First Calcutta Division, was relieved* of his duties from the 8th December 1879, before noon.

* Government of India Notification No. 430 of 24th October 1879.

No. 275.—Baboo Poorno Chunder Sircar, Assistant Engineer, Third Grade, attached to the Burdwan Division, was relieved † from his duties from the 20th November 1879, afternoon.

† Government of India Notification No. 408 of 10th October 1879.

No. 276.—*Leave of Absence.*—Mr. L. R. Roberts, Executive Engineer, First Grade, Burdwan Division, availed himself of the privilege leave granted‡ to him from the 2nd December 1879, afternoon.

‡ Bengal Government (Public Works Department) Notification No. 258 of 1st December 1879.

No. 277.—*Appointment.*—Mr. E. J. Meara, Assistant Engineer, First Grade, is appointed to officiate as Executive Engineer of the Rajshahye Division, as a temporary measure, or until further orders.

2. Mr. Meara assumed charge of the above Division on the 24th November 1879, afternoon.

No. 278.—*Corrigendum.*—In Notification No. 268, of the 8th December 1879, for "J. F. Simpson" read "J. T. Simpson."

The 16th December 1879.

No. 279.—*Notifications.*—The following revised arrangements of Circles and Public Works Divisions, in the Provincial (General) Branch, consequent on reduction of Public Works expenditure, will be carried into effect from the 1st January 1880:—

I. The Northern Circle of Superintendency will be abolished, and the Public Works Divisions which are comprised in it will be transferred to the Circles specified below:—

Bhagulpore Division to the North-Western Circle.

Darjeeling Division to the Presidency Circle.

Rajshahye and Julpigoree Divisions to the North-Eastern Circle.

II. The Presidency and Burdwan Divisions of Public Works will be amalgamated into one executive charge, and will be designated the Burdwan Division.

III. The roads and buildings in the Midnapore district, now attached to the Burdwan Division, will be transferred to the Cossye Division, Irrigation Branch.

IV. The Circular and Eastern Canals Division, now attached to the Presidency Circle, and the Nuddea Rivers Division, at present attached to the North-Eastern Circle, will be transferred to the South-Western Circle of the Irrigation Branch.

V. The Mozufferpore Division of Public Works will be abolished as a separate executive charge, and the buildings in the Sarun and Chumparun districts will be transferred to the Gunduk Division, Irrigation Branch, and those in the Mozufferpore and Durbhunga districts to the Patna Division.

No. 280.—The designation of circles in the General Branch and of the following divisions will be as stated below from the 1st January 1880:—

Present Designation.	*Revised Designation.*
Presidency Circle.	Central Circle.
North-Eastern "	Eastern "
North-Western "	Western "
Third Calcutta Division.	Second Calcutta Division.
Fourth Calcutta "	Third Calcutta "

No. 281.—*Appointments.*—The following officers are appointed to be Superintending Engineers of the Circles specified opposite to their names:—

Colonel C. T. Stewart, R.E., Superintending Engineer, First Grade, Western Circle.

Major R. G. Smyth, R.E., Superintending Engineer, (temporary rank), Second Grade, Eastern Circle.

Mr. G. A. D. Anley, Executive Engineer, First Grade, Assistant Secretary in this Department, will continue in charge of the office of the Superintending Engineer, Central Circle, until further orders.

[*Government Gazette,* 23*rd December* 1879.]

২৭৩ নম্বর।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুক্ত জি, এস, হিলস্ সাহেব, আর, ই, ১৮৭৯ সালের ২৫ নবেম্বরের পূর্ব্বাহ্ণে কলিকাতার তৃতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২৭৪ নম্বর।—কলিকাতার প্রথম খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু রামরত্ন মজুমদার ১৮৭৯ সালের ৮ ডিসেম্বরের পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মহইতে অব্যাহতি পাইলেন *।

* ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ২৪ অক্টোবরের ৪১০ নং বিজ্ঞাপন।

২৭৫ নম্বর।—বর্দ্ধমান খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সরকার ১৮৭৯ সালের ২০ নবেম্বরের অপরাহ্ণে আপন কর্ম্মহইতে অব্যাহতি পাইলেন †।

† ভারত বর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ১০ অক্টোবরের ৪০৬ নং বিজ্ঞাপন।

২৭৬ নম্বর।—ছুটী।—বর্দ্ধমান খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এল, আর, রবর্টস সাহেব যে অনুগ্রহের ছুটী পান ‡ তাহা ১৮৭৯ সালের ২ ডিসেম্বরের অপরাহ্ণ অবধি গ্রহণ করিলেন।

‡ বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ১৮৭৯ সালের ১ ডিসেম্বরের ২৫৮ নং বিজ্ঞাপন।

২৭৭ নম্বর।—নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জে, মিয়ারা সাহেব, কিয়ৎকালের নিমিত্তে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজশাহী খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

২। শ্রীযুত মিয়ারা সাহেব ১৮৭৯ সালের ২৪ নবেম্বরের অপরাহ্ণে উক্ত খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

২৭৮ নম্বর।—অশুদ্ধশোধন।—১৮৭৯ সালের ৮ ডিসেম্বরের ২৬৮ নং বিজ্ঞাপনে "শ্রীযুত জে, এফ, সিমসন সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত জে, টি, সিমসন সাহেব" পাঠ করিতে হইবে।

১৮৭৯ সাল ১৬ ডিসেম্বর।

২৭৯ নম্বর।—বিজ্ঞাপন।—পূর্ত্ত কার্য্যের ব্যয় লাঘব হেতু প্রবিন্সাল সাধারণ শাখার অন্তর্গত চক্রের ও পূর্ত্ত কার্য্য খণ্ডের নিম্নলিখিত সংশোধিত নিয়ম ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি কলবৎ করা যাইবে।

১। কর্তৃত্ব করণ সম্পর্কে উত্তর চক্র উঠিয়া যাইবে ও তদন্তর্গত সকল পূর্ত্তকার্য্য খণ্ড নিম্নলিখিত চক্র ভুক্ত হইবে।

ভাগলপুর খণ্ড উত্ত-পশ্চিমচক্রে ভুক্ত হইবে।
দার্জ্জিলিঙ্গ খণ্ড রাজধানী চক্রে ঐ।
রাজশাহী ও জলপাইগুড়ি খণ্ড উত্তর পূর্ব্ব চক্রে ঐ।

২। পূর্ত্ত কার্য্য সম্পর্কে রাজধানী ও বর্দ্ধমান খণ্ড একত্রীভূত হইয়া একমাত্র একসেকিটিব চার্জ হইবে, ও তাহার নাম বর্দ্ধমান খণ্ড।

৩। সম্প্রতি বর্দ্ধমান খণ্ড ভুক্ত মেদিনীপুর জিলার অন্তর্গত পথ ও বাড়ী সকল জলসেচন শাখার অধীন কাঁশাই খণ্ড ভুক্ত হইবে।

৪। সম্প্রতি রাজধানীচক্রভুক্ত সরক্যুলর ও পূর্ব্ব খাল খণ্ড এবং এইক্ষণে উত্তর-পূর্ব্ব চক্রভুক্ত নদীয়ার নদী খণ্ড, জলসেচন শাখার অধীন দক্ষিণ-পশ্চিম চক্র ভুক্ত হইবে।

৫। পূর্ত্ত কার্য্য সম্পর্কে স্বতন্ত্র একসেকিটিব চার্জস্বরূপ মজফরপুর খণ্ড উঠিয়া যাইবে, এবং সারণ ও চাম্পারণ জিলার অন্তর্গত সকল বাড়ী জলসেচন শাখার অধীন গণ্ডক খণ্ডে, এবং মজফরপুর ও দ্বারভঙ্গা জিলার অন্তর্গত সকল বাড়ী পাটনাখণ্ডে ভুক্ত হইবে।

২৮০ নম্বর।—সাধারণ শাখার অন্তর্গত চক্রের ও নিম্নলিখিত সকল খণ্ডের ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি এই২ নাম হইবে।

বর্ত্তমান নাম।	সংশোধিত নাম।
রাজধানী চক্র।	সদর চক্র।
উত্তর-পূর্ব্ব ,,	পূর্ব্ব ,,
উত্তর-পশ্চিম ,,	পশ্চিম ,,
কলিকাতার তৃতীয় খণ্ড।	কলিকাতার দ্বিতীয় খণ্ড।
কলিকাতার চতুর্থ খণ্ড।	কলিকাতার তৃতীয় খণ্ড।

২৮১ নম্বর।—নিয়োগ।—নিম্নলিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বলিখিত চক্রে সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইলেন।

প্রথম শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত সি, টি, ষ্টুয়ার্ট সাহেব, আর, ই, পশ্চিম চক্রের।

দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ সাহেব আর, ই, পূর্ব্ব চক্রে।

প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র ও এই কার্য্য বিভাগের আসিষ্টান্ট সেক্রেটরী শ্রীযুত জি, এ, ডি আনলী সাহেব, যাবৎ অন্য আজ্ঞা হয়, সদর চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসের কার্য্য ভারপ্রাপ্ত থাকিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৩ ডিসেম্বর।]

Mr. L. R. Roberts, Executive Engineer, First Grade, to be Executive Engineer of the *Burdwan Division* as now formed.

By order of the Lieutenant-Governor of Bengal,

A. CADELL, *Major-Genl.*, R.E.,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT.

The 15th December 1879.

No. 262.—*Notifications.*—The Gunduck Division is transferred from the South-Western to the Sone Circle of superintendence, with effect from the 1st January 1880.

No. 264.—With reference to the orders marginally noted, Mr. Kriens, Assistant Engineer, First Grade, was relieved on the forenoon of the 4th December 1879.

Bengal Government Notification No. 212, dated the 14th October 1879.

No. 265.—With reference to the orders marginally noted, Baboo Woodoynarain Singh, Assistant Engineer, Second Grade, was relieved on the afternoon of the 8th December 1879.

Bengal Government Notification No. 258, dated the 8th December 1879.

No. 266.—With reference to the orders marginally noted, Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, was relieved on the afternoon of the 8th November 1879.

Bengal Government Notification No. 212, dated the 14th October 1879.

No. 267.—Mr. A. Hayes, Assistant Engineer, Second Grade, Cossye Division, passed by the Higher Standard in Bengali on the 2nd December 1879.

No. 268.—The Dehree Workshops will be abolished as an executive charge, and will form a sub-division of the Arrah Division, with effect from the 1st January 1880.

The 16th December 1879.

No. 269.—*Transfer.*—Mr. P. B. Roberts, Executive Engineer, Fourth Grade, is transferred, in the interests of the public service, from the Gunduck to the Northern Drainage and Embankment Division, to relieve Mr. P. Dejoux.

H. C. LEVINGE,
Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 13th December 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up for a public purpose, viz. for the purposes of the Darjeeling Tramway Company, in mouzah Gyabari, pergunnah Kurseong, zillah Darjeeling, it is hereby declared that for the above purpose a piece of land measuring 1 acre and 7 poles, more or less, situated to the north of the hill cart road boundary near the 20th mile-post, is required within the aforesaid mouzah Gyabari.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

G. F. WILSON, *Lt.*, R.E.,
Asst. Secy. to the Govt. of Bengal
P. W. Dept., Railway Branch.

প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এল, আর, রবর্টস সাহেব নূতন বর্দ্ধমান খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়র হইবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এ, কাডেল, মেজর-জেনরল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

শিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৫ ডিসেম্বর।

২৬২ নম্বর।—বিজ্ঞাপন।—গণ্ডক খণ্ড ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি দক্ষিণ পশ্চিম চক্রহইতে কর্তৃত্ব করণ সম্পর্কে শোণচক্র ভুক্ত করা গেল।

২৬৪ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ক্রাইয়েন্স সাহেব ১৮৭৯ সালের ৪ ডিসেম্বরের পূর্ব্বাহ্ণে কর্ম্ম হইতে অব্যাহতি পাইলেন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ১৪ অকটোবরের ২১২ নং বিজ্ঞাপন।

২৬৫ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু উদয়নারায়ণ সিংহ ১৮৭৯ সালের ৮ ডিসেম্বরের অপরাহ্ণে কর্ম হইতে অব্যাহতি পাইলেন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ৮ ডিসেম্বরের ২৫৮ নং বিজ্ঞাপন।

২৬৬ নম্বর।—পার্শ্বলিখিত আজ্ঞায় উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু, ১৮৭৯ সালের ৮ নবেম্বরের অপরাহ্ণে কর্ম্ম হইতে অব্যাহতি পাইলেন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ১৪ অকটোবরের ২১২ নং বিজ্ঞাপন।

২৬৭ নম্বর।—কাঁসাই খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, হেস সাহেব ১৮৭৯ সালের ২ ডিসেম্বরে উচ্চতর কল্পিতে বঙ্গ ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইলেন।

২৬৮ নম্বর।—একসেকিটিব চার্জ সম্পর্কে ডিহিরী কারখানা খণ্ড উঠিয়া গিয়া ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি আরা খণ্ডের এক উপখণ্ড হইবে।

১৮৭৯ সাল ১৬ ডিসেম্বর।

২৬৯ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, বি, রবর্টস সাহেব, শ্রীযুত পি, ডিজো সাহেবের স্থানে কর্ম্মের ভার গ্রহণার্থে রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে গণ্ডক খণ্ড হইতে উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে প্রেরিত হইলেন।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায় বঙ্গদেশের,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরী।

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

৪৫। ইচ্ছাপূর্ব্বক আরোহিদের প্রাণের আশঙ্কাজনক কার্য্য কিম্বা ত্রুটি করিবার দণ্ডের কথা।
৪৬। কার্য্য দুঃসাহসে কি শৈথিল্যপূর্ব্বক করা গেলে তদ্বিষয়ক দণ্ডের কথা।

Sections.

47. Disobedience of omnibus, &c., drivers to Railway-servants.

(*D*).—*Arrest of Offenders.*

48. Arrest for offences punishable under this Act of offender whose name is unknown, &c.

49. Arrest for offences against certain sections.

(*E*).—*Jurisdiction.*

50. Magistrates having jurisdiction.

Place of trial.

(*F*).—*Saving of other Criminal Laws.*

51. Saving of prosecutions under other laws.

CHAPTER VI.

Miscellaneous.

52. Power of Government to make rules as to fences, gates and bars.

53. Power to declare local Government in respect of any Railway.

54. Power to extend Act to steam-tramways.

Schedules.

An Act to consolidate and amend the law relating to Railways in India.

Preamble.

Whereas it is expedient to consolidate and amend the law relating to Railways in India; It is hereby enacted as follows:—

CHAPTER I.

Preliminary.

Short title.

1. This Act may be called "The Indian Railway Act, 1879."

Local extent.

It extends to the whole of British India and so far as regards subjects of Her Majesty the Empress of India, to the dominions of Princes and States in India in alliance with Her said Majesty;

Commencement.

And it shall come into force on the first day of July 1879.

Repeal of Acts.

On and from that day, the Acts specified in the first schedule hereto annexed shall be repealed.

[*Government Gazette, 24th June* 1879.]

ধারা।

৪৭। অগ্নিবন প্রভৃতির গাড়ওয়ান রেলওয়ের কর্ম্ম-চারির আজ্ঞা না মানিবার দণ্ডের কথা।

(ঘ)।—অপরাধিদিগের ধৃতকরণ বিষয়ক বিধি।

৪৮। এই আইনমতে দণ্ড যোগ্য অপরাধের অপরাধির নামাদি জানা না গেলে তাঁহাকে ধৃতকরণেব কথা।

৪৯। ধারা বিশেষের বিপরীত অপরাধ হেতুক ধৃত করণের কথা।

(ঙ) বিচারাধিপত্য বিষয়ক কথা।

৫০। যে মাজিষ্ট্রেটদের বিচারাধিপত্য থাকিবে তাঁহাদের কথা।

বিচারস্থানের কথা।

(চ) অন্য ফৌজদারী আইনের রক্ষণ।

৫১। অন্যান্য আইনমতে নালিশ রক্ষা করিবার কথা।

---

৬ ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

৫২। বেড়ার ও ফাটকের ও গারের বিষয়ে গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।

৫৩। কোন রেলওয়ে সম্পর্কে যে গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্ট বলিয়া জ্ঞান হইবে ইহা নির্ণয় করিবার ক্ষমতার কথা।

৫৪। ষ্টীম ট্রামওয়ের প্রতি এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা।

তফসীল।

ভারতবর্ষস্থ রেলওয়েবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

ভারতবর্ষস্থ রেলওয়েবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা করা গেল।

---

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নামের কথা।

১ধারা। এই আইন "ভারতবর্ষীয় রেলওয়েবিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তির কথা।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, এবং ভারতবর্ষের শ্রীশ্রীমতী রাজরাজেশ্বরীর প্রজাগণ সম্বন্ধে শ্রীশ্রীমতীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজগণের ও রাজ্যাধিকারের দেশেও প্রচলিত হইবে।

যে সময় অবধি প্রচলিত হইবে তাহার কথা।

ও ১৮৭৯ সালের জুলাই মাসের প্রথম দিবসাবধি প্রবর্ত্ত হইবে।

যেং আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। সেই দিবসাবধি এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট সকল আইন রহিত করা যাইবে।

All rules made, notifications published and powers conferred under any of such Acts, or any enactment thereby repealed, shall (so far as they are consistent herewith) be deemed to have been respectively made, published and conferred under this Act.

Nothing in the Carriers Act, 1865, shall apply to carriers by Railway.

Interpretation-clause.

3. In this Act, unless there be something repugnant in the subject or context,—

"Railway."

"Railway" means a railway for the public conveyance of passengers or goods.

It includes—

(*a*) all land within the fences or other boundary-marks prescribed under section fifty-two;

(*b*) all lines of rail, sidings or branches worked over for the purposes of, or in connection with, a Railway;

(*c*) all stations, offices, warehouses, fixed machinery and other works constructed for the purposes of, or in connection with, a Railway;

(*d*) all vessels and rafts used for the purpose of carrying on the traffic of a Railway.

In section four, "Railway" includes a railway under construction, and in the remaining part of this section and in the following sections (namely), six, eight, sixteen, twenty-five, thirty, thirty-three, thirty-four, forty to forty-six (both inclusive), fifty-two and fifty-three, "Railway" includes a railway under construction and a Railway not used for the public conveyance of passengers or goods:

"Railway-administration."

"Railway-administration" means in the case of a Railway worked by Government or a Native State, the Manager of such Railway, and in the case of a Railway worked by a Company or private individual, such Company or individual:

"Railway-servant."

"Railway-servant" means any person employed by a Railway-Administration, to perform any function in connection with a Railway,

and in section twenty-five, last clause, sections twenty-six, twenty-seven, thirty-eight, and forty-two includes any person employed to perform any such function by any other person in execution of a contract into which he has entered with a Railway-Administration.

Right to use locomotives.

4. It shall be lawful, with the previous sanction of the Governor-General in Council, to use on every Railway locomo-

উক্ত কোন আইনদ্বারা কিম্বা তৎকর্ত্তৃক রহিত করা কোন আইন দ্বারা যে সকল বিধি প্রণয়ন ও যে সকল জ্ঞাপনপত্র প্রকাশ ও যে সকল ক্ষমতা প্রদান করা গিয়াছে তাহা যত দূর এই আইনসঙ্গত হয় এই আইনমতে প্রণয়ন ও প্রকাশ ও প্রদান করা গেল বলিয়া জ্ঞান হইবে।

১৮৬৫ সালের দ্রব্যবাহকদের আইনের কোন কথা রেলওয়ে দ্বারা বাহকদের প্রতি বর্ত্তিবে না।

অর্থ করণের ধারা।

৩ ধারা। এই আইনে বিষয়বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

"রেলওয়ে।"

"রেলওয়ে" শব্দে আরোহী ও মাল প্রকাশ্যরূপে বহন করিবার রেলওয়ে বুঝায়

এই শব্দে

(ক) ৫২ ধারার নির্দ্দিষ্ট বেড়ার কি সীমার অন্য চিহ্নের অন্তঃপাতি ভূমি; ও

(খ) রেলওয়ের কার্য্যপক্ষে কিম্বা তৎসম্বন্ধে যে সকল রেলপথের কি পার্শ্বের রেলরোড কি শাখা রেলরোডের উপর কার্য্য চলে তাহা; ও

(গ) রেলওয়ের কার্য্যপক্ষে বা তৎসম্বন্ধে যে সকল ষ্টেশন কি আফিস কি গুদাম কি স্থাপিত কল ও অন্য যে সকল বিষয় নির্ম্মিত থাকে তাহা; ও

(ঘ) রেলওয়ের বাণিজ্য কার্য্য নির্ব্বাহার্থে যে সকল পোত ও ভেলা ব্যবহৃত হয় তাহাও বুঝায়।

৪ ধারায় "রেলওয়ে" শব্দে যে রেলওয়ে প্রস্তুত হইতেছে তাহাও বুঝায় এবং এই ধারার অবশিষ্টাংশে ও ৬ ও ৮ ১৬ ও ২৫ ও ৩০ ও ৩৩ ও ৩৪ ও ৪০ অবধি ৪৬ পর্য্যন্ত ও ৫২ ও ৫৩ ধারায় "রেলওয়ে" শব্দে যে রেলওয়ে প্রস্তুত হইতেছে, ও যে রেলওয়ে প্রকাশ্যরূপে আরোহী ও মাল বহন করিবার নিমিত্ত ব্যবহৃত হয় না তাহাও বুঝাইবে।

"রেলওয়ের কর্ত্তৃপক্ষ।"

গবর্ণমেণ্টের কি দেশীয় কোন রাজ্যাধিকারের হস্তে রেলওয়ের কার্য্য ভার থাকিলে, উক্ত রেলওয়ের কার্য্যাধ্যক্ষকে কিম্বা কোন কোম্পানি কি সামান্য ব্যক্তির হস্তে রেলওয়ের কার্য্যভার থাকিলে, উক্ত কোম্পানি কি ব্যক্তিকে "রেলওয়ের কর্ত্তৃপক্ষ" বলে।

"রেলওয়ের কর্ম্মচারী।"

রেলওয়ে সম্পর্কীয় কোন কার্য্য করিবার নিমিত্ত যে ব্যক্তি রেলওয়ের কর্ত্তৃপক্ষ দ্বারা নিযুক্ত হন, "রেলওয়ের কর্ম্মচারী" শব্দে তাঁহাকে বুঝাইবে।

আর অন্য কোন ব্যক্তি রেলওয়ের কর্ত্তৃপক্ষের সহিত চুক্তি করিলে, তৎসম্পাদনার্থে তদ্রূপ কোন কার্য্য করিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করেন, "রেলওয়ের কর্ম্মচারী" শব্দে ২৫ ধারার শেষ প্রকরণে, ও ২৬ ও ২৭ ও ৩৮ ও ৪২ ধারায় তাঁহাকেও বুঝাইবে।

পরিচালক যন্ত্র ব্যবহার করিবার স্বত্বের কথা।

৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক প্রত্যেক রেলওয়ের উপর পরিচালক কল কি অন্য চালক যন্ত্র

tive engines or other motive power, and carriages and wagons to be drawn or propelled thereby.

CHAPTER II.

DUTIES OF THE RAILWAY-ADMINISTRATION.

Railway when to be opened.

5. No Railway or portion or extension of, or addition to, a Railway shall be opened for the public conveyance of passengers until the Railway-Administration has given to the Governor-General in Council notice in writing of the intention of opening the same and until an officer appointed by the Governor-General in Council to inspect such Railway, portion, extension or addition has, after inspection thereof, reported in writing to the Governor-General in Council that in his opinion the opening of the same would not be attended with danger to the public using the same.

Accidents to be reported.

6. Every Railway-Administration shall, within forty-eight hours after the occurrence upon the Railway of—

(*a*) any accident attended with loss of human life or serious injury to person or property,

(*b*) any accident of a description usually attended with such loss or injury, and

(*c*) any accident of any other description which the Governor-General in Council may, from time to time, direct to be notified,

give notice thereof to the local Government;

and the Station-master nearest to the place at which the accident occurs, or, where there is no Station-master, the officer in charge of the section of the Railway on which the accident occurs, shall without unnecessary delay give notice in writing or by telegraph of such accident to the nearest Magistrate and to the officer in charge of the Police-station in the jurisdiction of which the accident occurs or to such other Magistrate and Police-officer as the local Government from time to time appoints in this behalf.

Returns of accidents.

7. Every Railway-Administration shall make up and deliver to the Governor-General in Council a return of accidents occurring in the course of the public traffic upon the Railway, whether attended with personal injury or not, in such form and manner, and at such intervals of time, as the Governor-General in Council from time to time directs.

General rules for working Railway.

8. Every Railway-Administration shall make general rules for the following purposes (that is to say):

ও তৎকর্ত্তৃক আকৃষ্ট কি পরিচালিত আরোহিদের কি মালের গাড়ী ব্যবহার করা যাইতে পারিবে।

২ দ্বিতীয় অধ্যায়।

রেলওয়ের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্যবিষয়ক বিধি।

রেলওয়ে যে সময়ে খোলা যাইবে তাহার কথা।

৫ ধারা। কোন রেলওয়ের কি রেলওয়ের অংশ কি তাহার বর্দ্ধিত কি সংযুক্ত ভাগ আরোহিদিগকে প্রকাশ্য রূপে বহন করিবার নিমিত্ত খুলিতে হইলে, যাবৎ রেলওয়ের কর্ত্তৃপক্ষ তাহা খুলিবার অভিপ্রায়ের লিখিত নোটিস মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে না দেন এবং যাবৎ উক্ত রেলওয়ে কি তাহার অংশ কি বর্দ্ধিত কি সংযুক্ত ভাগ পরীক্ষা করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক নিযুক্ত কার্য্যকারক তাহা পরীক্ষা করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে এই রূপ লিখিত রিপোর্ট না দেন যে তাঁহার মতে তাহা খুলিলে তদ্ব্যবহারকারী সর্ব্বসাধারণের কোন বিপদ ঘটিবে না তাবৎ তাহা খোলা যাইবে না।

দুর্ঘটনার রিপোর্ট দিতে হইবার কথা।

৬ ধারা। কোন রেলওয়ের উপর

(ক) প্রাণের হানি কি শরীরের বা সম্পত্তির গুরুতর ক্ষতি সহ দুর্ঘটনা ঘটিলে, ও

(খ) যে প্রকারের দুর্ঘটনায় সচরাচর তদ্রূপ হানি কি ক্ষতি হয় সেই প্রকারের দুর্ঘটনা ঘটিলে, ও

(গ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে প্রকারের দুর্ঘটনার নোটিস দিবার আদেশ করেন, সেই প্রকারের দুর্ঘটনা ঘটিলে,

রেলওয়ের কর্ত্তৃপক্ষ উক্ত ঘটনার পর আট চল্লিশ ঘণ্টার মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টে তাহার নোটিস দিবেন;

এবং যে স্থানে দুর্ঘটনা ঘটে সেই স্থানের নিকটবর্ত্তী ষ্টেশন মাষ্টর, কিম্বা ষ্টেশন মাষ্টর না থাকিলে যে রেলওয়ে খণ্ডের উপর দুর্ঘটনা ঘটে তাহার কর্ত্তৃত্ব ভার প্রাপ্ত কর্ম্মচারী, অনাবশ্যক বিলম্ব না করিয়া লিখন দ্বারা কি টেলিগ্রাফ দ্বারা নিকটবর্ত্তী মাজিষ্ট্রেটকে এবং যে পোলীস থানার এলাকায় উক্ত দুর্ঘটনা ঘটে তাহার কার্য্যভার প্রাপ্ত কর্ম্মচারিকে কিম্বা এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে মাজিষ্ট্রেট ও পোলীস কর্ম্মচারিকে নিযুক্ত করেন তাহাদিগকে উক্ত দুর্ঘটনার নোটিস দিবেন।

দুর্ঘটনার রিটর্ণের কথা।

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যদ্রূপ আদেশ করেন, তদ্রূপ পাঠে ও প্রকারে ও তদ্রূপ কালান্তরে, প্রত্যেক রেলওয়ের কর্ত্তৃপক্ষ শারীরিক হানি যুক্ত হউক কি না হউক, রেলওয়ের সাধারণ বাণিজ্যকার্য্যক্রমে সংঘটিত দুর্ঘটনার রিটর্ণ প্রস্তুত করিয়া তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে অর্পণ করিবেন।

রেলওয়ের কার্য্য চালাইবার সাধারণ বিধির কথা।

৮ ধারা। প্রত্যেক রেলওয়ের কর্ত্তৃপক্ষ নিম্নলিখিত প্রয়োজন সাধন নিমিত্ত সাধারণ বিধি প্রণয়ন করিতে পারিবেন, যথা,

(*a*) for regulating the mode in which, and the speed at which, carriages and wagons used on the Railway are to be moved or propelled;

(*b*) for regulating the maximum number of passengers which each carriage and compartment may carry, and the mode in which such number shall be denoted thereon;

(*c*) for regulating the provision to be made for the accommodation and convenience of passengers;

(*d*) for declaring what shall be deemed to be, for the purposes of this Act, dangerous goods; and

(*e*) generally for regulating the travelling upon, and the use, working and management of, the Railway;

and may, from time to time, alter any such rules.

Penalty for breach of rules.

Any such rule may contain a provision that any person committing a breach of it shall be liable to a fine which may extend to fifty rupees, or, in default of payment of such fine, to simple imprisonment for a term which may extend to two months.

No such rule shall take effect unless it is consistent with this Act and until it has received the sanction of the Governor-General in Council.

Notification of rules.

All rules made under this section shall be published in the *Gazette of India*, and shall be otherwise notified to the Railway-servants and the public in such manner as the Governor-General in Council from time to time directs.

Power to cancel rules.

The Governor-General in Council may at any time cancel any such rule.

Copy and translation of Act, &c., to be shown at stations.

9. An abstract of this Act, and a copy of the Time-tables and Tariff of charges which may, from time to time, be published for any Railway by any Railway-Administration, shall be exhibited in some conspicuous place at each station of such Railway, so that they may be easily seen and read.

All such documents shall be so exhibited in English and in the principal vernacular language of the district in which the station is situate, and in such other language, if any, as the Governor-General in Council may direct.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৪ জুন।]

(ক) যে প্রকারে ও যে বেগে রেলওয়ের আরোহিদের গাড়ী ও মাল গাড়ী চালান কি ঠেলা যাইবে, তাহার বিধান করিবার নিমিত্ত,

(খ) অত্যধিক যত সংখ্যক আরোহী এক২ গাড়ীতে কি গাড়ীর এক২ প্রকোষ্ঠে যাইতে পারিবে, ও তদুপরি সেই সংখ্যা যে প্রকারে লিখিত থাকিবে, তাহার বিধান করিবার নিমিত্ত,

(গ) আরোহিদের যেরূপ স্থান ও সুবিধা করিয়া দিতে হইবে, তাহার বিধান করিবার নিমিত্ত,

(ঘ) এই আইনের মর্ম্মমতে যে২ দ্রব্য আশঙ্কাজনক দ্রব্য বলিয়া গণ্য হইবে, তাহা নির্দ্দেশ করিবার নিমিত্ত; ও

(ঙ) সাধারণত রেলওয়ে দিয়া গমন ও রেলওয়ের ব্যবহার ও কার্য্য নির্ব্বাহ ও তত্ত্বাবধান যে রূপে হইবে, তাহার বিধান করিবার নিমিত্ত।

এবং রেলওয়ের কর্ত্তৃপক্ষ সময়ে২ এই২ বিধি পরিবর্ত্তন করিতে পারিবেন।

বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

তদ্রূপ কোন বিধির মধ্যে এই বিধান থাকিতে পারিবে যে কোন ব্যক্তি এই বিধি লঙ্ঘন করিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, কিম্বা ঐ অর্থদণ্ড না দিলে তাহার দুই মাসের অনধিক সামান্য কারাদণ্ড হইতে পারিবে।

এই আইনসঙ্গত না হইলে এবং তৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ করা না গেলে, তদ্রূপ কোন বিধি ফলবৎ হইবে না।

বিধি প্রকাশ করিবার কথা।

এই ধারামতে যে সকল বিধি প্রণয়ন করা যায় তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন তদ্রূপে রেলওয়ের কর্ম্মকারিদের ও সাধারণের নিকট ঐ বিধি জ্ঞাত করা যাইবে।

বিধি রহিত করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন সময়ে পূর্ব্বোক্তমত কোন বিধি রহিত করিতে পারিবেন।

আইন ও তাহার অনুবাদ প্রভৃতি ষ্টেশনে দেখাইতে হইবার কথা।

৯ ধারা। এই আইনের চুম্বক, এবং রেলওয়ের কর্ত্তৃপক্ষ সময়ে২ কোন রেলওয়ের নিমিত্ত যে২ সময় নিরূপক টেবিল ও ভাড়ার নির্ঘণ্টপত্র প্রচার করেন ঐ রেলওয়ের প্রত্যেক ষ্টেশনের যে স্থানে লোকে তাহা অনায়াসে দেখিতে ও পাঠ করিতে পারে এমত কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

উক্ত কাগজ সকল পত্র ইংরেজী ভাষায় ও ষ্টেশন যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার প্রধান চলিত ভাষায় ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য যে ভাষায় আজ্ঞা করেন সেই ভাষায় উক্ত প্রকারে লাগাইয়া দেওয়া যাইবে।

CHAPTER III.

CARRIAGE OF PROPERTY.

Special contract limiting liability.

10. Every agreement purporting to limit the obligation or responsibility imposed on a carrier by Railway by the Indian Contract Act, 1872, sections 151 and 161, in the case of loss, destruction or deterioration of, or damage to, property shall, in so far as it purports to limit such obligation or responsibility, be void unless—

(*a*) it is in writing signed by, or on behalf of, the person sending or delivering such property, and

(*b*) is otherwise in a form approved by the Governor-General in Council.

No liability for loss of gold, silver, &c., unless value declared and increased charge accepted.

11. When any property mentioned in the second schedule hereto annexed is contained in any parcel or package delivered to a carrier by Railway, the carrier shall not be liable for loss, destruction or deterioration of, or damage to, such property unless at the time of delivery the value and nature thereof have been declared by the person sending or delivering the same, and an increased charge for the safe conveyance of the same, or an engagement to pay such charge, has been accepted by some Railway-servant specially authorized in this behalf.

When any property of which the value and nature have been declared under this section has been lost, destroyed or damaged, or has deteriorated, the compensation recoverable for such loss, destruction, damage or deterioration shall not exceed the value so declared.

No liability for unbooked luggage.

12. A carrier by Railway shall in no case be answerable for loss, destruction or deterioration of or damage to any passenger's luggage, unless a Railway-servant has booked and given a receipt for the same.

Plaintiffs not required to prove negligence.

13. In any suit against a carrier by Railway for compensation for loss, destruction or deterioration of, or damage to, property delivered to a Railway-servant, it shall not be necessary for the plaintiff to prove in what manner such loss, destruction, deterioration or damage was caused.

Lien for money due for carriage, &c., of property.

14. If any person fails to pay on demand any sum due by him to a carrier by Railway for conveyance of any property by Railway, or for the custody of any property or for demurrage or wharfage in respect of the same, the Railway-Administration may detain the whole or any part

[*Government Gazette*, 24*th June* 1879.]

৩ তৃতীয় অধ্যায়।

সম্পত্তি বহন বিষয়ক বিধি।

দায়ের সীমানিরূপক বিশেষ চুক্তির কথা।

১০ ধারা। (ক) যে ব্যক্তি সম্পত্তি প্রেরণ কি সমর্পণ করেন, তিনি কি তাহার পক্ষে কেহ স্বাক্ষর করিয়া চুক্তিপত্র না করিলে, ও

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত পাঠে না হইলে,

সম্পত্তির হানি কি বিনাশ কি দুরবস্থা ঘটন কি ক্ষতি স্থলে ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের ১৫১ ও ১৬১ ধারাক্রমে রেলওয়ে দ্বারা বাহকের যে কর্ত্তব্য ও দায় নির্দ্ধারিত হইয়াছে, তাহার সীমানিরূপক প্রত্যেক চুক্তি, উক্ত কর্ত্তব্য ও দায়ের সীমা নিরূপণের সহিত যত দূর সম্পর্ক থাকে, অসিদ্ধ হইবে।

মূল্য ব্যক্ত করা ও অতিরিক্ত খরচ গ্রহণ করা না গেলে সোণা রূপা প্রভৃতির হানির নিমিত্ত দায় না বর্ত্তিবার কথা।

১১ ধারা। এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের লিখিত কোন সম্পত্তি পুলিন্দা করিয়া কি বস্তায় বদ্ধ হইয়া কোন রেলওয়ে দ্বারা বাহকের প্রতি অর্পণ করা গেলে, যে ব্যক্তি তাহা পাঠান কি অর্পণ করেন তিনি অর্পণ করণ কালে ঐ দ্রব্যের মূল্য ও ভাব জ্ঞাত না করিলে, এবং এতৎসম্বন্ধে করার করিবার বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন রেলওয়ে কর্ম্মচারী ঐ দ্রব্য নিরাপদে পঁহুছাইয়া দিবার নিমিত্ত অতিরিক্ত খরচ কিম্বা সেই খরচ দিবার প্রতিজ্ঞা গ্রহণ না করিলে, সেই সম্পত্তির হানি কি বিনাশ কি দুরবস্থা ঘটন কি ক্ষতিজন্য উক্ত বাহক দায়ী হইবেন না।

এই ধারামতে যে দ্রব্যের মূল্য ও ভাব জ্ঞাত করা যায় সেই দ্রব্যের হানি কি বিনাশ কি ক্ষতি কি দুরবস্থা ঘটিলে উক্ত হানি কি বিনাশ কি ক্ষতি কি দুরবস্থার দায় পূরণ জন্য প্রাপ্য টাকা উপরোক্তমতে ব্যক্ত মূল্যের অধিক হইবে না।

বহীতে না লেখা গাঁটরী প্রভৃতি জন্য দায় না বর্ত্তিবার কথা।

১২ ধারা। রেলওয়ের কোন কর্ম্মচারী আরোহির গাঁটরী প্রভৃতি বহীতে লিখিয়া তাহার রসীদ না দিলে, উক্ত গাঁটরী প্রভৃতির হানি কি বিনাশ কি দুরবস্থা ঘটন কি ক্ষতি জন্য রেলওয়ে দ্বারা বাহক কোন স্থলে দায়ী হইবে না।

শৈথিল্য ঘটিবার প্রমাণ বাদির করিতে হইবে না।

১৩ ধারা। কোন রেলওয়ের কর্ম্মচারির প্রতি অর্পিত সম্পত্তির হানি কি বিনাশ কি দুরবস্থা ঘটন কি ক্ষতির দায় পূরণ জন্য রেলওয়ে দ্বারা বাহকের নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে কি প্রকারে উক্ত হানি কি বিনাশ কি দুরবস্থা ঘটন কি ক্ষতি সংঘটিত হইয়াছে বাদির ইহা প্রমাণ করিবার প্রয়োজন হইবে না।

সম্পত্তির চালান প্রভৃতিজন্য টাকা পাওনা থাকিলে ঐ সম্পত্তির উপর দায় বর্ত্তিবার কথা।

১৪ ধারা। কোন ব্যক্তি রেলওয়ে দ্বারা বাহকের পাওনা কোন সম্পত্তি চালান করিবার কি রক্ষা করিবার কি তৎ সংক্রান্ত ডিমারেজের কি ঘাটের মাশুলের টাকা চাহিবা মাত্র না দিলে, রেলওয়ের কর্তৃপক্ষ ঐ সম্পত্তি কি তাহার কোন অংশ আটক রাখিতে

of such property or, if the same have been removed from the Railway, any other property of such person then on such Railway or thereafter coming into the possession of the Railway-Administration;

and may also sell by public auction, in the case of perishable property at once, and in the case of other property on the expiration of at least fifteen days' notice thereof published in one or more of the local newspapers or, where there are no such newspapers, in such manner as the local Government may, from time to time, direct, sufficient of such property to produce the sum payable as aforesaid, and all charges and expenses of such detention, notice and sale, or, if such person fails to remove from the Railway within a reasonable time any property so detained, the whole of such property;

and may, out of the proceeds of the sale, retain the sum so payable, together with all charges and expenses aforesaid, rendering the surplus, if any, of such proceeds, and so much of the property (if any) as remains unsold, to the person entitled thereto;

or such carrier may recover any such sum by suit.

15. The owner or person having the care of any property which has been carried upon any Railway, or is brought into any station or warehouse for the purpose of being carried upon a Railway, shall, on demand by any Railway-servant appointed in this behalf by the Railway-Administration, deliver to him an exact account in writing signed by such owner or person of the quantity and description of such property.

Written account of property to be given on demand.

16. No passenger shall take with him on a railway, and no person shall deliver or tender for carriage upon any Railway, any dangerous luggage or goods without giving notice of their nature to a Railway-servant, or, in the case of luggage or goods delivered or tendered for carriage, distinctly marking their nature on the outside of the package containing the same.

Dangerous goods.

Any Railway-servant may refuse to carry upon a Railway any luggage or parcel which he suspects to contain dangerous goods, and may require such luggage or parcel to be opened to ascertain the fact previously to carrying the same;

and in case any such luggage or parcel is received for the purpose of being carried upon a Railway, any Railway-servant may stop the transit thereof until he is satisfied as to the nature of its contents.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৪ জুন।]

পারিবেন, কিম্বা রেলওয়ে হইতে উক্ত সম্পত্তি স্থানান্তর করা গিয়া থাকিলে ঐ ব্যক্তির অন্য যে সম্পত্তি তৎকালে রেলওয়েতে থাকে কিম্বা পরে উক্ত রেলওয়ে কর্তৃপক্ষের অধিকারে আইসে, তাহা আটক রাখিতে পারিবেন।

এবং সম্পত্তি আশু নষ্ট হইবার সম্ভাবনা থাকিলে অবিলম্বে, ও সম্পত্তি অন্যরূপ হইলে, এক কি একাধিক স্থানীয় সম্বাদপত্রে, কিম্বা তদ্রূপ কোন সম্বাদপত্র না থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যেরূপ আদেশ করেন সেইরূপে অন্ততঃ পনের দিনের নোটিস দিয়া, উক্ত মিয়াদ গত হইলে পর, প্রকাশ্য নীলামে ধরিয়া, পূর্ব্বোক্তমত পাওনা টাকা ও উক্তরূপ আটক রাখিবার ও নোটিস দিবার ও নীলাম করিবার খরচ খরচা আদায় করিতে যে পরিমাণে প্রয়োজন হয় সেই পরিমাণে উক্ত সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন, কিম্বা কোন সম্পত্তি তদ্রূপে আটক করা গেলে উক্ত ব্যক্তি যুক্তিসঙ্গত সময়মধ্যে ঐ সম্পত্তি রেলওয়ে হইতে স্থানান্তর না করিলে, সমুদয় সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন;

আর বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ পাওনা টাকা ও পূর্ব্বোক্ত খরচ খরচা কাটিয়া লইয়া উদ্বৃত্ত থাকিলে সেই উদ্বৃত্ত টাকা পাইবার ও সম্পত্তির যে অংশ বিক্রয় না হইয়া থাকে সেই অংশ পাইবার স্বত্ববান ব্যক্তিকে তাহা দিবেন,

অথবা উক্ত বাহক উপরোক্ত টাকার জন্য নালিশ করিতে পারিবেন।

১৫ ধারা। কোন রেলয়েদ্বারা কোন সম্পত্তি চালান হইলে কিম্বা রেলওয়েদ্বারা চালান করিবার নিমিত্ত তাহা কোন ষ্টেশনে কি গুদামে আনা গেলে, এতদর্থে রেলওয়ের কর্তৃপক্ষ কর্ত্তৃক যে কার্য্যকারক নিযুক্ত থাকেন সেই কার্য্যকারক চাহিলেই ঐ সম্পত্তির স্বামী কি তাহা যাঁহার জিম্মায় থাকে তিনি তাহার পরিমাণ ও বর্ণনা ঠিক ২ লিখিয়া তাঁহাকে দিবেন।

চাহিলেই সম্পত্তির লিখিত হিসাব দিতে হইবার কথা।

১৬ ধারা। কোন রেলওয়ের কর্ম্মকারককে নোটিস না দিয়া কোন আরোহী আশঙ্কাজনক কোন গাঁটরী কি মাল আপনার সঙ্গে রেলওয়েতে লইয়া যাইবেন না ও কোন ব্যক্তি রেলওয়ে দ্বারা চালান করিবার জন্য তদ্রূপ দ্রব্য সমর্পণ কি উপস্থিত করিবেন না কিম্বা গাঁটরী কি মাল চালান করিবার জন্য সমর্পণ কি উপস্থিত করা গেলে, যে বাক্স প্রভৃতির মধ্যে তাহা থাকে তাহার উপরি ভাগে স্পষ্ট করিয়া ঐ দ্রব্যের বর্ণনা না লিখিয়া দিবেন না।

আশঙ্কাজনক দ্রব্যের কথা।

কোন গাঁটরীর কি বস্তার মধ্যে আশঙ্কাজনক দ্রব্য আছে রেলওয়ের কোন কর্ম্মচারির এমত সন্দেহ জন্মিলে, তিনি রেলওয়েতে তাহা লইতে অসম্মত হইয়া তাহা লইয়া যাইবার পূর্ব্বে ঐ বিষয় নিশ্চয়মতে জানিবার নিমিত্তে ঐ গাঁটরী কি বস্তা খুলিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন;

ও রেলওয়ে দ্বারা চালান করিবার নিমিত্ত তদ্রূপ কোন গাঁটরী কি বস্তা গ্রহণ করা গেলে, রেলওয়ের কোন কর্ম্মচারী ঐ গাঁটরীতে কি বস্তায় বদ্ধ দ্রব্যের ভাব হৃদ্বোধমতে জানিয়া না লইলে তাহার চালান বন্দ করিতে পারিবেন।

CHAPTER IV.

Carriage of Passengers.

Passengers on payment of fares to be furnished with tickets.

17. Every person desirous of travelling on a Railway shall, upon payment of his fare, be furnished with a ticket specifying in English and the principal vernacular language of the district in which the ticket is issued, the class of carriage for which, and the place from and place to which, the fare has been paid, and the amount of such fare;

Tickets to be shown and given up on demand.

and every passenger shall, when required, show his ticket to any Railway-servant duly authorized to examine the same, and shall deliver up such ticket upon demand to any Railway-servant duly authorized to collect tickets.

Fares and tickets at intermediate stations.

18. At the intermediate stations, the fares shall be deemed to be accepted and the tickets furnished only upon condition that there be room in the train for which the tickets are furnished.

Preferential right of ticket-holders.

In case there is not room for all the passengers to whom tickets have been furnished, those who have obtained tickets for the longest distance shall have the preference; and those who have obtained tickets for the same distance shall have the preference according to the order in which they have received their tickets:

Proviso.

Provided that all officers and troops of Her Majesty on duty, and all other persons on the business of the Government who, by virtue of any contract with the Government or, in the case of a Railway worked by Government, of any direction of the Governor-General in Council, are entitled to be conveyed on a Railway in preference to, or in priority over, the public, shall be entitled to such preference and priority without reference to the distance for which, or the order in which, they have received their tickets.

Any passenger to whom a ticket has been furnished at any station and for whom there is no room shall, on returning the ticket within a reasonable time after its issue, be entitled to have his fare at once refunded.

Fares to be prepaid.

19. Except with the permission of the Railway-Administration or of such officer as it appoints in this behalf, no person shall enter any carriage used on any Railway for the purpose of travelling therein without having first paid his fare and obtained a ticket.

[*Government Gazette, 24th June* 1879.]

৪ চতুর্থ অধ্যায়।

আরোহিবিষয়ক বিধি।

আরোহিরা ভাড়া দিলে টিকিট পাইবার কথা।

১৭ ধারা। কোন ব্যক্তি রেলওয়ে দ্বারা যাইতে ইচ্ছুক হইলে, ভাড়া দিলে তাঁহাকে টিকিট দেওয়া যাইবে, ও তিনি যে শ্রেণীর গাড়ীতে যাইবেন ও যেস্থান হইতে যে স্থানে যাইবার যত ভাড়া দেওয়া গেল তাহা ঐ টিকিটে ইংরেজী ভাষায় ও টিকিট দিবার জিলার প্রধান ভাষায় লেখা থাকিবে।

টিকিট চাহিলে তাহা দেখাইতে ও ফিরিয়া দিতে হইবার কথা।

ও রেলওয়ের যে কর্ম্মচারী নিয়মমতে ঐ টিকিট দেখিতে ক্ষমতাপন্ন হন তিনি চাহিলেই তাঁহাকে ঐ টিকিট দেখাইতে হইবে, ও রেলওয়ের যে কর্ম্মচারী নিয়মমতে টিকিট গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন তিনি চাহিবামাত্র তাঁহাকে ঐ টিকিট দিতে হইবে।

মধ্যবর্ত্তি ষ্টেশনের ভাড়ার ও টিকিটের কথা।

১৮ ধারা। রেলওয়ের গাড়ী যে ষ্টেশনহইতে যে ষ্টেশন পর্য্যন্ত যাইবে তাহার মধ্যে২ ষ্টেশনে যে ট্রেণে যাইবার টিকিট লওয়া যায় সেই ট্রেণে স্থান আছে কেবল এই নিয়ম ধরিয়া ভাড়া লওয়া ও টিকিট দেওয়া যায় এমত জ্ঞান হইবে।

যে টিকিট অগ্রগণ্য হইবে তাহার কথা।

যত জন আরোহিকে টিকিট দেওয়া যায় তাঁহাদের সকলের যাইবার স্থান না থাকিলে, যাঁহারা অতি দূর স্থানে যাইবার টিকিট পাইলেন তাঁহারাই প্রথমে যাইবেন ও অনেক লোক একই স্থানে যাইবার টিকিট পাইলে, তাঁহাদের মধ্যে যাঁহারা যে ক্রমানুসারে টিকিট পান তাঁহারা তদনুসারে অগ্রগণ্য হইবেন।

উপবিধি।

কিন্তু শ্রীশ্রীমতীর যে সেনাপতিরা ও সৈন্যগণ রাজকর্ম্মোপলক্ষে যাইতে উদ্যত থাকেন, ও অন্য যে সকল ব্যক্তি গবর্ণমেণ্টের কর্ম্মোপলক্ষে যান ও গবর্ণমেণ্টের সঙ্গে কোন চুক্তির বলে, কিম্বা গবর্ণমেণ্টের চালিত রেলওয়ে হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আদেশের বলে সাধারণ লোকাপেক্ষা রেলওয়ে দ্বারা প্রথমে যাইতে অগ্রগণ্য হইবার স্বত্ববান হন তাঁহারা যত দূর যাইবেন বা যে ক্রমানুসারে টিকিট পাইলেন ইহা লক্ষ না করিয়া তাঁহাদের অগ্রে যাইবার স্বত্ব থাকিবে।

আরোহী কোন ষ্টেশনে টিকিট পাইয়াও গাড়ীতে স্থান না পাওয়া প্রযুক্ত টিকিট পাইবার পর যুক্তিসঙ্গত সময় মধ্যে তাহা ফিরাইয়া দিলে তিনি তৎক্ষণাৎ ভাড়ার টাকা ফিরিয়া পাইবার স্বত্ববান হইবেন।

ভাড়া আগাম দিবার কথা।

১৯ ধারা। রেলওয়ের কর্ত্তৃপক্ষের কিম্বা তৎকর্ত্তৃক এতদর্থে নিযুক্ত কার্য্যকারকের অনুমতি না পাইয়া কোন ব্যক্তি ভাড়া না দিলে ও টিকিট না লইলে রেলওয়ের দ্বারা যাইবার জন্য রেলওয়ের কোন গাড়ীতে উঠিবেন না।

Power to remove persons suffering from infectious disease.

20. Any passenger found suffering from an infectious disease in a railway-carriage or in any place on a railway may, if his remaining in such carriage or place is likely to spread the infection of such disease, be removed from such carriage or place by any railway-servant;

any passenger so removed who has paid his proper fare to or at the place at which he is so removed, shall be entitled, on returning his ticket, to have such fare refunded.

CHAPTER V.

Offences and Procedure.

(A).—Offences by the Railway-Administration.

Penalty for opening railway in contravention of section 5.

21. Any Railway-Administration opening, in contravention of section five, any Railway, or any portion or extension of, or addition to, a Railway, shall forfeit to Government the sum of one thousand rupees for every day during which the same continues open in contravention of that section.

For omitting to report accident.

22. Any Railway-Administration omitting to give notice as required by section six, shall forfeit to Government the sum of one hundred rupees for every day during which such omission continues.

For not sending return of accidents or making rules under section 8, or exhibiting copy under section 9.

23. Any Railway-Administration failing to deliver any return mentioned in section seven within fourteen days after the same ought to be delivered, or to make or notify any rules as required by section eight, or to exhibit any abstract or copy mentioned in section nine in manner required by that section, shall forfeit to Government the sum of fifty rupees for every day during which such failure continues.

(B).—Offences by Railway-servants.

For omitting to give notice of accident.

24. Any Station-master or other person omitting to give notice as required by section six, shall be punished with fine which may extend to fifty rupees.

For drunkenness or breach of duty.

25. Any Railway-servant who is in a state of intoxication whilst actually employed upon a Railway in the discharge of any duty, or who negligently omits to perform his duty, or who performs the same in an improper manner,

সংক্রামক রোগগ্রস্ত ব্যক্তিদিগকে স্থানান্তরিত করিতে পারিবার কথা।

২০ ধারা। রেলওয়ের গাড়ীতে কিম্বা রেলওয়ের কোন স্থানে সংক্রামক রোগগ্রস্ত কোন আরোহী দৃষ্ট হইলে, তাঁহার উক্ত গাড়ীতে কি স্থানে থাকাতে ঐ সংক্রামক রোগ বিস্তারের যদি সম্ভাবনা হয়, তাহা হইলে কোন রেলওয়ে কর্ম্মচারী তাঁহাকে উক্ত গাড়ী কি স্থানহইতে স্থানান্তরিত করিতে পারিবেন।

যে আরোহিকে তদ্রূপ স্থানান্তর করা যায় স্থানান্তরিত হইবার স্থানে তিনি স্বীয় যথাযোগ্য ভাড়া দিয়া থাকিলে, যদি তাঁহার টিকট ফিরাইয়া দেন তবে উক্ত ভাড়া ফিরিয়া পাইবার স্বত্ববান হইবেন।

---

৫ পঞ্চম অধ্যায়।

অপরাধের ও কার্য্য প্রণালীর বিধি।

(ক) রেলওয়ের কর্ত্তৃপক্ষদের অপরাধের কথা।

৫ ধারা লঙ্ঘন করিয়া রেলওয়ে খুলিলে দণ্ডের কথা।

২১ ধারা। ৫ ধারা লঙ্ঘন করিয়া কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ কোন রেলওয়ে কি তাহার কোন অংশ কি তাহার বর্দ্ধিত কি সংযুক্ত ভাগ খুলিলে উক্ত ধারা লঙ্ঘন করিয়া যত দিন তাহা খোলা থাকে তাহার দিন প্রতি গবর্ণমেণ্টে হাজার টাকা দণ্ড দিতে হইবে।

দুর্ঘটনার রিপোর্ট না করিবার দণ্ডের কথা।

২২ ধারা। কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ ৬ ধারার আদেশমত নোটিস না দিলে, যত দিন না দেন দিন প্রতি তাঁহার গবর্ণমেণ্টে একশত টাকা দণ্ড দিতে হইবে।

দুর্ঘটনার রিটর্ণ না পাঠাইলে কি ৮ ধারামতে বিধি প্রণয়ন না করিলে কি ৯ ধারামতে আইন না দেখাইলে দণ্ডের কথা।

২৩ ধারা। ৭ ধারার উল্লিখিত কোন রিটর্ণ যে দিনে দিবার আদেশ থাকে, কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ তদবধি চৌদ্দ দিনের মধ্যে তাহা দিতে কিম্বা ৮ ধারার আদেশমতে কোন বিধি প্রণয়ন কি প্রচার করিতে কিম্বা ৯ ধারার বিধিমতে কোন চুম্বক কি প্রতিলিপি প্রকাশরূপে দেখাইতে ত্রুটি করিলে, যত দিন তদ্রূপ ত্রুটি করিতে থাকেন দিন প্রতি তাঁহার গবর্ণমেণ্টে ৫০ পঞ্চাশ টাকা দণ্ড দিতে হইবে।

(খ) রেলওয়ের কর্ম্মচারিদের অপরাধের কথা।

দুর্ঘটনার নোটিস না দিবার দণ্ডের কথা।

২৪ ধারা। কোন ষ্টেশন-মাষ্টর কি অন্য ব্যক্তি ৬ ধারার আদেশমতে নোটিস না দিলে তাঁহার ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

মাতাল হইবার কি কর্ত্তব্য কর্ম্ম না করিবার দণ্ডের কথা।

২৫ ধারা। রেলওয়ের কোন কর্ম্মচারী কর্ত্তব্য কোন কর্ম্ম নির্ব্বাহ করণার্থে কোন রেলওয়ের উপর নিযুক্ত আছেন এমনসময়ে মাতাল হইলে কিম্বা শৈথিল্য হেতুক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করিলে, কিম্বা সেই কর্ম্ম অনুচিতমতে করিলে,

shall be punished with fine which may extend to fifty rupees;

or if the duty in any of the cases aforesaid be such that the negligent, omission, or improper performance thereof would be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such servant shall be punished with imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

For endangering the safety of persons.

26. If any Railway-servant in the discharge of his duty endangers the safety of any person—

(a) by disobeying any general rule sanctioned and published and notified in the manner prescribed by section eight; or

(b) by disobeying any rule or order not inconsistent with the general rules aforesaid, and which such servant was bound by the terms of his employment to obey, and of which he had notice; or

(c) by any rash or negligent act or omission,

he shall be punished with imprisonment for a term which may extend to three years, or with fine which may extend to five hundred rupees, or with both.

For receiving bribes.

27. Every Railway-servant shall be deemed a "public servant" within the meaning of sections 161, 162, 163, 164, and 165 of the Indian Penal Code.

Amendment of Penal Code, section 161.

In the definition of legal remuneration contained in the said section 161, the word "Government" shall, for the purposes of this section, be deemed to include any employer of a Railway-servant as such.

For compelling passengers to enter carriages already full.

28. Any Railway-servant who compels or attempts to compel any passenger to enter a carriage or compartment containing the maximum number of passengers denoted thereon in acordance with a rule made and notified under section eight, shall be punished with fine which may extend to one hundred rupees.

(C.)—*Offences by Persons generally.*

For not giving account of goods or giving false account.

29. Any person required under section fifteen to give an account of the quantity and description of any property who neglects or refuses to give such account,

or who wilfully gives a false account,

[*Government Gazette*, 24*th June* 1879.]

তাঁহার ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থ দণ্ড হইবে।

ও পূর্ব্বোক্ত কোন স্থলে কর্ত্তব্য কর্ম্ম না করিলে কি অনুচিতমতে করিলে যদি ঐ রেলওয়ে দ্বারা গমনকারি কিম্বা রেলওয়ের উপর থাকা কোন ব্যক্তির শারীরিক বিঘ্ন ঘটিবার সম্ভাবনা হয় তবে ঐ কার্য্যকারকের এক বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে।

ব্যক্তিদের শারীরিক বিঘ্ন জন্মাইবার দণ্ডের কথা।

২৬ ধারা। কোন রেলওয়ের কর্ম্মচারী এইং কার্য্য দ্বারা অর্থাৎ

(ক) ৮ ধারার নির্দ্দিষ্টমতে অনুমোদিত ও প্রকাশিত ও জ্ঞাত করান কোন বিধি না মানিয়া,

(খ) কিম্বা পূর্ব্বোক্ত সাধারণ বিধির সঙ্গে যাহা অসঙ্গত নয় চাকরীর নিয়ম অনুসারে এমত যে বিধি কি আজ্ঞা মানিতে বদ্ধ আছেন ও যাহার নোটিস পাইয়াছিলেন সেই বিধি কি আজ্ঞা না মানিয়া,

(গ) কিম্বা দুঃসাহসে কি শৈথিল্যভাবে কোন কর্ম্ম করিয়া কিম্বা কর্ম্ম না করিয়া,

কোন ব্যক্তির শারীরিক বিঘ্ন ঘটাইবার উপক্রম করিলে তাঁহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইবে।

ঘুষ লইবার দণ্ডের কথা।

২৭ ধারা। রেলওয়ের প্রত্যেক জন কর্ম্মচারিকে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪ ও ১৬৫ ধারামতে "রাজকীয় কার্য্যকারক" বলিয়া জ্ঞান করিতে হইবে।

দণ্ড বিধির আইনের ১৬১ ধারা সংশোধনের কথা।

উক্ত ১৬১ ধারায় আইনমত বেতন শব্দের ব্যাখ্যার মধ্যে "গবর্ণমেন্ট" শব্দে এই ধারার কার্য্যপক্ষে কোন রেলওয়ের কর্ম্মচারিকে যে কেহ নিযুক্ত করেন তাঁহাকেও বুঝাইবে।

আরোহিকে পূর্ণ গাড়ীতে বলপূর্ব্বক উঠাইয়া দিলে তাহার দণ্ডের কথা।

২৮ ধারা। ৮ ধারামতে প্রণীত ও প্রকাশিত বিধিক্রমে গাড়ির উপর আরোহির যে অত্যধিক সংখ্যার বিবরণ লেখা থাকে রেলওয়ের কোন কর্ম্মচারী সেই সংখ্যার অতিরিক্ত কোন আরোহিকে বলপূর্ব্বক কোন গাড়ীতে কিম্বা গাড়ীর কোন প্রকোষ্ঠে উঠাইয়া দিলে অথবা বলপূর্ব্বক উঠাইয়া দিতে চেষ্টা করিলে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

(গ) সাধারণ লোকদের অপরাধের কথা।

দ্রব্যের বর্ণনা না দিবার কি মিথ্যা বর্ণনা দিবার দণ্ডের কথা।

২৯ ধারা। কোন ব্যক্তি ১৫ ধারামতে কোন সম্পত্তির পরিমাণের ও প্রকারের বর্ণনা দিতে আদিষ্ট হইয়া তদ্রূপ বর্ণনা দিতে উপেক্ষা কি অস্বীকার করিলে,

কিম্বা ইচ্ছাপূর্ব্বক মিথ্যা বর্ণনা দিলে।

shall be punished with fine which may extend to five rupees for every maund (of 3,200 tollahs) of such property; and such fine shall be in addition to any charge to which such property may be liable.

তাহার (৩,২০০ তোলার) প্রত্যেক মণ প্রতি পাঁচ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, এবং উক্ত সম্পত্তির নিমিত্ত যত টাকার দায় হয় তদতিরিক্ত ঐ অর্থদণ্ড হইবে।

For taking dangerous goods on Railway or delivering such goods without notice.

30. Whoever, in contravention of section sixteen, takes with him any dangerous goods on a Railway, or delivers or tenders any such goods for the purpose of being carried upon a Railway, shall be punished with fine which may extend to two hundred rupees.

আশঙ্কাজনক দ্রব্য সঙ্গে লইয়া গেলে ও নোটিস না দিয়া সেই দ্রব্য দিলে দণ্ডের কথা।

৩০ ধারা। কোন ব্যক্তি ১৬ ধারা লংঘন করিয়া আপনার সঙ্গে রেলওয়েতে আশঙ্কাজনক মাল লইয়া গেলে কিম্বা রেলওয়ে দিয়া চালান করিবার নিমিত্ত তদ্রূপ কোন মাল সমর্পণ কি উপস্থিত করিলে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

For travelling without ticket or not showing or delivering up ticket.

31. Any passenger travelling on a railway without a proper ticket or having such a ticket and not showing or delivering up the same when so required under section seventeen, shall be liable to pay the fare of the class in which he is found travelling, from the place whence the train originally started, unless he can prove that he has travelled a less distance only, in which case he shall be liable to pay the fare of the class aforesaid only from the place whence he has travelled.

Every such fare shall, on application by a Railway-servant to a Magistrate, and on proof of the passenger's liability, be recoverable from such passenger as if it were a fine, and shall, when recovered, be paid to the Railway-Administration.

টিকিট বিনা গমন করিলে বা টিকিট না দেখাইলে বা না দিলে দণ্ডের কথা।

৩১ ধারা। কোন আরোহী যথাযোগ্য টিকিট বিনা রেলওয়েতে গমন করিলে, কিম্বা তদ্রূপ টিকিট পাইয়াও ১৭ ধারাক্রমে আদিষ্ট হইয়া তাহা না দেখাইলে বা না দিলে, আরোহী যে শ্রেণীর গাড়ীতে যাইতেছেন দেখা যায় ট্রেন প্রথম যে স্থানহইতে খুলিয়া যায় সেই স্থানহইতে সেই শ্রেণীর যত ভাড়া লাগে ঐ আরোহির তত ভাড়া দিতে হইবে; কিন্তু তিনি তদপেক্ষা অল্পদূর হইতে আসিয়াছেন ইহার প্রমাণ করিতে পারিলে, যে স্থানে গাড়ীতে উঠিয়াছিলেন তাঁহার সেই স্থান অবধি ভাড়া দিতে হইবে।

এমত অবস্থায় রেলওয়ের কোন কর্ম্মচারী মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিলে ও আরোহির দায়িত্বের প্রমাণ পাওয়া গেলে অর্থদণ্ডের টাকা যে নিয়মে আদায় করা যায় উক্ত ভাড়া আরোহির নিকট হইতে সেই নিয়মে আদায় করা যাইতে পারিবে এবং আদায় করা গেলে তাহা রেলওয়ের কর্ত্তৃপক্ষকে প্রদত্ত হইবে।

For evading payment of fare.

32. Any person who defrauds, or attempts to defraud, any carrier by Railway—

(*a*) by travelling, or attempting to travel, on any Railway without having previously paid his fare;

(*b*) by riding or attempting to ride in or on a carriage, or by a train, of a higher class than that for which he has paid his fare;

(*c*) by using or attempting to use a ticket on any day for which such ticket is not available;

(*d*) by continuing his journey in or upon any carriage beyond the place to which he has paid his fare, without previously paying the fare for the additional distance;

or who, in any other manner whatever attempts to evade the payment of his fare,

উপযুক্ত ভাড়া ফাঁকী দিবার দণ্ডের কথা।

৩২ ধারা। (ক) কোন ব্যক্তি ভাড়া আগাম না দিয়া কোন রেলওয়ের গাড়ীতে গিয়া কি যাইবার উদ্যোগ করিয়া,

(খ) কিম্বা যে শ্রেণীর গাড়ীর বা ট্রেনের ভাড়া দিয়াছেন তদপেক্ষা উচ্চ শ্রেণীর গাড়ী বা ট্রেনে গিয়া কি যাইবার উদ্যোগ করিয়া,

(গ) কিম্বা টিকিট যে দিনের ব্যবহার্য্য নয় সেই দিনে তাহা ব্যবহার করিয়া বা করিতে উদ্যোগী হইয়া,

(ঘ) কিম্বা যে স্থানে যাইবার ভাড়া দিয়াছেন আর ভাড়া না দিয়া রেলওয়ের গাড়ীতে সেই স্থান ছাড়িয়া আরও দূর গিয়া,

কিম্বা অন্য কোন প্রকারে ভাড়া না দিয়া যাইবার উদ্যোগ করিয়া কোন রেলওয়ে দ্বারা বাহককে বঞ্চনা করিলে কি করিবার উদ্যোগ করিলে,

For altering ticket.

or who wilfully alters or defaces his ticket so as to render the date, number or other material portion thereof illegible,

টিকিট পরিবর্ত্তন করিবার দণ্ডের কথা।

কিম্বা ইচ্ছাপূর্ব্বক টিকিটের যে অংশে তারিখ কি নম্বর লেখা থাকে তাহা অথবা টিকিটের অন্য কোন প্রয়োজনীয় অংশ পরিবর্ত্তিত কি বিকৃত করিয়া অপাঠ্য করিলে,

shall be punished with fine which may extend to fifty rupees, and shall also be liable to pay the fare (if any) which he ought to have paid; and such fare shall be recoverable in manner provided by section thirty-one, and shall, when recovered, be paid to the Railway-Administration.

For entering carriage in motion.

33. Any passenger who gets into or upon, or attempts to get into or upon, or quits, or attempts to quit, any carriage upon any Railway, while such carriage is in motion, shall be punished with fine which may extend to twenty rupees;

For riding on the steps.

and any passenger who rides, or attempts to ride, on the steps, or any other part of a carriage, upon any Railway, except on those parts which are intended for the accommodation of passengers,

shall be punished with fine which may extend to fifty rupees.

For riding on engine, tender, &c.

34. Any person who, without the permission of the Railway-Administration, rides or attempts to ride upon any locomotive-engine or tender upon any Railway; or in or upon any vehicle not appropriated to the carriage of passengers,

shall be punished with fine which may extend to one hundred rupees.

For smoking.

35. Any person who, without the consent of his fellow-passengers, if any, in the same compartment, smokes in or upon any Railway-carriage, except in a carriage or compartment specially provided for the purpose, shall be punished with fine which may extend to twenty rupees;

and any person who persists in so smoking (except as aforesaid) after being warned by any Railway-servant to desist may, in addition to incurring the liability above-mentioned, be removed by any Railway-servant from any such carriage, and from the premises of the Railway, and where he has paid his fare and obtained a ticket, shall forfeit such fare and ticket.

For intoxication or nuisance.

36. Any person who is in a state of intoxication, or who commits any nuisance or act of indecency in any Railway-carriage, or upon any part of any Railway;

or who wilfully and without lawful excuse interferes with the comfort of any passenger, or extinguishes any lamp in any Railway-carriage,

তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে এবং তাঁহার যে ভাড়া দেওয়া উচিত ছিল, তাহাও দিতে হইবে; উক্ত ভাড়া ৩১ ধারার বিধানমতে আদায় করা যাইবে, এবং আদায় করা গেলে রেলওয়ের কর্ত্তৃপক্ষকে প্রদত্ত হইবে

গাড়ী চলিতেছে এমত সময়ে উঠিবার দণ্ডের কথা।

৩৩ ধারা। রেলওয়ের উপর দিয়া গাড়ী চলিতেছে এমত সময়ে কোন আরোহী গাড়ীতে কি গাড়ীর উপর উঠিলে কি উঠিতে উদ্যোগ করিলে, কি নামিয়া গেলে কি নামিয়া যাইতে চেষ্টা করিলে তাহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

কিম্বা গাড়ীতে উঠিবার ধাপে চড়িবার দণ্ডের কথা।

এবং কোন আরোহী গাড়ীতে উঠিবার ধাপে কি আরোহিদের যাইবার লক্ষিত স্থান ছাড়া অন্য কোন স্থানে রেলওয়ের উপর চড়িয়া গেলে কি চড়িতে উদ্যোগ করিলে তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

কলের কি কয়লার গাড়ীতে চড়িবার দণ্ডের কথা।

৩৪ ধারা। রেলওয়ের কর্ত্তৃপক্ষের অনুমতি ব্যতীত রেলওয়ের উপর কেহ কোন কলের গাড়ীতে কি কয়লার গাড়ীতে চড়িয়া গেলে কি চড়িয়া যাইবার উদ্যোগ করিলে ও আরোহিদের গাড়ী ভিন্ন কোন গাড়ীতে চড়িয়া গেলে কি চড়িয়া যাইতে উদ্যোগ করিলে তাহার ১০০৲ একশত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

তামাক খাইবার দণ্ডের কথা।

৩৫ ধারা। তামাক খাইবার জন্যে যে গাড়ী কি গাড়ীর প্রকোষ্ঠ বিশেষমতে নিরূপিত হইয়া থাকে কোন ব্যক্তি তাহা ছাড়া রেলওয়ের কোন গাড়ীতে কি গাড়ীর উপর একই প্রকোষ্ঠে সহযাত্রিক আরোহী থাকিলে তাঁহাদের সম্মতি বিনা তামাক খাইলে তাঁহার ২০ কুড়ি টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

এবং রেলওয়ের কোন কর্ম্মচারী কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত স্থানভিন্ন অন্য স্থানে তামাক খাইতে নিষেধ করিলে পর সেই ব্যক্তি তামাক খাইতে থাকিলে, পূর্ব্বোক্ত দণ্ড ছাড়া রেলওয়ের কোন কর্ম্মচারী সেই ব্যক্তিকে গাড়ী হইতে এবং রেলওয়ের অধিকৃত স্থান হইতে বাহির করিয়া দিতে পারিবেন ও তিনি ভাড়া দিয়া টিকিট লইয়া থাকিলে তাঁহার ঐ ভাড়া ও টিকিট দণ্ড হইবে।

মাতাল হইবার বা অনিষ্টজনক কার্য্যের দণ্ডের কথা।

৩৬ ধারা। কোন ব্যক্তি রেলওয়ের কোন গাড়ীতে কিম্বা রেলওয়ের কোন স্থানে মাতাল হইলে কিম্বা অনিষ্টজনক কি লজ্জাজনক কোন কার্য্য করিলে,

কিম্বা ইচ্ছাপূর্ব্বক ও বৈধ কোন কারণ বিনা কোন আরোহির স্বাচ্ছন্দ্যের বিঘ্ন ঘটাইলে, কিম্বা রেলওয়ে গাড়ীর দীপ নিবাইলে,

shall be punished with fine which may extend to fifty rupees; and may be removed by any Railway-servant from any such carriage, and also from the premises of the railway, and where he has paid his fare and obtained a ticket, shall forfeit such fare and ticket.

তাঁহার ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে তদ্ভিন্ন রেলওয়ের কোন কর্ম্মচারী তাঁহাকে ঐ গাড়ী হইতে ও রেলওয়ের অধিকৃত স্থান হইতে বাহির করিয়া দিতেও পারিবেন ও তিনি ভাড়া দিয়া টিকিট লইয়া থাকিলে তাঁহার ভাড়া ও টিকিট দণ্ড হইবে।

For entering carriage or room reserved for females.

37. If any carriage, compartment, room or place be reserved by the Railway-Administration for the exclusive use of females, any male person who without lawful excuse enters such carriage, compartment, room, or place knowing the same to be reserved as aforesaid, or remains therein after having been informed of its having been so reserved, shall be punished with fine which may extend to one hundred rupees,

and may be removed therefrom, and also from the premises of the Railway, by any Railway-servant,

and, where he has paid his fare and obtained a ticket, shall forfeit such fare and ticket.

স্ত্রীলোকদের জন্যে নিরূপিত কোন কুঠরিতে কি গাড়ীতে যাইবার দণ্ডের কথা।

৩৭ ধারা। কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ কেবল স্ত্রীলোকদের জন্যে কোন বিশেষ গাড়ী কি গাড়ীর প্রকোষ্ঠ কিম্বা কোন বিশেষ কুঠরি কি স্থান নিরূপণ করিলে, কোন পুরুষ ঐ গাড়ী কি গাড়ীর ঐ প্রকোষ্ঠ কিম্বা ঐ কুঠরি কি ঐ স্থান কেবল স্ত্রীলোকদের জন্যে নিরূপিত হইয়াছে জানিয়াও এবং বৈধ কারণ না থাকিলেও তন্মধ্যে প্রবেশ করিলে, কিম্বা কেবল স্ত্রীলোকদের জন্যে নিরূপিত আছে এই কথা তাঁহাকে জ্ঞাত করা গেলে পর তন্মধ্যে থাকিলে, তাঁহার ১০০ এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে;

এবং রেলওয়ের কোন কর্ম্মচারী তাঁহাকে ঐ স্থান হইতে ও রেলওয়ের অধিকৃত স্থানহইতে বাহির করিয়া দিতে পারিবেন,

ও তিনি ভাড়া দিয়া টিকিট পাইয়া থাকিলে তাঁহার ভাড়া ও টিকিট দণ্ড হইবে।

For obstructing Railway-servant in his duty.

38. Whoever wilfully obstructs or impedes any Railway-servant in the discharge of his duty, shall be punished with fine which may extend to one hundred rupees.

রেলওয়ের কর্ম্মচারির কর্ম্ম করণ সময়ে তাঁহার বাধা দিবার দণ্ডের কথা।

৩৮ ধারা। রেলওয়ের কোন কর্ম্মচারী আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এমত সময়ে কোন ব্যক্তি ইচ্ছা-করিয়া তাঁহাকে বাধা দিলে কি অবরোধ করিলে, তাহার ১০০ এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

For entering carriage already full.

39. Any passenger wilfully entering a carriage or compartment containing the maximum number of passengers which has been denoted thereon in accordance with a rule made and notified under section eight, shall be punished with fine which may extend to one hundred rupees.

আরোহিপরিপূর্ণ গাড়ীর মধ্যে উঠিবার দণ্ডের কথা।

৩৯ ধারা। ৮ ধারাক্রমে কৃত ও প্রচারিত বিধানমতে আরোহির অত্যধিক যে সংখ্যার কথা গাড়ীর উপর লেখা থাকে, গাড়ীর বা গাড়ীর প্রকোষ্ঠ তৎসংখ্যক লোকে পরিপূর্ণ থাকিলেও কোনব্যক্তি সেই গাড়ীতে বা গাড়ীর প্রকোষ্ঠে স্বেচ্ছামতে প্রবেশ করিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

For removing signals or injuring carriage, &c.

40. Any person who without authority or reasonable excuse makes, alters, shows, hides, removes, or extinguishes any signal or light upon any Railway, or upon any engine, carriage, wagon, or other vehicle upon a Railway,

or who negligently damages any engine, carriage, wagon, or other vehicle belonging to a Railway, or any warehouse, building, machine, fence, or other thing so belonging,

or who needlessly interferes with the means of communication provided in any train between the guard and the engine-driver or passengers,

shall be punished with fine which may extend to one hundred rupees.

সিকনেল সরাইবার কি গাড়ী প্রভৃতির হানি করিবার দণ্ডের কথা।

৪০ ধারা। কোন ব্যক্তি ক্ষমতা না পাইয়া কি যুক্তি-সঙ্গত কারণ বিনা কোন রেলওয়ের উপর কিম্বা রেলওয়ের কোন কলের গাড়ীর কি আরোহিদের কি মালের গাড়ীর কি অন্য যানের উপর কোন সিকনেল কি আলো করিলে কি বদলাইলে কি দেখাইলে কি তাহা গোপন কি স্থানান্তর কি নির্ব্বাণ করিলে,

কিম্বা অমনোযোগে কোন রেলওয়ের কোন কলের গাড়ীর কি আরোহিদের কি মালের গাড়ীর কি রেলওয়ে সংক্রান্ত অন্য কোন যানের কি গুদামের কি ঘরের কি কলের কি বেড়ার কি রেলওয়ে সংক্রান্ত অন্য কোন দ্রব্যের হানি করিলে,

কিম্বা কোন ট্রেনে গার্ডের ও ড্রাইবর কি আরোহিদের মধ্যে পরস্পর সংবাদ দিবার যে উপায় থাকে, প্রয়োজন বিনা তাহার প্রতিবন্ধকতা ঘটাইলে,

তাঁহার ১০০ এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

For trespass.

41. Any person who unlawfully enters upon a Railway shall be punished with fine which may extend to twenty rupees; and if any person so entering refuses to leave such Railway on being requested to do so by any Railway-servant, or by any other person on behalf of the Railway-Administration, he shall be punished with fine which may extend to fifty rupees, and may be immediately removed from such Railway by such servant or other person as aforesaid.

For refusing to leave on request.

For cattle-trespass within Railway-fences.

42. The owner or person in charge of any bulls, cows, bullocks, calves, elephants, camels, buffaloes, horses, mares, geldings, ponies, colts, fillies, mules, asses, pigs, rams, ewes, sheep, lambs, goats, and kids straying on any Railway provided with fences suitable for the exclusion of such animals, shall be punished with fine which may extend to ten rupees for each animal, in addition to any amount that may be recovered under the Cattle Trespass Act, 1871.

For wilfully driving cattle on fenced Railway;

Whenever any such animals are wilfully and unlawfully driven, or knowingly and unlawfully permitted to be, on any Railway provided with fences suitable for the exclusion of such animals,

on unfenced Railway.

and whenever any such animals are wilfully driven, or knowingly permitted to be, on any Railway not so provided, otherwise than for the purpose of lawfully crossing the Railway, or for any other lawful purpose,

the person in charge of such animals, or if he cannot be identified, then the owner of the said animals, shall be punished with fine which may extend to fifty rupees for each animal, in addition to any amount that may be recovered under the same Act.

Recovery of fines and payment of compensation.

All fines imposed under this section may, if the convicting Magistrate so direct, be recovered in manner provided by section twenty-five of the said Cattle Trespass Act, 1871, and may be appropriated in whole or in part in compensation for loss or damage proved to his satisfaction.

[*Government Gazette*, 24th *June* 1879.]

৪১ ধারা। কোন ব্যক্তি রেলওয়ের উপর বেআইনী-মতে প্রবেশ করিলে তাহার ২০ কুড়ি টাকার অনধিক অর্থদণ্ড হইবে। কোন ব্যক্তি তদ্রূপে প্রবেশ করিলে ও রেলওয়ের কোন কর্ম্মচারী কিম্বা রেলওয়ের কর্ত্তৃপক্ষের স্বপক্ষে কোন ব্যক্তি তাঁহাকে রেলওয়ে হইতে চলিয়া যাইতে আদেশ করিলেও যাইতে সম্মত না হইলে তাহার ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ও উক্ত কর্ম্মচারী কি অন্য ব্যক্তি তাহাকে তৎক্ষণাৎ ঐ রেলওয়ে হইতে বাহির করিয়া দিতে পারিবেন।

অনধিকার প্রবেশ করিবার দণ্ডের কথা।

আদেশ পাইলে চলিয়া না যাইবার দণ্ডের কথা।

৪২ ধারা। ষাঁড় ও গরু ও বলদ ও বাছুর ও হাতী ও উট ও মহিষ ও ঘোড়া ও ঘোড়ী ও আক্তা ঘোড়া ও টাট্টু ও বাচ্চা ঘোড়া ও বাচ্চী ঘোড়ী ও খচ্চর ও গাধা ও শূকর ও ভেড়া ও ভেড়ী ও মেষ ও মেষশাবক ও ছাগ ও ছাগশিশু যাহা দিয়া প্রবেশ করিতে না পারে কোন রেলওয়ের এমত উপযুক্ত বেড়া থাকিলেও ষাঁড়প্রভৃতি তন্মধ্যে বেড়াইলে গবাদির অনধিকার প্রবেশ করণবিষয়ক ১৮৭১ সালের আইনমতে ঐ ষাঁড় প্রভৃতির স্বামির কিম্বা তাহা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার নিকটে যে দণ্ড আদায় হইতে পারে তদ্ভিন্ন প্রত্যেক জন্তুর নিমিত্ত তাহার ১০ দশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

রেলওয়ের বেড়ার মধ্যে গবাদির প্রবেশের দণ্ডের কথা।

উক্ত কোন জন্তু যাহা দিয়া প্রবেশ করিতে না পারে কোন রেলওয়ের এমত উপযুক্ত বেড়া থাকিলেও কেহ ইচ্ছা করিয়া বেআইনীমতে উক্ত কোন জন্তু রেলওয়ের উপর তাড়াইয়া দিলে কিম্বা জানিয়াশুনিয়া বেআইনী মতে থাকিতে দিলে,

বেড়াবদ্ধ রেলওয়ের উপর ইচ্ছা পূর্ব্বক গবাদি তাড়াইয়া দিবার দণ্ডের কথা।

কিম্বা কোন রেলওয়ের উপযুক্ত বেড়া না থাকিলেও আইনমতে রেলওয়ে পার করিবার কি অন্য কোন বৈধ কার্য্য করিবার হেতু বিনা ইচ্ছা করিয়া রেলওয়ের উপর উক্ত কোন জন্তু তাড়াইয়া দিলে কিম্বা জানিয়া শুনিয়া তথায় থাকিতে দিলে,

উক্ত জন্তু যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার কিম্বা তাহার পরিচয় পাওয়া না গেলে ঐ জন্তুর স্বামির পূর্ব্বোক্ত আইনমতে যে দণ্ড আদায় হইতে পারে তদতিরিক্ত ঐ প্রত্যেক জন্তুর জন্যে তাহার ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

এই ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হয় অপরাধ নির্ণয়কারি মাজিষ্ট্রেট আদেশ করিলে তাহা গবাদির অনধিকার প্রবেশবিষয়ক ১৮৭১ সালের আইনের ২৫ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে ও তাঁহার সন্তোষমতে ক্ষতির কি হানির প্রমাণ করা গেলে ঐ অর্থদণ্ডের সমুদয় টাকা কি তাহার কিয়দংশ ঐ হানি কি ক্ষতি পূরণার্থ দেওয়া যাইতে পারিবে।

অর্থদণ্ড আদায় করিবার ও ক্ষতিপূরণ দিবার কথা।

Amendment of Act I of 1871, ss. 11 and 26.

The expression "public road" in sections eleven and twenty-six of the same Act shall be deemed to include a Railway. And any Railway-servant may exercise the powers of seizure provided by the said section eleven.

For opening or not properly shutting gates.

43. Whoever knowing or having reason to believe that any engine or train is approaching along a Railway opens any gate which the Railway-Administration has set up on either side of the Railway across any road for the use or accommodation of any person, or passes or attempts to pass, or drives or takes, or attempts to drive or take, any vehicle, animal, or other thing, across the Railway;

and whoever at any time, in the absence of a gate-keeper, omits to shut and fasten such gate as soon as he and any vehicle, animal, or other thing under his charge have passed through the same,

shall be punished with fine which may extend to fifty rupees.

For minors obstructing line or throwing stones at train.

44. Whenever any minor under twelve years of age unlawfully—

(a) places or throws, or attempts to place or throw, upon or across a Railway any wood, stone, or other thing, or

(b) removes or displaces, or attempts to remove or displace, any rail, sleeper, spike, key or other thing belonging to the permanent way of a Railway, or

(c) throws or causes to fall, or attempts to throw or cause to fall, against, into, or upon any engine, tender, carriage, or other vehicle used upon a Railway, any wood, stone, or other thing,

such minor shall be deemed guilty of an offence, and the convicting Magistrate may, in his discretion, direct either that the minor, if a male, shall be punished with whipping, or that the father or guardian of the minor shall, within such reasonable time as the Magistrate may fix, execute a bond binding himself, in such penalty as the Magistrate may direct, to prevent the minor from repeating such offence.

The amount of such bond, if forfeited, shall be recoverable as if it were a fine.

Any person neglecting or refusing to execute a bond when required under this section so to do shall be punished with fine which may extend to fifty rupees.

১৮৭১ সালের ১ আইনের ১১ ও ২৬ ধারা সংশোধনের কথা।

উক্ত আইনের ১১ ও ২৬ ধারায় "রাজপথ" যে শব্দ আছে তাহাতে রেলওয়েও বুঝায় এমত জ্ঞান করিতে হইবে। ও উক্ত ১১ ধারায় ক্রোক করিবার যে ক্ষমতার বিধান আছে রেলওয়ের কোন কর্ম্মচারী সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

ফাটক খুলিবার কি উপযুক্তমতে বন্ধ না করিবার দণ্ডের কথা।

৪৩ ধারা। রেলওয়ের কর্ত্তৃপক্ষ কোন ব্যক্তির ব্যবহারার্থে কি সুবিধার জন্যে রাস্তার আড়ে রেলপথের কোন পার্শ্বের ফাটক করিয়া দিলে, রেলপথে কোন কলের গাড়ী কি ট্রেন আসিতেছে ইহা জানিয়া কিম্বা বিশ্বাস করিবার কারণ পাইয়াও কোন ব্যক্তি ঐ ফাটক খুলিলে কিম্বা রেলপথের উপর দিয়া গেলে কি যাইবার উদ্যোগ করিলে, কিম্বা কোন গাড়ী কি জন্তু কি দ্রব্য চালাইলে কি তাড়াইলে কি চালাইতে কি তাড়াইতে উদ্যোগ করিলে,

ও কোন ব্যক্তি ফাটক রক্ষকের অনুপস্থানে কোন সময়ে ফাটক দিয়া গেলে কিম্বা আপনার জিম্মায় থাকা কোন গাড়ী কি জন্তু কি দ্রব্য পার করিলেই ঐ ফাটক বন্ধ করিয়া তাহা আঁটিয়া না দিলে।

তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

বালকেরা রেলপথ বন্ধ করিলে কি ট্রেনের উপর ঢেলা ছুড়িলে* তাহার দণ্ডের কথা।

৪৪ ধারা। কোন নাবালগ পুরুষ বারো বৎসরের ন্যূন বয়স্ক হইয়া বেআইনীমতে

(ক) কোন কাষ্ঠ কি ঢেলা কি অন্য কোন দ্রব্য রেলওয়ের পথের উপর রাখিলে কি ছুড়িলে কিম্বা রাখিতে কি ছুড়িতে উদ্যোগ করিলে, কিম্বা

(খ) কোন রেলওয়ের স্থায়ী পথের কোন রেল কি স্লীপর কি কীলক কি চাবি কি অন্য কোন দ্রব্য স্থানান্তর করিলে বা সরাইয়া ফেলিলে কিম্বা তদ্রূপ করিতে উদ্যোগ করিলে, কিম্বা

(গ) কোন কলের কি কয়লার কি আরোহিদের গাড়ীর কি রেলওয়ের উপর ব্যবহার করা অন্য কোন যানের পার্শ্বে কি মধ্যে কি উপরে কোন কাষ্ঠ কি ঢেলা কি অন্য দ্রব্য ফেলিলে কি পড়িতে দিলে কিম্বা ফেলাইবার কি পড়িতে দিবার উদ্যোগ করিলে,

সে অপরাধী বলিয়া গণ্য হইবে এবং মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ সাব্যস্ত হইলে তিনি আপনার বিবেচনামতে নাবালগ পুরুষ হইলে তাহাকে বেত্রাঘাত দণ্ড দিবেন নতুবা তাহার পিতা কি অভিভাবক, মাজিষ্ট্রেট যুক্তিসঙ্গত যে সময় ধার্য্য করেন ও যে অর্থদণ্ডের নিয়মের আদেশ করেন সেই সময়মধ্যে ও সেই নিয়মে নিবন্ধপত্র লিখিয়া দিয়া অঙ্গীকার করিবেন যে উক্ত নাবালগ পুনর্ব্বার উক্ত অপরাধ না করে ইহার উপায় অবলম্বন করিবেন, করিলে ঐ অর্থদণ্ড দিবেন।

উক্ত নিবন্ধপত্রের টাকা দণ্ড হইলে, অর্থদণ্ডের ন্যায় আদায় করা যাইবে।

কোন ব্যক্তি এই ধারামতে আদিষ্ট হইয়া নিবন্ধ পত্র লিখিয়া দিতে উপেক্ষা কি অস্বীকার করিলে, তাঁহার ৫০৲ টাকার অনধিক অর্থদণ্ড হইবে

*[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯ । ২৪ জুন।]

45. Whoever wilfully does any act, or wilfully omits to do what he is legally bound to do, intending by such act or omission to endanger, or knowing that he is thereby likely to endanger, the safety of any person travelling or being upon any Railway, shall be punished with transportation (or in the case of an European or American, penal servitude) for a term of not less than seven years or with imprisonment for a term which may extend to ten years.

For wilful act or omission endangering persons on Railway.

46. Whoever rashly or negligently does any act, or omits to do what he is legally bound to do, and such act or omission is likely to endanger the safety of any person travelling or being upon a Railway, shall be punished with imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

For rash or negligent act.

47. Every driver or conductor of an omnibus carriage, or other vehicle shall, while in or upon any station-yard or other premises forming part of a Railway, obey the reasonable directions of any Railway-servant duly authorized in this behalf ; and every person offending against this section shall be punished with fine which may extend to twenty rupees.

Disobedience of omnibus, &c., drivers to Railway-servants.

(D).—Arrest of Offenders.

48. If any person commits any offence punishable under this Act and there is reason to believe that he will abscond or his name and address are unknown, and he refuses to give his name and address, or there is reason to believe that the name or address given by him is incorrect, any Railway-servant or Police-officer, or any other person whom such Railway-servant or Police-officer may call to his aid, may, without any warrant or written authority, arrest and detain such offender until he can be taken before a Magistrate or give sufficient security for his appearance before such Magistrate, or is otherwise discharged by due course of law.

Arrest for offences punishable under this Act of offender whose name is unknown, &c.

49. Every person committing any offence mentioned in sections eight, twenty-five, t w e n t y-six, thirty-six, t h i r t y-seven,

Arrest for offences against certain sections.

৪৫ ধারা। রেলওয়ের উপর যে ব্যক্তি আরোহী হইয়া যাইতেছেন কিম্বা যে ব্যক্তি রেলপথের উপর আছেন, কেহ তাঁহার প্রাণের আশঙ্কা জন্মাইবার কল্পনায় কিম্বা প্রাণের আশঙ্কা জন্মাইতে পারে জানিয়া ইচ্ছাপূর্ব্বক কোন কার্য্য করিলে কিম্বা আইনমতে যাহা করিতে আবদ্ধ আছেন তাহা ইচ্ছাপূর্ব্বক না করিলে, তাঁহার সাত বৎসরের অন্যূন দ্বীপান্তর প্রেরণ কিম্বা দশবৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে, ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হইলে তাহার সাত বৎসরের অন্যূন পরিশ্রমরূপ দণ্ড কিম্বা দশ বৎসরের অনধিক কাল কারাদণ্ড হইবে।

ইচ্ছাপূর্ব্বক আরোহিদের প্রাণের আশঙ্কাজনক কার্য্যকিম্বা ত্রুটি করিবার দণ্ডের কথা।

৪৬ ধারা। রেলওয়ের উপর যে ব্যক্তি আরোহী হইয়া যাইতেছেন কিম্বা যে ব্যক্তি রেলপথের উপর আছেন, যে কার্য্য কি কার্য্যের ত্রুটি দ্বারা তাঁহার প্রাণের আশঙ্কা জন্মিবার সম্ভাবনা কোন ব্যক্তি দুঃসাহসে কি শৈথিল্যহেতুক এমত কোন কার্য্যকরিলে কি আইনমতে সেই কার্য্যে আবদ্ধ থাকিয়াও তাহাতে ত্রুটি করিলে বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি উভয় দণ্ড হইবে।

কার্য্য দুঃসাহসে কি শৈথিল্য পূর্ব্বক করা গেলে তদ্বিষক দণ্ডের কথা।

৪৭ ধারা। অম্নিবস কি গাড়ী কি অন্য যানের গাড়ওয়ান কি কর্ত্তা ষ্টেশনের উঠনে কিম্বা রেলওয়ের কোন অধিকৃত স্থানে উপস্থিত থাকিবার কালে রেলওয়ের এই কার্য্যপক্ষে নিয়মমত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের যুক্তি সঙ্গত আজ্ঞা মান্য করিবে। কোন ব্যক্তি এই ধারার বিপরীত কার্য্য করিলে তাহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

অম্নিবস প্রভৃতির গাড় ওয়ান রেলওয়ের কর্ম্মচারির আজ্ঞা না মানিবার দণ্ডের কথা।

(ঘ)।—অপরাধিদিগের ধৃতকরণবিষয়ক বিধি।

৪৮ ধারা। এই আইনমতে যে অপরাধের দণ্ড হইতে পারে কোন ব্যক্তি এমত অপরাধ করিলে ও তিনি পলায়ন করিবেন এমত জ্ঞান করিবার কারণ থাকিলে কিম্বা তাঁহার নাম ও ধাম জানা না থাকিলে ও তিনি নাম ও ধাম দিতে অস্বীকার করিলে কিম্বা তিনি যে নাম ও ধাম দেন তাহা মিথ্যা বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকিলে, রেলওয়ের কিম্বা পোলীসের কোন কর্ম্মচারী কিম্বা ঐ রেলওয়ের কি পোলীসের কোন কর্ম্মচারী আপনার সাহায্যের নিমিত্তে অন্য যে ব্যক্তিকে আহ্বান করেন তিনি ওয়ারন্ট কিম্বা লিখিত কোন ক্ষমতাপত্র বিনা ঐ অপরাধিকে ধরিতে, ও যতকাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা অপরাধী যত কাল ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত জামিন না দেন কিম্বা আইনের নিয়মিত ক্রমানুসারে তাঁহাকে যতকাল ছাড়িয়া না দেওয়া যায় তত কাল আটক রাখিতে পারিবেন।

এই আইনমতে দণ্ডযোগ্য অপরাধের অপরাধীর নামাদি জানা না গেলে তাঁহাকে ধৃতকরণের কথা।

৪৯ ধারা। কোন ব্যক্তি ৮, ২৫, ২৬, ৩৬, ৩৭, ৩৮, ৪৪, ৪৫, ও ৪৬ ধারার উল্লিখিত কোন অপরাধের অপরাধী হইলে, রেলওয়ের কি পোলীসের কোন কর্ম্মচারী

ধারা বিশেষের বিপরীত অপরাধ হেতুক ধৃত করণের কথা।

thirty-eight, forty-four, forty-five, and forty-six may be arrested without any warrant or written authority by any Railway-servant or Police-officer, or by any other person whom such servant or officer may call to his aid;

কিম্বা তিনি আপনার সাহায্যার্থে অন্য যে ব্যক্তিকে আহ্বান করেন তিনি ওয়ারণ্ট কি লিখিত ক্ষমতাপত্র বিনা তাহাকে ধৃত করিতে পারিবেন,

and every person so arrested shall, without unnecessary delay, be taken before a Magistrate authorized to punish him or to commit him for trial.

ও তদ্রূপে যে প্রত্যেক ব্যক্তিকে ধৃত করা যায় অপরাধির দণ্ড করিবার কিম্বা তাহাকে বিচারার্থে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের সম্মুখে তাহাকে সুবিধামতে ত্বরায় আনা যাইবে।

(*E*).—*Jurisdiction.*

(ঙ) বিচারাধিপত্য বিষয়ক কথা।

50. No Magistrate other than a Presidency Magistrate and a Magistrate whose powers are not less than those of a Magistrate of the second class shall try any offence under this Act.

Magistrates having jurisdiction.

৫০ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের অন্যূন ক্ষমতাপ্রাপ্ত মাজিষ্ট্রেটভিন্ন কোন মাজিষ্ট্রেট এই আইনমত অপরাধের বিচার করিবেন না।

যে মাজিষ্ট্রেটদের বিচারাধিপত্য থাকিবে তাঁহাদের কথা।

Any person committing any offence against this Act or the rules made under it, shall be triable for such offence in any place in which he may be found or which the Local Government may, from time to time, notify in this behalf, as well as in any other place in which he might be tried under any law for the time being in force.

Place of trial.

কোন ব্যক্তি এই আইনমতে কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিমতে অপরাধের অপরাধী হইলে, তাহাকে যে স্থানেই পাওয়া যায় কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এতৎপক্ষে যে স্থানের জ্ঞাপন করেন অথবা অন্য যে স্থানে তৎ কালের বলবৎ কোন আইনদ্বারা তাহার বিচার হইতে পারে সেই স্থানে তাহার সেই অপরাধের বিচার হইতে পারিবে।

বিচারস্থানের কথা।

Every notification under this section shall be published in the local official Gazette and a copy thereof shall also be exhibited in some conspicuous place at each of such Railway-stations as the Local Government may direct, so that it may be easily seen and read.

এই ধারামত প্রত্যেক জ্ঞাপনপত্র স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং তাহা সহজে দৃষ্ট ও পঠিত হইবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যেং ষ্টেশনে দিতে আদেশ করেন সেইং ষ্টেশনের কোন প্রকাশ স্থানে তাহার একং কেতা নকল লাগাইয়া দিতে হইবে।

(*F*).—*Saving of other Criminal Laws.*

(চ) অন্য ফৌজদারী আইনের রক্ষণ।

51. Nothing in this Act shall be deemed to prevent any person from being arrested, prosecuted, or punished under any other law for any act or omission which constitutes an offence against this Act or the rules made under it:

Saving of prosecutions under other laws.

৫১ ধারা। এই আইন কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিমতে যেং কার্য্য কি ক্রটি অপরাধ বলিয়া গণ্য হইল কোন ব্যক্তি সেইং কার্য্য বা ক্রটি করিলে অন্য কোন আইনমতে তাঁহাকে ধৃত করিয়া ও তাঁহার নামে নালিশ হইয়া দণ্ড হইতে যে পারিবে না এই আইনের কোন কথাতে এমত বোধ হইবে না।

অন্যান্য আইনমতে নালিশ রক্ষা করিবার কথা।

Provided that no person shall be punished twice for the same offence.

কিন্তু একই অপরাধ প্রযুক্ত কাহারো দুইবার দণ্ড হইবে না।

CHAPTER VI.

MISCELLANEOUS.

৬ ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

52. The Governor-General in Council, or the Local Government with the previous sanction of the Governor-General in Council may, from time to time, make rules, requiring—

Power of Government to make rules as to fences, gates, and bars.

৫২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা তাঁহারই অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এইং বিষয়ের অর্থাৎ,

বেড়ার ও কাটকের ও বাধের বিষয়ে গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।

(a) that boundary-marks or fences be provided for any Railway or any part thereof, and for roads constructed in connection therewith;

(b) that gates or bars be erected at places where any railway crosses a road on the level; and

(c) that persons be employed to open and shut such gates or bars;

and may by such rules determine what kind of fences shall, for the purposes of section forty-two, be deemed to be suitable for the exclusion of cattle,

and direct that any Railway-Administration wilfully neglecting or violating any rule made under this section, shall forfeit to Government a sum not exceeding five hundred rupees for every such neglect or violation, or, when such neglect or violation is continuous, for every day during which it continues.

Power to declare Local Government in respect of any Railway.

53. The Governor-General in Council may, from time to time by notification in the *Gazette of India,* declare what Government or other Authority shall be deemed to be, for the purposes of this Act, the Local Government in respect of the whole or any part of a Railway.

Power to extend Act to steam tramways.

54. The Governor-General in Council may, by notification, extend this Act or any portion thereof to any tramway worked by steam.

THE FIRST SCHEDULE.

ACTS REPEALED.

(*See section* 2.)

Number and year.	Title.
XVIII of 1854 ...	An Act relating to Railways in India.
XXXI of 1867 ...	An Act to render penal certain offences committed by servants of Railway Companies.
XIII of 1870 ...	An Act to apply the provisions of Act No. XVIII of 1854 to Railways belonging to, or worked by, Government.
XXV of 1871 ...	An Act to amend the Railway Act.

[*Government Gazette,* 24*th June* 1879.]

(ক) কোন রেলপথের কি তাহার কোন অংশের ও তৎসংক্রান্ত যেং পথ প্রস্তুত করা যায় তাহার সীমার চিহ্ন কি বেড়া দিতে হইবে,

(খ) কোন রেলপথ যে স্থানে রাস্তা ভেদ করিয়া যায় সেই স্থানে ফাটক কি বার প্রস্তুত করিতে হইবে ও

(গ) ও সেই ফাটক কি বার খুলিবার ও বন্ধ করিবার লোক নিয়োগ করিতে হইবে, এইং বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ও ৪২ ধারার কার্য্যপক্ষে গবাদি বাহিরে রাখিবার জন্য যে প্রকারের বেড়া উপযুক্ত বলিয়া জ্ঞান হইবে ঐ বিধিক্রমে ইহা নির্ণয় করিতে পারিবেন ;

আর আদেশ করিতে পারেন যে কোন রেলওয়ের কর্ত্তৃপক্ষ এই ধারামতে প্রণীত বিধি ইচ্ছাপূর্ব্বক উপেক্ষা কি লঙ্ঘন করিলে তদ্রূপ প্রত্যেক উপেক্ষা কি লঙ্ঘন জন্য তাঁহার গবর্ণমেণ্টে ৫০০ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড দিতে হইবে, কিম্বা তদ্রূপ উপেক্ষা কি লঙ্ঘন ক্রমাগত হইলে, যত দিন হয় দিন প্রতি তদ্রূপ দণ্ড দিতে হইবে।

কোন রেলওয়ে সম্পর্কে যে গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্ট বলিয়া জ্ঞান হইবে ইহা নির্ণয় করিবার ক্ষমতার কথা।

৫৩ ধারা। এই আইনের কার্য্যপক্ষে যে গবর্ণমেণ্টকে কিম্বা অন্য যে কর্ত্তৃপক্ষকে কোন রেলওয়ের সমুদয় কি কোন অংশের উপলক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট বলিয়া জ্ঞান করিতে হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ইহা নির্দ্দেশ করিতে পারিবেন।

ষ্টীম ট্রামওয়ের প্রতি এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। যে ট্রামওয়ের কার্য্য ষ্টীমদ্বারা চালান যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব জ্ঞাপনপ দিয়া সেই ট্রামওয়ের প্রতি এই আইন কি ইহার কোন অংশ বর্ত্তাইতে পারিবেন।

প্রথম তফ্সীল।

যেং আইন রহিত করা গেল।

(২ ধারা দেখ।)

সাল ও নম্বর	নাম।
১৮৫৪ সা. ১৮ আ.	ভারতবর্ষের রেলওয়ে বিষয়ক আইন।
১৮৬৭ সা. ৩১ আ.	রেলওয়ে কোম্পানির চাকরেরকৃত কোনং অপরাধ দণ্ডনীয় করণ বিষ-বিষয়ক আইন।
১৮৭০ সা. ১৩ আ.	গবর্ণমেণ্টের রেলওয়ের কিম্বা গবর্ণমেণ্ট দ্বারা চালিত রেলওয়ের প্রতি ১৮৫৪ সালের ১৮ আইনের বিধান বর্ত্তান বিয়ক আইন।
১৮৭১ সা. ২৫ আ.	রেলওয়ের আইন সংশোধনার্থ আইন।

THE SECOND SCHEDULE.

(*See Section* 11.)

(*a*) Gold or silver, coined or uncoined, manufactured or unmanufactured;

(*b*) plated articles;

(*c*) cloths and tissue and lace of which gold or silver forms part;

(*d*) precious stones, jewellery, trinkets;

(*e*) watches, clocks or time-pieces of any description;

(*f*) Government securities;

(*g*) Government stamps;

(*h*) bills of exchange, hundis, promissory notes, bank-notes, orders or other securities for payment of money;

(*i*) maps, writings, title-deeds;

(*j*) paintings, engravings, lithographs, photographs, carvings, sculpture and other works of art;

(*k*) glass, china, marble;

(*l*) silks in a manufactured or unmanufactured state, and whether wrought up or not wrought up with other materials;

(*m*) shawls;

(*n*) lace;

(*o*) opium;

(*p*) ivory, ebony, sandalwood, sandalwood-oil;

(*q*) musical and scientific instruments.

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

দ্বিতীয় তফসীল।

(১১ ধারা দেখ।)

(ক) জরা করা কি না করা ও গঠিত কি অগঠিত সোণা কি রূপা।

(খ) রূপার গিল্টি করা দ্রব্য।

(গ) সোণা কি রূপাতে জরীর কাজ করা কাপড় ও লেস ও তাস কি গোটা।

(ঘ) মণি মুক্তা ও অলঙ্কার ও গহনা।

(ঙ) টেকঘড়ি কি বাজনা ঘড়ি কি সময়নিরূপক কোন প্রকারের যন্ত্র।

(চ) গবর্ণমেণ্ট সিকুরিটী।

(ছ) গবর্ণমেণ্টের ষ্টাম্পা।

(জ) বিলঅফ এক্সচেঞ্জ, হুণ্ডি, ঋণপত্র, বাঙ্কনোট, চ্যাক, কিম্বা টাকা পাইবার অন্য নিদর্শনপত্র।

(ঝ) মানচিত্র, লিপি ও অধিকার সূচকপত্র।

(ঞ) ছবি, ক্ষোদিত চিত্র, লিথগ্রাফ, ফটগ্রাফ, ক্ষোদিত দ্রব্য, তক্ষিত মূর্ত্ত্যাদি।

(ট) কাচ, চীনের বাসন, মর্ম্মর প্রস্তর।

(ঠ) প্রস্তুত কি কি অপ্রস্তুত ও অন্য দ্রব্যের সঙ্গে মিশ্রিত কি অমিশ্রিত রেসম।

(ড) শাল।

(ঢ) লেস।

(ণ) আফীম।

(ত) হস্তীদন্ত, আবলুস চন্দনকাষ্ঠ, চন্দনকাষ্ঠের তৈল।

(থ) বাদ্য যন্ত্র ও বৈজ্ঞানিক যন্ত্র।

ডি, ফিটজপ্যাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৭৯ সাল ২ সেপ্টেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৭৯ সালের জুলাই মাসের ২১ তারিখে অনুমোদন করাতে তাহা সাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৭৯ সালের ১১ আইন।

স্থানীয় কর্তৃপক্ষদের ঋণগ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের আইন।

হেতুবাদ। পশ্চাল্লিখিতরূপ সংশোধনসহ স্থান বিশেষের রাজকীয় কার্য্য সংক্রান্ত ঋণগ্রহণ বিষয়ক ১৮৭১ সালের আইন পুনর্ব্বার বিধিবদ্ধ করা বিহিত। এনিমিত্ত নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "স্থানীয় কর্তৃপক্ষদের ঋণ গ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। আরম্ভ। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, ও বিধিবদ্ধ হইবার সময়াবধি বলবৎ হইবে।

১৮৭১ সালের ২৪ আইন রহিত হইল। ২ ধারা। স্থান বিশেষের রাজকীয় কার্য্য সংক্রান্ত ঋণ গ্রহণ বিষয়ক ১৮৭১ সালের আইন এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু উক্ত আইন ক্রমে যে সকল প্রার্থনা, বিজ্ঞাপন, অনুমতি, ক্রোক, ঋণ গ্রহণ ও বিধি করা গিয়াছে, তৎ সমুদয় এই আইনমতে করা গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

"স্থানীয় কর্তৃপক্ষ"। ৩ ধারা। সমবায়িত সমাজ কিম্বা মুনিসিপল কমিটী কিম্বা অন্য যে ব্যক্তিরা আইনমতে কোন স্থান কি নগর সম্বন্ধীয় তহবীলের কর্তৃত্ব কি অধ্যক্ষতা করিবার অধিকার প্রাপ্ত হন কিম্বা আইনমতে কোন স্থানীয় সীমার অন্তর্গত ব্যক্তিদের উপর কোন কর কি রেট কি মাসুল কি টাক্স বসাইবার ক্ষমতা প্রাপ্ত হন, এই আইনে "স্থানীয় কর্তৃপক্ষ" শব্দে তাঁহাদিগকে বুঝাইবে।

"ফণ্ড।" কোন স্থানীয় কর্তৃপক্ষের সম্পর্কে "ফণ্ড" শব্দের ব্যবহার হইলে, উক্ত কর্তৃপক্ষ আইনমতে কোন স্থান কি নগর সম্বন্ধীয় যে তহবীলের কর্তৃত্ব কি অধ্যক্ষতা করিবার অধিকার প্রাপ্ত হন কিম্বা আইনমতে যে কোন কর কি রেট কি মাসুল কি টাক্স বসাইবার ক্ষমতা প্রাপ্ত হন, কিম্বা যে কোন সম্পত্তি ঐ কর্তৃপক্ষের প্রতি বর্ত্তে, ঐ "ফণ্ড" শব্দে তাহাও বুঝাইবে।

ফণ্ড জামিন স্বরূপ রাখিয়া কার্য্যার্থে ঋণ দেওয়া যাইতে পারিবার কথা। ৪ ধারা। কোন স্থানীয় কর্তৃপক্ষ আইনমতে যে কার্য্য করিবার ক্ষমতা প্রাপ্ত হন তৎকার্য্য সম্পাদনার্থে স্বীয় ফণ্ড কি তাহার কোন অংশ জামিনস্বরূপ রাখিয়া ঋণ গ্রহণ করিতে অভিলাষী হইলে, পশ্চান্নির্দ্দিষ্ট ক্ষমতামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত বিধির বিধানক্রমে, স্থানীয় গবর্ণমেণ্টের নিকট ঋণ প্রার্থনা করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা। ৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে ২ এই আইন সঙ্গত নিম্নলিখিত বিষয়ের বিধি করিতে পারিবেন।

(১) যে প্রকারের ফণ্ড জামিনস্বরূপ রাখিয়া ঋণ গ্রহণ করা যাইতে পারিবে তদ্বিষয়ের।

(২) যে কার্য্য করিবার নিমিত্ত ঋণদান হইতে পারিবে তদ্বিষয়ের।

(৩) ঋণ প্রার্থনা যে প্রকারে করিতে হইবে তদ্বিষয়ের।

(৪) ঐ ঋণ সম্পর্কে যেং অনুসন্ধান লইতে হইবে ও সেই অনুসন্ধান যে প্রকারে লইতে হইবে তদ্বিষয়ের।

(৫) প্রার্থনাপত্রের ও তদুপলক্ষে আনুষ্ঠানিক কার্য্যের ও আজ্ঞার সবিশেষ বৃত্তান্ত যে স্থলে ও যে পাঠানুসারে প্রকাশ করা যাইবে তাহার।

(৬) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না লইয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে স্থলে ঋণ দান করিতে পারিবেন ও যে স্থলে সেই অনুমতি প্রাপ্ত না হইলে ঋণ দান করিতে পারিবেন না, তদ্বিষয়ের।

(৭) ঐ ঋণ দান যে নিয়মে করা যায়, তাহা যে প্রকারে লিপিবদ্ধ ও প্রবল করা যাইবে, তদ্বিষয়ের।

(৮) ঋণ দান যে প্রকারে ও যে সময়ে করিতে হইবে, তদ্বিষয়ের।

(৯) ঋণ গ্রহণক্রমে যে কার্য্য সাধন করা যায় তাহার তত্ত্ব লইবার।

(১০) যত কিস্তিমতে ঐ ঋণ শোধ করা যাইবে ও ঋণের উপর যে হিসাবে সুদ লওয়া যাইবে, ও যে সময়ে যে প্রকারে ঋণ শোধ হইবে ও সুদ দেওয়া যাইবে তাহার।

(১১) যে ফণ্ড ঋণের জামিনস্বরূপ থাকে ঐ ঋণ গ্রহণের খরচ বলিয়া সেই ফণ্ডের নামে যত টাকা খরচ লিখিতে হইবে তদ্বিষয়ের।

(১২) জামিন ক্রোক করিবার ও তাহা লইয়া যাহা করা যাইবে তদ্বিষয়ের ও জামিন আদায় করিবার,

(১৩) ঋণ সম্পর্কে যে হিসাব রাখিতে হইবে তাহার।

এবং এই আইন সফলকরণসংক্রান্ত সকল বিষয়ের।

সেই সকল বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে।

ঋণশোধ না হইলে ক্রোক করণদ্বারা প্রতিকার পাইবার কথা।

৬ ধারা। এই আইনমতে যে ঋণগ্রহণ করা যায় ও তাহার উপর যে সুদ পাওনা হয়, তাহা ঋণপত্রের নিয়মানুসারে না দেওয়া গেলে, যে ফণ্ড জামিনস্বরূপ রাখিয়া ঐ ঋণ লওয়া যায় স্থানীয় গবর্ণমেণ্ট তাহা ক্রোক করিতে পারিবেন। ক্রোক করিলে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারক ভিন্ন কোন ব্যক্তি ঐ ক্রোককৃত ফণ্ড লইয়া কোন কার্য্য করিতে পাইবেন না। কিন্তু ক্রোক না করা গেলে ঋণিগণ উক্ত ফণ্ড লইয়া যাহা করিতে পারিতেন, উক্ত কার্য্যকারকও তাহা করিতে পারিবেন, ও ঐ ফণ্ডের উৎপন্ন টাকাতে ঐ ঋণ শোধ করিবেন ও তৎসম্পর্কীয় সকল সুদ ও খরচ দিবেন ও ক্রোক করিবার ও তৎপশ্চাৎ অন্য আনুষ্ঠানিক কার্য্যের সমস্ত খরচ দিবেন।

ক্রোক করিবার পূর্ব্বে আইনমতে যে খরচ বর্ত্তে ক্রোক করণদ্বারা তাহা ব্যর্থ না হইবার কথা।

কিন্তু ঐ ফণ্ড ক্রোক করিবার পূর্ব্বে তাহা আইন অনুসারে অন্য ঋণ শোধার্থে বদ্ধ থাকিলে, উক্ত প্রকারে ক্রোক করা গেলেও সেই ঋণের অন্যথা কি ব্যাঘাত হইবে না। বরং এই আইনমত দায় পরিশোধ করিবার নিমিত্তে ঐ ফণ্ডের উৎপন্ন টাকার কোন অংশ ব্যয় করিবার পূর্ব্বে ঐ পূর্ব্বদায় শোধ করিতে হইবে।

এই আইনমতে সামান্য ব্যক্তিদের স্থানে ঋণ গ্রহণ করণার্থে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতা দিবার কথা।

৭ ধারা। যে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ এতৎপূর্ব্ববর্ত্তি বিধানমতে কোন কার্য্যার্থে স্বীয় ফণ্ড জামিন রাখিয়া ঋণগ্রহণ করিতে পারিতেন স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক সেই কর্ত্তৃপক্ষের প্রতি অন্য কোন ব্যক্তির নিকট তদ্রূপ জামিন রাখিয়া তাঁহার স্থানে ঋণ গ্রহণ করিবার অনুমতি দিতে পারিবেন। সেই ঋণ নিয়মমতে শোধ না করা গেলে কিম্বা সুদ নিয়মমতে না দেওয়া গেলে স্থানীয় গবর্ণমেণ্ট ঋণদাতার প্রার্থনামতে তাঁহার মঙ্গলার্থে ৬ ধারার বিধানমতে উক্ত ফণ্ড ক্রোক করিবেন।

উক্ত ঋণগ্রহণ সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

এই ধারামত ঋণ গ্রহণ সম্বন্ধে ৫ ধারার বিধান যত দূর খাটিতে পারে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ঐ ঋণগ্রহণ সম্বন্ধে তত দূর উক্ত ধারার প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

এই আইনের বিধানভিন্ন প্রকারান্তরে ঋণগ্রহণ না করিবার কথা।

৮ ধারা। কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ এই আইনের কিম্বা এই আইনমতে প্রণীত বিধির বিধান ভিন্ন অন্য প্রকারে স্বীয় ফণ্ড জামিনস্বরূপ রাখিয়া ঋণ লইবেন না ও সেই ফণ্ডের উপর অন্য দায় বর্ত্তাইবেন না। ও এই আইন প্রচলিত হইবার পর উক্ত তাৎপর্য্যের যে চুক্তি করা যায় তাহা ব্যর্থ হইবে।

(ক) কিন্তু এক্ষণে যে বিশেষ কোন আইন বলবৎ আছে কি ইহার পর বলবৎ হইবে তৎক্রমে কলিকাতার কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের মুনিসিপালিটীর প্রতি, কিম্বা বোম্বাই বন্দরের ট্রষ্টিদের প্রতি, কিম্বা কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের প্রতি, কিম্বা মান্দ্রাজ বন্দরের নিমিত্ত পরে তদ্রূপ যাঁহাদের সৃষ্টি হয় তাঁহাদের প্রতি ঋণগ্রহণ করিবার যে২ ক্ষমতা প্রদত্ত হইয়াছে কি হইবে, সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিবার, কিম্বা

(খ) পূর্ত্তকার্য্য সম্পাদন ভিন্ন অন্য উদ্দেশে টাকা তুলিবার নিমিত্ত তদ্রূপ কোন আইনক্রমে অন্য কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রতি ঋণ গ্রহণ করিবার ক্ষমতা প্রদত্ত হইয়া থাকিলে, তদনুসারে কার্য্য করিবার,

যে কোন বাধা হইবে এই ধারার কোনকথায় এরূপ জ্ঞান হইবে না।

১৮৭১ সালের ৫ সেপ্টেম্বরের পূর্ব্বে যে ঋণ গৃহীত হয় তৎপ্রতি আইন বর্ত্তিবার কথা।

৯ ধারা। ১৮৭১ সালের ৫ সেপ্টেম্বর তারিখের পূর্ব্বে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষকে যে টাকা ঋণস্বরূপ দেন ও সেই টাকার যে সুদ পাওনা হইয়া থাকে তাহা আদায় করিবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব ৬ ধারার লিখিত প্রতিকার পাইবার স্বত্ববান হইবেন; এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কি স্থানীয় গবর্ণমেণ্ট এইপ্রকার আদেশ করিতে পারিবেন যে উক্ত ১৮৭১ সালের ৫ সেপ্টেম্বর তারিখের পূর্ব্বে কোন ব্যক্তি কোন স্থানীয় কর্ত্তৃপক্ষকে টাকা কর্জ দিয়া থাকিলে, উক্ত টাকা কিম্বা তদুপরি প্রাপ্য সুদ আদায় করিবার নিমিত্ত উক্ত প্রতিকার পাইবার স্বত্ববান হইবেন।

ডি. ফিটজ পাট্রিক,
ব্যবস্থাপক কার্য্য বিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B. L.,
Bengali Translator.

৺

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩০ সেপ্টেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ২৯ জুলাই তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৭৯ সালের ১২ আইন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইন ও রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭৭ সালের আইন ও মোকদ্দমার মিয়াদবিষয়ক ১৮৭৭ সালের আইন সংশোধনার্থ আইন।

হেতুবাদ। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইন সংশোধন করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১ ধারা। উক্ত আইনের নিম্নলিখিত অংশগুলি রহিত করা যাইবে, যথা,

১৮৭৭ সালের ১০ আইনের কোনং অংশ রহিত করা গেল।

৪ ধারায় "পঞ্জাবের আদালত বিষয়ক ১৮৬৫ সালের আইন" ও "পঞ্জাবের আপীলবিষয়ক ১৮৭৩ সালের আইন" এইং কথা ও অঙ্ক।

৫ ধারায় তৃতীয় বাক্যটী।

৫১ ধারায় "আদালতের অনুমতিক্রমে" এইং কথা।

৫২ ধারায় "ও আদালতের বাহিরে তাহা করিলে" এইং কথা হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত।

৬১ ধারায় "বিল অব একসচেঞ্জ কিম্বা ... অন্য"

৬৪ ধারায় "কিম্বা তৎপরে যত শীঘ্র হইতে পারে" এইং কথা।

৮০ ধারায় "কিম্বা সমনের নকল লইতে" এইং কথা।

৯৭ ধারায় "নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত" এইং কথা।

১১৩ ও ১৭৭ ধারায় "অন্য" এই কথা।

১১৫ ধারায় দ্বিতীয় পদটী।

১৩১ ধারায় "কোন পক্ষের আবেদনপত্রে কি লিখিত বর্ণনাপত্রে কি আফিডেবিটে কোন দলীলের উল্লেখ থাকিলে" এইং কথা; ও "আদালত এতৎ কার্য্যের নিমিত্ত যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাহার সাক্ষাৎ" এইং কথা।

১৯৯ ধারায় "এমত স্থলে" হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত।

২২১ ধারায় দ্বিতীয় পদটী।

২২৪ ধারায় "তাহার সঙ্গে" এইং কথা।

২৩০ ধারার ৩ ও ৪ পদে "সেই প্রার্থনানুসারে উপযুক্ত যত্নক্রমে সেই ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন করিবার উদ্যোগ হইয়াছে আদালত ইহা হৃষ্টোধমতে না জা. নিলে," "গ্রাহ্য হইবে না। ও আদালত পশ্চাৎ অন্য প্রার্থনা গ্রাহ্য হওয়ার আজ্ঞা করিলে সেই ডিক্রীমতে কার্য্যসাধন করিবার উপযুক্ত যত্ন যে হইয়াছিল ঐ আজ্ঞাই ইহার সিদ্ধান্তপ্রমাণ হইবে। ঐ প্রার্থনা পশ্চাৎ করা গেলেও" এইং কথা।

২৪৬ ধারার (ঙ) প্রকরণ ও (চ) ও(ছ) অক্ষরদ্বয় ও বন্ধনী।

২৫৯ ধারায় "আদালতের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আটক রাখিয়া" এইং কথা।

৩৩৯ ধারার তৃতীয় পদে "আদালতের উপযুক্ত কার্য্যকারকের হাতে" এইং কথা।

৩৫৩ ধারায় "ঐ তফসীল প্রকাশ হওনের তারিখ অবধি তিন মাসের মধ্যে" ও "ঐ তফসীল প্রকাশ হওনের পর তিন মাসের মধ্যে" এইং কথা।

৩৫৫ ধারার দ্বিতীয় পদে "আসেধ হইতে কিম্বা বিষয় বিশেষে কারাগার হইতে" এইং কথা।

৪০৭ ধারায় "তদ্রূপ পরীক্ষা লইয়া" ও ৪০৮ ধারায় "উক্ত পরীক্ষা লইয়া" এই কথা।

৬৩৮ ধারায় "২৬১" এই অঙ্ক।

দ্বিতীয় তফসীলে "ও প্রস্তুকরণ বিষয়ে যত দূর সম্পর্ক থাকে তত দূর ৬৪৮ ধারা" এই২ কথা ও অঙ্ক।

চতুর্থ তফসীলের ১৫২ নম্বরে "জামিন দেওয়া গেলে" ও "উক্ত মোকদ্দমায় শ্রীঅমুকের সপক্ষে এত টাকার যে ডিক্রী হইয়াছিল, তোমার অনুরোধমতে তত টাকার জামিন দেওয়া গেলে" এই২ কথা।

২ ধারা। ২ ধারার "বিচার" ও "ডিক্রী" এই দুই টির যে লক্ষণ আছে, তৎপরিবর্ত্তে নিম্নলিখিত লক্ষণগুলি দিতে হইবে।—

২ ধারা সংশোধন।

"কোন দেওয়ানী আদালতে কোন স্বত্বের দাওয়া করা কি প্রতিবাদ উত্থাপন করা গেলে তদ্বিষয়ে যে মীমাংসা হয়, তদ্দারা উক্ত মীমাংসা ব্যক্তকারি আদালত সম্বন্ধে মোকদ্দমার কি আপীলের নিষ্পত্তি হইলে, উক্ত মীমাংসার রীতিমত অভিব্যক্তিকে "ডিক্রী" বলে। আবেদনপত্র অগ্রাহ্য করিবার আজ্ঞা কিম্বা হিসাব লইবার আদেশ সূচক আজ্ঞা কিম্বা ৫৮৮ ধারার নির্দ্দিষ্ট নহে এরূপ ২৪৪ ধারার লিখিত কি উল্লিখিত কোন প্রশ্নের নির্ণয় সূচক আজ্ঞা এই লক্ষণের অন্তর্গত। ৫৮৮ ধারার নির্দ্দিষ্ট কোন আজ্ঞা এই লক্ষণের অন্তর্গত নহে।

উপরি নির্দ্দিষ্ট লক্ষণ অনুযায়ি ডিক্রী ব্যতীত দেওয়ানী আদালতের কোন নিষ্পত্তির রীতিমত অভিব্যক্তিকে আজ্ঞা বলে।

"কোন ডিক্রীর কি আজ্ঞার মূল বলিয়া বিচারপতি যে কথা ব্যক্ত করেন "বিচার" শব্দে সেই কথা বুঝায়।"

ঐ ধারার "স্বাক্ষরিত" শব্দের লক্ষণে এই২ কথা সংযোগ করিতে হইবে" "এই শব্দে উল্লিখিত ব্যক্তির নামের মোহরাঙ্কিত করাও বুঝায়।"।

৩ ধারা। ৩ ধারার শেষ পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে।—

৩ ধারার সংশোধন।

"৯৯ক ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখের পূর্ব্বে যে মোকদ্দমা কি আপীল উপস্থিত করা যায় তৎসম্পর্কে ডিক্রীর পূর্ব্বে যে আনুষ্ঠানিক কার্য্য হইয়া থাকে কিম্বা ডিক্রীর পরে যে আনুষ্ঠানিক কার্য্য আরব্ধ হইয়া উক্ত তারিখে চলিতেছিল, এই আইনের কোন কথার দ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।"

৪ ধারা। ৪ ধারার যে২ স্থলে "স্থানীয় আইন" এই কথা আছে তৎ পরিবর্ত্তে "ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক ১৮৬১ সালের আইনমতে ভূত কি ভবিষ্যৎ কালে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর কি লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত আইন" এই কথা দিতে হইবে; এবং "ভূম্যধিকারির ও প্রজার" এই২ কথার পরিবর্ত্তে "ভূম্যধিকারিদের ও তাহাদের প্রজা কি কর্ম্মকারকের" এই২ কথা দিতে হইবে।

৪ ধারার সংশোধন।

(দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৪ ধারা সংশোধনার্থ) ১৮৭৮ সালের ১৮ আইন এতদ্দারা রহিত করা গেল।

৫ ধারা। ৫ ধারার প্রথম বাক্যে "আদালতেরও প্রতি" এই কথার পরে "(কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন) অন্য যে সকল আদালত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারাধিপত্যক্রমে কার্য্য করেন তৎসমুদয়েরও প্রতি" এই কথা দিতে হইবে।

৫ ধারার সংশোধন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

৬ ধারা। ১৩ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে।

১৩ ধারার সংশোধন।

"১৩ ধারা। কোন মোকদ্দমায় কি বিবাদীয় বিষয়ে স্পষ্টরূপে ও বাস্তবে যে বিষয়ের ইসু হয় উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে, সেই স্বত্বক্রমে বিবাদি সেই পক্ষদের কিম্বা তাঁহারা কি তন্মধ্যে কেহ যাঁহাদের অধীন দাওয়াদার সেই ব্যক্তিদের মধ্যে পূর্ব্বে মোকদ্দমা হইয়া উক্ত আদালত কর্ত্তৃক সেই বিষয় শুনা গিয়া তাহার চূড়ান্ত নিষ্পত্তি হইয়া থাকিলে, কোন আদালত ঐ মোকদ্দমার কি বিবাদীয় বিষয়ের বিচার করিবেন না।"

ও উক্ত ধারার প্রথম ব্যাখ্যার "স্বীকার" শব্দের পরিবর্ত্তে "গ্রাহ্য" শব্দ দিতে হইবে।

৭ ধারা। ৪৩ ধারায় "নালিশের হেতু হইতে যে দাওয়া উত্থাপন হয়" এই২ কথার পরিবর্ত্তে "নালিশের হেতু সম্পর্কে বাদির দাওয়া করিবার যে অধিকার থাকে" এই২ কথা দিতে হইবে; এবং ঐ ধারার দ্বিতীয় পদে যেস্থলে "নিমিত্ত" শব্দ আছে, তৎপরিবর্ত্তে "সম্পর্কে" এই শব্দ দিতে হইবে; ও ঐ ধারার তৃতীয় পদে "দাওয়ার" এই কথার পরিবর্ত্তে "নালিশের" হেতুর এই২ কথা দিতে হইবে।

৪৩ ধারার সংশোধন।

৮ ধারা। ৪৪ ধারার খ বিধিতে "কথিত হইলে" এই কথার পরে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, যথা

৪৪ ধারার সংশোধন।

"কিম্বা তিনি যাঁহার স্থলাভিষিক্ত সেই মৃত ব্যক্তির সহিত সংস্বষ্টভাবে তাঁহার অধিকার কি দায় যাহাতে হয় এরূপ দাওয়া হইলে।"

৯ ধারা। ৪৫ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে।—

৪৫ ধারার সংশোধন।

"দ্বিতীয় অধ্যায়ের ও ৪৪ ধারার বিধি প্রবল মানিয়া বাদী একই প্রতিবাদির বিপক্ষে কি একই প্রতিবাদিদের বিপক্ষে সংস্বষ্টভাবে একই মোকদ্দমায় নালিশের নানা হেতু সংযোগ করিতে পারিবেন, এবং বাদিদের যাহাতে সংস্বষ্টভাবের স্বার্থ আছে একই প্রতিবাদির বিপক্ষে কি একই প্রতিবাদিদের বিপক্ষে সংস্বষ্টভাবে বাদিদের নালিশের এরূপ নানা হেতু থাকিলে, তাঁহারা একই মোকদ্দমায় নালিশের সেই২ হেতু সংযোগ করিতে পারিবেন।"

ঐ ধারার দ্বিতীয় পদে "প্রতিবাদির প্রার্থনামতে" এই২ কথার পরিবর্ত্তে "কোন প্রতিবাদির প্রার্থনামতে কিম্বা পক্ষেরা সম্মত হইলে, পরে মোকদ্দমা চলিবার অন্য কোন সময়ে" এই২ কথা দিতে হইবে।

১০ ধারা। [ইংরাজীতে যে শব্দ পরিবর্ত্তনের আদেশ হইল, বঙ্গভাষায় তাহা করিবার প্রয়োজন নাই।]

১১ ধারা। ৫১ ধারায় এই উপবিধি সংযোগ করিতে হইবে।—

৫১ ধারার সংশোধন।

"পরন্তু বাদী উপস্থিত না থাকায় বা অন্য বিশিষ্ট কারণে আবেদনপত্রে স্বাক্ষর করিতে না পারিলে, তাঁহার পক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক তাহাতে স্বাক্ষর করিতে পারিবেন।"

১২ ধারা। [ইংরাজী ভাষায় যেং শব্দ পরিবর্ত্তনের আদেশ হইল, বঙ্গভাষায় তাহা করিবার প্রয়োজন নাই।]

১৩ ধারা। ৫৮ ধারায় "উপস্থিত করিলে" এই শব্দের পরিবর্ত্তে "উপস্থিত করাইলে" এই কথা দিতে হইবে।

৫৮ ধারার সংশোধন।

১৪ ধারা। ৬৮ ধারায় "বিচার্য্য" পদের পরিবর্ত্তে "জ্ঞাত" শব্দটী দিতে হইবে।

৬৮ ধারার সংশোধন।

১৫ ধারা। ৯৩ ধারায় ও ৯৫ ও ৩৯৭ ধারার "পূর্ব্বে" শব্দের পরে "আদালত যে সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে" এইং কথা দিতে হইবে।

৯৩ও৯৫ও৩৯৭ ধারার সংশোধন।

১৬ ধারা। ৯৯ ধারার পরে পশ্চাল্লিখিত ধারাটী দিতে হইবে:—

৯৯ধারার যাহা সংযোগ করিতে হইবে।

"৯৯ক ধারা। ১৮৭৭ সালের অক্টোবর মাসের ১ তারিখের পূর্ব্বে কি পরে প্রতিবাদিকে কি কএক জন প্রতিবাদির মধ্যে এক জনকে যে সমন দেওয়া যায় তাহা জারী না হইয়া ফিরিয়া আইলে, উক্তরূপ ফিরিয়া আসিবার তারিখ অবধি একবৎসর মধ্যে যদি বাদী নূতন সমন বাহির হইবার প্রার্থনা না করেন ও আদালতের হৃদ্বোধ না জন্মান যে, যে প্রতিবাদির উপর সমন জারী হয় নাই তাহার বাসস্থান আবিষ্কার করিবার নিমিত্ত যথাসাধ্য যত্ন করিয়াছেন, কিম্বা উক্ত প্রতিবাদী পরওয়ানা জারী করণ এড়াইয়া বেড়াইতেছে, তাহা হইলে আদালত উক্ত প্রতিবাদির বিরুদ্ধ মোকদ্দমা ডিসমিস করিতে পারিবেন।

সমন জারী না হইয়া ফিরিয়া আসিবার পর বাদী এক বৎসর মধ্যে নূতন সমনের প্রার্থনা না করিলে, মোকদ্দমা ডিসমিস হইবার কথা।

"এরূপ স্থলে বাদী মিয়াদের আইনের বিধান মানিয়া নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।"

১৭ ধারা। ১০৮ ধারার প্রথম পদে "১০০ ধারামতে" এইং কথা ও অঙ্ক উঠাইয়া দিতে হইবে; এবং ঐ ধারার দ্বিতীয় পদে "আদালতের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করা গেলে" এই কথার পরিবর্ত্তে "কিম্বা সমন নিয়মিতরূপে জারী করা হয় নাই, প্রতিবাদী আদালতের এরূপ হৃদ্বোধ জন্মাইয়া দিলে" এইং কথা দিতে হইবে।

১০৮ ধারার সংশোধন।

১৮ ধারা। ১৩১ ধারার প্রথম পদে "অন্য পক্ষ" এই কথার পরিবর্ত্তে 'অন্য কোন পক্ষ" এই কথা ও "ঐ দলীল" এই কথার পরিবর্ত্তে "কোন নির্দ্দিষ্ট দলীল" এইং কথা দিতে হইবে।

১৩১ ধারার সংশোধন।

১৯ ধারা। ১৩৬ ধারার প্রথম ও তৃতীয় পদে "কিম্বা দলীল" এই শব্দের পরে "উপস্থিত করাইবার কি" ও দ্বিতীয় পদে "দলীল" শব্দের পরে "উপস্থিত করাইতে কি" এইং কথা দিতে হইবে।

১৩৬ধারার সংশোধন।

২০ ধারা। ১৩৯ ধারায় "১৩৮ ধারামতে যে দলীল উপস্থিত করিবার আজ্ঞা হয় কোন পক্ষের অধিকারগত কিম্বা ক্ষমতাধীন এমত দলীল উপস্থিত না করা গেলে' এইং কথার পরিবর্ত্তে "কোন পক্ষের অধিকারগত কিম্বা ক্ষমতাধীন যে দলীল ১৩৮ ধারার আদেশমতে উপস্থিত করা উচিত ছিল, তাহা উপস্থিত না করা গেলে" এইং কথা দিতে হইবে।

১৩৯ ধারার সংশোধন।

২১ ধারা। ২০৭ ধারায় "যদি" হইতে শেষ পর্য্যন্ত সমুদয় কথার পরিবর্ত্তে নিম্নলিখিত কথা গুলি দিতে হইবে. যথা, "ডিক্রীতে সেই সীমা ও নম্বর বিশেষ করিয়া লিখিতে হইবে।"

২০৭ ধারার সংশোধন।

২২ ধারা। ২১১ ধারায় "ভূমির কিম্বা অন্য যে সম্পত্তি হইতে খাজানা কি অন্য লভ্য পাওয়া যায় সেই সম্পত্তির নিমিত্ত" এইং কথার পরিবর্ত্তে "যে স্থাবর সম্পত্তি হইতে খাজানা কি অন্য লভ্য পাওয়া যায় তাহার অধিকার পুনঃপ্রাপ্তির নিমিত্ত" এইং কথা দিতে হইবে, ও উক্ত ধারায় "ওয়াসীলাৎ শব্দে" এইং কথার পরে "সুদসমেত" এই কথা দিতে হইবে; এবং ২১২ ধারায় "স্থাবর সম্পত্তির নিমিত্ত" এইং কথার পরিবর্ত্তে "স্থাবর সম্পত্তির অধিকার পুনঃপ্রাপ্তির নিমিত্ত" এইং কথা দিতে হইবে।

২১১ ও ২১২ ধারার সংশোধন।

২৩ ধারা। ২১৫ ধারার পরে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।

২১৫ ধারায় যাহা যোগ করিতে হইবে।

"২১৫ক ধারা। কোন মুখ্য ব্যক্তি ও তাহার কর্ম্মকারকের মধ্যে যে অর্থ সম্বন্ধীয় কার্য্য চলে তাহার হিসাব পাইবার নিমিত্ত মোকদ্দমা হইলে, এবং যেপূর্ব্বে সকল মোকদ্দমা সংক্রান্ত বিধান করা যায় নাই, সেই সকল মোকদ্দমায় কোন পক্ষের পাওনা কি দেনা টাকার পরিমাণ নির্ণয় করণার্থে হিসাব লইবার প্রয়োজন হইলে আদালত ডিক্রী করিবার পূর্ব্বে, যেরূপ হিসাব লওয়া উচিত বোধ করেন, সেই রূপ হিসাব লইবার আদেশসূচক আজ্ঞা করিবেন।"

হিসাব পাইবার নিমিত্ত মুখ্য ব্যক্তি ও কর্ম্মকারকের মধ্যে মোকদ্দমার কথা।

২৪ ধারা। ২২০ ধারার নিম্নলিখিত কথাগুলি সংযোগ করিতে হইবে, যথা, "এই আইনমতে খরচ সম্বন্ধে যে প্রত্যেক আজ্ঞা করা যায়, তাহা ডিক্রীর অঙ্গস্বরূপ না হইলে টাকার ডিক্রী ন্যায় জারী করা যাইতে পারিবে।",

২২০ধারার সংশোধন।

২৫ ধারা। ২২৩ ধারা (খ) প্রকরণে "তাহা যে জিলার অন্তর্গত থাকে, ডিক্রীর মধ্যে সেই জিলার" এইং কথার পরিবর্ত্তে "ডিক্রী মধ্যে সেই আদালতের বিচাধীন স্থানের" এইং কথা দিতে হইবে; এবং উক্ত ধারার শেষ পদের পূর্ব্ব পদে "ঐ স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে" এইং কথার পরিবর্ত্তে "কলিকাতার কি স্থল বিশেষ মান্দ্রাজের কি বোম্বাইয়ের কি রাঙ্গুনের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে" এইং কথা দিতে হইবে।

২২৩ধারার সংশোধন।

২৬ ধারা। ২২৯ ধারায় "ভারতবর্ষের অন্তর্গত অন্তদেশীয় কোন রাজার দেশে কি রাজ্যাধিকারে" এইং কথার পরিবর্ত্তে "ভিন্ন দেশীয় কোন রাজার দেশে কি রাজ্যাধিকারে" এইং কথা দিতে হইবে।

২২৯ ধারার সংশোধন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

২৭ ধারা। ২৩০ ধারার (খ) প্রকরণে "কিস্তীবন্দি করিয়া টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা হইলে, প্রার্থক যে কিস্তী লক্ষ করিয়া ডিক্রীপ্রবল করাইতে, চেষ্টা করেন সেই কিস্তির" এইং কথার পরিবর্ত্তে "নির্দ্দিষ্ট তারিখে কোন টাকা দিবার কি কোন সম্পত্তির সমর্পণ করিবার আজ্ঞা হইলে প্রার্থক যে টাকা কি সম্পত্তি লক্ষ করিয়া ডিক্রী প্রবল করাইতে চেষ্টা করেন সেই" এইং কথা দিতে হইবে।

২৩০ ধারার সংশোধন।

২৮ ধারা। ২৩২ ধারার দ্বিতীয় উপবিধিতে "ডিক্রী" এই শব্দের পূর্ব্বে "টাকার" এই শব্দটী দিতে হইবে।

২৩২ ধারার সংশোধন।

২৯ ধারা। ২৩৫ ধারার "আবেদনপত্রে সত্যকরণের কথা লিখিবার পূর্ব্বলিখিত বিধানানুসারে" এইং কথার পরিবর্ত্তে "প্রার্থকের, কিম্বা অন্য কোন ব্যক্তি মোকদ্দমার বৃত্তান্ত অবগত আছেন আদালতের হুকুমমতে এরূপ প্রমাণ দেওয়া গেলে, আদালতের অনুমতিক্রমে ঐ অন্য ব্যক্তির" এইং কথা দিতে হইবে।

২৩৫ ধারার সংশোধন।

৩০ ধারা। ২৩৬ ও ২৩৭ ধারার "ক্রোক করিবার প্রার্থনা হইলে" এইং কথার পরিবর্ত্তে "ক্রোক করিবার নিমিত্ত প্রার্থনা করা গেলে" এইং কথা দিতে হইবে।

২৩৬ ও ২৩৭ ধারার সংশোধন।

৩১ ধারা। ২৪৪ ধারার (গ) প্রকরণে "ডিক্রীজারী করণ" এই শব্দের পরে "কি ডিক্রী হইতে মুক্ত করণ কি ডিক্রীমতে কার্য্য করণ" এইং কথা দিতে হইবে।

২৪৪ ধারার সংশোধন।

৩২ ধারা। ২৪৫ ধারার প্রথম বাক্যের পরিবর্ত্তে নিম্নলিখিত বাক্যটি দিতে হইবে, যথা, "আদালত ডিক্রীজারী করিবার প্রার্থনাপত্র পাইলে, ২৩৫ ও ২৩৬ ও ২৩৭ ও ২৩৮ ধারার যে যে আদেশ ঐ মোকদ্দমার প্রতি বর্ত্তে সেইং আদেশ পালন হইয়াছে কি না ইহা নির্ণয় করিবেন, এবং ঐং আদেশ পালন করা না হইয়া থাকিলে আদালত প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে কিম্বা উক্ত আদেশ পালন নিমিত্ত ফিরাইয়া দিতে কিম্বা তৎকালে ও তৎস্থানেই কিম্বা আদালত যে সময় ধার্য্য করেন সেই সময় মধ্যে সংশোধন করিয়া দিবার অনুমতি করিতে পারিবেন।"

২৪৫ ধারার সংশোধন।

৩৩ ধারা। ২৪৭ ধারার প্রথম ব্যাখ্যার পরিবর্ত্তে নিম্নলিখিত ব্যাখ্যাটী দিতে হইবে, যথা,

২৪৭ ধারার সংশোধন।

"প্রথম ব্যাখ্যা।—যে যে ডিক্রী একই সময়ে ও একই আদালতদ্বারা জারী করা যাইতে পারে সেই সেই ডিক্রী এই ধারার লক্ষ্য।"

দ্বিতীয় ব্যাখ্যায় "নিরূপণক্রমে প্রাপ্তব্যক্তির" এই শব্দের পরে "ডিক্রীমত ঋণের" এইং শব্দ প্রয়োগ করিতে হইবে।

৩৪ ধারা। ২৫২ ধারার "তদ্রূপ কোন সম্পত্তি পাওয়া যাইতে না পারিলে" এইং কথার পরিবর্ত্তে "তদ্রূপ কোন সম্পত্তি ডিক্রীমত খাতকের অধিকারে না থাকিলে" এইং কথা দিতে হইবে।

২৫২ ধারার সংশোধন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

৩৫ ধারা। ২৫৭ ধারার পর নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

২৫৭ ধারার বাহ্য যোগ করিতে হইবে।

"২৫৭ ক ধারা। প্রকৃতি না থাকিলে ও যে আদালত ডিক্রী দেন তাঁহার অনুমতি না হইলে ও উক্ত আদালত ঐ প্রকৃতি ভাবগতিক বিবেচনায় যুক্তিসঙ্গত জ্ঞান না করিলে, ডিক্রীমত ঋণ পরিশোধার্থে সময় দিবার যে প্রত্যেক চুক্তি করা যায়, তাহা অসিদ্ধ হইবে।

ডিক্রীমত খাতককে সময় দিবার চুক্তির কথা।

"ডিক্রীমতে যত টাকা পাওনা থাকে কি হয়, ডিক্রীমত ঋণ পরিশোধার্থে স্পষ্টরূপে কি চক্রান্তে তদতিরিক্ত টাকা দিবার প্রত্যেক চুক্তি পূর্ব্বোক্তরূপ অনুমতি না লইয়া করা গেলে অসিদ্ধ হইবে।

ডিক্রীমত ঋণ পরিশোধার্থ চুক্তির কথা।

"এই ধারার বিধান লংঘন করিয়া কোন টাকা দেওয়া গেলে, ডিক্রীমত ঋণ পরিশোধার্থে তাহা প্রয়োগ করা যাইবে; এবং কিছু উদ্বৃত্ত থাকিলে, ডিক্রীমত খাতক তাহা ফিরিয়া পাইতে পারিবেন।"

৩৬ ধারা। ২৫৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

২৫৮ ধারার সংশোধন।

"২৫৮ ধারা। ডিক্রীমতে দেয় কোন টাকা আদালতের বাহিরে দেওয়া গিয়া থাকিলে কিম্বা ডিক্রীদারের হুকুমমতে ডিক্রী সম্পূর্ণরূপে কি অংশতঃ অন্য প্রকারে মিটাইয়া দেওয়া গেলে, কিম্বা ২৫৭ক ধারার লিখিত প্রকারের চুক্তিমতে কোন টাকা দেওয়া গেলে ঐ ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য ডিক্রীদার সেই আদালতে ঐ টাকা দেওয়ার কি মিটাইয়া দেওয়ার সর্টিফিকেট দিবেন।

ডিক্রীদারকে টাকা দিবার কথা।

"ডিক্রীমত খাতকও তদ্রূপ দেওয়ার কি মিটাইয়া দেওয়ার সংবাদ আদালতে দিয়া ডিক্রীদারের প্রতি এই মর্ম্মের নোটিস জারী হইবার প্রার্থনা করিতে পারিবেন যে সর্টিফিকেট পাওয়া গেল বলিয়া উক্ত দেওয়া কি মিটাইয়া দেওয়া কেন লিপিবদ্ধ করা যাইবে না, আদালত যে দিন অবধারিত করেন, সেই দিনে ডিক্রীদার ইহার কারণ দেখান; এবং উক্ত নোটিস নিয়মিতরূপে জারী করা গেলে ডিক্রীদার যদি অবধারিত দিনে উপস্থিত না হন, কিম্বা সর্টিফিকেট পাওয়া গেল বলিয়া উক্ত দেওয়া কি মিটাইয়া দেওয়া কেন লিপিবদ্ধ করা যাইবে না, উপস্থিত হইয়াও যদি ইহার কারণ দেখাইতে না পারেন, তবে আদালত তাহা লিপিবদ্ধ করিবেন।

"পূর্ব্বোক্তরূপে সর্টিফিকেট দেওয়া না গেলে, তদ্রূপ দেওয়া কি মিটাইয়া দেওয়া কোন আদালতে গ্রাহ্য হইবে না।"

৩৭ ধারা। ২৫৯ ধারার দ্বিতীয় পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদদ্বয় দিতে হইবে;

২৫৯ ধারার সংশোধন।

"এই ধারামত ক্রোক ছয় মাস প্রবল থাকিলেও যদি ডিক্রীমত খাতক ডিক্রীর আজ্ঞা পালন না করিয়া থাকেন ও ডিক্রীদার ঐ ক্রোকী সম্পত্তি বিক্রয়ার্থে প্রার্থনা করিয়া থাকেন তবে উক্ত সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে, এবং তদুৎপন্ন টাকা হইতে আদালত ডিক্রীদারকে ২০৮

প্রার্থনামতে টাকা ধার্য্য হইয়া থাকিলে ঐ টাকা ও স্থলান্তরে ক্ষতিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত বোধ করেন তত টাকা দিতে পারিবেন, এবং উদ্বৃত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাহা তাঁহাকে দিবেন।

"যদি ডিক্রীমত খাতক ডিক্রীর আজ্ঞা পালন করিয়া থাকেন ও ডিক্রীদারের যে সকল খরচা দিতে বাধ্য ছিলেন তৎসমুদয় দিয়া থাকেন কিম্বা ক্রোক করণের তারিখ অবধি ছয় মাসের শেষ পর্য্যন্ত ঐ সম্পত্তি বিক্রয়ের প্রার্থনা না করা গিয়া থাকে কিম্বা প্রার্থনা হইলে, তাহা গ্রাহ্য না হইয়া থাকে, তবে ক্রোক শেষ হইয়া যাইবে।"

৩৮ ধারা। ২৬০ ধারার প্রথম পদে "কার্য্য-সম্পাদন করিবার" এই কথার পরে "কিম্বা কার্য্যহইতে নিবৃত্ত হইবার" এই কথা দিতে হইবে; এবং দ্বিতীয় পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদদ্বয় দিতে হইবে:—

২৬০ ধারার সংশোধন।

"এই ধারামত ক্রোক এক বৎসর প্রবল থাকিলেও যদি ডিক্রীমত খাতক ডিক্রীর আজ্ঞা পালন না করিয়া থাকেন ও ডিক্রীদার ক্রোকী সম্পত্তি বিক্রয়ের জন্য প্রার্থনা করিয়া থাকেন, ঐ সম্পত্তি বিক্রয় করা যাইতে পারিবে এবং তদুৎপন্ন টাকা হইতে আদালত ডিক্রীদারকে ক্ষতিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত বোধ করেন তত টাকা দিতে পারিবেন, এবং উদ্বৃত্ত থাকিলে ডিক্রীমত খাতকের প্রার্থনামতে তাহা তাঁহাকে দিতে পারিবেন।"

"যদি ডিক্রীমত খাতক ডিক্রীর আজ্ঞা পালন করিয়া থাকেন ও যে সকল খরচা দিতে বাধ্য ছিলেন তৎসমুদয় দিয়া থাকেন কিম্বা ক্রোক করণের তারিখ অবধি এক বৎসরের শেষ পর্য্যন্ত ঐ সম্পত্তি বিক্রয়ের প্রার্থনা করা গিয়া তাহা গ্রাহ্য হইয়া না থাকে তবে ক্রোক শেষ হইয়া যাইবে।"

৩৯ ধারা। ২৬৪ ধারার "স্বত্ব আছে" এই কথার পরে "ও যিনি ডিক্রীক্রমে উক্ত অধিকার পরিত্যাগ করিতে বাধ্য নহেন" এইং কথা দিতে হইবে।

২৬৪ ধারার সংশোধন।

৪০ ধারা। ২৬৫ ধারার "ডিক্রী হইলে" এই কথার পরে "উক্ত মহাল বণ্টন করিবার কিম্বা মহালের ভিন্নং অংশের স্বতন্ত্র অধিকার দিবার সম্বন্ধে যৎকালে যে বিধি বলবৎ থাকে সেই বিধিমতে" এইং কথা দিতে হইবে।

২৬৫ ধারার সংশোধন।

৪১ ধারা। ২৬৮ ধারার শেষ পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদ গুলি দিতে হইবে।

২৬৮ ধারার সংশোধন।

"রাজকীয় কর্ম্মচারী কি কোন রেলওয়ে কোম্পানির চাকর হইলে, যে কার্য্যকারক বেতন দেন তাঁহাকে লিখিত আজ্ঞা দিয়া, ক্রোক কার্য্য সমাধা হইবে। ঐ আজ্ঞা দ্বারা আদালত বেতনের যে অংশ রাখিতে বলেন, যাবৎ আদালতের অন্য আজ্ঞা না হয়, মাসেং সেই অংশ রাখিতে হইবে।

"উক্তরূপ প্রত্যেক আজ্ঞার এক কেতা নকল আদালত ঘরের কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া দেওয়া যাইবে এবং যে কার্য্যকারককে উক্ত আজ্ঞা দেওয়া যায় তাঁহার উপরও জারী করা যাইবে।

"তদ্রূপ কার্য্যকারক উক্তরূপে যে কোন অংশ রাখেন তাহা সময়েং আদালতে দিতে পারিবেন, ও তদ্রূপে দিলে গবর্ণমেণ্ট কি স্থলবিশেষে রেলওয়ে কোম্পানি ডিক্রীমত খাতককে দিবার ন্যায় বলবৎরূপে মুক্ত হইবেন।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

৪২ ধারা। ২৭১ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে।

২৭১ ধারার সংশোধন।

"২৭১ ধারা। এই আইনমত কোন পরওয়ানার অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা কি অনুমতি থাকিলে, যে ব্যক্তি সেই পরওয়ানা জারী করেন, তিনি সূর্য্যাস্তের পর ও সূর্য্যোদয়ের পূর্ব্বে কোন বাসগৃহে প্রবেশ করিবেন না, কিম্বা কোন বাসগৃহের বহির্দ্বার ভাঙ্গিয়া খুলিবেন না। কিন্তু তদ্রূপ কোন ব্যক্তি নিয়মিতরূপে কোন বাসগৃহে প্রবেশ করিতে পারিলে, ঐ গৃহের কোন ঘরের মধ্যে তদ্রূপ কোন সম্পত্তি আছে তাঁহার এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে, তিনি ঐ ঘরের দ্বার বন্ধনমুক্ত করিয়া খুলিতে পারিবেন।

ঘরের মধ্যে দ্রব্য ধৃত করণ বিষয়ক কথা।

৪৩ ধারা। ২৮৯ ধারার প্রথম পদে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, যথা "ও তাহার এককেতা নকল আদালত ঘরে ও, গবর্ণমেণ্টের রাজস্বদায়ী ভূমি হইলে, কালেক্টর সাহেবের কাছারীতেও লাগাইয়া দেওয়া যাইবে; এবং ২৯০ ধারায় "ঐ জ্ঞাপনপত্র লাগাইয়া দিবার" এইং কথার পরিবর্ত্তে "ঘোষণাপত্রের নকল লাগাইয়া দিবার" এইং কথা দিতে হইবে।

২৮৯ ও ২৯০ ধারার সংশোধন।

৪৪ ধারা। ২৯১ ধারায় "যে কার্য্যকারক এই অধ্যায়মত নীলামের কার্য্য চালান" এইং কথার পরিবর্ত্তে "আদালত আপন বিবেচনামতে এই অধ্যায়মত কালেক্টর সাহেবের নীলাম ভিন্ন কোন নীলাম নির্দ্দিষ্ট তারিখ ও ঘণ্টা পর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন, এবং যে কার্য্যকারক তদ্রূপ কোন নীলামের কার্য্য চালান" এইং কথা দিতে হইবে; এবং ঐ ধারার উপবিধির পর নিম্নলিখিত বাক্যটী দিতে হইবে, যথা,

২৯১ ধারার সংশোধন।

'এই ধারামতে সাত দিনের অধিক কাল নীলাম স্থগিত রাখা গেলে, ২৮৯ ধারামতে নূতন ঘোষণাপত্র প্রচার করিতে হইবে; কিন্তু ডিক্রীমত খাতক সম্মত হইলে এরূপ করিতে হইবে না"।

৪৫ ধারা। ২৯৪ ধারায় নিম্নলিখিত পদটী সংযোগ করিতে হইবে, যথা,

২৯৪ ধারার সংশোধন।

"তদ্রূপ অনুমতি ব্যতিরেকে ডিক্রীদার স্বয়ং কি অন্য কোন ব্যক্তিদ্বারা ক্রয় করিলে, আদালত উচিত বোধ করিলে ডিক্রীমত খাতকের কিম্বা ঐ বিক্রয়ে যাঁহার স্বার্থ থাকে এরূপ অন্য কোন ব্যক্তির প্রার্থনামতে আজ্ঞা দিয়া বিক্রয় অসিদ্ধ করিতে পারিবেন; ও তদ্রূপ প্রার্থনার ও আজ্ঞার খরচা ও পুনর্ব্বিক্রয়ে মূল্যের যে ন্যূনতা ঘটে তাহা ও তৎসংক্রান্ত সমুদয় ব্যয়ের টাকা ডিক্রীদারের দিতে হইবে।

৪৬ ধারা। ২৯৫ ধারার প্রথম উপবিধিতে "লভ্যপ্রাপ্ত ব্যক্তি" এইং কথার পরে "ঐ বন্ধক গ্রহীতা কি ঐ ব্যক্তি স্বরূপে" এইং কথা দিতে হইবে।

২৯৫ ধারার সংশোধন।

ও দ্বিতীয় উপবিধির পর নিম্নলিখিত কথাগুলি দিতে হইবে।

"কোন দায় পরিশোধার্থ বিক্রয়ের আজ্ঞাসূচক ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তি বিক্রীত হইলে, বিক্রয়োৎপন্ন টাকা পশ্চালিখিতরূপে প্রয়োগ করা যাইবে;

প্রথমতঃ বিক্রয়ের খরচা দিতে হইবে;

দ্বিতীয়তঃ উক্ত দায়ের সুদ ও আসল যত দেয় হয় তাহা পরিশোধ করিতে হইবে;

তৃতীয়তঃ পরবর্ত্তি কোন দায় থাকিলে তৎক্রমে দেয় সুদ ও আসল টাকা পরিশোধ করিতে হইবে; ও

চতুর্থতঃ ডিক্রীমত খাতকের বিরুদ্ধে টাকার ডিক্রী পাইয়া যে সকল ডিক্রীদার উক্ত সম্পত্তি বিক্রয় হইবার পূর্ব্বে তদ্রূপ বিক্রয়ের আজ্ঞাসূচক ডিক্রী যে আদালত দেন সেই আদালতে আপন২ ডিক্রীজারী হইবার প্রার্থনা করিয়া ডিক্রীর টাকা প্রাপ্ত হন নাই" তাঁহাদের মধ্যে হারাহারিমতে ঐ টাকা ভাগ করিয়া দিতে হইবে।"

৪৭ ধারা। ৩০৫ ধারার দ্বিতীয় পদে "সময়ের মধ্যে" এই২ কথার পরে "২৭৬ ধারালিখিত অন্যপ্রকারের বিধান স্বত্ত্বেও" এই২ কথা দিতে হইবে; শেষ পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে, যথা,

৩০৫ ধারার সংশোধন।

"কিন্তু আদালতকর্ত্তৃক দৃঢ় করা না গেলে, এই ধারামত কোন বন্ধক কি পাট্টা কি বিক্রয় একেবারে সিদ্ধ হইবে না।"

৪৮ ধারা। ৩১৪ ধারায় "স্থাবর সম্পত্তির" এই২ কথার পূর্ব্বে "ডিক্রী জারী ক্রমে" এই২ কথা দিতে হইবে।

৩১৪ ধারার সংশোধন।

৪৯ ধারা। ৩১৬ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।

৩১৬ ধারার সংশোধন।

"৩১৬ ধারা। স্থাবর সম্পত্তির বিক্রয় পূর্ব্বোক্তমতে সিদ্ধ করা গেলে, আদালত সার্টিফিকেট দিবেন; তাহাতে বিক্রীত সম্পত্তির বর্ণনা ও নীলামের সময়ে যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় তাঁহার নাম লেখা থাকিবে। বিক্রয় যে তারিখে দৃঢ় করা যায় ঐ সার্টিফিকেটে সেই তারিখ লেখা যাইবে; এবং মোকদ্দমায় উভয় পক্ষের ও তাঁহাদের অধীন দাওয়াদারদের সহিত যতদূর সম্পর্ক থাকে, বিক্রীত সম্পত্তির স্বত্ব বিক্রেতার প্রতি উক্ত সার্টিফিকেটের তারিখ অবধি বর্ত্তিবে, তৎপূর্ব্বে নহে। কিন্তু এরূপস্থলে আবশ্যক যে, যে ডিক্রীক্রমে নীলাম হয়, তাহা উক্ত তারিখে বলবৎ থাকে।"

স্থাবর সম্পত্তির ক্রেতাকে সার্টিফিকেট দিবার কথা।

৫০ ধারা। ৩২০ ধারার দ্বিতীয় পদে "আছে" এই কথার পর "ইতিপূর্ব্বে প্রকারান্তরের কথা থাকিলেও" এই২ কথা দিতে হইবে; এবং ৩২০ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি দিতে হইবে:—

৩২০ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার সংশোধন।

"৩২১ ধারা। ডিক্রীজারী করণ কার্য্য তদ্রূপে হস্তান্তর করা গেলে, কালেক্টর সাহেব,

ডিক্রীজারী করণ কার্য্য তদ্রূপে হস্তান্তর করা গেলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

(ক) আদালত ৩০৫ ধারামতে যে প্রণালীতে কার্য্য করিতেন সেই প্রণালীতে কার্য্য করিতে পারিবেন; কিম্বা

(খ) যে সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা হইয়াছে সেই সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ পণ গ্রহণ পূর্ব্বক, চিরকালের কি নির্দিষ্ট মিয়াদের নিমিত্ত পাট্টা করিয়া দিয়া, কিম্বা বন্ধক রাখিয়া, টাকা তুলিতে পারিবেন; কিম্বা

(গ) যে সম্পত্তি বিক্রয়ের আজ্ঞা হয়, সেই সম্পত্তি কিম্বা তাহার যে অংশ আবশ্যক হয় বিক্রয় করিতে পারিবেন।

"৩২২ ধারা। কোন স্থাবর সম্পত্তির প্রতি নির্দিষ্ট যে চুক্তি বর্ত্তে তদনুসারে ঐ সম্পত্তি বিক্রয় করণের আজ্ঞাসূচক ডিক্রী না হইয়া, টাকার ডিক্রী হইলে, ও সেই ডিক্রী সাধন করিবার জন্যে আদালত স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা করিলে, যদি সেই ডিক্রী জারীর কার্য্য উক্ত প্রকারে হস্তান্তর করা যায়, তবে ডিক্রীমত খাতকের সমুদয় সম্পত্তি বিক্রয় না করিলেও তাহার ডিক্রীমত ঋণ শোধ হইতে পারে, কালেক্টর সাহেব যেরূপ তদন্ত লওয়া আবশ্যক বোধ করেন তদ্রূপ তদন্ত লইয়া তাহার এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে, তিনি পশ্চাল্লিখিত প্রণালীমতে কার্য্য করিতে পারিবেন।

ডিক্রীজারী করণ কার্য্য তদ্রূপে হস্তান্তর করা গেলে, কালেক্টর সাহেবের কার্য্য প্রণালীর কথা।

"৩২২ ক ধারা। ৩২২ ধারায় লিখিত স্থলে কালেক্টর সাহেব নোটিস প্রচার করিয়া আদেশ দিবেন যে,

ডিক্রীদারদিগকে ও সম্পত্তির উপর দাওয়াদারদিগকে নোটিস দিবার কথা।

(ক) ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি বিক্রয় দ্বারা যে ডিক্রী সাধন হইতে পারে তদ্বিরুদ্ধে এরূপ টাকার ডিক্রী যে ব্যক্তির আছে, সেই ডিক্রীদার, তদ্রূপে সেই ডিক্রীসাধন করিবার ইচ্ছা যদি করেন, এবং যে টাকার ডিক্রীর সাধননিমিত্ত উক্ত সম্পত্তি বিক্রয় করিবার আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত থাকে সেই ডিক্রীদার, ডিক্রীর নকল ও যে আদালত ডিক্রী দিয়াছেন কি তাহা সাধন করিতেছেন তদক্রমে প্রাপ্য টাকার নির্দেশক সেই আদালতের সার্টিফিকেট কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করেন;

(খ) যে প্রত্যেক ব্যক্তির উক্ত সম্পত্তির উপর দাওয়া আছে, তিনি উক্ত দাওয়ার বর্ণনাপত্র কালেক্টর সাহেবকে দেন ও তাহার প্রমাণস্বরূপ কোন দলীল থাকিলে তাহা উপস্থিত করেন।

উক্ত নোটিস জিলার চলিত ভাষায় লেখা যাইবে এবং তাহা প্রচার হইবার তারিখ অবধি ষাইট দিনের মধ্যে তদনুসারে কার্য্য হইবার সময় দেওয়া যাইবে। যে আদালত ৩০৪ ধারামতে মূল আজ্ঞা করেন, ঐ নোটিস সেই আদালত ঘরে ও কালেক্টর সাহেব অন্য২ স্থান উপযুক্ত বোধ করিলে, সেই২ স্থানে, লাগাইয়া, প্রচার করা যাইবে। তদ্রূপ কোন ডিক্রীদারের কি দাওয়াদারের ঠিকানা জানা থাকিলে, নোটিসের এক কেতা নকল ডাকযোগে কি প্রকারান্তরে তাহার নিকটে পাঠান যাইবে।

"৩২২খ ধারা। উক্ত সময় গত হইলে, ডিক্রীমত খাতক ও ডিক্রীদার কি দাওয়াদার থাকিলে তাঁহারা যেং কথা বলিতে চাহেন তাহা শুনিবার নিমিত্ত, এবং উক্ত ডিক্রীর ও দাওয়ার ভাব ও পরিমাণ ও ডিক্রীমত খাতকের

টাকার ডিক্রীর পরিমাণ নির্ণয় করিবার ও তৎপরিশোধার্থে যে স্থাবর সম্পত্তি থাকে তাহার কথা।

স্থাবর সম্পত্তির বিষয় অবগত হওনার্থে যে তদন্ত লওয়া আবশ্যক জ্ঞান হয় সেই তদন্ত লইবার নিমিত্ত, কালেক্টর সাহেব দিন ধার্য্য করিবেন, ও সময়ে ২ ঐ শ্রবণ কি তদন্ত কার্য্য স্থগিত রাখিতে পারিবেন।

কালেক্টর সাহেব যে সকল ডিক্রীর কি দাওয়ার কথা অবগত হন ডিক্রীমত খাতকের তৎসম্পর্কীয় দায়ের সত্ত্বা কি পরিমাণ সম্বন্ধে, কিম্বা ঐ ২ ডিক্রীর কি দাওয়ার আপেক্ষিক পূর্ব্ববর্ত্তিতা সম্বন্ধে কিম্বা ঐ ২ ডিক্রী কি দাওয়া পরিশোধার্থে তদ্রূপ কোন সম্পত্তির দায়সম্বন্ধে কোন বিবাদ না থাকিলে, কালেক্টর সাহেব এক খণ্ড বিবরণ পত্র প্রস্তুত করিবেন; তাহাতে ঐ২ ডিক্রী পরিশোধার্থে যত টাকা দিতে হইবে, যে ক্রমে ঐ ২ ডিক্রী ও দাওয়া পরিশোধ করিতে হইবে, ও তদর্থে যে স্থাবর সম্পত্তি আছে, এই২ কথা লেখা থাকিবে।

তদ্রূপ কোন বিবাদ উত্থিত হইলে, যে আদালত ৩০৪ ধারামতে মূল আজ্ঞা করেন কালেক্টর সাহেব সেই আদালতে উক্ত বিবাদ অর্পণ করিবেন ও তৎসঙ্গে তাহার বর্ণনা ও আপনার মত দিবেন ও অর্পণ করণানন্তর তদ্বিষয় সম্পর্কীয় আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবেন। ঐ বিষয় আপন বিচারাধিপত্যের অন্তর্গত হইলে, উক্ত আদালত বিবাদের মীমাংসা করিবেন, নতুবা মীমাংসা নিমিত্ত উপযুক্ত আদালতে মোকদ্দমা প্রেরণ করিবেন, ও চূড়ান্ত নিষ্পত্তি কালেক্টর সাহেবকে জানান যাইবে। তাহা হইলে কালেক্টর সাহেব উক্ত নিষ্পত্তি অনুসারে উপরি নির্দ্দিষ্ট বিবরণ পত্র প্রস্তুত করিবেন।

জিলার আদালত কখন নোটিস দিবেন ও তদন্ত লইবেন, তাহার কথা।

"৩২২গ ধারা। কালেক্টর সাহেব, নিজে ৩২২ক ও ৩২২খ ধারার আদেশমতে নোটিস না দিয়া ও তদন্ত না লইয়া, ডিক্রীমত খাতকের ও তাহার স্থাবর সম্পত্তির অবস্থা কালেক্টর সাহেবের যত দূর জানা থাকে অথবা তাঁহার আফিসের কাগজপত্র দৃষ্টে যেরূপ বোধ হয় তন্নির্দ্দেশসূচক বিবরণপত্র প্রস্তুত করিয়া তাহা জিলার আদালতে পাঠাইতে পারিবেন। তাহা হইলে উক্ত আদালত নোটিস দিবেন ও তদন্ত লইবেন ও ৩২২ক ও ৩২২খ ধারার আদেশমত বিবরণপত্র প্রস্তুত করিবেন ও উক্ত বিবরণপত্র কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন।

৩২২খ কি ৩২২গ ধারামতে বিবাদ উত্থিত হইলে, আদালতের নিষ্পত্তির ফলের কথা।

"৩২২ঘ ধারা। ৩২২খ কি ৩২২গ ধারামতে কোন বিবাদ উত্থিত হইলে আদালত যে নিষ্পত্তি করেন তাহা বিবাদের উভয় পক্ষ সম্বন্ধে ডিক্রীর ন্যায় বলবৎ ও আপীলযোগ্য হইবে

টাকার ডিক্রী পরিশোধার্থে কার্য্যপ্রণালীর কথা।

"৩২৩ ধারা। যে টাকা আদায় করিতে হইবে ও যে সম্পত্তি প্রয়োগযোগ্য থাকে ৩২২খ কি ৩২২গ ধারার বিধানমতে তাহা নির্ণয় করা গেলে, কালেকটর সাহেব

(১) যদি দেখেন যে সমস্ত সম্পত্তি বিক্রয় না করিয়া উক্ত টাকা আদায় করা যায় না তবে উক্ত সম্পত্তি বিক্রয় করিতে প্রবৃত্ত হইবেন; অথবা যদি দেখেন যে ঐ টাকা ও ডিক্রীগত সুদ থাকিলে ঐ সুদ কিম্বা ডিক্রীমত সুদ না থাকিলে, তিনি যেহার যুক্তি সঙ্গত জ্ঞান করেন সেই হারে সুদ, তদ্রূপ বিক্রয় না করিয়া, আদায় করা যাইতে পারে, তবে

(২) ৩০৪ ধারামত প্রকারান্তরের আজ্ঞা থাকিলেও এই২ প্রকারে সুদসহ ঐ টাকা তুলিতে পারিবেন, অর্থাৎ

(ক) ঐ সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ, পণ গ্রহণ পূর্ব্বক চিরকালের কি নির্দ্দিষ্ট মিয়াদের নিমিত্ত পাট্টা করিয়া দিয়া, কিম্বা

(খ) ঐ সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ বন্ধক রাখিয়া, কিম্বা

(গ) ঐ সম্পত্তির একাংশ বিক্রয় করিয়া, কিম্বা

(ঘ) বিক্রয় করিবার আজ্ঞার তারিখ অবধি বিশ বৎসরের অনধিক কোন মিয়াদ পর্য্যন্ত ঐ সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ ইজারা দিয়া, কিম্বা আপনি কি অন্যের দ্বারা তাহার কার্য্যাধ্যক্ষতা করিয়া, কিম্বা

(ঙ) অংশতঃ এরূপ কোন এক প্রকারে ও অংশতঃ এরূপ অন্য কি অন্য ২ প্রকারে।

(৩) এই ধারামতে ঐ সমস্ত সম্পত্তির কি তাহার কোন অংশের কার্য্যাধ্যক্ষতা করণার্থে কালেক্টর সাহেব ঐ সম্পত্তির স্বামির সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

(৪) প্রয়োগযোগ্য সম্পত্তির কি তাহার কোন অংশের বিক্রেয় মূল্য বৃদ্ধি করিবার নিমিত্ত, কিম্বা তাহা ইজারা দেওন কার্য্যের কি কার্য্যাধ্যক্ষতার অধিকতর উপযোগী করিবার নিমিত্ত, কিম্বা কোন দায় শোধার্থ বিক্রয় হইতে তাহা রক্ষা করিবার নিমিত্ত, কালেক্টর সাহেব কোন দায় প্রাপ্তার দাওয়া পরিশোধনীয় হইলে তাহা পরিশোধ করিতে পারিবেন, কিম্বা পরিশোধনীয় হউক কি না হউক তাহার রফা করিতে পারিবেন, এবং তদ্রূপ পরিশোধ কি রফা করণার্থে ধন সংগ্রহ করিবার নিমিত্ত উক্ত সম্পত্তির যে কোন অংশ উপযুক্ত জ্ঞান করেন তাহা বন্ধক রাখিতে কি ইজারা দিতে কি বিক্রয় করিতে পারিবেন। এই প্রকরণমতে কালেক্টর সাহেব যে দায় লইয়া কার্য্য করিবার প্রস্তাব করেন, তৎক্রমে প্রাপ্য টাকা সম্বন্ধে বিবাদ উত্থিত হইলে, তিনি, হয় নিজ নামে না হয় ডিক্রীমত খাতকের নামে হিসাব পাইবার প্রার্থনা করিয়া, উপযুক্ত আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, অথবা তিনি দুই পক্ষের মনোনীত দুইজন সালীসদ্বারা কিম্বা সালীসদের নির্ব্বাচিত একজন মধ্যস্থ দ্বারা নিষ্পত্তি হইবার নিমিত্ত ঐ বিবাদ অর্পণ করিতে সম্মত হইতে পারিবেন।

রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ এতদর্থে সময়ে ২ এই আইনসঙ্গত যে বিধি প্রণয়ন করেন কালেকটর সাহেব এই ধারার (২) ও (৩) ও (৪) প্রকরণমতে কার্য্যকরণকালে সেই বিধি মানিয়া চলিবেন।

ইজারা দেওনের কিম্বা কার্য্যাধ্যক্ষতা করণের পর কোন টাকা বাকী থাকিলে তাহা আদায় করিবার কথা।

"৩২৪ ধারা। ৩২৩ ধারামত ইজারা দেওনের কি কার্য্যাধ্যক্ষতা করণের মিয়াদ অতীত হইলেও যে টাকা আদায় করিতে হইবে তাহা পাওয়া না গেলে, কালেক্টর সাহেব ডিক্রীমত খাতকের কিম্বা তাঁহার স্বার্থগত স্থলাভিষিক্তের নামে লিখিয়া তাঁহাকে সেই কথার নোটিস দিয়া, সেই সময়ে ইহাও জানাইবেন যে ঐ টাকা পূর্ণ করণার্থ বাকী যে টাকা আবশ্যক হয় তাহা ঐ নোটিসের তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে কালেক্টর সাহেবকে না দেওয়া গেলে, তিনি উক্ত সম্পত্তি কি তাহার যে অংশ প্রয়োজন হয় সেই অংশ বিক্রয় করিতে প্রবৃত্ত হইবেন। সেই

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

ছয় সপ্তাহ গত হইলেও ঐ বাকী টাকা না দেওয়া গেলে, কালেক্টর সাহেব তদনুসারে ঐ সম্পত্তি কি তাহার অংশ বিক্রয় করিবেন।

কালেক্টর সাহেবের দেওয়ানী আদালতে হিসাব দিবার কথা।

"৩২৪ক ধারা। যে আদালত ৩০৪ ধারামত মূল আজ্ঞা করেন, কালেক্টর সাহেবের হাতে যত টাকা আসে ও এই অধ্যায়ের বিধানমতে তাঁহার প্রতি যে২ ক্ষমতা প্রদত্ত ও যে২ কর্ত্তব্য ভার অর্পিত হইল সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিতে ও সেই ২ কর্ত্তব্য পালন করিতে তাঁহার যে২ খরচ হয়, তাহার হিসাব সময়ে২ তিনি সেই আদালতে দিবেন, ও বাকী টাকা উক্ত আদালতের আজ্ঞাধীন রাখিবেন।

উক্ত সম্পত্তি কি তাহার কোন অংশ সম্বন্ধে সময়ে২ গবর্ণমেণ্টে যে ঋণের ও দায়ের টাকা দেয় হয়, ও উক্ত সম্পত্তি কি তাহার অংশ সম্বন্ধে সময়ে২ উপরিস্থ প্রাধান্যরূকে যদি কিছু খাজানা দিতে হয়, ও কালেক্টর সাহেব যে সাক্ষিদের সমন দেন (তিনি আদেশ করিলে) তাহাদের যে খরচা দিতে হয়, তৎসমুদয় পূর্ব্বোক্ত খরচের অন্তর্গত হইবে।

বাকী টাকা প্রয়োগের কথা।

বাকী টাকা আদালত নিম্নলিখিতমতে প্রয়োগ করিবেন।

প্রথমতঃ—ডিক্রীমত খাতকের পরিবারের কোন ব্যক্তি উক্ত সম্পত্তির আয় হইতে ভরণপোষণ পাইবার অধিকারী হইলে তদ্রূপ প্রত্যেকের নিমিত্ত আদালত যত টাকা উচিত বোধ করেন তাহার ভরণপোষণার্থে তত টাকা দিবেন; ও

দ্বিতীয়তঃ—কালেক্টর সাহেব ৩২১ ধারামতে কার্য্য করিয়া থাকিলে, যে মূল ডিক্রী জারীক্রমে আদালত স্থাবর সম্পত্তি বিক্রয়ের আজ্ঞা দেন, সেই ডিক্রীর টাকা পরিশোধ করিবেন, কিম্বা ২৯৫ ধারামতে আদালত যেরূপ আদেশ করেন তদ্রূপ কার্য্য করিবেন; কিম্বা

তৃতীয়তঃ—কালেক্টর সাহেব ৩২২ ধারামতে কার্য্য করিয়া থাকিলে, সম্পত্তির উপর যে দায় থাকে তাহার সুদ বৃদ্ধি হইতে দিবেন না, ও ডিক্রীমত খাতকের জীবিকা নির্ব্বাহের অন্য উপযুক্ত উপায় না থাকিলে তাহার জীবিকা নির্ব্বাহার্থে আদালত যত টাকা দেওয়া উচিত বোধ করেন তত টাকা দিবেন; ও মূল ডিক্রীদারের দাওয়ার টাকা ও অন্য যে ডিক্রীদারেরা পূর্ব্বোক্ত নোটিসের নিয়ম পালন করাতে তাঁহাদের দাওয়া আদের টাকার অন্তর্গত করিবার আজ্ঞা হইয়াছিল তাঁহাদের দাওয়ার টাকা হারহারিমতে পরিশোধ করিবেন;

ও যে সকল ডিক্রীদার তদ্রূপ আজ্ঞাপ্রাপ্ত তক যাবৎ তাঁহাদের টাকা পরিশোধ না হয়, অন্য কোন টাকার ডিক্রীদার উক্ত সম্পত্তি কি বাকী টাকা হইতে কিছুই পাইবার স্বত্ব বান হইবেন না;

ও যদি কিছু উদ্বর্ত্ত থাকে, তাহা ডিক্রীমত খাতককে কিম্বা আদালত অন্য কোন ব্যক্তিকে দিবার আদেশ করিলে তাহাকে দেওয়া যাইবে।

বিক্রয় যে প্রকারে করিতে হইবে, তাহার কথা।

"৩২৫ ধারা। কালেক্টর সাহেব যখন এই ধারামতে কোন সম্পত্তি বিক্রয় করেন, আপনার যেমন উচিত বোধ হয় তদনুসারে তাহা এক কি একাধিক লাটে প্রকাশ্য নীলামে ধরাইবেন, ও

(ক) প্রত্যেক লাটের যুক্তিমত নির্দ্দিষ্ট মূল্য ধার্য্য করিতে পারিবেন;

(খ) সম্পত্তির ন্যায্য মূল্য পাইবার নিমিত্ত বিক্রয় স্থগিত রাখা আবশ্যক জ্ঞান করিলে, তদ্রূপ স্থগিত রাখিবার কারণ লিপিবদ্ধ করিয়া, যুক্তিমত সময়ের নিমিত্ত বিক্রয় স্থগিত রাখিতে পারিবেন;

(গ) বিক্রয়ার্থে যে সম্পত্তি উপস্থিত করা যায় তাহা ক্রয় করিতে পারিবেন, ও যে রূপে উচিত বোধ করেন, হয় প্রকাশ্য নীলাম দ্বারা, না হয় কোন ব্যক্তির সহিত চুক্তিক্রমে, তাহা পুনর্ব্বার বিক্রয় করিতে পারিবেন।

ডিক্রীমত খাতকের কি তাহার স্থলাভিষিক্তের হস্তান্তর করণ সম্বন্ধে বাধা ও ডিক্রীদারের প্রতীকার প্রাপ্তির কথা।

"৩২৫ক ধারা। ৩২২ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতা প্রদত্ত কি যে২ কর্ত্তব্যভার অর্পিত হইয়াছে, যত কাল ডিক্রীমত খাতকের স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ সম্বন্ধে কালেক্টর সাহেব তদন্তর্গত কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে কি কর্ত্তব্য পালন করিতে পারেন, কালেক্টর সাহেবের লিখিত অনুমতি ব্যতিরেকে ডিক্রীমত খাতক কি তাঁহার স্বার্থগত স্থলাভিষিক্ত ব্যক্তি উক্ত সম্পত্তি কি তাহার অংশ বন্ধক রাখিতে পারিবেন না কিম্বা তাহার উপর কোন দায়, বর্ত্তাইতে, কি তাহার পাট্টা দিতে কি তাহা হস্তান্তর করিতে পারিবেন না; এবং টাকার ডিক্রী জারীক্রমে কোন দেওয়ানী আদালত উক্ত সম্পত্তি কি তাহার অংশের উপর কোন পরওয়ানা দিবেন না।

যে ডিক্রীর টাকা পরিশোধ করিবার নিমিত্ত কালেক্টর সাহেব ৩২৩ ধারামতে বিধান করিয়াছেন, সেই ডিক্রী সম্বন্ধে সেই সময়ে কোন দেওয়ানী আদালত ডিক্রীমত খাতকের কি তাহার সম্পত্তির উপর ডিক্রীজারী করিবার কোন পরওয়ানা দিবেন না।

এই ধারার বিধানমতে ডিক্রীদার কোন ডিক্রীজারী সম্বন্ধে কিয়ৎকালের নিমিত্ত কোন প্রতিকার পাইতে না পারিলে, উক্ত ডিক্রীজারী করিবার মিয়াদ কালের হিসাব ধরিতে গেলে, সেই সময় বাদ দিতে হইবে।

সম্পত্তি কএক জিলায় থাকিলে, বিধানের কথা।

"৩২৫খ ধারা। যে সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞা হয় সেই সম্পত্তি একাধিক জিলায় থাকিলে, ৩২১ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার কালেক্টর সাহেবের প্রতি যে২ ক্ষমতা প্রদত্ত ও যে২ কর্ত্তব্য ভার অর্পিত হইয়াছে, সাধারণ বিধি কি বিশেষ আজ্ঞাদ্বারা ঐ২ জিলার কালেক্টর সাহেবদের মধ্যে যাহার প্রতি স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ করেন তিনি সময়ে২ সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিবেন ও সেই২ কর্ত্তব্য পালন করিবেন।

পক্ষদিগকে ও সাক্ষিদিগকে ও দলীল সমূহ উপস্থিত করাইবার নিমিত্ত কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

"৩২৫গ ধারা। ৩২২ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার কালেক্টর সাহেবের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে কার্য্য করণ সময়ে পক্ষদিগকে ও সাক্ষিদিগকে ও দলীলসমূহ উপস্থিত করাইবার নিমিত্ত তাঁহার দেওয়ানী আদালতের ক্ষমতা থাকিবে।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

৩২৬ ধারার সংশোধন। ৫১ ধারা। ৩২৬ ধারার শেষ বাক্যটীর পরিবর্ত্তে নিম্নলিখিত বাক্যটী দিতে হইবে :—

"এমত স্থলে ৩২০ ধারার দ্বিতীয় পদ অবধি ৩২৫ গ পর্য্যন্ত সকল ধারার বিধান, যত দূর বর্ত্তিতে পারে বর্ত্তিবে।"

৫২ ধারা। ৩৩১ ধারার দ্বিতীয় পদে "বিশেষ উপকার-বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৯ ধারার" এই২ কথা ও অঙ্কের পরিবর্ত্তে "৫ অধ্যায়ের" এই কথা ও অঙ্ক দিতে হইবে; এবং ঐ ধারার নিম্নলিখিত পদটী যোগ করিতে হইবে, যথা,

৩৩১ ধারার সংশোধন।

"তদ্রূপ প্রত্যেক আজ্ঞা ডিক্রীতুল্য বলবৎ হইবে এবং আপীল ও অন্যান্য বিষয়ে ডিক্রীর নিয়মাধীন থাকিবে।"

৫৩ ধারা। ৩৩২ ধারার প্রথম পদে "প্রতিবাদী" শব্দের পরিবর্ত্তে "ডিক্রীমত খাতক" এই শব্দ দিতে হইবে এবং অন্যান্য পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদগুলি দিতে হইবে, যথা "আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে পর তাহার সেই প্রার্থনা করিবার সম্ভাবিত হেতু দেখিতে পাইলে, ঐ বিবাদীয় বিষয়ের অনুসন্ধান লইতে প্রবৃত্ত হইবেন, এবং এই ধারার প্রথম পদোল্লিখিত হেতু আছে স্থির করিলে, আদালত আজ্ঞা করিবেন যে প্রার্থক ঐ সম্পত্তির অধিকার পুনঃ প্রাপ্ত হয়, কিন্তু তদ্রূপ স্থির না করিলে, প্রার্থনা অগ্রাহ্য করিবেন।

৩৩২ ধারার সংশোধন।

"এই ধারামতে প্রার্থনা শ্রবণ সময়ে, বিবাদের যেং হেতু উপরে নির্দ্দিষ্ট হইল, আদালত কেবল সেই২ হেতুর বিচার করিবেন।

"এই ধারামতে যে পক্ষের বিরুদ্ধে আজ্ঞা প্রদত্ত হয় তিনি উক্ত সম্পত্তির বর্ত্তমান অধিকার পাইবার যে স্বত্বের দাওয়া করেন সেই স্বত্ব সংস্থাপনার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন; কিন্তু উক্ত মোকদ্দমা করিয়া যদি কোন ফল হয়, সেই ফল সাপেক্ষ থাকিয়া, ঐ আজ্ঞা চূড়ান্ত হইবে।"

৩৩৩ ধারার সংশোধন। ৫৪ ধারা। ৩৩৩ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে,

যে মোকদ্দমা উপস্থিত হইবার পরে ডিক্রীমত খাতক সম্পত্তি হস্তান্তর করিলে, তাহার কথা।

"৩৩৩ ধারা। যে মোকদ্দমায় ডিক্রী হইয়াছে সেই মোকদ্দমা উপস্থিত হইবার পরে ডিক্রীমত খাতক কোন ব্যক্তিকে সম্পত্তি হস্তান্তর করিয়া দিলে, উক্ত ব্যক্তির প্রতি ৩৩১ কি ৩৩২ ধারার কোন কথা বর্ত্তিবে না।"

৩৩৫ ধারার সংশোধন। ৫৫ ধারা। ৩৩৫ ধারার প্রথম পদের পরিবর্ত্তে এই পদটী দিতে হইবে,

ডিক্রীমত খাতকভিন্ন কোন দাওয়াদার বাধক হইলে, তদ্বিষয়ের কথা।

"৩৩৫ ধারা। ডিক্রীমত খাতক ভিন্ন অন্য ব্যক্তি সরল ভাবে ঐ সম্পত্তির বর্ত্তমান অধিকারস্বত্বের দাওয়া করিয়া ঐ সম্পত্তির ক্রেতার প্রতিকূলাচরণ করিলে কি প্রতিবন্ধক হইলে, কিম্বা ঐ সম্পত্তির অধিকার দিতে গিয়া তদ্রূপ কোন ব্যক্তিকে বেদখল করা গেলে, ঐ ক্রেতা কিম্বা যাহাকে বেদখল করা গেল তিনি নালিশ করিলে, আদালত সেই প্রতিকূলাচরণের কিম্বা, স্থলবিশেষে, সেই প্রতিবন্ধকতার কি বেদখল করণের বিষয়ে অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।"

[ইংরাজী ভাষায় এস্থলে যে শব্দ পরিবর্ত্তন করিবার আদেশ হইল, বঙ্গভাষায় তাহা করিবার প্রয়োজন নাই]

৩৩৬ ধারার সংশোধন। ৫৬ ধারা। ৩৩৬ ধারার প্রথম উপবিধির পরিবর্ত্তে পশ্চাল্লিখিত কথাগুলি দিতে হইবে।—

"কিন্তু এই ধারামতে কোন ব্যক্তিকে ধরিবার নিমিত্ত, সূর্য্যাস্তের পর কিম্বা সূর্য্যোদয়ের পূর্ব্বে কোন বাসগৃহে প্রবেশ করা যাইবে না, কিম্বা কোন বাসগৃহের বহির্দ্বার ভাঙ্গিয়া খুলা যাইবে না।"

"কিন্তু ধৃত করিবার ক্ষমতাপন্ন কার্য্যকারক নিয়মমতে কোন বাসগৃহে প্রবেশ করিতে পাইলে, ডিক্রীমত খাতক যে ঘরে আছে বলিয়া তাঁহার বিশ্বাস করিবার কারণ থাকে, তিনি সেই ঘরের দ্বার বন্ধনমুক্ত করিয়া খুলিতে পারিবেন; কিন্তু যিনি ডিক্রীমত খাতক নহেন ও দেশাচারমতে প্রকাশ্য স্থলে উপস্থিত হন না, উক্ত ঘরে প্রকৃত পক্ষে এরূপ স্ত্রীলোক থাকিলে, তাঁহার চলিয়া যাইবার অনুমতি আছে, ঐ কার্য্যকারক তাঁহাকে এই সম্বাদ দিবেন; এবং তাঁহার চলিয়া যাইবার যুক্তিসিদ্ধ সময় দিয়া ও সর্ব্বপ্রকার যুক্তিসিদ্ধ সদুপায় করিয়া দিয়া, তদ্রূপ ধৃত করণার্থে ঐ ঘরে প্রবেশ করিতে পারিবেন।

৩৩৯ ধারার সংশোধন। ৫৭ ধারা। ৩৩৯ ধারার চতুর্থ পদে "পূর্ব্বে" শব্দের পরে "আদালতের উপযুক্ত কার্য্যকারকের হস্তে" এই২ কথা দিতে হইবে; এবং ঐ পদে এই কথাগুলি যোগ করিতে হইবে, যথা, "এবং পরে খোরাকী দিতে হইলে তাহা কারাগারের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের হস্তে দিতে হইবে।"

৩৪১ ধারার সংশোধন। ৫৮ ধারা। ৩৪১ ধারার (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) প্রকরণের ও উপবিধির পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি দিতে হইবে।—

"(ক) কারাবদ্ধ করিবার ওয়ারন্টে যে টাকা লিখিত থাকে, জেলের অধ্যক্ষকে সেই টাকা দেওয়া গেলে, কিম্বা

(খ) প্রকারান্তরে ডিক্রীর টাকা সম্পূর্ণরূপে শোধ হইলে, কিম্বা

(গ) যে ব্যক্তির প্রার্থনামতে তাঁহাকে কারাবদ্ধ করা গেল তাঁহার প্রার্থনামতে, কিম্বা

(ঘ) ঐ ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞানুসারে খোরাকী দিতে ত্রুটি করিলে, কিম্বা

(ঙ) পশ্চাল্লিখিত বিধানানুসারে ডিক্রীমত খাতককে ঋণশোধ করণাক্ষম বলিয়া নির্দ্দেশ করা গেলে, কিম্বা

(চ) ৪২ ধারামতে তাঁহার কারাবদ্ধ থাকার নিরূপিত মিয়াদ পূর্ণ হইলে।

পরন্তু এই ধারার উল্লিখিত দ্বিতীয় ও তৃতীয় ও পঞ্চম স্থলে, আদালতের আজ্ঞা না হইলে ডিক্রীমত খাতককে মুক্ত করা যাইবে না।"

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

৩৪৪, ৩৪৫, ৩৪৭, ৩৪৯, ৩৫০, ৩৫১, ৩৫৬, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, ও ৩৬০ ধারার সংশোধন।

৫৯ ধারা। ৩৪৪ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

ঋণশোধ করণাক্ষম বলিয়া নির্দ্দিষ্ট হইবার প্রার্থনা করণের ক্ষমতার কথা।

"৩৪৪ ধারা। টাকার ডিক্রীজারীক্রমে ডিক্রীমত খাতককে ধৃত কি কারাবদ্ধ করা গেলে, কিম্বা তদ্রূপ ডিক্রীজারীক্রমে তাহার সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হইলে, তিনি ঋণশোধ করণাক্ষম বলিয়া নির্দ্দিষ্ট হইবার প্রার্থনাপত্র লিখিয়া দিতে পারিবেন।"

"ডিক্রীমত খাতককে ঋণশোধ করণাক্ষম বলিয়া নির্দ্দেশ করা যায়, টাকার ডিক্রীদার এরূপ প্রার্থনাপত্র লিখিয়া দিতে পারিবেন।"

"যে জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে ডিক্রীমত খাতক বাস করেন কি আবদ্ধ থাকেন, সেই আদালতে তদ্রূপ প্রত্যেক প্রার্থনাপত্র দিতে হইবে।"

৩৪৫ ধারার প্রথম পদের ও (ক) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত কথা গুলি দিতে হইবে।—

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

"৩৪৫ ধারা। ডিক্রীমত খাতকের প্রার্থনাপত্র হইলে, তাহাতে এই২ কথা লেখা থাকিবে।

"(ক) ঐ ব্যক্তিকে ধৃত কি কারাবদ্ধ করা গেল, কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করা গিয়াছে, ও যে আদালতের আজ্ঞাক্রমে তাঁহাকে ধৃত কি কারাবদ্ধ করা যায়, কিম্বা যদ্দ্বারা ক্রোক করিবার আজ্ঞা করা যায়, ও ধৃত কি কারাবদ্ধ হইলে, তিনি যে স্থানে আবদ্ধ আছেন, এই২ কথা।"

উক্ত ধারায় এই পদটী যোগ করিতে হইবে।—

"টাকার ডিক্রীদারের প্রার্থনাপত্র হইলে, তাহাতে ডিক্রীর তারিখ, যে আদালত ডিক্রী দেন, তৎক্রমে যত টাকা পাওনা থাকে, ও যে স্থানে ডিক্রীমত খাতক বাস করেন কি আবদ্ধ থাকেন, এই২ কথা লেখা থাকিবে।"

৩৪৭ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত কথা গুলি দিতে হইবে।—

প্রার্থনাপত্রের নকল ও নোটিস দিবার কথা।

"৩৪৭ ধারা। আদালত ঐ প্রার্থনা শুনিবার দিন নিরূপণ করিয়া, ঐ প্রার্থনাপত্রের নকল ও তাহা যে সময়ে ও স্থানে শুনা যাইবে ইহার লিখিত নোটিস আদালত ঘরে লাগাইয়া দিবেন ও প্রার্থকের খরচে,

"ডিক্রীমত খাতক প্রার্থক হইলে; যে ডিক্রীজারীক্রমে তাঁহাকে ধৃত কি কারাবদ্ধ করা যায় কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হয়, সেই ডিক্রীদারের কিম্বা তাঁহার উকীলের উপর, ও প্রার্থনাপত্রে অন্য কোন মহাজনদের নাম লেখা থাকিলে তাঁহাদের উপর, জারী করাইবেন;

"ডিক্রীদার প্রার্থক হইলে, ডিক্রীমত খাতকের কি তাঁহার উকীলের উপর জারী করাইবেন।"

৩৪৯ ধারায় এই২ কথা সংযোগ করিতে হইবে, যথা, "কিম্বা তাঁহাকে আদেশ করিলেই উপস্থিত হইবেন ইহার যথোপযুক্ত জামিন লইয়া তাঁহাকে মুক্ত করিবেন।"

৩৪৯ ও ৩৫০ ও ৩৫১ ধারায় "প্রার্থক" শব্দের পরিবর্ত্তে প্রত্যেক স্থলেই "ডিক্রীমত খাতক" এই শব্দটী দিতে হইবে।

৩৫১ ধারার (খ) প্রকরণে "কারাবদ্ধ করা যায় এই কথার পর "কিম্বা ক্রোক করিবার আজ্ঞা করা যায়" এই২ কথা দিতে হইবে।

৩৫৬ ধারার (ঘ) প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণ দ্বয় দিতে হইবে।—

"(ঘ) যেই২ ঋণের প্রতিভূস্বরূপ ঐ ঋণশোধ করণাক্ষম ব্যক্তির সম্পত্তি বন্ধক থাকে, সেই২ ঋণের অগ্রগণ্যতানুসারে যথাক্রমে তৎসমুদয় পরিশোধ করিবেন।

(ঙ) তফসীলে যেই২ ব্যক্তিদের নাম লেখা থাকে তাঁহাদের এক জনকে অন্যের অগ্রগণ্য না করিয়া প্রত্যেক জনের প্রাপ্য অনুসারে হারহারীমতে অবশিষ্ট টাকা বিলি করিবেন।"

এবং উক্ত ধারায় নিম্নলিখিত কথা গুলি যোগ করিতে হইবে।

"পরন্তু যে কোন স্থানীয় সীমার মধ্যে ৩২০ ধারামত নির্দ্দেশপত্র করা গিয়া তাহা বলবৎ থাকে, গ্রাহক গবর্ণমেণ্টে রাজস্বদায়ি কিম্বা কৃষি কার্য্যার্থে ভোগ করা কি ইজারা বিলি করা তন্মধ্যস্থ স্থাবর সম্পত্তি বিক্রয় করিবেন না; কিন্তু তিনি ঐ ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির অন্য সম্পত্তি বিক্রয় করিলে পর, (ক) যে টাকা পাওয়া গিয়াছে তাহা বাদ দিলে তফসীলের লিখিত মহাজনদের দাওয়ার টাকা পরিশোধার্থ যত টাকার আবশ্যক, ও (খ) ঐ ঋণ শোধ করণাক্ষম ব্যক্তির যে স্থাবর সম্পত্তি অবিক্রীত আছে, ও (গ) তাহার উপর যদি কোন দায় থাকে, এই২ কথা নির্ণয় করিয়া আদালত উক্ত বিশেষ বৃত্তান্তসহ বিবরণপত্র কালেকটর সাহেবের নিকট পাঠাইবেন; তাহা হইলে কালেক্টর সাহেবের প্রতি ৩২২ অবধি ৩২৫ ধারায় যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে, তন্মধ্যে যেই২ ক্ষমতানুসারে কার্য্য করা উচিত বোধ করেন, তদনুসারে কার্য্য করিয়া এবং ঐ২ ধারার বিধান যত দূর বর্ত্তিতে পারে উক্ত বিধান মানিয়া, তিনি তদ্রূপ আবশ্যক টাকা তুলিতে প্রবৃত্ত হইবেন; এবং উক্তরূপ ক্ষমতানুসারে কার্য্য করিলে, তাঁহার হাতে যে টাকা আসে, তাহা তিনি আদালতের আজ্ঞাধীন রাখিবেন।"

৩৫৭ ধারায় "৩৫৫" এই অঙ্কের পরিবর্ত্তে "৩৫১ কিম্বা ৩৫৫" এই২ অঙ্ক ও কথা দিতে হইবে; ও

"তফসীলের লিখিত মহাজনেরা তাঁহার বিপক্ষে যেই২ ডিক্রী পাইয়াছেন তাহা সম্পূর্ণরূপে সাধন না হওন কিম্বা সাধন করা অসাধ্য না হওন পর্য্যন্ত" এই২ কথার পরিবর্ত্তে "যাবৎ তফসীলের লিখিত মহাজনদের প্রাপ্য ঋণের টাকার এক তৃতীয়াংশ পরিমাণ পরিশোধ করা না যায়, অথবা যাবৎ ৩৫১ কি ৩৫৫ ধারামত মুক্ত করিবার আজ্ঞার তারিখ অবধি দ্বাদশ বৎসর গত না হয়" এই২ কথা দিতে হইবে।

৩৫৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।

ঋণশোধকরণাক্ষম ব্যক্তিকে দায় হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবার কথা।

"৩৫৮ ধারা। তফসীলের লিখিত ঋণ মোটে ২০০৲ দুই শত টাকা কি তাহার কম হইলে, ঋণশোধ করণাক্ষম যে ব্যক্তিকে পূর্ব্বোক্ত মতে মুক্ত করা যায়, আদালত তাহাকে সেই সকল ঋণের উপলক্ষে অন্য দায় হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন, এবং তফসীলের লিখিত ঋণের এক তৃতীয়াংশ পরিমাণ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

পরিশোধ হইলে পর, কিম্বা মুক্ত করিবার আজ্ঞা করণাবধি দ্বাদশ বৎসর গত হইলে পর, অন্য দায় হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিবেন।”

৩৫৯ ধারায় “কোন মহাজনের অনুরোধে আদালত” এই কথার পর “আজ্ঞাপত্র লিখিয়া” এই কথা দিতে হইবে।

৩৬০ ধারায় নিম্নলিখিত পদটী যোগ করিতে হইবে, যথা,

“ডিক্রীমত খাতকের সম্পত্তির মূল্য ২,৫০০৲ দুই হাজার পাঁচ শত টাকার অধিক হইলে, কিম্বা তাঁহার বিরুদ্ধে মোট দাওয়ার টাকা ৫০০০৲ পাঁচ হাজার টাকার অধিক হইলে, কিম্বা উক্ত সম্পত্তি কি তাহার কোন অংশ ব্রিটিষ ব্রহ্মদেশের বাহিরে থাকিলে, রাঙ্গুন ও মৌলমেন ও আক্যাব ও বেসিন নগরের বিচারাধিপত্যপ্রাপ্ত কোন আদালতের প্রতি এই অধ্যায়ের কোন কথা বর্ত্তিবে না।”

৬০ ধারা। ৩৬১ ও ৩৬২ ও ৩৬৩ ও ৩৬৫ ও ৩৬৮ ধারায়

৩৬১ ও ৩৬২ ও ৩৬৩ ও ৩৬৫ ও ৩৬৮ ধারার সংশোধন।

যেং স্থলে “নালিশের হেতু” কি “নালিশ করিবার হেতু” এই ২ কথা আছে, সেই ২ স্থলে ঐ কথার পরিবর্ত্তে “মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব” এই২ কথা দিতে হইবে; ও ৩৬৮ ধারায় নিম্নলিখিত পদটী যোগ করিতে হইবে, যথা, “তদ্রূপ প্রার্থনা করিবার যে সময় নির্দ্দেশ আছে বাদী সেই সময়মধ্যে প্রার্থনা না করিলে, মোকদ্দমা উঠিয়া যাইবে।”

৬১ ধারা। ৩৬৪ ধারার প্রথম পদে ও ৩৬৬ ধারার

৩৬৪ ও ৩৬৬ ধারার সংশোধন।

প্রথম পদে “দাওয়াদার” শব্দের পরে “আইনের নির্দ্ধারিত মিয়াদের মধ্যে” এই২ কথা দিতে হইবে; এবং শেষোক্ত ধারার প্রথম পদে “আদালত” শব্দের পরে “প্রতিবাদির প্রার্থনামতে” এই২ শব্দ প্রয়োগ করিতে ও পদের শেষে “করিতে পারিবেন” ইহার পরিবর্ত্তে “করিবেন” পাঠ করিতে হইবে।

৬২ ধারা। ৩৭১ ধারার দ্বিতীয় পদে “মৃত” শব্দের

৩৭১ ধারার সংশোধন।

পূর্ব্বে “কিম্বা” এই শব্দটী দিতে হইবে।

৬৩ ধারা। ৩৭৩ ধারার প্রথম পদে “সেই ত্যক্ত

৩৭৩ ধারার সংশোধন।

অংশের নিমিত্ত” এই কথার পরিবর্ত্তে “সেই ত্যক্ত অংশের সম্পর্কে” এই কথা দিতে হইবে; ও দ্বিতীয় পদে “সেই বিষয়ে” এই শব্দের পরে “কিম্বা সেই ত্যক্ত অংশের সম্পর্কে” এই ২ কথা দিতে হইবে।

৬৪ ধারা। ৩৭৫ ধারায় “মোকদ্দমা” এই শব্দের

৩৭৫ ধারার সংশোধন।

পূর্ব্বে “সম্পূর্ণরূপে কি অংশতঃ” এই ২ কথা দিতে হইবে; ও “বিবাদীয় বিষয়ে” এই কথার পর “সম্পূর্ণরূপে কি অংশতঃ” এই ২ কথা দিতে হইবে; এবং “সেই ডিক্রী” এই কথার পূর্ব্বে “উক্ত একরারে কি রাজীনামায় কি তৃপ্তিজনক কথায় মোকদ্দমার যে বিষয় লইয়া কার্য্য হয় তৎসম্পর্কে” এই ২ কথা দিতে হইবে।

৬৫ ধারা। ৩৭৭ ধারায় “ঐ টাকা আমানৎ হওয়ার

৩৭৭ ধারার সংশোধন।

নোটিস দিবেন” এই ২ কথার পরিবর্ত্তে “ঐ টাকা আমানৎ হইবার লিখিত নোটিস আদালতদ্বারা দিবেন” এই২ কথা দিতে হইবে।

৬৬ ধারা। ৩৮৪ ধারায় “আফিডেবিটক্রমে” ও ৪৭৭

৩৮৪ ও ৪৭৭ ও ৪৮৩ ধারার সংশোধন।

ও ৪৮৩ ধারায় “আফিডেবিট করিয়া” এই ২ কথার পরে “কি অন্যরূপে” এই কথা দিতে হইবে।

৬৭ ধারা। ৩৮৬ ধারার দ্বিতীয় পদ ও উপবিধি

৩৮৬ ধারার সংশোধন।

দ্বয়ের পরিবর্ত্তে নিম্নলিখিত কথা গুলি দিতে হইবে; যথা, “হাই কোর্ট কি রাঙ্গুনের রিকর্ডারের কোর্ট ভিন্ন অন্য যে আদালতের এলাকার সীমার মধ্যে উক্ত ব্যক্তি বাস করেন, ঐ পত্র সেই আদালতের প্রতি, কিম্বা পত্রদায়ি আদালত যাহাকে নিয়োগ করা উচিত বোধ করেন এরূপ হাই কোর্টের কোন উকীলের প্রতি, দেওয়া যাইবে।”

৬৮ ধারা। ৪০৬ ধারায় “বিচারপতি” শব্দের পরে

৪০৬ ধারার সংশোধন।

“বিহিত বোধ করিলে” এই২ শব্দ প্রয়োগ করিতে ও পদের শেষে “লইবেন” শব্দের পরিবর্ত্তে “লইতে পারিবেন” পাঠ করিতে হইবে।

৬৯ ধারা। ৪১২ ধারায় “রহিত করা যায়” এই

৪১২ ধারার সংশোধন।

শব্দের পরে “কিম্বা যদি ৯৭ কি ৯৮ ধারামতে মোকদ্দমা ডিস্‌মিস্ করা যায়” এই২ কথা ও অঙ্ক দিতে হইবে।

৭০ ধারা। ৪১৩ ধারায় “করিবার অনুমতি না দেওয়া

৪১৩ ধারার সংশোধন।

গেলে” এই কথার পরিবর্ত্তে “করণার্থে ৪০৯ ধারামতে অনুমতি না দিবার আজ্ঞা হইলে” এই২ কথা দিতে হইবে।

৭১ ধারা। ৪২৪ ধারায় “রাজকীয় কার্য্যকারকের

৪২৪ ও ৪২৮ ও ৪২৯ ধারার সংশোধন।

নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে” এই কথার পরিবর্ত্তে “রাজকীয় কার্য্যকারক আপন পদ সম্পর্কে কোন কার্য্য করিয়াছেন বলিয়া তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে” এই কথা দিতে হইবে; ও ৪২৮ ও ৪২৯ ধারার “রাজকীয় কার্য্যকারকের” এই২ শব্দের পূর্ব্বে “পূর্ব্বোক্ত প্রকারের কার্য্যহেতুক” এই২ শব্দ প্রয়োগ করিতে হইবে।

৭২ ধারা। ৪৩৭ ধারায় প্রথম বাক্যের পরিবর্ত্তে নিম্ন-

৪৩৭ ধারার সংশোধন।

লিখিত বাক্যটী দিতে হইবে, যথা, “ট্রষ্টীর কি উইলক্রমে নিরূপিত কর্ম্ম সম্পাদকের কিম্বা দ্রব্যনিরূপণাধিকারির হস্তে যে সম্পত্তি ন্যস্ত থাকে তৎসম্পর্কীয় সকল মোকদ্দমায়, ঐ সম্পত্তিগত লাভজনক স্বার্থবিশিষ্ট ব্যক্তিদের সহিত তৃতীয় ব্যক্তির বিবাদ হইলে, ঐ ট্রষ্টী কি উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক কি দ্রব্যনিরূপণাধিকারী তদ্রূপ স্বার্থবিশিষ্ট ব্যক্তিদের স্থলাভিষিক্ত হইবেন, ও তাঁহাদিগকে সচরাচর মোকদ্দমার একপক্ষ করা আবশ্যক হইবে না।”

৭৩ ধারা। ৪৫৬ ধারায় “নাবালগের নাম উল্লেখ

৪৫৬ ধারার সংশোধন।

করিয়া” এই কথার পরিবর্ত্তে “নাবালগের নামে কি পক্ষে কিম্বা বাদী” এই২ কথা দিতে হইবে; এবং ঐ ধারায় নিম্নলিখিত পদটী যোগ করিতে হইবে, যথা,

“মোকদ্দমা সম্পর্কীয় অভিভাবকরূপে কার্য্য করিতে অভিলাষী এরূপ অন্য কোন যোগ্য ব্যক্তি না থাকিলে, আদালত আপনার কোন কার্য্যকারককে তদ্রূপ অভি–

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

ভাবকের পদে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু এরূপ স্থলে আবশ্যক যে ঐ কার্য্যকারকের উক্ত নাবালগের বিরুদ্ধে কোন স্বার্থ না থাকে।”

৪৬৯ ধারার সংশোধন।

৭৪ ধারা। ৪৬৯ ধারার “ধৃত করিবার” এই কথার পরে “কিম্বা অন্য” এই কথা দিতে হইবে; ও দ্বিতীয় পদে “ও” শব্দের পরে “ধৃত করিবার ওয়ারন্ট হইলে” এইং কথা দিতে হইবে।

৪৭৩ ধারার সংশোধন।

৭৫ ধারা। ৪৭৩ ধারার “ও উক্ত দাওয়ার নিষ্পত্তি করিবেন” হইং কথা যোগ করিতে হইবে।

৪৭৮ ধারার সংশোধন।

৭৬ ধারা। ৪৭৮ ধারার শেষ পদে “তাঁহাকে আদালতের সম্মুখে আনিবার আজ্ঞা ”এইং কথার পরিবর্ত্তে “তাঁহাকে ধৃত করিয়া আদালতের সম্মুখে আনিবার আজ্ঞা” এইং কথা দিতে হইবে।

৪৮১ ধারার সংশোধন।

৭৭ ধারা। ৪৮১ ধারায় এইং কথা যোগ করিতে হইবে “কিন্তু কোন ব্যক্তি তদ্রূপ আজ্ঞানুসারে কর্ম্ম করিলে পর তাঁহাকে এই ধারামতে কারাবদ্ধ করিয়া রাখা যাইবে না।”

৪৮৩ ধারার সংশোধন।

৭৮ ধারা। ৪৮৩ ধারায় “তত দিন” এই শব্দের পরে “আদালতের এলাকার অন্তর্গত” এই শব্দ প্রয়োগ করিতে হইবে।

৪৮৪ ধারার সংশোধন।

৭৯ ধারা। ৪৮৪ ধারায় “উদ্যত আছেন” এই কথার পরে “কিম্বা আদালতের এলাকার মধ্যে আপনার কিছু সম্পত্তি রাখিয়া উক্ত অভিপ্রায়ে আপনি ঐ এলাকা হইতে প্রস্থান করিয়াছেন”এই কথা প্রয়োগ করিতে হইবে।

৪৯৭ ধারার সংশোধন।

৮০ ধারা। ৪৯৭ ধারার প্রথম প্রকরণে ”অপ্রচুর কারণে নিষেধসূচক আজ্ঞা” এইং শব্দের পরিবর্ত্তে “আদালত যে নিষেধসূচক আজ্ঞা দিলেন অপ্রচুর কারণে সেই আজ্ঞা” এই পাঠ করিতে হইবে।

৫২৩ ধারার সংশোধন।

৮১ ধারা। ৫২৩ ধারার তৃতীয় পদে “কোন” শব্দের পরিবর্ত্তে “সকল” শব্দ দিতে হইবে।

৫৩৯ ধারার সংশোধন।

৮২ ধারা। ৫৩৯ ধারার শেষ পদে “আডবোকেট-জেনরল না থাকিলে, গবর্ণমেন্টের আডবোকেট, ও, গবর্ণমেন্টের আডবোকেট না থাকিলে” এইং কথার পরিবর্ত্তে “রাজধানী নগরের বাহিরে কালেক্টর সাহেব ও, কিম্বা’ এই কথা দিতে হইবে।

৫৫৪ ধারার সংশোধন।

৮৩ ধারা। ৫৫৪ ধারায় “আপীল করিতে পারিবেন” এই কথার পরে “এবং” শব্দের পরিবর্ত্তে “তাহা হইলে” পাঠ করিতে হইবে।

৫৫৫ ধারার সংশোধন।

৮৪ ধারা। ৫৫৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে, যথা,

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

আরম্ভ করিবার সময়ের কথা।

“৫৫৫ ধারা। পূর্ব্বোক্তমতে নির্দ্ধারিত দিনে, কিম্বা শ্রবণ করিবার দিনান্তর নিরূপিত হইলে সেই দিনে, আপীলের পোষকতায় আপেলান্টের কথা শুনা যাইবে। আদালত যদি তখন একবারে আপীল ডিসমিস না করেন তাহা হইলে আপীলের বিরুদ্ধে রেস্পণ্ডেন্টের কথা শুনিবেন, এবং তদ্রূপ স্থলে অপেলান্টের প্রত্যুত্তর দিবার স্বত্ব থাকিবে।”

৫৬০ ধারার সংশোধন।

৮৫ ধারা। ৫৬০ ধারায় “এই কথার প্রমাণ হইলে” এইং শব্দের পরিবর্ত্তে “কিম্বা নোটিস নিয়মিতরূপে জারী করা হয় নাই তিনি আদালতের এরূপ হৃ:হ্বাগ জন্মাইয়া দিলে” এইং কথা দিতে হইবে।

৫৬১ ধারার সংশোধন।

৮৬ ধারা। ৫৬১ ধারার “৭ সাত দিন থাকিতে তিনি আপেলান্টকে কি তাঁহার উকীলকে সেই আপত্তির নোটিস দেন” এইং কথার পরিবর্ত্তে “আপীল শুনিবার অবধারিত দিনের অন্যূন সাত দিন পূর্ব্বে তিনি সেই আপত্তির নোটিস দাখিল করেন” এইং কথা দিতে হইবে।

৮৭ ধারা। [ইংরাজী ভাষায় যে শব্দ পরিবর্ত্তন করিবার আদেশ হইল, বঙ্গভাষায় তাহা করিবার প্রয়োজন নাই।]

৫৮২ ধারার সংশোধন।

৮৮ ধারা। ৫৮২ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে যথা,

আপীল আদালতের ক্ষমতা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের ন্যায় হইবার কথা।

“৫৮২ ধারা। পঞ্চম অধ্যায়মতে যেং মোকদ্দমা উপস্থিত করা যায়, তদ্বিষয়ে এই আইনক্রমে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন আদালতের প্রতি যে যে ক্ষমতা প্রদত্ত ও কর্ত্তব্য ভার অর্পিত হইয়াছে এই অধ্যায়মত আপীলী মোকদ্দমায় আপাল আদালতের সেই সেই ক্ষমতা থাকিবে ও যতদূর সম্ভব সেই সেই কর্ত্তব্য পালন করিতে হইবে; এবং ৩৬৩ ও ৩৬৫ ধারায় বাদী শব্দে আপেলান্টও বুঝায় বলিয়া জ্ঞান করা যাইবে।”

৫৮৪ ধারার সংশোধন।

৮৯ ধারা। ৫৮৪ ধারার (গ) প্রকরণে “দোষ হওয়া হেতু” এই কথার পরিবর্ত্তে “দোষ হওয়া সম্ভব হেতু” এই কথা দিতে হইবে।

৫৮৮ ধারার সংশোধন

৯০ ধারা। ৫৮৮ ধারার (ক) অবধি (ব) পর্য্যন্ত প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণগুলি দিতে হইবে, যথা,

“(১) মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করণার্থ ২০ ধারামত আজ্ঞা।

(২) বাদী কি প্রতিবাদী বলিয়া কোন ব্যক্তির নাম উঠাইয়া দেওন বা সংযোগকরণ বিষয়ক ৩২ ধারামত আজ্ঞা।

(৩) কোন পক্ষের স্বয়ং উপস্থিত হইবার আদেশ সূচক ৩৬ কি ৬৬ ধারামত আজ্ঞা।

(৪) নালিশের অন্য হেতু সংযোগ করণার্থ ৪৪ ধারা মত আজ্ঞা।

(৫) নালিশের কোন হেতু উঠাইয়া দেওনার্থ ৪৭ ধারামত আজ্ঞা।

(৬) সংশোধনার্থ কিম্বা উপযুক্ত আদালতে উপস্থিত করণার্থ আবেদনপত্র ফিরাইয়া দিবার আজ্ঞা।

(৭) এক ঋণ হইতে অন্য ঋণ বাদ দিবার কিম্বা বাদ দিতে অস্বীকার করিবার ১১১ ধারামত আজ্ঞা।

(৮) যে মোকদ্দমায় আপীল হইতে পারে, তদ্রূপ মোকদ্দমা ডিস্‌মিস করিবার আজ্ঞা অসিদ্ধ করণার্থ ১০৩ ধারামত প্রার্থনা অগ্রাহ্য করণের আজ্ঞা।

(৯) কেবল একপক্ষ উপস্থিত থাকিতে যে ডিক্রী করা যায় তাহা অসিদ্ধ করণের আজ্ঞার নিমিত্ত ১০৮ ধারামত প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের আজ্ঞা।

(১০) ১১৩ ও ১২০ ও ১৭৭ ধারামত আজ্ঞা।

(১১) বর্ণনাপত্র কিম্বা ডিক্রীজারীর প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার কিম্বা সংশোধনার্থে ফিরাইয়া দিবার ১১৬ কি ২৪৫ ধারামত আজ্ঞা।

(১২) কোন দ্রব্য আটক করিয়া রাখিবার আদেশ সূচক ১৪৩ ও ১৪৮ ধারামত আজ্ঞা।

(১৩) অস্থাবর সম্পত্তির ক্রোক ও বিক্রয় করণার্থ ১৬২ ধারামত আজ্ঞা।

(১৪) সম্পত্তি ক্রোক করণার্থ ১৬৮ ধারামত আজ্ঞা ও ক্রোক করা সম্পত্তি বিক্রয় করণার্থ ১৭০ ধারামত আজ্ঞা।

(১৫) হস্তান্তরকরণ পত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি লিখিবার আপত্তি বিষয়ক ২৬১ ধারামত আজ্ঞা।

(১৬) স্থাবর সম্পত্তির বিক্রয় দৃঢ় করিবার, কি অসিদ্ধ করিবার, কি অসিদ্ধ করিতে অস্বীকার করিবার ২৯৪ ধারামত কি ৩১২ ধারার প্রথম পদমত কি ৩১৩ ধারামত আজ্ঞা।

(১৭) ঋণশোধ করণের অক্ষমতার স্থলে ৩৫১ কি ৩৫২ কি ৩১৩ কি ৩১৭ ধারামত আজ্ঞা।

(১৮) ৩৬৬ ধারার দ্বিতীয় পদমত কিম্বা ৩৬৭ কি ৩৬৮ ধারামত আজ্ঞা।

(১৯) মোকদ্দমা ডিস্‌মিস করিবার প্রার্থনাপত্র অগ্রাহ্য করণার্থ ৩৭০ ধারামত আজ্ঞা।

(২০) মোকদ্দমা রহিত কি ডিস্‌মিস হওয়া অসিদ্ধ করিবার অস্বীকারসূচক ৩৭১ ধারামত আজ্ঞা।

(২১) আপত্তি অগ্রাহ্য করণার্থ ৩৭২ ধারামত আজ্ঞা।

(২২) মোকদ্দমা নিমিত্ত আসন্ন বন্ধুর কি অভিভাবকের প্রতি খরচা দিবার আদেশ সূচক ৪৫৪ কি ৪৫৫ কি ৪৫৮ ধারামত আজ্ঞা।

(২৩) বাদ প্রতিবাদার্থ মোকদ্দমার ৪৭৩ ধারার (ক) কি (খ) কি (ঘ) প্রকরণমত কিম্বা ৪৭৫ কি ৪৭৬ ধারামত আজ্ঞা।

(২৪) ৪৭৯ কি ৪৮০ কি ৪৮৫ কি ৪৯২ কি ৪৯৩ কি ৪৯৬ কি ৪৯৭ কি ৫০২ কি ৫০৩ ধারামত আজ্ঞা।

(২৫) সালিসীতে অর্পণ কার্য্য নিরস্ত করণার্থ ৫১৪ ধারামত আজ্ঞা।

(২৬) মীমাংসা পরিবর্ত্তনার্থ ৫১৮ ধারামত আজ্ঞা।

(২৭) ৫৫৮ ধারামতে আপীল পুনঃ গ্রাহ্য করিতে বা ৫৬০ ধারামতে পুনঃশ্রবণ করিতে অস্বীকার করণের আজ্ঞা।

(২৮) ৫৬২ ধারামতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার আজ্ঞা।

(২৯) এই আইনের কোন বিধানানুসারে অর্থদণ্ড ধার্য্য করণের, কিম্বা ডিক্রীজারীক্রমে কারাবন্ধন ছাড়া কোন ব্যক্তিকে ধৃত কি কারাবদ্ধ করণের যে আজ্ঞা হয় তাহা।"

৯১ ধারা। ৫৮৯ ধারার প্রথম পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে।

৫৮৯ ধারার সংশোধন।

"৫৮৯ ধারা। ৫৮৮ ধারার (১২) ও (১৬) ও (১৭) প্রকরণের নির্দ্দিষ্ট আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইবে।"

যে আদালত আপীল শুনিবেন তাহার কথা।

৯২ ধারা। ৬২২ ধারার "ত্রুটি করিলেন" এই কথার পর "কিম্বা স্বীয় ক্ষমতানুসারে কার্য্য করিতে গিয়া অবৈধমতে কি গুরুতর অনিয়মসহকারে কার্য্য করিয়াছেন" এইং কথা দিতে হইবে।

৬২২ ধারার সংশোধন।

৯৩ ধারা। ৬৩৮ ধারায় "১৬ ও ১৭ ধারা" এই অঙ্ক ও কথার পরিবর্ত্তে "১৬ ও ১৭ ও ১৯ ধারা" এই ২ অঙ্ক ও কথা দিতে হইবে; এবং শেষ পদে "হাই কোর্টের" এই শব্দের পরে "জজের" এই শব্দটী দিতে হইবে।

৬৩৮ ধারার সংশোধন।

৯৪ ধারা। ৬৪২ ধারার দ্বিতীয় পদের পরিবর্ত্তে নিম্নলিখিত পদটী দিতে হইবে, যথা,

৬৪২ ধারার সংশোধন।

"ও ২৫৬ ও ৬৪৩ ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন, যে বিষয়ে যে আদালত বিচারাধিপত্য প্রাপ্ত হইয়াছেন কিম্বা প্রাপ্ত হইয়াছেন বলিয়া সরলভাবে বিশ্বাস করেন, সেই আদালতে সেই বিষয় উপস্থিত থাকিলে, উভয় পক্ষ ও তাঁহাদের উকীল ও মোক্তার ও রেবিনিউ এজেণ্ট ও স্বীকৃত কর্ম্ম কারক ও সমন ক্রমে কার্য্যকারি তাঁহাদের সাক্ষিগণ, ঐ বিষয় উপলক্ষে যে সময়ে ঐ আদালতে যাইতেছেন কি উপস্থিত থাকেন ও যে সময়ে ঐ আদালত হইতে ফিরিয়া আসিতেছেন, সেই সময়ে তাঁহাদিগকে এই আইনমতে ধৃত করা যাইবে না।"

৯৫ ধারা। ৬৪৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

৬৪৮ ধারার সংশোধন।

"৬৪৮ ধারা। ডিক্রীজারী সম্পর্কে না হইয়া এই আইনের কোন বিধানক্রমে কোন ব্যক্তিকে ধৃত করিতে কিম্বা কোন সম্পত্তি ক্রোক করিতে কোন আদালতের ইচ্ছা হইলে এবং ঐ আদালতের এলাকার বহিভূত স্থানে উক্ত ব্যক্তির বাস হইলে কি ঐ সম্পত্তি থাকিলে, আদালত আপন বিবেচনামতে ধৃত করিবার পরওয়ানা কিম্বা ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও যে জিলার আদালতের এলাকার সীমার মধ্যে ঐ ব্যক্তি বা সম্পত্তি থাকে সেই আদালতে আপন পরওয়ানার বা আজ্ঞার নকল ও ব্যক্তিকে ধৃত বা সম্পত্তি ক্রোক করিতে অনুমান যত খরচ লাগিবে তাহাও পাঠাইবেন।

যে ব্যক্তিকে ধৃত বা যে সম্পত্তি ক্রোক করিতে হইবে তাহা জিলার বহির্ভূত স্থানে থাকিলে কার্য্য প্রণালীর কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

"ঐ জিলার আদালত সেই নকল ও টাকা পাইলে আপনার আমলাগণের কিম্বা আপনার অধীন কোন আদালতের দ্বারা ঐ ব্যক্তিকে ধৃত বা ঐ সম্পত্তি ক্রোক করাইবেন, ও যে আদালত ঐ পরওয়ানা বা আজ্ঞা দিলেন বা করিলেন, সেই আদালতে ঐ ধৃত বা ক্রোক হওয়ার কথা জ্ঞাত করিবেন।

"এই ধারামতে যে আদালত কোন ব্যক্তিকে ধৃত করেন তিনি, ধৃত করণের পরওয়ানা যে আদালত হইতে বাহির হইয়াছিল সেই আদালতে ধৃত ব্যক্তিকে পাঠাইবেন, কিন্তু যদি ধৃত ব্যক্তি আদালতে আপনার উপস্থিত হইবার কিম্বা (৩৪ অধ্যায়মত মোকদ্দমা হইলে) তদ্বিরুদ্ধে ঐ আদালতে যে ডিক্রী হইতে পারে সেই ডিক্রীমত কার্য্য করিবার যথোপযুক্ত জামিন দেন, যে আদালত ধৃত করিয়াছেন সেই আদালত তাঁহাকে মুক্ত করিবেন।"

৬৪৯ ধারা সংশোধন।

৯৬ ধারা। ৬৪৯ ধারায় নিম্নলিখিত পদটী সংযোগ করিতে হইবে, যথা, "পূর্ব্বাপর কথা দ্বারা বিরুদ্ধ ভাব প্রকাশ না পাইলে, উক্ত অধ্যায়ের "আদালত ডিক্রী করেন" কি তদ্ভাবের কথায় যে ডিক্রী জারী করিতে হইবে তাহা আপীলক্রমে ডিক্রী হইলে, যে আদালতের ডিক্রীর বিরুদ্ধে আপীল করা যায় সেই আদালতকেও বুঝাইবে, এবং যে ডিক্রী জারী করিতে হইবে তাহা যে আদালতের ডিক্রী সেই আদালত উঠিয়া গিয়া থাকিলে, যে মোকদ্দমায় ডিক্রী হইয়াছিল ডিক্রী জারীর প্রার্থনা করিবার সময়ে সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইলে যে আদালতের উক্ত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা থাকিত, সেই আদালতকেও বুঝাইবে।"

৬৫০ ধারায় যাহা সংযোগ করিতে হইবে।

৯৭ ধারা। ৬৫০ ধারার পর নিম্নলিখিত ধারাটী দিতে হইবে যথা,

ভিন্ন দেশীয় সমন জারী করিবার কথা।

"৬৫০ক ধারা। ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানের কোন আদালত যে সমন বাহির করেন তাহা ব্রিটিষ ভারতবর্ষের আদালতে পাঠান যাইতে পারিবে ও শেষোক্ত আদালতের সমনের ন্যায় জারী করা যাইতে পারিবে। কিন্তু এরূপ স্থলে প্রয়োজন যে, যে আদালত ঐ সমন বাহির করেন সেই আদালত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের ক্ষমতাক্রমে সংস্থাপিত, কিম্বা ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সেই আদালতের প্রতি এই ধারার বিধান বর্ত্তিবার নির্দ্দেশ করিয়াছেন।"

৬৫২ ধারার সংশোধন।

৯৮ ধারা। ৬৫২ ধারায় "সময়ে২" এই শব্দের পরে "আপনার কার্য্যপ্রণালী কিম্বা" এই২ শব্দ দিতে হইবে।

প্রথম তফসীলের সংশোধন।

৯৯ ধারা। প্রথম তফসীলের ১৮৬৫ সালের ১১ আইনের পার্শ্বের তৃতীয় ঘরে "১১ ধারার ২ প্রকরণ" এই অঙ্ক ও শব্দের পরিবর্ত্তে "১১ ধারা ও ১৩ ধারার 'কিন্তু' শব্দ হইতে শেষ পর্য্যন্ত সমুদয় কথা ও ১৯ ধারা" এই২ অঙ্ক ও শব্দ দিতে হইবে; ও ১৮৬৬ সালের ৫ আইনের পার্শ্বের তৃতীয় ঘরে "২ অবধি ৮ পর্য্যন্ত সকল ধারা" এই কথার পরে "এবং তফসীল" এই কথা দিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

দ্বিতীয় তফসীলের সংশোধন।

১০০ ধারা। দ্বিতীয় তফসীলে,

"২৩০" এই অঙ্কের পরিবর্ত্তে "২২৩" এই অঙ্ক দিতে হইবে,

"২১ অধ্যায়" এই অঙ্ক ও শব্দের পূর্ব্বে "২০ অধ্যায়, ৩৬০ ধারা।—কোন২ আদালতকে ঋণশোধকরণক্ষমতা সম্বন্ধীয় বিচারাধিপত্য প্রদানের কথা" এই২ অঙ্ক ও শব্দ দিতে হইবে;

"৩৪ অধ্যায়।—নিষ্পত্তির পূর্ব্বে ধৃত ও ক্রোক করণবিষয়ক বিধি" এই অঙ্ক ও কথার পরে "স্থাবর সম্পত্তি সম্পর্কে না হইয়া, ৩৬ অধ্যায়।—গ্রাহকদের নিযুক্ত করণ বিষয়ক বিধি।" এই অঙ্ক ও কথা দিতে হইবে;

"৫২২" এই অঙ্কের পরিবর্ত্তে "৫২৬" এই অঙ্ক দিতে হইবে।

চতুর্থ তফসীলের সংশোধন।

১০১ ধারা। চতুর্থ তফসীলের ১৪১ নম্বর পাঠের যে মোট আছে, তাহাতে "আজ্ঞা হইলে" এই কথার পর "ও ২৮৭ ধারায় অন্য যে ২ বিশেষ বিবরণ নির্দ্দিষ্ট করিবার আদেশ আছে তাহা যত দূর ন্যায্য ও শুদ্ধরূপে হইতে পারে" এই২ কথা; ১৪৯ নম্বর পাঠে "ত্রিশ" শব্দের পরিবর্ত্তে "ষাইট" শব্দ; ও ১৭২ নম্বর পাঠে যে যে স্থলে "সাত", এই শব্দটী আছে সেই সেই স্থলে তৎপরিবর্ত্তে "দশ" এই শব্দটী দিতে হইবে।

যে আপীল চলিতেছে তাহার কথা।

১০২ ধারা। এক্ষণে যে আপীল চলিতেছে তাহা উপস্থিত করিবার তারিখে এই আইন প্রচলিত থাকিলে যদি সেই আপীল হইতে পারিত, তবে এই আইন উক্ত তারিখে প্রচলিত থাকিলে যেরূপ হইত তদ্রূপে ঐ আপীল শুনা গিয়া নিষ্পত্তি হইবে; ও ইতিপূর্ব্বে ৩২০ ধারামতে কালেক্টর সাহেবের নিকটে মোকদ্দমা প্রেরণ সূচক যে প্রত্যেক আজ্ঞা করা গিয়াছে, ও ৩৬০ ধারামতে প্রদত্ত বলিয়া ইতিপূর্ব্বে যে প্রত্যেক বিজ্ঞাপন প্রকাশ করা গিয়াছে, তাহা আইনমতে কৃত ও প্রদত্ত বলিয়া জ্ঞান করা যাইবে।

৩২০ ও ৩৬০ ধারা মত আজ্ঞা ও বিজ্ঞাপনের কথা।

অর্থ করণের ধারা।

১০৩ ধারা। এই আইনে ইহার পূর্ব্বের ধারা গুলিতে "ধারা" ও "তফসীল" শব্দে উক্ত আইনের ধারা ও তৎসংযুক্ত তফসীল বুঝাইবে।

আর রেজিষ্টরী করণবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইন পশ্চাল্লিখিত মতে সংশোধন করা বিহিত; অতএব এতদ্দ্বারা আরো এই২ বিধান করা গেল।

১৮৭৭ সালের ৩ আইনের ৩৫ ধারার সংশোধন।

১০৪ ধারা। উক্ত আইনের ৩৫ ধারায় "কিওমনা বা লিয়া" এই কথার পরে "রেজিষ্টরী কার্য্যকারকের" এই কথা দিতে হইবে, এবং "ঐ দলীল রেজিষ্টরী করিতে অস্বীকার করিবেন" এই কথার পূর্ব্বে "যে ব্যক্তি তদ্রূপ অস্বীকার করেন কিম্বা যৎ সম্বন্ধে তদ্রূপ বোধ হয় কি যাঁহার মৃত্যু হইয়াছে তৎসম্পর্কে" এই২ কথা দিতে হইবে।

১০৫ ধারা। উক্ত আইনের ৫১ ধারায় "৮৭" এই অঙ্কের পরিবর্ত্তে "৮৯" এই অঙ্ক দিতে হইবে।

৫১ ধারার সংশোধন।

১০৬ ধারা। উক্ত আইনের ৮৩ ধারায় "অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের" এই কথার পরিবর্ত্তে "দ্বিতীয় "শ্রেণীর মাজিষ্ট্রেটের" এই কথা দিতে হইবে।

৮৩ ধারার সংশোধন।

১০৭ ধারা। উক্ত আইনের ৮৯ ধারায় "ঐ সর্টিফিকট" এই কথার পরিবর্ত্তে "ঐ নকল' এই কথা দিতে হইবে, ও ঐ ধারায় নিম্নলিখিত পদটী যোগ করিতে হইবে, যথা, "যে আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩১৬ ধারামতে সর্টিফিকেট দেন, সর্টিফিকেটের অন্তর্গত যে সমস্ত স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে রেজিষ্টরী কার্য্যকারকের এলাকার সীমার মধ্যে থাকে তাঁহার নিকট ঐ আদালত উক্ত সর্টিফিকেটের নকল পাঠাইবেন, ও সেই রেজিষ্টরী কার্য্যকারক আপনার ১নং বহীতে ঐ নকল রাখিবেন।"

৮৯ ধারার সংশোধন।

আর ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইন পশ্চাল্লিখিতমতে সংশোধন করা বিহিত, অতএব এতদ্দ্বারা আরো এই২ বিধান করা গেল।

১০৮ ধারা। উক্ত ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক ১৮৭৭ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬১ প্রকরণের পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে যথা,

১৮৭৭ সালের ১৫ আইনের দ্বিতীয় তফসীলের সংশোধন।

"১৬১।—নোটিসের লিখিত টাকা দেওয়া কি হিসাব নিষ্পত্তি হওয়া সর্টিফিকটযুক্ত বলিয়া কেন লিপিবদ্ধ করা না যাইবে, ইহার কারণ দর্শাইবার নিমিত্ত উক্ত আইনের ২৫৮ ধারামতে নোটিস বাহির হইবার প্রার্থনাপত্র।"	বিশ দিন	টাকা দেওয়ার কি হিসাব নিষ্পত্তি হওয়ার সময়াবধি।

১৬৬ প্রকরণের প্রথম ঘরে "হওয়াপ্রযুক্ত" এই কথার পরে "কিম্বা আদালতের অনুমতিবিনা ডিক্রীদার খরিদ করিয়াছেন বলিয়া" এই২ কথা দিতে হইবে।

১৭১ প্রকরণের প্রথম ও তৃতীয় ঘরে "বাদির" এই শব্দের পরে "কিম্বা আপেলান্টের" এই কথা দিতে হইবে।

১৭১ প্রকরণের পরে নিম্নলিখিত প্রকরণগুলি দিতে হইবে, যথা,

"১৭১ ক।—উক্ত আইনের ৩৬৬ ধারামতে প্রতিবাদির প্রার্থনাপত্র।"	ষাইট দিন	বাদির মরণের তারিখ অবধি।
"১৭১ খ।—মৃত প্রতিবাদির স্থলাভিষিক্তকে প্রতিবাদী করিবার নিমিত্ত উক্ত আইনের ৩৬৮ ধারামতে প্রার্থনাপত্র।"	ঐ	প্রতিবাদির মরণের তারিখ অবধি
"১৭১ গ।—মোকদ্দমা রহিত কি ডিসমিস করণের আজ্ঞা অসিদ্ধ করিবার আজ্ঞা জন্য উক্ত আইনের ৩৭১ ধারামতে প্রার্থনাপত্র।"	ঐ	মোকদ্দমার রহিত কি ডিসমিস করণের আজ্ঞার তারিখ অবধি।"

১৭৯ প্রকরণের তৃতীয় ঘরের ৬ দফায় "নির্দ্দিষ্ট তারিখে" এই কথার পরিবর্ত্তে "কোন তারিখে" এই কথা, ও "সেই নির্দ্দিষ্ট তারিখ" এই কথার পরিবর্ত্তে "উক্ত তারিখ" এই কথা দিতে হইবে।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৪ অক্টোবর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইন।

অশুদ্ধ শোধন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন ও রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইন ও মোকদ্দমার মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের আইন সংশোধনার্থ যে আইন ১৮৭৯ সালের সেপ্টেম্বর মাসের ৩০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের তৃতীয় খণ্ডের ৪১ অবধি ৫৫ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহার,—

৪২ পৃষ্ঠায়, ২ ধারার ২১ পংক্তিতে "ব্যক্তিরা" শব্দের পরিবর্ত্তে "ব্যক্তির"

৪২ পৃষ্ঠায়, ৯ ধারার ১০ পংক্তিতে "তাঁহার" শব্দের পরিবর্ত্তে "তাঁহারা"

৪৩ পৃষ্ঠায়, ২৩ ধারার ৮ পংক্তিতে "যে পূর্ব্বে সকল" এই কথার পরিবর্ত্তে "পূর্ব্বে যে সকল"

৪৩ পৃষ্ঠায়, ২৪ ধারার ৫ পংক্তিতে "ডিক্রী ন্যায়" এই কথার পরিবর্ত্তে "ডিক্রীর ন্যায়"

৪৪ পৃষ্ঠায়, ৩৬ ধারার ১৫ পংক্তিতে "লোটিস" শব্দের পরিবর্ত্তে "নোটিস"

৪৬ পৃষ্ঠায়, ৪৭ ধারার ৩ পংক্তিতে "প্রকার" শব্দের পরিবর্ত্তে "প্রকা—"

৪৮ পৃষ্ঠায়, ৩২৫ক ধারার মার্জিনের দ্বিতীয় পংক্তিতে "স্থালাভিষিক্তের" এই শব্দের পরিবর্ত্তে "স্থলাভিষিক্তের" ও তৃতীয় পংক্তিতে "সম্বন্ধে" শব্দের পর "বা" ও চতুর্থ পংক্তিতে "ও" শব্দের পূর্ব্বে "ধারা" এই দুইয়ের পরিবর্ত্তে "বাধার"

৪৯ পৃষ্ঠায়, ৫৬ ধারার ৭ পংক্তিতে "খুল" শব্দের পরিবর্ত্তে "খুলা"

৫০ পৃষ্ঠায়, ৩৪৭ ধারার ১৪ পংক্তিতে "যথ" শব্দের পরিবর্ত্তে "যথা"

৫১ পৃষ্ঠায়, ৭২ ধারার ৭ পংক্তিতে "ট্রেষ্টী ক" এই কথার পরিবর্ত্তে "ট্রেষ্টী কি" এবং ৮ পংক্তিতে "দ্রব্যনিরূ ণা" ইহার পরিবর্ত্তে "দ্রব্যনিরূপণা—"

৫২ পৃষ্ঠায়, ৭৫ ধারার ২পংক্তিতে "হইং" শব্দের পরিবর্ত্তে "এইং"

৫৪ পৃষ্ঠায়, ১০৪ ধারার ১ পংক্তিতে "বা" ও ২ পংক্তিতে "লিয়া" এই দুইয়ের পরিবর্ত্তে "বলিয়া" এবং ঐ ধারার ৬ পংক্তিতে "কিয়ৎ সম্বন্ধে" এই কথার পরিবর্ত্তে "কি যৎসম্বন্ধে"

৫৫ পৃষ্ঠায়, ১০৭ ধারার মার্জিনে "৪৯" এই অঙ্কের পরিবর্ত্তে "৮৯"

৫৫ পৃষ্ঠায়, দ্বিতীয় কলমের টেবিলের তৃতীয় ঘরের ৫ পংক্তিতে "রণের" শব্দের পরিবর্ত্তে "মরণের" ও ৭ পংক্তিতে "মোকদ্দমার" শব্দের পরিবর্ত্তে "মোকদ্দমা" পাঠ করিতে হইবে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,

Bengali Translator.

[*Government Gazette,* 14*th October* 1879.]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩০ ডিসেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ২৯ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ১৮ আইন।

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন।

নির্ঘণ্ট।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

বাঙ্গালা, উত্তর পশ্চিম প্রদেশ, পঞ্জাব, অযোধ্যা ও আসামের ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করা, এবং অবশিষ্ট ব্রিটিষভারতবর্ষে প্রত্যেক স্থানীয় গবর্ণমেন্টকে আপন আপন শাসনাধীন প্রদেশে এই আইনের যে অংশ উক্ত গবর্ণমেন্ট উচিত বোধ করেন সেই অংশ চালাইবার ক্ষমতা প্রদান করা, বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা গেল :—

১ অধ্যায়।—উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।
আরম্ভ।

১ ধারা। এই আইন "ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইবে এবং ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবস অবধি প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

এই ধারা এবং দ্বিতীয় ধারা সমুদয় ব্রিটিষ ভারতবর্ষের প্রতি বর্ত্তিবে।

এই আইনের অবশিষ্টভাগ প্রথমতঃ বাঙ্গালার ও উত্তর পশ্চিম প্রদেশের ও পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের, এবং অযোধ্যার ও আসামের শ্রীযুত চীফ কমিশ্যনর সাহেবের শাসনাধীন প্রদেশের প্রতি বর্ত্তিবে। কিন্তু অন্য স্থানীয় গবর্ণমেন্ট সময়েং রাজকীয় গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের অবশিষ্ট ভাগের সমুদয় কি কোনং বিধান তদীয় শাসনাধীন প্রদেশের সমুদয় স্থানে কি কোনং অংশে বর্ত্তাইতে পারিবেন।

যে যে আইন রহিত হইল, তাহার কথা।

২ ধারা। ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবস অবধি এতৎ সংযুক্ত প্রথম তফসীলে যে যে আইনের উল্লেখ আছে তন্নির্দ্দিষ্ট পরিমাণে সেই সেই আইন রহিত হইল।

বিধি প্রভৃতি সংরক্ষণের কথা।

এতদ্দ্বারা যে যে আইন রহিত করা গেল, সেই সেই আইন অনুসারে যে সমুদয় বিধি ও নিয়োগ কৃত, অর্থদণ্ড নির্দ্দিষ্ট, ফী নির্দ্ধারিত, ব্যক্তি গৃহীত, নাম তালিকা ভুক্ত, সর্টিফিকেট জারী, অনুমোদন সূচিত, ও আজ্ঞা প্রদত্ত হইয়াছে, সেই সমুদয় যথাক্রমে এই আইন অনুসারে কৃত, নির্দ্দিষ্ট, নির্দ্ধারিত, গৃহীত, তালিকাভুক্ত, জারী, সূচিত ও প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রহিত করা আইনের উল্লেখের কথা

যে কোন আইন এতদ্দ্বারা রহিত করা গেল, তৎপরবর্ত্তী বিধিবদ্ধ কোন আইনে কি ব্যবস্থায় কিম্বা প্রকাশিত বিজ্ঞাপনপত্রে তাহার উল্লেখ থাকিলে, সেই উল্লেখ যেন এই আইনের তদ্বিষয়ক বিধান সম্বন্ধে করা হইয়াছে এইরূপ পড়িতে হইবে।

অর্থকরণের ধারা।

৩ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না হইলে, এই আইনে

"বিচারপতি।"

প্রত্যেক দেওয়ানী ও ফৌজদারী আদালতে যিনি বিচার বিষয়ক আধিপত্য কারী কার্য্যকারক তাঁহার যে কোনখ্যাতি হউক না কেন, "বিচারপতি" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"অধীন আদালত" শব্দে হাই কোর্টের অধীন সমুদয় আদালত, এবং ১৮৫০ সালের ৯ আইনবলে বা ১৮৬৫ সালের ১১ আইনবলে সংস্থাপিত ছোট আদালতও বুঝাইবে।

"অধীন আদালত।"

দেওয়ানী আদালত ভিন্ন যে সমুদয় আদালত প্রচলিত আইন অনুসারে ভূম্যধিকারী ও তদীয় প্রজা বা কর্ম্মকারক বিষয়ক মোকদ্দমার বিচার করেন "রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়" শব্দে সেই সমুদয় আদালতও বুঝাইবে।

"রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়।"

"ব্যবহারাজীবী" শব্দে কোন হাই কোর্টের আডবোকেট, উকীল বা আটর্নি, কিম্বা কোন প্লীডর, মোক্তার, বা রেবিনিউ এজেন্ট বুঝাইবে।

"ব্যবহারাজীবী।"

---

২ অধ্যায়।—আডবোকেট, উকীল ও আটর্নিদের কথা।

৪ ধারা। কোন হাই কোর্ট সংস্থাপন বিষয়ক প্রকাশ পত্রের বলে উক্ত হাই কোর্টের তালিকায় আডবোকেট বা উকীল বলিয়া, কিম্বা পঞ্জাবের চীফ কোর্টের তালিকায় আডবোকেট বলিয়া, যে ব্যক্তির নাম এক্ষণে লিখিত আছে কি ভবিষ্যতে হয়, তাঁহার নাম যে কোর্টের তালিকায় লিখিত থাকে সেই কোর্টের অধীন সমুদয় আদালতে, ও সেই কোর্টের আপীলসম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত সমুদয় রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে, তিনি কর্ম্ম করিতে অধিকারী হইবেন। কিন্তু উক্ত কোর্ট বা কার্য্যালয়কে সম্বোধন করিতে হইলে প্লীডর বা রেবিনিউ এজেন্টদিগের যে ভাষা ব্যবহার করিবার বিধি প্রচলিত থাকে, তাঁহাকে সেই বিধির নিয়মাধীন হইতে হইবে। এবং যে ব্যক্তির নাম যে কোর্টের তালিকায় লিখিত থাকে, সেই ব্যক্তি সামান্যতঃ সেই কোর্টে কিম্বা তদধীন কোন আদালতে কর্ম্ম করিতে থাকিলে, এই আইনে বিপরীত কথা থাকিলেও, যে হাই কোর্টের তালিকায় তাঁহার নাম লিখিত হয় নাই সেই হাই কোর্ট ভিন্ন ব্রিটিষ ভারতবর্ষের সমুদয় আদালতে, কিম্বা এরূপ হাই কোর্টের সম্মতিক্রমে উক্ত কোর্টে এবং কোন রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে স্বীয়কর্ম্ম করিতে অধিকারী হইবেন।

আডবোকেট ও উকীলদিগের কথা।

কিন্তু এরূপ কোন উকীল এই ধারার বলে আদৌ-বিচারাধিপত্য সম্পর্কে কার্য্যকারী হাই কোর্টের কোন জজ বা ডিবিজন কোর্ট বা হাই কোর্ট সন্নিধানে কর্ম্ম করিতে অধিকারী হইবেন না।

৫ ধারা। কোন হাই কোর্টের তালিকায় আটর্নি বলিয়া যে ব্যক্তির নাম এক্ষণে লিখিত আছে কি ভবিষ্যতে হয়, তিনি উক্ত হাই কোর্টের অধীন সমুদয় আদালতে ও উক্ত হাই কোর্টের আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত সমুদয় রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ে কর্ম্ম করিতে অধিকারী হইবেন, এবং যে ব্যক্তির নাম যে কোর্টের তালিকা তদ্রূপে লিখিত থাকে, সেই ব্যক্তি সামান্যতঃ সেইকোর্টে কিম্বা তদধীন আদালতে কর্ম্ম করিতে থাকিলে, এই আইনে বিপরীত কথা থাকিলেও রাজকীয় সনন্দ দ্বারা সংস্থাপিত যে হাই কোর্টের তালিকায় তাঁহার নাম লিখিত হয় নাই সেই হাই কোর্ট ব্যতিরিক্ত ব্রিটিষ ভারতবর্ষের যে কোন আদালতে ও যে কোন রাজস্ববিষয়ক কার্য্যালয়ে আটর্নির কর্ম্ম করিতে অধিকারী হইবেন।

হাই কোর্টের আটর্নিদিগের কথা।

এই ধারামতে কোন আটর্নি যে প্রদেশে কর্ম্ম করেন সেই প্রদেশের হাই কোর্ট তদ্রূপ কর্ম্মকারি আটর্নিদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন।

৩ অধ্যায়।—প্লীডর ও মোক্তারদিগের কথা।

৬ ধারা। এইং বিষয়ে হাই কোর্ট সময়েং এই আইন সঙ্গত বিধি করিতে পারিবেন,

প্লীডর ও মোক্তারদিগের যোগ্যতা নিরূপন প্রভৃতি বিষয়ে বিধি প্রণয়ণ করিবার ক্ষমতার কথা।

(ক) অধীন আদালতের এবং আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ের এবং রাজকীয় সনন্দ দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত না হইলে উক্ত কোর্টের প্লীডর হইতে যে সকল ব্যক্তি যোগ্য তাঁহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণেও সর্টিফিকেট বিষয়ে;

(খ) অধীন আদালতের, এবং কোন হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে উক্ত কোর্টের মোক্তার হইতে যে সকল ব্যক্তি যোগ্য তাঁহাদিগের যোগ্যতানিরূপণ, গ্রহণ ও সর্টিফিকেট বিষয়ে,

(গ) ঐ সকল ব্যক্তির পরীক্ষা ও গ্রহণ জন্য যে যে ফী দিতে হইবে তদ্বিষয়ে, এবং

(ঘ) উক্ত প্লীডর ও মোক্তারদিগকে স্থগিত করণ ও কর্ম্মচ্যুত করণ বিষয়ে।

এই সকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং প্রকাশ করা গেলে আইন তুল্য বলবৎ হইবে;

বিধি প্রকাশ করিবার কথা।

কিন্তু যে সকল হাই কোর্ট রাজকীয় সনন্দদ্বারা সংস্থাপিত নহে, তাঁহাদিগের প্রণীত বিধি স্থানীয় গবর্ণমেন্ট দ্বারা পূর্ব্বে অনুমোদিত হওয়া চাই।

৭ ধারা। ৬ ধারামতে কোন ব্যক্তি প্লীডর বা মোক্তার বলিয়া গ্রাহ্য হইলে পর হাই কোর্ট যে কার্য্যকারককে এই কার্য্যের জন্য সময়ে সময়ে নিয়োগ করেন তাঁহার স্বাক্ষরিত সর্টিফিকেট উক্ত ব্যক্তিকে দিয়া এরূপ ক্ষমতা দিবেন যে ঐ সর্টিফিকেটে যে যে আদালত এবং, প্লীডর হইলে, যে যে কার্য্যালয় নির্দ্দিষ্ট থাকে, চলিত সনের শেষ পর্য্যন্ত তিনি সেই সেই স্থানে কর্ম্ম করিতে পারিবেন।

প্লীডর ও মোক্তারদিগের সর্টিফিকেটের কথা।

উক্ত কাল গত হইলে পর সর্টিফিকেটধারী যদি কর্ম্ম চালাইতে অভিলাষী হন, তাহা হইলে যে জিলার আদালতের জজের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে তিনি সামান্যতঃ কর্ম্ম করেন অথবা এই কার্য্যের জন্য যে কার্য্যকারককে হাই কোর্ট সময়ে সময়ে নিয়োগ করেন সেই জজ বা কার্য্যকারক দ্বারা তিনি, এতদর্থে হাই কোর্ট সময়েং এই আইনসঙ্গত যে বিধি করেন তাহার নিয়মাধীনে, সর্টিফিকেট নূতন করিয়া লইতে অধিকারী হইবেন।

এইরূপ প্রত্যেক বার নূতন করিয়া লইবার সময়ে ঐ উকীল বা মোক্তারের কাছে যে সর্টিফিকেট থাকে উক্ত জজ বা কার্য্যকারক তাহা লইয়া অকর্ম্মণ্য করিয়া আপনার নিকটে রাখিবেন।

নূতন করিয়া দত্ত এরূপ প্রত্যেক সর্টিফিকেটে উক্ত জজ বা কার্য্যকারক স্বাক্ষর করিবেন, এবং তাহা চলিত সনের শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে।

কোন জজ বা কার্য্যকারক এইরূপে কোন সর্টিফিকেট নূতন করিয়া দিলে, তিনি হাই কোর্টে ইহার সংবাদ জানাইবেন।

নাম লিখান হইলে প্লীডরেরা আদালতে ও রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করিতে পারিবেন ইহার কথা।

৮ ধারা। ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্লীডর তাঁহাকে যে হাই কোর্ট গ্রাহ্য করিয়াছেন সেই হাই কোর্টের আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমারমধ্যে উক্ত সর্টিফিকেটের লিখিত আদালত বা রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন; এবং এতদর্থে হাই কোর্ট কিম্বা রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, তাহার নিয়মাধীনে আধিপত্যকারী জজ বা কার্য্যকারক তাঁহার নাম লিখিয়া লইবেন, এবং উক্তরূপে নাম লিখান হইলে, তিনি উক্ত আদালত বা কার্য্যালয়ে বা তদধীন আদালতে বা কার্য্যালয়ে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

নাম লিখান হইলে মোক্তারেরা আদালতে কর্ম্ম করিতে পারিবেন ইহার কথা।

৯ ধারা। ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী মোক্তার সর্টিফিকেটে উল্লিখিত ও উক্ত সীমার মধ্যস্থিত দেওয়ানী কি ফৌজদারী আদালতে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন; এবং এতদর্থে হাই কোর্ট সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, তাহার নিয়মাধীনে আধিপত্যকারী জজ তাঁহার নাম লিখিয়া লইবেন, এবং নাম লিখান হইলে তিনি তদ্রূপ দেওয়ানী আদালতে ও তদধীন কোন আদালতে উপস্থিত হইতে ও কার্য্য করিতে পারিবেন এবং (ফৌজদারী কার্য্যপ্রণালীবিষয়ক আইনের বিধানের নিয়মাধীনে) তদ্রূপ ফৌজদারী আদালতে ও তদধীন কোন আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

যোগ্য না হইলে কোন ব্যক্তি প্লীডর কি মোক্তারের কর্ম্ম করিতে পারিবেন না ইহার কথা।

১০ ধারা। এই আইনের অথবা অন্য কোন প্রচলিত আইনের বিহিত স্থল ভিন্ন কোন ব্যক্তি ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেট না পাইয়া রাজকীয় সনন্দবলে সংস্থাপিত নহে এরূপ আদালতে অথবা উক্ত আদালত যে আদালতের অধীন সেই আদালতে নাম না লিখাইয়া, উক্ত আদালতে প্লীডর বা মোক্তারস্বরূপ কর্ম্ম করিতে পারিবেন না।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইনক্রমে মোকদ্দমায় রেবিনিউ এজেণ্টদের মুকেদ্দী আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবার কথা।

কিন্তু বাঙ্গালার শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশে এই আইনক্রমে যে সকল ব্যক্তি ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসের পূর্ব্বে রেবিনিউ এজেণ্টের সার্টিফিকেট পান তাঁহারা উক্তপ্রদেশস্থ মুন্সেফের আদালতে ৯ ধারার বিধানমতে নাম লিখাইতে পারিবেন, ও নাম লিখাইলে। ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনবলে অথবা ভূম্যধিকারী ও তদীয় প্রজা কি কর্ম্মকারকের মোকদ্দমার কার্য্যপ্রণালী নিয়ামক প্রচলিত অন্য আইন বলে যে সকল মোকদ্দমা হয় তাহাতে উক্ত আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

মোক্তারদের কর্ম্ম নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে বিপরীত কথা থাকিলেও, অধীন আদালতে, ও রাজকীয় সনন্দবলে সংস্থাপিত হাই কোর্ট না হইলে সেই কোর্টে, কর্ম্মকারি মোক্তারদের কর্ম্ম, ক্ষমতা ও কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া হাই কোর্ট সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে প্লীডর কি মোক্তারের কি স্থগিত কি পদচ্যুত হইবার কথা।

১২ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্লীডরের কি মোক্তারের যদি এমন ফৌজদারী অপরাধ সপ্রমাণ হয় যাহাতে প্লীডরের কি স্থলবিশেষে মোক্তারের অযোগ্য চরিত্রগত দোষ প্রকাশ পায়, হাই কোর্ট তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

পদের অযোগ্য আচরণ করিলে প্লীডর কি মোক্তারের স্থগিত কি পদচ্যুত হইবার কথা।

১৩ ধারা। উক্তরূপ সর্টিফিকেটধারী প্লীডর যে ব্যক্তির পক্ষে নিযুক্ত হন, সেই ব্যক্তি কিম্বা সেই ব্যক্তির স্বকীয় চাকর কিম্বা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অভিপ্রায়ানুযায়ি সেই ব্যক্তির স্বীকৃত মোক্তার ভিন্ন অন্য কাহারও নিকটে কোন মোকদ্দমার উপদেশ লইলে, কিম্বা

উক্তরূপ সর্টিফিকেটধারী প্লীডর কি মোক্তার স্বীয় পদের কার্য্যোপলক্ষে প্রতারণা কি অতি অন্যায় আচরণ করিলে, অথবা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে

হাই কোর্ট যে রূপ অনুসন্ধান উচিত বোধ করেন তাহা করিয়া উক্ত প্লীডর কি মোক্তারকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

অধীন আদালতে বা রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে পদের অযোগ্য আচরণের অভিযোগ উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা

১৪ ধারা। যে প্লীডর কি মোক্তার অধীন আদালতে কি রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করেন, তাঁহার নামে উক্ত আদালতে বা কার্য্যালয়ে উক্তরূপ ব্যতিরেকস্থল ভিন্ন উপদেশ গ্রহণ ও উক্তরূপ অসদাচরণ জন্য অভিযোগ হইলে, তত্রত্য আধিপত্যপ্রাপ্ত কার্য্যকারক তাঁহাকে অভিযোগের একখণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্টদিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে

উক্ত প্রতিলিপি ও নোটিস নির্দ্দিষ্ট দিনের অন্যূন পঞ্চদশদিন পূর্ব্বে ঐ প্লীডর কি মোখ্তারকে দিতে হইবে।

উক্ত দিনে কিম্বা পরবর্ত্তী যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা হয় সেই দিনে, অভিযোগের পোষক ভার, অথবা উক্ত প্লীডর কি মোখ্তার কর্ত্তৃক যে সকল প্রমাণ যথাযোগ্যরূপে উপস্থিত করা হয় উক্ত আধিপত্যপ্রাপ্ত কার্য্যকারক সেই সমুদয় গ্রহণ করিয়া লিপিবদ্ধ করিবেন এবং অভিযোগ নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

যদি উক্ত কার্য্যকারক অভিযোগ সপ্রমাণ হইয়াছে স্থির করিয়া তন্নিমিত্ত উক্ত প্লীডরকে কি মোখ্তারকে স্থগিত কি পদচ্যুত করা উচিত বিবেচনা করেন, তিনি স্বীয় নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন ও তাহা হাই কোর্টে রিপোর্ট করিবেন এবং হাই কোর্ট উক্ত প্লীডরকে কি মোখ্তারকে নির্দ্দোষী, স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

অনুসন্ধান শেষের অপেক্ষায় স্থগিত করণের কথা।

কোন জিলার জজ, কিম্বা তাঁহার অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন বিচারপতি ও কোন জিলার মাজিষ্ট্রেট কিম্বা তাহার অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন মাজিষ্ট্রেট, ও কালেক্টরের ন্যূনপদস্থ নহেন এমন কোন রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষ কিম্বা কালেক্টরের অনুমতি গ্রহণ পূর্ব্বক তদধীন কোন রাজস্বসংক্রান্ত কার্য্যকারক, তৎসম্মুখে এই ধারামতে কোন প্লীডরের কি মোখ্তারের নামে অভিযোগ হইলে, হাই কোর্টের অনুসন্ধান শেষ ও আদেশের অপেক্ষায় উক্ত প্লীডরের বা মোখ্তারের কর্ম্ম করা স্থগিত করিতে পারিবেন।

এই ধারাক্রমে হাই কোর্টে যে যে রিপোর্ট করা হয় তাহা

(ক) জিলার জজের অধীন অন্য কোন দেওয়ানী বিচারপতি করিলে, উক্ত জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(খ) জিলার মাজিষ্ট্রেটের অধীন কোন মাজিষ্ট্রেট করিলে, জিলার মাজিষ্ট্রেট ও দায়রার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(গ) জিলার মাজিষ্ট্রেট করিলে, দায়রার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(ঘ) রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের অধীন রাজস্ববিষয়ক কোন কার্য্যকারক করিলে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ সময়ে২ যেরূপ আদেশ করেন তদনুযায়ি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদিগের দ্বারা করিতে হইবে।

যে জজ কি মাজিষ্ট্রেট কি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষের হস্ত দিয়া এরূপ রিপোর্ট যায় তৎসঙ্গে তাঁহাদিগের প্রত্যেকের মত পাঠাইতে হইবে।

১৪ ধারাক্রমে নির্দ্দোষী হইলে নথী তলব করিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। যে স্থলে কোন প্লীডর কি মোখ্তার হাই কোর্টের আদেশ ভিন্ন অন্য প্রকারে ১৪ ধারাক্রমে নির্দ্দোষী সাব্যস্থ হয়, হাই কোর্ট নথী তলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

হাই কোর্টের আপীলী বিভাগের মোখ্তারদের সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। প্রকাশ রাজপত্রে কিম্বা দেওয়ানী কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৭ ধারার (ক) প্রকরণে বিপরীত কথা থাকিলেও, রাজকীয় সনন্দ বলে সংস্থাপিত কোন হাইকোর্ট সময়ে২ পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে এইআইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(ক) উক্ত কোর্টের আপীলীবিভাগে মোখ্তারের কর্ম্ম করিবার জন্য যেসকল ব্যক্তি যোগ্য তাঁহাদিগের যোগ্যতানিরূপণ ও গ্রহণ সম্বন্ধে,

(খ) উক্ত ব্যক্তিদিগের পরীক্ষার্থ ও গ্রহণার্থ যে ফী দিতে হইবে, তৎসম্বন্ধে,

(গ) তাঁহাদিগের সভ্যতা ও সদাচরণ জন্য তাঁহাদিগের যে জামীন দিতে হইবে তৎসম্বন্ধে,

(ঘ) উক্ত মোখ্তারদের স্থগিত করণ ও পদচ্যুত করণ সম্বন্ধেও

(ঙ) তাঁহাদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য কিরূপ হইবে, তৎসম্বন্ধে।

এরূপ বিধি অমান্য করিলে উক্ত কোর্ট ৫০০ পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন, এবং উক্তরূপ অর্থদণ্ড করা হইলে, আদৌ নিয়মিত ফৌজদারী বিচারাধিপত্য সম্পর্কে কার্য্য করিয়া হাই কোর্ট অর্থদণ্ড করিলে যেরূপে আদায় করা যায় তাহা তদ্রূপে আদায় করা যাইবে।

৪অধ্যায়।—রেবিনিউ এজেণ্টদিগের কথা।

রেবিনিউ এজেণ্টদের যোগ্যতা প্রভৃতি সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

১৭ ধারা। রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ সময়ে২ পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে এই আইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন,

(ক) যে সকল ব্যক্তি রেবিনিউ এজেণ্ট হইবার যোগ্য তাঁহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ ও সার্টিফিকেট সম্বন্ধে,

(খ) উক্ত ব্যক্তিদিগের পরীক্ষার্থ ও গ্রহণার্থ যে ফী দিতে হইবে তৎসম্বন্ধে,

(গ) তাঁহাদিগের স্থগিত করণ ও পদচ্যুতকরণসম্বন্ধে ও

(ঘ) তাঁহাদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য কিরূপ হইবে তৎসম্বন্ধে।

বিধি প্রকাশ করিবার কথা।

এইসকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে, এবং প্রকাশিত হইলে আইন তুল্য বলবৎ হইবে।

রেবিনিউ এজেণ্টদের সর্টিফিকেটের কথা।

১৮ ধারা। ১৭ ধারাক্রমে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্ট বলিয়া গ্রাহ্য হইলে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ সময়ে২ এই কার্য্য করিতে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরিত সর্টিফিকেট উক্ত ব্যক্তিকে দেওয়াইবেন; তাহাতে চলিত সনের শেষ পর্য্যন্ত তন্নির্দ্দিষ্ট কার্য্যালয়ে উক্ত ব্যক্তিকে কর্ম্ম করিবার অধিকার প্রদত্ত হইবে।

উক্ত মিয়াদ গত হইলে সর্টিফিকেটধারী কর্ম্ম চালাইতে অভিলাষী হইলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের সেক্রেটরীর দ্বারা কিম্বা এতৎসম্বন্ধে উক্ত কর্ত্তৃ-

পক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা আপনার সর্টিফিকেট নূতন করিয়া লইবার অধিকারী হইবেন। এইরূপ প্রত্যেক বার নূতন করিয়া লইবার সময় উক্ত রেবিনিউ এজেন্টের কাছে যে সর্টিফিকেট থাকে উক্ত সেক্রেটরী কি অন্য কার্য্যকারক তাহা অকর্ম্মণ্য করিয়া আপনি রাখিয়া দিবেন।

এই রূপে নূতন করিয়া দত্ত প্রত্যেক সর্টিফিকেটে উক্ত সেক্রেটরী কি অন্য কার্য্যকারক স্বাক্ষর করিবেন এবং তাহা চলিত সনের শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে। এই রূপে সর্টিফিকেট নূতন করিয়া দিলে প্রত্যেক কার্য্যকারক তাহার সম্বাদ রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষকে দিবেন।

রেবিনিউ এজেন্টদের নাম লিখাইবার কথা।

১৯ ধারা। ১৮ ধারাক্রমে প্রদত্ত সার্টিফিকেটধারী প্রত্যেক রেবিনিউ এজেন্ট সর্টিফিকেট নির্দ্দিষ্ট ও উক্ত রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ককর্ত্তৃপক্ষের অধীন প্রদেশের মধ্যস্থিত যে কোন রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়েনাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং এতদর্থে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ সময়েং যে বিধি প্রণয়ন করেন, তাহা নিয়মাধীনে উক্ত কার্য্যালয়ের আধিপত্য প্রাপ্ত কার্য্যকারক তাঁহার নাম লিখিয়া লইবেন; এবং নাম লিখান হইলে তিনি উক্ত কার্য্যালয়ে ও তদধীন রাজস্ববিষয়ক কোন কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিতে পারিবেন।

যোগ্য না হইলে কোন ব্যক্তি রাজস্ব বিষয়ক কার্য্যালয়ে এজেন্টের কর্ম্ম করিবেন না হইবার কথা।

২০ ধারা: এই আইনের কিম্বা যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে না হইলে, এই আইনের পূর্ব্বোক্ত বিধানানুসারে নিয়মিতরূপে যোগ্য প্লীডর ভিন্ন কোন ব্যক্তি, ১৮ ধারা ক্রমে প্রদত্ত সার্টিফিকেট পাইয়া কোন রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ে কিম্বা উক্ত কার্য্যালয় যে কার্য্যালয়ের অধীন সেই কার্য্যালয়ে নাম না লিখাইলে উক্ত কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিবেন না।

কিন্তু এতৎপক্ষে নিয়মিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের কিম্বা এতৎ কার্য্যসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের অনুমোদনক্রমে রাজস্ব সংক্রান্ত কোন কার্য্যালয়ে তাঁহার নিয়োগকর্ত্তার যে সকল বা যে কোন কার্য্য করিতে হয় তাহা করিতে পারিবেন।

এই ধারার উল্লিখিত অনুমোদন সামান্য কি বিশেষ হইতে পারিবে এবং অনুমোদনকারী কর্ত্তৃপক্ষ কি কার্য্যকারক তাহা যে কোন সময়ে রহিত কি স্থগিত করিতে পারিবেন।

ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে রেবিনিউ এজেন্টের পদচ্যুত হইবার কথা।

২১ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেন্টের যদি এমন কোন ফৌজদারী অপরাধ সপ্রমাণ হয় যাহাতে রেবিনিউ এজেন্টের অযোগ্য চরিত্রগত দোষ প্রকাশ পায়, তবে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

পদের অযোগ্য আচরণ জন্য রেবিনিউ এজেন্টের পদচ্যুত হইবার কথা

২২ ধারা। এই আইন ক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেন্ট স্বীয় পদোপলক্ষে কার্য্যকালে প্রতারণা বা অত্যন্ত অন্যায়াচরণ দোষে দূষিত হইলে কিম্বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ যেরূপ অনুসন্ধান বিহিত বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া উক্ত রেবিনিউ এজেন্টকে স্থগিত কি পদচ্যুত করিতে পারিবেন।

অধীন কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের নামে উক্তরূপ অভিযোগ হইলে কার্য্য প্রণালীর কথা।

২৩ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেন্টের নামে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের অধীন কোন কার্য্যালয়ে, কিম্বা কোন মুনসেফের আদালতে উক্তরূপ আচরণ জন্য অভিযোগ হইলে, উক্ত কার্য্যালয়ের কর্ত্তৃপক্ষ বা স্থল বিশেষে, উক্ত মুন্সেফ তাঁহাকে অভিযোগের এক খণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্ট দিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে।

যে ব্যক্তির নামে অভিযোগ হইয়াছে, তাঁহাকে উক্ত নির্দ্দিষ্ট দিনের অন্যূন পঞ্চদশ দিন পূর্ব্বে উক্ত প্রতিলিপি ও নোটিস দেওয়া যাইবে। সেই দিনে কিম্বা অন্য যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা হয় সেই দিনে, অভিযোগের পোষকতায় বা অভিযুক্ত ব্যক্তি দ্বারা নিয়মিতরূপে যে সকল প্রমাণ উপস্থিত করা হয় উক্ত কর্ত্তৃপক্ষ বা মুন্সেফ তাহা গ্রহণ করিয়া অভিযোগের নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

অভিযোগ সপ্রমাণ হইয়াছে দেখিলে এবং তজ্জন্য অভিযুক্ত ব্যক্তির স্থগিত বা পদচ্যুত হওয়া উচিত উক্ত কর্ত্তৃপক্ষ বা মুন্সেফ এরূপ বিবেচনা করিলে তিনি তাঁহার নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন, এবং রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের নিকটে তাহার রিপোর্ট করিবেন এবং উক্ত কর্ত্তৃপক্ষ তাঁহাকে নির্দ্দোষী কি স্থগিত কি পদচ্যুত করিতে প্রবৃত্ত হইবেন।

কালেক্টরের ন্যূন পদস্থ নহেন এমন কোন রাজস্ববিষয়ক কার্য্যকারক, ও কালেক্টরের অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন রাজস্ব বিষয়ক কার্য্যকারক, কিম্বা কোন মুন্সেফ তাঁহার জিলায়, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক, কর্ত্তৃপক্ষের অনুসন্ধান শেষ ও আজ্ঞার অপেক্ষায় তৎসম্মুখে এই ধারামতে অভিযুক্ত কোন রেবিনিউ এজেন্টকে কর্ম্ম হইতে স্থগিত করিতে পারিবেন,।

এই ধারানুসারে কার্য্যকারী কোন কর্ত্তৃপক্ষ খণ্ডবিশেষের কমিশ্যনরের অধীন হইলে উক্ত রিপোর্ট তিনি কমিশ্যনর সাহেবের দ্বারা পাঠাইবেন, এবং তৎসঙ্গে কমিশ্যনর সাহেব মোকদ্দমা সম্বন্ধে আপনার মত লিখিয়া দিবেন।

রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের তলব করিবার ক্ষমতার কথা।

২৪ ধারা। যে স্থলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের আদেশ ভিন্ন অন্যরূপে ২৩ ধারাক্রমে কোন রেবিনিউ এজেন্ট নির্দ্দোষী সাব্যস্ত হয়, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ নথী তলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

৫ অধ্যায়।—সর্টিফিকেটের কথা।

সর্টিফিকেটের মূল্যের কথা।

২৫ ধারা। পুনঃই হউক কি নূতন করিয়া দত্তই হউক, যে সর্টিফিকেট এই আইন বলে প্রদত্ত হয়, তাহা এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত হইবে।

কিন্তু কোন বৎসর জুলাই মাসের প্রথম দিবসে বা তৎপরে যে সর্টিফিকেট দেওয়া যায় তাহা তদ্রূপ নির্দ্দিষ্ট মূল্যের অর্দ্ধেক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইতে পারিবে।

পদচ্যুত ব্যবহারাজীবী সর্টিফিকেট সমর্পণ করিবেন ইহার কথা।

২৬ ধারা। এই আইনক্রমে কোন প্লীডর, মোক্তার কি কি রেবিনিউ এজেন্ট স্থগিত কি পদচ্যুত হইলে, তিনি যে আদালতে কি কার্য্যালয়ে স্থগিত কি পদচ্যুত হইবার সময়ে কর্ম্ম করিতেছিলেন সেই আদালতে বা সেই কার্য্যালয়ের কর্তৃপক্ষের নিকটে, কিম্বা হাই কোর্ট কি, স্থলবিশেষে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ যে আদালত বা কর্তৃপক্ষের নিকটে সমর্পণ করিতে আজ্ঞা দেন সেই আদালত বা কর্তৃপক্ষের নিকটে, তৎক্ষণাৎ আপনার সর্টিফিকেট সমর্পণ করিবেন।

৬ অধ্যায়।—প্লীডর, মোক্তার ও রেবিনিউ এজেন্টদিগের বেতনের কথা।

দেওয়ানী ও রাজস্ববিষয়ক কার্য্যের ফী হাইকোর্ট ও রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ ধার্য্য করিবেন ইহার কথা।

২৭ ধারা। (ক) হাই কোর্টের আপীলী বিভাগে ও (খ) হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে, তাহার আদৌ বিচার বিভাগে, ও (গ) অধীন আদালতে যে সকল কার্য্য হয় তৎসম্বন্ধে বিপক্ষের পক্ষীয় আডবোকেটের কি প্লীডরের কি উকীলের কি মোক্তারের কি আটর্ণির যে ফী কোন পক্ষের দিতে হইবে, হাই কোর্ট সময়েং তাহা নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ের সমুদয় আনুষ্ঠানিক কার্য্যসম্বন্ধে বিপক্ষের আডবোকেটকে কি প্লীডরকে কি উকীলকে কি আটর্ণিকে কি মোক্তারকে কি রেবিনিউ এজেন্টকে কোন পক্ষের যে ফী দিতে হইবে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ তাহা সময়েং নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

উক্তরূপ নির্দ্ধারিত ফীর তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে।

২০ ধারার লিখিত কর্ম্মকারকদের প্রতি না খাটিবার কথা।

২০ ধারার উপবিধানে যে কর্ম্মকারকদিগের উল্লেখ আছে তাঁহাদিগের প্রতি এই ধারার কোন কথা খাটিবে না।

মওক্কেলের সহিত চুক্তির কথা।

২৮ ধারা। কোন প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট যে কর্ম্ম করিয়াছেন কি করিবেন, তৎসম্পর্কীয় বিগত কি ভাবী সমস্ত পরিশ্রমের, ফীর, ব্যয়ের কি খরচের কিম্বা তাহার কোন অংশের নিমিত্ত যত টাকা যে রূপে দিতে হইবে, যে ব্যক্তি তাঁহাকে কর্ম্মে রাখেন বা নিযুক্ত করেন, সেই ব্যক্তির সহিত এই বিষয়ে উক্ত প্লীডর, কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট যে চুক্তি করেন, তাহা লিখিত হইয়া উক্ত ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত না হইলে এবং সম্পাদিত হইবার তারিখ অবধি পনের দিন মধ্যে জিলার আদালতে অথবা যে কর্ম্মোপলক্ষে উহা সম্পাদিত হয় সেই কর্ম্মের কিয়দংশ যে কোন আদালতে হইয়াছে কি হইবে সেই আদালতে দাখিল করা না গেলে, সিদ্ধ হইবে না।

চুক্তি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।

২৯ ধারা। উক্তরূপ কোন চুক্তি প্রবল করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি ঐ চুক্তি ন্যায়ানুগত ও যুক্তিসিদ্ধ বলিয়া প্রমাণ না হয়, তবে আদালত তৎক্রমে দেয় টাকা কমাইয়া দিতে পারিবেন, কিম্বা তাহা অসিদ্ধ করিয়া ঐ চুক্তি না হইয়া থাকিলে যে রূপে কৃত কর্ম্মোপলক্ষে খরচা ও ফী ও ব্যয় ও খরচ নির্ণয় করা যাইত সেইরূপে নির্ণয় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

অতিরিক্ত দাওয়া চুক্তি পত্র বলে ব্যর্থ হইবার কথা।

৩০ ধারা। যে কর্ম্মোপলক্ষে চুক্তি করা যায়, তাহা চালাইবার ও সম্পূর্ণ করিবার কোন পরিশ্রম কি ফী কি ব্যয় কি খরচ নিমিত্ত চুক্তি পত্রের নিয়মাতিরিক্ত প্লীডরের কি মোক্তারের কি রেবিনিউ এজেন্টের আর কোন দাওয়া উক্ত চুক্তি পত্র বলে ব্যর্থ হইবে। কিন্তু যে সকল (যদি কোন) পরিশ্রম কি ফী কি ব্যয় কি খরচ চুক্তিপত্রেই স্পষ্টবাক্যে বর্জ্জিত করা যায়, তৎসম্বন্ধে এই কথা খাটিবে না।

শৈথিল্যজনিত দায় সংরক্ষণের কথা।

৩১ ধারা। উক্তরূপ চুক্তি পত্রে যদি বিধান থাকে যে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট শৈথিল্য জন্য দায়ী হইবেন না, অথবা প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট স্বরূপ প্রকারান্তরে তাহার যে কোন দায় থাকে তাহা হইতে তিনি মুক্ত হইবেন, তবে উক্ত বিধান একেবারে অসিদ্ধ হইবে।

৭ অধ্যায়।—দণ্ডের কথা।

অবৈধমতে কোন ব্যক্তি প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিলে তাহার দণ্ডের কথা।

৩২ ধারা। ১০ ধারা কি ২০ ধারার বিধানের বিরুদ্ধে যে ব্যক্তি কোন আদালতে কি রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে কর্ম্ম করেন, আদালতে কি কার্য্যালয়ের কর্তৃপক্ষের আজ্ঞাক্রমে সেই ব্যক্তির উক্ত আদালতে কি কার্য্যালয়ে কর্ম্ম করিবার ক্ষমতা প্রদায়ক সর্টিফিকেট লইতে এই আইনের আদেশমতে যত টাকার ইষ্টাম্প দিতে হইত তাহার দশগুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

আর যৎকালে তিনি পূর্ব্বোক্ত দুই ধারার মধ্যে কোন ধারার বিধানের বিরুদ্ধে কার্য্য করিতেছিলেন তৎকালে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্টস্বরূপ কোন কার্য্য কি খরচ করিয়া যে ফী কি পুরস্কার পাইতে পারিতেন তৎসম্বন্ধে কোন মোকদ্দমা চালাইতে কি কোন অধিকার বলবৎ করিতে পারিবেন না।

৩৩ ধারা। কোন প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেণ্ট ২৯ ধারার আদেশমতে সার্টিফিকেট সমর্পণ না করিলে, যে আদালত কি কর্তৃপক্ষ কি কার্য্যকারকের নিকট কি আজ্ঞাক্রমে সমর্পণ করা উচিত সেই আদালত কি কর্তৃপক্ষ কি কার্য্যকারকের আজ্ঞাক্রমে তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে তিন মাস পর্য্যন্ত কয়েদ দণ্ড হইতে পারিবে।

স্থগিত কি পদচ্যুত করা প্লীডর প্রভৃতি সার্টিফিকেট সমর্পণ না করিলে দণ্ডের কথা।

৩৪ ধারা। যে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেণ্ট এই আইনের বিধানক্রমে স্থগিত কি পদচ্যুত হইয়া এই রূপ স্থগিত কি পদচ্যুত হইবার পরে কোন আদালতে কি কার্য্যালয়ে প্লীডরের কি মোক্তারের কি রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করেন, উক্ত আদালতের কি কার্য্যালয়ের কর্তৃপক্ষের আজ্ঞাক্রমে তাঁহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

স্থগিত কি পদচ্যুত ব্যবহারাজীবী স্থগিত কি পদচ্যুত হইবার পরে কর্ম্ম করিলে দণ্ডের কথা।

৩৫ ধারা। ৩২ কি ৩৩ কি ৩৪ ধারা ক্রমে কোন আজ্ঞা করা গেলে উক্ত আজ্ঞা যে স্থলে অধীন আদালতেকৃত হয়, সেই স্থলে হাই কোর্টের এবং যে স্থলে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের অধীন কার্য্যকারকের কৃত হয় সেই স্থলে উক্ত কর্তৃপক্ষের, পুনরালোচনাধীন থাকিবে।

অর্থদণ্ডের পুনরালোচনার কথা।

৩৬ ধারা। যে ব্যক্তি নিম্নলিখিত কোন অপরাধ করে, অর্থাৎ,

কমিশ্যন লইলে কি দিলে দণ্ডের কথা।

(ক) কোন আইনঘটিত কার্য্যে কোন ব্যবহারাজীবির নিয়োগ সাধন করিবে কিম্বা করিয়াছে বলিয়া তাঁহার নিকটে পারিতোষিক চাহে বা লয়;

(খ) কোন ব্যবহারাজীবিকে তদ্রূপ নিয়োগ নিমিত্ত যে বেতন প্রদত্ত কি অর্পিত হয় কিম্বা প্রদত্ত কি অর্পিত হইবার চুক্তি থাকে তাহা হইতে কোন পারিতোষিক রাখে;

(গ) আপনি ব্যবহারাজীবী হইয়া কোন আইন ঘটিত কার্য্যে আপনার কিম্বা অন্য কোন ব্যবহারাজীবির নিয়োগ সাধন হইবে বা হইয়াছে বলিয়া কোন পারিতোষিক দিতে চাহে কি দেয় কি গ্রহণবিষয়ে সম্মতি দেয়,

তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড, কিম্বা ৫০০৲ পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, অথবা উভয় দণ্ড হইবে।

৮ অধ্যায়।—বিবিধ।

৩৭ ধারা। ৬ ও ১৭ ধারায় যথাক্রমে যে যোগ্যতা নিরূপণের উল্লেখ আছে, তাহা সম্বন্ধে সমাধা করিবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত উদ্দেশ্য সাধনার্থ সময়েং পরীক্ষক নিয়োগ করিবেন এবং পরীক্ষা গ্রহণার্থ নিয়মাদি করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট পরীক্ষক নিযুক্ত করিবেন ইহার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর]

৩৮ ধারা। ৪, ৫, ১৬ ও ২৭ ও ৩২ ও ৩৬ ধারার বিধান স্থল বিশেষ এই আইনের কোন কথা, যে প্রকাশ রাজপত্র দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত সেই পত্রবলে গ্রাহ্য ও তালিকাভুক্ত আডবোকেট, উকীল ও আটর্নির প্রতি, কিম্বা উক্ত কোর্টে যে মোক্তারেরা কর্ম্ম করেন তাঁহাদিগের প্রতি, কিম্বা পঞ্জাবের চীফ কোর্টের তালিকাভুক্ত আডবোকেটদের প্রতি, বর্ত্তিবে না।

আইনের কোনং অংশ হাই কোর্টের ব্যবহারাজীবীদিগের প্রতি না খাটিবার কথা।

৩৯ ধারা। যে ব্যক্তি ৭ ধারামতে মোক্তারের সার্টিফিকেট ধারী ও ১৮ ধারামতে রেবিনিউ এজেণ্টের সার্টিফিকেট ধারী হইয়া তদ্রূপ কোন এক কর্ম্মে স্থগিত কি পদচ্যুত হন, তিনি অন্য কর্ম্মেও স্থগিত কি, স্থলবিশেষে, পদচ্যুত হইয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

যে ব্যক্তি মোক্তারের ও রেবিনিউ এজেণ্টের সার্টিফিকেটধারী, তাঁহার স্থগিত ও পদচ্যুত হওনের কথা।

৪০ ধারা। এই আইনে বিপরীত কথা থাকিলেও, কোন প্লীডরকে কি মোক্তারকে কি রেবিনিউ এজেণ্টকে যে কর্তৃপক্ষ স্থগিত কি পদচ্যুত করেন সেই কর্তৃপক্ষের সম্মুখে তাঁহার আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়া এই আইনমতে তাঁহাকে স্থগিত কি পদচ্যুত করা যাইবে না।

প্লীডর প্রভৃতির কথা না শুনিয়া তাঁহাদিগকে স্থগিত কি পদচ্যুত না করিবার কথা।

৪১ ধারা। পঞ্জাবের আদালত বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৪১ ধারার পরে পশ্চাল্লিখিত ধারাটী দিতে হইবে, যথা,—

পঞ্জাবের চীফ কোর্টের আডবোকেটদের কথা।

"৪২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক চীফ কোর্ট উক্ত কোর্টের আডবোকেট হইবার যোগ্য ব্যক্তিদিগের যোগ্যতা নিরূপণ ও গ্রহণ সম্বন্ধে সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধির নিয়মাধীনে, চীফ কোর্ট যদ্রূপ ও যত জন উচিত বোধ করেন তদ্রূপ ও ততজন আডবোকেট গ্রহণ করিয়া তালিকাভুক্ত করিতে পারিবেন; এবং উক্ত আডবোকেটেরা ঐ আদালতের মোকদ্দমাকারি ব্যক্তিদের পক্ষে উপস্থিত হইতে ও উক্ত কোর্ট যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ও তাহার নিয়মাধীনে উত্তর প্রত্যুত্তর বা কর্ম্ম করিতে, অথবা উত্তর প্রত্যুত্তর ও কর্ম্ম করিতে, অধিকারী হইবেন।

চীফ কোর্ট উক্তরূপ তালিকাভুক্ত কোন আডবোকেটকে পদচ্যুত করিতে কিম্বা কর্ম্ম হইতে স্থগিত করিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ কোন আডবোকেটকে চীফ কোর্টের সম্মুখে আত্মসমর্থন করিবার সুযোগ দেওয়া না গেলে, এই ধারামতে তাঁহাকে পদচ্যুত কি স্থগিত করা যাইবে না।"

১ম তফসীল।

যে২ আইন রহিত হইল।

(২ ধারা দেখ।)

আইনের সংখ্যা ও সময়।	আখ্যা	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৬৫ সা ২০ আ	প্লীডর ও মোক্তার বিষয়ক ব্যবস্থা সংশোধনের আইন।	সমুদয়।
১৮৬৫ সা, ২৯ আ	প্লীডর ও মোক্তার ও রাজস্ব সম্পর্কীয় এজেণ্টবিষয়ক আইন সংশোধনার্থ আইন।	যে অংশ রহিত হয় নাই।
১৮৬৬ সা ৯ আ	"প্লীডর, মোক্তার ও রেবিনিউ এজেণ্টবিষয়ক ১৮৬৫ সালের আইনের" এবং ১৮৬৫ সালের ২৯ আইনের কোন২ বিধান উত্তর পশ্চিম প্রদেশীয় সদর আদালতে বর্ত্তাইবার জন্য আইন।	সমুদয়।
১৮৭৬ সা, ৪ আ	রেবিনিউ এজেণ্টদের প্রতি বঙ্গদেশের দক্ষিণ প্রদেশস্থ মুন্সেফ আদালতে বিশেষ২ মোকদ্দমায় উকীলের কর্ম্ম করিবার ক্ষমতাপ্রদানার্থ আইন।	সমুদয়।
১৮৭৭ সা, ১৭ আ	পঞ্জাবের আদালতবিষয়ক ১৮৭৭ সালের আইন।	৪২ ও ৪৩ ও ৪৪ ও ৪৫ধারা।

দ্বিতীয় তফসীল।

সর্টিফিকেটর ইষ্টাম্পের মূল্য।

(২৫ ধারা দেখ)

১

সর্টিফিকেটধারী প্লীডরের কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে,

(ক) হাই কোর্ট ও অধীন আদালতে, পঞ্চাশ টাকা।

(খ) কোন রাজধানীর ছোট আদালতে, পঁচিশ টাকা।

(গ) অন্যান্য অধীন আদালতে, পঁচিশ টাকা।

(ঘ) সবর্ডিনেট জজ, মুনসেফ, আসিষ্টাণ্ট কমিশনর, অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও তহসীলদার দিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে ও হাই কোর্টের অধীন সমুদয় ফৌজদারী আদালতে, পনের টাকা।

(ঙ) মুন্সেফের আদালতে এবং প্রথম বিচারের যে কোন দেওয়ানী কি ফৌজদারী আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

২

সর্টিফিকেটধারী মোক্তারের কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে,

(চ) হাই কোর্ট ও অধীন আদালতে, পঁচিশ টাকা।

(ছ) কোন রাজধানীর ছোট আদালতে, পনের টাকা।

(জ) অন্যান্য অধীন আদালতে, পনের টাকা।

(ঝ) সবর্ডিনেট জজ, মুনসেফ, আসিস্টাণ্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিস্টাণ্ট কমিশ্যনর ও তহসীলদার দিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে ও হাই কোর্টের অধীন সমুদয় ফৌজদারী আদালতে, দশ টাকা।

(ঞ) মুনসেফের আদালত এবং প্রথম বিচারের যে কোন দেওয়ানী কি ফৌজদারী আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

৩

সর্টিফিকেটধারী রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতে ক্ষমতা পাইলে,

(ট) রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষের কার্য্যালয়ে এবং উক্ত কর্ত্তৃপক্ষের অধীন কার্য্যালয়ে, পনের টাকা।

(ঠ) কমিশ্যনর সাহেবের কার্য্যালয়ে ও কমিশ্যনর সাহেবের অধীন কার্য্যালয়ে, দশ টাকা।

(ড) কালেক্টর সাহেবের কার্য্যালয়ে ও কালেক্টর সাহেবের অধীন কার্য্যালয়ে, পাঁচ টাকা।

ডি, ফিট্জ পাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKOHPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 28, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৮ জানুয়ারি।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

WE, the undersigned members of the Select Committee to which the Bill to prevent the indiscriminate destruction of wild elephants in British Burma was referred, have the honour to report that we have considered the Bill and the papers noted in the margin.

Circular letter to local Governments, No. 1037-41, dated 18th July 1878.
From Officiating Secretary to Government, Punjab, No. 414C, dated 31st July 1878.
" Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 285A, dated 27th July 1878.
" Officiating Chief Commissioner, Ajmere and Mairwára, No. 495, dated 31st July 1878.
" Secretary to Chief Commissioner, Coorg, No. 326-1L, dated 3rd August 1878.
" Officiating Junior Secretary to Chief Commissioner, British Burma, No. 1212-361, dated 8th August 1878.
" Officiating Secretary to Chief Commissioner, Central Provinces, No. 3232-142, dated 13th August 1878.
Office memorandum from Department of Revenue, Agriculture, and Commerce, No. 981F, dated 27th September 1878.

2. We have extended the permission to kill and [illegible] elephants in the cases mentioned in section 2, clause (*b*) of the Bill as introduced, to the case of elephants found in the immediate vicinity of canals.

3. We have enlarged the local extent of the Act so as to include not only the territories of British Burma, but also those of the North-Western Provinces and Oudh, the Central Provinces and Coorg, and any other local area [illegible] it may be extended by the local Government.

4. We have made its provisions applicable to the capture as well as to the killing of wild elephants.

5. We have, adopting the suggestion referred to by the Member in charge of the Bill when introducing it, provided, in section 4 of the Bill as now amended, that any elephant captured and the tusks of any elephant killed under section 3, clauses (*a*) and (*b*), without license, shall be the property of the Government.

6. We have made it clear that fees to be taken for licenses to kill and capture elephants may be taken in kind, that is [illegible] in tusks [illegible] elephants as well as in money.

7. We have recast [illegible] principal penalty-section (now section 7), and have enhanced the maximum penalty (which, bearing in mind the value of an elephant, seemed to us inadequate). to five hundred rupees for each elephant concerned, and, in the case of a second conviction, from three months to six months' imprisonment,—the term fixed in the Indian Forest Act for the offence of killing an elephant in a reserved or protected forest. We have made the amount or value of any fee payable for a license recoverable as if it were an arrear of land revenue.

8. In view of the extended scope and local operation of the Act herein proposed, we have made a suitable alteration in the title of the Bill.

9. For the same reason, we recommend that the Bill as amended be republished.

10. The Bill has been published in English in the *Gazette of India* and in the *British Burmah Gazette*. The report from British Burma as to its publication in that province does not state that it has been published in the vernacular.

T. H. THORNTON.
WHITLEY STOKES.
A. R. THOMPSON.
B. W. COLVIN.

CALCUTTA,
The 18*th December* 1878.

[*Government Gazette*, 28*th January* 1879.]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

ব্রিটিষ ব্রহ্মপ্রদেশে বন্য হস্তীর অবিবেচনাপূর্ব্বক সংহার নিবারণার্থে আইনের পাণ্ডুলিপি হইয়া যে সিলেকুট কমিটীর হস্তে অর্পিত হয়, সেই কমিটীর নিম্নস্বাক্ষরকারী মেম্বর আমরা সবিনয়ে নিবেদন করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বোল্লিখিত কাগজপত্র মনোযোগ সহকারে দেখিয়াছি।

স্থানীয় গবর্ণমেণ্ট সমূহের নিকট ১৮৭৮ সালের ১৮ জুলাইর ১০৩৭-৪১ নং সরকুলর পত্র।

পঞ্জাব গবর্ণমেণ্টে একটিং সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ৩১ জুলাইর ৪১৪০ নং পত্র।

উত্তর পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ২৭ জুলাইর ২৮৫A নং পত্র।

আজমীর মৈরোয়ারার একটিং প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৮ সালের ৩১ জুলাইর ৪৯৫ নং পত্র।

কুর্গ দেশের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী ১৮৭৮ সালের ৩ আগষ্টের ৩২৬-১L নং পত্র।

ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং ছোট সেক্রেটরীর ১৮৭৮ সালের ৮ আগষ্টের ১২১২-৩৬১ নং পত্র।

মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরীর ১৮৭৮ সালের ১৩ আগষ্টের ৩২৮২-১৪২ নং পত্র।

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৭৮ সালের ২৭ সেপ্টেম্বরের ৯৮১F নং কার্য্যালয় সংক্রান্ত স্মারকলিপি।

২। উক্ত পাণ্ডুলিপির ২ ধারার (খ) প্রকরণে যে যে স্থল উল্লেখ করিয়া হস্তী মারিতে বা ধরিতে অনুমতি দেওয়া হইয়াছে তদতিরিক্ত আমরা খালের অতি নিকটে প্রাপ্ত হস্তী সম্বন্ধে সেইরূপ বিধান করিয়াছি।

৩। আমরা এই আইনের স্থানীয় ব্যাপ্তি [illegible] বৃদ্ধি করিয়াছি যে কেবল ব্রিটিষ ব্রহ্মপ্রদেশ নহে, উত্তর পশ্চিম প্র[illegible]শ ও অযোধ্যা, মধ্য প্রদেশ ও কুর্গ, এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন স্থানীয় চক্র ইহার ব্যাপ্তি[illegible] করেন, সেই সমস্তও ইহার অন্তর্গত হইবে।

৪। [illegible] হস্তী মারা কি ধরা উভয়ের প্রতিই আমরা [illegible] (খ) কোন [illegible]নের বিধান খাটাইয়াছি।

৫। [illegible] পাণ্ডুলিপির ভার যে সদস্যের উপর ছিল, তিনি ইহা [illegible]পক সভায় উপস্থিত করিবার সময়ে [illegible] কথা বলেন, তদনুসারে আমরা সংশোধিত পাণ্ডুলিপির ৪ ধারায় বিধান করিয়াছি যে ৩ ধারার (ক) এবং (খ) প্রকরণানুসারে বিনা লাইসেন্সে ধৃত হস্তী ও হত হস্তীর দন্ত গবর্ণমেণ্টের সম্পত্তি হইবে।

৬। আমরা স্পষ্ট বিধান করিয়াছি যে হস্তী ধরিবার ও মারিবার লাইসেন্স ফীস্বরূপ কেবল যে টাকা গৃহীত হইবে এমন নহে, হস্তীদন্ত বা হস্তীও গৃহীত হইবে।

৭। আমরা দণ্ডের প্রধান ধারা (এক্ষণে ৭ ধারা) পরি[illegible]ত করিয়াছি, এবং উর্দ্ধ দণ্ড (যাহা হস্তীর মূল্যের সহিত তুলনা করিয়া আমাদিগের কম বোধ হইয়াছিল) বর্দ্ধিত করিয়া প্রত্যেক হস্তী সম্বন্ধে ৫০০ টাকা করিয়াছি, এবং দ্বিতীয় অপরাধ সম্বন্ধে যে তিনমাস কারাবাস ব্যবস্থা ছিল তাহা বৃদ্ধি করিয়া ছয়মাস করিয়াছি, এবং পরিমাণ কারাবাস রক্ষিত বা সংরক্ষিত বনে হস্তী মারিবার অপরাধে ভারতবর্ষীয় বনবিষয়ক আইনে নির্দ্ধারিত আছে। যে প্রকারে ভূমি সংক্রান্ত বাকী রাজস্ব আদায় হইয়া থাকে, লাইসেন্স ফীর টাকা বা মূল্য সেই প্রকারে আদায় হইবার নিয়ম করিয়াছি।

৮। এই আইনের যেরূপ বর্দ্ধিত উদ্দেশ্য ও স্থানীয় ব্যাপ্তি ইহাতে প্রস্তাবিত হইয়াছে, তদনুসারে আমরা পাণ্ডুলিপির আখ্যার উপযুক্ত পরিবর্ত্তন করিয়াছি।

৯। সেই কারণে আমরা প্রস্তাব করিতেছি যে পাণ্ডুলিপি, সংশোধিত আকারে, পুনর্ব্বার প্রকাশিত হউক।

১০। এই বিল ইংরেজী ভাষায় ইণ্ডিয়া গেজেটে ও ব্রিটিষ ব্রহ্ম গেজেটে প্রকাশিত হইয়াছে। ব্রিটিষ ব্রহ্মপ্রদেশহইতে উক্ত প্রদেশে ইহার প্রকাশ সম্বন্ধে যে রিপোর্ট আসিয়াছে, তাহাতে লেখা নাই যে ইহা সেখানকার দেশীয় ভাষায় প্রকাশিত হইয়াছে কি না।

টি, এচ, থর্ণটন।
উইটলী ষ্টোক্স।
এ, আর, তামসন।
বি, ডবলিউ, কলবিন।

কলিকাতা,
১৮৭৮ সাল ১৮ ডিসেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৮ জানুয়ারি।]

No. II.

A Bill for the Preservation of Wild Elephants.

Preamble.

WHEREAS it is expedient to provide for the preservation of wild elephants; It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Elephants Preservation Act, 1879:"

Local extent.

It extends to the territories now respectively administered by the Lieutenant-Governor of the North-Western Provinces and the Chief Commissioners of Oudh, the Central Provinces, British Burma, and Coorg;

and the Local Government may extend it to any other local area by notification in the official Gazette.

Commencement.

So far as regards the power to make declarations and rules, it shall come into force on the passing thereof. In other respects it shall come int force on the first day of March 1879. e to the ca

Repeal.

2. The w...rds "kills or catches elephant ... section 25, clause a referred to by the Membe... ...ndian For... the Bill as now amended, that any ... and (*b*), with and the words "killing o... ...ing elephants," in section 31, clause (*j*) of the same Act, shall be repealed in every local area to which this Act extends or is extended.

Killing and capture of wild elephants prohibited.

3. No person shall kill, injure or capture, or attempt to kill, injure or capture, any wild elephant unless—

(*a*) in defence of himself or some other person;

(*b*) when such elephant is found injuring houses or cultivation, or upon or in the immediate vicinity of, any main public road or any railway or canal; or

(*c*) as permitted by a license granted under this Act.

Rights of Government with respect to certain elephants and tusks.

4. Every elephant captured, and the tusks of every elephant killed, in any of the cases mentioned in section three, clauses (*a*) and (*b*), by any person not licensed under this Act, shall be the property of Government.

[*Government Gazette, 28th January* 1879.]

২ নম্বর।

বন্য হস্তী সংরক্ষণার্থ আইনের পাণ্ডু লিপি।

হেতুবাদ।

বন্য হস্তী সংরক্ষণার্থ বিধান করা আবশ্যক, এই হেতু নিম্নলিখিত ব্যবস্থা করা যাইতেছে।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "হস্তী সংরক্ষণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যেং স্থানে ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন উত্তর-পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এবং অযোধ্যার ও মধ্য প্রদেশের ও ব্রিটিষ ব্রহ্ম ও কুর্গ দেশের প্রধান কমিশ্যনের সাহেবদের শাসনাধীন দেশে ব্যাপ্ত হইবে;

এবং স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য স্থানে ব্যাপ্ত করিতে পরিবেন।

প্রারম্ভের কথা।

জ্ঞাপনপত্র প্রকাশ ও বিধি প্রণয়নের ক্ষমতা সম্পর্কে, এই আইন প্রচারিত হইবার সময়াবধি প্রবল হইবে। ...ন্য বিষয় সম্পর্কে ১৮৭৯ সালের মার্চ মাসের প্রথম ...দিবাবধি প্রবল হইবে।

...কথা।

এই আইন যেং স্থানে ব্যাপ্ত হয় কিম্বা ব্যাপ্ত করা যায় তথায় ভারত-...ীয় বনবিষয়ক ১৮৭৮ সালের আইনের ২৫, ধারার (ক) প্রকরণের "হস্তী মারিলে কি ধরিলে" ... শব্দ এবং উক্ত আইনের ৩১ ধারার (এ) প্রকরণে "হস্তী মারণ কি ধরণ" এইং শব্দ রহিত করা যাইবে।

বন্য হস্তী মারিবার কিম্বা ধরিবার নিষেধের কথা।

৩ ধারা। (ক) আত্ম রক্ষার কিম্বা অন্য ব্যক্তির রক্ষার নিমিত্ত না হইলে,

(খ) হস্তী আসিয়া ঘর কি আবাদ নষ্ট করিতে কিম্বা সরকারী কোন বড় রাস্তার কি কোন রেলওয়ের কি খালের উপর কি তাহার অতি নিকটবর্ত্তী কোন স্থানে উপস্থিত হইতে দেখা না গেলে, কিম্বা

(গ) এই আইনমতে প্রদত্ত লাইসেন্সপত্র অনুযায়ী না হইলে, কোন ব্যক্তি কোন বন্য হস্তী মারিবে কি তাহার হানি করিবে কিম্বা সেই হস্তী ধরিবে না কিম্বা সেই হস্তী মারিবার কি তাহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিবে না।

কোনং হস্তির ও হস্তি-দন্তের উপর গবর্ণমেণ্টের স্বত্বের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স প্রাপ্ত না হইয়া ৩ ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত স্থল বিশেষে যে প্রত্যেক হস্তী ধরে তাহা ও যে প্রত্যেক হস্তী মারে তাহার দন্ত গবর্ণমেণ্টের সম্পত্তি হইবে।

5. The Collector or Deputy Commissioner of any district may, subject to such rules as may for the time being be in force under this Act, grant licenses to kill, or to capture, or to kill and capture, wild elephants in such district:

License to kill and capture wild elephants.

Provided that no such license shall authorize any person to enter upon any land without the consent of the owner or occupier thereof.

6. The local Government may from time to time, subject to the control of the Governor-General in Council,

Power of local Government.

declare what shall be deemed to be main public roads and canals within the meaning of this Act, and

to declare what are main roads and canals,

make rules consistent with this Act for regulating

and to make rules as to licenses.

(*a*) the grant and renewal of licenses under this Act,

(*b*) the fees (if any) in money, tusks or captured elephants to be charged on such grant and renewal,

(*c*) the time during which such licenses shall continue in force, and

(*d*) the conditions (if any) on which they shall be granted.

All such declarations and rules shall be published in the local official Gazette and shall thereupon have the force of law.

7. Whoever, in contravention of section three, kills, injures, or captures, or attempts to kill, injure or capture, any wild elephant, shall be punished with fine which may extend to five hundred rupees for each elephant concerned;

Penalty for contravening section 3.

and whoever breaks any condition contained in a license granted under this Act shall be punished with fine which may extend to five hundred rupees.

Any person convicted of a second offence under this section shall be punished with imprisonment which may extend to six months, or with fine, or with both.

When any person holding a license under this Act is convicted under this section, such license shall become void and shall be delivered up to the convicting Magistrate.

৫ ধারা। এই আইনমতে প্রণীত যে বিধি যৎকালে প্রবল থাকে তাহার নিয়মাধীনে কোন জিলার কালেক্টর কিম্বা ডেপুটী কমিশ্যনর সাহেব সেই জিলার মধ্যে বন্যহস্তী মারিবার বা ধরিবার কিম্বা মারিবার ও ধরিবার লাইসেন্স দিতে পারিবেন।

বন্য হস্তী মারিবার ও ধরিবার লাইসেন্সপত্রের কথা।

কিন্তু উক্ত লাইসেন্সপত্র অনুসারে কোন ব্যক্তি কোন ভূমির স্বামির বা দখীলকারের সম্মতি বিনা সেই ভূমিতে প্রবেশ করিতে পারিবেন না।

৬ ধারা। মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে স্থানীয় গবর্ণমেন্ট

স্থানীয় গবর্ণমেন্টের ক্ষমতার কথা।

এই আইনের অর্থমতে প্রধান রাজপথ ও খাল বলিয়া কোনুং পথ ও খাল গণ্য হইবে, সময়েং ইহার জ্ঞাপনপত্র প্রকাশ করিতে, এবং

প্রধান পথ ও খাল কাহাকে বলে ইহা প্রকাশ করিবার কথা।

(ক) এই আইনমতে লাইসেন্সপত্র দিবার ও তাহা নূতন করিয়া লইবার, ও

ও লাইসেন্স বিষয়ে বিধি করিবার কথা।

(খ) উক্ত ল...দশ ও কুর্গ, এবং নূতন করিয়া লইবার নিমিত্ত ... ইহার অন্তর্গত হইবেগুর দ্বারা দিবার ও ধরা উভয়ের প্রতিই আমরা ...

(গ) ...র তার যে সম... ...ত্র বলবৎ থাকিবে ইহার, এবং

(ঘ) কোন নিয়ম থাকিলে যদনুসারে দেওয়া যাইবে তাহার, এই আইন সঙ্গত বিধি সময়েং প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত সকল জ্ঞাপনপত্র ও বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনের তুল্য বলবৎ হইবে।

৭ ধারা। কোন ব্যক্তি ৩ ধারা লঙ্ঘন করিয়া বন্য হস্তী মারিলে কি তাহার হানি করিলে কিম্বা সেই হস্তী ধরিলে কিম্বা সেই হস্তী মারিবার কি তাহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিলে একং হস্তী সম্পর্কে তাহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৩ ধারা লঙ্ঘনের দণ্ডের কথা।

এবং কোন ব্যক্তি এই আইনমতে দত্ত লাইসেন্সপত্রের লিখিত কোন নিয়ম লঙ্ঘন করিলে তাহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তি এই ধারামতে দ্বিতীয় অপরাধে অপরাধী প্রমাণ হইলে তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড কি অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইতে পারিবে।

এই আইনমতে লাইসেন্সপত্রধারী কোন ব্যক্তির এই ধারামতে অপরাধ প্রমাণ হইলে উক্ত লাইসেন্সপত্র অসিদ্ধ হইবে ও অপরাধ প্রমাণকারি মাজিষ্ট্রেটের নিকট তাহা সমর্পণ করা যাইবে।

8. Any officer of Revenue or Police, or any forest officer, who may find any person killing, injuring, or capturing, or attempting to kill, injure, or capture any wild elephant, except in the cases mentioned in section three, clauses (*a*) and (*b*), may require him to produce and shew a license granted to him under this Act.

License to be produced and shown on requisition of certain officers.

Any person who, on such request, wilfully refuses or is unable to produce and shew such license as aforesaid, shall, in addition to any other punishment to which he may be liable under this Act, be punished with fine which may extend to one hundred rupees.

9. Every prosecution under this Act shall be commenced within six months from the commission of the offence in respect of which it is instituted.

Limitation of prosecution.

10. The amount or value of any fee payable under any license granted under this Act may be recovered from the licensee as if it were an arrear of land revenue.

Recovery of fees.

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

৮ ধারা। ৩ ধারার (ক) ও (খ) প্রকরণের স্থলভিন্ন রাজস্ব কি পোলীস কি বন সম্পর্কীয় কোন কর্ম্মচারী কোন ব্যক্তিকে বন্য হস্তী মারিতে কি তাহার হানি করিতে কিম্বা সেই হস্তী ধরিতে কিম্বা সেই হস্তী মারিবার কি তাহার হানি করিবার কিম্বা সেই হস্তী ধরিবার উদ্যোগ করিলে তাঁহাকে এই আইনমতে দত্ত লাইসেন্সপত্র দিবার ও দেখাইবার আদেশ করিতে পারিবেন।

কোন২ কর্ম্মচারির আদেশমতে লাইসেন্সপত্র দিবার ও দেখাইবার কথা।

কোন ব্যক্তি উক্ত আদেশমতে উপরোক্ত লাইসেন্সপত্র ইচ্ছাপূর্ব্বক দিতে অস্বীকার করিলে কিম্বা দিতে ও দেখাইতে না পারিলে তাহার এই আইনমতে অন্য যে দণ্ড হইতে পারে তদতিরিক্ত ১০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৯ ধারা। যে অপরাধ সম্পর্কে অভিযোগ করা গেল সেই অপরাধ করণের সময়াবধি ছয় মাসের মধ্যে এই আইনমত প্রত্যেক অভিযোগ উপস্থিত করিতে হইবে।

অভিযোগ করণের মিয়াদের কথা।

১০ ধারা। এই আইনমতে দত্ত কোন লাইসেন্সপত্রক্রমে যত বা যে মূল্যের ফী প্রাপ্য হয় তাহা লাইসেন্সপত্র গ্রহীতার স্থানে ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারিবে ইতি।

ফী আদায়ের কথা।

ডি. ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 25, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৫ ফেব্রুয়ারি।

PART IV.

Bill of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 15th January 1879, and was referred to a Select Committee.

No. 1 OF 1879.

A Bill to amend the law relating to Coast-lights in the eastern part of the Bay of Bengal.

Preamble.

WHEREAS it is expedient to increase the Coast-light dues paid under the provisions of Act No. XIII of 1867 (*An Act to provide for the establishment and maintenance of Coast-lights in the eastern part of the Bay of Bengal*) and to render chargeable with such dues certain vessels which are not now so chargeable; It is hereby enacted as follows:—

Preliminary.

Short title.

1. This Act may be called the "Burma Coast-lights Act, 1879;"

[*Government Gazette, 25th February* 1879.]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

পশ্চাল্লিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৭৯ সালের ১৫ জানুয়ারি তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কামিটীর হস্তে অর্পিত হয়।

১৮৭৯ সালের ১ নম্বর।

বঙ্গসাগরের পূর্ব্বভাগের কূলদীপ অর্থাৎ বাতিঘর বিষয়ক আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৬৭ সালের ১৩ আইন (অর্থাৎ বঙ্গসাগরের পূর্ব্বভাগে কূলদীপ স্থাপন ও রক্ষা করণার্থ আইন) অনুসারে প্রদত্ত কূলদীপবিষয়ক মাসুল বর্দ্ধিত করা এবং যে সকল জাহাজের এক্ষণে মাসুল লাগে না সেই সকল জাহাজ এরূপ মাসুলযোগ্য করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল:—

(উপক্রমণিকা।)

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "ব্রহ্মদেশীয় ১৮৭৯ সালের কূলদীপ বিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে।

Local extent.

It extends to the territories respectively administered by the Governors of Fort St. George and Bombay in Council, the Lieutenant-Governor of Bengal, and the Chief Commissioners of British Burma and the Andamans.

But nothing herein contained shall apply to any vessel belonging to, or in the service of, Her Majesty, or the Government of India, or to any vessel of war belonging to any Foreign Prince or State.

Repeal of enactments.

2. Act No. XIII of 1867 (*An Act to provide for the establishment and maintenance of Coast-lights in the eastern part of the Bay of Bengal*) and section 77 of the Indian Ports Act, 1875, are hereby repealed.

But any appointment made under the said Act No. XIII of 1867 shall be deemed to have been made under this Act.

Interpretation clause.

3. In this Act, unless there is something repugnant in the subject or context,—

"Customs-Collector."

"Customs-Collector" means a Customs Collector appointed unde the Sea Customs Act, 1878, and includes any person appointed by the Local Government by name or in virtue of his office to discharge the functions of a Customs-Collector under this Act at any port:

"Vessel."

"Vessel" includes anything made for the conveyance by water of human beings or of property:

"Master."

"Master," when used in relation to any vessel' means any person (except a Pilot or Harbour Master) having for the time being the charge or control of such vessel:

"Voyage."

"Voyage" means the whole distance between a vessel's place of departure and her final place of arrival; but the return of a vessel from any place shall, notwithstanding the terms of any charter party, be deemed a distinct voyage.

Coast-light Dues.

Coast-light dues payable in respect of vessels of fifty tons.

4. A toll, hereinafter called "Coast-light dues," shall be paid in respect of every vessel of the burden of fifty tons and upwards making any voyage mentioned in the schedule hereto annexed, at the rate of one anna six pie per ton of burden:

এই আইন মন্ত্রিসভাবিষ্ঠিত মান্দ্রাজ ও বোম্বাইর শ্রীযুত গবর্ণর সাহেবের, ও বাঙ্গালার শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের, ও ব্রহ্মদেশ ও আণ্ডামানের শ্রীযুত চীফ কমিশ্যনর সাহেবের, শাসনাধীন প্রদেশে বর্ত্তিবে।

কিন্তু শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কোন জাহাজের বা তদীয় কার্য্যে নিযুক্ত কোন জাহাজের প্রতি কিম্বা ভিন্নদেশীয় কোন রাজার কি রাজ্যাধিকারের কোন যুদ্ধ জাহাজের প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না।

যে যে আইন রহিত হইল।

২ ধারা। ১৮৬৭ সালের ১৩ আইন (অর্থাৎ বঙ্গসাগরের পূর্ব্বভাগে কূলদীপ স্থাপন ও রক্ষা করণার্থ আইন) এবং ১৮৭৫ সালের ভারতবর্ষীয় বন্দর বিষয়ক আইনের ৭৭ ধারা, এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু উক্ত ১৮৬৭ সালের ১৩ আইনবলে কোন নিয়োগ করা হইলে, তাহা এই আইনবলে করা হইয়াছে, জ্ঞান করা যাইবে:

অর্থকরণের প্রকরণ।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না পাইলে,

"কষ্টমের কালেক্টর সাহেব"।

"কষ্টমের কালেক্টর সাহেব" শব্দে ১৮৭৮ সালের সামুদ্রিক শুল্কবিষয়ক আইনবলে নিযুক্ত কষ্টমের কালেক্টর সাহেবকে বুঝাইবে, এবং এই আইনবলে স্থানীয় গবর্ণমেণ্টে যে ব্যক্তিকে নামোল্লেখে বা পদোপলক্ষে কোন বন্দরে কষ্টমের কালেক্টরের কার্য্য করিতে নিযুক্ত করেন, তাঁহাকেও বুঝাইবে।

"জাহাজ"

জলপথে মনুষ্য বা সম্পত্তি লইয়া যাইবার উদ্দেশে যে কোন যান নির্ম্মিত হয়, "জাহাজ" শব্দে তাহা বুঝাইবে।

"কাপ্তান"।

কোন জাহাজের সম্পর্কে "কাপ্তান" শব্দের ব্যবহার হইলে, আড়কাটি কি হারবর মাষ্টার ছাড়া জাহাজ যৎকালে যে ব্যক্তির অধ্যক্ষতার কি কর্ত্তৃত্বের অধীন থাকে, "কাপ্তান" শব্দে তাঁহাকে বুঝাবে।

"সমুদ্রযাত্রা"।

"সমুদ্রযাত্রা" শব্দে যে স্থানহইতে জাহাজ চলিতে আরম্ভ করে সেই স্থান হইতে যে স্থানে সর্ব্বশেষ উপস্থিত হয় সেই স্থান পর্য্যন্ত সমস্ত পথ বুঝাইবে।

কিন্তু চার্টরপার্টিতে ভিন্নরূপ নিয়ম থাকিলেও, কোন স্থান হইতে জাহাজের প্রত্যাগমন বিভিন্ন সমুদ্রযাত্রা বলিয়া গণ্য হইবে।

(কূলদীপ বিষয়ক মাসুল)।

৫০ টন বোঝাই বিশিষ্ট জাহাজের সম্পর্কে কূলদীপ বিষয়ক মাসুল দিবার কথা।

৪ ধারা। পঞ্চাশ টন ও তদধিক বোঝাই বিশিষ্ট যে কোন জাহাজ এতৎ সংযুক্ত তফসীলে উল্লিখিত সমুদ্রযাত্রা করে, তৎসম্পর্কে টন প্রতি /১০ আনা হিসাবে মাসুল দিতে হইবে; এই মাসুল পরে "কূলদীপ বিষয়ক মাসুল" নামে অভিহিত হইয়াছে।

Provided that such vessel sails from or enters during the course of, or at the termination of, any such voyage a port in British India.

When dues payable.

5. The said toll shall become due and payable—

(a) in the case of a vessel clearing out of a port in British India upon any such voyage, previous to the grant of any port-clearance;

(b) in the case of a vessel entering a port in British India in the course, or at the termination, of any such voyage, immediately upon her entering such port:

Provided that the said toll shall not be levied more than once on any vessel in the course of the same voyage.

Power to vary rates of dues.

6. The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, reduce or raise the rate of Coast-light dues, in respect of all vessels or any particular class of vessels:

Proviso.

Provided that such rate shall not in any case exceed the rate fixed by section four.

Collection of Coast-light dues.

7. The Customs-Collector shall collect the Coast-light dues;

Voucher to be given.

"(a) and omission of the seller of immoveable property to disclose to the buyer any defect therein of which the seller is, and the buyer is not, aware, and which the buyer could not with ordinary care discover:

"(b) an omission of the buyer of immoveable property to disclose to the seller any fact as to the nature or extent of the seller's interest therein, of which the buyer is, and the seller is not, aware, and which increases the value of such interest."

১৪। ৩ নং পাণ্ডুলিপির (এক ব্যক্তির মূল্য দানে অন্য ব্যক্তিকে সম্পত্তি দেওয়া গেলে তাহার ফলবিষয়ক) ৯ ধারা প্রকৃতপক্ষে ন্যাসবিষয়ক পাণ্ডুলিপির অন্তর্গত এবং আমাদের বিবেচনায় বর্ত্তমান পাণ্ডুলিপিহইতে উঠাইয়া দেওয়া উচিত।

তৃতীয় অধ্যায়। স্থাবর সম্পত্তির বিক্রয়বিষয়ক বিধি।

১৫। আমরা জষ্টিস কনিংহাম সাহেবের পরামর্শানুসারে এই অধ্যায়ের প্রথমে চুক্তিবিষয়ক আইনের ৭৮ ধারা মূলক একটী ধারা দিয়াছি। কিন্তু উক্ত ধারায় আংশিক সমর্পণের বিধান করিতে হইবে, আমারা তাঁহার এই মতের অনুমোদন করিতে পারি না, কারণ আংশিক সমর্পণ শব্দ যে অর্থে চুক্তি বিষয়ক আইনের ৯২ ধারায় ব্যবহৃত হইয়াছে সে অর্থে ভূমির প্রতি প্রয়োগ করা যায় না এবং যে সময়ে সমর্পণ ঘটে তাহার নির্দ্দেশ সময়ে নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করিবার ফলের প্রতি দৃষ্টি রাখিতে হইবে না, ইহাও আমাদের বিবেচনা হয় না।

উল্লিখিত ধারাটী এই রূপ।

"মূল্য দিয়া নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির কিম্বা নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি দিয়া মূল্য লইবার প্রস্তাব গ্রাহ্য হইলে ও তৎসঙ্গে উক্ত সম্পত্তির মূল্য দান ও সমর্পণ হইলে অথবা টাকা দিবার প্রস্তাব হইলে কি কিছু টাকা কি বায়না দেওয়া গেলে, কিম্বা টাকা দান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার হইলে, স্থাবর সম্পত্তির বিক্রয় সমাধা হয়।

"যে স্থলে স্থাবর সম্পত্তি বিক্রয়ের চুক্তি হয় সমুদয় মূল্য বা তাহার কিয়দংশ কিম্বা বায়না দিলে অথবা সম্পত্তি সমর্পিত হইলে সম্পত্তির স্বামিত্ব ক্রেতাতে বর্ত্তে।

"যদি পক্ষেরা স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার করেন যে টাকা প্রদান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে তাহা হইলে বিক্রয়ের প্রস্তাব গ্রাহ্য হইবামাত্র স্বামিত্ব পরিবর্ত্তন ঘটে।

"এই২ রূপে স্থাবর সম্পত্তির সমর্পণ হয়,

(ক) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ হইলে বিক্রেতা যখন নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করেন ও আইনক্রমে রেজিষ্টরী করণ আবশ্যক হইলে, রেজিষ্টরী করেন।

(খ) নিবন্ধপত্রদ্বারা হস্তান্তরীকরণ না হইলে ভাবি উত্তরাধিকার ও অন্য অতীন্দ্রিয় স্বত্বের সম্বন্ধে যখন পক্ষেরা সমর্পণ করিতে সম্মত হন, এবং অন্য স্থাবর সম্পত্তি সম্বন্ধে, যখন ক্রেতা তদুপরি কায়িক কর্তৃত্ব করিতে পারেন এবং আপনার পক্ষে কি তিনি যাহার স্থলাভিষিক্ত তৎপক্ষে উক্তরূপ কর্তৃত্ব করিতে সংকল্প করেন।"

এতদ্দ্বারা হিন্দু ব্যবস্থার একটী বিবাদ স্থলের মীমাংসা হইবে, সেই বিবাদ স্থলটী এই, ভূমির বিক্রয় কার্য্য সমাধা করিবার নিমিত্ত অধিকার পরিবর্ত্তন আবশ্যক কি না, অর্থাৎ বিক্রয় কালে বিক্রীত সম্পত্তি বিক্রেতার অধিকারে থাকা আবশ্যক কি না ই, লা, রি, ১ কলিকাতা ৩০২ পৃঃ; ই, লা, রি, ১ বোম্বাই ৫০২ উ. প. প্র. ১৮৭১, ২ পৃ: বিরুদ্ধভাবের ৭ বোম্বাই এ, সি. জে, ৪ পৃ; ১০ বোম্বাই, ৪৯১ পৃ।] কলিকাতার হাই কোর্ট ও হিন্দু ব্যবস্থা বিষয়ে বহুমাননীয় শ্রীযুক্ত জে, ডি, মেন সাহেব এই প্রশ্নের উত্তরে বলেন "না।"

১৬। আমরা ১১ [এক্ষণকার ১২] ধারার [ঘ] ও [ঝ] প্রকরণ উঠাইয়া দিয়াছি। শ্রীযুত জেকব সাহেব দেখাইয়া দিয়াছেন যে চুক্তি বিষয়ক আইনের ৩৯ ধারায় প্রথমটীর বিধান আছে; এবং ঐ আইনের ১০ ধারায় দ্বিতীয়টীর বিধান আছে। অন্য দিকে, আমরা ১ নং পাণ্ডুলিপির (গ) ও (চ) প্রকরণ নিম্নলিখিত পরিবর্ত্তিতাকারে পুনর্ব্বার সন্নিবিষ্ট করিয়াছি।—

"যাবৎ সম্পত্তির স্বামিত্ব ক্রেতার প্রতি না বর্ত্তে, বিক্রেতা তাহার খাজানা ও উপস্বত্বের অধিকারী থাকিবেন।"

"ক্রেতার প্রতি সম্পত্তির স্বামিত্ব বর্ত্তিলে উক্ত সম্পত্তির নাশ, হানি বা মূল্য হ্রাস নিবন্ধন যে ক্ষতি হয় তাহা বিক্রেতার কৃত না হইলে ক্রেতা বহন করিবেন, এবং ক্রেতা উক্ত সম্পত্তির উন্নতি সাধন কি মূল্যবৃদ্ধির লাভ ও তদুৎপন্ন খাজানা ও উপস্বত্ব পাইবার অধিকারী হইবেন।"

শেষ প্রকরণটী চুক্তি বিষয়ক আইনের ৮৬ ধারার মাল সম্পর্কীয় বিধানের তুল্য।

১৭। আমরা ১০ [এক্ষণে ১৩] ধারা নূতন ও সংক্ষিপ্ত আকারে এই রূপ করিয়াছি।—

পশ্চাল্লিখিত ক্রটি প্রতারণামূলক জ্ঞান করা যাইবে,

(ক) বিক্রেতার জ্ঞাত ও ক্রেতার অজ্ঞাত যে দোষ ক্রেতা সামান্য সতর্কতা দ্বারা জানিতে পারিতেন না ক্রেতার নিকটে স্থাবর সম্পত্তি বিক্রেতার তৎসম্পত্তির সেই দোষ প্রকাশ করিতে ক্রটি।

(খ) ক্রেতার জ্ঞাত ও বিক্রেতার অজ্ঞাত বিক্রেতার স্বার্থের প্রকৃতি ও পরিমাণসূচক যে বৃত্তান্ত দ্বারা উক্ত স্বার্থের মূল্যবৃদ্ধি হয় বিক্রেতার নিকট স্থাবর সম্পত্তি ক্রেতার সেই বৃত্তান্ত প্রকাশ করিতে ক্রটি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ আপ্রিল।]

This will attract section 17, clause (5), of the Contract Act which declares that "fraud" includes "any such omission as the law specially declares to be fraudulent."

18. As the Bill is now strictly limited to transfers by act of parties, we have omitted section 13, as to the procedure where the buyer becomes insolvent before completion. For the same reason we have also omitted section 73, as to the procedure where, during the continuance of a lease, the lessee becomes insolvent.

19. Section 17 (now 18), as to join purchases. We have added, as Mr. Field suggests: "In the absence of evidence as to the shares so advanced, such persons shall presumed to be equally interested in the property."

CHAPTER IV.—*Of Exchanges.*

20. As this chapter deals with moveable as well as immoveable property, we have placed it after the chapter on leases, and we have omitted the first paragraph of section 22 as the matter seems sufficiently provided for by Act IX of 1872, sections 64, 65, and Act I of 1867 sections 35,37.

CHAPTER V.—*Of Mortgages of Immoveable Property.*

21. *Section* 27—We fear that the abolition of equitable mortgages here proposed by the Law Commissioners would inconvenience the mercantile community. We have thought it better to say that a mortgage by deposit of title-deeds shall be deemed to create a charge on the property comprised therein, and to insert the necessary clause in section 68 (now 63).

22. We have provided, in accordance with a suggestion of Mr. Field, that in the case of an usufructuary mortgage, the mortgagor may recover possession of the property (1) where the mortgagee is authorized to pay himself from the rents and profits of the property the principal and interest of the mortgage-money—when such principal and interest are so paid; (2) where the mortgagee is authorized to pay himself from such rents and profits the interest of the mortgage-money—when the term (if any) of the mortgage expires and the mortgagor pays or tenders to the mortgagee, or deposits in such Court as last aforesaid, the principal of the mortgage-money."

23. Section 29 (now 24).—We have here declared the duty of a mortgagor to take all legal means to protect his rights in the mortgaged property (Macph. 112).

24. Section 31 (now 27).—This provided only for voluntary waste. We have now provided that the mortgagor is not liable for permissive waste.

25. Section 42 (now 39), clause (*c*).—We have added, in order to meet the case of patni tenures and saleable und r-tenures, "and any arrears of rent in default of payment of which the property may be summarily sold."

We have provided that a mortgagee in possession ought to do such repairs as he can pay for out of the rents received after his interest is paid (*see* 9 W. R., 458).

We have omitted clause (*e*). The right which it gives is, as Mr. Field says, part of the mortgagee's right to take possession, which, as a general rule, finds no place in the Bill.

Where sufficient tender is made, the mortgagee in possession is thenceforth accountabl for all his receipts from the mortgaged property (9 N.-W. P. 1: Macph. 159—160). We have provided for this.

26. Section 60 (now 57).—When a mortgagor obtains a decree in a redemption-suit and fails to pay the amount due, we think the mortgagee should be entitled either to a foreclosure or a sale. We have altered this section accordingly.

27. Section 61 (now 58).—We have omitted the second paragraph and the schedule to which it refers. It is hardly the function of a Bill codifying substantive law to give forms of decrees. They should, if necessary, be added to schedule IV of the Code of Civil Procedure.

CHAPTER VI.—*Of Leases.*

28. Section 70 (now 66).—We have substituted a section analogous to that above proposed as a substitute for section 10.

29. Section 71 (now 65). We have struck out clauses (*c*) and (*g*). The former is superfluous, the latter is provided for by the Contract Act, sections 64 and 73.

Clause (*l*) now (*j*).—With reference to Couch, C. J.'s, decision in *Koegler* v. *Yule*, 5 Beng.

এতদ্দ্বারা চুক্তি বিষয়ক আইনের ১৭ ধারার (৫) প্রকরণের প্রতি আকর্ষণ হইবে ; ঐ প্রকরণে নির্দ্দেশ আছে যে " যে কোন ক্রটি আইনে বিশেষ করিয়া প্রতারণাজনক বলিয়া নির্দ্দেশ আছে" "প্রতারণা " শব্দে তাহাও বুঝাইবে ।

১৮। পাণ্ডুলিপি এক্ষণে পক্ষদের কার্য্য দ্বারা হস্তান্তর করণ বিষয়ে দৃঢ়রূপে আবদ্ধ হওয়ায়, ক্রেতা ক্রয় সম্পূর্ণ করিবার পূর্ব্বে যোত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ১৩ ধারা উঠাইয়া দিয়াছি। আর সেই কারণেই আমরা পাট্টাদার পাট্টার মিয়াদ থাকিতে যোত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ৭৩ ধারা উঠাইয়া দিয়াছি ।

১৯। একত্র ক্রয় সম্বন্ধীয় ১৭ (এক্ষণে ১৮) ধারায় আমরা শ্রীযুত ফীল্ড সাহেবের পরামর্শানুসারে এই কথাগুলি যোগ করিয়াছি ।—

"টাকার কে কি অংশ দিয়াছেন ইহার প্রমাণ না থাকিলে সম্পত্তিতে সকলের সমান স্বার্থ আছে বলিয়া অনুমান হইবে।"

চতুর্থ অধ্যায় ।—বিনিময় বিষয়ক বিধি ।

২০। এই অধ্যায়ে অস্থাবর স্থাবর দুই প্রকার সম্পত্তির কথা থাকায়, আমরা এটি পাট্টাবিষয়ক অধ্যায়ের পরে বিন্যস্ত করিয়াছি, এবং ২২ ধারার প্রথম পরিচ্ছেদটী উঠাইয়া দিয়াছি কারণ ১৮৭২ সালের ৯ আইনের ৬৪ ও ৬৫ ধারায়, ও ১৮৬৭ সালের ১ আইনের ২৫ ও ৩৭ ধারায় এতদ্বিষয়ের যথাযোগ্য বিধান আছে বোধ হয় ।

পঞ্চম অধ্যায়। স্থাবর সম্পত্তির বন্ধক বিষয়ক বিধি ।

২১। ২৭ ধারা ।—আমাদের আশঙ্কা হয় যে একুইটী সম্পর্কীয় বন্ধক উঠাইয়া দিবার নিমিত্ত এক্ষণে লা কমিশানর সাহেবেরা যে প্রস্তাব করিয়াছেন তাহাতে বণিক সমাজের অসুবিধা হইবে। অধিকারপত্র গচ্ছিত করিয়া বন্ধক দিলে তৎসংক্রান্ত সম্পত্তির উপর দায় বর্ত্তান হইল বলিয়া জ্ঞান করা যাইবে, আমরা এইরূপ করা উৎকৃষ্টতর বিবেচনা করিয়াছি এবং ৬৮ (এক্ষণে ৬৩) ধারায় আবশ্যক প্রকরণ দিয়াছি ।

২২। আমরা শ্রীযুক্ত ফীলড সাহেবের পরামর্শানুসারে বিধান করিয়াছি যে উপস্বত্ব ভোগসহিত বন্ধক হইলে (১) যে স্থলে সম্পত্তির খাজানা ও উপস্বত্ব হইতে বন্ধকী ঋণ সুদসমেত পরিশোধ করিয়া লইবার ক্ষমতা বন্ধকগ্রহীতাকে দেওয়া গিয়াছে সেই স্থলে ঐ ঋণ সুদসমেত পরিশোধ করা গেলে, ও (২) যে স্থলে বন্ধকগ্রহীতাকে উক্ত খাজানা ও উপস্বত্ব হইতে কেবল বন্ধকী ঋণের সুদ লইবার ক্ষমতা দেওয়া গিয়াছে সে স্থলে কোন মিয়াদ থাকিলে সেই মিয়াদ গত হইলে, ও বন্ধকদাতা বন্ধকের টাকা বন্ধকগ্রহীতাকে দিলে কি দিতে চাহিলে কিম্বা পূর্ব্বোক্তরূপে আদালতে আমানত করিলে, বন্ধকদাতা সম্পত্তির অধিকার পুনঃ প্রাপ্ত হইতে পারিবেন।

২৩। ২৯ (এক্ষণে ২৪) ধারা ।—আমরা এই স্থলে নির্দ্দেশ করিয়াছি যে বন্ধকী সম্পত্তিতে স্বীয় স্বত্ব রক্ষণার্থে বন্ধকদাতার সমুদয় আইনমত উপায় অবলম্বন করা কর্ত্তব্য (ম্যাকফার্সন ১১২)।

২৪। ৩১ (এক্ষণে ২৭) ধারা ।—ইহাতে কেবল ইচ্ছাপূর্ব্বক অপচয় সম্বন্ধে বিধান ছিল। আমরা এক্ষণে বিধান করিয়াছি যে বন্ধকদাতা অপচয় হইতে দিলে তজ্জন্য দায়ী হইবেন না।

২৫। ৪২ (এক্ষণে ৩৯) ধারা, (গ) প্রকরণ ।—পত্তনি ও বিক্রয়যোগ্য অধীন ভূসম্পর্কের স্থলের বিধানার্থ আমরা এই কথা যোগ করিয়াছি, "এবং যে বাকী খাজানা দিতে ক্রটি হইলে সম্পত্তি সরাসরিমতে বিক্রীত হইতে পারে তাহা।"

আমরা বিধান করিয়াছি যে, যে বন্ধকগ্রহীতার অধিকারে সম্পত্তি থাকে, স্বীয় সুদ লইবার পরে প্রাপ্ত খাজানা হইতে যেরূপ মেরামত করিতে পারেন তাঁহার সেরূপ করা উচিত (৯ উ রিঃ ৪৮৮ পৃ দেখ, আমরা (ঙ) প্রকরণটী উঠাইয়া দিয়াছি। শ্রীযুক্ত ফীলড সাহেব বলেন যে ইহাতে যে স্বত্ব প্রদত্ত হইয়াছে তাহা বন্ধকগ্রহীতার অধিকার পাইবার স্বত্বের অংশ; এবং শেষোক্ত স্বত্বটী সাধারণ বিধি বলিয়া পাণ্ডুলিপিতে স্থান পায় নাই।

যৎকালে যথাযোগ্য টাকা দিতে চাহা যায়, বন্ধকগ্রহীতার অধিকারে সম্পত্তি থাকিলে তদবধি বন্ধকী সম্পত্তিহইতে প্রাপ্ত সমুদয় টাকার হিসাব তাঁহার দিতে হইবে। (৯ উ প. প্র. রি ১ পৃঃ ম্যাফর্সন-১৫৯-১৬০ পৃ)। আমরা এবিষয়ের বিধান করিয়াছি।

২৬। ৬০ (এক্ষণে ৫৭) ধারা ।—যে স্থলে উদ্ধারকরণ বিষয়ক মোকদ্দমায় ডিক্রী পাইয়া বন্ধকদাতা-দের টাকা দিতে না পারেন, সে স্থলে বন্ধকগ্রহীতা উদ্ধার করিবার স্বত্ব রহিত করিতে অথবা বিক্রয় করিতে স্বত্ববান, এরূপ আমরা বিবেচনা করি। তন্নিবন্ধন আমরা এই ধারাটী পরিবর্ত্তিত করিয়াছি।

২৭। ৬১ (এক্ষণে ৫৮ ধারা ।—আমরা দ্বিতীয় পরিচ্ছেদ ও তল্লিখিত তফসীল উঠাইয়া দিয়াছি। যে পাণ্ডুলিপিতে মূল্য ব্যবস্থাসংগ্রহীত হইতেছে, ডিক্রীর পাঠ দেওয়া সেই পাণ্ডুলিপির কার্য্য নহে। যদি আবশ্যক হয় ঐ পাঠগুলি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪ তফসীলে যোগ করিয়া দেওয়া উচিত।

ষষ্ঠ অধ্যায় ।—পাট্টা বিষয়ক বিধি ।

২৮। ৭০ (এক্ষণে ৬৬) ধারা ।—১০ ধারার পরিবর্ত্তে পূর্ব্বে যেরূপ ধারা দিবার প্রস্তাব করা গিয়াছে এখানে তদ্রূপ একটী ধারা দেওয়া গেল।

২৯। ৭১ (এক্ষণে ৬৫) ধারা ।—আমরা (গ) ও (ছ) প্রকরণ উঠাইয়া দিয়াছি। প্রথমটী অনাবশ্যক দ্বিতীয়টী সম্বন্ধে চুক্তিবিষয়ক আইনের ৬৪ ও ৭৩ ধারার বিধান আছে।

(ঠ) এক্ষণে [ঞ] প্রকরণ ।—কেপ্পার ও হউল সাহেবের মোকদ্দমায় (৫ বেঙ্গল-লা রিঃ ৪০ ১,৪১৬) মান্য-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

401, 416, we think this clause should run thus :—"The lessee may use the property leased and its products (if any) as a reasonable owner would use them, but he must not use the property for a purpose other than that for which it was leased, or fell timber, open mines or quarries, or commit any other act which is destructive or permanently injurious thereto." We have added "The prohibition in this clause does not apply to mines which were open when the lease was granted."—*See* 8 Chan. Div. 526.

Clause (*q*) now (*o*).—We have inserted words in the proviso to show that the lessor's transferee is not entitled to arrears of rent due before the transfer.

Clause (*r*) now (*p*).—We have made (in accordance with a suggestion of the Government of the North-Western Provinces) the second paragraph to run thus :—" Nothing in this clause shall be deemed to authorize a tenant having a right of occupancy, the farmer of an estate in respect of which default has been made in paying revenue, and the lessee of an estate under the management of a Court of Wards, to assign his interest as such tenant, farmer or lessee."

30. Section 76 (now 70).—We have completed the list of events on which a lease determines.

31. We have redrawn the clause as to waiver of forfeiture and notice. It is now numbered 71, 72.

32. We have inserted a section (74) as to the effect of surrender and forfeiture of a lease, on sub-lessees.

33. We have made some other comparatively unimportant omissions, additions and alterations in wording and arrangement. We have added on the margins references to the reported decisions of the Indian Courts and the Judicial Committee, which justify the rules contained in the Bill. It will be seen that but few of these rules are devoid of this valuable support. The assertion that the Bill would introduce a mass of new law into India must therefore be due to ignorance of the extent to which English law (under the name of justice, equity and good conscience) is actually administered to the Natives by the Anglo-Indian Courts. The object of the Bill, like that of all our Codes, is to strip our own law of all that is local and historical, and to mould the residue into a shape in which it would be suitable for an Indian population and could be easily administered by non-professional Judges. But the Bill will introduce hardly any new substantive law, and it will not (except in the case of the procedure relating to mortgages) displace any existing enactment. The rules, for instance, as to the relation of landlord and tenant contained in the local Acts, X of 1859, XVIII of 1873, XIX of 1868, XXVIII of 1868, Bengal Act VIII of 1869, and Madras Act VIII of 1865, will all remain untouched.

34. To the body of local usages and contractual incidents which in India, as in other countries, exists as to the transfer of land, the tenderest care is shewn by the Bill. Not only is local usage expressly saved in sections 62, 65, and 68, but the effect of section 1, clause (*a*), will be to maintain intact the statutory force which the legislature has given to local usage in those two *pays de coutumes* the Panjáb and Oudh; and throughout India all the many incidents of a mortgage or a lease, which are not inconsistent with the provisions of the Bill will remain wholly unaffected.

35. The Bill and preliminary report of the Select Committee have been published in English in the Presidency-towns, the Panjáb, the Central Provinces, and British Burma. From the North-Western Provinces no report of publication has been received. Publication of the Bill and Report in the vernacular has been reported only by the Government of Bengal. We recommend that the Bill as now altered be published in the *Gazettee of India* and sent to the various local Governments for opinion. And we think that no further steps should be taken upon the Bill until it has been reported on by the new Indian Law Commission.

WHITLEY STOKES.
F. R. COCKERELL.

CALCUTTA,
The 19*th February* 1879.

[*Government Gazette*, 15*th April* 1878.]

বর শ্রীযুত চীফ জষ্টিস কৌচ সাহেব যে বিচার করেন তদনুসারে আমাদের বিবেচনায় এই প্রকরণটী এই রূপ হইবে।—

"ভোগ সম্বন্ধীয় সকল কার্য্যপক্ষে পাট্টাদার জ্ঞানবান কোন স্বামির ন্যায় পাট্টাই সম্পত্তির ও তদুৎপন্ন দ্রব্য থাকিলে তাহার ব্যবহার করিতে পারিবেন কিন্তু যে অভিপ্রায়ে পাট্টা দেওয়া যায় তদ্ভিন্ন অন্য কোনরূপে উক্ত সম্পত্তির ব্যবহার করিতে পারিবেন না কিম্বা বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ ছেদন করিতে কি ঘর ভাঙ্গিয়া ফেলিতে বা তাহার হানি করিতে কি খনি খুড়িতে কি যাহাতে সম্পত্তির বিনাশ সাধন কি চিরকালীন ক্ষতি হয় এরূপ কার্য্য করিতে পারিবেন না।

আমরা যোগ করিয়াছি পাট্টা দিবার সময়ে যে সকল খনি খোলা ছিল তৎপ্রতি এই প্রকরণের নিষেধ বর্ত্তে না। ৮ চানসরি ডিবিজনের রি ৫২৬ পৃষ্ঠা দেখ।

(খ) এইক্ষণে (৭) প্রকরণ।—হস্তান্তর করিবার পূর্ব্বে যে খাজানা বাকী পড়ে পাট্টাদাতা যাঁহাকে সম্পত্তি হস্তান্তর করিয়া দেন তিনি ঐ বাকী খাজানা পাইবার স্বত্ববান নহেন ইহা দর্শাইবার নিমিত্ত আমরা উপবিধানে কথা বসাইয়াছি।

(ঘ) এক্ষণে (৩) প্রকরণ।—উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেন্টের পরামর্শানুসারে আমরা দ্বিতীয় পরিচ্ছেদটী এইরূপ করিয়াছি।

"দখলী স্বত্ববিশিষ্ট প্রজা কে কি যে মহালের রাজস্ব দিতে ত্রুটি হইয়াছে তাহার ইজারদারকে কি কোর্ট অব ওয়ার্ডসের স্বত্বাধীন ইস্টেটের পাট্টাদারকে এই ধারার কোন কথাক্রমে উক্ত প্রজা, কি ইজারদার কি পাট্টাদারস্বরূপ আপনার স্বার্থ অন্যের প্রতি নিরূপণ করিবার ক্ষমতা যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।"

৩০। ৭৬ (এক্ষণে ৭০) ধারা।—পাট্টার মিয়াদান্ত যে সকল ঘটনা সাপেক্ষ আমরা তৎসমুদয়ের তালিকা সম্পূর্ণ করিয়াছি।

৩১। দণ্ড ও নোটিস সম্বন্ধীয় স্বত্বত্যাগ বিষয়ক প্রকরণটী আমরা নূতন করিয়া লিখিয়াছি। ইহা এক্ষণে ৭১, ৭২ ধারা হইয়াছে।

৩২। আমরা পেটাও পাট্টাদারদের উপর পাট্টাত্যাগ কি দণ্ডের ফল বিষয়ক একটী ধারা (৭৪) দিয়াছি।

৩৩। আমরা শব্দের ও বিন্যাসের কিছু২ সামান্য পরিবর্জ্জন, পরিবর্দ্ধন ও পরিবর্ত্তন করিয়াছি। পাণ্ডুলিপিতে যে সকল বিধি আছে পার্শ্বে তৎপোষক ভারতবর্ষীয় আদালতের ও প্রিবিকৌন্সিলের বিচারের রিপোর্টের উল্লেখ করা গিয়াছে। দৃষ্ট হইবে যে ঈদৃশ সারবান্ প্রতিপোষণ যে সমুদয় বিধির নাই, তৎ সমুদয়ের সংখ্যা অল্প। সুতরাং বিচার, ন্যায়, ও সদ্বিবেকের নামে ভারতবর্ষীয় ইংরাজরাজের আদালতে এতদ্দেশবাসীদের মোকদ্দমায় যে পরিমাণে ইংরাজী আইনের প্রয়োগ হয়, তাহা না জানিয়াই কেহ২ বলিয়া থাকেন যে এই পাণ্ডুলিপি দ্বারা ভারতবর্ষে নূতন ব্যবস্থা রাশি উপস্থাপিত হইতেছে। আমাদের সমুদয় আইনসংগ্রহের ন্যায় এই পাণ্ডুলিপির উদ্দেশ্য এই যে, আমাদের আইনে যে স্থানীয় ও ঐতিহাসিক ভাব আছে তাহা বিলোপ করিতে হইবে ও অবশিষ্ট ভাগের এরূপ আকার করিতে হইবে যাহাতে উহা ভারতবর্ষবাসীদের উপযোগী হয় এবং অব্যবসায়ী বিচারপতিরা উহা লইয়া সহজে কার্য্য করিতে পারেন। কিন্তু এই পাণ্ডুলিপিতে প্রায়ই নূতন মূল ব্যবস্থা নাই, এবং বন্ধকসম্বন্ধীয় কার্য্যপ্রণালী ভিন্ন কোন স্থলে বর্ত্তমান আইন রহিত করা হইবে না, ইহার একটী দৃষ্টান্ত এই যে, ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধবিষয়ক যে সকল বিধি, ১৮৫৯ সালের ১০ আইন, ১৮৭৩ সালের ১৮ আইন ১৮৬৮ সালের ১৯ আইন, ১৮৬৮ সালের ২৮ আইন, ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন, ১৮৬৫ সালের মান্দ্রাজী ৮ আইন, প্রভৃতি স্থানীয় আইনে আছে তাহা স্পর্শ করা যায় নাই।

৩৪। ভূমির হস্তান্তর সম্বন্ধে অন্যান্যদেশের ন্যায় ভারতবর্ষে যে সকল দেশাচার ও চুক্তির নিয়ম আছে বিশেষ যত্নসহকারে পাণ্ডুলিপিতে সে সকল রক্ষিত হইয়াছে। কেবল যে ৬২ ও ৬৫ ও ৬৮ ধারার দেশাচার স্পষ্ট করিয়া রক্ষিত হইয়াছে এরূপ নহে; ১ ধারার [ক] প্রকরণে যে বিধান করা গিয়াছে তাহার ফল এই হইবে যে দেশাচারপ্রধান পঞ্জাবে ও আযোধ্যায় ব্যবস্থাপকগণ দেশাচার যদ্রূপ রাজব্যবস্থাতুল্য বলবৎ করিয়াছেন তদ্রূপই থাকিবে এবং এই পাণ্ডুলিপির বিধান বিরুদ্ধ না না হইলে, ভারতবর্ষে সর্ব্বত্র বন্ধক ও পাট্টাসংযুক্ত সর্ব্বপ্রকার ভিন্ন২ অনুবন্ধ সম্পূর্ণরূপে অপরিবর্ত্তিত থাকিবে।

৩৫। সমুদয় রাজধানীতে, পাঞ্জাবে মধ্যপ্রদেশে ও ব্রিটীষ ব্রহ্মদেশে, ইংরাজী ভাষায় পাণ্ডুলিপি ও সিলেক্ট কমিটীর প্রাথমিক রিপোর্ট প্রকাশিত হইয়াছে। উত্তরপশ্চিম প্রদেশ হইতে প্রকাশিত হইবার রিপোর্ট পাওয়া যায় নাই। পাণ্ডুলিপি ও রিপোর্ট দেশীয় ভাষায় প্রকাশিত হইবার রিপোর্ট কেবল বঙ্গদেশের গবর্ণমেন্ট হইতে পাওয়া গিয়াছে। আমাদের পরামর্শ এই যে বর্ত্তমান পরিবর্ত্তিত পাণ্ডুলিপি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায় এবং মত জানিবার জন্য ভিন্ন২ স্থানীয় গবর্ণমেন্টের নিকটে পাঠান যায় এবং আমরা বিবেচনা করি যে যাবৎ নূতন ভারতবর্ষীয় লা কমিশ্যন এতদ্বিষয়ে রিপোর্ট না করেন এই পাণ্ডুলিপি সম্বন্ধে আর কোন কার্য্য করা না হয়।

হুইট্‌লি ষ্টোক্‌স।
এফ, আর, কক্রেল।

কলিকাতা,
১৮৭৯ সাল ১৯ ফেব্রুয়ারি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।

I concur in all the omissions and amendments made by the Committee and in their final recommendation; but I believe the Bill to be capable of further simplification, and regret to notice the almost entire absence of illustrations.

T. H. THORNTON.

I have not had time to consider either the provisions of the Bill or the changes now made thoroughly; but I agree that the chapters on Powers, Settlements, &c., should be omitted, and think these omissions necessitate republication with a view to elicit fresh criticism to be laid before the new Commission.

I would modify the new section 11 by requiring a written instrument in all cases where the value of the property sold is Rs. 100 or upwards. This will involve registration and get rid of the inconvenience and anomaly which would arise from oral sales of valuable land with deferred possession and no registration. Subject to the above remarks, I approve of the additions now made to the Bill.

G. H. P. EVANS.

I concur in all the omissions, and agree that there should be a further publication.

G. C. PAUL.

I am opposed to the republication of this Bill at the present time. I believe that there is a great deal still left in the Bill which it will be desirable to omit, as relating to matters on which legislation is not called for; and I think that there should be no further publication until the Law Commission have reported on the measure.

A. J. ARBUTHNOT.

I am inclined to think that there can be no harm in republishing the Bill in its present form (though I must say that I believe it admits of further improvement), inasmuch as the republication will elicit public criticisms which may be of some use to the Law Commission.

JOTINDRA MOHAN TAGORE.

কমিটী যে সকল পরিবর্জ্জন ও সংশোধন করিয়াছেন ও শেষ যে পরামর্শ দিয়াছেন, তাহাতে আমি সম্মত আছি। কিন্তু আমার বিশ্বাস এই যে পাণ্ডুলিপি আরও সরল করা যাইতে পারে এবং উদাহরণের প্রায় সম্পূর্ণ অভাব দেখিয়াও দুঃখ হয়।

টি, এচ, থর্ণটন।

পাণ্ডুলিপির বিধান কি এক্ষনকার পরিবর্ত্তন কিছুই আমি ভাল করিয়া বিবেচনা করিয়া দেখিবার সময় পাই নাই, কিন্তু ক্ষমতা, সম্পত্তি নিরূপণ প্রভৃতি অধ্যায় পরিবর্জ্জন সম্বন্ধে আমার সম্মতি আছে এবং আমি বিবেচনা করি যে এই সকল পরিবর্জ্জন নিবন্ধন পাণ্ডুলিপির পুনঃ প্রচার আবশ্যক, তাহাতে নূতনকমিশ্যনের নিকটে স্থাপন জন্য নূতন তর্ক বিতর্ক পাওয়া যাইতে পারিবে।

বিক্রীত সম্পত্তির মূল্য যে সকল স্থলে ১০০ টাকা কি তদধিক সে সকল স্থলে লেখ্য আবশ্যক, এই বিধান করিয়া আমি নূতন ১১ ধারা পরিবর্ত্তিত করিতে চাই। ইহাতে রেজিষ্টরী করণ প্রয়োজনীয় হইবে,এবং রেজিষ্টরী না করিয়া দখল না দিয়া মূল্যবান্ ভূমির বাচনিক বিক্রয় দ্বারা যে অসুবিধা ও বিশৃংখলা উপস্থিত হয়, তাহারও নিবারণ হইবে। এইং মন্তব্য কথা সাপেক্ষ রাখিয়া আমি পাণ্ডু-লিপির এক্ষনকার সংযুক্তাংশের অনুমোদন করি।

জি, এচ, পি, ইবান্স।

সমুদয় পরিবর্জ্জন আমার অভিমত এবং পাণ্ডুলিপির পুনঃ প্রচার সম্বন্ধেও আমার সম্মতি আছে।

জি, সি, পল।

এক্ষণে পাণ্ডুলিপি পুনঃ প্রচার করা আমার অনভিমত। আমার বিশ্বাস এই যে যে বিষয়ে ব্যবস্থা করিবার প্রয়োজন নাই তদ্বিষয়ক বলিয়া পরিবর্জ্জনীয় এরূপ অনেক কথা পাণ্ডুলিপিতে আছে; এবং আমি বিবেচনা করি যে যাবৎ এবিষয়ে লা কমিশ্যন রিপোর্ট না করেন, তাবৎ পুনঃ প্রচার করা না হয়।

এ, জে, আরবথনট।

যদিও আমার বলিতে হইতেছে, আমার বিশ্বাস এই যে পাণ্ডুলিপি আরও সংশোধিত হইতে পারে, তথাপি পাণ্ডুলিপি বর্ত্তমানাকারে পুনঃ প্রচার করাতে কোন হানি নাই এরূপ বিবেচনা করিতে আমার প্রবৃত্তি হইতেছে, কারণ এরূপ পুনঃ প্রচার দ্বারা যে সাধারণ তর্কবিতর্ক উত্থিত হইবে তাহা লা কমিশ্যনের কার্য্যে লাগিতে পারে।

যতীন্দ্রমোহন ঠাকুর।

[*Government Gazette*, 15*th April* 1879.]

No. III.

THE TRANSFER OF PROPERTY BILL, 1879.

CONTENTS.

৩ নম্বর ।

১৮৭৯ সালের সম্পত্তি হস্তান্তর করণবিষয়ক আইনের পাণ্ডুলিপি ।

নির্ঘণ্টপত্র ।

SECTIONS.

19. Right of buyer of one of two properties subject to common charge.

20. *Bonâ fide* buyer not bound to see to application of purchase-money.

CHAPTER IV.

OF MORTGAGES OF IMMOVEABLE PROPERTY AND CHARGES.

21. Mortgage, mortgagor and mortgagee defined.
    English mortgage.
    Usufructuary mortgage.
    Simple mortgage.
    Mortgage by conditional sale.

22. Mortgage to be by assurance.

Rights and Liabilities of Mortgagor.

23. Right of mortgagor to redeem, tender or deposit.
    Redemption of portion of mortgaged property.

24. Implied contracts by mortgagor.

25. Accession to mortgaged property.

26. Renewal of mortgaged lease.

27. Waste by mortgagor in possession.

28. Notice to mesne incumbrancers.

29. Right to redeem one of two properties separately mortgaged.

Rights and Liabilities of Mortgagee.

30. Right to sue for foreclosure or sale.

31. Right to money deposited by mortgagor.

32. Right to interest.
    Proviso.

33. Bar of entry by mortgagee.
    Right to receiver.

34. Right to sue for mortgage-money.

35. Power of sale invalid.

36. Right as to insurance-money.

37. Accession to mortgaged property.

38. Renewal of mortgaged lease.

39. Mortgagee in possession.

Loss occasioned by his default.

40. Receipts in lieu of interest.

41. Waste by mortgagee.

42. Charge on proceeds of revenue-sale.

ধারা।

১৯। দুই সম্পত্তির উপর একই সাধারণ দায় থাকিলে এক সম্পত্তির ক্রেতার স্বত্বের কথা।

২০। যিনি সরল মনে ক্রেতা হন ক্রয়ের টাকা লইয়া যেরূপ কার্য্য হয় তাঁহার এই বিষয় দেখিতে না হইবার কথা।

---

৪ চতুর্থ অধ্যায়।

স্থাবর সম্পত্তির বন্ধক ও দায় বিষয়ক বিধি।

২১। বন্ধকদাতা, বন্ধকগ্রহীতা, বন্ধক এই২ শব্দের অর্থের কথা।
ইংলণ্ডীয় বন্ধকের কথা।
উপস্বত্ব ভোগ সহিত বন্ধক বিষয়ক কথা।
সামান্য বন্ধকের কথা।
কটকবালার বন্ধকের কথা।

২২। নিবন্ধপত্রক্রমে বন্ধক হইবার কথা।

বন্ধক দাতার স্বত্ব ও দায় বিষয়ক কথা।

২৩। বন্ধকদাতার সম্পত্তি উদ্ধার করিবার কি টাকা দিতে চাহিবার কি গচ্ছিত করিবার স্বত্বের কথা।

বন্ধকী সম্পত্তির কিয়দংশ উদ্ধার করিবার স্বত্বের কথা।

২৪। বন্ধক দাতার পাকত চুক্তির কথা।

২৫। বন্ধকী সম্পত্তি বৃদ্ধি হইবার কথা।

২৬। বন্ধকী পাট্টা নূতন করিয়া লইবার কথা।

২৭। বন্ধক দাতার অধিকারে থাকিবার সময়ে অপচয়ের কথা।

২৮। দ্বিতীয় প্রভৃতি বন্ধক গ্রহীতাদের নামে নোটিস দিবার কথা।

২৯। দুই সম্পত্তির স্বতন্ত্র বন্ধক রাখা গেলে তাহার মধ্যে এক সম্পত্তি উদ্ধার করণের স্বত্বের কথা।

বন্ধকগ্রহীতার স্বত্বের ও দায়ের কথা।

৩০। সম্পত্তি উদ্ধার করিবার স্বত্ব রহিত বা বিক্রয় করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্বের কথা।

৩১। বন্ধক দাতা যে টাকা আমানত করেন তৎপ্রতি স্বত্বের কথা।

৩২। সুদের উপর স্বত্বের কথা।

উপবিধান।

৩৩। বন্ধক গ্রহীতার দখল করিবার বাধা।
গ্রাহক নিযুক্ত করিবার স্বত্বের কথা।

৩৪। বন্ধকীঋণের নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্বের কথা।

৩৫। বিক্রয় করিবার ক্ষমতা অসিদ্ধ হইবার কথা।

৩৬। বিমাপত্রের টাকার প্রতি স্বত্ব বিষয়ক কথা।

৩৭। বন্ধকী সম্পত্তির বৃদ্ধি বিষয়ক কথা।

৩৮। বন্ধকী সম্পত্তির নূতন পাট্টা লইবার কথা।

৩৯। সম্পত্তি বন্ধকগ্রহীতার ভোগে থাকিলে তদ্বিষয়ক কথা।

বন্ধকগ্রহীতার ত্রুটি প্রযুক্ত ক্ষতি হইবার কথা।

৪০। সুদের পরিবর্ত্তে প্রাপ্তটাকার কথা।

৪১। বন্ধকগ্রহীতার দ্বারা অপচয় বিষয়ক কথা।

৪২। রাজস্বের নিমিত্ত বিক্রয় হইলে উৎপন্ন টাকার উপর দাবীর কথা।

SECTIONS.

43. Right to pay off mortgagee in order to prevent sale.

Priority.

44. Postponement of prior mortgagee.
45. Mortgage to secure balance of account.
46. Taking abolished.

Marshalling and Contribution.

47. Marshalling securities.
48. Contribution to mortgage-debt.

Suits for Redemption, Foreclosure or Sale.

49. Parties to suits for redemption, foreclosure and sale.

Foreclosure and Sale.

50. Decree in foreclosure-suit.
51. Procedure in case of payment of amount due and subsequent costs.
    Order absolute for foreclosure.
    Power to enlarge time.
52. Decree for sale.
    Power to decree sale at instance of mortgagee.
    Power to decree sale in foreclosure-suit at instance of mortgagor.
53. Procedure when defendant pays amount due and subsequent costs.
    Order absolute for sale.
54. Recovery of balance due on mortgage.

Redemption.

55. Who may sue for redemption.
56. Decree in redemption suit.
57. In case of redemption, possession:
    In default, foreclosure or sale.
    Power to enlarge time.

Redemption and Foreclosure.

58. Right of mesne mortgagee to redeem and foreclose.

Costs.

59. Costs of mortgagee subsequent to decree.

Sale of Property subject to prior Mortgage.

60. Sale of property subject to prior mortgage.
61. Application of proceeds.

Anomalous Mortgages.

62. Mortgages not described in section 21.

ধারা।

৪৩। বিক্রয় নিবারণার্থে বন্ধকগ্রহীতার ঋণশোধ করিবার স্বত্বের কথা
    অগ্রগন্যতার কথা।
৪৪। পূর্ব্ব বন্ধকগ্রহীতার পশ্চাৎগণ্য হইবার কথা।
৪৫। হিসাবমত বাকী টাকা আদায়ের জামিনস্বরূপ বন্ধকের কথা।
৪৬। সংযোগ কার্য্য রহিত হইবার কথা।

সন্নিধান করণের ও হারাহারি দিবার বিধি।

৪৭। বন্ধকী সম্পত্তির সন্নিধান করণের কথা।
৪৮। বন্ধকী ঋণ শোধার্থে হারাহারিমতে দিবার কথা।

সম্পত্তি উদ্ধারকরণার্থ ও উদ্ধার করিবার স্বত্ব রহিত করণার্থ ও বিক্রয় করণার্থ মোকদ্দমা বিষয়ক বিধি।

৪৯। সম্পত্তি উদ্ধার করণার্থ ও উদ্ধার করণের স্বত্ব রহিত করণার্থ ও বিক্রয় করণার্থ মোকদ্দমার পক্ষগণের কথা।

উদ্ধার করিবার স্বত্ব রহিত করণ ও বিক্রয় করণ বিষয়ক বিধি।

৫০। উদ্ধারকরণের স্বত্ব রহিত করণার্থ মোকদ্দমার ডিক্রীর কথা।
৫১। ঐ প্রাপ্য টাকা ও তৎপশ্চাৎ খরচা দেওয়া গেলে পর কার্য্যপ্রণালীর কথা।
    উদ্ধার করিবার স্বত্ব রহিত করণের চূড়ান্ত আজ্ঞার কথা।
    মিয়াদ বাড়াইয়া দিবার ক্ষমতার কথা।
৫২। বিক্রয় করিবার ডিক্রীর কথা।
    বন্ধকগ্রহীতার অনুরোধে বিক্রয়ের আজ্ঞা করণের কথা।
    বন্ধকদাতার অনুরোধে উক্ত স্বত্ব রহিত করণার্থ মোকদ্দমায় বিক্রয়ার্থ ডিক্রী করিবার ক্ষমতার কথা।
৫৩। প্রতিবাদী সেই প্রাপ্য টাকা ও তৎপশ্চাৎ খরচা দিলে কার্য্যপ্রণালীর কথা।
    বিক্রয়ের চূড়ান্ত আজ্ঞার কথা।
৫৪। বন্ধকক্রমে বাকী আদায়ের কথা।

সম্পত্তি উদ্ধার করণ বিষয়ক বিধি।

৫৫। উদ্ধার করিবার মোকদ্দমা কাহার উপস্থিত করিবার ক্ষমতা থাকে তদ্বিষয়ক কথা।
৫৬। উদ্ধার করণার্থ মোকদ্দমায় ডিক্রীর কথা।
৫৭। উদ্ধার হইলে অধিকার করন বিষয়ক কথা।
    টাকা না দিলে উদ্ধার করিবার স্বত্ব রহিত হইবার কথা।
    সময় বাড়াইয়া দিবার ক্ষমতার কথা।
৫৮। মধ্যবর্ত্তি বন্ধক গ্রহীতার উদ্ধার করিবার ও উদ্ধার করণের স্বত্ব রহিত করিবার ক্ষমতার কথা।

খরচা।

৫৯। ডিক্রীর পর বন্ধকগ্রহীতার খরচার কথা।

সম্পত্তির উপর পূর্ব্ব বন্ধকের দায় থাকিলে তাহা বিক্রয় করণ বিষয়ক বিধি।

৬০। সম্পত্তির উপর পূর্ব্ব বন্ধকের দায় থাকিলে তাহা বিক্রয় করণের কথা।
৬১। বিক্রয়োৎপন্ন টাকা প্রয়োগের কথা।

বিভিন্ন প্রকৃতিক বন্ধকের বিধি।

৬২। ২১ ধারায় যে বন্ধকের বর্ণনা নাই তাহার কথা

No. III.

A Bill to amend the law relating to the Transfer of Property by act of Parties.

Preamble.

Whereas it is expedient to define and amend certain parts of the law relating to the transfer of

[*Government Gazette, 15th April 1879.*]

৩ নম্বর।

পক্ষদের কার্য্য দ্বারা সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক আ সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

পক্ষদের কার্য্যদ্বারা সম্পত্তি হস্তান্তর করণ বিষ আইনের কোন২ অংশ নির্দ্ধা ও সংশোধন করা বিহিত।

property by act of parties; it is hereby enacted as follows:—

CHAPTER I.

PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The Transfer of Property Act, 1879:"

Extent.

It extends to the whole of British India;

Commencement.

And it shall come into force on the first day of *January*, 1880.

Repeal of Acts.

2. On and from that day the enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column thereof. But nothing herein contained shall be deemed to affect—

Saving of certain Acts, incidents, rights, liabilities, &c.

(*a*) the provisions of any enactment not hereby expressly repealed:

(*b*) any incidents of any contract which are not inconsistent with the provisions of this Act:

(*c*) any right or liability acquired or incurred before this Act comes into force, or any remedy in respect of any such right or liability:

(*d*) the right to anything affixed to the soil by the lessee under any lease granted before this Act comes into force:

(*e*) any right of pre-emption acquired after this Act comes into force:

(*f*) any transfer by operation of law.

Interpretation-clause.

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"assurance."

"assurance" means any non-testamentary instrument which purports or operates to create, transfer, or otherwise dispose of, whether in present, or in future, any right, title or interest, whether vested or contingent to or in immoveable property.

"registered."

"registered" means registered in British India under the law for the time being in force regulating the registration of documents:

"attached to the earth."

"attached to the earth" means—

(*a*) imbedded in the earth, as in the case of walls:

(*b*) permanently resting upon it, as in the case of buildings; or

(*c*) attached to what is so imbedded, or so rests

হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত সমস্ত স্থানের প্রতি বর্ত্তিবে।

যে সময় অবধি প্রচলিত হইবে।

ও ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিন অবধি প্রবল হইবে।

যেং আইন রহিত হইবে।

২ ধারা। উক্ত দিনাবধি এই আইন সংযুক্ত প্রথম তফসীলের নির্দ্দিষ্ট সকল বিধান ঐ তফসীলের তৃতীয় খণ্ডে যত দূর উল্লেখ হইয়াছে, তত দূর রহিত করা যাইবে। কিন্তু এই আইনের কোন কথার দ্বারা

কোনং আইন ও ব্যাপার ও স্বত্ব ও দায় প্রভৃতি প্রবল রাখিবার কথা।

(ক) এতৎক্রমে যে আইন স্পষ্ট রহিত করা যায় নাই তাহার কোন বিধানের, ও

(খ) চুক্তি ঘটিত যে অনুষঙ্গ এই আইনের বিধানের সহিত অসঙ্গত নয় তাহার, ও

(গ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন স্বত্ব প্রাপ্ত হওয়া যায় কি যে কোন দায় বর্ত্তে তাহার কিম্বা সেই স্বত্ব কি দায় সম্পর্কীয় কোন প্রতিকারের, ও

(ঘ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা দেওয়া যায় তৎক্রমে মৃত্তিকার সংলগ্ন কোন বস্তুতে প্রজার যে স্বত্ব থাকে তাহার, ও

(ঙ) এই আইন প্রচলিত হইবার পর ক্রয় করণের যে অগ্রস্বত্ব প্রাপ্ত হওয়া যায় তাহার, ও

(চ) আইনের কার্য্যক্রমে যে হস্তান্তর করণ ঘটে, তাহার, যে বিঘ্ন হইল এমত জ্ঞান করিতে হবে না।

অর্থকরণের ধারা।

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে,

নিবন্ধপত্র।

উইল ভিন্ন যে নিদর্শনপত্রের মর্ম্মানুসারে কি ফলানুসারে স্থাবর সম্পত্তিগত নির্দ্ধারিত কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমানে কি ভাবিকালে সৃষ্ট কি হস্তান্তরিত হয় কি প্রকারান্তরে প্রয়োগ করা যায়, "নিবন্ধপত্র শব্দে এমত কোন নিদর্শনপত্র বুঝিতে হইবে।

"রেজিষ্টরী।"

দলীল রেজিষ্টরী করণবিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে, তদনুসারে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে যে রেজিষ্টরী করা যায়, "রেজিষ্টরী" শব্দে তাহাই বুঝিতে হইবে।

"ভূসংলগ্ন।"

"ভূসংলগ্ন" শব্দে

(ক) ভিত্তির ন্যায় ভূমিতে প্রথিত, বা

(খ) গৃহাদির ন্যায় ভূমির উপর স্থায়িরূপে স্থিত, বা

(গ) তদ্রূপ প্রথিত বা স্থিত বস্তুতে প্রেক, বোলট,

as by means of nails, bolts, screws, cement, solder or other permanent fastening.

4. Chapters III, IV, V and VI of this Act shall be construed as one with the Indian Contract Act, 1872.

Chapters III, IV, V and VI to be part of Act IX of 1872.

CHAPTER II.

Of Transfers of Immoveable Property.

5. Every person competent to contract may make a transfer of immoveable property: but subject to the law for the time being in force as to the circumstances and extent in and to which he may dispose of such property.

Persons competent to make transfers of immoveable property.

6. Unless a different intention is expressed or necessarily implied, a transfer of immoveable property vests in the transferee all the interest which the transferor is then capable of passing therein and in the legal incidents thereof.

Operation of transfer.

Such incidents include (where the property is land) the easements annexed thereto, the mines and minerals thereunder, and the standing trees, and all other products of the soil,

and (where the property is machinery attached to the earth) the moveable parts thereof,

and (where the property is a house) the easements annexed thereto and its locks, keys, bars, doors, windows, pankhas, half-doors, mats and blinds.

7. The transferor of immoveable property cannot give to another a title thereto better than his own, and where he has only a restricted power of alienating the property, he cannot give to another a title thereto valid as against third parties, except upon an alienation within the restriction:

Title which transferor of immoveable property can give.

Provided that where the transferor is (*a*) the manager of the property of a minor and an undivided family, or an endowed temple, (*b*) a sonless Hindu widow in possession of her deceased husband's property, or (*c*) a trustee, benámidar or other ostensible owner, the transferee's title shall not be impeached if the transfer has been made for a consideration and the transferee has acted in good faith and used due care and diligence to ascertain

Protection to innocent transferees for value.

ক্রু, রক্কা, পাইপ, বা স্থায়িরূপে আঁটিয়া রাখিবার অন্য দ্রব্য দ্বারা সংলগ্ন, বুঝিতে হইবে।

৪ ধারা। ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের সহিত এক জ্ঞান করিয়া এই আইনের ৩ ও ৪ ও ৫ ও ৬ অধ্যায়ের অর্থ করিতে হইবে।

৩, ৪, ৫ ও ৬ অধ্যায় ১৮৭২ সালের ৯ আইনের অংশ বলিয়া গণ্য হইবে।

২ দ্বিতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তির হস্তান্তরকরণবিষয়ক বিধি।

৫ ধারা। কোন ব্যক্তি চুক্তি করিতে সক্ষম হইলেই, যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে তিনি যেং গতিকে ও যত দূর স্থাবর সম্পত্তি প্রয়োগাদি করিতে সক্ষম হন, তাহা প্রবল মানিয়া সেই সম্পত্তির হস্তান্তর করিতে পারিবেন।

যাঁহারা স্থাবর সম্পত্তির হস্তান্তর করিতে সক্ষম তাঁহাদের কথা।

৬ ধারা। ভিন্ন অভিপ্রায় স্পষ্ট ব্যক্ত না থাকিলে অথবা অবশ্যং না বুঝাইলে, যে স্থাবর সম্পত্তি হস্তান্তর করা যায়, হস্তান্তরকারী তদন্তর্গত যে সমুদয় সম্পর্ক ও আইন ঘটিত অনুষঙ্গ হস্তান্তর করিতে সক্ষম, হস্তান্তরক্রমে গ্রহীতাকে তৎসমুদয় অর্পণ করা যাইবে।

হস্তান্তর করণের ফলের কথা।

এই অনুষঙ্গের মধ্যে এইং বিষয় ধরা যাইবে,

উক্ত সম্পত্তি ভুমি হইলে, তৎসংলগ্ন স্বাচ্ছন্দ্য ভোগস্বত্ব ও তন্নিম্নস্থ খনি ও খনিজ পদার্থ ও দণ্ডায়মান বৃক্ষ ও ভুমির উৎপন্ন অন্য সকল দ্রব্য।

উক্ত সম্পত্তি ভুমিতে সংলগ্ন কল হইলে, সেই কলের যেং অংশ সরাইয়া লওয়া যাইতেপারে তাহা।

এবং উক্ত সম্পত্তি ঘর হইলে তৎসংলগ্ন স্বাচ্ছন্দ্যভোগস্বত্ব ও কুলুপ, চাবি, হুড়কা, দ্বার, জানালা, পাখা অর্দ্ধ দ্বার, মাদুর ও পর্দা।

৭ ধারা। স্থাবর সম্পত্তির স্বামী অন্যের প্রতি আপনার অধিকার অপেক্ষা শ্রেষ্ঠ অধিকার দান করিতে পারেন না। ও তাঁহার সম্পত্তি হস্তান্তর করিবার ক্ষমতা কেবল সীমাযুক্ত হইলে তিনি সেই সীমার মধ্যে হস্তান্তর না করিলে, অন্যের প্রতি তৃতীয় ব্যক্তির বিপরীত প্রবল অধিকার দান করিতে পারেন না।

স্থাবর সম্পত্তির হস্তান্তর কারি যদ্রূপ অধিকার দান করিতে পারেন তদ্বিষয়ক কথা।

পরন্তু হস্তান্তরকারী (ক) নাবালগের কি অবিভক্ত পরিবারের কি বিষয়দত্ত মন্দিরের সম্পত্তির কার্য্যাধ্যক্ষস্বরূপ, কিম্বা (খ) মৃত স্বামির সম্পত্তির অধিকারিণী অপুত্রা হিন্দু বিধবাস্বরূপ, কিম্বা (গ) ন্যাসধারী কি বেনামী দার কি দৃষ্টতঃ অন্য স্বামিস্বরূপ হস্তান্তর করিলে, যদি মূল্য গ্রহণপূর্ব্বক ঐ সম্পত্তি হস্তান্তর করা গিয়া থাকে ও সম্পত্তি গ্রহীতা যদি সরল মনে কার্য্য করিয়া থাকেন ও হস্তান্তরকারী যে ঐ সম্পত্তি হস্তান্তর করিতে সক্ষম ইহা নিশ্চয়মতে জানিবার জন্যে যথোচিত মনোযোগ ও যত্নপূর্ব্বক চেষ্টা করিয়া থাকেন, তবে

যাঁহারা সরলভাবে মূল্য দিয়া সম্পত্তি প্রাপ্ত হন তাঁহাদের রক্ষার কথা।

that the transferor had power to make the transfer.

Rent bona fide paid to holder under defective title.

8. No person shall be chargeable with any rents or profits of any immoveable property which he has in good faith paid or delivered to any person of whom he in good faith held the same, notwithstanding it may afterwards appear that the person to whom such payment or delivery was made had no right to receive such rents or profits.

Transfers of share of undivided property.

9. Where undivided immoveable property is held in possession by co-owners and one of them transfers his share or any interest therein, the transferee takes the share or interest subject to the right of the co-owners to enforce a partition of the property; and when such partition is effected, the right of the transferee as such, in the absence of a contract to the contrary by the co-owners, extends only to the share allotted to himself or to his transferor.

Transfer of property pending suit relating thereto.

10. During the active prosecution in any Court having authority in British India, or established beyond the limits of British India by the Governor-General in Council, of a suit in which the right to any immoveable property is directly and specifically in question the property cannot be transferred by any party to the suit so as to affect the rights of any other party thereto under any decree order therein.

CHAPTER III.

Of Sales of Immoveable Property.

Sale how effected.

11. Sale of immoveable property is effected by offer and acceptance of certain immoveable property for a price, or of a price, for certain immoveable property,

together with payment of the price and delivery of the property, or with tender, part-payment or earnest; or with an agreement, express or implied, that the payment, or delivery, or both, shall be postponed.

Where there is a contract for the sale of immoveable property, the ownership of the property passes to the buyer when the whole or part of the price, or when the earnest, is paid, or when the property is delivered.

If the parties agree expressly or by implication that the payment, or delivery, or both, shall be postponed, the ownership passes as soon as the proposal for sale is accepted.

ঐ সম্পত্তি গ্রহীতার অধিকার দূষণীয় হইবে না।

স্বত্বহীন অধিকারীকে খাজানা দিবার কথা।

৮ ধারা। কোন ব্যক্তি যে ব্যক্তির স্থানে সরল মনে স্থাবর সম্পত্তি ভোগ করেন, তাঁহাকে সরল মনে উক্ত সম্পত্তির খাজানা কি উপস্বত্ব দিলে কি অর্পণ করিলে, যদিও পরে দেখা যায় যে যাঁহাকে উক্ত খাজানা কি উপস্বত্ব দেওয়া কি অর্পণ করা যায় তাঁহার তাহা গ্রহণ করিবার স্বত্ব ছিল না, তথাপি প্রথমোক্ত ব্যক্তি উক্ত খাজনা কি উপস্বত্ব জন্য দায়ী হইবেন না।

অবিভক্ত সম্পত্তির অংশ হস্তান্তর করিবার কথা।

৯ ধারা। অবিভক্ত স্থাবর সম্পত্তি সহস্বামী দিগের অধিকারে থাকিলে ও তাঁহাদের মধ্যে কেহ আপন অংশ কি তৎসংক্রান্ত কোন সম্পর্ক হস্তান্তর করিলে, অন্য সহস্বামীদের সম্পত্তি বিভাগ করিয়া লইবার স্বত্বাধীনে গ্রহীতা উক্ত অংশ কি সম্পর্ক পাইবেন, এবং এরূপ বিভাগ হইলে সহস্বামীদের বিপরীত ভাবের চুক্তির অভাবে গ্রহীতার স্বত্ব তাঁহাকে কি তাঁহার হস্তান্তরকারিকে যে অংশ প্রদত্ত হয় কেবল তাহারই উপর বর্ত্তিবে।

কোন সম্পত্তিসম্বন্ধে মোকদ্দমা চলিবার সময়ে হস্তান্তরের কথা।

১০ ধারা। যে মোকদ্দমায় সাক্ষাৎ সম্বন্ধে ও নির্দ্দিষ্টরূপে কোন স্থাবর সম্পত্তি সম্পর্কীয় স্বত্ব লইয়া বিবাদ চলিতেছে, ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত অথবা ব্রিটিষ ভারতবর্ষের বাহির মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের সংস্থাপিত কোন আদালতে সেই মোকদ্দমা চালাইবার সময়ে মোকদ্দমার কোন পক্ষ উক্ত সম্পত্তি এরূপে হস্তান্তর করিতে পারেন না যে তৎসম্বন্ধীয় ডিক্রী কি আদেশক্রমে অন্য কোন পক্ষের স্বত্বের ব্যাঘাত হয়।

৩ তৃতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তি বিক্রয়বিষয়ক বিধি।

বিক্রয় কি রূপে হয়।

১১ ধারা। মূল্য দিয়া নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির কিম্বা নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি দিয়া মূল্য লইবার প্রস্তাব গ্রাহ্য হইলে, ও তৎসঙ্গে উক্ত সম্পত্তির মূল্য দান ও সমর্পণ হইলে অথবা টাকা দিবার প্রস্তাব হইলে কি কিছু টাকা কি বায়না দেওয়া গেলে, কিম্বা টাকা দান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার হইলে, স্থাবর সম্পত্তির বিক্রয় সমাধা হয়।

যে স্থলে স্থাবর সম্পত্তি বিক্রয়ের চুক্তি হয়, সমুদয় মূল্য বা তাহার কিয়দংশ কিম্বা বায়না দিলে, অথবা সম্পত্তি সমর্পিত হইলে, সম্পত্তির স্বামিত্ব ক্রেতাতে বর্ত্তে।

যদি পক্ষেরা স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার করেন যে টাকা প্রদান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে তাহা হইলে বিক্রয়ের প্রস্তাব গ্রাহ্য হইবামাত্র স্বামিত্ব পরিবর্ত্তন ঘটে।

Delivery of immoveable property takes place—

(*a*) if the transfer is made by assurance—when the assurance is executed and delivered by the seller, and (if its registration is required by law) registered:

(*b*) if the transfer is not made by assurance, in the case of a reversion or other intangible thing—when the parties consent to the delivery, and in the case of other immoveable property—when the buyer becomes capable of exercising physical control over it and determines to exercise such control on his own behalf or on behalf of the person whom he represents.

Rights and liabilities of buyer and seller.

12. In the absence of a contract to the contrary, the buyer and the seller of immoveable property respectively have the rights, and are subject to the liabilities mentioned in the ten rules next following, or such of them as are applicable to the property sold.

(*a*). The seller must produce to the buyer, for examination, all documents of title relating to the property which are in his possession or power, and must inform the buyer of all facts not apparent thereon of which the seller is aware and which affect the seller's power to fulfil his contract, and must answer to the best of his information all relevant questions put to him by the buyer in respect to the property or the title thereto.

(*b*). Till the ownership of the property passes to the buyer, the seller is entitled to the rents and profits thereof.

(*c*). When the ownership of the property has passed to the buyer, he must bear any loss arising from the destruction, injury or decrease in value of the property not caused by the seller, and he is entitled to the benefit of any improvements in, or increase in value of, the property and to the rents and profits thereof.

(*d*). When the buyer has been let into possession of the property before payment of the whole of the purchase-money, the seller has a charge upon the property for the amount of the purchase-money, or any part thereof, remaining unpaid, and for interest on such amount or part; but as soon as the assurance, if any, is registered, such charge shall cease except as against the buyer.

(*e*). Unless the buyer has improperly declined to accept delivery of the property, he has, against the seller, a charge on the property, to the extent of the seller's interest therein, for the amount of any purchase-money properly paid by the buyer in anticipation of the delivery, and for interest on the amount of such payment; and, when the

এইং রূপে স্থাবর সম্পত্তির সমর্পণ হয়,

(ক) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ হইলে, বিক্রেতা যখন নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করেন ও আইনক্রমে রেজিষ্টরী করণ আবশ্যক হইলে, রেজিষ্টরী করেন।

(খ) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ না হইলে, ভাবী উত্তরাধিকার ও অন্য অতীন্দ্রিয় স্বত্বের সম্বন্ধে যখন পক্ষেরা সমর্পণ করিতে সম্মত হন, এবং অন্য স্থাবর সম্পত্তি সম্বন্ধে, যখন ক্রেতা তদুপরি বাহ্যকর্তৃত্ব করিতে পারেন এবং আপনার পক্ষে কি তিনি যাহার প্রতিনিধি তৎপক্ষে উক্তরূপ কর্তৃত্ব করিতে সংকল্প করেন।

ক্রেতার ও বিক্রেতার স্বত্বের ও দায়ের কথা।

১২ ধারা। তদ্বিপরীত চুক্তি না থাকিলে স্থাবর সম্পত্তির ক্রেতা ও বিক্রেতা নিম্নলিখিত দশটি বিধির, কিম্বা তন্মধ্যে যে যেং বিধি বিক্রীত সম্পত্তির প্রতি খাটে সেইং বিধির নির্দিষ্ট স্বত্ব প্রাপ্ত হন, ও তাঁহাদের প্রতি সেইং বিধির নির্দিষ্ট দায় বর্ত্তে।

(ক) ঐ সম্পত্তির অধিকার সম্পর্কীয় যে সকল দলীল বিক্রেতার নিকটে বা অধিকারে থাকে তাহা ক্রেতার পরীক্ষা করিয়া দেখিবার জন্যে তাঁহাকে দেখাইতে হইবে ও বিক্রেতার চুক্তিক্রমে কার্য্য করিবার ক্ষমতার বিঘ্নজনক যে বিষয় ঐ দলিলে দেখা না যায় বিক্রেতার সেই বিষয় ক্রেতাকে জানাইতে হইবে। ও ক্রেতা ঐ সম্পত্তি কিম্বা তদগত অধিকার বিষয়ে প্রাসঙ্গিক যে সকল প্রশ্ন করেন বিক্রেতার স্বীয় জ্ঞানানুসারে তাহার উত্তর দিতে হইবে।

(খ) যাবৎ সম্পত্তির স্বামিত্ব ক্রেতার প্রতি না বর্ত্তে, বিক্রেতা তাহার খাজানা ও উপস্বত্বের অধিকারী থাকিবেন।

(গ) ক্রেতার প্রতি সম্পত্তির স্বামিত্ব বর্ত্তিলে উক্ত সম্পত্তির নাশ, হানি বা মূল্যহ্রাস নিবন্ধন যে ক্ষতি হয় তাহা বিক্রেতার কৃত না হইলে ক্রেতা বহন করিবেন, এবং ক্রেতাই উক্ত সম্পত্তির উন্নতি সাধন কি মূল্যবৃদ্ধির লাভ ও তদুৎপন্ন খাজানা ও উপস্বত্ব পাইবার অধিকারী হইবেন।

(ঘ) ক্রয়ের সমুদয় টাকা দিবার পূর্ব্বে ক্রেতাকে সম্পত্তির অধিকার করিতে দেওয়া গেলে ঐ ক্রয়ের টাকার জন্যে কিম্বা তাহার যে অংশ প্রদত্ত হয় নাই তাহার ও সেই টাকার কি সেই অংশের উপর সুদের জন্যে ঐ সম্পত্তির উপর বিক্রেতার দাওয়া থাকে। কিন্তু নিবন্ধপত্র থাকিলে তাহা রেজিষ্টরী করা গেলেই কেবল ক্রেতার উপর ঐ দাওয়া বর্ত্তে সম্পত্তির উপর রহিত হয়।

(ঙ) ক্রেতা সম্পত্তি সমর্পণ গ্রাহ্য করিতে অনুচিত মতে অস্বীকার করিয়া না থাকিলে, ঐ সমর্পণের অপেক্ষায় উপযুক্ত মতে ক্রয়ের যে টাকা দেন তজ্জন্য ও সেই টাকার উপর সুদের জন্যে ঐ সম্পত্তিতে বিক্রেতার যত দূর স্বার্থ থাকে তত দূর বিক্রেতার বিপক্ষে ঐ সম্পত্তির উপর ক্রেতার দাওয়া থাকে। এবং ক্রেতা ঐ

buyer properly declines to accept the delivery, also for the earnest (if any) and for his costs (if any) of a suit by himself or the seller to compel specific performance of the contract or to obtain a decree for its rescission.

(f). When the buyer has been let into beneficial possession of the property before payment of the price, and the price is not paid owing to defects in the seller's title, the buyer is not liable to pay for such possession.

(g). The seller must discharge all incumbrances on the property existing at the date of the contract. The buyer may retain, out of the unpaid purchase-money, the amount of such incumbrances, and shall pay the amount so retained to the parties entitled thereto.

"171A.—Under section 368 of the same Code, to have the representative of a deceased defendant made a defendant.	Sixty days ...	The date of the defendant's death.
"171B.—Under section 371 of the same Code, for an order to set aside an order for abatement or dismissal.	Ditto ...	The date of the order for abatement or dismissal."

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

৮১ ধারা। উক্ত আইনের ৩৫ ধারায় "কিওসমা বলিয়া" এই কথার পরে "রেজিষ্টরী কার্য্যকারকের" এই কথা দিতে হইবে; এবং "ঐ দলীল রেজষ্টরী করিতে অস্বীকার করিবেন" এই কথার পূর্ব্বে "যে ব্যক্তি তদ্রূপ অস্বীকার করেন কিয়ৎসম্বন্ধে তদ্রূপ বোধ হয় কি যাঁহার মৃত্যু হইয়াছে তৎসম্পর্কে" এই২ কথা দিতে হইবে।

১৮৭৭ সালের ৩ আইনের ৩৫ ধারার সংশোধন।

৮২ ধারা। উক্ত আইনের ৫১ ধারায় "৮৭" এই অঙ্কের পরিবর্ত্তে "৮৯" এই অঙ্ক দিতে হইবে।

৫১ ধারার সংশোধন।

৮৩ ধারা। উক্ত আইনের ৮৩ ধারায় "অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের" এই কথার পরিবর্ত্তে "দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের" এই কথা দিতে হইবে।

৮৩ ধারার সংশোধন।

৮৪ ধারা। উক্ত আইনের ৮৯ ধারায় নিম্নলিখিত প্রকরণটী যোগ করিতে হইবে, যথা, "যে আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৩১৬ ধারামতে সর্টিফিকেট দেন, সর্টিফিকেটের অন্তর্গত যে সমস্ত স্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ যে রেজেষ্টরী কার্য্যকারকের এলাকার সীমার মধ্যে থাকে, তাঁহার নিকট ঐ আদালত উক্ত সর্টিফিকেটের নকল পাঠাইবেন, ও সেই রেজিষ্টরী কার্য্যকারক আপনার ১ নং বহীতে ঐ সর্টিফিকেট রাখিবেন।"

৮৯ ধারার সংশোধন।

আর ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক ১৮৭৭ সালের আইন পশ্চাল্লিখিতমতে সংশোধন করা বিহিত, অতএব এতদ্দ্বারা আরো বিধান করা যাইতেছে।

৮৫ ধারা। উক্ত ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক ১৮৭৭ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৭১ প্রকরণের পরে, নিম্নলিখিত প্রকরণদ্বয় দিতে হইবে, যথা,

১৮৭৭ সালের ১৫ আইনের দ্বিতীয় তফসীলের সংশোধন।

"১৭১ A।—মৃত প্রতিবাদির স্থলাভিষিক্তকে প্রতিবাদী করিবার নিমিত্ত উক্ত আইনের ৩৬৮ ধারামতে প্রার্থনা পত্র।	ষাইট দিন।	প্রতিবাদির মরণের তারিখ অবধি।
"১৭১B।—মোকদ্দমা রহিত কি ডিসমিস করণের আজ্ঞা অসিদ্ধ করিবার আজ্ঞা জন্য উক্ত আইনের ৩৭১ ধারামতে প্রার্থনাপত্র।	ঐ	মোকদ্দমা রহিত কি ডিসমিস করণের আজ্ঞার তারিখ অবধি।"

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

The following preliminary Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 19th March 1879 :—

WE, the undersigned Members of the Select Committee to which the Bill to define and amend the law relating to alluvion, islands, and abandoned river-beds was referred, have the honor to report that we have considered the Bill and the papers noted in the margin.

From the Hon'ble H. S. Cunningham, dated 7th October 1878 (Paper No. 1).
" B. H. Baden-Powell, Esq., to Hon'ble T. H. Thornton, dated 26th October 1878 (Paper No. 2).
" Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 3193 A, dated 23rd October 1878, and enclosures (Papers No. 3).
" Officiating Collector, Dháká, No. 835, dated 12th October 1878 (Paper No. 4).
" Chief Commissioner, Ajmér and Merwára, No. 795, dated 20th November 1878 (Paper No. 5).
" Secretary to Chief Commissioner, Mysore, No. 6653J-12, dated 18th November 1878 (Paper No. 6)
" Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 3475A, dated 29th November 1878, and enclosures (Papers No. 7).
" Secretary for Birár to Resident, Haidarábád, No. 11B, dated 18th December 1878 (Paper No. 8).
" Assistant Secretary, British Indian Association, dated 19th December 1878, and enclosure (Papers No. 9)
" Assistant Secretary to Chief Commissioner, British Burmah, No. 2582-245, dated 21st December 1878, and enclosure (Papers No. 10).
" J. G. W. Sykes, Esq., Advocate, High Court, North-Western Provinces, dated 22nd October 1878 (Paper No. 11).
" Secretary to Government, Bengal, No. 55, dated 7th January 1879, and enclosures (Papers No. 12).
" Secretary to Government, Panjáb, No. 220, dated 20th January 1879, and enclosures (Papers No 13).
" Assistant Secretary to Chief Commissioner, Central Provinces, No. 399-15, dated 23rd January 1879, and enclosure (Papers No. 14).
" Secretary to Chief Commissioner, Assam, No. 104T, dated 27th January 1879, and enclosure (Papers No. 15).
" Rájá Harbalab Náráyana Singh, dated 10th January 1879 (Papers No. 16).
" Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 267, dated 4th February 1879, and enclosures (Papers No. 17).
" Secretary to Government, Panjáb, No. 469, dated 3rd February 1879, and enclosures (Papers No. 18).
" ditto ditto, No. 633, dated 19th February 1879, and enclosure (Papers No. 19).
Despatch from Secretary of State for India, No. 3, dated 6th February 1879, and enclosure (Papers No. 20).
From Registrar, High Court, Calcutta, No. 400, dated 10th March 1879 (Paper No. 21).

2. The Bill as introduced proposed that the division of the whole area of an island formed opposite several holdings should be made rateably among the owners in proportion to their respective frontages, and was framed so as merely to indicate those holders. If, for example, there were three such owners, A, B, and C, whose respective frontages were 100 yards, 200 yards, and 300 yards, it was intended that A should take one-sixth of the whole area of the island, B one-third, and C one-half, and this division was to have been effected either by private arrangement, or in default thereof by a suit for partition. It has, however, been strongly urged that, to preclude litigation and discrepancy of practice, the Bill should, at least in the case of land forming in rivers, contain rules not only for giving the areas, but for defining the plots, to which the several riparian owners are entitled. For this purpose rules have been suggested both by the Board of Revenue of the Lower Provinces and the High Court at Fort William, the former proposing that the alluvion should be divided by right lines perpendicular to the extremities of the frontages, the latter proposing a division by right lines bisecting the angles made by perpendiculars drawn from the extremities of adjacent frontages. But it will be seen on examination that, under either of these plans, alluvial lands formed in the bend of a river would sometimes fall to more than one estate, and further provision would then be required for a rateable division of those lands between the owners of the estates concerned. The subject is one of no small difficulty; but it seems to us that the following rule, which is said by a distinguished Settlement Officer (Mr. Ibbetson) to be practically the rule now in force in the Panjáb, and which is recommended for adoption by the Government of that province, solves the problem satisfactorily and completely :—

"Where from natual causes an island or other land is formed in or on the bank of a river, either by accumulation of material or by recession of the river, each owner having a frontage on the river is entitled to so much of the land as is included by his frontage, the

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত প্রাথমিক রিপোর্ট, তাঁহাদের ধার্য্যকৃত পাণ্ডুলিপি সমেত ১৮৭৯ সালের ১৯ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি সভায় উপস্থিত করা যায়।

সিলেক্ট কমিটীর নিম্নস্বাক্ষরকারী সদস্য আমাদের প্রতি চৈবর্ত্তীভূমি ও দ্বীপ ও পরিত্যক্ত নদ-বিষয়ক আইন নির্দ্ধারণী ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা তৎ সম্বন্ধে রিপোর্ট করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পার্শ্বোল্লিখিত কাগজপত্র বিবেচনাপূর্ব্বক দেখিয়াছি।

(১নং) মান্যবর শ্রীযুত এচ, এস, কনিংহাম সাহেবের ১৮৭৮ সালের ৭ অক্টোবরের পত্র।
(২নং) মান্যবর শ্রীযুত টি এচ, থর্ণটন সাহেবের নিকট শ্রীযুত বি. এচ বাডেন পৌয়েল সাহেবের ১৮৭৮ সালের ২৬ অক্টোবরের পত্র।
(৩নং) উত্তর পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ২৩ অক্টোবরের ৩১৯৩ A নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(৪নং) ঢাকার একটিং কালেকটর সাহেবের ১৮৭৮ সালের ১২ অকটোবরের ৮৩৫নং পত্র।
(৫নং) আজমীর ও মেরবারার প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৮ সালের ২০নবেম্বরের ৭৯৫নং পত্র।
(৬নং) মহীশূরের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরীর ১৮৭৮ সালের ১৮ নবেম্বরের ৬৬৫৩ J— ১২নং পত্র।
(৭নং) উত্তর পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৮সালের ২৯নবেম্বরের ৩৪৭৫ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(৮নং) হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের বিরার সম্বন্ধীয় সেক্রেটরী সাহেবের ১৮৭৮ সালের ১৩ ডিসেম্বরের ১১ B নং পত্র।
(৯নং) ব্রিটিষ ইণ্ডিয়ান আসোসিএশনের আসিষ্টাণ্ট সেক্রেটরীর ১৮৭৮ সালের ১৯ ডিসেম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।
(১০নং) ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের আসিষ্টাণ্ট সেক্রেটরীর ১৮৭১ সালের ২১ ডিসেম্বরের ২৫৮২—২৪৫নংপত্র ও তৎসহিত পত্রাদি।
(১১নং) উত্তর পশ্চিম প্রদেশের হাই কোর্টের আডবোকেট শ্রীযুত জে, কি, ডবলিউ, সাইকস সাহেবের ১৮৭৮ সাহেবের ২২ অক্টোবরের পত্র।
(১২নং) বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৭ জানুয়ারির ৫১নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(১৩নং) পাঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২০ জানুয়ারির ৩২০ নংপত্র ও তৎসহিত পত্রাদি।
(১৪নং) মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের আসিষ্টাণ্ট সেক্রেটরীর ১৮৭৯ সালের ২৩ জানুয়ারির ৩৯৯-১৫ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(১৫নং) আসামের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরীর ১৮৭৯ সালের ২৭ জানুয়ারির ১০৪ F নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(১৬নং) শ্রীযুত রাজা হরবল্লভ নারায়ণ সিংহের ১৮৭৯ সালের ১০ জানুয়ারির পত্র।
(১৭নং) উত্তর-পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৪ ফেব্রুয়ারির ২৬৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(১৮নং) পাঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারির ৪৬৯ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(১৯নং) ঐ ঐ সাহেবের ১৮৭৯ সালের ১৮ ফেব্রুয়ারির ৬৩৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(২০নং) ভারতবর্ষেরপক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৬ ফেব্রুয়ারির ৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি।
(২১নং) কলিকাতার হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের ১৮৭৯ সালের ১০ মার্চের ৪০০ নং পত্র।

২। পাণ্ডুলিপি প্রথমে উপস্থিত করিবার সময়ে প্রস্তাব ছিল যে ভিন্ন ২ যোতের সম্মুখে কোন দ্বীপ উৎপন্ন হইলে, সম্মুখবর্ত্তি স্থানে যাঁহার যে পরিমাণে অধিকার থাকিবে তিনি সেই পরিমাণে উক্ত দ্বীপের ভাগ পাইবেন, এবং উক্ত যোতধারিদিগকে নির্দ্দেশ করিতে হইলে যে রূপ করিতে হয় পাণ্ডুলিপি তদ্রূপে রচিত হইয়াছিল। উদাহরণস্বরূপ মনে কর ক ও খ ও গ ভিন্নজনস্বামী, তাঁহাদের স্ব স্ব সম্মুখবর্ত্তি স্থান যথাক্রমে ১০০ গজ, ২০০ গজ ও ৩০০ গজ। এরূপ স্থলে অভিপ্রেত ছিল যে ক সমুদয় দ্বীপের এক ষষ্ঠাংশ, খ এক তৃতীয়াংশ, ও গ অর্দ্ধেক পাইবেন, এবং এই বিভাগ হয় তাঁহাদের ঘরোয়া বন্দোবস্ত দ্বারা নতুবা বাটোয়ারার মোকদ্দমা দ্বারা করিতে হইবে। কিন্তু ইহা বলবৎরূপে বলা হইয়াছে যে মোকদ্দমা ও রীতিভেদ নিবারণ জন্য অন্ততঃ নদীর মধ্যস্থ চৈবর্ত্তী ভূমি সম্বন্ধে পাণ্ডুলিপিতে এমন কোন বিধি থাকা উচিত যাহাতে নদী তটের স্বামীরা কে কি পরিমাণে-ভূমি পাইবেন ইহাই নহে, কে কোন্ খণ্ড ভূমি পাইবেন তাহারও নির্দ্দেশ হয়। এই উদ্দেশে নিম্নপ্রদেশের রেবিনিউ বোর্ড ও ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্ট উভয়েই বিধি প্রণয়নের পরামর্শ দিয়াছেন। বোর্ড প্রস্তাব করেন যে সম্মুখবর্ত্তি স্থানের প্রান্তের লম্বরূপি সরল রেখা দ্বারা চৈবর্ত্তী ভূমি বিভক্ত করা যাইবে। হাই কোর্ট প্রস্তাব করেন যে পার্শ্বস্থ সম্মুখবর্ত্তি স্থান দ্বয়ের প্রান্ত হইতে লম্ব টানিলে লম্বদ্বয়ের সংযোগে যে কোণ উৎপন্ন হয় সেই কোণ দ্বিখণ্ডকারি রেখা দ্বারা বিভাগ হইবে। কিন্তু পরীক্ষা করিলে দৃষ্ট হইবে যে এই দুটীর মধ্যে কোনএকটী প্রণালী অবলম্বন করিলে নদীর বাঁকের মধ্যস্থিত চৈবর্ত্তী ভূমি কখন২ একাধিক মহালের ভিতরে পড়ে এবং ঐ২ মহালের স্বামিদের মধ্যে হরাহারিমতে উক্ত ভূমি বিভাগ করিবার আরো বিধান করা আবশ্যক হয়। বিষয়টী অল্প কঠিন নহে, কিন্তু আমাদের বোধ হয় যে পশ্চাল্লিখিত বিধিতে এইপ্রশ্নের সুন্দররূপ ও সম্পূর্ণরূপ মীমাংসা হইয়াছে, ইবেট্‌সন নামক একজন বিখ্যাত বন্দোবস্তী কার্য্যকারক বলেন যে এই বিধি কার্য্যতঃ এক্ষণে পঞ্জাবে বলবৎ আছে, এবং ইহাই উক্ত প্রদেশের গবর্ণর সাহেব অবলম্বন জন্য পরামর্শ দেন। বিধিটী এই।—

“প্রাকৃতিক কারণে, মৃত্তিকা জমা হওয়াতে কিম্বা নদীর জল সরিয়া যাওয়াতে, কোন নদীর মধ্যে কি তটে কোন দ্বীপ কি অন্য ভূমি উৎপন্ন হইলে, নদীতটের সম্মুখবর্ত্তি স্থানের প্রত্যেক স্বামী নিজ

thread of the stream and lines drawn riverwards from the ends of such frontage to meet the thread of the stream in a direction normal to such thread.

[The term "normal," we may observe, is here used instead of "perpendicular," as the thread of the stream may be a curve. It is obvious that in such case several normals may possibly be drawn from the same point, and that these normals may be either of different or of the same length. The rule therefore proceeds as follows:—]

"Where more than one such normal can be drawn from one and the same end of any frontage, and each of such normals is of different length, the shortest of such normals shall be deemed to be the including line; and where more than one such normal can be so drawn, and each of such normals is of the same length, the line bisecting the angle between the two extreme positions of the shortest normal shall be deemed to be the including line."

It will be seen that the above rule applies not only to alluvion deposited on the banks of two contiguous holdings, but also to islands. Incidentally, this will have the effect of rendering immaterial the often difficult question whether a new deposit is an island or not.

3. The above is the chief substantial alteration which we have made in the Bill. We now proceed to specify the minor changes which we deem desirable.

4. In the tidal portion of rivers like the Hugli are many islands which are flooded by ordinary tides in the rainy season, but only by extraordinary springs, or not at all, in the dry season. These chars are cultivable in the dry season and should be included in the definition of "island." We have therefore added to that definition the words "throughout the year."

5. To fix with more precision the time at which, for the purposes of the Bill, an alluvial island is first formed, we have provided that it must be capable of being employed for cultivation, pasture, or other useful purpose, such, for example, as the supply of reeds or brushwood. The question of fordability will thus be decided after an island newly formed becomes, as the Privy Council puts it, "valuable and usable."

6. Where any formation takes place on a site of which the Government is proved to be the owner, we have declared that the Government is entitled to such formation.

7. In the case of land formed on the shore of the sea or of a lake and in that of an island formed in the sea or a lake, we have provided that the distribution in proportion to the frontage of the riparian owners shall be effected by such officer as the local Government may appoint, and in accordance with such rules (consistent with the proposed Act) as the local Government may from time to time prescribe.

8. We think that, to entitle the Crown to alluvial islands, the channel between the island and each bank or shore should not be fordable during the dry season next after the formation.

9. In determining the right to abandoned river-beds, we think we should have regard to the thread of the stream in the preceding dry season, and not to what it was immediately before the abandonment—a matter which cannot be always ascertained. In other respects the rule for the division of such beds among the riparian owners will be the same as that which we have provided in the case of alluvial lands.

10. We have empowered the local Government to declare, with reference to any tidal river, where, for the purposes of the proposed Act, the river shall be deemed to end and the sea to begin; and we have provided that no declaration under the Act shall be cancelled or altered, save with the previous sanction of the Governor-General in Council.

11. In the Punjáb the ownership of lands subject to the action of rivers is mainly regulated by local usage. We have accordingly retained the section of the Bill as introduced, which provided that such usages should be respected and, in certain cases, presumed to be in force. But such provisions do not appear to be required in Madras, Bombay, Oudh, or the North-Western Provinces, and though local usage is saved in the Lower Provinces and Assam by the Bengal Regulation XI of 1825, there seems to be only one instance in which there has been any attempt to establish it. We have therefore confined to the Punjáb the section saving usage. But there is ground for the belief that even in that province some of the local

সম্মুখবর্ত্তি স্থান ও স্রোতস্বত্র ও উক্ত সম্মুখবর্ত্তি স্থানের প্রান্তদ্বয় হইতে নদীর অভিমুখে স্রোতস্বত্রের উপরে লম্বকভাবে যে রেখা টানা যায় এই চতুঃসীমার অন্তর্ব্বর্ত্তি ভূখণ্ড পাইবার স্বত্ববান হইবেন।”

[দৃষ্ট হইবে যে অন্তঃসূত্র বক্র রেখা হইতে পারে বলিয়া এস্থলে “লম্ব” শব্দের পরিবর্ত্তে “লম্বক” শব্দ ব্যবহৃত হইল। স্পষ্ট বুঝা যাইতেছে যে এরূপ স্থলে এক বিন্দু হইতে কতকগুলি লম্বক টানিতে পারা সম্ভব, এবং এই লম্বকগুলি বিভিন্ন দৈর্ঘ্যের কি একই দৈর্ঘ্যের হইতে পারে। তন্নিমিত্ত বিধিতে পরে পশ্চাল্লিখিত বিধান আছে।—]

“কোন সম্মুখবর্ত্তি স্থানের একই প্রান্ত হইতে একাধিক তদ্রূপ লম্বক টানা যাইতে পারিলে এবং তদ্রূপ প্রত্যেক লম্বক বিভিন্ন দৈর্ঘ্যের হইলে, তন্মধ্যে ক্ষুদ্রতম লম্বক সীমার রেখা বলিয়া গণ্য হইবে, এবং তদ্রূপ একাধিক লম্বক টানা যাইতে পারিলে এবং তদ্রূপ প্রত্যেক লম্বক একই দৈর্ঘ্যের হইলে, ক্ষুদ্রতম লম্বকের অন্তঃ অবস্থানের মধ্যবর্ত্তি কোনের বিখণ্ডকারিণী রেখা সীমার রেখা বলিয়া গণ্য হইবে।”

দৃষ্ট হইবে যে পার্শ্ববর্ত্তি স্রোতস্বয়ের তটের পৈঠস্তী ভূমির প্রতিই যে কেবল উপরি লিখিত বিধি বর্ত্তিতেছে এরূপ নহে দ্বীপের প্রতিও বর্ত্তিতেছে। কোন পৈবস্তী ভূমি দ্বীপ কি না, অনুষঙ্গতঃ এই নিরত কঠিন প্রশ্নের গুরুত্ব কমিয়া যাইতেছে।

৩। পাণ্ডুলিপিতে আমরা যে গুরুতর পরিবর্ত্তন করিয়াছি, উপরে তাহার উল্লেখ হইল। যে যে সামান্য পরিবর্ত্তন আমরা বাঞ্ছনীয় জ্ঞান করি, এক্ষণে তাহার নির্দ্দেশ করিতে প্রবৃত্ত হইতেছি।

৪। হুগলী প্রভৃতি নদীর যে ভাগে জোয়ার ভাঁটা খেলে, সেখানে এরূপ অনেক দ্বীপ আছে যে গুলি বর্ষাকালে সামান্য জোয়ারে জলমগ্ন হয়, কিন্তু শুষ্ককালে হয়ত একেবারেই জলমগ্ন হয় না অথবা কেবল অসামান্য কটালে জলমগ্ন হয়। এই চড়াগুলি শুষ্ককাল বৃদ্ধিযোগ্য ও দ্বীপের লক্ষণের অন্তর্গত হওয়া উচিত। এজন্য আমরা উক্ত লক্ষণে “সমস্ত বৎসর” এইং শব্দ যোগ করিয়াছি।

৫। এই আইনের অভিপ্রায়ানুসারে যে সময়ে পৈবস্তী দ্বীপ উৎপন্ন হয় তাহা অধিকতর নিশ্চিত রূপে স্থির করিবার নিমিত্ত আমরা বিধান করিয়াছি যে উক্ত দ্বীপ কৃষি কি পশু চারণ কি মল কি জঙ্গলের ডাল পালা যোগান প্রভৃতি অন্য হিতকর কার্য্যের উপযোগী হইবে। এই প্রকারে, প্রিবী কৌন্সিল যেরূপ বলিয়াছেন, কোন নবোৎপন্ন দ্বীপ মূল্যবান ও ব্যবহার যোগ্য হইলে পর তথায় হাঁটিয়া পার হইয়া যাওয়া যায় কিনা এই প্রশ্নের মীমাংসা হইবে।

৬। গবর্ণমেণ্ট যে স্থানের স্বামী বলিয়া সাব্যস্ত হয় সেই স্থানে কোন পৈবস্তী ভূমির উৎপত্তি হইলে গবর্ণমেণ্ট ঐ পৈবস্তী ভূমি পাইবার স্বত্ববান বলিয়া আমরা নির্দ্দেশ করিয়াছি।

৭। সমুদ্রের কি হ্রদের তীরে পৈবস্তী ভূমি ও সমুদ্রের কি হ্রদের মধ্যে দ্বীপ উৎপন্ন হইলে আমরা বিধান করিয়াছি যে স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারকে নিযুক্ত করেন তিনি স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই আইন সঙ্গত যে বিধি নির্দ্দেশ করেন সেই বিধিমতে তীরের স্বামিদের আপনং সম্মুখবর্ত্তি স্থানের পরিমাণানুসারে তাঁহাদের অংশ নিরূপণ করিবেন।

৮। আমরা বিবেচনা করি যে দ্বীপ ও উভয় তট কি তীরের মধ্যবর্ত্তি জলপথ পৈবস্তীভূমির উৎপত্তি হইবার পর শুষ্ককালে হাঁটিয়া পার হওয়া না গেলে শ্রীশ্রীমতী মহারাণী ঐ পৈবস্তী দ্বীপ পাইবার স্বত্ববতী হইবেন।

৯। পরিত্যক্ত নদীগর্ভের স্বত্ব নির্ণয় করিতে গিয়া, আমরা বিবেচনা করিয়াছি যে পূর্ব্ববর্ত্তি শুষ্ককালের স্রোতঃস্বত্রের প্রতি দৃষ্টি রাখা বিধেয়, ও পরিত্যাগের অব্যবহিত পূর্ব্ববর্ত্তি স্রোতস্বত্রের প্রতি রাখা বিধেয় নহে, কারণ এ বিষয় সর্ব্বদা স্থির করা যায় না। অন্য দিগে আমরা পৈবস্তী ভূমি বিভাগের যে বিধান করিয়াছি সেই বিধানমতেই তটের স্বামিদের মধ্যে উক্ত গর্ভ বিভাগের ব্যবস্থা করিয়াছি।

১০। প্রস্তাবিত আইনের অভিপ্রায়ানুসারে কোথায় নদীর শেষ ও সমুদ্রের আরম্ভ জ্ঞান করা যাইবে, জোয়ারভাঁটা বিশিষ্ট নদী সম্বন্ধে এরূপ নির্দ্দেশ করিবার ক্ষমতা আমরা স্থানীয় গবর্ণমেণ্টকে দিয়াছি; এবং আমরা বিধান করিয়াছি যে মান্ত্রসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক করা না গেলে এই আইনমত কোন নির্দ্দেশ রহিত কি পরিবর্ত্তিত করা যাইবে না।

১১। পঞ্জাবে নদীর স্রোতাধীন ভূমির স্বামিত্ব প্রধানতঃ দেশাচারদ্বারা নিয়মিত হয়। উক্ত দেশাচার মান্য করিতে হইবে, ও কোন কোন স্থলে বলবৎ বলিয়া অনুমান করিতে হইবে। প্রথম উত্থাপিত পাণ্ডুলিপিতে এই বিধানের যে ধারা ছিল তাহা তদ্রূপ আমরা রাখিয়াছি। [illegible] কি অযোধ্যায় কি উত্তর পশ্চিম প্রদেশে উক্তরূপ বিধানের প্রয়োজনীয়তা দৃষ্ট হয় না, এবং যদিও ১৮২৫ সালের ১১ আইনে নিম্ন প্রদেশের ও অন্যান্য দেশাচারের কত [illegible] কোন [illegible] দেশাচার সংস্থাপনের চেষ্টা হইয়াছে, এরূপ বোধ হয় না। এজন্য আমরা দেশাচার [illegible] “[illegible]” প্রতি আবদ্ধ করিয়াছি। কিন্তু এরূপ বিশ্বাস করিবার কারণ দেখা যায় যে উক্ত প্রদেশেও “গভীর স্রোত”

usages referred to,—including the usage known as "the deep-stream rule"—besides being objectionable on economic grounds, and adverse to imperial interests, are more or less unsuited to the time and distasteful to the communities affected by them. In these circumstances we have deemed it right, on the recommendation of experienced officers, to provide a procedure whereby such usages may, if thought expedient, be discontinued, and fixed boundaries substituted for varying boundaries in reparian estates.

12. As the rights of mortgagees and tenants to alluvial lands are saved by the Transfer of Property Bill, No. III, sections 37 and 65, clause (e), we have not thought it necessary to provide for such rights.

13. The Bill in its present form is not to be taken as expressing our final views as to all the difficult and important subjects with which it deals. But we think that the changes which it has undergone are such as to render republication desirable, for the purpose of eliciting criticism from the public and from the judicial and executive officers by whom its provisions will be carried into effect. We also think that its further consideration should be stayed until the new Law Commission has reported thereon. We therefore recommend that the Bill as now amended be republished with this Report in the *Gazette of India*, and sent to the local Governments for opinion and for publication in the local Gazettes.

14. The Bill and Statement of Objects and Reasons have been published in English in the local Gazettes for Madras, Bengal, the North-Western Provinces and Oudh, the Punjáb, the Central Provinces, and British Burmah. Publication in English has not been reported from Bombay and Assam. Publication in the vernacular has been reported only from Madras, Bengal, the North-Western Provinces and Oudh, the Punjáb, and the Central Provinces.

WHITLEY STOKES.
RIVERS THOMPSON.
T. H. THORNTON.
G. H. P. EVANS.
E. R. COCKERELL.

CALCUTTA,
The 19th March 1879.

[*Government Gazette, 6th May 1879.*]

বিধি মাবে খ্যাত দেশাচার সমেত কোনং দেশাচার যে কেবল অর্থনীতিক্রমে আপত্তিযোগ্য ও রাজ-রাজশ্বরীর স্বার্থবিরুদ্ধ এরূপ নহে, ঐশ্বর্য্যবিকৃত সময়েরও অযোগ্য ও দুর্দ্দশাগ্রস্ত লোকেদের বৃদ্ধি বিরুদ্ধ। এই অবস্থায় অভিজ্ঞ কার্য্যকারকদের পরামর্শক্রমে আমরা এরূপ কার্য্যপ্রণালীর বিধান করা বিহিত জ্ঞান করিয়াছি যদ্দ্বারা প্রয়োজন বোধ হইলে উক্ত দেশাচার রহিত করা যাইতে, ও নদীতটবর্ত্তি মহালের পরিবর্ত্তনশীল সীমার পরিবর্ত্তে নির্দ্দিষ্ট সীমা দেওয়া যাইবে।

১২। সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক ৩ নং আইনের পাণ্ডুলিপির ৩৭ ধারায় ও ৬১ ধারার (ঙ) প্রকরণে টৈপবন্দী ভূমিতে বন্ধকগ্রহীতা ও প্রজাদের স্বত্ব রক্ষিত হইয়াছে বলিয়া আমারা তদ্রূপ স্বত্ব সম্বন্ধে বিধান করা আবশ্যক বিবেচনা করি নাই।

১৩। এই পাণ্ডুলিপিতে যে সকল কঠিন ও গুরুতর বিষয়ে হস্তক্ষেপ করা গিয়াছে তৎসম্বন্ধে আমাদের চূড়ান্ত মত প্রকাশক বলিয়া এই পাণ্ডুলিপি বর্ত্তমানাকারে গ্রাহ্য নহে। কিন্তু আমরা বিবেচনা করি যে, যে সকল পরিবর্ত্তন করা গিয়াছে তন্নিবন্ধন সর্ব্বসাধারণের ও যে সকল বিচার সম্পর্কীয় ও কার্য্য সম্পাদক কার্য্যকারকেরা ইহার বিধান সমূহ কার্য্যে পরিণত করিবেন তাঁহাদের তর্কবিতর্ক জানিবার উদ্দেশে পাণ্ডুলিপির পুনঃ প্রচার বাঞ্ছনীয়। আমরা আরো বিবেচনা করি যে যাবৎ নূতন লা কমিশান এতৎ সম্বন্ধে রিপোর্ট না দেন এবিষয়ের পুনর্বিবেচনা স্থগিত থাকে। এজন্য আমরা পরামর্শ দিতেছি যে এই বর্ত্তমান সংশোধিত পাণ্ডুলিপি এই রিপোর্ট সহিত ইণ্ডিয়া গেজেটে পুনর্ব্বার প্রকাশ করা যায়, এবং স্থানীয় গবর্ণমেন্টদের মত জানিবার জন্য ও স্থানীয় গেজেটে প্রকাশ করিবার জন্য পাঠান হয়।

১৪। মান্দ্রাজের, বাঙ্গালার, উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যার, পাঞ্জাবের, মধ্য প্রদেশের, ও ব্রিটিশ ব্রহ্মদেশের স্থানীয় গেজেটে পাণ্ডুলিপি ও অভিপ্রায় ও হেতুর বর্ণন ইংরাজী ভাষায় প্রকাশ করা গিয়াছে, বোম্বাই ও আসাম হইতে ইংরাজী ভাষায় প্রকাশ করিবার রিপোর্ট পাওয়া যায় নাই। কেবল মান্দ্রাজ বাঙ্গালা, উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যা, পঞ্জাব ও মধ্য প্রদেশ হইতে দেশীয় ভাষায় প্রকাশ হইবার রিপোর্ট আসিয়াছে।

কলিকাতা,
১৮৭৯ সাল ১৯ মার্চ্চ।

উইটলী ষ্টোকস।
রিবার্স টমসন।
টি, এচ, থর্ণটন।
জি, এচ, পি, ইবান্স।
এস, আর, কন্নেল।

No. II.

A Bill to define and amend the law relating to alluvion, islands, and abandoned river-beds.

Preamble.

WHEREAS it is expedient to define and amend the law relating to alluvion, islands, and abandoned river-beds; It is hereby enacted as follows:—

I.—*Preliminary.*

Short title.

1. This Act may be called "The Indian Alluvion Act 1879:"

Local extent.

It extends to the whole of British India;

Commencement.

And it shall come into force at once.

Repeal of enactments.

2. The Acts, Regulation and Rules mentioned in the schedule hereto annexed shall be repealed to the extent specified in the third column. References to the Regulation and Rules so repealed, in enactments passed subsequently thereto, shall be read as if made to this Act.

Interpretation-clause.

3. In this Act—

"island" means land surrounded by water and capable of being employed for cultivation, pasture, or other useful purpose. It includes such land arising in a river or lake, submerged in the wet season and visible only in the dry season; but it excludes land arising in tidal rivers, tidal lakes, or the sea, submerged by the flow of ordinary tides throughout the year:

"owner" means, in the case of a bank or shore held on raiyatwári tenure, the Government: in the case of a bank or shore forming part of land situate in the Presidency of Bombay and wholly or partially exempt from the payment of land-revenue, or held under a grant or lease fixing the Government demand in respect thereof in perpetuity, the holder of such land; and in the case of a bank or shore held by a village community, or by one or more members of it, such community:

"sea" includes bay, inlet, creek and arm of the sea:

"frontage" means the right line connecting the corners of each holding where they strike the sea, lake, or river:

"thread of the stream" means (*a*) the middle line of the main-stream during the dry season, or, where there are two streams of equal depth and width, the line equidistant during

২ নম্বর।

চৈপবত্তী ভূমি ও দ্বীপ ও পরিত্যক্ত নদীগর্ভ সংক্রান্ত আইন নিদ্ধারণ ও সংশোধন করিবার নিমিত্ত আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

চৈপবত্তী ভূমি ও দ্বীপ ও পরিত্যক্ত নদীগর্ভ সংক্রান্ত আইন নির্দ্ধারণ ও সংশোধন করা বিহিত; এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "চৈপবত্তী ভূমিবিষয়ক ১৮৭৯ সালের ভারত বর্ষীয় আইন" নামে খ্যাত হইবে।

যে স্থানে প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমুদয় স্থানের প্রতি বর্ত্তিবে

যে সময়াবধি প্রবল হইবে তাহার কথা।

এবং অবিলম্বে প্রবল হইবে।

যে ২ আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। এতৎসংযুক্ত তপসীলে যে২ আইন ও ব্যবস্থা ও বিধি উল্লিখিত আছে তাহা তৃতীয় ঘরের নির্দ্দিষ্ট মতে রহিত করা যাইবে। উক্ত যে ব্যবস্থা ও বিধি রহিত হইল তৎপরের প্রচলিত যে২ আইনে সেই ব্যবস্থা ও বিধির উল্লেখ আছে সেই ২ আইনের সেই উল্লিখিত কথা এই আইন সংক্রান্ত উল্লেখ বলিয়া পাঠ করা যাইবে।

অর্থকরণের ধারা।

৩ ধারা। এই আইনে—

যে ভূমি জল দ্বারা পরিবেষ্টিত ও কৃষি কি পশুচারণ কি অন্য হিতকর কার্য্যে নিয়োজিত হইবার যোগ্য "দ্বীপ" শব্দে সেই ভূমি বুঝায়। এই শব্দে নদীতে অথবা হ্রদে উৎপন্ন হইয়া যে ভূমি বর্ষাকালে জলমগ্ন থাকে ও কেবল শুষ্ককালে দৃশ্য হয় তাহাও বুঝাইবে; কিন্তু যে ভূমি জোয়ার ভাটা বিশিষ্ট নদীতে কি হ্রদে অথবা সমুদ্রে উৎপন্ন হইয়া সমস্ত বৎসর সামান্য জোয়ারে ডুবিয়া যায় তাহা বুঝাইবে না।

তট কি তীর রায়তওয়ারী যোতের অন্তর্গত হইলে "স্বামী" শব্দে গবর্ণমেণ্টকে বুঝাইবে; যে ভূমি সম্পূর্ণরূপে কি অংশতঃ নিষ্কর অথবা গবর্ণমেণ্টের প্রাপ্য রাজস্ব চিরকাল এক পরিমাণে দেওয়া যাইবে এই মর্ম্মের দান পত্রের কি পাট্টার বলে অধিকৃত কোন তট কি তীর বোম্বাই রাজধানীর অধীনস্থ দেশের অন্তর্গত সেই ভূমিভুক্ত হইলে উক্ত শব্দে ভূমির সেই অধিকারীকে বুঝাইবে এবং তট কিম্বা তীর পল্লীবাসী প্রজাসমাজ দ্বারা কিম্বা উক্ত সমাজের এক কি একাধিক ব্যক্তি দ্বারা অধিকৃত হইলে উক্ত শব্দে সেই সমাজকে বুঝাইবে।

"সমুদ্র" শব্দে সমুদ্রের উপসাগর ও কোল ও খাড়ি ও শাখা বুঝাইবে।

কোন যোতের ভূমি সমুদ্রের কি হ্রদের কি নদীর সহিত সংলগ্ন হইলে তাহার প্রান্তদ্বয় সংযোগকারী সরল রেখাকে "সম্মুখবর্ত্তি স্থান" বলে।

"স্রোতসূত্র" শব্দে (ক) শুষ্ককালে মূল স্রোতের মধ্যস্থল দিয়া যে রেখা যায় তাহা কিম্বা সমান গভীরতা ও পরিসরের দুইটী স্রোত থাকিলে ঐ দুই স্রোতের বহির্ভূত হইতে যে রেখা উক্ত কালে সমদূরবর্ত্তী তাহা অথবা

such season from the outermost shores of the two streams; (*b*) the middle line of the river between what are the shores on each side when the water is at its average height, neither swollen by flood, nor shrunk by drought; or (*c*) the middle line or the particular channel in which the formation of ancient river-bed referred to occurs or is situate;

and a channel is said to be "fordable" when it does not exceed five feet in depth in the dry season next after the formation referred to and throughout the twenty-four hours.

II.—*Alluvial Land and Islands.*

Right to land formed on shore of sea or lake.

4. Where, from natural causes, land forms gradually on the shore of the sea or of a lake, either by accumulation of material or by recession of the sea or lake, the owners of the shore are severally entitled to the land so formed in proportion to the frontage which they respectively had on the sea or lake immediately before the formation; and the partition of the land so formed shall be made by such officer as the local Government appoints in this behalf, and in accordance with such rules, consistent with this Act, as the local Government may from time to time prescribe:

Provided that, where the land or any portion thereof forms on a site which is proved to belong to the Government or a private owner, the Government or such owner, as the case may be, is entitled to the land or portion so formed.

Right to islands where channel is not fordable.

5. Where an island is formed, from natural causes, in a river, the sea, or a lake, either by accumulation of material or by recession of the sea or lake, if the island is separated from each bank or shore by a channel not fordable at any point, the Government is entitled to such island:

Provided that, where the island or any portion thereof is formed on a site which is proved to belong to a private owner, such owner is entitled to the island or portion so formed.

Right to other islands in sea or lake.

6. If, where an island is formed as aforesaid in the sea or a lake, the channels between it and either shore are fordable at any point, the owners of the nearest shore are severally entitled to the island in proportion to the frontage which they respectively have on the sea or lake; and the partition of the island so formed shall be made by such officer as the local Government appoints in this behalf and in accordance with such rules, consistent with this Act, as the local Government may from time to time prescribe.

(খ) বন্যাতে স্ফীত হইয়া উঠে নাই অনাবৃষ্টিতে অতি সংকীর্ণও হয় নাই জলের এমন গড় উচ্চাবস্থার সময়ে দুই দিগের তীরের মধ্য দিয়া যে রেখা যায় তাহা অথবা (গ) যে যে পৈবস্তী ভূমির কি পুরাতন নদীগর্ভের কথা হইতেছে তাহা জলের বিশেষ যে পথের মধ্য হইতে উৎপন্ন হইল সেই জলপথের মধ্যস্থল দিয়া যে রেখা যায় তাহাও বুঝাইবে।

এবং শুষ্ককালে পূরা চব্বিশ ঘণ্টা উল্লিখিত পৈবস্তী ভূমির পাশ্ববর্ত্তি জলপথ পাঁচ ফুটের অনধিক গভীর থাকিলে তাহা "হাঁটিয়া পার হইবার যোগ্য" বলিয়া গণ্য হইবে।

২। পৈবস্তী ভূমির ও দ্বীপের কথা।

তটস্থ কি তীরস্থ পৈবস্তী ভূমিতে যাঁহার স্বত্ব হয় তাহার কথা।

৪ ধারা। নদীর তটে কিম্বা সমুদ্রের কি হ্রদের তীরে মৃত্তিকা জমা হওয়াতে অথবা নদীর কি সমুদ্রের কি হ্রদের জল সরিয়া যাওয়াতে কোন ভূমি প্রাকৃতিক কোন কারণে ক্রমিক উৎপন্ন হইলে উক্ত তীরের স্বামিদের মধ্যে ঐ পৈবস্তী ভূমি উৎপন্ন হইবার ঠিক পূর্ব্বে সমুদ্রের কি হ্রদের তীরের সম্মুখবর্ত্তি স্থানের যাঁহার যে অংশ ছিল, তিনি সেই পরিমাণে উক্ত পৈবস্তী ভূমি পাইবার সত্ত্বান হইবেন; এবং এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন সেই কার্য্যকারক সময়ে ২ স্থানীয় গবর্ণমেণ্ট এই আইন সঙ্গত যে বিধি নির্দ্দেশ করেন তদনুসারে ঐ পৈবস্তী ভূমি বিভাগ করিয়া দিবেন।

কিন্তু সেই ভূমি যে স্থানে উৎপন্ন হয় গবর্ণমেণ্ট কি সামান্য কোন ব্যক্তি সেই স্থানের স্বামী বলিয়া সাব্যস্ত হইলে গবর্ণমেণ্ট কি, স্থলবিশেষে, উক্ত ব্যক্তি সেই উৎপন্ন ভূমি পাইবার স্বত্ত্বান হইবেন।

জলের পথ হাঁটিয়া পার হইবার অযোগ্য হইলে দ্বীপ যাঁহার স্বত্ব হয় তাহার কথা।

৫ ধারা। কোন দ্বীপ প্রাকৃতিক কোন কারণে মৃত্তিকা জমা হইয়া অথবা নদী কি সমুদ্র কি হ্রদ সরিয়া যাওয়া, পৈবস্তী হইলে ও সেই দ্বীপের ও উভয় তটের কি তীরের মধ্যবর্ত্তী জলপথের কোন স্থানে হাঁটিয়া পার হইতে না পারা গেলে, গবর্ণমেণ্ট উক্ত দ্বীপ পাইবার স্বত্ত্বান হইবেন।

কিন্তু সেই দ্বীপ কি তাহার কোন অংশ যে স্থানে উৎপন্ন হয় সামান্য কোন ব্যক্তি সেই স্থানের স্বামী বলিয়া সাব্যস্ত হইলে তিনিই সেই দ্বীপ কি সেই অংশ পাইবার স্বত্ত্বান হইবেন।

যাঁহারা অন্যান্য দ্বীপ পাইবার স্বত্বান তাঁহাদের কথা।

৬ ধারা। কোন দ্বীপ সমুদ্রে কি হ্রদে উক্তরূপে উৎপন্ন হইলে ও ঐ দ্বীপের ও উভয় তীরের মধ্যবর্ত্তি জলপথ কোন স্থানে হাঁটিয়া পার হইবার যোগ্য হইলে, সমুদ্রের কি হ্রদের তীরস্থ তৎসম্মুখবর্ত্তি স্থানে অতি নিকটস্থ তীরের স্বামীদের প্রত্যেকের যে২ পরিমাণে অধিকার আছে তাঁহারা পৃথক রূপে সেই ২ পরিমাণে সেই দ্বীপ পাইবার স্বত্ত্বান হইবেন; এবং এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন সেই কার্য্যকারক সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্ট এই আইন সঙ্গত যে বিধি নির্দ্দেশ করেন তদনুসারে ঐ পৈবস্তী ভূমি বিভাগ করিয়া দিবেন।

7. Where from natural causes an island or other land is formed in, or on the bank of, a river, either by accumulation of material or by recession of the river, and the Government is not entitled thereto under section five, each owner having a frontage on the river is entitled to so much of the land as is included by his frontage, the thread of the stream during the dry season next after the formation and lines drawn riverwards from the ends of such frontage to meet the thread of the stream in a direction normal to such thread :

Right to land formed in, or on bank of, river.

Where more than one such normal can be drawn from one and the same end of any frontage, and each of such normals is of different length, the shortest of such normals shall be deemed to be the including line, and where more than one such normal can be so drawn, and each of such normals is of the same length, the line bisecting the angle between the two extreme positions of the shortest normal shall be deemed to be the including line.

Provided that, where the land or any portion thereof is formed on a site which is proved to belong to the Government or a private owner, the Government or such owner, as the case may be, is entitled to the land or portion so formed.

8. If a river freshly divides and surrounds, or, by changing its course, cuts off, lands belonging to the owner of the bank, such owner is entitled to the lands so surrounded or cut off.

Islands formed by division of rivers.

III.—*Abandoned River-beds.*

9. Where a river suddenly abandons the bed which it occupies during the season of flood, each owner having a frontage on such bed is entitled to so much of the bed as is included by his frontage, the thread of the stream during the dry season next before the abandonment and lines drawn towards the bed from the ends of such frontage to meet such thread in a direction normal thereto.

Right to abandoned river-beds.

Where more than one such normal can be drawn from one and the same end of any frontage, the rules contained in the second paragraph of section seven shall apply :

Provided that, when the ancient bed is proved to have belonged immediately before the abandonment to the Government or a private owner, it shall continue to be the property of the Government or of such owner, as the case may be.

[*Government Gazette, 6th May* 1879.]

৭ ধারা। প্রাকৃতিক কোন কারণে, মৃত্তিকা জমা হওয়াতে কি নদীর জল সরিয়া যাওয়াতে নদীর মধ্যে কি তটে দ্বীপ কি অন্য ভূমি উৎপন্ন হইলে, এবং ৫ ধারামতে গবর্ণমেণ্ট তাহার স্বত্ববান না হইলে, নদীতটের সম্মুখবর্ত্তি স্থানের প্রত্যেক স্বামী তাঁহার নিজ সম্মুখবর্ত্তি স্থান ও শুষ্ককালে উৎপন্ন ভূমির নিকটবর্ত্তি স্রোতসূত্র ও উক্ত সম্মুখবর্ত্তি স্থানের প্রান্তদ্বয় হইতে নদীর অভিমুখে স্রোতসূত্রের উপর লম্বকভাবে যে রেখা টানা যায় এই চতুঃসীমার অন্তর্বর্ত্তি ভূখণ্ড পাইবার স্বত্ববান হইবেন।

নদীর মধ্যে বা তটে ভূমি উৎপন্ন হইলে তদ্বিষয়ক স্বত্বের কথা।

কোন সম্মুখবর্ত্তি স্থানের একই প্রান্ত হইতে একাধিক লম্বক টানা যাইতে পারিলে এবং তদ্রূপ প্রত্যেক লম্বক বিভিন্ন দৈর্ঘ্যের হইলে, তন্মধ্যে ক্ষুদ্রতম লম্বক সীমার রেখা বলিয়া গণ্য হইবে; এবং তদ্রূপ একাধিক লম্বক টানা যাইতে পারিলে এবং তদ্রূপ প্রত্যেক লম্বক সমান দৈর্ঘ্যের হইলে, ক্ষুদ্রতম লম্বকের অন্ত্য অবস্থানদ্বয়ের মধ্যবর্ত্তি কোণের দ্বিখণ্ডকারিণী রেখা সীমার রেখা বলিয়া গণ্য হইবে।

কিন্তু উক্ত দ্বীপ কি তাহার কোন অংশ যে স্থানে উৎপন্ন হয় গবর্ণমেণ্ট কি সামান্য কোন ব্যক্তি সেই স্থানের স্বামী বলিয়া সাব্যস্ত হইলে গবর্ণমেণ্ট ও স্থলবিশেষে উক্ত ব্যক্তি সেই দ্বীপ কি সেই অংশ পাইবার স্বত্ববান হইবেন।

৮ ধারা। কোন নদী নূতনরূপে বিভক্ত হইয়া তটের স্বামির ভূমি পরিবেষ্টন করিলে, কিম্বা গতি পরিবর্ত্তন করিয়া ঐ ভূমি কাটিয়া পৃথক করিলে, সেই স্বামী সেই পরিবেষ্টিত কি পৃথক্কৃত ভূমি পাইবার স্বত্ববান হইবেন।

নদী বিভক্ত হইয়া যে দ্বীপ উৎপন্ন হয় তাহার কথা।

৩। পরিত্যক্ত নদীগর্ভের কথা।

৯ ধারা। কোন নদী হঠাৎ বর্ষাকালের গর্ভ পরিত্যাগ করিলে, উক্ত গর্ভের তটের সম্মুখবর্ত্তি স্থানের প্রত্যেক স্বামী তাঁহার নিজ সম্মুখবর্ত্তি স্থান ও উক্তরূপ পরিত্যাগের পূর্ব্ববর্ত্তি শুষ্ককালের স্রোতসূত্র ও উক্ত সম্মুখবর্ত্তি স্থানের প্রান্তদ্বয় হইতে ঐ গর্ভের অভিমুখে উক্ত স্রোতসূত্রের উপর লম্বকভাবে যে রেখা টানা যায় এই চতুঃসীমার অন্তর্গত গর্ভখণ্ড পাইবার স্বত্ববান হইবেন।

পরিত্যক্ত নদী গর্ভে স্বত্ব থাকিবার কথা।

কোন সম্মুখবর্ত্তি স্থানের একই প্রান্ত হইতে একাধিক তদ্রূপ লম্বক টানা যাইতে পারিলে, ৭ ধারার দ্বিতীয় পরিচ্ছেদের বিধি খাটিবে।

কিন্তু পুরাতন গর্ভ পরিত্যক্ত হইবার অব্যবহিত পূর্ব্বে গবর্ণমেণ্টের কিম্বা সামান্য কোন ব্যক্তির সম্পত্তি ছিল ইহা সাব্যস্ত হইলে তাহা গবর্ণমেণ্টের অথবা স্থল বিশেষে উক্ত সামান্য ব্যক্তির সম্পত্তি থাকিবে।

IV.—Miscellaneous.

Power to declare "main-stream," "dry season," and "thread of the stream."

10. The local Government may, from time to time, declare, with reference to any river, or any part of any river—

(*a*) what shall be deemed to be, for the purposes of this Act, the "main-stream" and the "dry season"; and

(*b*) which of the said definitions of "thread of the stream" shall be deemed to be in force.

The local Government may also declare, with reference to any tidal river, where, for the purposes of this Act, the river shall be deemed to end and the sea to begin.

Every declaration made under this section, and all rules made under section four or section six, shall be published in the official Gazette, and shall thereupon have the force of law. And no such declaration shall be cancelled or altered save with the previous sanction of the Governor-General in Council.

In the absence of a declaration made under clause (*b*) as to any river or part thereof, and having the force of law, the first of the said definitions of "thread of the stream" shall be deemed to be in force with reference to such river or part.

Savings.

11. Nothing herein contained shall—

(*a*) affect any law relating to the assessment of land-revenue or to the enhancement or abatement of rent; or

(*b*) confer on any owner of a bank or shore in respect of which he is hereby declared to be entitled to alluvial land, to an island, or to an abandoned river-bed, any title to such land, island or river-bed, better than that which he has to the bank or shore; or

(*c*) enlarge any holding granted by Government, the area of which has been fixed by any sanad or other document executed under the authority of Government; or

(*d*) authorise any acts of private persons done in order to divert currents or cause accretions; or

(*e*) authorize any encroachments by private persons on the banks, beds, or channels of navigable rivers; or

(*f*) prevent any officer duly empowered by the local Government in this behalf from removing obstacles which appear to him to interfere with the safe and customary navigation of such rivers, or which obstruct the passage of boats by tracking on the banks of such rivers or otherwise; or

৪। বিবিধ বিধির কথা।

"মূল স্রোত" ও "শুষ্ক কাল" ও "স্রোতসূত্র" ইহার ব্যাখ্যা করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। (ক) আইনের কার্য্যপক্ষে যাহা "মূলস্রোত" জ্ঞান করিতে হইবে ও যাহা "শুষ্ককাল" জ্ঞান করিতে হইবে এবং

(খ) "স্রোতসূত্র" শব্দের উপরের লিখিত অর্থের মধ্যে যে অর্থ প্রবল বলিয়া মান্য করিতে হইবে—

স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ কোন নদীর কিম্বা নদীর কোন খণ্ডের পক্ষে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

এই আইনের অভিপ্রায়ানুসারে কোথায় নদীর শেষ হইতেছে ও সমুদ্রের আরম্ভ হইতেছে জ্ঞান করা যাইবে কোন জোয়ার ভাটা বিশিষ্ট নদীর সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট ইহাও নির্দ্দেশ করিতে পারিবেন।

এই ধারামতে যে প্রত্যেক নির্দ্দেশ করা যায়, এবং ৪ কি ৬ ধারামতে যে সমস্ত বিধি প্রণীত হয়, তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে ও প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে। আর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক করা না গেলে, তদ্রূপ নির্দ্দেশ রহিত কি পরিবর্ত্তিত করা যাইবে না।

কোন নদী কি নদীর কোন খণ্ডের পক্ষে (খ) প্রকরণমতে আইন তুল্য বলবৎ কোন নির্দ্দেশ না হইলে "স্রোতসূত্রে" শব্দের উক্ত বিবিধ অর্থের মধ্যে প্রথম যে অর্থ দেওয়া গেল উক্ত নদীর কি নদীখণ্ডের পক্ষে সেই অর্থ প্রবল জ্ঞান হইবে।

বর্জ্জিত কথা।

১১ ধারা। এই আইনের কোন কথা দ্বারা—

(ক) ভূমির রাজস্ব ধার্য্য করণ কিম্বা খাজানা বৃদ্ধি কি কম করণ বিষয়ক কোন আইনের বিঘ্ন জন্মিবে না; অথবা

(খ) কোন ব্যক্তি তটের কি তীরের স্বামী হইয়া কোন চৈপবর্ত্তী ভূমি কি দ্বীপ কি পরিত্যক্ত নদীগর্ভ পাইবার স্বত্ববান বলিয়া ব্যক্ত হইলে তটে কি তীরে তাঁহার যে স্বত্ব আছে উক্ত ভূমিতে কি দ্বীপে কি নদী গর্ভে তাঁহাকে তদপেক্ষা কোন শ্রেষ্ঠ স্বত্ব দেওয়া যাইবে না; অথবা

(গ) গবর্ণমেণ্টদ্বারা প্রদত্ত ক্ষেত্রের যে পরিমাণ কোন সনদ কিম্বা গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে সম্পাদিত কোন নিদর্শনপত্রদ্বারা ধার্য্যকৃত হইয়াছে সেই পরিমাণ বৃদ্ধি হইতে পারিবে না; অথবা

(ঘ) সামান্য কোন ব্যক্তিরা কোন স্রোত অন্যমুখ করাইবার কি ভূমি চৈপবর্ত্তী করাইবার অভিপ্রায়ে কোন কার্য্য করিলে সেই কার্য্যের পক্ষে অনুমতি দেওয়া যাইবে না, অথবা

(ঙ) নৌকা গমনের যোগ্য নদীর তটের কি গর্ভের কি জলপথের কোন খণ্ডে সামান্য কোন ব্যক্তিরা অন্যায়রূপে অধিকার করিবার ক্ষমতা পাইতে পারিবেন না, অথবা,

(চ) উক্ত নদী দিয়া নৌকা নির্ব্বিঘ্নে ও রীতিমতে চালাইবার কিম্বা নদীর ধার দিয়া গুণ টানিয়া কি প্রকারান্তরে লইয়া যাইবার বাধা হইতেছে এতৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক এমত জ্ঞান করিলে তিনি সেই বাধা উঠাইতে নিষিদ্ধ হইবেন না, অথবা

(g) prevent any officer duly empowered by the local Government in this behalf from regulating the direction and flow of such rivers and the preservation and distribution of their waters.

12. In the territories administered by the Lieutenant-Governor of the Panjáb, nothing herein contained shall affect any definite and well established local usage respecting the right to alluvian land, islands or abandoned river-beds; but (except in the cases provided for by the Panjáb Land-Revenue Act, 1871, section 16) the burden of proving such usage shall lie on the person alleging it:

Local usage in Panjáb.

Provided that the local Government may from time to time (a) cause the bed of any river or part of a river, together with the islands and alluvial lands situate therein or adjacent thereto, to be surveyed and mapped, (b) appoint an officer to enquire into, determine and record the rights of private persons and the Government, in, to or over the said bed, islands, and lands, and (c) declare that rights so recorded shall not be affected by any local usage. And the provisions of the Panjáb Land-Revenue Act, 1871, chapter II, shall apply, so far as may be, to proceedings under this section, and the determination of the said rights shall be made after consideration of the gain and loss (if any) caused by changes in the course of the river for a period of twelve years next before the date of the survey notification.

13. All land and islands formed, and all river-beds abandoned, as mentioned respectively in sections four, five, and nine, and not vesting under any of the provisions hereinbefore contained, shall vest in the Government.

Right of Crown to alluvial lands, &c., not hereinbefore provided for.

THE SCHEDULE.

(a). Acts of the Governor-General in Council.

Number and year.	Subject.	Extent of repeal.
IV of 1872	Panjáb Laws Act ...	So much as relates to Bengal Regulation XI of 1825.
XX of 1875	Central Provinces Laws Act	Ditto.
XVIII of 1876	Oudh Laws Act ...	Ditto.

(ছ) গবর্ণমেন্টের এতৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক উক্ত নদীর বেগ ও স্রোত নিরূপণ ও তজ্জল রক্ষা ও বিতরণ করণকার্য্যে নিবারিত হইবেন না।

১২ ধারা। পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে এই আইনের কোন কথাতে চৈপবর্ত্তী ভূমির কি দ্বীপের কি পরিত্যক্ত নদীগর্ভের স্বত্ব সংক্রান্ত নির্দ্দিষ্ট ও সুসংস্থাপিত কোন দেশাচারের বিঘ্ন জন্মিবে না, কিন্তু (পঞ্জাব দেশীয় ভূমির রাজস্ববিষয়ক ১৮৭১ সালের আইনের ১৬ ধারার উল্লিখিত বর্জ্জিত স্থল ছাড়া) উক্ত দেশাচার প্রমাণ করিবার ভার তদুক্তকারী ব্যক্তির প্রতি বর্ত্তিবে।

পঞ্জাবের দেশাচারের কথা।

প্রমাণের ভারের কথা।

কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ (ক) কোন নদীর কি নদীখণ্ডের গর্ভ ও তন্মধ্যস্থ কি তৎপার্শ্বস্থ দ্বীপ কি চৈপবর্ত্তী ভূমি মাপ করাইয়া তাহার মানচিত্র করাইতে পারিবেন, ও (খ) উক্ত গর্ভে ও দ্বীপে ও ভূমিতে কি তাহার মধ্যে কি উপরে কোন সামান্য ব্যক্তির কি গবর্ণমেণ্টের যে যে স্বত্ব থাকে তাহার অনুসন্ধান লইয়া নির্ণয় পূর্ব্বক লিপিবদ্ধ করণার্থ কোন কার্য্যকারককে নিযুক্ত করিতে পারিবেন, ও (গ) তদ্রূপ লিপিবদ্ধ স্বত্ব কোন দেশাচারের নিয়মাধীন হইবে না এরূপ নির্দ্দেশ করিতে পারিবেন। এবং পঞ্জাব দেশীয় ভূমির রাজস্ব বিষয়ক ১৮৭১ সালের আইনের ২ অধ্যায়ের বিধান যত দূর সম্ভব এই ধারানুযায়ী কার্য্যানুষ্ঠানের প্রতি বর্ত্তিবে ও মাপ করিবার বিজ্ঞাপনের তারিখের পূর্ব্ববর্ত্তি দ্বাদশ বৎসর মধ্যে নদীর গতি পরিবর্ত্তন দ্বারা যদি কিছু লাভ ও ক্ষতি হইয়া থাকে তাহা বিবেচনা করিয়া উক্ত স্বত্ব নির্ণয় করিতে হইবে।

১৩ ধারা। ৪ ও ৫ ও ৯ ধারার উল্লিখিত উৎপন্ন ভূমিতে কি দ্বীপে ও পরিত্যক্ত নদীগর্ভে উপরের লিখিত বিধানমতে কাহারও স্বত্ব না হইলে তাহাতে গবর্ণমেন্টের স্বত্ব বর্ত্তিবে।

যে চৈপবর্ত্তী ভূমি প্রভৃতি সম্পর্কে উপরের লিখিত কোন ধারায় বিধান নাই তাহাতে গবর্ণমেন্টের স্বত্ব থাকিবার কথা।

তফসীল।

(ক) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	যে বিষয়।	যতদূর রহিত হইল।
১৮৭২ সালের ৪ আ	পঞ্জাব দেশের ব্যবস্থা বিষয়ক আইন।	১৮২৫ সালের বঙ্গীয় ১১ আইনের সঙ্গে যতদূর সম্পর্ক রাখে।
১৮৭৫ সালের ২০ আ	মধ্য প্রদেশের ব্যবস্থা-বিষয়ক আইন।	ঐ
১৮৭৬ সালের ১৮ আ	অযোধ্যা দেশের ব্যবস্থা বিষয়ক আইন।	ঐ

(*b*). Bengal Regulation.

Number and year.	Subject.	Extent of repeal.
XI of 1825	Alluvion	The whole.

(*c*). Bengal Act.

Number and year.	Subject.	Extent of repeal.
IV of 1868	Amending Act IX of 1847	Sections 2 and 4.

(*d*). Rules.

Date.	Subject.	Extent of repeal.
22nd May 1852.	Alluvion and Diluvion in Sindh.	Paragraphs 1, 2, 3, 4, 5, and 20.

D. Fitzpatrick,
Secy. to the Govt. of India.

(খ) বঙ্গীয় ব্যবস্থা।

সাল ও নম্বর	যে বিষয়।	যতদূর রহিত হইল।
১৮২৫ সালের ১১ আ	পৈবস্তী ভূমি	সমুদয়।

(গ) বঙ্গীয় আইন।

সাল ও নম্বর	যে বিষয়	যতদূর রহিত হইল।
১৮৬৮ সালের ৪ আ	১৮৪৭ সালের ৯ আইন সংশোধনার্থ আইন।	২ও ৪ ধারা।

(ঘ) বিধি।

তারিখ।	যে বিষয়।	যতদূর রহিত হইল।
১৮৫২ সালের ২২ মে।	সিন্ধু প্রদেশের শিকস্তী ও পয়বস্তী বিষয়ক।	১, ২, ৩, ৪, ৫ ও ২০ দফা।

ডি, ফিটজপ্যাট্রিক।
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Raj Krishna Mukhopadhyaya, M.A. and B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 20, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২০ মে।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

The following further Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 19th of February 1879 :—

We, the undersigned Members of the Select Committee to which the Bill to define and amend the law relating to promissory Notes, Bills of Exchange, and Cheques was referred, have considered the Bill and the papers noted in the margin, and have the honor to present this further Report.

From Secretary to Chief Commissioner, Mysore, No. 3193—4J, dated 26th July 1878.
„ Acting Under-Secretary to Government of Bombay, No. 4405, dated 30th July 1878.
„ Assistant Secretary to Chief Commissioner, Central Provinces, No. 3012—147, dated 31st July 1878.
„ Officiating Chief Commissioner, Ajmere and Merwára, No. 500, dated 5th August 1878, and enclosure.
„ Under-Secretary to Government of Bengal, No. 1745, dated 13th August 1878.
„ Acting Under-Secretary to Government, Bombay, No. 4782, dated 1 th August 1878, and enclosures.
„ Secretary to Chief Commissioner, Mysore, No. 3765—6, dated 15th August 1878, and enclosure.
„ Secretary to Government, North-Western Provinces and Oudh, No. 626A, dated 24th August 1878, and enclosures.
„ Junior Secretary to Chief Commissioner, British Burma, No. 1440—51, dated 28th September 1878, and enclosures.
„ Under Secretary to Government, Bombay, No. 6570, dated 15th November 1878, and enclosure.
Note by Sir Richard Garth, Chief Justice, High Court, Calcutta, dated 21st November 1878.
Remarks on the above note by A. Phillips, Esq., dated 30th November 1878.
From Secretary to Government, Punjab, No. 4404, dated 23rd December 1878, and enclosures.
„ Government of Bengal, No. 260—24M, dated 1st February 1879, and enclosures.
„ Government of Bombay, No. 888, dated 6th February 1879, and enclosures.

2. We have carefully considered the arguments urged on the one side by the learned Chief Justice of Bengal and the Bank of Bengal for the immediate application of the measure in its entirety to hundis, and, on the other side, by the Government of the Punjáb for the total exclusion of hundis from any part of the measure. We have come to the conclusion that the Bill should in this respect be left substantially as it stands. Admitting with the Chief Justice that one main principle of Indian codification is to reconcile and assimilate, as far as possible, the Native and European law on each subject, we would point out that this principle must be applied so as to produce as little friction as possible, and we feel assured that any sudden abolition of the numerous local usages (there is no general custom) as to hundis, uncertain and undefined as they often are, would cause much and justifiable dissatisfaction among native bankers and merchants in certain parts of the country. But we believe that the effect of the Bill, if passed with a saving of the local usages in question, will be, not as the Chief Justice fears, to stereotype and perpetuate these usages, but to induce the native mercantile community gradually to discard them for the corresponding rules contained in the Bill. The desirable uniformity of mercantile usage will thus be brought about without any risk of causing hardship to native bankers and merchants. How long this change will take, it is of course impossible to prophesy. But the Bank of Bengal has supplied evidence that the Native usages as to negotiable paper have of recent years been greatly changing, and that the tendency is to assimilate them more and more to the European custom.

3. We do not share the apprehension of the Bank of Bengal that the recognition of native usages would result in large withdrawal of European capital from operations in native bills; for in this respect the Bill simply states the law as it stands. Such usages are now, and have always been, recognized by our Courts in all parts of India,* but the Bank itself admits that, for upwards of seventy years, its business in hundis has invariably been conducted according to the same laws and usages as apply to European bills, and that, with one exception (the

---

* See, for example, 1 Suth. W. R. 75: 2 *ibid.* 214: 6 *ibid.* 301: 2 Hyde 259: 8 Beng. A. C. 198: 7 Beng. 275, 289, 431, 687: 9 Beng. Appendix I: 2 Sevestre 621, n.: N. W. P. 1868, p. 208: Perry 286: 6 Bomb. O. C. J. 24: 7 Bomb O. C. J. 137, 140: 12 Bomb. 113.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত অন্যতর রিপোর্ট তাঁহাদের পরিষ্কৃত পাণ্ডুলিপিসমেত ১৮৭৯ সালের ১৯ ফেব্রুয়ারির তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায়।

যে সিলেক্ট কমিটীর হস্তে ঋণপত্র ও বিল অফ একচেঞ্জ ও চেক বিষয়ক আইন নির্দ্ধারণ ও সংশোধন কার্য্যার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়, সেই কমিটীর নিম্নস্বাক্ষরকারী সদস্য আমরা উক্ত পাণ্ডুলিপি ও পশ্চাল্লিখিত কাগজপত্র বিবেচনাপূর্ব্বক দেখিয়াছি ও তৎসম্বন্ধে সসম্ভ্রমে এই অন্যতর রিপোর্ট দিতেছি।

মহীশূরের চিফ কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ২১ জুলাইর ৩১২৩ ৪ J নং।

বোম্বাই গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ৩০ জুলাইর ৪৪০৫ নং।

মধ্য প্রদেশের চিফ কমিশ্যনর সাহেবের অসিষ্টাণ্ট সেক্রেটরির ১৮৭৮ সালের ২১ জুলাইর ৩০১২-১৪৭ নং।

আজ্মীর ও মেরবারার একটিং চিফ কমিশ্যনর সাহেবের ১৮৭৮ সালের ৫ আগষ্টের ৫০০ নং ও তৎসহিত কাগজপত্র।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোটসেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ১৩ আগষ্টের ১৭৪৫ নং।

বোম্বাই গবর্ণমেন্টের একটিং ছোটসেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ১৭ আগষ্টের ৪৭৯২ নং ও তৎসহিত কাগজপত্র।

মহীশূরের চিফ কমিশ্যনর সাহেবের সেক্রেটরির ১৮৭৮ সালের ১৫ আগষ্টের ৩৭৬৫-৬ নং ও তৎসহিত কাগজপত্র।

উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যার গবর্ণমেন্টের সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ২৪ আগষ্টের ৬২৬ A নং ও তৎসহিত কাগজপত্র।

ব্রিটিশব্রহ্মদেশের চিফ কমিশ্যনর সাহেবের দ্বিতীয় সেক্রেটরির ১৮৭৮ সালের ২৮ সেপ্টেম্বরের ১৭৪০—৫১ নং ও তৎসহিত কাগজপত্র।

বোম্বাই গবর্ণমেন্টের ছোটসেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের ১২ নবেম্বরের ৬৫৭০ নং ও তৎসহিত কাগজপত্র।

কলিকাতা হাই কোর্টের চিফ জষ্টিস শ্রীযুত স্যর রিচার্ডগার্থ সাহেবের ১৮৭৮ সালের ২১ নবেম্বরের মন্তব্য লিপি।

তদুপরি শ্রীযুত এ, ফিলিপস সাহেবের ১৮৭৯ সালের ৩০ নবেম্বরের লিখিত মন্তব্য।

পঞ্জাব গবর্ণমেন্টের সেক্রেটরি সাহেবের ১৮৭৮ সালের [illegible] ডিসেম্বরের ৪৪০৩ নং ও তৎসহিত কাগজপত্র।

বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৯ সালের ১ ফেব্রুয়ারির ২৬০—২৪ M নং ও তৎসহিত কাগজপত্র।

বোম্বাই গবর্ণমেন্টের ১৮৭৮ সালের ৬ ফেব্রুয়ারির ৮৩৮ নং ও তৎসহিত কাগজপত্র।

২। এক দিগে এই আইনটী সর্ব্বাংশে হুণ্ডির প্রতি অবিলম্বে বর্ত্তাইবার পক্ষে বঙ্গদেশের বহুবিদ্যাবিশারদ শ্রীযুত চিফ জষ্টিস সাহেব ও বাঙ্গাল ব্যাঙ্ক যে সকল যুক্তি দেন ও অপর দিগে এই আইনের প্রত্যেক অংশ হইতে সম্পূর্ণরূপে হুণ্ডি বর্জ্জন সম্বন্ধে পঞ্জাব গবর্ণমেণ্ট যে সকল যুক্তি দেন, আমরা সাবধানে তৎসমুদয় বিবেচনা করিয়াছি। আমরা সিদ্ধান্ত করিয়াছি যে এতৎ সম্পর্কে পাণ্ডুলিপি এক্ষণে যে রূপ আছে, সারাংশে তদ্রূপ থাকাই উচিত। আমরা চিফ জষ্টিস সাহেবের সহিত স্বীকার করি যে, যত দূর সম্ভব, প্রত্যেক বিষয়ে দেশীয় ও ইউরোপীয় আইনের সামঞ্জস্য বিধান ও সাদৃশ্য স্থাপন করা ভারতবর্ষীয় আইনসংগ্রহের একটী মুখ্য সূত্র। কিন্তু আমাদের বলিতে হইতেছে যে যত কম বিবাদে পারা যায় তদ্রূপে এই সূত্র প্রয়োগ করিতে হইবে, এবং আমাদের দৃঢ় বিশ্বাস এই যে, হুণ্ডি সম্বন্ধে যে সকল দেশাচার আছে (এবিষয়ে কোন সাধারণ রীতি নাই), অনেক সময়ে অনিশ্চিত ও অনির্দ্ধার্য্য হইলেও, তৎ সমুদয় সহসা উঠাইয়া দিলে, এতদ্দেশের কোন কোন স্থানের দেশীয় ব্যাঙ্কর ও বণিকদিগের মধ্যে অনেক ও যুক্তি সিদ্ধ অসন্তোষ জন্মিবে। শ্রীযুত চিফ জষ্টিস সাহেব আশঙ্কা করেন যে দেশাচার রক্ষা করিয়া পাণ্ডুলিপি বিধি বদ্ধ হইলে উক্ত দেশাচার অবিকৃতভাবে চিরস্থায়ী হইবে। আমাদের বিশ্বাস, ইহার ফল এরূপ হইবে না, বরং দেশীয় বণিক সমাজ ক্রমে ২ উক্ত দেশাচার পরিত্যাগ করিয়া এই পাণ্ডুলিপির অন্তর্গত তদ্বিষয়ক বিধি অবলম্বন করিবে, এইরূপে দেশীয় ব্যাঙ্কর ও বণিকদিগের কষ্ট উৎপাদনের আশঙ্কা বিনা বণিক সম্প্রদায়ের রীতিগত বাঞ্ছিত সমতা সম্পন্ন হইবে। এই পরিবর্ত্তন সংঘটিত হইতে কত কাল লাগিবে, ভবিষ্যদ্বাণী করা অসম্ভব। কিন্তু বাঙ্গাল ব্যাঙ্ক প্রমাণ দিয়াছেন যে ইদানীং ক্রয়বিক্রেয় কাগজ পত্র সম্বন্ধে দেশীয় আচার অনেকাংশে পরিবর্ত্তিত হইতেছে, এবং তাহা ক্রমশঃ ইউরোপীয় রীতির অনুরূপ করিবার দিগেই ঝোঁক চলিতেছে।

৩। বাঙ্গাল ব্যাঙ্কের ন্যায় আমরা আশঙ্কা করি না যে দেশীয় আচার গ্রাহ্য করিলে হুণ্ডি সম্পর্কীয় কার্য্য হইতে ইউরোপীয় মূলধনের অনেকাংশ উঠিয়া যাইবে। কারণ এতৎ সম্বন্ধে পাণ্ডুলিপিতে কেবল বর্ত্তমান ব্যবস্থার নির্দ্দেশ আছে। উক্ত রূপ দেশাচার এক্ষণ ও চিরকাল ভারতবর্ষের সমুদয় স্থানের আদালতে গ্রাহ্য হইয়া আসিতেছে * কিন্তু ব্যাঙ্কই স্বীকার করেন যে সত্তর বৎসরেরও অধিক কাল ব্যাঙ্কের হুণ্ডির ব্যবসায় ইউরোপীয় বিলের প্রতি প্রযুজ্য আইন ও রীতি অনুসারেই বরাবর চলিয়াছে, এবং

* ইংরাজী দেখ।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

alleged duty of the holder of a dishonoured hundi to exhaust the acceptor before he insists recourse to the drawer or endorser) Natives have made no difficulty about conforming to the Bank's requirements. It is, we understand, the practice of the Bank and, probably, of other large European purchasers of hundis, to notify that they will not be bound by any local usage which contravenes the English law as to bills of exchange. Though the Bill should pass in its present form, this practice will remain legal and unaffected. It operates of course to bind only the seller to waive a defence which he might otherwise have made. But the other parties to the hundi are practically precluded from setting up any such usage by the knowledge that, if they did so, their credit would be destroyed by refusal of the Bank to buy hundis on which their names appear.

4. To exclude totally (as the Punjab Government propose) hundis from any part of the Bill would be to render the proposed legislation to a great extent inoperative, and would probably result in withdrawal of the Bill. Considering the fact that the carrying on of the internal trade of India is becoming more and more dependent on English capital, and that the use in the Mufassal of bills in the English form is therefore largely increasing, we think that such withdrawal would be highly inexpedient. We are supported in this opinion by the fact that the Local Governments of Bengal, Bombay, the North-Western Provinces and Ajmere have all reported in favour of the Bill; that the Chambers of Commerce at Calcutta, Madras, and Bombay, the Bank of Bombay, and the Calcutta Trades Association, have done the same; and that the Directors of the Bank of Bengal bear testimony as to the ability with which it was framed by Mr. Phillips.

5. Turning now to the details of the Bill, we have, in the first place, expressly saved the provisions of the Indian Paper Currency Act, 1871, section 21, which prohibits the issue of private bills or notes payable to bearer on demand.

6. We have struck out from section 16 the words "the whole or any part of," as they might have been taken to imply that there may be a special endorsement expressly directing payment of part of the amount mentioned in the instrument.

7. Section 21 was taken from the Law Commissioners' draft, and deals with a promissory note signed by two persons, and showing that one of them subscribes only to an alternative liability. We think it very doubtful whether such an informal instrument is a promissory note at all, and for this and other reasons we have omitted the section.

8. We have also omitted section 38, as the matter appears to us to be sufficiently provided for by the Indian Contract Act; for the same reason we have omitted the first half of section 43.

9. We have omitted, as unlikely to be practically useful, sections 55 and 56, which provide for the delivery without indorsement, but with intent to transfer title, of bills payable to the order of specified person or to a specified person or order.

10. We have omitted section 59, as the matter is sufficiently covered by the preceding section.

11. We do not think that the Bill should deal with collateral agreements, and have therefore struck out section 66.

12. We have amended the section (73, now 67) as to the drawee's term for deliberation. It now provides that the holder may allow the drawee twenty-four hours (exclusive of public holidays) to consider whether he will accept the bill.

13. We think that, in order to charge the drawer of a cheque, the holder should only be bound to present it at the bank on which it is drawn before the relation between the drawer and the banker has been altered to the prejudice of the drawer. We have altered section 82 accordingly.

14. We have omitted from section 97 the explanation relating to material alterations.

15. We have made some changes in wording and arrangement.

16. The Bill No. III and the second report of the Select Committee have been published in English in all the local Gazettes except those for Assam and Rájputána. Publication of the Bill and report in the vernacular has been reported only by the Governments of Madras, Bengal, and the North-Western Provinces and Oudh and the Chief Commissioner of the Central Provinces.

[*Government Gazette*, 20*th May* 1879.]

একটী স্থলভিন্ন এতদ্দেশীয় লোকে ব্যাঙ্কের আদেশক্রমে কার্য্য করিতে আপত্তি করে নাই। সে স্থলটী এই; হুণ্ডি অমান্য হইলে, অধিকারির কি কর্ত্তব্য এই যে তিনি লেখক কি পৃষ্ঠলিপিকারকের কাছে যাইবার পূর্ব্বে স্বীকারকারির নিকট উপস্থিত হইবেন। আমরা শুনিয়াছি যে ব্যাঙ্কের ও সম্ভবতঃ প্রধান ইউরোপীয় হুণ্ডিক্রেতাদিগের রীতি এই যে বিল অফ এক্সচেঞ্জ সম্বন্ধে ইংলণ্ডের আইনের বিরুদ্ধ কোন দেশাচারদ্বারা বদ্ধ হইবেন না তাঁহারা এই কথা জানাইয়া থাকেন। পাণ্ডুলিপি বর্ত্তমানাকারে বিধিবদ্ধ হইলেও, এই রীতি বৈধ ও অপরিবর্ত্তিত থাকিবে। প্রকারান্তরে যে প্রতিবাদ করিতে পারিতেন, ক্রেতা এতদ্দ্বারা কেবল তাহা পরিত্যাগ করিতে আবদ্ধ হন। কিন্তু হুণ্ডির অপর পক্ষেরাও কার্য্যতঃ তদ্রূপ দেশাচারের কথা তুলিতে পারেন না, কারণ তাঁহারা জানেন যে তদ্রূপ করিলে, যেং হুণ্ডিতে তাঁহাদের নাম দৃষ্ট হয় ব্যাঙ্ক তাহা ক্রয় করিতে অস্বীকার করিবেন ও তাহা হইলে তাঁহাদের প্রতি লোকের বিশ্বাস বিলুপ্ত হইবে।

৪। পঞ্জাব গবর্ণমেণ্টের প্রস্তাবানুসারে পাণ্ডুলিপির প্রত্যেক অংশ হইতে সম্পূর্ণরূপে হুণ্ডি বর্জ্জন করিলে প্রস্তাবিত ব্যবস্থা অধিক পরিমাণেই কার্য্যে আসিবে না, এবং সম্ভবতঃ পাণ্ডুলিপি উঠাইয়া লইতে হইবে। ভারতবর্ষের আভ্যন্তরিক বাণিজ্য ক্রমেং যেরূপ ইংলণ্ডীয় মূলধন সাপেক্ষ হইয়া উঠিতেছে, এবং ইংলণ্ডীয় আকারের বিলের ব্যবহার মফঃস্বলে যে রূপ বহুলাংশে বাড়িতেছে, তাহাতে আমাদের বিবেচনা হয় যে পাণ্ডুলিপি উঠাইয়া লইলে অনেক অনিষ্ট হইবে। বাঙ্গালার ও বোম্বাইর উত্তর পশ্চিমাঞ্চলের ও আজমীরের স্থানীয় গবর্ণমেণ্ট পাণ্ডুলিপির অনুকূলে রিপোর্ট করিয়াছেন; কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের চেম্বর অফ কমার্স ও বোম্বাই ব্যাঙ্ক ও কলিকাতার ট্রেডস্ আসোসিয়েসনও তদ্রূপ করিয়াছেন; এবং বাঙ্গাল ব্যাঙ্কের ডাইরেক্টর সাহেবেরা এতৎ পাণ্ডুলিপি প্রস্তুত করণ বিষয়ক শ্রীযুত ফিলিপস্ সাহেবের দক্ষতা সম্বন্ধে সাক্ষ্য প্রদান করিয়াছেন, ইহাতেই আমাদের মতের প্রতিপোষণ হইতেছে।

৫। এক্ষণে পাণ্ডুলিপির বিস্তারিত বিবরণের প্রতি দৃষ্টি করিয়া, আমরা প্রথমতঃ স্পষ্ট বাক্যে ভারতবর্ষীয় নোটচলনবিষয়ক ১৮৭১ সালের আইনের ২১ ধারার বিধান রক্ষা করিয়াছি। ঐ ধারায় চাহিবামাত্র পত্র বাহককে টাকা দিতে হইবে, এরূপ বিল কি পত্র বাহির করিতে সামান্য ব্যক্তিদের প্রতি নিষেধ আছে।

৬। আমরা ১৬ ধারাহইতে "সমুদয় কি তাহার একাংশ" এইং কথা উঠাইয়া দিয়াছি, কারণ তাহাতে এরূপ বোধ হইতে পারে যে নিদর্শনপত্রের উল্লিখিত টাকার একাংশ দিবার স্পষ্ট আদেশ করিয়া বিশেষ পৃষ্ঠলিপি হইতে পারে।

৭। ২১ ধারা লা কমিশ্যনদের পাণ্ডুলিপি হইতে গৃহীত হইয়াছিল; এবং যে ঋণপত্রে দুই ব্যক্তি স্বাক্ষর করেন ও যাহাতে এরূপ প্রকাশ থাকে যে এক জন বিকল্পে মাত্র দায় স্বীকার করিয়া স্বাক্ষর করিলেন, ঐ ধারায় তদ্রূপ ঋণপত্র সম্বন্ধে বিধান ছিল। আমাদের অত্যন্ত সন্দেহ আছে যে এরূপ রীতিবিরুদ্ধ নিদর্শনপত্র ঋণপত্র কি না এবং এই ও অন্য কারণে ঐ ধারাটী উঠাইয়া দিয়াছি।

৮। আমরা ৩৩ ধারাটীও উঠাইয়া দিয়াছি, কারণ আমাদের বোধ হয় যে ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক আইনে এতদ্বিষয়ের যথোপযুক্ত বিধান আছে; উক্ত কারণেই আমরা ৪৩ ধারার প্রথমার্দ্ধ উঠাইয়া দিয়াছি।

৯। কার্য্যতঃ প্রয়োজনীয় হইবার সম্ভাবনা নাই বলিয়া আমরা ৫৫ ও ৫৬ ধারা উঠাইয়া দিয়াছি। ঐ ২ ধারায় যে বিলের টাকা নির্দ্দিষ্ট ব্যক্তির আজ্ঞাক্রমে কি নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি আজ্ঞাক্রমে দেয়, পৃষ্ঠলিপি না করিয়া কিন্তু স্বতন্ত্র হস্তান্তর করিবার উদ্দেশে সেই বিলের সমর্পণের বিধান ছিল।

১০। যথোপযুক্তরূপে বিষয়টী পূর্ব্বধারার অন্তর্গত বলিয়া আমরা ৫৬ ধারাটী উঠাইয়া দিয়াছি।

১১। পাণ্ডুলিপিতে প্রতিপোষক নিয়ম বিষয়ক কথা থাকা উচিত নহে বিবেচনা করিয়া, আমরা ৬৬ ধারাটী উঠাইয়া দিয়াছি।

১২। টাকাদায়কের বিবেচনা করিবার সময় বিষয়ক ধারাটী (৭৩ এক্ষণে ৬৭) আমরা সংশোধন করিয়াছি। এক্ষণে বিধান হইয়াছে যে টাকাদায়ক বিল সাকরিয়া দিবেন কি না এতদ্বিষয়ে বিবেচনা করিবার নিমিত্ত অধিকারী তাঁহাকে সাধারণের ছুটীর অতিরিক্ত ২৪ ঘণ্টা সময় দিতে পারিবেন।

১৩। আমরা বিবেচনা করি যে চ্যাকের লেখককে দায়ী করিতে হইলে, যে ব্যাঙ্কের উপর চ্যাক দেওয়া যায় তাহার সহিত লেখকের সম্বন্ধ পরিবর্ত্তিত হইয়া প্রতিকূল হইবার পূর্ব্বে ঐ ব্যাঙ্কে অধিকারী চ্যাক উপস্থিত করিতে বদ্ধ থাকিবেন মাত্র। আমরা ৮২ ধারার এতদনুযায়ী পরিবর্ত্তন করিয়াছি।

১৪। আমরা ৯৭ ধারা হইতে গুরুতর পরিবর্ত্তন সম্বন্ধীয় ব্যাখ্যাটী উঠাইয়া দিয়াছি।

১৫। আমরা বাক্যের ও বিন্যাসেরও কিছু পরিবর্ত্তন করিয়াছি।

১৬। ৩ নম্বর পাণ্ডুলিপি ও সিলেকটকমিটির দ্বিতীয় রিপোর্ট আসাম ও রাজপুতানা ভিন্ন সমুদয় স্থানীয় গেজেটে ইংরাজী ভাষায় প্রকাশিত হইয়াছে। দেশীয় ভাষায় পাণ্ডুলিপি ও রিপোর্ট প্রকাশ হইবার রিপোর্ট মান্দ্রাজের ও বঙ্গদেশের ও উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যার গবর্ণমেণ্ট হইতে ও মধ্যপ্রদেশের শ্রীযুত চিফ কমিশ্যনর সাহেবের নিকট হইতে পাওয়া গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

17. With the exception of our hon'ble colleague Mr. Morgan, we think that the Bi might now be passed as amended. Mr. Morgan would omit the clause saving local usages as to hundis. In other respects he approves of the Bill. We recommend that its further con sideration be stayed until the new Law Commission has reported thereon. Meanwhile, we think the Bill, as now amended, should be published with this report in the *Gazette of India*.

CALCUTTA,
The 19th February 1879.

WHITLEY STOKES.
G. C. PAUL.
G. H. P. EVANS.
F. R. COCKERELL.

Although I think that this Bill is, on the whole, a very good one, I cannot approve of the recognition which it accords to local usages relating to hundis. From a careful consideration of the papers which have been received with reference to the Bill, and from my own experience as regards the existing practice regarding hundis, I do not believe that there are any usages which call for special recognition at the hands of the legislature, and I think that the proposed recognition may put an arm into the hands of those who are dishonestly disposed, which they do not at present possess.

E. C. MORGAN.

[*Government Gazette*, 20*th May* 1879.]

১৭। মান্যবর সহযোগী শ্রীযুত মর্গান সাহেব ব্যতীত আমরা সকলে বিবেচনা করি, যে বর্ত্তমান সংশোধিতাকারে পাণ্ডুলিপি বিধিবদ্ধ করা যাইতেপারে। শ্রীযুত মর্গান সাহেব হুণ্ডি সম্বন্ধীয় দেশাচার রক্ষণবিষয়ক প্রকরণটি উঠাইয়া দিতে চাহেন। অন্য সমুদয় বিষয় সম্বন্ধে তিনি পাণ্ডুলিপির অনুমোদন করেন। আমাদের পরামর্শ এই যে যাবৎ নূতন লা কমিশ্যান এতদ্বিষয়ে রিপোর্ট না করেন, এই পাণ্ডুলিপির পুনর্ব্বিবেচনা স্থগিত থাকে। ইতিমধ্যে আমরা বিবেচনা করি যে পাণ্ডুলিপি বর্ত্তমান সংশোধিত আকারে এই রিপোর্ট সহিত ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

উইটলী ষ্টোক্স,
জি, সি, পল,
জি, এচ, পি, ইবান্স,
এফ, আর, কক্রেল।

কলিকাতা,
১৮৭৯ সাল ১৯ ফেব্রুয়ারি।

যদিও সমুদয় ধরিতে গেলে আমার বিবেচনায় এই পাণ্ডুলিপিটী অত্যুৎকৃষ্ট হইয়াছে, হুণ্ডি সম্বন্ধীয় দেশাচার গ্রাহ্যকরণ বিষয়ে আমি ইহার অনুমোদন করিতে পারি না। এই পাণ্ডুলিপি সম্বন্ধে যে সকল কাগজপত্র পাওয়া গিয়াছে তৎসমুদয় সাবধানে বিবেচনা পূর্ব্বক দেখিয়া এবং হুণ্ডি সম্বন্ধীয় বর্ত্তমান রীতিবিষয়ে আমার যাহা জানা আছে তাহা পর্য্যালোচনা করিয়া, আমার বিশ্বাস এই যে এমন কোন দেশাচার নাই যাহা ব্যবস্থাপকগণের বিশেষরূপে গ্রাহ্য করিতে হয়, এবং আমি বিবেচনা করি যে যে গ্রাহ্য করণের প্রস্তাব হইয়াছে, তাহাতে অসৎপ্রবৃত্তি ব্যক্তিদের হস্তে এরূপ একটী অস্ত্র দেওয়া হইবে যাহা তাহাদের এক্ষণে নাই।

ই, সি, মর্গান।

No. IV.

THE NEGOTIABLE INSTRUMENTS BILL, 1879.

CONTENTS.

[Government Gazette, 20th May 1879.]

৪ নম্বর।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র বিষয়ক ১৮৭৯ সালের আইনের পাণ্ডুলিপি।

নির্ঘন্ট।

SECTIONS.

24. Calculating maturity of bill or note payable so many days after date or sight.

25. When day of maturity is a holiday.

26. Presumptions as to negotiable instruments:

(a) of consideration;
(b) as to date;
(c) as to time of acceptance;
(d) as to time of transfer;
(e) as to order of indorsements;
(f) as to stamp;
(g) that holder is a holder in due course.

CHAPTER III.

PARTIES TO NOTES, BILLS, AND CHEQUES.

27. Capacity to make, &c., promissory notes, &c. Minor.
28. Agency.
29. Liability of agent signing.
30. Liability of legal representative signing.
31. Acceptance by several drawees not partners.
32. Liability of drawer.
33. Liability of drawee of cheque.
34. Liability of maker of note and acceptor of bill.
35. Only drawee can be acceptor except in need or for honor.
36. Liability of indorser.
37. Liability of prior parties to holder in due course.
38. Maker, drawer, and acceptor principals.
39. Prior party a principal in respect of each subsequent party.
40. Suretyship.
41. Discharge of indorser's liability.
42. Estoppel against denying original validity of instrument.
43. Estoppel against denying capacity of payee to indorse.
44. Estoppel against denying signature or capacity of prior party.
45. Acceptor bound, although indorsement forged.
46. Acceptance of bill drawn in fictitious name.

ধারা।

২৪। তারিখের পর কি দেখাইবার পর এত দিনান্ত বিলের কি পত্রের টাকা দেনা পড়িলে যে তারিখে মিয়াদ পূর্ণ হয় তদ্বিষয়ের কথা।
২৫। মিয়াদ পূর্ণ হইবার দিন বন্দের দিন হইলে তদ্বিষয়ক কথা।
২৬। ক্রয় বিক্রের নিদর্শনপত্রের বিষয়ে যে অনুমান হইবেক তদ্বিষয়ক কথা।

(ক) উপযুক্ত মূল্যের কথা।
(খ) তারিখ বিষয়ক কথা।
(গ) সাকরাইয়া লইবার সময় বিষয়ক কথা।
(ঘ) হস্তান্তর করণের সময় বিষয়ক কথা।
(ঙ) পৃষ্ঠলিপির ক্রম বিষয়ক কথা।
(চ) ইষ্টাম্প বিষয়ক কথা।
(ছ) ঐ পত্রের অধিকারী যথাক্রমে অধিকারী হওন বিষয়ক কথা।

তৃতীয় অধ্যায়।

ঋণপত্রের ও বিলের ও চ্যাকের নানা পক্ষ বিষয়ক বিধি।

২৭। ঋণপত্র প্রভৃতি করণ প্রভৃতির ক্ষমতার কথা। নাবালগের কথা।
২৮। সপক্ষ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করণবিষয়ক কথা।
২৯। কর্ম্মকারক স্বাক্ষর করিলে দায়ের কথা।
৩০। বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি স্বাক্ষর করিলে তাঁহার দায়ের কথা।
৩১। যাঁহারা অংশী নহেন এমত অনেকদায়ক সাকরিয়া দিলে তদ্বিষয়ক কথা।
৩২। লেখকের দায়ের কথা।
৩৩। চ্যাকের টাকাদায়কের দায়ের কথা।
৩৪। ঋণপত্রের লেখকের ও বিল স্বীকারকারির দায়ের কথা।
৩৫। প্রয়োজনীয়স্থল কিম্বা মান রক্ষার্থ ভিন্ন, যাহার উপর বিল দেওয়া যায় কেবল তাঁহারই সাকরিয়া দিতে হইবার কথা।
৩৬। পৃষ্ঠলিপিকারকের দায়ের কথা।
৩৭। যথাক্রমে অধিকারির নিকট পূর্ব্ব পক্ষের দায়ের কথা।
৩৮। পত্রকারক ও লেখক স্বীকারকারী মুখ্য ঋণী হইবার কথা।
৩৯। পূর্ব্ব পক্ষ পশ্চাৎ পক্ষের নিকট মুখ্য ঋণী হইবার কথা।
৪০। প্রতিভাব্যের কথা।
৪১। পৃষ্ঠলিপি কারকের দায় রহিত হইবার কথা।
৪২। আসল পত্রের সিদ্ধতা অস্বীকার করণের বাধার কথা।
৪৩। টাকা প্রাপকের পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা অস্বীকার করিবার বাধার কথা।
৪৪। পূর্ব্ব পক্ষের স্বাক্ষর কি ক্ষমতা অস্বীকার করিবার বাধার কথা।
৪৫। পৃষ্ঠলিপি জাল করা হইলেও স্বীকারকারির টাকা দিতে হইবার কথা।
৪৬। বিল বেনামী লেখা গেলে তাহা সাকরিয়া দিবার কথা।

SECTIONS.

47. Party receiving consideration liable to subsequent parties.
48. Party not liable to one from whom no consideration moved.
49. Partial absence or failure of money consideration.
50. Partial failure of consideration not consisting of money.

CHAPTER IV.

OF NEGOTIATION.

51. Negotiation by delivery.
52. Negotiation by indorsement.
53. Conversion of indorsement in blank into indorsement in full.
54. Effect of indorsement.
55. Who may negotiate.
56. Indorser who excludes his own liability or makes it conditional.
57. Holder deriving title from holder in due course.
58. Instrument indorsed in blank.
59. Conversion of indorsement in blank into indorsement in full.
60. Indorsement for part of sum due.
61. Legal representative cannot by delivery only negotiate instrument indorsed by deceased.
62. Instrument obtained by unlawful means or for unlawful consideration.
63. Instrument acquired after dishonour or when overdue.

Accommodation note or bill.

64. Instrument negotiable till payment or satisfaction.

CHAPTER V.

OF PRESENTMENT.

65. Presentment for acceptance.
66. Presentment of promissory note for sight.
67. Drawee's time for deliberation.
68. Presentment for payment.
69. Hours for presentment.

[*Government Gazette*, 20*th May* 1879.]

ধারা।

৪৭। কোন ব্যক্তি পত্রের মূল্যস্বরূপ কিছু পাইলে তৎপশ্চাৎ পক্ষের নিকট তাঁহার দায়ী হইবার কথা।
৪৮। যিনি মূল্যস্বরূপ কিছুই না দেন তাঁহার নিকট পক্ষের দায়ী না হইবার কথা।
৪৯। মূল্যস্বরূপ যে টাকা দিতে হইবে তাহার আংশিক অভাব কি অসংস্থান হইলে তদ্বিষয়ক কথা।
৫০। টাকাভিন্ন কোন দ্রব্য মূল্যস্বরূপ হইলে তাহার একাংশ না থাকিবার কথা।

চতুর্থ অধ্যায়।

ক্রয়বিক্রয় বিষয়ক বিধি।

৫১। অর্পণ করিয়া ক্রয় বিক্রয় করণ বিষয়ক কথা।
৫২। পৃষ্ঠলিপি দ্বারা বিক্রয় করণের কথা।
৫৩। পৃষ্ঠলিপিস্বরূপ নামমাত্র লেখা গেলে পর সম্পূর্ণ লিপি লেখার কথা।
৫৪। পৃষ্ঠলিপি লিখনের ফলের কথা।
৫৫। কে২ ক্রয়বিক্রয় করিতে পারেন তদ্বিষয়ক কথা।
৫৬। পৃষ্ঠলিপিকারক আপনার দায় ত্যাগ করিলে কিম্বা নিয়মাধীনে তাহা প্রবল রাখিলে তদ্বিষয়ক কথা।
৫৭। যে ব্যক্তি যথাক্রমে অধিকার পান তাঁহার স্থানে অধিকারী স্বত্ব প্রাপ্ত হইলে তদ্বিষয়ক কথা।
৫৮। নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে নামমাত্র দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।
৫৯। পৃষ্ঠে নামমাত্র স্বাক্ষর থাকিলে তাহার সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিবার কথা।
৬০। প্রাপ্য টাকার অংশমাত্র লিখিত পৃষ্ঠলিপির কথা।
৬১। কোন ব্যক্তি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিয়া মরিলে কেবল অর্পণ করণ দ্বারা তাঁহার বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি তাহা বিক্রয় করিতে না পারিবার কথা।
৬২। অন্যায়মতে কি অবৈধ মূল্য উপলক্ষে নিদর্শনপত্র পাওয়া গেলে তদ্বিষয়ের কথা।
৬৩। অগ্রাহ্য হইবার কি মিয়াদ গত হইবার পর নিদর্শনপত্র প্রাপ্ত হওয়া গেলে তদ্বিষয়ের কথা।

উপকারার্থ খতপত্রের কি বিলের কথা।

৬৪। নিদর্শনপত্রের টাকা যাবৎ না দেওয়া কি শোধ করা যায়, তাবৎ ক্রয়বিক্রয় হইতে পারিবার কথা।

পঞ্চম অধ্যায়।

উপস্থিত করণ বিষয়ক বিধি।

৬৫। স্বীকার করাইয়া লইবার জন্য উপস্থিত করণের কথা।
৬৬। খতপত্র দেখাইবার জন্য উপস্থিত করিবার কথা।
৬৭। টাকাদায়কের বিবেচনা করিবার সময়ের কথা।
৬৮। টাকা লইবার জন্য উপস্থিত করিবার কথা।
৬৯। উপস্থিত করিবার সময়ের কথা।

CHAPTER VI.

OF PAYMENT AND INTEREST.

CHAPTER VII.

OF DISCHARGE FROM LIABILITY ON NOTES, BILLS, AND CHEQUES.

ষষ্ঠ অধ্যায়।

টাকা প্রদান ও সুদবিষয়ক বিধি।

সপ্তম অধ্যায়।

ঋণপত্রের ও বিলের ও চ্যাকের উপর দায়হইতে মুক্তির বিধি।

CHAPTER VIII.

OF NOTICE OF DISHONOUR.

অষ্টম অধ্যায়।

অগ্রাহ্য হইবার নোটিসবিষয়ক বিধি।

CHAPTER IX.

OF NOTING AND PROTESTS.

নবম অধ্যায়।

নোট ও প্রোটেষ্ট লিখন বিষয়ক বিধি।

CHAPTER X.

OF REASONABLE TIME.

১০ দশম অধ্যায়।

যুক্তি সঙ্গত সময় বিষয়ক বিধি।

CHAPTER XI.

OF ACCEPTANCE AND PAYMENT FOR HONOUR.

একাদশ অধ্যায়।

মান রক্ষার্থে সাকরিয়া দিবার ও টাকা দিবার বিধি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮১। ২০ মে।]

No. IV.

A Bill to define and amend the the law relating to Promissory Notes, Bills of Exchange and Cheques.

Preamble.

WHEREAS it is expedient to define and amend the law relating to Promissory Notes, Bills of Exchange, and Cheques; It is hereby enacted as follows:—

CHAPTER I.

PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The Negotiable Instruments Act, 1879:"

Local extent.

Saving of usages relating to hundis, &c.

It extends to the whole of British India; but nothing herein contained affects any local usage relating to any instrument in an oriental language or affects the Indian Paper Currency Act, 1871, section twenty-one:

Commencement.

And it shall come into force on the first day of January 1880.

Repeal of enactments.

2. On and from that day the enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column thereof.

Interpretation clause.

3. In this Act—

"Banker."

"Banker" includes also persons or a corporation or company acting as bankers,

"Notary Public."

and "Notary Public" includes also any officer appointed by the Governor-General in Council to perform the functions of a Notary Public under this Act.

CHAPTER II.

OF NOTES, BILLS AND CHEQUES.

Promissory note.

4. A promissory note is an instrument in writing (not being a bank note or a currency note) containing an unconditional undertaking, signed by the maker, to pay a certain sum of money only to, or to the order of, a certain person, or to the bearer of the instrument.

Illustrations.

A signs instruments in the following terms;—

(*a*) "I promise to pay B or order Rs. 500."

(*b*) "I acknowledge myself to be indebted to B in Rs. 1,000 to be paid on demand, for value received."

(*c*) "Mr. B, I O U Rs. 1,000."

[*Government Gazette, 20th May* 1879.]

৪ নং পাণ্ডুলিপি।

প্রমিসরি নোট ব ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাক বিষয়ক ব্যবস্থা নির্দ্ধারণ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাকবিষয়ক ব্যবস্থা নির্দ্ধারণ ও সংশোধন করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

হুণ্ডী প্রভৃতি বিষয়ক রীতি প্রচলিত রাখিবার কথা।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে ব্যাপ্ত হইবে, কিন্তু এতদ্দেশীয় ভাষায় লিখিত কোন নিদর্শনপত্র বিষয়ে যে দেশাচার প্রচলিত থাকে এই ধারার কোন কথায় তাহার কিম্বা ভারতবর্ষীয় নোট চলনবিষয়ক ১৮৭১ সালের আইনের ২১ ধারার কোনরূপ ব্যতিক্রম হইবে না।

যে সময় অবধি প্রবল হইবে তাহার কথা।

ও এই আইন ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি প্রবল হইবে।

যে২ আইন রহিত করা যাইবে তাহার কথা।

২ ধারা। উক্ত দিবসাবধি এই আইনসংযুক্ত তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লিখিত হইল, ঐ তফসীলের নামা আইন তত দূর রহিত করা যাইবে।

অর্থকরণের প্রকরণ।

৩ ধারা। এই আইনে,

"ব্যাঙ্কর"

যে ব্যক্তিরা কি সমবায়িত সমাজ কি কোম্পানি ব্যাঙ্করের অর্থাৎ হুণ্ডিয়ালের কর্ম্ম করেন "ব্যাঙ্কর" শব্দে তাঁহাদিগকেও বুঝায়।

"নোটরী পবলিক।"

এই আইনমতে নোটরী পবলিকের যে২ কর্ম্ম কর্ত্তব্য সেই২ কর্ম্ম করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন "নোটরী পবলিক" শব্দে তাঁহাকেও বুঝায়।

২ দ্বিতীয় অধ্যায়।

ঋণপত্র ও বিল ও চ্যাকবিষয়ক বিধি।

ঋণপত্রের কথা।

৪ ধারা। ব্যাঙ্ক নোট কিম্বা মুদ্রাস্বরূপ চলিত নোট ভিন্ন নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট ব্যক্তিকে কিম্বা তাঁহার আদেশমতে কিম্বা ঐ পত্রবাহককে বিনা নিয়মে নির্দ্দিষ্ট সংখ্যার মুদ্রা দিবার প্রতিজ্ঞা লেখা থাকিলে ও পত্রলেখক তাহাতে স্বাক্ষর করিলে, ঋণপত্র শব্দে সেইপত্র বুঝায়।

উদাহরণ।

আলেফ এইং মর্ম্মের নিদর্শনপত্রে স্বাক্ষর করেন,—

(ক) বনরামকে কি তাঁহার আদেশমতে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(খ) মূল্য প্রাপ্ত হওয়াতে আমি বনরামের নিকটে ১০০০ টাকা ঋণী আছি ইহা স্বীকার করিলাম, চাহিবামাত্র দিব।

(গ) ওহে বনরাম, IOU (অর্থাৎ) তোমার ১০০০ টাকা ধারি।

(*d*) "I promise to pay B Rs. 500 and all other sums which shall be due to him."

(*e*) "I promise to pay B Rs. 500, first deducting thereout any money which he may owe me."

(*f*) "I promise to pay B Rs. 500 seven days after my marriage with C."

(*g*) "I promise to pay B Rs. 500 on D's death, provided D leaves me enough to pay that sum."

(*h*) "I promise to pay B Rs. 500 and to deliver to him my black horse on 1st January next."

The instruments respectively marked (*a*) and (*b*) are promissory notes. The instruments respectively marked (*c*), (*d*), (*e*), (*f*), (*g*) and (*h*) are not promissory notes.

Bill of exchange.

5. A bill of exchange is an instrument in writing containing an unconditional order, signed by the maker, directing a certain person to pay a certain sum of money only to, or to the order of, a certain person, or to the bearer of the instrument.

Cheque.

6. A cheque is a bill of exchange drawn on a specified banker and not expressed to be payable otherwise than on demand.

"Drawer." "Drawee."

7. The maker of a bill of exchange or cheque is called the "drawer;" the person thereby directed to pay is called the "drawee."

"Drawee in case of need."

When the bill gives the name of any person in addition to the drawee to be resorted to in case of need, such person is called a "drawee in case of need."

"Acceptor."

After the drawee of a bill has signed his assent upon the bill, or if there are more parts thereof than one, upon one of such parts, and delivered the same, or given notice of such signing to the holder or to some person on his behalf, he is called the "acceptor."

"Acceptor for honour."

When acceptance is refused and the bill is protested for non-acceptance and any person accepts it *supra protest* for honour of the drawer or of any one of the indorsers, such person is called an "acceptor for honour."

"Payee."

The person named in the instrument, to whom or to whose order the money is by the instrument directed to be paid, is called the "payee."

(ঘ) বলরামকে ৫০০ টাকা ও তাঁহার আর যত টাকা পাওনা থাকে তাহা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(ঙ) বলরামকে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম কিন্তু তিনি আমার যত টাকা ধারেন তাহা ঐ টাকা হইতে প্রথমে কাটিয়া লইব।

(চ) চন্দ্রমণির সঙ্গে আমার বিবাহ হইবার সাত দিন পরে বলরামকে ৫০০ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম।

(ছ) আমি যাহা হইতে বলরামকে ৫০০ টাকা দিতে পারিব দিননাথ মরণ সময়ে আমাকে এত টাকা দিয়া গেলে, দিননাথের মরণের পর বলরামকে ৫০০ টাকা দিব।

(জ) আমি আগামি জানুয়ারি মাসের ১ তারিখে বলরামকে ৫০০ টাকা ও আমার কাল ঘোড়া দিতে প্রতিজ্ঞা করিলাম।

ইহার মধ্যে (ক) (খ) চিহ্নিত নিদর্শনপত্র খতপত্র (গ) (ঘ) (ঙ) (চ) (ছ) (জ) চিহ্নিত নিদর্শনপত্র খতপত্র নহে।

বিল অব এক্সচেঞ্জ।

৫ ধারা। নিদর্শনপত্রে নির্দিষ্ট ব্যক্তিকে কিম্বা তাঁহার আদেশমতে কিম্বা ঐ পত্র বাহককে, নির্দিষ্ট কোন ব্যক্তি প্রতি নিয়ম ভিন্ন নির্দিষ্ট সংখ্যার মুদ্রা দিবার আদেশ থাকিলেও তাহাতে পত্রলেখকের স্বাক্ষর থাকিলে, সেই নিদর্শন পত্র "বিল অব এক্সচেঞ্জ" বলিয়া গণ্য।

চ্যাকের কথা।

৬ ধারা। নির্দিষ্ট কোন ব্যাঙ্করের নামে যে বিল অব এক্সচেঞ্জ লিখিয়া দেওয়া যায় চাহিবামাত্র টাকা দিতে হইবে এই ভিন্ন অন্য নিয়ম না থাকিলে তাহাই চ্যাক বলিয়া গণ্য।

"লেখক" "দায়ক"

৭ ধারা। যে ব্যক্তি বিল অব এক্সচেঞ্জ কি চ্যাক লিখিয়া দেন, তাঁহাকে "লেখক" ও যাঁহার প্রতি মুদ্রা দিবার আদেশ থাকে তাঁহাকে "দায়ক" বলা যায়।

"প্রয়োজনীয় স্থলে দায়কের কথা।"

উক্ত বিলে টাকা দায়কের নাম ভিন্ন যাঁহার নিকট প্রয়োজনীয় স্থলে টাকা পাওয়া যাইতে পারে এমত অন্য ব্যক্তির নাম লেখা থাকিলে, তাঁহাকে "প্রয়োজনীয় স্থলে দায়ক" বলা যায়।

"স্বীকারকারী"

বিলের মুদ্রাদায়ক ঐ বিলের উপর কিম্বা একের অধিক কেতা বিল থাকিলে এক কেতার উপর স্বীয় সম্মতি লিখিয়া স্বাক্ষর করিয়া ঐ বিলের অধিকারিকে, কিম্বা তৎপক্ষ কোন ব্যক্তিকে অর্পণ করিলে কিম্বা তদ্রূপ স্বাক্ষর করিবার নোটিস দিলে, তাঁহাকে "স্বীকারকারী" বলা যায়।

"মানরক্ষার্থ স্বীকারকারী"

যদি বিল সাকরিয়া দিবার অসম্মতি হয় ও সাকরিয়া না দেওয়া প্রযুক্ত প্রোটেষ্ট লেখা যায় এবং প্রোটেষ্ট হইলেও যদি কোন ব্যক্তি বিল লেখকের কিম্বা পৃষ্ঠলিপিকারকদের মধ্যে কোন এক জনের মান রক্ষার জন্যে ঐ বিল সাকরিয়া দেন তবে তাঁহাকে "মানরক্ষার্থ স্বীকারকারী" বলা যায়।

"প্রাপক।"

নিদর্শনপত্রলিখিত যে ব্যক্তিকে বা যাঁহার আদেশমতে ঐ নিদর্শনপত্রক্রমে মুদ্রা দিবার আদেশ থাকে তাঁহাকে "প্রাপক" বলা যায়।

8. The "holder" of a promissory note, bill of exchange or cheque means any person entitled in his own name to the possession thereof, and to receive or recover the amount due thereon from the parties thereto.

"Holder."

Where the note, bill or cheque is lost or destroyed, its holder is the person so entitled at the time of such loss or destruction.

9. "Holder in due course" means any person who became the possessor of a promissory note, bill of exchange or cheque if payable to bearer, or the payee or indorsee thereof, if payable to, or to the order of, a payee, for consideration before the amount mentioned in it became payable, and without having sufficient cause to believe that any defect existed in the title of the person from whom he derived his title.

"Holder in due course."

10. "Payment in due course" means payment in accordance with the apparent tenor of the instrument in good faith and without negligence to any person in possession thereof under circumstances which do not afford a reasonable ground for believing that he is not entitled to receive payment of the amount therein mentioned.

"Payment in due course."

11. A promissory note, bill of exchange or cheque drawn or made in British India, and made payable in, or drawn upon any person resident in British India shall be deemed to be an inland instrument.

Inland instrument.

12. Any such instrument not so drawn, made or made payable, shall be deemed to be a foreign instrument.

Foreign instrument.

13. A "negotiable instrument" means a promissory note, bill of exchange or cheque expressed to be payable to a specified person, or his order, or to the order of a specified person, or to the bearer thereof, or to a specified person or the bearer thereof.

Negotiable instrument.

14. When a promissory note, bill of exchange or cheque is transferred to any person, so as to constitute that person the holder thereof, the instrument is said to be negotiated.

Negotiation.

[*Government Gazette*, 20*th May* 1879.]

৮ ধারা। যে ব্যক্তি স্বীয় নামে ঋণপত্র কি বিল অব একস্‌চেঞ্জ কি চ্যাক স্বীয় অধিকারে রাখিবার, ও ঐ পত্র লিখিত ব্যক্তিদের স্থানে ঐ পত্রানুসারে প্রাপ্য টাকা গ্রহণ কি আদায় করিবার স্বত্ববান, তাঁহাকে ঐ পত্রের "অধিকারী" বলা যায়।

"অধিকারী"

ঐ পত্র কি বিল কি চ্যাক হারায়ে গেলে কি নষ্ট হইলে তাহা হারান যাইবার কি নষ্ট হওবার সময়ে যিনি উক্ত প্রকারে স্বত্ববান ছিলেন তিনিই অধিকারী।

৯ ধারা। ঋণপত্রের কি বিল অব একসচেঞ্জের কি চ্যাকের টাকা ঐ পত্র বাহককে দিতে হইলে পত্রধিকারী কিম্বা প্রাপককে কি তাঁহার আদেশমত টাকা দিতে হইলে তল্লিখিত টাকা দেনা পড়িবার পূর্ব্বে যিনি বিনিময়ের মূল্য দিয়া প্রাপক কি পৃষ্ঠলিপিকমে প্রাপক হন তিনি, যাঁহার স্থানে স্বত্ব প্রাপ্ত হন তাঁহার স্বত্বের কোন দোষ যে ছিল এমত জ্ঞান করিবার বিশিষ্ট কারণ না জানিলে, "যথাক্রমে অধিকারী" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"যথাক্রমে অধিকারী।"

১০ ধারা। উক্ত নিদর্শনপত্র যাঁহার অধিকারে থাকে সরলভাবে ও শৈথিল্য বিনা ঐ নিদর্শনপত্রের দৃশ্য মর্ম্মানুসারে তাঁহাকে মুদ্রা দেওয়া গেলে, ও যে অবস্থায় দেওয়া যায়, তদ্বিবেচনায় তিনি ঐ নিদর্শনপত্রের উল্লিখিত মুদ্রা প্রাপ্তের স্বত্ববান যে নহেন এমত জ্ঞান করিবার যুক্তিসঙ্গত হেতু না থাকিলে, "যথাক্রমে মুদ্রা প্রদান" শব্দে তদ্রূপ প্রদান বুঝিতে হইবে।

"যথাক্রমে মুদ্রা প্রদান।"

১১ ধারা। যে ঋণপত্র কি বিল অব একসচেঞ্জ কি চ্যাক ব্রিটিস ভারতবর্ষের মধ্যে লেখা বা করা যায় এবং ব্রিটিস ভারতবর্ষের মধ্যে যাহার মুদ্রা দিতে হইবে কিম্বা ব্রিটিস ভারতবর্ষের মধ্যবাসি কোন ব্যক্তির উপর যাহা দেওয়া যায়, তাহা "দেশীয় নিদর্শনপত্র" বলিয়া জ্ঞান হইবে।

দেশীয় নিদর্শনপত্র।

১২ ধারা। যে নিদর্শনপত্র পূর্ব্বোক্তমতে লেখা বা করা না যায় বা যাহার মুদ্রা পূর্ব্বোক্তমতে দিতে না হয় তাহা "ভিন্নদেশীয় নিদর্শনপত্র" বলিয়া জ্ঞান হইবে।

ভিন্নদেশীয় নিদর্শনপত্র।

১৩ ধারা। ঋণপত্রের কি বিল অব একসচেঞ্জের কি চ্যাকের মধ্যে নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি তাঁহার আদেশমতে, কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তির আদেশমতে কিম্বা ঐ পত্রবাহকে, কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি ঐ পত্র বাহককে তল্লিখিত মুদ্রা দিবার আদেশ থাকিলে, "ক্রয়বিক্রেয় নিদর্শনপত্র" শব্দে সেই ঋণপত্র কি বিল অব একসচেঞ্জ কি চ্যাক বুঝিতে হইবে।

ক্রয়বিক্রয় নিদর্শনপত্র।

১৪ ধারা। কোন ব্যক্তি যাহাতে ঋণপত্রের কি বিল অব একসচেঞ্জের কি চ্যাকের অধিকারী হইয়া উঠেন ঐ নিদর্শনপত্র এমত করিয়া হস্তান্তর করিয়া তাঁহাকে দেওয়া গেলে, তাহা বিক্রয় করা গেল বলা যায়।

বিক্রয়।

15. When the maker or holder of a negotiable instrument signs the same, otherwise than as such maker for the purpose of negotiation, on the back or face thereof or on a slip of paper annexed thereto, or so signs for the sam epurpose a stamped paper intended to be completed as a negotiable instrument, he is said to indorse the same, and is called the "indorser."

Indorsement.

১৫ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র যাহার দ্বারা লেখা যায় ঐ পত্রলেখকস্বরূপ না হইয়া তিনি বা ঐ পত্রের অধিকারী তাহা বিক্রয় করিবার উদ্দেশে তাহার পৃষ্ঠে বা সম্মুখভাগে বা তৎসংযুক্ত এক খণ্ড কাগজে স্বাক্ষর করিলে, কিম্বা যে ইষ্টাম্প কাগজে ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র লিখিয়া দিবার কল্পনা থাকে তাহাতে সেই উদ্দেশে স্বাক্ষর করিলে, তিনি তাহার পৃষ্ঠলিপি করেন বলা যায় ও তাঁহাকে "পৃষ্ঠলিপিকারক" বলা যায়।

পৃষ্ঠলিপির কথা।

16. If the indorser signs his name only, the indorsement is said to be "in blank," and if he adds a direction to pay the amount mentioned in the instrument to, or to the order of, a specified person, the indorsement is said to be "in full;" and the person so specified is called the "indorsee" of the instrument.

Indorsement "in blank" and "in full."

"Indorsee."

১৬ ধারা। পৃষ্ঠলিপিকারক আপন নামমাত্র স্বাক্ষর করিলে, তাহা "নামমাত্রের পৃষ্ঠলিপি" বলা যায়। নিদর্শনপত্রের উল্লিখিত টাকা নির্দ্দিষ্ট কোন ব্যক্তিকে কি তাহার আদেশমতে দিবার আদেশ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলে, তাহা "সম্পূর্ণ পৃষ্ঠলিপি" বলা যায়, ও যে ব্যক্তিকে তদ্রূপে নির্দ্দিষ্ট করা যায় তাঁহাকে ঐ নিদর্শনপত্রের "পৃষ্ঠলিপিক্রমে প্রাপক" বলা যায়

"নামমাত্রের পৃষ্ঠলিপি" ও "সম্পূর্ণ পৃষ্ঠলিপি" কথনের কথা।

"পৃষ্ঠলিপিক্রমে প্রাপক।"

17. Where an instrument may be construed either as a promissory note or bill of exchange, the holder may at his election treat it as either, and the instrument shall be thenceforward treated accordingly.

Ambiguous instruments.

১৭ ধারা। কোন নিদর্শনপত্রের ভাব দৃষ্টে যদি ঐ পত্র খানি ঋণপত্র কিম্বা বিল অফ এক্সচেঞ্জ বলিয়া জ্ঞান যাইতে পারে, তবে সেই পত্রের অধিকারী স্বেচ্ছামতে তাহা লইয়া এক বা অন্য পত্রস্বরূপ কার্য্য করিতে পারিবেন, ও তদবধি ঐ পত্র লইয়া তদনুসারে কার্য্য করা যাইবে।

দ্ব্যর্থ নিদর্শনপত্রের কথা।

18. If the amount undertaken or ordered to be paid is stated differently in figures and in words, the amount stated in words shall be the amount undertaken or ordered to be paid.

Where amount is stated differently in figures and words.

১৮ ধারা। যে মুদ্রা দিবার প্রতিজ্ঞা কি আদেশ থাকে অঙ্কেতে তাহার এক সংখ্যা ও অক্ষরে অন্য সংখ্যা লেখা থাকিলে, অক্ষরে যে সংখ্যা লেখা আছে তাহাই দিবার প্রতিজ্ঞা কি আদেশ হইল বলিয়া জ্ঞান হইবে।

অঙ্কেতে ও অক্ষরে ভিন্নং সংখ্যার মুদ্রা লেখা গেলে, তদ্বিষয়ক কথা।

19. A promissory note or bill of exchange, in which no time for payment is specified, and a cheque are payable on demand.

Instruments payable on demand.

১৯ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মুদ্রা দিবার সময় নির্দ্ধারিত না থাকিলে তাহার, ও চ্যাকের টাকা চাহিবামাত্র দেয় হইবে।

যেং নিদর্শনপত্রের টাকা চাহিবামাত্র দিতে হইবে তাহার কথা।

20. Where a stamped paper, which is intended to be completed as a negotiable instrument, is signed and delivered by a competent person as maker, drawer, acceptor, or indorser, the holder thereof may complete the same by filling up any blanks therein, and the person so signing shall be liable upon such instrument, in the capacity in which he signed the same, for any amount which may be specified therein not exceeding the amount covered by the stamp thereon: provided that, as between the person delivering and the person receiving the instrument, nothing in excess of the amount intended by them to be paid shall be recovered.

Blank stamped instruments.

২০ ধারা। যে ইষ্টাম্পকাগজে ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র লিখিয়া দিবার কল্পনা থাকে, ঐ পত্রকারক বা লেখক বা স্বীকারকারী বা পৃষ্ঠলিপিকারক বলিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তি স্বাক্ষর করিয়া তাহা অর্পণ করিলে, ঐ পত্রের যেং স্থানে ফাক থাকে পত্রের অধিকারী তাহাতে লিখিয়া পত্র পূর্ণ করিতে পারিবেন, ও ইষ্টাম্পের মূল্য বিবেচনায় যত টাকার নিদর্শনপত্র হইতে পারে তাহার অনধিক যত টাকা তন্মধ্যে লেখা থাকে, ঐ স্বাক্ষরকারী লেখক প্রভৃতি স্বরূপ যে পদোপলক্ষে স্বাক্ষর করিলেন তদনুসারে তত টাকার দায়ী হইবেন। পরন্তু যে ব্যক্তি ঐ নিদর্শনপত্র করিয়া দেন ও যিনি তাহা গ্রহণ করেন তাঁহাদের মধ্যে, যত টাকা দিবার কল্পনা ছিল তদধিক আদায় হইতে পারিবে না।

ইষ্টাম্পযুক্ত শাদা নিদর্শন পত্রের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

Illustration.

A stamped paper intended to be completed as a negotiable instrument is made payable to "   or order:" the holder of such instrument may fill up the blank with his own name, or that of any other person.

21. In a promissory note or bill of exchange the expressions "at sight" and "on presentment" mean on demand. The expression "after sight" means, in a promissory note, after presentment for sight, and in a bill of exchange, after acceptance or protest for non-acceptance.

"At sight."
"On presentment."
"After sight."

22. The maturity of a promissory note or bill of exchange is the date at which it falls due.

"Maturity."

Every promissory note or bill of exchange which is not expressed to be payable on demand, at sight, or on presentment, is at maturity on the third day after the day on which it is expressed to be payable.

Days of grace.

23. In calculating the date at which a promissory note or bill of exchange, made payable a stated number of months after date or after sight, or after a certain event, is at maturity, the period stated shall be held to terminate on the day of the month which corresponds with the day on which the instrument is dated, or presented for acceptance or sight, or protested for non-acceptance, or the event happens, or, where the instrument is a bill of exchange made payable, a stated number of months after sight and has been accepted for honour, with the day on which it was so accepted. If the month in which the period would terminate has no corresponding day, the period shall be held to terminate on the last day of such month.

Calculating maturity of bill or note payable so many months after date or sight.

Illustrations.

(*a*) A negotiable instrument dated 29th January 1878 is made payable at one month after date. The instrument is at maturity on the third day after the 28th February 1878.

(*b*) A negotiable instrument dated 30th August 1878 is made payable three months after date. The instrument is at maturity on the 3rd December 1878.

(*c*) A promissory note or bill of exchange, dated 31st August 1878, is made payable three months after date. The instrument is at maturity on the 3rd December 1878.

[*Government Gazette*, 20*th May* 1879.]

উদাহরণ।

ইষ্টাম্প কাগজে ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র লিখিয়াদিবার কল্পনা থাকিলে তাহার টাকা "শ্রী   কে কি তাঁহার আজ্ঞামতে" দিতে হইবে এইরূপে লেখা হইলে, ঐ পত্রের অধিকারী ঐ ফাক স্থানে আপনার কি অন্য কোন ব্যক্তির নাম লিখিতে পারিবেন।

২১ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মধ্যে "দেখাইবামাত্র" ও "উপস্থিত করণ সময়ে" এইং শব্দ থাকিলে চাহিবা মাত্র বুঝাইবে। "দেখাইবার পর" এই শব্দ ঋণপত্রে থাকিলে, "দেখাইবার জন্যে উপস্থিত করণের পর" বুঝাইবে, ও বিল অফ এক্সচেঞ্জে থাকিলে সাকরিয়া দিবার পর কিম্বা সাকরিয়া না দেওয়াতে প্রোটেষ্ট হইবার পর বুঝাইবে।

"দেখাইবামাত্র।"
উপস্থিত করণ সময়ে।
"দেখাইবার পর।"

২২ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা যে তারিখে দেনা পড়ে তাহাই তাহার মিয়াদ পূর্ণ হইবার দিন।

মিয়াদ পূর্ণ হইবার কথা।

চাহিবামাত্র কি দেখাইবামাত্র কি উপস্থিত করণ সময়ে যাহার টাকা দিতে হইবে এরূপ ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ ভিন্ন, প্রত্যেক ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা যে দিনে দিতে হইবে বলিয়া ব্যক্ত হয়, তাহার পর তৃতীয় দিনে তাহার মিয়াদ পূর্ণ হয়।

রেয়াতের দিনের কথা।

২৩ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের তারিখ অবধি কি তাহা দেখাইবার পর কিম্বা বিশেষ ঘটনার পর নির্দ্দিষ্ট কয়েক মাসান্তর তাহার টাকা দিতে হইলে, সেই পত্রের কি বিলের মিয়াদ কোন্ দিনে পূর্ণ হইবে ইহার হিসাব করিতে গেলে. ঐ নিদর্শনপত্র যে মাসের যে তারিখে লেখা যায় বা যে তারিখে সাকরাইয়া লইবার বা দেখাইবার নিমিত্ত উপস্থিত করা যায়, বা উক্ত ব্যাপার ঘটে, তৎপশ্চাৎ নির্দ্দিষ্ট মাসের সেই তারিখে কিম্বা বিল অফ এক্সচেঞ্জ হইলে ও দেখাইবার পর নির্দ্দিষ্ট কএক মাসান্তর টাকা দিবার নিয়ম থাকিলে, ও মান রক্ষার্থে তাহা সাকরিয়া দেওয়া গেলে যে তারিখে সাকরান গেল নির্দ্দিষ্ট ঐ মাসের সেই তারিখে মিয়াদ পূর্ণ হইল বলিয়া জ্ঞান হইবে। যে মাসে ঐ মিয়াদ পূর্ণ হয় সেই মাসের সেই তারিখ না থাকিলে, ঐ মাসের শেষ তারিখে মিয়াদ পূর্ণ হইল বলিয়া জ্ঞান হইবে।

বিলের কি পত্রের তারিখের বা তাহা দেখাইবার পর এত মাসান্তর তাহার টাকা দিতে হইলে, মিয়াদ যে সময়ে পূর্ণ হইবে তদ্বিবরের কথা।

উদাহরণ।

(ক) ১৮৭৮ সালের ২৯ জানুয়ারির ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের টাকা ঐ তারিখ অবধি একমাস গত হইলে দেনা পড়িবে। ঐ মিয়াদ ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ২৮ তারিখের পর তৃতীয় দিনে পূর্ণ হয়।

(খ) ১৮৭৮ সালের ৩০ আগষ্টের ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের টাকা ঐ তারিখ অবধি তিন মাসান্তর দেনা পড়িবে। ১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখে নিদর্শনপত্রের মিয়াদ পূর্ণ হয়।

(গ) ১৮৭৮ সালের ৩১ আগষ্টের ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের টাকা ঐ তারিখ অবধি তিন মাসান্তর দেনা পড়ে। ১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখে ঐ মিয়াদ পূর্ণ হয়।

Calculating maturity of bill or note payable so many days after date or sight.

24. In calculating the date at which a promissory note or bill of exchange, made payable a certain number of days after date or after sight, or after a certain event, is at maturity, the day of the date, or of presentment for acceptance or sight, or of protest for non-acceptance, or on which the event happens, shall be excluded.

When day of maturity is a holiday.

25. When the day on which a promissory note or bill of exchange is at maturity is a public holiday, the instrument shall be deemed to be due on the next preceding business day.

Explanation.—The expression "public holiday" includes Sundays, New Year's day, Christmas day: if either of such days falls on a Sunday, the next following Monday: Good Friday; and any other day declared by the Local Government, by notification in the official Gazette, to be a public holiday.

Presumptions as to negotiable instruments;

26. Until the contrary is proved, the following presumptions shall be made:—

of consideration;

(*a*) that every negotiable instrument was made or drawn for consideration, and that every such instrument, when it has been accepted, indorsed, negotiated or transferred was accepted, indorsed, negotiated or transferred for consideration:

as to date;

(*b*) that every negotiable instrument bearing a date was made or drawn on such date:

as to time of acceptance;

(*c*) that every accepted bill of exchange was accepted within a reasonable time after its date and before its maturity:

as to time of transfer;

(*d*) that every transfer of a negotiable instrument was made before its maturity:

as to order of indorsements;

(*e*) that the indorsements appearing upon a negotiable instrument were made in the order in which they appear thereon:

as to stamp;

(*f*) that a lost promissory note, bill of exchange or cheque was duly stamped:

তারিখের পর কি দেখাইবার পর এত দিনান্তর বিলের কি পত্রের টাকা দেনা পড়িলে যে তারিখে মিয়াদ পূর্ণ হয় তদ্বিষয়ের কথা।

২৪ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের তারিখের পর কিম্বা তাহা দেখাইবার কি বিশেষ ব্যাপার ঘটিবার পর নির্দ্দিষ্ট কএক দিনান্তর টাকা দেনা পড়িলে তাহার মিয়াদ যে তারিখে পূর্ণ হয় ইহার হিসাব করিতে গেলে, উক্ত তারিখ কিম্বা সাকরাইয়া লইবার কি দেখাইবার নিমিত্ত উপস্থিত করণের বা উক্ত ব্যাপার ঘটনের তারিখ ধরিতে হইবে না।

মিয়াদ পূর্ণহইবার দিন বন্ধের দিন হইলে তদ্বিষয়ক কথা।

২৫ ধারা। ঋণপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের মিয়াদ যে দিনে পূর্ণ হয় তাহা সাধারণের ছুটীর দিন হইলে কার্য্য চলনের তৎ পূর্ব্ব দিনে ঐ নিদর্শনপত্রের টাকা দেনা বলিয়া জ্ঞান হইবে।

ব্যাখ্যা।—"সাধারণের ছুটীর দিন" এই কথার মধ্যে রবিবার, ও ইংরেজি নূতন বৎসরের প্রথম দিন, ও কৃষ্টমাস ডেও ঐ দুইটী দিনের মধ্যে কোনটী রবিবারে পড়িলে, পরবর্ত্তী সোমবার, ও গুডফ্রাইডে, ও স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যে দিন "সাধারণের ছুটীর" দিন বলিয়া প্রকাশ করেন তাহাও গণ্য।

ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের বিষয়ে যে অনুমান হইবে তদ্বিষয়ক কথা।

২৬ ধারা। যাবৎ নিম্নলিখিত অনুমানের বিপরীত প্রমাণ না পাওয়া যায়, এই২ অনুমান করা যাইবে।

উপযুক্ত মূল্যের বিনিময়ের কথা।

(ক) মূল্য পাইয়া ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র করা কি লেখা গিয়াছে ও তদ্রূপ নিদর্শনপত্র সাকরিয়া দেওয়া গেলে কি তাহার পৃষ্ঠ লিপি করা গেলে ও বিক্রয় কি হস্তান্তর করা গেলে মূল্য পাইয়া তাহা সাকরিয়া দেওয়া ও তাহার পৃষ্ঠলিপি লেখা ও তাহা বিক্রয় কি হস্তান্তর করা গিয়াছে।

তারিখ বিষয়ক কথা।

(খ) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রে তারিখ দেওয়া থাকিলে তাহা সেই তারিখে করা কি লেখা গিয়াছে।

সাকরাইয়া লইবার সময় বিষয়ক কথা।

(গ) বিল অফ এক্সচেঞ্জ সাকরিয়া দেওয়া গেলে ঐ বিলের তারিখের পর ও মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে তাহা সাকরিয়া দেওয়া গিয়াছে।

হস্তান্তর করণের সময় বিষয়ক কথা।

(ঘ) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র হস্তান্তর করা গেলে মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে হস্তান্তর করা গিয়াছে।

পৃষ্ঠলিপির ক্রম বিষয়ক কথা।

(ঙ) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে যেং লিপি থাকে তাহা যে ক্রমে আছে সেই ক্রমে লেখা গিয়াছে।

ইষ্টাম্প বিষয়ক কথা।

(চ) বিল অফ এক্সচেঞ্জ কি ঋণপত্র কি চাক হারান গেলে তাহাতে উপযুক্ত ইষ্টাম্প দেওয়া ছিল।

that holder is a holder in due course.

(g) that the holder of a negotiable instrument is a holder in due course provided, that where the instrument has been obtained from its lawful owner, or from any person in lawful custody thereof by means of an offence or fraud, or has been obtained from the maker or acceptor thereof by means of an offence or fraud, or for unlawful consideration, the burthen of proving that the holder is a holder in due course lies upon him.

CHAPTER III.

Parties to Notes, Bills, and Cheques.

Capacity to make, &c., promissory notes, &c.

27. Every person capable of contracting, according to the law to which he is subject, may bind himself and be bound by the making, drawing, acceptance, indorsement, delivery and negotiation of a promissory note, bill of exchange, or cheque.

Minor.

A minor may draw, indorse, deliver, and negotiate such instruments so as to bind all parties except himself.

Nothing herein contained shall be deemed to empower a corporation to make, indorse, or accept such instruments except in cases in which, under the law for the time being in force, they are so empowered.

Agency.

28. Every person capable of binding himself or of being bound, as mentioned in section 27, may so bind himself or be bound by a duly authorized agent acting in his name.

A general authority to transact business and to receive and discharge debts does not confer upon an agent the power of accepting or indorsing bills exchange so as to bind his principal.

An authority to draw bills of exchange does not of itself import an authority to indorse.

Liability of agent signing.

29. An agent who signs his name to a promissory note, bill of exchange or cheque, without indicating thereon that he signs as agent, or that he does not intend thereby to incur personal responsibility, is liable personally on the instrument, except to those who induced him to sign upon the belief that the principal only would be held liable.

[Government Gazette, 20th May 1879.]

ঐ পত্রের অধিকারী যথাক্রমে অধিকারী হওনবিষয়ক কথা।

(ছ) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের অধিকারী যথাক্রমে অধিকারী আছেন।

কিন্তু বৈধ স্বামির স্থানে কিম্বা বৈধমতে যাহার জিম্মায় থাকে তাহার স্থানে, কোন অপরাধ বা প্রতারণা দ্বারা ঐ নিদর্শনপত্র পাওয়া গেলে কিম্বা যিনি ঐ পত্র লেখেন বা সাকরিয়া দেন কোন অপরাধ বা প্রতারণা দ্বারা কিম্বা অবৈধ মূল্য দিয়া ঐ পত্র তাহার স্থানে পাওয়া গেলে, ঐ পত্র যাঁহার নিকট থাকে তিনিই যথাক্রমে যে তাহা পাইয়াছেন ইহার প্রমাণ করিবার ভার তাঁহারই প্রতি বর্ত্তিবে।

তৃতীয় অধ্যায়।

ঋণপত্রের ও বিলের ও চ্যাকের নানা পক্ষ বিষয়ক বিধি।

ঋণপত্র প্রভৃতি করণ প্রভৃতির ক্ষমতার কথা।

২৭ ধারা। যে ব্যক্তি যে আইনের অধীন হন সেই আইনমতে চুক্তি করিতে সমর্থ হইলে তিনি ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক করিয়া বা লিখিয়া বা সাকরিয়া বা তাহার পৃষ্ঠলিপি লিখিয়া বা অর্পণ বা ক্রয়বিক্রয় করিয়া আপনাকে বদ্ধ করিতে ও তৎক্রমে বদ্ধ হইতে পারিবেন।

নাবালগদের কথা।

নাবালগ যাহাতে আপনাকে ভিন্ন অন্য সকল পক্ষকে বদ্ধ করেন, এমতে উক্ত প্রকারে নিদর্শনপত্র করিতে ও তাহার পৃষ্ঠে লিখিতে ও অর্পণ ও ক্রয়বিক্রয় করিতে পারিবেন।

যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে সমবায়িত সমাজের উক্তরূপ নিদর্শনপত্র লিখিয়া দিবার বা তাহার পৃষ্ঠলিপি লিখিবার বা সাকরিয়া দিবার ক্ষমতা না থাকিলে এই ধারার কোন কথা দ্বারা সেই ক্ষমতা যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

সপক্ষ কর্ম্মকারকের দ্বারা কার্য্য করণ বিষয়ক কথা।

২৮ ধারা। কোন ব্যক্তি ২৭ ধারামতে আপনাকে বদ্ধ করিতে কিম্বা আপনি বদ্ধ হইতে সক্ষম হইলে, স্বীয় নামে কর্ম্মকারি উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারকের দ্বারা তদ্রূপে আপনাকে বদ্ধ করিতে বা আপনি বদ্ধ হইতে পারিবেন।

কোন ব্যক্তি সপক্ষ কর্ম্মকারককে কার্য্য নির্ব্বাহ করিবার ও ঋণ গ্রহণ ও শোধ করিবার সাধারণ ক্ষমতাপত্র দিলেও তাহার বলে মুনিব যাহাতে বদ্ধ হন ঐ কর্ম্মকারক এমন করিয়া বিল অফ এক্সচেঞ্জ সাকরিয়া দিতে কি তাহার পৃষ্ঠলিপি লিখিতে সক্ষম হইবেন না।

বিল অফ একসচেঞ্জ লিখিবার ক্ষমতাপত্র থাকিলেও কেবল তদ্দ্বারা পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা থাকার ভাব বুঝায় না।

কর্ম্মকারক স্বাক্ষর করিলে দায়ের কথা।

২৯ ধারা। অন্যের সপক্ষ কর্ম্মকারক, কর্ম্মকারক স্বরূপ স্বাক্ষর করিতেছেন কিম্বা নিজে কোন দায় স্বীকার করিতে কল্পনা করেন না, এই মর্ম্মের কোন কথা না লিখিয়া ঋণপত্রে কি বিল অফ এক্সচেঞ্জে কি চ্যাকে নাম স্বাক্ষর করিলে, তিনি ঐ নিদর্শনপত্রক্রমে স্বয়ং দায়ী হন। কিন্তু কেবল মুখ্য ব্যক্তি যে দায়ী হইবেন তাঁহার মনে এমত বিশ্বাস জন্মাইয়া যাঁহারা তাঁহাকে স্বাক্ষর করিতে প্রবৃত্তি দেন তাঁহাদের নিকট দায়ী হইবেন না।

30. A legal representative of a deceased person who signs his name to a promissory note, bill of exchange or cheque, is liable personally thereon, unless he expressly limits his liability to the extent of the assets received by him as such.

Liability of legal representative signing.

31. Where there are several drawees of a bill of exchange who are not partners, each of them can accept it for himself, but none of them can accept it for another without his authority.

Acceptance by several drawees not partners.

32. The drawer of a bill of exchange or cheque is bound, in case of dishonour by the drawee or acceptor thereof, to compensate the holder for any loss or damage caused thereby, provided due notice of dishonour has been given to, or received by, the drawer as hereinafter provided.

Liability of drawer.

33. The drawee of a cheque having sufficient funds of the drawer in his hands properly applicable to the payment of such cheque must pay the cheque when duly required so to do, and, in default of such payment, must compensate the drawer for any loss or damage caused by such default.

Liability of drawee of cheque.

34. In the absence of a contract to the contrary, the maker of a promissory note and the acceptor before maturity of a bill of exchange, are bound to pay the amount thereof at maturity according to the apparent tenor of the note or acceptance respectively, and the acceptor of a bill of exchange, at or after maturity, is bound to pay the amount thereof to the holder on demand.

Liability of maker of note and acceptor of bill.

In default of such payment as aforesaid, such maker or acceptor is bound to compensate any party to the note or bill for any loss or damage sustained by him, and caused by such default.

The provisions of this section are subject to those of sections 27, 29, 48, 49, 50, 62, 68, 72, 73, and 86.

35. No person, except the drawee of a bill of exchange, or all or some of several joint drawees, or a person named therein as a drawee in case of need, or an

Only drawee can be acceptor except, in need or for honour.

৩০ ধারা। বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি বিল অফ একস্চেঞ্জ কি ঋণপত্রে কি চ্যাকে স্বাক্ষর করিলে ঐ স্থলাভিষিক্ত স্বরূপ তাঁহার হাতে যত স্থিত থাকে কেবল তত দূর পর্য্যন্ত আপনার দায়ের সীমা স্পষ্টরূপে অবধারিত না করিলে, তিনি তৎক্রমে স্বয়ং দায়ী হইবেন।

বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি স্বাক্ষর করিলে তাঁহার দায়ের কথা।

৩১ ধারা। যাঁহারা ব্যবসায়ের অংশী নহেন এমত অনেক ব্যক্তির উপর বিল অফ এক্সচেঞ্জ লেখা গেলে, প্রত্যেক জন আপনার নিমিত্ত তাহা সাকরিয়া দিতে পারিবেন কিন্তু তাঁহাদের মধ্যে এক ব্যক্তি অন্যের স্থানে ক্ষমতা না পাইলে তাঁহার নিমিত্ত সাকরিয়া দিতে পারিবেন না।

যাঁহারা অংশী নহেন এমত অনেক দায়ক সাকরিয়া দিলে তদ্বিষয়ক কথা।

৩২ ধারা। বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের টাকাদায়ক কি স্বীকারকারী যদি তাহা অগ্রাহ্য করেন, তবে নিম্নলিখিত বিধানমতে ঐ বিলের কি চ্যাকের লেখককে ঐ অগ্রাহ্য হইবার উপযুক্ত নোটিস দেওয়া গেলে কিম্বা তিনি নোটিস পাইলে, তদ্দারা ঐ বিলের কি পত্রের অধিকারির কোন ক্ষতি কি হানি হইলে ঐ বিলের কি চ্যাকের লেখকের সেই ক্ষতি কি হানি পুরণ করিতে হইবে।

লেখকের দায়ের কথা।

৩৩ ধারা। চ্যাক যাঁহার উপর দেওয়া যায়, তিনি যাহা হইতে ন্যায্যমতে ঐ চ্যাকের টাকা দিতে পারেন তাহার হাতে এমত উপযুক্ত টাকা থাকিলে, নিয়মমতে আদেশ পাইলে তাঁহার সেই চ্যাকের টাকা দিতে হইবে। না দিলে সেই ত্রুটিদ্বারা ঐ চ্যাকের লেখকের কোন ক্ষতি কি হানি হইলে তাঁহার সেই ক্ষতি কি হানি পুরণ করিতে হইবে।

চ্যাকের টাকাদায়কের দায়ের কথা।

৩৪ ধারা। ভাবান্তরের চুক্তি না হইয়া থাকিলে যিনি ঋণ পত্র লিখিয়া দেন, ও বিল অফ এক্সচেঞ্জের মিয়াদ পুর্ণ হইবার পূর্ব্বে যিনি তাহা সাকরিয়া দেন, তিনি মিয়াদ পূর্ণ হইলে ঐ পত্রের কি সাকরার কথার প্রকাশ ভাবানুসারে তাহার টাকা দিতে বদ্ধ এবং বিলের মিয়াদ পূর্ণ হইলে বা তৎপরে বিল অফ এক্সচেঞ্জ যিনি সাকরিয়া দেন ঐ বিলের অধিকারী চাহিবামাত্র তিনি ঐ বিলের টাকা দিতে বদ্ধ।

ঋণ পত্রের লেখকের ও বিল স্বীকারকারির দায়ের কথা।

পূর্ব্বোক্তমতে না দিলে তাহার সেই ত্রুটির দ্বারা ঐ পত্রের কি বিলের কোন পক্ষের ক্ষতি কি হানি হইলে ঐ পত্র লেখকের কি স্বীকারকারির সেই ক্ষতি কি হানিপুরণ করিয়া দিতে হইবে।

২৭, ২৯, ৪৮, ৪৯, ৫০, ৬২, ৬৮, ৭২, ৭৩, ও ৮৬ ধারার বিধান প্রবল মানিয়া এই ধারার বিধানমত কার্য্য হইবে।

৩৫ ধারা। বিল অফ একসচেঞ্জ যে ব্যক্তির উপর দেওয়া যায় তিনি, কিম্বা যৌতায় অনেকের উপর দেওয়া গেলে তাঁহাদের সকল কি কোন২ ব্যক্তি, কিম্বা বিলে প্রয়োজনীয় স্থলের দায়ক বলিয়া কিম্বা মানরক্ষার্থ

প্রয়োজনীয় স্থল কি মান রক্ষার্থ ভিন্ন, যাহার উপর বিল দেওয়া যায় কেবল তাঁহারই সাকরিয়া দিতে হইবার কথা।

acceptor for honour, can bind himself by an acceptance.

36. In the absence of a contract to the contrary, whoever indorses and delivers a negotiable instrument before maturity, without, in such indorsement, expressly including or making conditional his own liability, is bound thereby to every subsequent holder, in case of dishonour by the drawee, acceptor, or maker, to compensate such holder for any loss or damage caused to him by such dishonour, provided due notice of dishonour has been given to, or received by, such indorser as hereinafter provided.

Liability of indorser.

Every indorser after dishonour is liable as upon an instrument payable on demand.

The provisions of this section are subject to those of sections 27, 29, 48, 49, 50, 59, 60, 62, 65, 66, 68, 72, 76, 86, 87, 88, 90, 91, and 101, clause (*a*).

37. Every prior party to a negotiable instrument is liable thereon to a holder in due course until the instrument is duly satisfied.

Liability of prior parties to holder in due course.

38. The maker of a promissory note or cheque, the drawer of a bill of exchange until acceptance, and the acceptor are, in the absence of a contract to the contrary, respectively liable thereon as principal debtors, and the other parties thereto are liable thereon as sureties for the maker, drawer, or acceptor, as the case may be.

Maker, drawer, and acceptor principals.

39. As between the parties so liable as sureties, each prior party is, in the absence of a contract to the contrary, also liable thereon as a principal debtor in respect of each subsequent party.

Prior party a principal in respect of each subsequent party.

Illustration.

A draws a bill payable to his own order on B, who accepts. A afterwards indorses the bill to C, C to D, and D to E. As between E and B, B is the principal debtor, and A, C, and D are his sureties. As between E and A, A is the principal debtor, and C and D are his sureties. As between E and C, C is the principal debtor and D is his surety.

40. When the holder of an accepted bill of exchange enters into any contract with the acceptor, which, under section 134 or 135 of the Indian Contract Act, 1872, would dis-

Suretyship.

স্বীকারকারী বলিয়া যাঁহার নাম লেখা থাকে, তদ্ভিন্ন কোন ব্যক্তি সাকরিয়া দিয়া আপনাকে বদ্ধ করিতে পারিবেন না।

৩৬ ধারা। ভাবান্তরের চুক্তি না থাকিলে, কোন ব্যক্তি ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে পৃষ্ঠলিপি লিখিয়া অন্যকে অর্পণ করিলে, যদি সেই লিপিতে আপনার দায় অস্বীকার কিম্বা নিয়মাধীন না করেন, তবে টাকাদায়ক কি স্বীকারকারী কি লেখক তাহা অগ্রাহ্য করিলে, ও পৃষ্ঠলিপিকারককে নিম্নলিখিত বিধানমতে অগ্রাহ্য হইবার উপযুক্ত নোটিস দেওয়া গেলে কিম্বা তিনি নোটিস পাইলে ঐ স্বাক্ষর করণের পর ঐ পত্র যে ব্যক্তির অধিকারে যায়, অগ্রাহ্য হওন প্রযুক্ত তাঁহার যে ক্ষতি কি হানি হয় ঐ পৃষ্ঠলিপিকারকের সেই ক্ষতি কি হানি পূরণ করিতে হইবে।

পৃষ্ঠলিপিকারকের দায়ের কথা।

অগ্রাহ্য হইবার পর কোন ব্যক্তি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিলে, চাহিবামাত্র পত্রের টাকা দিতে হইলে যে দায় হয় তাঁহার সেই দায় হইবে।

২৭, ২৯, ৪৮, ৪৯, ৫০, ৫৯, ৬০, ৬২, ৬৫, ৬৬, ৬৮, ৭২, ৭৬, ৮৬, ৮৭, ৮৮, ৯০, ৯১ ধারা ও ১০১ ধারার (ক) প্রকরণ প্রবল মানিয়া, এই ধারার বিধানমতে কার্য্য হইবে।

৩৭ ধারা। যাবৎ ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের মর্ম্মানুসারে কার্য্য সাধন না হয় ঐ পত্রের প্রত্যেক পক্ষ আপনার পশ্চাৎ যথাক্রমে অধিকারির নিকট দায়ী থাকেন।

যথাক্রমে অধিকারির নিকট পূর্ব্ব পক্ষের দায়ের কথা।

৩৮ ধারা। যিনি ঋণপত্র কি চ্যাক কি বিল অফ একসচেঞ্জ লিখিয়া দেন; ভাবান্তরের চুক্তি না থাকিলে, ঐ পত্রের কি চ্যাকের লেখক ও বিল সাকরিয়া না দেওন পর্য্যন্ত ঐ বিলের লেখক এবং স্বীকারকারী প্রত্যেকে মুখ্য ঋণীস্বরূপ দায়ী, ও ঐ২ পত্রের অন্য পক্ষেরা ঐ পত্রকারকের বা স্থলবিশেষে পত্রলেখকের বা স্বীকারকারির প্রতিভূ স্বরূপ দায়ী থাকেন।

পত্রকারক ও লেখক ও স্বীকারকারী মুখ্য ঋণী হইবার কথা।

৩৯ ধারা। প্রতিভূস্বরূপ যে২ পক্ষ উক্ত প্রকারে দায়ী হন তাঁহাদের মধ্যে ভাবান্তরের চুক্তি না থাকিলে পূর্ব্ব পক্ষ প্রত্যেক জন তৎপশ্চাৎ প্রত্যেক পক্ষের নিকট মুখ্য ঋণীস্বরূপ দায়ী থাকেন।

পূর্ব্ব পক্ষ পশ্চাৎ পক্ষের নিকট মুখ্য ঋণী হইবার কথা।

উদাহরণ।

আপনার আদেশমতে যে বিলের টাকা দিতে হইবে আনন্দ বলরামের নামে এমত বিল লিখিয়া দিলে, বলরাম তাহা সাকরিয়া দিলেন। পরে আনন্দ পৃষ্ঠলিপি লিখিয়া চন্দ্রকে, ও চন্দ্র পৃষ্ঠলিপি লিখিয়া দিননাথকে ও দিননাথ পৃষ্ঠলিপি লিখিয়া ঈশানকে দেন। এই স্থলে ঈশানের ও বলরামের মধ্যে এই সম্বন্ধ আছে যে বলরাম মুখ্য ঋণী ও আনন্দ ও চন্দ্র ও দিননাথ প্রতিভূ। ঈশান ও আনন্দের মধ্যে সম্বন্ধ এই, আনন্দ মুখ্য ঋণী ও চন্দ্র ও দিননাথ তাঁহার প্রতিভূ। ঈশানের ও চন্দ্রের মধ্যে সম্বন্ধ এই, চন্দ্র মুখ্য ঋণী ও দিননাথ তাঁহার প্রতিভূ।

৪০ ধারা। যে বিল অফ এক্সচেঞ্জ সাকরান গিয়াছে তাহার অধিকারী যদি স্বীকারকারির সঙ্গে কোন চুক্তি করেন ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক ১৮৭২ সালের আইনের ১৩৪ বা ১৩৫ ধারামতে যদি সেই চুক্তির এমত অন্য পক্ষদের

প্রতিভূতার কথা।

charge the other parties, the holder may expressly reserve his right to charge the other parties, and in such case they are not discharged.

41. Where the holder of a negotiable instrument, without the consent of the indorser, destroys or impairs the indorser's remedy against a prior party, the indorser is discharged from liability to the holder to the same extent as if the instrument had been paid at maturity.

Discharge of indorser's liability.

Illustration.

A is the holder of a bill of exchange made payable to the order of B, which contains the following indorsements in blank:—

First indorsement, "B."
Second indorsement, "Peter Williams."
Third indorsement "Wright and Co."
Fourth indorsement, "John Rozario,"

This bill A puts in suit against John Rozario and strikes out, without John Rozario's consent, the indorsements by Peter Williams and Wright and Co. A is not entitled to recover anything from John Rozario.

42. No maker of a promissory note, and no drawer of a bill of exchange or cheque, and no acceptor of a bill of exchange for the honour of the drawer shall, in a suit thereon by a holder in due course, be permitted to deny the validity of the instrument as originally made or drawn.

Estoppel against denying original validity of instrument.

43. No maker of a promissory note and no acceptor of a bill of exchange payable to, or to the order of, a specified person shall, in a suit thereon by a holder in due course, be permitted to deny the payee's capacity, at the date of the note or bill, to indorse the same.

Estoppel against denying capacity of payee to indorse.

44. No indorser of a negotiable instrument shall, in a suit thereon by a subsequent holder, be permitted to deny the signature or capacity to contract of any prior party to the instrument.

Estoppel against denying signature or capacity of prior party.

45. An acceptor of a bill of exchange already indorsed is not relieved from liability by reason that such indorsement is forged, if he

Acceptor bound, although indorsement forged.

দায় রহিত হয়, তাহা হইলে ঐ বিলের অধিকারী অন্য পক্ষদিগেকে দায়ী রাখিবার স্বীয় স্বত্ব স্পষ্ট করিয়া প্রবল রাখিতে পারিবেন। এমত স্থলে তাঁহাদের দায় রহিত হইবে না।

৪১ ধারা। কোন পূর্ব্ব পক্ষের বিপরীতে পৃষ্ঠলিপিকারকের যে প্রতিকার থাকে, ঐ পত্রের অধিকারী যদি পৃষ্ঠলিপিকারকের অনুমতিভিন্ন সেই প্রতিকার নষ্ট করেন কি তাহার হানি করেন, তবে ঐ নিদর্শনপত্রের মিয়াদ পূর্ণ হইলে টাকা দেওয়া যাওয়াতে পৃষ্ঠলিপিকারক যত দূর দায় হইতে মুক্ত হইতেন তিনি তত দূর ঐ অধিকারির নিকট দায়হইতে মুক্ত হইবেন।

পৃষ্ঠলিপি কারকের দায় রহিত হইবার কথা।

উদাহরণ।

যে বিল অফ একসচেঞ্জের টাকা বলরামের আজ্ঞামতে দেওয়া যাইবে তাহা আনন্দের অধিকারে আইসে, তাহার পৃষ্ঠে এই২ নামমাত্রের লিপি আছে,—

প্রথম পৃষ্ঠলিপি " বলরাম।"
দ্বিতীয় পৃষ্ঠলিপি " উমেশচন্দ্র পালিত "
তৃতীয় পৃষ্ঠলিপি " দে কোং।"
চতুর্থ পৃষ্ঠলিপি " যাদবচন্দ্র রায়।"

আনন্দ যাদবচন্দ্র রায়ের অনুমতিবিনা উমেশচন্দ্র পালিতের ও দে কোম্পানির পৃষ্ঠলিপি কাটিয়া যাদবচন্দ্র রায়ের নামে ঐ বিল লইয়া মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ যাদবচন্দ্র রায়ের স্থানে কিছুই পাইবার স্বত্ববান নহেন।

৪২ ধারা। যথাক্রমে বিলের অধিকারির দ্বারা ঋণপত্র প্রভৃতির উপর মোকদ্দমা উপস্থিত করা গেলে, যিনি সেই ঋণপত্র লিখিয়া দেন, ও যিনি বিল অফ এক্সচেঞ্জ কি চেক লিখিয়া দেন, ও লেখকের মানরক্ষার্থে যিনি বিল অফ এক্সচেঞ্জ সাকরিয়া দেন, প্রথম লিখিত ঐ নিদর্শনপত্র সিদ্ধ নয় বলিয়া তাঁহার অস্বীকার করিবার অনুমতি নাই।

আসল পত্রের সিদ্ধতা অস্বীকার করণের বাধার কথা।

৪৩ ধারা। যে ঋণপত্রের কিম্বা বিল অফ এক্সচেঞ্জের টাকা নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি তাঁহার আদেশমতে দিবার নিয়ম থাকে তাহার উপর যথাক্রমে বিলের অধিকারী মোকদ্দমা উপস্থিত করিলে, সেই পত্রের কি সেই বিলের তারিখে টাকা প্রাপকের পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা ছিল না বলিয়া ঐ ঋণপত্রের লেখকের ও বিলের স্বীকারকারির অস্বীকার করিবার অনুমতি নাই।

টাকা প্রাপকের পৃষ্ঠলিপি লিখিবার ক্ষমতা অস্বীকার করিবার বাধার কথা।

৪৪ ধারা। কোন ব্যক্তি ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিয়া দিলে, ও তৎপশ্চাৎ ঐ পত্রের অধিকারী তাহার উপর মোকদ্দমা উপস্থিত করিলে, যিনি আপনার পূর্ব্বে ঐ পত্রের এক পক্ষ ছিলেন, তাঁহার স্বাক্ষর কি তাঁহার চুক্তি করিবার ক্ষমতা ঐ পৃষ্ঠলিপিকারকের অস্বীকার করিবার অনুমতি নাই।

পূর্ব্ব পক্ষের স্বাক্ষর কি ক্ষমতা অস্বীকার করিবার বাধার কথা।

৪৫ ধারা। বিল অফ এক্সচেঞ্জের পৃষ্ঠলিপি লেখা গেলে পর যিনি সেই বিল সাকরিয়া দেন তিনি সাকরিয়া দিবার সময়ে যদি ঐ বিলের পৃষ্ঠলিপি জালকরা বলিয়া জানিতেন কি

পৃষ্ঠলিপি জাল করা হইলেও স্বীকারকারির টাকা দিতে হইবার কথা।

know or had reason to believe the indorsement to be forged when he accepted the bill.

Acceptance of bill drawn in fictitious name.

46. An acceptor of a bill of exchange drawn in a fictitious name and payable to the drawer's order is not, by reason that such name is fictitious, relieved from liability to any holder in due course claiming under an indorsement by the same hand as the drawer's signature, and purporting to be made by the drawer.

Party receiving consideration liable to subsequent parties.

47. If at any time there has been consideration between any parties to a negotiable instrument for the making, drawing, acceptance, indorsement, negotiation or transfer thereof, the party receiving such consideration is, in the absence of a contract to the contrary, liable upon the instrument to all subsequent parties thereto, and every subsequent holder is, as against him, a holder for consideration.

The provisions of this section are subject to those of sections 27, 49, 50, 59, 65, 66, 68, 72, 73, 76, 86, 87, 88, 89, 90, and 91.

Illustrations.

(*a*) A indorses a bill of exchange to B, at the request of C, for C's account with B. B is a holder of the bill for consideration, and if he indorses it as a present to D, D is a holder for consideration as against A.

(*b*) A, the holder of a negotiable instrument, indorses it in full to B, in the belief that B has done something which he has not done. B, for consideration proceeding from C, indorses the instrument in blank to C, and C indorses it to D. D strikes out C's indorsement. D is a holder of the instrument for consideration as against B.

Party not liable to one from whom no consideration moved.

48. When there was no consideration for the making, drawing, acceptance or indorsement of a negotiable instrument, or when the consideration has wholly failed, the maker, drawer, acceptor or indorser is not liable thereon to the party in whose favour the instrument was so made, drawn, accepted or indorsed, or to any party claiming through him, unless consideration was given by the claimant or by some party through whom he derives title. But the maker, drawer, acceptor or indorser is liable to compensate any subsequent party who, being liable on such instrument, pays the amount due thereon.

[*Government Gazette*, 20*th May* 1879.]

তাঁহার এমত বিশ্বাস করিবার কারণ থাকিত তবে সেই পৃষ্ঠলিপি জাল হইয়াছে বলিয়া তিনি দায়হইতে মুক্ত নহেন।

বিল বেনামী লেখা গেলে তাহা সাকরিয়া দিবার কথা।

৪৬ ধারা। বিল অফ এক্সচেঞ্জ যদি কল্পিত নামে লেখা যায় ও লেখকের আদেশমতে টাকা দিবার নিয়ম থাকে, তবে লেখকের স্বাক্ষরের তুল্য অক্ষরে ও লেখকের লিখিত বলিয়া যে পৃষ্ঠলিপি লেখা যায়, সেই পৃষ্ঠলিপিক্রমে যে ব্যক্তি অধিকারী হইয়া দাওয়া রাখেন তাঁহার নিকট ঐ বিলের স্বীকারকারী ঐ নাম কল্পিত বলিয়া দায়হইতে মুক্তি পাইবেন না।

কোন ব্যক্তি পত্রের মুল্যস্বরূপ কিছু পাইলে তৎপশ্চাৎ পক্ষের নিকট তাঁহার দায়ী হইবার কথা।

৪৭ ধারা। কোন সময়ে ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র করিবার কি লিখিবার কি সাকরিয়া দিবার কি পৃষ্ঠলিপি লিখিবার কি বিক্রয় কি হস্তান্তর করিবার নিমিত্ত যদি একপক্ষ অন্য পক্ষকে কোন মুল্য দিয়া থাকেন তবে ভাবান্তরের চুক্তি না থাকিলে যে ব্যক্তি ঐ মুল্য পান তিনি তৎপশ্চাৎ সকল পক্ষের নিকট ঐ পত্রের উপর দায়ী থাকেন ও পশ্চাৎ যিনি অধিকারী হন তিনি ঐ ব্যক্তির পক্ষে মূল্যের উপলক্ষে অধিকারী।

২৭, ৪৯, ৫০, ৫৯, ৬৫, ৬৬, ৬৮, ৭২, ৭৩, ৭৬, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ও ৯১, ধারার বিধান মানিয়া এই ধারার বিধানমতে কার্য্য হইবে।

উদাহরণ।

(ক) বলরামের সঙ্গে চন্দ্রের হিসাব থাকিতে চন্দ্রের আদেশমতে আনন্দ বিল অফ এক্সচেঞ্জের পৃষ্ঠে লিখিয়া বলরামকে দেন বলরাম মূল্যের উপলক্ষে ঐ বিলের অধিকারী ও তিনি কিছু না লইয়া পৃষ্ঠলিপিক্রমে দিননাথকে দিলেও, দিননাথ আনন্দের বিপক্ষে মূল্যের উপলক্ষে ঐ পত্রের অধিকারী।

(খ) বলরামের যাহা কর্ত্তব্য তাহা করেন নাই কিন্তু করিয়াছেন বিবেচনায় আনন্দ নামক ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের অধিকারী সম্পূর্ণ পৃষ্ঠলিপি লিখিয়া তাহা বলরামকে দেন। চন্দ্র তাহার মূল্যস্বরূপ কিছু দিলে বলরাম ঐ নিদর্শনপত্রের পৃষ্ঠে নামমাত্র লিখিয়া চন্দ্রকে দেন ও চন্দ্র পৃষ্ঠলিপি লিখিয়া দিননাথকে দেন। দিননাথ চন্দ্রের লিখিত পৃষ্ঠলিপি উঠাইয়া দেন, দিননাথ মূল্যের উপলক্ষে ঐ নিদর্শনপত্রের অধিকারী আছেন।

যিনি মুল্যস্বরূপ কিছুই না দেন তাঁহার নিকট পক্ষের দায়ী না হইবার কথা।

৪৮ ধারা। যদি ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র করিবার কি লিখিবার কি সাকরিয়া দিবার কি তাহার পৃষ্ঠলিপি লিখিবার মূল্যস্বরূপ কিছুই না দেওয়া যায় কিম্বা মূল্যাদি দিবার সম্পূর্ণ ত্রুটি হইয়া থাকে, তবে দাওয়াদার কিম্বা তিনি যে পক্ষের স্থানে অধিকার প্রাপ্ত হন তিনি মূল্যাদি না দিলে, যাঁহার পক্ষে ঐ নিদর্শনপত্র করা বা লেখা বা সাকরিয়া দেওয়া যায় বা তাহার পৃষ্ঠলিপি লেখা যায় তাঁহার নিকট কিম্বা ঐ পক্ষের দ্বারা কোন দাওয়াদারের নিকট ঐ পত্রকারক কি লেখক কিম্বা স্বীকারকারী কি পৃষ্ঠলিপিকারক দায়ী নহেন। কিন্তু তৎপশ্চাৎ কোন পক্ষ ঐ নিদর্শনপত্র ক্রমে দায়ী হইয়া তাহার টাকা দিয়া থাকেন, ঐ পত্রকারক কি লেখক কি স্বীকারকারী কি পৃষ্ঠলিপিকারক তাঁহার হানি পূরণার্থে দায়ী।

49. When the consideration for which a person signed a promissory note, bill of exchange or cheque consisted of money, and was originally absent in part or has subsequently failed in part, the sum which a holder standing in immediate relation with such signer is entitled to receive from him is proportionally reduced.

Partial absence or failure of money consideration.

Explanation.—The drawer of a bill of exchange stands in immediate relation with the acceptor. The maker of a promissory note, bill of exchange or cheque, stands in immediate relation with the payee, and the indorser with his indorsee. Other signers may by agreement stand in immediate relation with a holder.

Illustration.

A draws a bill on B for Rs. 500 payable to the order of A. B accepts the bill, but subsequently dishonours it by non-payment. A sues B on the bill. B proves that it was accepted for value as to Rs. 400, and as an accommodation to the plaintiff as to the residue. A can only recover Rs. 400.

50. Where a part of the consideration for which a person signed a promissory note, bill of exchange or cheque, though not consisting of money, is ascertainable in money without collateral enquiry, and there has been a failure of that part, the sum which a holder standing in immediate relation with such signer is entitled to receive from him is proportionally reduced.

Partial failure of consideration not consisting of money.

CHAPTER IV.

Of Negotiation.

51. Subject to the provisions of section 62, a promissory note, bill of exchange or cheque payable to bearer is negotiable by delivery thereof.

Negotiation by delivery.

Exception.—A promissory note, bill of exchange or cheque delivered on condition that it is not to take effect except in a certain event is not negotiable (except in the hands of a holder for value without notice of the condition) unless such event happens.

Illustrations.

(a) A, the holder of a negotiable instrument payable to bearer, delivers it to B's agent to keep for B. The instrument has been negotiated.

৪৯ ধারা। যে মূল্য জন্য কোন ব্যক্তি ঋণপত্রে কি বিল অফ এক্সচেঞ্জে কি চ্যাকে স্বাক্ষর করিয়া থাকেন তাহা টাকা হইলেও প্রথমেই সেই টাকার আংশিক অভাব থাকিলে কিম্বা পশ্চাৎ তাহার আংশিক অসংস্থান ঘটিলে, স্বাক্ষরকারির সঙ্গে পত্রের যে অধিকারির সাক্ষাৎসম্বন্ধ থাকে তিনি স্বাক্ষরকারির স্থানে তদনুসারে কম টাকা পাইবার অধিকারী হন।

মূল্যস্বরূপ যে টাকা দিতে হইবে তাহার আংশিক অভাব কি অসংস্থান হইলে তদ্বিষয়ক কথা।

ব্যাখ্যা।—বিল অফ এক্সচেঞ্জের লেখকের সঙ্গে ঐ বিল স্বীকারকারির সাক্ষাৎসম্বন্ধ। ঋণ পত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের লেখকের সঙ্গে টাকা প্রাপকের, ও পৃষ্ঠলিপিকারকের সঙ্গে পৃষ্ঠলিপিক্রমে প্রাপকের সাক্ষাৎ সম্বন্ধ। অন্য স্বাক্ষরকারিগণের সঙ্গে নিয়ম হইলে তাঁহাদের সহিত পত্রের অধিকারির সাক্ষাৎ সম্বন্ধ হইতে পারিবে।

উদাহরণ।

আনন্দ আপনার আজ্ঞামতে টাকা দিবার নিয়মে বলরামের উপর ৫০০ টাকার বিল দেন। বলরাম ঐ বিল সাকরিয়া দিলে পর টাকা না দিয়া তাহা অগ্রাহ্য করিলেন। আনন্দ ঐ বিলের উপর বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন। ঐ বিলের কেবল ৪০০ টাকা মূল্য ছিল ও বাদির উপকারার্থে বাকী এক শত টাকার নিমিত্ত সাকরিয়া দিয়াছিলেন, বলরাম ইহা প্রমাণ করিলে, আনন্দ কেবল ৪০০ টাকা পাইতে পারিবেন।

৫০ ধারা। কোন ব্যক্তি যে মূল্য জন্য ঋণপত্রে কি বিল অফ এক্সচেঞ্জে কি চ্যাকে স্বাক্ষর করেন, তাহার একাংশ টাকা না হইলেও প্রতিপোষণার্থ অনুসন্ধান বিনা টাকার দ্বারা তাহার মূল্য নিরূপণ করা যাইতে পারিলে, সেই অংশ দিবার ত্রুটি হইলে, স্বাক্ষর কারির সঙ্গে ঐ পত্রের যে অধিকারির সাক্ষাৎ সম্বন্ধ থাকে তিনি তদনুসারে কম টাকা পাইবার স্বত্ববান হন।

টাকাভিন্ন কোন দ্রব্য মূল্য স্বরূপ হইলে তাহার একাংশ না থাকিবার কথা।

চতর্থ অধ্যায়।

ক্রয়বিক্রয় বিষয়ক বিধি।

৫১ ধারা। ৬২ ধারার বিধান প্রবল মানিয়া, যে ঋণ পত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের টাকা বাহককে দিতে হইবে বলিয়া লেখা যায় তাহার অর্পণ করণ দ্বারা বিক্রয় হয়।

অর্পণ করিয়া ক্রয়-বিক্রয় করণ বিষয়ক কথা।

বর্জ্জিত স্থল।—বিশেষ ব্যাপার না ঘটিলে ইহার ফল হইবে না এই নিয়মে যে ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক দেওয়া যায়, (যিনি সেই বিষয় অবগত না হইয়া মূল্য দিয়া ঐ পত্রের অধিকারী হন তাঁহার হস্তগত হইবার স্থল ছাড়া) ঐ ব্যাপার না ঘটিলে ঐ পত্র বিক্রেয় নয়।

উদাহরণ।

(ক) যে নিদর্শনপত্রের টাকা বাহককে দিতে হইবে বলিয়া লেখা যায়, ঐ পত্রের অধিকারী আনন্দ বলরামের নিমিত্ত তাহা রাখিবার জন্যে তাহার পক্ষ কর্ম্মকারকের হাতে দেন, দেওয়াতেই ঐ পত্র বিক্রয় হইল।

(b) A, the holder of a negotiable instrument payable to bearer which is in the hands of A's banker, who is at the time the banker of B, directs the banker to transfer the instrument to B's credit in the banker's account with B. The banker does so, and accordingly now possesses the instrument as B's agent. The instrument has been negotiated, and B has become the holder of it.

52. Subject to the provisions of section 62, a promissory note, bill of exchange or cheque payable to the order of a specified person, or to a specified person or order, is negotiable by the holder by indorsement and delivery thereof.

Negotiation by indorsement.

53. The holder of a negotiable instrument indorsed in blank may, without signing his own name, by writing above the indorser's signature a direction to pay to any other person as indorsee, convert the indorsement in blank into an indorsement in full; and the holder does not thereby incur the responsibility of an indorser.

Conversion of indorsement in blank into indorsement in full.

54. The indorsement of a negotiable instrument followed by delivery transfers to the indorsee the property therein with the right of further negotiation; but the indorsement may, by express words, restrict or exclude such right, or may merely constitute the indorsee an agent to indorse the instrument, or to receive its contents for the indorser, or for some other specified person.

Effect of indorsement.

Illustrations.

B signs the following indorsements on different negotiable instruments payable to bearer:—

(a) "Pay the contents to C only."
(b) "Pay C for my use."
(c) "Pay C or order for the account of B."
(d) "The within must be credited to C."

These indorsements exclude the right of further negotiation by C.

(e) "Pay C."
(f) "Pay C value in account with the Oriental Bank."

(g) "Pay the contents to C, being part of the consideration in a certain deed of assignment executed by C to the indorser and others."

These indorsements do not exclude the right of further negotiation by C.

55. Every sole maker, drawer, payee or indorsee, or all of several joint makers, drawers, payees or indorsees, of a negotiable instrument may, if the

Who may negotiate.

(খ) আনন্দের ও বলরামের টাকা একই ব্যাঙ্কের হাতে আছে যাহার টাকা বাহককে দিতে হইবে আনন্দ এমত নিদর্শন পত্রের অধিকারী হইয়া ঐ ব্যাঙ্কের প্রতি ঐ নিদর্শনপত্র হস্তান্তর করিয়া বলরামের হিসাবে জমা করিয়া লইতে আদেশ করেন। ব্যাঙ্কর তাহাই করেন ও বলরামের পক্ষ কর্ম্মকারকস্বরূপ ঐ নিদর্শনপত্র অধিকার করেন। ঐ নিদর্শনপত্র বিক্রয় করা গেলেও বলরাম তাহার অধিকারী।

৫২ ধারা। ৬২ ধারার বিধান প্রবল থাকিয়া, নির্দ্দিষ্ট ব্যক্তির আদেশমতে কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তির প্রতি কি তাঁহার আজ্ঞামতে যে খৎপত্র কি বিল অফ এক্সচেঞ্জের কি চ্যাকের টাকা দিতে হইবে, সেই পত্রের অধিকারী পৃষ্ঠলিপি লিখিয়া তাহা অর্পণ করিলে তাহা বিক্রয় করা যায়।

পৃষ্ঠলিপি দ্বারা বিক্রয় করণের কথা।

৫৩ ধারা। ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে নামমাত্র লেখা থাকিলে ঐ পত্রের অধিকারী পৃষ্ঠলিপিকারকের স্বাক্ষরের উপর পৃষ্ঠলিপিক্রমে প্রাপকস্বরূপ অন্য কোন ব্যক্তির নাম লিখিয়া ঐ নামমাত্রের পৃষ্ঠলিপি সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিতে পারিবেন: তাহা করিলে পৃষ্ঠলিপিকারকের যে দায়, ঐ অধিকারির প্রতি সেই দায় বর্ত্তে না।

পৃষ্ঠলিপিস্বরূপ নাম মাত্র লেখা গেলে পর সম্পূর্ণ লিপি লেখার কথা।

৫৪ ধারা। ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিয়া তাহা পৃষ্ঠলিখিত ব্যক্তিকে দেওয়া গেলে তাহার ফল এই যে পৃষ্ঠলিপিক্রমে ঐ পত্রপ্রাপক ঐ পত্রের স্বামিত্ব ও তাহা পুনরায় বিক্রয় করিবার স্বত্ব প্রাপ্ত হন। কিন্তু ঐ পৃষ্ঠলিপিতে স্পষ্টরূপে লিখিয়া ঐ স্বত্বছাড়া কেবল স্বামিত্ব অর্পণ করা যাইতে পারে, কিম্বা পৃষ্ঠলিপিক্রমে যাঁহাকে প্রাপক করা যায় তাঁহাকে কেবল ঐ নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখনার্থ কর্ম্মকারক কিম্বা পৃষ্ঠলিপিকারকের কি নির্দ্দিষ্ট অন্য ব্যক্তির নিমিত্ত টাকার গ্রাহকমাত্র করা যাইতে পারে।

পৃষ্ঠলিপি লিখনের ফলের কথা।

উদাহরণ।

যাহার টাকা বাহককে দিতে হইবে বলরাম ক্রয়বিক্রেয় এমত ভিন্ন২ পত্রের পৃষ্ঠে এই২ লিপি লিখিলেন;

(ক) কেবল চন্দ্রকে ইহার টাকা দেও।
(খ) আমার কার্য্যের জন্য চন্দ্রকে ইহার টাকা দেও।
(গ) বলরামের নিমিত্ত চন্দ্রকে কি তাহার আজ্ঞামতে দেও।
(ঘ) এই পত্রের লিখিত টাকা চন্দ্রের নামে জমা করিয়া লইতে হইবে।

উক্ত প্রকারের পৃষ্ঠলিপি লেখা গেলে চন্দ্রের ঐ পত্র পুনরায় বিক্রয় করিবার স্বত্ব নাই।

(ঙ) চন্দ্রকে ...
(চ) ওরিয়েণ্টল ব্যাঙ্কের সহিত হিসাবের উপলক্ষে চন্দ্রকে ইহার টাকা দেও।
(ছ) পৃষ্ঠলিপি কারকের ও অন্যান্যের নামে চন্দ্র যে অর্পণপত্র করিয়া দিলেন তাহার মূল্যের একাংশস্বরূপ চন্দ্রকে ইহার টাকা দেও।

এই২ প্রকারের পৃষ্ঠলিপি হইলে চন্দ্রের ঐ পত্র পুনরায় বিক্রয় করিবার স্বত্ব রহিত হয় না।

৫৫ ধারা। নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় কার্য্য ৫৪ ধারার উল্লিখিতমতে সঙ্কুচিত কি রহিত করা না গেলে, যিনি একা সেই ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রকারক কি লেখক কি টাকাপ্রাপক কি পৃষ্ঠলিপি-

কে ক্রয়বিক্রয় করিতে পারেন তদ্বিষয়ক কথা।

negotiability of such instrument has not been restricted or excluded, as mentioned in section 54, indorse and negotiate the same.

Explanation.—Nothing in this section enables a maker or drawer to indorse or negotiate an instrument, unless he is in lawful possession or is holder thereof; or enables a payee or indorsee to indorse or negotiate an instrument, unless he is holder thereof.

Illustrations.

A bill is drawn payable to A or order. A indorses it to B, the endorsement not containing the words "or order" or any equivalent words. B may negotiate the instrument.

56. The indorser of a negotiable instrument may, by express words in the indorsement, exclude his own liability thereon, or make such liability or the right of the indorsee to receive the amount due thereon, depend upon the happening of a specified event, although such event may never happen.

Indorser who excludes his own liability or makes it conditional.

Where an indorser so excludes his liability and afterwards becomes the holder of the instrument, all intermediate indorsers are liable to him.

Illustrations.

(*a*.) The indorser of a negotiable instrument signs his name, adding the words—

"Without recourse."

Upon this indorsement he incurs no liability.

(*b*.) A is the payee and holder of a negotiable instrument. Excluding personal liability by an indorsement "without recourse," he transfers the instrument to B, and B indorses it to C, who indorses it to A. A is not only reinstated in his former rights, but has the rights of an indorsee against B and C.

57. A holder of a negotiable instrument who derives title from a holder in due course has the rights thereon of that holder in due course.

Holder deriving title from holder in due course.

58. Subject to the provisions of sections 121 and 122, a negotiable instrument indorsed in blank is payable to the bearer thereof even although originally payable to order.

Instrument indorsed in blank.

ক্রমে প্রাপক হন তিনি, কিম্বা যৌতাব যাঁহারা ঐ পত্রকারক কি লেখক কি টাকা প্রাপক কি পৃষ্ঠলিপিক্রমে প্রাপক হন তাঁহারা সকলে ঐ পত্রের পৃষ্ঠলিপি লিখিতে ও তাহার বিক্রয়াদি করিতে পারিবেন।

ব্যাখ্যা।—নিদর্শনপত্রকারক কি লেখক ন্যায়মতে ঐ পত্রের অধিকার না পাইলে কি অধিকারী না হইলে এই ধারার কোন কথাক্রমে তিনি তাহার পৃষ্ঠলিপি লিখিতে কি তাহা বিক্রয়াদি করিতে পারিবেন না, ও টাকা প্রাপক কি পৃষ্ঠলিপিক্রমে প্রাপক ঐ পত্রের অধিকারী না হইলে তাহার পৃষ্ঠে লিখিতে কিম্বা তাহা বিক্রয়াদি করিতে পারিবেন না।

উদাহরণ।

আনন্দকে কি তাঁহার আজ্ঞামতে টাকা দিবার নিয়মে একখান বিল লেখা গেলে আনন্দ পৃষ্ঠে লিখিয়া তাহা বলরামকে দেন। কিন্তু তাঁহার আজ্ঞামতে "এই কথা কিম্বা তদনুরূপ কোন কথা লেখা যায় নাই। বলরাম ঐ নিদর্শনপত্র বিক্রয়াদি করিতে পারিবেন।

৫৬ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিকারক ঐ পত্রের পৃষ্ঠে স্পষ্ট লিখিয়া তদুপর আপনার দায় ত্যাগ করিতে পারিবেন, কিম্বা নির্দ্দিষ্ট কোন ব্যাপার ঘটিবার নিয়মে আপনার দায় কিম্বা পৃষ্ঠলিপি প্রাপকের ঐ পত্রের টাকা পাইবার স্বত্ব প্রবল করিতে পারেন। যদিও উক্ত ব্যাপার কখন না ঘটে তথাপি তাহা করিতে পারিবেন।

পৃষ্ঠলিপিকারক আপনার দায় ত্যাগ করিলে কিম্বা নিয়মাধীনে তাহা প্রবল রাখিলে তদ্বিষয়ক কথা।

পৃষ্ঠলিপিকারক উক্ত প্রকারে আপনার দায় ত্যাগ করিলে পর ঐ নিদর্শনপত্রের অধিকারী হইলে মধ্যবর্ত্তী সকল পৃষ্ঠলিপিকারক তাঁহার নিকট দায়ী হন।

উদাহরণ।

(ক) ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিকারক আপনার নাম লিখিয়া "আমার নিকট জিজ্ঞাস্য নহে" এই কথাও সংযোগ করিয়া দেন। এই পৃষ্ঠলিপিক্রমে তাঁহার প্রতি কোন দায় বর্ত্তে না।

(খ) আনন্দ ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের মূল্যপ্রাপক ও অধিকারী আছেন। 'আমার নিকট জিজ্ঞাস্য নহে' এই কথা সহিত পৃষ্ঠলিপি লিখিয়া আপনার দায় রহিত করিয়া বলরামের প্রতি ঐ পত্র হস্তান্তর করিয়া দেন ও বলরাম পৃষ্ঠে লিখিয়া তাহা চন্দ্রকে দেন ও চন্দ্র পৃষ্ঠলিপি লিখিয়া আনন্দকে দেন। আনন্দ আপনার পূর্ব্বকার স্বত্ব পুনঃ প্রাপ্ত হন ও তদতিরিক্ত বলরামের ও চন্দ্রের বিপক্ষে পৃষ্ঠলিপিক্রমে প্রাপকের স্বত্ব পান।

৫৭ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের এক অধিকারী যথাক্রমে অন্য অধিকারির স্থানে স্বত্ব প্রাপ্ত হইলে, তিনি ঐ পত্রের উপর যথাক্রমে ঐ অধিকারির স্বত্ব প্রাপ্ত হন।

যেব্যক্তি যথাক্রমে অধিকার পান তাঁহার স্থানে অধিকারীস্বত্ব প্রাপ্ত হইলে তদ্বিষয়ক কথা।

৫৮ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে নাম মাত্র লেখা গেলে যদিও প্রথমে আজ্ঞামতে তাহার মূল্য দিবার নিয়ম ছিল তথাপি ১২১ ও ১২২ ধারার বিধান প্রবল থাকিয়া বাহককে টাকা দেওয়া যাইতে পারিবে।

নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে নামমাত্র দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

59. *If a negotiable instrument after having been indorsed in blank is indorsed in full, the amount of it cannot be claimed from the indorser in full, except by the person to whom it has been indorsed in full, or by one who derives title through such person.*

Conversion of indorsement in blank into indorsement in full.

60. No writing on a negotiable instrument is valid for the purpose of negotiation if such writing purports to transfer only a part of the amount of the instrument.

Indorsement for part of sum due.

61. The legal representative of a deceased person cannot negotiate by delivery only a promissory note, bill of exchange or cheque payable to order and indorsed by the deceased but not delivered.

Legal representative cannot by delivery only negotiate instrument indorsed by deceased.

62. When a negotiable instrument has been lost, or has been obtained from any maker, acceptor or holder thereof by means of an offence or fraud, or for an unlawful consideration, no possessor or indorsee who claims through the person who found or so obtained the instrument is entitled to receive the amount due thereon from such maker, acceptor or holder, or from any party prior to such holder, unless such possessor or indorsee is, or some person through whom he claims was, a holder thereof in due course.

Instrument obtained by unlawful means or for unlawful consideration.

63. The holder of a negotiable instrument, who has acquired it after dishonour, whether by non-acceptance or non-payment, with notice thereof, or after maturity, has only, as against the other parties, the rights thereon of his transferor:

Instrument acquired after dishonour or when overdue.

Provided that any person who, in good faith and for consideration, becomes the holder, after maturity, of a promissory note or bill of exchange made, drawn or accepted without consideration for the purpose of enabling some party thereto to raise money thereon, may recover the amount of the note or bill from any prior party.

Accommodation note or bill.

Illustration.

The acceptor of a bill of exchange, when he accepted it deposited with the drawer certain goods as a collateral security for the payment of the bill, with power to the drawer to sell the goods and apply the proceeds in dis-

৫৯ ধারা। ক্রয়বিক্রেয় পত্রের পৃষ্ঠে নামমাত্র লেখা গেলে পর যদি পৃষ্ঠলিপি পূর্ণ করা যায়, তবে যাঁহার পক্ষে পূর্ণ পৃষ্ঠলিপি করা যায় তিনি কিম্বা তাঁহার দ্বারা অধিকার প্রাপ্ত ব্যক্তি ভিন্ন, কেহ ঐ সম্পূর্ণ পৃষ্ঠলিপিকারকের স্থানে টাকার দাওয়া করিতে পারিবেন না।

পৃষ্ঠে নামমাত্র স্বাক্ষর থাকিলে তাহা সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিবার কথা।

৬০ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রে যে লিপি লেখা যায় তাহার মর্ম্মানুসারে ঐ নিদর্শনপত্রের উল্লিখিত টাকার অংশমাত্র হস্তান্তর করা গেলে ক্রয়বিক্রয়হেতুক সেই লিপিখানি সিদ্ধ নয়।

প্রাপ্য টাকার অংশমাত্রের নিমিত্ত পৃষ্ঠলিপির কথা।

৬১ ধারা। আজ্ঞামতে যাহার টাকা দিতে হইবে কোন ব্যক্তি এমত ঋণ পত্র কি বিল অফ একুসচেঞ্জ কি চাকের পৃষ্ঠলিপি লিখিয়া অর্পণ না করিয়া মরিলে, তাঁহার বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তি অর্পণ করণদ্বারা তাহা বিক্রয়াদি করিতে পারিবেন না।

কোন ব্যক্তি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি লিখিয়া মরিলে কেবল অর্পণ করণ দ্বারা তাঁহার বৈধ স্থলাভিষিক্ত ব্যক্তির তাহা বিক্রয়াদি করিতে না পারিবার কথা।

৬২ ধারা। যদি ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র হারান যায়, কিম্বা অপরাধ কি প্রতারণা সহকারে কি অবৈধ মূল্য উপলক্ষে ঐ পত্রকারকের কি স্বীকারকারির কি অধিকারির স্থানে পাওয়া যায়, তবে যিনি ঐ পত্র কুড়াইয়া পান কি শেষোক্ত প্রকারে প্রাপ্ত হন তাঁহার দ্বারা যে অধিকারী কি পৃষ্ঠলিপিক্রমে মুদ্রাপ্রাপক দাওয়া রাখেন তিনি কিম্বা অন্য যাঁহার দ্বারা দাওয়া করেন তিনি যথাক্রমে ঐ পত্রের অধিকারী না হইলে, ঐ পত্রলেখকের কি স্বীকারকারির কি অধিকারির স্থানে কিম্বা সেই অধিকারির পূর্ব্ব কোন পক্ষের স্থানে ঐ পত্রের উপরে প্রাপ্য মুদ্রা গ্রহণ করিতে স্বত্ববান নহেন।

অন্যায়মতে কি অবৈধ মূল্য উপলক্ষে নিদর্শনপত্র পাওয়া গেলে তদ্বিষয়ের কথা।

৬৩ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র স্বাকরিয়া না দেওয়াতে কি মুদ্রা না দেওয়াতে অগ্রাহ্য হইলে পর কোন ব্যক্তি তদ্বিষয়ের নোটিস পাইয়াও তাহা প্রাপ্ত হইলে, কিম্বা মিয়াদ ফুরাইলে পর প্রাপ্ত হইলে, অন্য পক্ষদের সম্বন্ধে তিনি আপনার নিকট ঐ পত্রের হস্তান্তরকর্ত্তার স্বত্বমাত্র প্রাপ্ত হন।

অগ্রাহ্য হইবার কি মিয়াদ গত হইবার পর নিদর্শনপত্র প্রাপ্ত হওয়া গেলে তদ্বিষয়ের কথা।

কিন্তু কোন ঋণ পত্রের কি বিল অফ এক্সচেঞ্জের উপর কোন ব্যক্তি যেন টাকা তুলিতে পারেন এই অভিপ্রায়ে, ঐ পত্রের মূল্যস্বরূপ কিছু না লইয়া ঐ পত্র করা কি লেখা কি স্বাকরিয়া দেওয়া গেলে, যদি কোন ব্যক্তি ঐ ঋণপত্রের কি বিলের মিয়াদ ফুরাইলে পর সরলভাবে মূল্য দিয়া তাহার অধিকারী হন, তবে তিনি আপনার পূর্ব্ব কোন পক্ষের স্থানে ঐ পত্রের কি বিলের টাকা আদায় করিতে পারিবেন।

উপকারার্থ ঋণপত্রের কি বিলের কথা।

উদাহরণ।

কোন বিল অফ এক্সচেঞ্জের স্বীকারকারী যেসময়ে তাহা স্বাকরিয়া দিলেন, সেই সময়ে ঐ বিলের টাকা শোধ করিবার জন্য জামিনস্বরূপ লেখকের নিকট মাল গচ্ছিত করিয়া মিয়াদ পূর্ণ হইবার সময়ে বিলের টাকা না দেওয়া গেলে সেই মাল বি-

...harge of the bill if it were not paid at maturity. The bill not having been paid at maturity, the drawer sold the goods and retained the proceeds, but indorsed the bill to A. A's title is subject to the same objection as the drawer's title.

64. A negotiable instrument may be negotiated (except by the maker, drawee or acceptor after maturity) until payment or satisfaction thereof by the maker, drawee or acceptor at or after maturity, but not after such payment or satisfaction.

Instrument negotiable till payment or satisfaction.

CHAPTER V.

Of Presentment.

65. A bill of exchange payable after sight must, if no time or place is specified therein for presentment, be presented to the drawee thereof for acceptance, if he can, after reasonable search, be found, by a person entitled to demand acceptance, within a reasonable time after it is drawn, and in business hours on a business day. In default of such presentment, no party thereto is liable thereon to the person making such default.

Presentment for acceptance.

If the drawee cannot, after reasonable search be found, the bill is dishonoured.

If the bill is directed to the drawee at a particular place, it must be presented at that place; and if at the due date for presentment he cannot, after reasonable search, be found there, the bill is dishonoured.

66. A promissory note, payable at a certain period after sight, must be presented to the maker thereof for sight, by a person entitled to demand payment, within a reasonable time after it is made and in business hours on a business day. In default of such presentment no party thereto is liable thereon to the person making such default.

Presentment of promissory note for sight.

67. The holder may allow the drawee of a bill of exchange presented to him for acceptance twenty-four hours (exclusive of public holidays) to consider whether he will accept it.

Drawee's time for deliberation.

ক্রয় করিয়া লেখককে বিলের টাকা দিবার ক্ষমতা দিলেন। মি. য়াদ পুর্ণ হইলে বিলের টাকা দেওয়া না যাওয়াতে বিলের লেখক সেই মাল বিক্রয় করিয়া আপনি টাকা রাখিলেন, কিন্তু আমজের নামে পৃষ্ঠলিপি লিখিয়া তাঁহাকে বিল দিলেন। ঐ বিল লেখকের স্বত্ব বিষয়ে যে আপত্তি হইতে পারে, আমজের স্বত্ব বিষয়েও সেই আপত্তি হইবে।

৬৪ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শন পত্রের মিয়াদ পুর্ণ হইলে পর ঐ পত্রকারক কি দায়ক কি স্বীকার কারী তাহা বিক্রয়াদি করিতে পারিবেন না; তদ্ভিন্ন স্থলে মিয়াদ পুর্ণ হইলে কি তৎপরেও ঐ পত্রকারক কি দায়ক কি স্বীকারকারী যত দিন তাহার টাকা না দেন কি শোধ না করেন তত দিন ঐ পত্রের ক্রয়বিক্রয় হইতে পারিব, কিন্তু টাকা দেওয়া গেলে কি শোধ হইলে পর ক্রয়বিক্রয় হইতে পারিবে না।

নিদর্শনপত্রের টাকা যাবৎ না দেওয়া কি শোধ করা যায়, তাবৎ ক্রয়বিক্রয় হইতে পারিবার কথা।

পঞ্চম অধ্যায়।

উপস্থিত করণবিষয়ক বিধি।

৬৫ ধারা। বিল অফ এক্সচেঞ্জ দেখাইবার পর তাহার টাকা দিবার নিয়ম থাকিলে যদি তাহার উপস্থিত করিবার সময় কি স্থান নির্দ্দিষ্ট না থাকে, তবে ঐ বিল যাঁহার উপর দেওয়া যায় যুক্তিসঙ্গত মতে অন্বেষণ করিলে পর তাঁহাকে পাওয়া যাইতে পারিলে, তাঁহার দ্বারা সাকরাইয়া লইবার দাওয়া করিতে স্বত্ববান কোন ব্যক্তি ঐ বিল লেখা যাইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে কার্য্যচলনের দিনে ও কার্য্যচলনের ঘন্টার মধ্যে তাঁহার নিকট তাহা উপস্থিত করিবেন। তদ্রূপে উপস্থিত করিবার ত্রুটি হইলে, ঐ ত্রুটিকারি ব্যক্তির নিকট ঐ বিলের কোন পক্ষ তদ্বিষয়ে দায়ী নহেন।

সাকরাইয়া লইবার জন্যে উপস্থিত করণের কথা।

যুক্তিসঙ্গতমতে অন্বেষণ করিলে পর টাকাদায়ককে পাওয়া যাইতে না পারিলে, ঐ বিলখানি অগ্রাহ্য হইল।

যদি স্থান নির্দ্দেশ করিয়া ঐ টাকাদায়কের নামে বিল লেখা গিয়া থাকে, তবে সেই স্থানেই উপস্থিত করিতে হইবে, ও উপস্থিত করিবার উপযুক্ত তারিখে যদি যুক্তি সঙ্গত মতে অন্বেষণ করিলে পর তাঁহাকে সেই স্থানে পাওয়া না যায় তবে ঐ বিল অগ্রাহ্য হইল।

৬৬ ধারা। ঋণপত্র দেখাইবার পর নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে তাহার টাকা দিবার নিয়ম থাকিলে, যে ব্যক্তি টাকার দাওয়া করিবার স্বত্ববান, ঐ পত্র লেখা যাইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ও কার্য্যচলনের দিনে ও কার্য্যচলনের ঘন্টার মধ্যে পত্রলেখককে দেখাইবার জন্যে তাঁহার ঐ পত্র উপস্থিত করিতে হইবে। তদ্রূপে উপস্থিত করিতে ত্রুটি করিলে, ঐ পত্রের অন্য কোন পক্ষ ঐ ত্রুটিকারির নিকট দায়ী নহেন।

ঋণপত্র দেখাইবার জন্যে উপস্থিত করিবার কথা।

৬৭ ধারা। বিল অফ এক্সচেঞ্জ সাকরাইয়া লইবার নিমিত্ত টাকাদায়কের নিকট উপস্থিত করা গেলে, তিনি তাহা সাকরিয়া দিবেন কি না তাহা বিবেচনা করিবার নিমিত্ত তাঁহাকে ঐ বিলের অধিকারী সাধারণের ছুটীর সময়ের অতিরিক্ত চব্বিশ ঘণ্টা সময় দিতে পারিবেন।

টাকাদায়কের বিবেচনা করিবার সময়ের কথা।

68. Promissory notes, bills of exchange and cheques must be presented for payment to the maker, acceptor or drawee thereof respectively, by or on behalf of the holder as hereinafter provided. In default of such presentment, the other parties thereto are not liable thereon to such holder.

Presentment for payment.

Exception.—Where a promissory note is payable on demand and is not payable at a specified place, no presentment is necessary in order to charge the maker thereof.

69. Presentment for payment must be made during the usual hours of business, and, if at a banker's, within banking hours.

Hours for presentment.

70. A promissory note or bill of exchange, made payable at a specified period after date or sight thereof, must be presented for payment at maturity.

Presentment for payment of instrument payable after date or sight.

71. A promissory note payable by instalments must be presented for payment on the third day after the date fixed for payment of each instalment; and non-payment on such presentment has the same effect as non-payment of a note at maturity.

Presentment for payment of promissory note payable by instalments.

72. A promissory note, bill of exchange or cheque made, drawn or accepted payable at a specified place and not elsewhere must, in order to charge any party thereto, be presented for payment at that place.

Presentment for payment of instrument payable at specified place and not elsewhere.

73. A promissory note or bill of exchange made, drawn or accepted payable at a specified place must, in order to charge the maker or drawer thereof, be presented for payment at that place.

Instrument payable at specified place.

74. A promissory note or bill of exchange, not made payable as mentioned in sections 72 and 73, must be presented for payment at one of the places specified (if any), or at the place of business (if any), or at the usual residence of the maker, drawee or acceptor thereof, as the case may be.

Presentment where no exclusive place specified.

[*Government Gazette, 20th May 1879.*]

৬৮ ধারা। ঋণপত্রের ও বিল অব এক্সচেঞ্জের ও চ্যাকের টাকা লইবার জন্যে ঐ পত্রলেখকের কি বিল স্বীকারকারির কি চ্যাকের টাকা দায়কের নিকট নিম্নলিখিত বিধানমতে ঐ পত্রের অধিকারির কিম্বা তৎপক্ষ ব্যক্তির তাহা উপস্থিত করিতে হইবে। উপস্থিত করিতে ত্রুটি হইলে ঐ পত্রের অন্যপক্ষের: ঐ অধিকারির নিকট দায়ী নহেন।

টাকা লইবার জন্যে উপস্থিত করিবার কথা।

বর্জনীয় স্থল।—ঋণপত্রের টাকা নির্দ্দিষ্ট স্থানে দিবার নিয়ম না থাকিলে, কিন্তু চাহিবা মাত্র দিবার নিয়ম থাকিলে ঐ পত্রলেখকের দায় প্রবল করিবার নিমিত্ত তাহা উপস্থিত করিবার প্রয়োজন নাই।

৬৯ ধারা। যেই২ ঘণ্টার মধ্যে রীতিমতে কার্য্য চলে-টাকা লইবার নিমিত্ত সেই২ ঘণ্টার মধ্যে, ও ব্যাঙ্করের নিকট উপস্থিত করিতে হইলে ব্যাঙ্কের কার্য্য চলনের ঘণ্টার মধ্যে পত্র উপস্থিত করিতে হইবে।

উপস্থিত করিবার ঘণ্টার কথা।

৭০ ধারা। যে ঋণপত্রের কি বিল অব এক্সচেঞ্জের টাকা ঐ পত্রের তারিখের পর কি তাহা দেখাইবার পর নির্দ্ধারিত মিয়াদের মধ্যে দিতে হইবে, ঐ মিয়াদ পূর্ণ হইলে তাহা উপস্থিত করিতে হইবে।

যে নিদর্শনপত্রের টাকা তারিখের বা দেখাইবার পর দিতে হইবে তাহা উপস্থিত করিবার কথা।

৭১ ধারা। যে ঋণপত্রের টাকা কিস্তি করিয়া দিতে হইবে প্রত্যেক কিস্তির টাকা দিবার নির্দ্ধারিত তারিখের পর তৃতীয় দিনে টাকা লইবার জন্যে তাহা উপস্থিত করিতে হইবে। তদ্রূপে উপস্থিত করা গেলেও টাকা না দেওয় গেলে, মিয়াদ পূর্ণ হইবার সময়ে ঋণপত্রের টাকা না দিবার তুল্য ফল হইবে।

যে ঋণপত্রের টাকা কিস্তি করিয়া দিতে হইবে টাকা লইবার জন্যে তাহা উপস্থিত করিবার কথা।

৭২ ধারা। ঋণপত্রের কি বিল অব এক্সচেঞ্জের কি চ্যাকের টাকা নির্দ্দিষ্ট স্থানভিন্ন অন্য স্থানে দিতে না হইবার নিয়মে করা কি লেখা কি স্বীকার্য্য দেওয়া গেলে, তদ্বিষয়ের কোন পক্ষকে দায়ী করিবার জন্যে সেই স্থানে টাকা পাইবার নিমিত্ত তাহা উপস্থিত করিতে হইবে।

নিদর্শনপত্রের টাকা নির্দ্দিষ্ট স্থানভিন্ন অন্যত্র দিতে না হইলে টাকা লইবার জন্যে তাহা উপস্থিত করিবার কথা।

৭৩ ধারা। ঋণপত্রের কি বিল অব এক্সচেঞ্জের টাকা নির্দ্দিষ্ট স্থানে দিবার নিয়মে করা কি লেখা কি স্বীকার দেওয়া গেলে, ঐ পত্রকারককে কি লেখককে দায়ী করিবার জন্যে টাকা পাইবার নিমিত্ত তাহা সেই স্থানে উপস্থিত করিতে হইবে।

নিদর্শনপত্রের টাকা নির্দ্দিষ্ট স্থানে দিতে হইলে তদ্বিষয়ক কথা।

৭৪ ধারা। ঋণপত্রের কি বিল অব এক্সচেঞ্জের টাকা ৭২ ও ৭৩ ধারার উল্লিখিতমতে দিবার নিয়ম না হইয়া, কোনং স্থানের কি কোনং কার্য্যালয়ের উল্লেখ হইয়া থাকিলে টাকা লইবার জন্যে তন্মধ্যে কোন স্থানে কি কার্য্যালয়ে, কিম্বা ঐ পত্রকারকের কি দায়কের কি স্বীকারকারির নিত্য বাসস্থানে তাহা উপস্থিত করিতে হইবে।

বিশেষ স্থান নির্দ্দিষ্ট না হইলে উপস্থিত করণ বিষয়ক কথা।

75. If the maker, drawee or acceptor of a negotiable instrument has no known place of business or fixed residence, and no place is specified in the instrument for presentment for acceptance or payment, such presentment may be made to him in person wherever he can be found.

Presentment when maker, &c., has no known place of business or residence.

76. A cheque must, in order to charge the drawer, be presented at the bank upon which it is drawn before the relation between the drawer and his banker has been altered to the prejudice of the drawer.

Presentment of cheque to charge drawer.

77. A cheque must, in order to charge any person except the drawer, be presented within a reasonable time after delivery thereof by such person.

Presentment of cheque to charge any other person.

78. Subject to the provisions of section 33, a negotiable instrument payable on demand must be presented for payment within a reasonable time after it is received by the holder.

Presentment of instrument payable on demand.

79. Presentment for acceptance or payment may be made to the duly authorized agent of the drawee, maker or acceptor, as the case may be, or where the drawee, maker or acceptor has died, to his legal representative, or where he has been declared an insolvent, to his assignee.

Presentment by or to agent, representative of deceased, or assignee of insolvent.

80. No presentment for payment is necessary, and the instrument is dishonoured at the due date for presentment, in any of the following cases:—

When presentment unnecessary.

(*a*) If the maker, drawee or acceptor intentionally prevents the presentment of the instrument, or, if the instrument being payable at his place of business, he closes such place on a business day during the usual business-hours, or

if the instrument being payable at some other specified place, neither he nor any person authorized to pay it attends at such place during the usual business-hours, or

if the instrument not being payable at any specified place, he cannot after due search be found;

৭৫ ধারা । ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রকারকের কি টাকাদায়কের কি স্বীকারকারির কর্ম্ম স্থান কি নির্দ্দিষ্ট বাসস্থান জানা না গেলে ও সাকরাইয়া লইবার কি টাকা লইবার জন্যে উপস্থিত করিবার কোন স্থান নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট না থাকিলে, ঐ ব্যক্তিকে যে স্থানে পাওয়া যায় সেই স্থানেই তাঁহার নিকট পত্র উপস্থিত করা যাইতে পারিবে ।

পত্রকারক প্রভৃতির কর্ম্ম স্থান কি বাসস্থান জানা না গেলে উপস্থিত করিবার কথা ।

৭৬ ধারা । চ্যাকের লেখককে দায়ী করিবার জন্যে লেখকের ও তাঁহার ব্যাঙ্করের পরস্পর সম্বন্ধ ঐ লেখকের প্রতিকূলে পরিবর্ত্তন না হইতেই, যে ব্যাঙ্কের উপর লেখা গেল সেই ব্যাঙ্কে ঐ চ্যাক উপস্থিত করিতে হইবে ।

চ্যাকের লেখককে দায়ী করিবার জন্যে তাহা উপস্থিত করিবার কথা ।

৭৭ ধারা । চ্যাকের লেখকভিন্ন অন্য কোন ব্যক্তিকে দায়ী করিবার নিমিত্ত, তাঁহার স্থানে যে সময়ে চ্যাক পাওয়া যায় তাহার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে তাহা উপস্থিত করিতে হইবে ।

অন্য কোন ব্যক্তিকে দায়ী করিবার নিমিত্ত চ্যাক উপস্থিত করিবার কথা ।

৭৮ ধারা । ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রের টাকা চাহিবামাত্র দিবার নিয়ম থাকিলে, ৩৩ ধারার বিধান প্রবল মানিয়া তাহার টাকা লইবার জন্যে অধিকারির ঐ পত্র প্রাপ্ত হইলে পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উপস্থিত করিতে হইবে ।

নিদর্শনপত্রের টাকা চাহিবা মাত্র দিতে হইলে তাহা উপস্থিত করিবার কথা ।

৭৯ ধারা । পত্র সাকরাইয়া লইবার কি পত্রের টাকা লইবার জন্যে ঐ টাকা দায়কের কিম্বা স্থলবিশেষে পত্রলেখকের কি স্বীকারকারির সপক্ষ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের নিকটে, কিম্বা তাঁহার মৃত্যু হইলে তাঁহার বৈধ স্থলাভিষিক্তের, কিম্বা তাঁহাকে যোত্রহীন বলিয়া প্রকাশ করা গেলে তাঁহার আসৈনীর নিকটে পত্র উপস্থিত করা যাইতে পারিবে ।

সপক্ষ কর্ম্মকারকের কি মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের কিম্বা যোত্রহীনের আসৈনির দ্বারা কি তাঁহার নিকট উপস্থিত করিবার কথা ।

৮০ ধারা । নিম্নলিখিত কোন স্থলে টাকা লইবার জন্যে পত্র পূর্ব্বে উপস্থিত করিবার আবশ্যকতা নাই, ও উপস্থিত করিবার উপযুক্ত তারিখে পত্র অগ্রাহ্য হয় ।—

যে স্থলে উপস্থিত করা অনাবশ্যক তদ্বিষয়ক কথা ।

(ক) পত্রকারক কি টাকাদায়ক কি স্বীকারকারী ইচ্ছাপূর্ব্বক ঐ নিদর্শনপত্র উপস্থিত করিবার বাধা দিলে

কিম্বা তাঁহার কর্ম্মস্থানে টাকা দিবার নিয়ম থাকিলেও তিনি কার্য্য চলনের নিয়মমত সময়ে আপনার কর্ম্ম স্থান বন্ধ করিলে, কিম্বা

নির্দ্দিষ্ট অন্য স্থানে নিদর্শনপত্রের টাকা দিবার নিয়ম থাকিলেও, তিনি কিম্বা ঐ টাকা দিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কার্য্যচলনের নিয়মিত সময়ে সেই স্থানে উপস্থিত না হইলে, কিম্বা

নিদর্শন পত্রের টাকা কোন নির্দ্দিষ্ট স্থানে দিবার নিয়ম না থাকিলেও উপযুক্তমতে অন্বেষণ করিয়াও তাঁহার সন্ধান পাওয়া না গেলে,

(*b*) as against any party if, after maturity, with knowledge that the instrument has not been presented—

he makes a part payment on account of the amount due on the instrument,

or promises to pay the amount due thereon in whole or in part,

or otherwise waives his right to take advantage of any default in presentment for payment;

(*c*) as against the drawer, if the drawer could not suffer damage from the want of such presentment.

Liability of banker for negligently dealing with bill presented for payment.

81. When a bill of exchange, accepted payable at a specified bank, has been duly presented there for payment and dishonoured, if the banker so negligently or improperly keeps, deals with or delivers back such bill as to cause loss to the holder, he must compensate the holder for such loss.

CHAPTER VI.

Of Payment and Interest.

To whom payment should be made.

82. Subject to the provisions of section 86, clause (*c*), payment of the amount due on a promissory note, bill of exchange or cheque must, in order to discharge the maker or acceptor, be made to the holder of the instrument.

Interest when rate specified.

83. When interest at a specified rate is expressly made payable on a promissory note or bill of exchange, interest shall be calculated at the rate specified, on the amount and from the date of the instrument, until tender or realization of the amount due thereon, or until such date after the institution of a suit to recover such amount as the Court directs.

Interest when no rate specified.

84. When no rate of interest is specified in the instrument, interest on the amount thereof shall, except in cases provided for by the Code of Civil Procedure, section 532, be calculated at the rate of six per centum per annum, from the date at which the same ought to have been paid by the party charged, until tender or realization of the amount due thereon, or until such date after the institution of a suit to recover such amount as the Court directs.

[*Government Gazette*, 20*th May* 1879.]

(খ) পত্রের কোন পক্ষের বিরুদ্ধে, মিয়াদ পূর্ণ হইলে পর ঐ নিদর্শনপত্র উপস্থিত করা যায় নাই জানিলেও, তিনি

ঐ নিদর্শন পত্রের উপর যত টাকা দেনা হয়, তন্নিমিত্তে তাহার টাকার একাংশ দিলে,

কিম্বা ঐ পত্রের উপর যত টাকা দেনা হয় তৎসমুদয় কি তাহার একাংশ দিতে প্রতিজ্ঞা করিলে,

কিম্বা টাকা লইবার জন্যে পত্র উপস্থিত করিবার কোন ত্রুটি হইলেও আপনার স্বত্বমতে কার্য্য করিতে উপেক্ষা করিলে।

(গ) পত্রলেখকের বিরুদ্ধে, পত্র উপস্থিত না হওয়াতে পত্রলেখকের কোন হানি হইতে না পারিলে।

বিল লাকরাইয়া লইবার নিমিত্ত উপস্থিত করা গেলে তাহা লইয়া ব্যাঙ্কেরের কার্য্য করিবার শৈথিল্য হইলে তাঁহার দায়ের কথা।

৮১ ধারা। বিল অব একসচেঞ্জের টাকা নির্দ্দিষ্ট ব্যাঙ্কে প্রাপ্য করিয়া স্বীকার করিয়া দেওয়া গেলে পর টাকা লইবার জন্যে তথায় উপস্থিত করা গেলে যদি অগ্রাহ্য হয় ও ব্যাঙ্কর শৈথিল্যভাবে তাহা রাখাতে কিম্বা তাহা লইয়া অন্য কার্য্য করাতে কি ঐ বিল ফিরিয়া দেওয়াতে যদি অধিকারির হানি হয়, তবে তাঁহারই ঐ অধিকারির হানিপূরণ করিতে হইবে।

ষষ্ঠ অধ্যায়।

টাকা প্রদান ও সুদবিষয়ক বিধি।

যাঁহাকে টাকা দিতে হইবে তদ্বিষয়ক কথা।

৮২ ধারা। ৮৬ ধারার (গ) প্রকরণের বিধান প্রবল থাকিয়া, খণপত্রের কি বিল অব একসেচেঞ্জের কি চ্যাকের উপর যত টাকা দেনা হয় ঐ পত্রকারকের কি স্বীকারকারির দায় রহিত করিবার নিমিত্ত, ঐ টাকা ঐ নিদর্শনপত্রের অধিকারিকে দিতে হইবে।

সুদের হার নির্দ্দিষ্ট হইলে ঐ সুদের কথা।

৮৩ ধারা। খণপত্রের কি বিল অব একসচেঞ্জের উপর নির্দ্ধারিত হারে সুদ দিবার স্পষ্ট নিয়ম থাকিলে ঐ নিদর্শনপত্রের তারিখ অবধি তাহার উপর দেনা টাকা যাবৎ দিবার প্রস্তাব বা আদায় করা না যায় তৎ কাল পর্য্যন্ত কিম্বা ঐ টাকা আদায় করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে পর আদালত যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখ পর্য্যন্ত ঐ টাকার উপর নির্দ্ধারিত হারে সুদের হিসাব ধরিতে হইবে।

সুদের হার নির্দ্ধারিত না হইলে ঐ সুদের কথা।

৮৪ ধারা। নিদর্শনপত্রে সুদ নির্দ্ধারিত না থাকিলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫৩২ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন টাকা দিবার দায় যে ব্যক্তির প্রতি বর্ত্তে তাঁহার যে তারিখে ঐ পত্রের টাকা দেওয়া কর্ত্তব্য ছিল সেই তারিখ অবধি ঐ টাকা বাবৎ দিবার প্রস্তাব কি আদায় করা না যায় তৎকাল পর্য্যন্ত কিম্বা ঐ টাকা আদায় করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে পর আদালত যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখ পর্য্যন্ত শতকরা বার্ষিক ছয় টাকার হিসাবে ঐ টাকার উপর সুদ ধরা যাইবে।

Explanation.—When the party charged is the indorser of an instrument dishonoured by non-payment, he is liable to pay interest only from the time that he receives notice of the dishonour.

Delivery of instrument on payment, or indemnity in case of loss.

85. Any person liable to pay, and called upon by the holder thereof to pay the amount due on a promissory note, bill of exchange or cheque is before payment entitled to have it shown, and is on payment entitled to have it delivered up to him, or, if the instrument is lost or cannot be produced, to be indemnified against any further claim thereon against him.

CHAPTER VII.

OF DISCHARGE FROM LIABILITY ON NOTES, BILLS, AND CHEQUES.

Discharge from liability,

86. The maker, acceptor or indorser respectively of a negotiable instrument is discharged from liability thereon—

by cancellation,

(*a*) to a holder thereof who cancels such acceptor's or indorser's name with intent to discharge him, and to all parties claiming under such holder.

by release,

(*b*) to a holder thereof who otherwise discharges such maker, acceptor or indorser, and to all parties deriving title under such holder after notice of such discharge;

by payment.

(*c*) to all parties thereto, if the instrument is payable to bearer, or has been indorsed in blank, and such maker, acceptor or indorser makes payment in due course of the amount due thereon.

Discharge by allowing drawee more than twenty-four hours to accept.

87. If the holder of a bill of exchange allows the drawee more than twenty-four hours to consider whether he will accept the same, all previous parties not consenting to such allowance are thereby discharged from liability to such holder.

When cheque not duly presented and drawer damaged thereby.

88. When the holder of a cheque fails to present it for payment, and the drawer thereof sustains loss or damage from such failure, he is discharged from liability to the holder.

বাখ্যা।—যাঁহার প্রতি টাকা দিবার দায় বর্ত্তে তিনি নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিকারক হইলে ও টাকা না দেওয়াতে তাহা অগ্রাহ্য হইয়া থাকিলে যে সময়ে অগ্রাহ্য হইবার নোটিস পান কেবল সেই সময়াবধি তিনি সুদের দায়ী হন।

টাকা দিবার সময়ে নিদর্শনপত্র দিতে হইবার কিম্বা হারান গেলে ক্ষতি হইতে নিষ্কৃতি দিবার কথা।

৮৫ ধারা। ঋণপত্রের কি বিল অফ একসচেঞ্জের কি চ্যাকের উপর যত টাকা দেনা হয় পত্রের অধিকারী ঐ টাকা দায়ি ব্যক্তিকে তাহা দিবার আদেশ করিলে, টাকা দিবার পূর্ব্বে ঐ ব্যক্তির তাহা দেখিবার স্বত্ব আছে, ও টাকা দিলে পর ঐ পত্র যেন তাঁহাকে অর্পণ করা যায় তাঁহার এই স্বত্ব আছে, কিম্বা পত্র খানি হারান গেলে কি দেখাইতে পারা না গেলে তাঁহার নামে ঐ পত্রের উপর আর দাওয়া না হয় তাঁহার এমত ক্ষতিনিষ্কৃতি পাইবার স্বত্ব আছে।

সপ্তম অধ্যায়।

ঋণ পত্রের ও বিলের ও চ্যাকের উপর দায়হইতে মুক্তির বিধি।

দায়হইতে মুক্তি বিষয়ক কথা।

৮৬ ধারা। ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্রকারক কি স্বীকারকারী কি পৃষ্ঠলিপিকারক নিম্নলিখিত গতিকে তদ্বিষয়ক দায় হইতে মুক্ত হন,

রহিত করণ দ্বারা।

(ক) ঐ পত্রের অধিকারী ঐ স্বীকারকারিকে কি পৃষ্ঠলিপিকারককে দায়হইতে মুক্ত করণাভিপ্রায়ে তাঁহার নাম কাটিয়া দিলে, তিনি অধিকারির নিকট ও তাঁহার অধীন দাওয়াদার সকল ব্যক্তির নিকট দায়হইতে মুক্ত হন।

মুক্তকরণ দ্বারা।

(খ) ঐ পত্রের অধিকারী ঐ পত্রকারকে কি স্বীকারকারিকে কি পৃষ্ঠলিপিকারককে মুক্ত করিলে তিনি ঐ অধিকারির নিকট এবং মুক্ত হইবার নোটিস পাইবার পর ঐ অধিকারিহইতে অন্য যে সকল ব্যক্তি স্বত্বপ্রাপ্ত হন তাঁহারদের নিকট দায় হইতে মুক্ত হন।

টাকা প্রদান দ্বারা।

(গ) নিদর্শনপত্রের টাকা ঐ পত্রবাহককে দিবার নিয়ম থাকিলে কিম্বা পৃষ্ঠে নামমাত্র লেখা থাকিলে ও তাহার উপর যে টাকা দেনা হয় উক্ত পত্রকারক কি স্বীকারকারী কি পৃষ্ঠলিপিকারক সেই টাকা যথাক্রমে দিলে, ঐ পত্রের সকল পক্ষের নিকট তিনি দায় হইতে মুক্ত হন।

টাকাদায়কের প্রতি সাকরিয়া দিবার জন্যে চব্বিশ ঘণ্টার অধিক সময় দিলে মুক্ত হইবার কথা।

৮৭ ধারা। বিল অফ একচেঞ্জের টাকাদায়ক ঐ বিল সাকরিয়া দিবেন কি না ইহা বিবেচনা করিবার জন্যে ঐ বিলের অধিকারী তাঁহাকে চব্বিশ ঘণ্টার অধিক সময় দিলে, ঐ অধিকারির পূর্ব্বে যে সকল পক্ষ ঐ অধিক সময় দিতে সম্মত ছিলেন না তাঁহারা ঐ অধিকারির নিকট দায়হইতে মুক্ত হন।

চ্যাক উচিতমতে উপস্থিত করা না গেলে ও তদ্দ্বারা লেখকের হানি হইলে তদ্বিষয়ক কথা।

৮৮ ধারা। চ্যাকের অধিকারী টাকা লইবার নিমিত্ত তাহা নিয়মতে উপস্থিত না করিলে ও তদ্দ্বারা চ্যাকলেখকের হানি কি ক্ষতি হইলে ঐ অধিকারির নিকট তিনি দায় হইতে মুক্ত হন।

89. Where a cheque payable to order purports to be indorsed by or on behalf of the payee, the drawee is discharged by payment in due course.

Cheque payable to order.

90. If the holder of a bill of exchange acquiesces in a conditional acceptance, or one limited to part of the sum mentioned in the bill, or which substitutes a different place or time for payment, or which, where the drawers are not partners is not signed by all the drawees, all previous parties whose consent is not obtained to such acceptance are discharged as against the holder and those claiming under him.

Parties not consenting discharged by conditional or limited acceptance.

91. Save as provided in sections 20, 53, 90, and 120, any material alteration of a negotiable instrument renders the same void as against any one who is a party thereto at the time of making such alteration and does not consent thereto, unless it was made in order to carry out the common intention of the original parties;

Effect of material alteration.

and any such alteration if made by an indorsee, discharges his indorser from all liability to him in respect of the consideration thereof.

Alteration by indorsee.

The provisions of this section are subject to those of sections 20, 53, 90, and 120.

92. An acceptor or indorser of a negotiable instrument is bound by his acceptance or indorsement notwithstanding any previous alteration of the instruments.

Acceptor or indorser bound notwithstanding previous alteration.

93. Where a promissory note, bill of exchange or cheque has been materially altered, but does not appear to have been so altered,

Payment of instrument on which alteration is not apparent.

or where a cheque is presented for payment which does not at the time of presentation appear to be crossed or to have had a crossing which has been obliterated,

payment thereof by a person or banker liable to pay and paying the same according to the apparent tenor thereof at the time of payment and otherwise in due course, shall discharge such person or banker from all liability thereon, and such payment shall not be questioned by reason of the instrument having been altered, or the cheque crossed.

[*Government Gazette, 20th May* 1879.]

৮৯ ধারা। চ্যাকের টাকা আজ্ঞামতে দিবার নিয়ম থাকিলে, ও টাকা প্রাপকের দ্বারা কি তাঁহার পক্ষে পৃষ্ঠলিপি লেখা গিয়াছে বলিয়া দৃষ্ট হইলে, টাকাদায়ক যথাক্রমে টাকা দিয়া দায় হইতে মুক্ত হন।

চ্যাকের টাকা আজ্ঞামতে দিবার নিয়ম থাকিলে তদ্বিষয়ক কথা।

৯০ ধারা। নিয়ম অবধারণ করিয়া কিম্বা বিল অফ একস্চেঞ্জের উল্লিখিত টাকার একাংশ দিবার নিয়মে কিম্বা টাকা দিবার যে সময় ও স্থান নির্দ্দিষ্ট ছিল তাহা পরিবর্ত্তন করিয়া ঐ বিল সাকরাম গেলে, কিম্বা লেখকেরা ব্যবসায়ে অংশী না হইলেও দায়কেরা সকলেই তাহাতে স্বাক্ষর না করিলেও, যদি ঐ বিলের অধিকারী তাহাতে সম্মত হন, তবে তদ্রূপে স্বীকারকরণ বিষয়ে তাঁহার পূর্ব্ব যে সকল পক্ষের সম্মতি লওয়া যায় নাই তাঁহারা ঐ অধিকারির ও তদধীন সকল দাওয়াদারের নিকট দায়হইতে মুক্ত হন।

নিয়মাধীনে কি সীমা নির্দ্দেশ করিয়া স্বীকার করা গেলে যে পক্ষেরা সম্মত নহেন তাঁহাদের মুক্ত হইবার কথা।

৯১ ধারা। ২০, ৫৩, ৯০, ও ১২০ ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন ক্রয়বিক্রেয় নিদর্শনপত্রের গুরুতর পরিবর্ত্তন হইলে, যদি ঐ পত্রের প্রথম পক্ষদের সাধারণ অভিপ্রায় সফল করিবার উদ্দেশে ঐ রূপ পরিবর্ত্তন করা না যায়, তবে পরিবর্ত্তন করণ সময়ে ঐ পত্রের যে কোন পক্ষ তদ্বিষয়ে সম্মত না হন তাঁহার উপলক্ষে ঐ নিদর্শনপত্র ব্যর্থ হইবে,

গুরুতর পরিবর্ত্তনের ফলের কথা।

এবং পৃষ্ঠলিপিক্রমে প্রাপক তদ্রূপ পরিবর্ত্তন করিলে ঐ নিদর্শনপত্রের মূল্য সম্বন্ধে পৃষ্ঠলিপিকারকের যে দায় ছিল তিনি তাহা হইতে মুক্ত হন।

পৃষ্ঠলিপিক্রমে প্রাপক পরিবর্ত্তন করিলে, তদ্বিষয়ক কথা।

এই ধারার বিধানগুলি ২০ ও ৫৩ ও ৯০ ও ১২০ ধারার বিধানের নিয়মাধীন।

৯২ ধারা। ক্রয়বিক্রেয় নিদর্শনপত্র পরিবর্ত্তন করা গেলেও যিনি তৎপশ্চাৎ তাহা সাকরিয়া দেন কি তাহার পৃষ্ঠলিপি করেন তিনি সেই স্বীকার করণে বা পৃষ্ঠলিপিতে বদ্ধ হন।

পূর্ব্বে পরিবর্ত্তন হইলেও স্বীকারকারির কি পৃষ্ঠলিপিকারকের বদ্ধ থাকিবার কথা।

৯৩ ধারা। খতপত্রের কি বিল অফ একস্চেঞ্জের কি চ্যাকের গুরুতর পরিবর্ত্তন করা গেলে ও উক্ত প্রকারে পরিবর্ত্তিত হইয়াছে এমত দেখা না গেলে।

নিদর্শনপত্রের পরিবর্ত্তন স্পষ্ট না দেখা গেলে টাকা দিবার কথা।

কিম্বা টাকা পাইবার নিমিত্ত চ্যাক উপস্থিত করা গেলে কিন্তু উপস্থিত করণ সময়ে ক্রাস করা যাইবার মত না দেখাইলে কিম্বা ক্রাস করা গেলেও তাহার অক্ষরাদি উঠিয়া গেলে।

যে ব্যক্তি কি ব্যাঙ্কর তাহার টাকার দায়ী হন টাকা দিবার সময় পত্রের যে ভাব দেখায় তদনুসারে ও যথাক্রমে তাহার টাকা দিলে, তিনি তৎসম্পর্কীয় সকল দায় হইতে মুক্ত হইবেন, এবং নিদর্শনপত্র পরিবর্ত্তিত করা গিয়াছে কিম্বা চ্যাক ক্রাস করা গিয়াছে বলিয়া টাকা দিবার কোন আপত্তি করা যাইবে না।

CHAPTER VIII.

OF NOTICE OF DISHONOUR.

Dishonour by non-acceptance.

94. A bill of exchange is said to be dishonored by non-acceptance when the drawee, or one of several drawees not being partners, makes default in acceptance upon being duly required to accept the bill.

Where the drawee is incompetent to contract the bill may be treated as dishonoured.

Dishonour by non-payment.

95. A promissory note, bill of exchange or cheque is said to be dishonoured by non-payment when the maker of the note, acceptor of the bill, or drawee of the cheque makes default in payment upon being duly required to pay the same.

By and to whom notice should be given.

96. When a promissory note, bill of exchange or cheque is dishonoured by non-acceptance or non-payment, the holder thereof, or some party thereto who remains liable thereon, must give notice that the instrument has been so dishonoured to all other parties whom the holder seeks to make severally liable thereon, and to some one of several parties whom he seeks to make jointly liable thereon.

Nothing in this section renders it necessary to give notice to the maker of the dishonoured promissory note, or the drawee or acceptor of the dishonoured bill of exchange or cheque.

Mode in which notice may be given.

97. Notice of dishonour may be given to a duly authorised agent of the person to whom it is required to be given, or, where he has died, to his legal representative, or, where he has been declared an insolvent, to his assignee; may be oral or written; may, if written, be sent by post; and may be in any form; but it must inform the party to whom it is given, either in express terms or by reasonable intendment, that the instrument has been dishonoured, and in what way, and that he will be held liable thereon; and it must be given within a reasonable time after dishonour, at the place of business, or (in case such party has no place of business) at the residence of the party for whom it is intended.

If the notice is sent by post and miscarries, such miscarriage does not render the notice invalid.

অষ্টম অধ্যায়।

অগ্রাহ্য হইবার নোটিসবিষয়ক বিধি।

সাকরিয়া না দেওয়াতে অগ্রাহ্য হইবার কথা।

৯৪ ধারা। বিল অব একসচেঞ্জের টাকা দায়কের নিকট, কিম্বা ব্যবসায়ে অংশি-ভিন্ন টাকাদায়ক অনেক ব্যক্তির মধ্যে এক ব্যক্তির নিকট, ঐ বিলসাকরিয়া দিতে নিয়মমতে আদেশ হইলে যদি তিনি সাকরিয়া না দেন, তবে সাকরিয়া না দেওয়াতে বিল অগ্রাহ্য হইল বলা যায়।

টাকাদায়ক চুক্তি করিবার সক্ষম না হইলে, অগ্রাহ্য হইবার ন্যায় ঐ বিল লইয়া কার্য্য হইতে পারিবে।

টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইবার কথা।

৯৫ ধারা। ঋণপত্রকারকের কিম্বা বিল অব এক্সচেঞ্জের স্বীকারকারির কি চ্যাকের টাকাদায়কের নিকট নিয়মমতে ঐ পত্রের টাকা দিবার আদেশ হইলে যদি না দেন, তবে টাকা না দেওয়াতে ঐ প্রতিজ্ঞাপত্র কি বিল কি চ্যাক অগ্রাহ্য হইল বলা যায়।

যাঁহাকে যাঁহার নোটিস দিতে হইবে তদ্বিষয়ক কথা।

৯৬ ধারা। সাকরিয়া না দেওয়াতে কি টাকা না দেওয়াতে ঋণপত্র কি বিল অব এক্সচেঞ্জ কি চ্যাক অগ্রাহ্য হইয়া গেলে, ঐ পত্রের অধিকারী যে সকল পক্ষকে পৃথক২ রূপে দায়ী করিতে চেষ্টা করেন তাঁহাদের সকলকে ও যে২ পক্ষকে যোতায় দায়ী করিতে চেষ্টা করেন তাঁহাদের কোন এক জনকে ঐ অধিকারির কিম্বা যে কোন পক্ষ ঐ পত্রসম্পর্কে দায়ী থাকেন তাঁহার ঐ নিদর্শনপত্র অগ্রাহ্য হইবার নোটিস দিতে হইবে।

এই ধারার কোন কথাক্রমে ঐ অগ্রাহ্য করা ঋণ-পত্রকারককে কিম্বা অগ্রাহ্য করা বিল অব এক্সচেঞ্জের কি চ্যাকের টাকাদায়ককে কি স্বীকারকারিকে নোটিস দিবার আবশ্যকতা নাই।

নোটিস যে প্রকারে দেওয়া যাইতে পারে তদ্বিষয়ের কথা।

৯৭ ধারা। যাঁহার প্রতি অগ্রাহ্য হইবার নোটিস দিতে হইবে তাঁহার সপক্ষ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের প্রতি ঐ নোটিস দেওয়া যাইতে পারিবে, কিম্বা তাঁহার মৃত্যু হইলে তাঁহার বৈধ স্থলাভিষিক্তের, কিম্বা তাঁহাকে দেউলিয়া বলিয়া প্রকাশ করা গেলে তাঁহার আসৈনীর প্রতি ঐ নোটিস দেওয়া যাইতে পারিবে। নোটিস বাচনিক বা লিখিত হইতে পারিবে। লিখিত হইলে ডাকযোগে পাঠান যাইতে পারিবে। তাহা লিখিবার কোন পাঠ নিরূপণ নাই, কিন্তু ঐ নোটিস যাঁহাকে দেওয়া যায়, ঐ নিদর্শনপত্র যে অগ্রাহ্য হইয়াছে, ও যে প্রকারে অগ্রাহ্য হইয়াছে, ও তাঁহাকে যে তদ্বিষয়ে দায়ী বলিয়া জ্ঞান করা যাইবে, এই সকল কথা তাঁহাকে স্পষ্ট করিয়া কিম্বা ইহার ভাব যাহাতে যুক্তিমত বুঝা যায় এরূপে জানাইতে হইবে, ও যে পক্ষের নিকট দেওয়া যাইবে ঐ পত্র অগ্রাহ্য হইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে তাঁহার কর্ম্মস্থানে, কিম্বা তাঁহার কর্ম্মস্থান না থাকিলে তাঁহার বাসস্থানে ঐ নোটিস দিতে হইবে।

নোটিস ডাকযোগে পাঠান গেলে যদি না পঁহুছে তবে না পঁহুছিবাতে ঐ নোটিস অসিদ্ধ হইবে না।

98. Any party receiving notice of dishonour must, in order to render any prior party liable to himself, transmit it to such party within a reasonable time, unless such party otherwise receives due notice as provided by section 96.

Party receiving must transmit notice of dishonour.

99. When the instrument is deposited with an agent for presentment, the agent is entitled to the same time to give notice to his principal as if he were the holder giving notice of dishonour, and the principal is entitled to a further like period to give notice of dishonour.

Agent for presentment.

100. When the party to whom notice of dishonour is despatched is dead, but the party despatching the notice is ignorant of his death, the notice is sufficient.

When party to whom notice given is dead.

When notice of dishonour is unnecessary.

101. No notice of dishonour is necessary—

(*a*) when it is dispensed with by the party entitled thereto;

(*b*) in order to charge the drawer, when he has countermanded payment;

(*c*) when the party charged could not suffer damage for want of notice;

(*d*) when the party entitled to notice cannot after due search be found; or the party bound to give notice is, for any other reason, unable without any fault of his own to give it;

(*e*) to charge the drawers, when the acceptor is also a drawer;

(*f*) in the case of a promissory note which is not negotiable;

(*g*) when the party entitled to notice, knowing the facts, promises unconditionally to pay the amount due on the instrument.

CHAPTER IX.

OF NOTING AND PROTEST.

102. When a promissory note or bill of exchange has been dishonoured by non-acceptance or non-payment, the holder may cause such dishonour to be noted by a notary public upon the instrument, or upon a paper attached thereto, or partly upon each.

Noting.

[*Government Gazette*, 20*th May* 1879.]

৯৮ ধারা। কোন পক্ষ অগ্রাহ্য হইবার নোটিস পাইলে, আপনার পূর্ব্ব কোন পক্ষ যদি ৯৬ ধারার বিধানমতে উপযুক্ত নোটিস প্রকারান্তরে না পাইয়া থাকেন, তবে তাঁহাকে আপনার নিকট দায়ী করিবার জন্যে তাঁহার নিকট ঐ পক্ষের ঐ নোটিস চালান করিতে হইবে।

কোন পক্ষ অগ্রাহ্য হইবার নোটিস পাইলে তাঁহার চালান করিতে হইবার কথা।

৯৯ ধারা। ঐ নিদর্শনপত্র উপস্থিত করিবার জন্যে কোন ব্যক্তির সপক্ষ কর্ম্মকারকের নিকট গচ্ছিত থাকিলে ঐ পত্রের অধিকারী হইয়া অগ্রাহ্য হইবার নোটিস দিতে হইলে তাঁহাকে যত সময় দেওয়া যাইত, আপনার মুনিবকে নোটিস দিবার জন্যে তত সময় দেওয়া যাইবে, মুনিবও অগ্রাহ্য হইবার নোটিস দিবার জন্যে আর তত সময় পাইবার স্বত্ববান।

উপস্থিত করণার্থ কর্ম্মকারক বিষয় কথা।

১০০ ধারা। যে পক্ষের নিকট অগ্রাহ্য হইবার নোটিস পাঠান যায় তাঁহার মৃত্যু হইলে, কিন্তু যিনি নোটিস পাঠাইলেন তিনি ঐ পক্ষের মৃত্যুর কথা জ্ঞাত না থাকিলে, ঐ নোটিস প্রচুর হইবে।

যাঁহাকে নোটিস দেওয়া যায় তাঁহার মৃত্যু হইলে তদ্বিষয়ক কথা।

যে স্থলে অগ্রাহ্য হইবার নোটিস অনাবশ্যক তদ্বিষয়ের কথা।

১০১ ধারা। অগ্রাহ্য হইবার নোটিস এই২ স্থলে আবশ্যক নহে,

(ক) যাঁহার সেই নোটিস পাইবার স্বত্ব থাকে তিনি না পাইলেও উপেক্ষা করিলে,

(খ) পত্রলেখক টাকা দেওয়া নিষেধ করিয়া থাকিলে তাঁহার প্রতি দায় বর্ত্তাইবার নিমিত্ত,

(গ) যাঁহার প্রতি দায় বর্ত্তে নোটিস না পাইলেও তাঁহার হানি হইতে না পারিলে,

(ঘ) যে পক্ষের নোটিস পাইবার স্বত্ব থাকে উপযুক্তমতে অন্বেষণ করা গেলেও তাঁহাকে পাওয়া যাইতে না পারিলে, কিম্বা যে পক্ষের নোটিস দেওয়া কর্ত্তব্য তাঁহার নিজ দোষবিনা কোন কারণে তিনি তাহা দিতে অক্ষম হইলে,

(ঙ) যিনি সা করিয়া দেন তিনি লেখকদের এক জন হইলে, লেখকদের প্রতি দায় বর্ত্তাইবার নিমিত্ত,

(চ) যে ঋণপত্র ক্রয়বিক্রেয় নয় এমত পত্র হইলে,

(ছ) যে পক্ষ নোটিস পাইবার স্বত্ববান তিনি বৃত্তান্ত জ্ঞাত হইয়া, নিদর্শনপত্রের উপর দেয় টাকা নিরুপাধিরূপে দিতে অঙ্গীকার করিলে।

নবম অধ্যায়।

নোট ও প্রোটেষ্ট লিখন বিষয়ক বিধি।

১০২ ধারা। ঋণপত্র কি বিল অব এক্সচেঞ্জ স্বীকার করিয়া না লওয়াতে কি তাহার টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারী নোটরী পবলিকের দ্বারা ঐ নিদর্শনপত্রের উপর কি তৎসংযুক্ত অন্য কাগজের উপর কিম্বা একাংশ একের অন্যাংশ অন্যের উপর ঐ অগ্রাহ্য হইবার নোট লেখাইয়া লইতে পারিবেন।

নোট লিখিবার কথা।

Such note must be made within a reasonable time after dishonour, and must specify the date of dishonour, the reason, if any, assigned for such dishonour, or, if the instrument has not been expressly dishonoured, the reason why the holder treats it as dishonoured, and the notary's charges.

অগ্রাহ্য হইবার পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ঐ নোট লেখাইতে হইবে, তন্মধ্যে অগ্রাহ্য হইবার তারিখ ও অগ্রাহ্য করণের কোন কারণ দেওয়া গেলে সেই কারণ, ও স্পষ্টরূপে অগ্রাহ্য না হইয়া থাকিলে পত্রের অধিকারী যে কারণে অগ্রাহ্য বলিয়া ঐ নিদর্শনপত্র লইয়া কার্য্য করেন সেই কারণ, ও নোটরীর খরচ, এই২ কথা নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে।

Protest.

103. When a promissory note or bill of exchange has been dishonoured by non-acceptance or non-payment, the holder may, within a reasonable time, cause such dishonour to be noted and certified by a notary public. Such certificate is called a protest, and in a suit upon the instrument, on proof of the protest, the Court shall presume the fact of dishonour, unless and until such fact is disproved.

প্রোটেষ্টের কথা।

১০৩ ধারা। ঋণপত্র কি বিল অফ একসচেঞ্জ সাকরিয়া না দেওয়াতে কি তাহার টাকা না দেওয়াতে অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারী যুক্তিসঙ্গত সময়ের মধ্যে নোটরী পবলিকের দ্বারা সেই কথার নোট ও সর্টিফিকেট লেখাইয়া লইতে পারিবেন। সেই সর্টিফিকেট প্রোটেষ্ট বলা যায় ও নিদর্শনপত্রের উপর মোকদ্দমা উপস্থিত করা গেলে, বিপরীত প্রমাণ না থাকিলে বা না পাওয়া গেলে, আদালত ঐ সর্টিফিকেট উক্ত পত্র অগ্রাহ্য হইবার প্রমাণ বলিয়া জ্ঞান করিবেন।

Protest for better security.

When the acceptor of a bill of exchange has become insolvent, or his credit has been publicly impeached, before the maturity of the bill, the holder may, within a reasonable time, cause a notary public to demand better security of the acceptor, and on its being refused may, within a reasonable time, cause such facts to be noted and certified as aforesaid. Such certificate is called a protest for better security.

আরো উত্তম প্রতিভূ প্রাপণার্থে প্রোটেষ্টের কথা।

বিল অফ একসচেঞ্জের মিয়াদ পূর্ণ হইবার পুর্ব্বে ঐ বিলের স্বীকারকারী যোত্রহীন হইলে, কিম্বা প্রকাশ রূপে তাহার বিশ্বস্ততার প্রতি দোষারোপ হইলে, ঐ পত্রের অধিকারী যুক্তিসঙ্গত সময়ের মধ্যে নোটরীপবলিকের দ্বারা স্বীকারকারির স্থানে আরো উত্তম প্রতিভূর দাওয়া করিতে পারিবেন। তাহা না দেওয়া গেলে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে পুর্ব্বোক্তমতে সেই বৃত্তান্তের নোট ও সর্টিফিকেট লেখাইতে পারিবেন। সেই সর্টিফিকেট "আরো উত্তম প্রতিভূর নিমিত্তে প্রোটেষ্ট" বলা যায়।

Contents of protest.

104. A protest under section 103 must contain—

প্রোটেষ্টপত্রে যাহা লিখিতে হইবে তদ্বিষয়ের কথা।

১০৪ ধারা। ১০৩ ধারামত প্রোটেষ্টপত্রে এই২ বিষয় থাকিবে,

(a) either the instrument itself, or a literal transcript of the instrument and of everything written or printed thereupon;

(ক) নিদর্শনপত্রই, কিম্বা ঐ নিদর্শনপত্রের ও তাহার উপর লেখা কি ছাপা করা প্রত্যেক অক্ষরের প্রতিলিপি,

(b) the name of the person for whom and against whom the instrument has been protested;

(খ) যাঁহার সপক্ষে ও যাঁহার বিপক্ষে নিদর্শনপত্রের প্রোটেষ্ট করা যায় তাঁহাদের নাম,

(c) a statement that payment or acceptance, or better security, as the case may be, has been demanded of such person by the notary public; the terms of his answer, if any, or a statement that he gave no answer, or that he could not be found;

(গ) নোটরী পবলিকের দ্বারা সেই ব্যক্তির নিকট টাকার দাওয়া কিম্বা স্থলবিশেষে সাকরিয়া দিবার কি আরো উত্তম প্রতিভূর দাওয়া হইয়াছে এই কথা ও ঐ ব্যক্তি উত্তর দিয়া থাকিলে সেই উত্তরের কথা, কিম্বা তিনি উত্তর দিলেন না কি তাঁহার উদ্দেশ পাওয়া গেল না এই কথা,

(d) when the note or bill has been dishonoured, the place and time of dishonour, and when better security has been refused, the place and time of refusal;

(ঘ) ঋণপত্র কি বিল অগ্রাহ্য হইলে অগ্রাহ্য করণের, ও আরো উত্তম প্রতিভূ দিতে অস্বীকার করা থাকিলে অস্বীকার করণের সময় ও স্থান,

(e) the subscription of the notary public making the protest;

(ঙ) যে নোটরী পবলিক প্রোটেষ্টপত্র লিখিলেন তাঁহার স্বাক্ষর,

(f) in the event of an acceptance for honour or of a payment for honour, the name of the person by whom, of the person for whom, and the manner in which, such acceptance or payment was offered and effected.

(চ) অন্য ব্যক্তি যদি মানরক্ষার্থে সাকরিয়া দেন কি মানরক্ষার্থে টাকা দেন তবে যাঁহার দ্বারা ও যাঁহার নিমিত্তে ও যে প্রকারে সাকরাইয়া দিবার কি টাকা দিবার প্রস্তাব হইল ও ঐ কর্ম্ম সম্পন্ন হইল, এই সকল কথা।

105. When a promissory note or bill of exchange is required by law to be protested, notice of such protest must be given instead of notice of dishonour, in the same manner and subject to the same conditions; but the notice may be given by the notary public who makes the protest.

Notice of protest.

106. All bills of exchange drawn payable at some other place than the place mentioned as the residence of the drawee, and which are dishonoured by non-acceptance, may, without further presentment to the drawee, be protested for non-payment, in the place specified for payment, unless paid before or at maturity.

Protest for non-payment after dishonour by non-acceptance.

CHAPTER X.

OF REASONABLE TIME.

107. In determining what is a reasonable time for presentment for acceptance or payment, for giving notice of dishonour and for noting, regard shall be had to the nature of the instrument and the usual course of dealing with respect to similar instruments; and in calculating such time, public holidays shall be excluded.

Reasonable time.

108. Presentment is made within a reasonable time, within the meaning of Sections 65, 77, and 78, if it is made on the business day next after that on which the holder received the instrument referred to, or when there is no more delay than is occasioned by the residence of the parties to the instrument in different places.

Reasonable time for presentment.

Illustration.

A draws on B, resident at Calcutta, a bill of exchange in favour of C payable at sight, and sends it to C at Benares. C, the day after he receives it, endorses it to D, and despatches it to D at Calcutta. D, the day after he receives the bill, presents it for payment. The delay which has taken place in presenting the bill is not unreasonable.

109. If the holder and the party to whom notice of dishonour is given carry on business or live (as the case may be) in different places, such notice is given within a reasonable

Reasonable time of giving notice of dishonour.

১০৫ ধারা। আইনমতে যদি খতপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের প্রোটেষ্ট লেখা প্রয়োজন হয়, তবে অগ্রাহ্য হইবার নোটিস যে প্রকারে ও যে নিয়মাধীনে দেওয়া যায় অগ্রাহ্য হইবার নোটিসের পরিবর্ত্তে ঐ প্রোটেষ্টের নোটিস সেই প্রকারে ও সেই নিয়মমতে দিতে হইবে, কিন্তু যে নোটরী পবলিক প্রোটেষ্ট লিখিয়া দেন তাঁহার দ্বারা নোটিস দেওয়া যাইতে পারিবে।

প্রোটেষ্টের নোটিস বিষয়ক কথা।

১০৬ ধারা। বিল অফ এক্সচেঞ্জের টাকা দায়কের বাসস্থান বলিয়া উল্লিখিত স্থান ভিন্ন অন্য স্থানে তাহার টাকা দিবার নিয়ম লেখা গেলেও সাকরিয়া না দেওয়া প্রযুক্ত তাহা অগ্রাহ্য হইলে ও মিয়াদ পূর্ণ হইবার সময় বা তৎপূর্ব্বে টাকা দেওয়া না গেলে, টাকাদায়কের নিকট আর উপস্থিত না করিয়া যে স্থানে টাকা দেওয়া যাইবে বলিয়া নির্দ্দিষ্ট ছিল সেই স্থানে টাকা না দেওয়াতে তাহার প্রোটেষ্ট লেখা যাইতে পারিবে।

সাকরিয়া না দেওয়া প্রযুক্ত অগ্রাহ্য হইবার পর টাকা না দেওয়াতে প্রোটেষ্ট হইবার কথা।

দশম অধ্যায়।

যুক্তি সঙ্গত সময় বিষয়ক বিধি।

১০৭ ধারা। সাকরাইয়া লইবার কি টাকা লইবার জন্যে উপস্থিত করিবার ও অগ্রাহ্য হইবার নোটিস দিবার ও নোট লেখাইয়া লইবার যুক্তিসঙ্গত সময় কাহাকে বলে ইহা স্থির করিতে গেলে নিদর্শনপত্রের ভাব, ও সেই প্রকারের নিদর্শনপত্র লইয়া রীতমতে যেরূপে কার্য্য হইয়া থাকে তাহা বিবেচনা করিতে হইবে, ও সেই সময়ের হিসাব করিতে হইলে সাধারণের ছুটীর দিন ধরিতে হইবে না।

যুক্তি সঙ্গত সময়ের কথা।

১০৮ ধারা। অধিকারী যে দিনে ক্রয়বিক্রয় নিদর্শনপত্র প্রাপ্ত হন তাহার পর কার্য্য চলনের যে দিন আইসে সেই দিনেই উপস্থিত করিলে, কিম্বা উক্ত নিদর্শনপত্রের উভয় পক্ষের বাসস্থান ভিন্ন২ স্থানে থাকা প্রযুক্ত যে বিলম্ব সম্ভব তদপেক্ষা বিলম্ব না করিলে ঐ পত্র ৬৫ ও ৭৭ ও ৭৮ ধারার অভিপ্রায়ানুসারে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উপস্থিত করা যায়।

উপস্থিত করণের যুক্তি সঙ্গত সময়ের কথা।

উদাহরণ।

দেখাইবামাত্র যে বিল অফ এক্সচেঞ্জের টাকা দিতে হইবে আনন্দ কলিকাতা নিবাসী বলরামের নামে এমত বিল চন্দ্রের পক্ষে লিখিয়া বারাণসীতে চন্দ্রের নিকট পাঠাইয়া দেন। চন্দ্র তাহা যে দিনে পাইলেন তাহার পর দিনে তাহার পৃষ্ঠে দিননাথের নাম লিখিয়া কলিকাতায় দিননাথের নিকট পাঠাইয়া দেন। দিননাথ যে দিন পাইলেন তাহার পর দিনে টাকা লইবার নিমিত্ত উপস্থিত করেন। ঐ বিল উপস্থিত করণে যে বিলম্ব হইয়াছে তাহা অযুক্ত নয়।

১০৯ ধারা। পত্রের অধিকারী ও অগ্রাহ্য হইবার নোটিস যে ব্যক্তিকে দেওয়া যায় তিনি যদি ভিন্ন২ স্থানে কর্ম্ম চালান কিম্বা (স্থলবিশেষে) বাস করেন, তবে [illegible]

অগ্রাহ্য হইবার নোটিস দিবার যুক্তিসঙ্গত সময়ের কথা।

time if it is despatched by the next post or on the day next after the day of dishonour.

If the said parties carry on business or live in the same place, such notice is given within a reasonable time if it is despatched in time to reach its destination on the day next after the day of dishonour.

Reasonable time for transmitting such notice.

110. A party receiving notice of dishonour, who seeks to enforce his right against a prior party, transmits the notice within a reasonable time if he transmits it within the same time after its receipt as he would have had to give notice if he had been the holder.

CHAPTER XI.

OF ACCEPTANCE AND PAYMENT FOR HONOUR.

Acceptance for honour.

111. When a bill of exchange has been noted or protested for non-acceptance or for better security, any person may, with the consent of the holder, by writing on the bill, accept the same for the honour of any party thereto.

Acceptance not specifying for whose honour it is made.

112. Where the acceptance does not express for whose honour it is made, it shall be deemed to be made for the honour of the drawer.

Liability of acceptor for honour.

113. An acceptor for honour binds himself to all parties subsequent to the party for whose honour he accepts to pay the amount of the bill if the drawee do not; and such party and all prior parties are liable in their respective capacities to compensate the acceptor for honour for all loss or damage sustained by him in consequence of such acceptance.

But an acceptor for honour is not liable to the holder of the bill unless it is presented, or (in case the address given by such acceptor on the bill is a place other than the place where the bill is made payable) forwarded for presentment, not later than the day next after the day of its maturity.

When acceptor for honour may be charged.

114. An acceptor for honour cannot be charged unless the bill has at its maturity been presented to the drawee for payment and has been dishonoured by him, and noted or protested for such dishonour.

অগ্রাহ্য হইবার পরেই যে ডাক যায় সেই ডাকযোগে কিম্বা অগ্রাহ্য হইবার দিনের পর দিনেই পাঠান গেলে ঐ নোটিস যুক্তিসঙ্গত সময়ের মধ্যে দেওয়া গেল।

উক্ত দুই ব্যক্তি এক স্থানে কর্ম্ম চালাইলে কি বাস করিলে, ঐ নোটিস যাহাতে অগ্রাহ্য হইবার পর দিনে লক্ষিত স্থানে পঁহুছে এমতে পাঠান গেলে, তাহা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে দেওয়া গেল।

নোটিস চালান করিবার যুক্তিসঙ্গত সময়ের কথা।

১১০ ধারা। কোন ব্যক্তি পূর্ব্ব কোন পক্ষের বিপক্ষে আপনার স্বত্ব প্রবল করিতে চেষ্টা করিলে, অগ্রাহ্য হইবার নোটিস পাইয়া পত্রের অধিকারী হইলে যে সময়ের মধ্যে তাহার নোটিস দিতে হইত নোটিস পাইলেপর সেই সময়ের মধ্যে তাহা চালান করিলে, তিনি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে চালান করিলেন।

একাদশ অধ্যায়।

মান রক্ষার্থে সাকরিয়া দিবার ও টাকা দিবার বিধি।

মানরক্ষার্থে সাকরিয়া দিবার কথা।

১১১ ধারা। সাকরিয়া না দেওয়া প্রযুক্ত কিম্বা আরো উত্তম প্রতিভূর নিমিত্ত বিল অফ এক্সচেঞ্জে নোট কি প্রোটেষ্ট লেখা গেলে, কোন ব্যক্তি ঐ পত্রের অধিকারির সম্মতি ক্রমে বিলের উপর লিখিয়া তৎসম্পর্কীয় কোন পক্ষের মানরক্ষার্থে তাহা সাকরিয়া দিতে পারিবেন।

যাহার মান রক্ষার্থ করা গেল ইহা নির্দ্দেশ না করিয়া সাকরিয়া দিবার কথা।

১১২ ধারা। যাঁহার মানরক্ষার নিমিত্ত সাকরিয়া দেওয়া গেল এই কথা ঐ লিখনে স্পষ্ট না থাকিলে, বিল প্রভৃতির লেখকের মানরক্ষার্থে করা গেল বলিয়া জ্ঞান করা যাইবে।

মান রক্ষার্থে স্বীকার কারির দায়ের কথা।

১১৩ ধারা। টাকাদায়ক বিলের টাকা না দিলে, মানরক্ষার্থে স্বীকারকারী যে পক্ষের মান রক্ষার নিমিত্ত টাকা দিতে স্বীকার করেন তাঁহার পশ্চাৎ ঐ পত্র সম্বন্ধীয় সকল পক্ষের নিকট তিনি আপনাকে বদ্ধ করেন। ও তদ্রূপ স্বীকার করণ প্রযুক্ত তাঁহার হানি কি ক্ষতি হইলে, উক্ত পক্ষ ও তৎপূর্ব্ব সকল পক্ষ আপনং সম্পর্কানুসারে তাঁহার হানি কি ক্ষতি পূরণ করিবার দায়ী হন।

কিন্তু বিলের মিয়াদ যে দিনে পূর্ণ হয় তাহার পর দিনে অগৌণে তাহা উপস্থিত করা না গেলে কিম্বা টাকা দিবার যে স্থান বিলে লেখা থাকে ঐ স্বীকারকারী বিলের উপর তদ্ব্যতীত অন্য স্থানের নাম লিখিয়া দিলে) উপস্থিত করিবার নিমিত্ত পাঠান না গেলে, মানরক্ষার্থ সেই স্বীকারকারী ঐ বিলের অধিকারির নিকট দায়ী হন না।

মান রক্ষার্থে স্বীকারকারির দায় যে কালে বর্ত্তিতে পারে তাহার কথা।

১১৪ ধারা। বিলের মিয়াদ পূর্ণ হইলে টাকা লইবার নিমিত্ত তাহা টাকাদায়কের নিকট উপস্থিত করা না গেলে ও তিনি তাহা অগ্রাহ্য না করিলে ও অগ্রাহ্য হইবার নোট ও প্রোটেষ্ট লেখা না গেলে, মানরক্ষার্থ স্বীকারকারির প্রতি দায় বর্ত্তে না।

115. When a bill of exchange has been noted or protested for non-payment, any person may pay the same for the honour of any party liable to pay the same, provided that the person so paying has previously declared before a notary public the party for whose honour he pays, and that such declaration has been recorded by such notary public.

Payment for honour.

116. Any person so paying is entitled to all the rights, in respect of the bill, of the holder at the time of such payment, and may recover from the party for whose honour he pays all sums so paid, with interest thereon and with all xpenses properly incurred in making such payment.

Right of payer for honour.

CHAPTER XII.

OF COMPENSATION.

117. The compensation payable in case of dishonour of a promissory note bill of exchange or cheque, by any party liable to the holder or any indorsee, shall (except in cases provided for by the Code of Civil Procedure, section 532) be determined by the following rules:—

Rules as to compensation.

(*a*) The holder is entitled to the amount due upon the instrument, together with the expenses properly incurred in presenting, noting and protesting it;

(*b*) When the person charged resides at a place different from that at which the instrument was payable, the holder is entitled to receive such sum at the current rate of exchange between the two places;

(*c*) An indorser who, being liable, has paid the amount due on the same is entitled to the amount so paid with interest at six per centum per annum from the date of payment until tender or realization thereof, together with all expenses caused by the dishonour and payment;

(*d*) When the person charged and such indorser reside at different places, the indorser is entitled to receive such sum at the current rate of exchange between the two places;

(*e*) The party entitled to compensation may draw a bill upon the party liable to compensate him, payable at sight or on demand, for the

১১৫ ধারা। বিল অব একচেঞ্জের টাকা না দেওয়াতে ঐ বিলের নোট কি প্রোটেষ্ট লেখা গেলে পর কোন ব্যক্তি ঐ বিলের টাকা দায়ী কোন ব্যক্তির মানরক্ষার্থে ঐ টাকা দিতে পারিবেন, কিন্তু এমত স্থলে প্রয়োজন যে তিনি যে ব্যক্তির মানরক্ষার নিমিত্ত ঐ টাকা দেন, নোটরী পবলিকের সম্মুখে তাঁহার নাম পূর্ব্বে প্রকাশ করেন ও সেই প্রকাশিত কথা নোটরী পবলিকের দ্বারা লিপিবদ্ধ করা যায়।

মানরক্ষার্থে টাকা দিবার কথা।

১১৬ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে টাকা দিলে ঐ টাকা দিবার সময়ে বিলের অধিকারির সেই বিল সম্পর্কে যে সকল স্বত্ব থাকে তিনিও সেই সকল স্বত্বে স্বত্ববান, ও যাঁহার মানরক্ষার নিমিত্ত টাকা দিলেন তাঁহার স্থানে সুদসুদ্ধ ও ঐ টাকা দিতে গিয়া তাঁহার ন্যায্যরূপে যে সকল খরচ লাগিল তাহা সুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন।

মানরক্ষার নিমিত্ত যিনি টাকা দেন তাঁহার স্বত্বের কথা।

দ্বাদশ অধ্যায়।

হানি পূরণ বিষয়ক বিধি।

১১৭ ধারা। ঋণপত্র কি বিল অব এক্সেঞ্জ কি চেক অগ্রাহ্য হইলে, ঐ পত্রের অধিকারির কিম্বা পৃষ্ঠলিপিক্রমে টাকাপ্রাপকের নিকট যে ব্যক্তি দায়ী হন, হানিপূরণ স্বরূপ তাঁহার যত টাকা দিতে হইবে ইহা (দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৫৩২ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন) নিম্নলিখিত বিধিমতে স্থির করিতে হইবে,—

হানিপূরণ বিষয়ক বিধির কথা।

(ক) নিদর্শনপত্রের উপর যত টাকা দেয় হয় পত্রের অধিকারী তত টাকা এবং ঐ পত্র উপস্থিত করিতে ও নোট ও প্রোটেষ্ট লিখাইতে তাঁহার উচিত যে খরচ লাগিল তাহাও পাইবার স্বত্ববান।

(খ) যে স্থানে নিদর্শনপত্রের টাকা দিবার নিয়ম ছিল, দায় যে ব্যক্তির প্রতি বর্ত্তে তিনি তদ্ভিন্ন স্থানে বাস করিলে, ঐ দুই স্থানের মধ্যে চলিত যে হিসাবে মুদ্রার বিনিময় করা যায়, পত্রের অধিকারী সেই হিসাবে টাকা পাইবার স্বত্ববান।

(গ) পৃষ্ঠলিপিকারক দায়ী হওয়াতে ঐ নিদর্শনপত্রের উপর দেনা টাকা দিলে, তিনি ঐ টাকা দিবার তারিখ অবধি তাহা ফিরিয়া দিবার প্রস্তাব না হওন কি আদায় না করণ পর্য্যন্ত আপনার দত্ত ঐ টাকার উপর বৎসর শতকরা ছয় টাকার হিসাবে সুদসুদ্ধ, ও ঐ পত্র অগ্রাহ্য হওয়াতে ও টাকা দেওয়াতে তাঁহার যত খরচ হয়, তাহা সুদ্ধ ঐ টাকা পাইতে স্বত্ববান।

(ঘ) যে ব্যক্তির প্রতি দায় বর্ত্তে তিনি ও পৃষ্ঠলিপিকারক এই দুই জন যদি ভিন্ন২ স্থানে বাস করেন তবে ঐ দুই স্থানে চলিত যে হিসাবে মুদ্রার বিনিময় করা যায় পৃষ্ঠলিপিকারক সেই হিসাবে ঐ টাকা পাইবার স্বত্ববান।

(ঙ) যে পক্ষ হানিপূরণ পাইবার স্বত্ববান তাঁহার যত খরচ লাগে তাহা সুদ্ধ আপনার পাওনা টাকার নিমিত্তে ঐ হানিপূরণের দায়ী ব্যক্তির উপর বিল

amount due to him together with all expenses properly incurred by him. Such bill must be accompanied by the instrument dishonoured and the protest thereof (if any). If such bill is dishonoured, the party dishonouring the same is liable to make compensation thereof in the same manner as in the case of the original bill.

CHAPTER XIII.

Of Crossed Cheques.

Cheque crossed generally.

118. Where a cheque bears across its face an addition of the words "and company" or any abbreviation thereof, between two parallel transverse lines, or of two parallel transverse lines simply, either with or without the words "not negotiable," that addition shall be deemed a crossing, and the cheque shall be deemed to be crossed generally.

Cheque crossed specially.

119. Where a cheque bears across its face an addition of the name of a banker, either with or without the words "not negotiable," that addition shall be deemed a crossing, and the cheque shall be deemed to be crossed specially, and to be crossed to that banker.

Crossing after issue.

120. Where a cheque is uncrossed, the holder may cross it generally or specially.

Where a cheque is crossed generally, the holder may cross it specially.

Where a cheque is crossed generally or specially the holder may add the words "not negotiable."

Where a cheque is crossed specially, the banker to whom it is crossed may again cross it specially to another banker, his Agent, for collection.

Payment of cheque crossed generally.

121. Where a cheque is crossed generally, the banker on whom it is drawn shall not pay it otherwise than to a banker.

Payment of cheque crossed specially.

Where a cheque is crossed specially, the banker on whom it is drawn shall not pay it otherwise than to the banker to whom it is crossed, or his agent for collection.

দিতে পারিবেন, ও দেখাইবামাত্র বা চাহিবামাত্র ঐ বিলের টাকা দিবার নিয়ম থাকিবে। যে নিদর্শনপত্র অগ্রাহ্য হইয়াছে তাহা এবং প্রোটেষ্ট লেখা গেলে সেই প্রোটেষ্টপত্র ঐ বিলের সঙ্গে দিতে হইবে। যদি সেই বিল অগ্রাহ্য হয় তবে যে ব্যক্তি অগ্রাহ্য করেন তিনি আসল বিলের উপর যে প্রকারে হানিপূরণের দায়ী হইতেন সেই প্রকারে দায়ী হইবেন।

ত্রয়োদশ অধ্যায়।

ক্রাস করা চ্যাকবিষয়ক বিধি।

চ্যাক সাধারণমতে ক্রাস করিবার কথা।

১১৮ ধারা। চ্যাকের উপরে তেরচা ভাবে সমান্তর দুই রেখার মধ্যে "এণ্ড কোম্পানি" এই কথা কিম্বা ইহার সংক্ষেপ কথা লেখা গেলে, কিম্বা তেরাচাভাবে কেবল দুই সমান্তর রেখা থাকিলে ও "বিক্রেয় নয়" এই কথা থাকিলে বা না থাকিলেও সেই কথা বা রেখা লেখাই "ক্রাসিং" বলিয়া জ্ঞান হইবে ও ঐ চ্যাক সাধারণমতে ক্রাস করা গেল বলিয়া জ্ঞান হইবে।

চ্যাক বিশেষমতে ক্রাস করিবার কথা।

১১৯ ধারা। চ্যাকের উপরে তেরাচাভাবে "বিক্রেয় নয়" এই কথা সহিত বা তদ্ভিন্নও ব্যাঙ্করের নাম থাকিলে, তাহাই ক্রাসিং বলিয়া জ্ঞান হইবে ও চ্যাক বিশেষমতে ক্রাস করা গেল ও ঐ ব্যাঙ্করের পক্ষে ক্রাস করা গেল বলিয়া জ্ঞান হইবে।

চ্যাক পাইবার পর ক্রাস করিবার কথা।

১২০ ধারা। চ্যাক ক্রাস না করা গেলে, ঐ চ্যাকের অধিকারী তাহা সাধারণ কি বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে, অধিকারী তাহা বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

চ্যাক সাধারণ কি বিশেষমতে ক্রাস করা গেলে অধিকারী "বিক্রেয় নয়" এই কথাও সংযোগ করিয়া দিতে পারিবেন।

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেলে যে ব্যাঙ্করের নামে তাহা ক্রাস করা যায় তিনি টাকা আদায়ের নিমিত্ত আবার স্বপক্ষ কর্ম্মকারক অন্য ব্যাঙ্করের নামে তাহা বিশেষমতে ক্রাস করিতে পারিবেন।

চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে তাহার টাকা দিবার কথা।

১২১ ধারা। চ্যাক সাধারণমতে ক্রাস করা গেলে, তাহা যে ব্যাঙ্করের উপর দেওয়া যায় তিনি ব্যাঙ্কর ভিন্ন অন্য কাহাকে টাকা দিবেন না।

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেলে টাকা দিবার কথা।

চ্যাক বিশেষমতে ক্রাস করা গেলে যে ব্যাঙ্করের উপর দেওয়া যায় তিনি যে ব্যাঙ্করের নামে চ্যাক ক্রাস করিয়া দেওয়া গেল তাঁহাকে কি আদায়ের নিমিত্ত তাঁহার সপক্ষ কর্ম্মকারক ভিন্ন অন্য কাহাকে টাকা দিবেন না।

122. Where a cheque is crossed specially to more than one banker, except when crossed to an agent for the purpose of collection, the banker on whom it is drawn shall refuse payment thereof.

Payment of cheque crossed specially more than once.

123. Where the banker on whom a crossed cheque is drawn has paid the same in due course, the banker paying the cheque, and (in case such cheque has come to the hands of the payee) the drawer thereof, shall respectively be entitled to the same rights, and be placed in the same position in all respects, as they would respectively be entitled to and placed in if the amount of the cheque had been paid to and received by the true owner thereof.

Payment in due course of crossed cheque.

124. Any banker paying a cheque crossed generally otherwise than to a banker, or a cheque crossed specially otherwise than to the banker to whom the same is crossed, or his agent for collection, being a banker, shall be liable to the true owner of the cheque for any loss he may sustain owing to the cheque having been so paid.

Payment of crossed cheque out of due course.

125. A person taking a cheque crossed generally or specially, bearing in either case the words "not negotiable," shall not have, and shall not be capable of giving, a better title to the cheque than that which the person from whom he took it had.

Cheque bearing "not negotiable."

But a banker who has in good faith and without negligence received payment from a customer of a cheque crossed generally or specially to himself shall not, in case the title to the check proves defective, incur any liability to the true owner of the cheque by reason only of having received such payment.

CHAPTER XIV.

OF FOREIGN BILLS.

126. Foreign bills of exchange may be drawn in parts, each part being numbered and containing a provision that it shall continue payable only so long as the others remain unpaid. All the parts together make a set; but the whole set constitutes only one bill, and is extinguished when one of the parts, if a separate bill, would be extinguished.

Set of bills.

[*Government Gazette, 20th May 1879.*]

১২২ ধারা। টাকা আদায়ের নিমিত্ত কোন ব্যাঙ্করের সপক্ষ কর্ম্মকারকের নামে ক্রাস করিয়া দেওনভিন্ন, যদি দুই কি তদধিক জন ব্যাঙ্করের নামে বিশেষমতে ক্রাস করিয়া দেওয়া যায়, তবে যে ব্যাঙ্করের উপর দেওয়া গেল তিনি টাকা দিতে অস্বীকার করিবেন।

চ্যাক দুই কি তদধিকবার বিশেষমতে ক্রাস করা গেলে টাকা দিবার কথা।

১২৩ ধারা। ক্রাস করা চ্যাক যে ব্যাঙ্করের উপর দেওয়া যায় তিনি যথাক্রমে তাহার টাকা দিলে পর চ্যাকের টাকা প্রকৃত স্বামিকে দেওয়া গেলে ও তৎকর্ত্তৃক গৃহীত হইলে ঐ টাকাদাতা ব্যাঙ্করের ও (সেই চ্যাক টাকাপ্রাপকের হস্তগত হইলে) চ্যাক লেখকের যে স্বত্ব ও যে অবস্থা হইত, তাঁহারা সেই স্বত্বের অধিকারী ও সর্ব্বতোভাবে সেই অবস্থাপন্ন হইবেন।

ক্রাস করা চ্যাকের টাকা যথাক্রমে দিবার কথা।

১২৪ ধারা। কোন চ্যাক ব্যাঙ্করের নামে ক্রাস করা না গিয়া প্রকারান্তরে সাধারণমতে ক্রাস করা গেলে কিম্বা ব্যাঙ্করের নামে কিম্বা টাকা আদায়ের নিমিত্ত ব্যাঙ্করস্বরূপ তাঁহার সপক্ষ কর্ম্মকারকের নামে ক্রাস করা না গিয়া প্রকারান্তরে বিশেষমতে ক্রাস করা গেলে, যদি কোন ব্যাঙ্কর তাহার টাকা দিয়া থাকেন, তবে সেই চ্যাকের টাকা তদ্রূপ দেওয়া প্রযুক্ত প্রকৃত স্বামির কোন হানি হইলে সেই হানির জন্য ঐ ব্যাঙ্কর তাঁহার নিকট দায়ী হইবেন।

ক্রাস করা চ্যাকের টাকা অযথাক্রমে দেওয়া গেলে তদ্বিষয়ক কথা।

১২৫ ধারা। "বিক্রেয় নয়" এই শব্দ সাধারণ কি বিশেষমতে ক্রাস করা কোন চ্যাকে থাকিলে গ্রাহক যাঁহার স্থানে তাহা প্রাপ্ত হন তদপেক্ষা তাঁহার সেই চ্যাকে প্রবল স্বত্ব নাই, ও তিনি প্রবল স্বত্ব প্রদান করিতেও পারিবেন না।

"বিক্রেয় নয়" এই শব্দ চ্যাকে লেখা থাকিলে তদ্বিষয়ক কথা।

কিন্তু যাঁহার সঙ্গে নিত্য কর্ম্ম চলে এমত ব্যক্তির স্থানে ব্যাঙ্কর সাধারণমতে কিম্বা তাঁহার নামে বিশেষমতে ক্রাস করা চ্যাকের টাকা সরলভাবে ও শৈথিল্য ভিন্ন গ্রহণ করিয়া থাকিলে, যদি চ্যাকের প্রতি ঐ অন্য ব্যক্তির স্বত্বের দোষ থাকে তবে ঐ ব্যাঙ্কর কেবল সেই টাকা গ্রহণ প্রযুক্ত ঐ চ্যাকের প্রকৃত স্বামির নিকট কোন দায়গ্রস্ত হন না।

চতুর্দ্দশ অধ্যায়।

ভিন্নদেশীয় বিলবিষয়ক বিধি।

১২৬ ধারা। ভিন্নদেশীয় বিল অব এক্সচেঞ্জ পৃথক সেট করিয়া লেখা যাইতে পারিবে। সেটের প্রত্যেক কেতায় নম্বর দেওয়া যাইবে ও প্রত্যেকে এই নিয়ম থাকিবে যে এক কেতার টাকা যত দিন না দেওয়া যায় তত দিন অন্য কেতার টাকা দেনা থাকিবে। ঐ সকল কেতার সমষ্টিতে এক সেট হয়, কিন্তু ঐ সকল কেতা ঘটিত সেটে একই বিল হয়, এবং এক কেতা স্বতন্ত্র বিল হইয়া থাকিলে যে কালে তাহার শোধ হয় ঐ সেটও তৎকালে শোধ যায়।

বিলের সেটের কথা।

Exception.—When a person accepts or indorses different parts of the bill in favour of different persons, he is liable on each part as if it were a separate bill.

Holder of first acquired part entitled to all.

127. As between holders in due course of different parts of the same set, he who first acquired title to his part is entitled to the other parts and the money represented by the bill.

Drawee in case of need.

128. Where a drawee in case of need is named in a foreign bill of exchange, the bill is not dishonoured until dishonoured by such drawee.

Protest of foreign bills.

129. Foreign bills of exchange must be protested for dishonour when such protest is required by the law of the place where they are drawn.

CHAPTER XV.

OF INTERNATIONAL LAW.

Law governing liability of maker, acceptor or indorser of foreign instrument.

130. In the absence of a contract to the contrary, the liability of the maker or drawer of a foreign promissory note, bill of exchange or cheque is regulated in all essential matters by the law of the place where he made the instrument, and the respective liabilities of the acceptor and indorser by the law of the place where the instrument is made payable.

Illustrations.

A bill of exchange was drawn by A in California, where the rate of interest is 25 per cent., and accepted by B, payable in Washington, where the rate of interest is 6 per cent. The bill is endorsed in British India, and is dishonoured. An action on the bill is brought against B in British India. He is liable to pay interest at the rate of 6 per cent. only; but if A is charged as drawer, A is liable to pay interest at the rate of 25 per cent.

Law of place of payment governs dishonour.

131. Where a promissory note, bill of exchange or cheque is made payable in a different place from that in which it is made or indorsed, the law of the place where it is made payable determines what constitutes dishonour and what notice of dishonour is sufficient.

Illustration.

A bill of exchange drawn and indorsed in British India, but accepted payable in France, is dishonoured. The indorsee causes it to be protested for such dishonour, and give notice thereof in accordance with the law of France,

বর্জিত কথা।—যদি কোন ব্যক্তি ভিন্ন২ ব্যক্তির পক্ষে ঐ বিলের ভিন্ন২ কেতা স্বীকার দেন কি তাহার পৃষ্ঠলিপি করেন, তবে প্রত্যেক কেতা স্বতন্ত্র বিল হইলে যে রূপে দায়ী হইতেন, সেইরূপে প্রত্যেক কেতার উপর দায়ী হইবেন।

যিনি প্রথম এক কেতার স্বত্বাধিকারী হন তাঁহার সমস্ত কেতার স্বত্ববান হইবার কথা।

১২৭ ধারা। যাঁহারা যথাক্রমে একই সেটের ভিন্ন২ কেতার অধিকারী হন, তাঁহাদের মধ্যে যিনি স্বীয় কেতার স্বত্বাধিকার প্রথম পান তিনি অন্য সকল কেতা প্রাপ্তির ও বিলের উল্লিখিত টাকা পাইবারও স্বত্ববান।

প্রয়োজনীয় স্থলের টাকা দায়ক বিষয়ক কথা।

১২৮ ধারা। ভিন্ন দেশীয় বিল অফ একসচেঞ্জ যদি প্রয়োজনীয় স্থলে অন্য টাকাদায়কের নাম উল্লেখ হয়, তবে সেই অন্য ব্যক্তি অগ্রাহ্য না করিলে তাহা অগ্রাহ্য হয় না।

ভিন্নদেশীয় বিলের প্রোটেষ্ট বিষয়ক কথা।

১২৯ ধারা। ভিন্ন দেশীয় বিল অফ একসচেঞ্জ যে স্থানে লেখা যায় সেই স্থানের আইনমতে অগ্রাহ্য হওন প্রযুক্ত প্রোটেষ্ট লিখিবার বিধান থাকিলে, ঐ প্রোটেষ্ট লেখাইতে হইবে।

পঞ্চদশ অধ্যায়।

দেশসাধারণের আইন বিষয়ক বিধি।

ভিন্ন দেশীয় নিদর্শনপত্রকারকের কি স্বীকারকারির কি পৃষ্ঠলিপিকারকের দায় সম্পর্কে যে আইন বর্ত্তে তদ্বিষয়ক কথা।

১৩০ ধারা। প্রকারান্তরের চুক্তি না থাকিলে, ভিন্ন দেশীয় ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক লেখক বা তৎকারক যে স্থানে ঐ পত্র করিলেন গুরুতর সকল বিষয়ে সেই স্থানের ব্যবস্থামতে তাঁহার দায়ের বিধান হইবে। ও যে স্থানে ঐ নিদর্শনপত্রের টাকা দেয় হয় সেই স্থানের ব্যবস্থামতে ঐ পত্রের স্বীকারকারির ও পৃষ্ঠলিপিকারকের দায়ের বিধান হইবে।

উদাহরণ।

আনন্দ কালিফর্ণিয়াতে বিল অফ একসচেঞ্জ লিখিয়া দেন। সেই স্থানে শতকরা ২৫ টাকার হারে সুদ চলে ও ওয়াশিংটন নগরে টাকা দিবার নিয়ম থাকাতে বলরাম তাহা স্বীকরিয়া দিলেন। সেই স্থানে শতকরা ৬ টাকার হারে সুদ চলে। ব্রিটিষ ভারতবর্ষে ঐ বিলের পৃষ্ঠলিপি লেখা গেলে তাহা অগ্রাহ্য হইল। ঐ বিলের উপর মোকদ্দমা বলরামের নামে ব্রিটিষ ভারতবর্ষে উপস্থিত করা যায়। এমন স্থলে তিনি কেবল শতকরা ছয় টাকার হারে সুদের দায়ী হন। কিন্তু যদি লেখক বলিয়া আনন্দের উপর দায় বর্ত্তান যায় তবে আনন্দ শতকরা ২৫ টাকার হারে সুদের দায়ী হইবেন।

অগ্রাহ্য হইলে, টাকা দিবার স্থানবিষয়ক আইন বর্ত্তিবার কথা।

১৩১ ধারা। ঋণপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক যে স্থানে করা যায় কি যে স্থানে তাহার পৃষ্ঠলিপি লেখা যায়, ঐ পত্রের টাকা তদ্ভিন্ন স্থানে দিবার নিয়ম থাকিলে, যাহা হইলে তাহা অগ্রাহ্য হয় ও অগ্রাহ্য হইবার যে নোটিস প্রচুর হয়, এই কথা, ঐ পত্রের টাকা যে স্থানে দেয় হয় সেই স্থানের আইনমতে স্থির করা যাইবে।

উদাহরণ।

কোন বিল অফ এক্সচেঞ্জ ব্রিটিষ ভারতবর্ষে লিখিত হইয়া পৃষ্ঠলিপিও লেখা যায় কিন্তু ফ্রান্সে টাকা দিবার নিয়মে স্বীকরিয়া দেওয়া যায়। পরে অগ্রাহ্য হইলে পৃষ্ঠলিপিক্রমে মুদ্রাপ্রাপক ফ্রান্সদেশের আইন অনুসারে অগ্রাহ্য হওনপ্রযুক্ত প্রোটেষ্ট লেখা

though not in accordance with the rules herein contained in respect of bills which are not foreign. The notice is sufficient.

Instrument made, &c., out of British India, but in accordance with its law.

132. If a negotiable instrument is made, drawn, accepted or indorsed out of British India, but in accordance with the law of British India, the circumstance that any agreement evidenced by such instrument is invalid according to the law of the country wherein it was entered into, does not invalidate any subsequent acceptance or indorsement made thereon in British India.

Presumption as to foreign law.

133. The law of any foreign country regarding promissory notes, bills of exchange and cheques shall be presumed to be the same as that of British India, unless and until the contrary is proved.

SCHEDULE.

(a) STATUTES.

Year of chapter.	Title.	Extent of repeal.
9 Wm. III. c. 17	An Act for the better payment of inland Bills of Exchange.	The whole.
3 & 4 Anne, c 8	An Act for giving like remedy upon promissory notes as is now used upon Bills of Exchange, and for the better payment of Inland Bills of Exchange.	The whole.

(b) ACTS OF THE GOVERNOR-GENERAL IN COUNCIL.

No. and year.	Title.	Extent of repeal.
VI of 1840 ...	An Act for the amendment of the law concerning the negotiation of Bills of Exchange.	The whole.
V of 1866 ...	An Act to amend in certain respects the Commercial Law of British India.	Sections 11, 12 & 13.
XV of 1874 ...	The Laws Local Extent Act, 1874.	The first schedule, so far as relates to Act VI of 1840 and Act V of 1866, sections 11, 12 & 13.

D. FITZPATRICK,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 20*th May* 1879.]

ইয়া তাহার নোটিসও দেন। কিন্তু যে বিল ভিন্নদেশীয় নয় তদ্বিষয়ক এই আইনের বিধি অনুসারে তাহা করিলেন না। উক্ত নোটিস প্রচুর।

ব্রিটিশ ভারতবর্ষের আইন অনুসারে তদ্দেশের বহির্ভূত স্থানে নিদর্শনপত্র করা গেলে তদ্বিষয়ক কথা।

১৩২ ধারা। যদি ক্রেয়বিক্রেয় নিদর্শনপত্র ব্রিটিশ ভারতবর্ষের আইন অনুসারে ব্রিটিস ভাতবর্ষের বহির্ভূত স্থানে করা কি লেখা কি সাকরিয়া দেওয়া যায় কি তাহার পৃষ্ঠলিপি লেখা যায়, তবে ঐ নিদর্শনপত্র দ্বারা যে নিয়মের প্রমাণ হয় তাহা যে দেশে লেখা গিয়াছিল সেই দেশের আইন অনুসারে অসিদ্ধ এই কারণে তৎপশ্চাৎ ব্রিটিশ ভারতবর্ষের মধ্যে ঐ পত্র সাকরান কি তাহার পৃষ্ঠলিপি অসিদ্ধ হইবে না।

ভিন্নদেশীয় আইন বিষয়ক অনুমানের কথা।

১৩৩ ধারা। বিপরীত প্রমাণ না থাকিলে বা ন দেওয়া গেলে ঋণপত্র ও বিল অফ এক্সচেঞ্জ ও চ্যাক বিষয়ক ভিন্নদেশের ব্যবস্থা ব্রিটিস ভারতবর্ষের ব্যবস্থার ন্যায় বলিয়া অনুমান হইবে।

তফসীল।

(ক) রাজসভার আইন।

সাল ও অধ্যায়।	নাম।	যতদুর রহিত হইল।
তৃতীয় উইলিয়ম রাজার ৯ বৎ ১৭ অ	দেশীয় বিল অফ একসচেঞ্জের টাকা আদায় করণের সদুপায় করণার্থ আইন।	সম্পূর্ণ।
মহারাণীআনের ৩ ও ৪ বৎ ৮ অ	বিল অফ একসচেঞ্জ সম্বন্ধে এইক্ষণে যে প্রতিকার আছে ঋণপত্রের সম্বন্ধে সেই প্রতিকার খাটাইবার নিমিত্ত ও দেশীয় বিল অফ একসচেঞ্জের টাকা আদায়ের সদুপায় করণার্থ আইন।	সম্পূর্ণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর।	নাম।	যতদুর রহিত হইল।
১৮৪০ সা ৬ আ.	বিল অফ একসচেঞ্জ ক্রয় বিক্রয় করণ বিষয়ক আইন সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ আইন।
১৮৬৬ সা. ৫ আ.	ব্রিটিশ ভারতবর্ষের বাণিজ্য বিষয়ক আইনের কোন২ অংশ সংশোধন করণার্থ আইন।	১১,১২,১৩ধারা।
১৮৭৪ সা. ১৫ আ,	আইনের ব্যাপকতা বিষয়ক আইন।	প্রথম তফসীলের যে২ কথায় ১৮৪০ সালের ৬ আইনের ও ১৮৬৬ সালের ৫ আইনের ১১,১২, ১৩ ধারার সঙ্গে সম্পর্ক রাখে সেই২ কথা।

ডি. ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৯ জুলাই।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

পশ্চাল্লিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৭৯ সালের মে মাসের ২১ তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৭৯ সালের ৫ নম্বর।

ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণ বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণের বিধান করা আবশ্যক, এনিমিত্ত নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় ব্যবসায়ির চিহ্ন বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই আইন সমস্ত ব্রিটিষ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে;

আরম্ভ। এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

"ব্যবসায়ির চিহ্ন" ২ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথা দ্বারা বিভিন্ন ভাব প্রকাশ না পাইলে, এই আইনে যে চিহ্নে পশ্চাল্লিখিত প্রয়োজনীয় এক কি অনেক বিশেষ লক্ষণ থাকে, "ব্যবসায়ির চিহ্ন" শব্দে সেই চিহ্ন বুঝাইবে, যথা,

(ক) বিশেষ ও স্বতন্ত্ররূপে মুদ্রিত কি ছাপা কি বয়ন করা কোন ব্যক্তির কি কুঠীর নাম, কিম্বা

(খ) কোন ব্যক্তির কি কুঠীর লিখিত স্বাক্ষর কি লিখিত স্বাক্ষরের প্রতিলিপি, কিম্বা

(গ) স্বতন্ত্ররূপ কোন প্রতিকৃতি কি চিহ্ন কি শিরোনামা কি লাবেল কি টিকেট।

কিন্তু উক্ত এক কি একাধিক বিশেষ লক্ষণের সহিত কোন অক্ষর কি শব্দ কি অঙ্ক কিম্বা অক্ষরের কি শব্দের কি অঙ্কের সমষ্টি যোগ করা যাইতে পারিবে।

এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন বিশেষ ও স্বতন্ত্র শব্দ কি শব্দসমূহ অথবা অঙ্কের কি অক্ষরের সমষ্টি ব্যবসায়ির চিহ্নস্বরূপ ব্যবহৃত হইয়াছে, এই শব্দে তাহাও বুঝাইবে।

"রেজিষ্টরী করা" ও "রেজিষ্টরী করণ"। "রেজিষ্টরী করা" ও "রেজিষ্টরী করণ" শব্দে এই আইনমতে ও যে বিধি এই আইনক্রমে প্রণীত হইয়া তৎকালে বলবৎ থাকে সেই বিধিমতে "রেজিষ্টরী করা" ও "রেজিষ্টরী করণ" বুঝাইবে।

"কোর্ট" "কোর্ট" শব্দে কলিকাতার হাই কোর্ট বুঝাইবে।

রেজিষ্ট্রার নিযুক্ত করিবার কথা। ৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ব্যবসায়ির চিহ্ন ও তাহার মালিক যে হয় ইহা রেজিষ্টরী করিবার নিমিত্ত সময়েং নামোল্লেখে কি পদোপলক্ষে এক জন কার্য্যকারক নিযুক্ত করিবেন; ইনি অতঃপর "রেজিষ্ট্রার" নামে খ্যাত হইবেন।

ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণের কথা। ৪ ধারা। কোন ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করা না গেলে, ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি উক্ত ব্যবসায়ির চিহ্নের অবৈধ ব্যবহার নিবারণার্থে কিম্বা তজ্জন্য ক্ষতিপূরণ প্রাপ্তির নিমিত্ত কেহ কোন মোকদ্দমা কি অন্য আনুষ্ঠানিক কার্য্য সূচনা করিতে অধিকারী হইবেন না; কিন্তু যে কোন প্রতিকৃতি কি চিহ্ন কি নাম কি শব্দসমষ্টি কি অন্য বিষয় কি দ্রব্য এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে ব্যবসায়ির চিহ্নস্বরূপ ব্যবহৃত হইয়াছে ও যাহা রেজিষ্ট্রার এই আইনমতে রেজিষ্টরী করিতে অস্বীকার করিয়াছেন, তৎপ্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৯ জুলাই।]

(ঙ) ব্যবসায়ির চিহ্নের প্রথম ও পরবর্ত্তি মালিকদের যে রেজিষ্টরী করণ হইবে;

(ঙ) ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করিতে ও রেজিষ্টরে ব্যবসায়ির চিহ্ন রাখিতে ও ব্যবসায়ির চিহ্নস্বরূপ কোন দ্রব্যের রেজিষ্টরী অস্বীকার করণের সার্টিফিকেট দিতে যে ফী লাগিবে;

(চ) রেজিষ্টর হইতে কোন ব্যবসায়ির চিহ্ন উঠাইয়া দেওনরূপ যে কার্য্য হইবে;

(ছ) এই আইনমতে নোটিসের যে পাঠ হইবে ও যে প্রকারে নামোল্লেখ করিয়া উক্ত নোটিস দিতে ও তাহা জারী করিতে হইবে, ও জারী হইবার যে প্রমাণ দিতে হইবে;

(জ) যেং ব্যক্তি রেজিষ্টর দেখিতে স্বত্ববান্ হইবেন; ও

(ঝ) সাধারণতঃ এই আইন কার্য্যে পরিণত করিতে যাহাং প্রয়োজন হইবে।

উক্ত বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে, ও প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

রেজিষ্ট্রারের সার্টিফিকেট প্রমাণস্বরূপ হইবার কথা।

১৪ ধারা। এই আইনমতে কিম্বা এই আইন অনুযায়ি বিধিমতে রেজিষ্ট্রারের যাহা করিবার অনুমতি আছে তদ্রূপ কোন লেখা কি বিষয় কি দ্রব্য সম্বন্ধে তাঁহার সার্টিফিকেট তদ্রূপ লেখা হইবার ও তন্মধ্যে যাহাং থাকে তাহার, ও তদ্রূপ বিষয় ও দ্রব্য কৃত হইবার কি না হইবার, প্রমাণস্বরূপ হইবে।

যে চিহ্ন ও প্রতিকৃতি এই আইনক্রমে রেজিষ্টরী করা যাইতে না পারে, তাহার রক্ষণের কথা।

১৫ ধারা। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে প্রতিকৃতি কি চিহ্ন কি নাম কি শব্দ কি শব্দ সমষ্টি কি অন্য বিষয় কি দ্রব্য ব্যবসায়ির চিহ্নস্বরূপ ব্যবহৃত হইয়াছে, তাহা ব্যবসায়ির চিহ্নস্বরূপ ব্যবহার করিবার কোন ব্যক্তির প্রার্থনা অগ্রাহ্য করা গেলে, প্রার্থকের যাচ্ঞাক্রমে ও ১৩ ধারামতে প্রণীত বিধির নির্দ্দিষ্ট ফী তৎকর্ত্তৃক প্রদত্ত হইলে, রেজিষ্ট্রার তাঁহাকে তদ্রূপ অগ্রাহ্য হইবার সার্টিফিকেট দিবেন।

উক্তরূপে যে সার্টিফিকেট প্রদত্ত হয় তাহা তদ্রূপ অগ্রাহ্য হইবার সিদ্ধান্ত প্রমাণস্বরূপ হইবে।

যেং আদালতের এক্ষণে বিচারাধিপত্য আছে তাহার রক্ষণের কথা।

১৬ ধারা। এই আইনের বিধান দ্বারা উক্ত হাই কোর্টের প্রতি বিশেষ বিচারাধিপত্য প্রদত্ত হইল বলিয়া উক্ত বিচারাধিপত্যের স্থল ভিন্ন অন্য স্থলে ব্যবসায়ির চিহ্ন সম্পর্কীয় মোকদ্দমায় কি আনুষ্ঠানিক কার্য্যে অন্য আদালতের যে বিচারাধিপত্য থাকে তাহার কোন ব্যাঘাত হইবে না।

তাঁহাদের নিকট হইতে নোটিস পাইলে রেজিষ্ট্রারের রেজিষ্টর সংশোধন করিতে হইবার কথা।

তদ্রূপ অন্য কোন আদালতের কোন আনুষ্ঠানিক কার্য্যবশতঃ রেজিষ্টর সংশোধন করিবার প্রয়োজন হইলে, রেজিষ্ট্রারকে তদ্রূপ প্রয়োজনের যথাযোগ্য নোটিস দেওয়া যাইবে, এবং তিনি তদনুসারে রেজিষ্টর সংশোধন করিবেন।

[বেঙ্গল গেজেট। ১৮৭৯। ২৯ জুলাই।]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

মিল ওনরস্ আসোসিএশনের ও বোম্বাই চেম্বর অফ কমার্সের ইচ্ছা ফলবতী করিবার নিমিত্ত, বোম্বাই গবর্ণমেণ্টের প্রার্থনামতে, এই আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। উভয় সভাই ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭৫ ও ১৮৭৬ সালের ইংলণ্ডীয় যে আইন ভারতবর্ষের প্রতি বর্ত্তে না বলিয়া বোম্বাই হাই কোর্ট নিষ্পত্তি করিয়াছেন, তাহার বিধানের প্রতি স্থানীয় গবর্ণমেণ্টের মনোযোগ আকর্ষণ করিয়া বলেন যে এতদ্দেশে শিল্পদ্রব্যের, বিশেষতঃ বোম্বাইর কার্পাসজাত শিল্প দ্রব্যের, বৃদ্ধির বিষয় বিবেচনা করিলে ভারতবর্ষে উক্ত প্রকারের একটী আইন থাকা বাঞ্ছনীয় বোধ হয়।

২। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৮ ও ৩৯ বৎসরের ৯১ অধ্যায়ের (ব্যবসায়ির চিহ্নের রেজিষ্টর সংস্থাপন বিষয়ক) আইনের ও শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৯ ও ৪০ বৎসরের ৩৩ অধ্যায়ের (ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৫ সালের আইন সংশোধন বিষয়ক) আইনের বিধান এতদ্দেশের বিভিন্ন অবস্থার উপযোগী করিতে যে পরিবর্ত্তনের প্রয়োজন হয়, সেই পরিবর্ত্তন মাত্র করিয়া তাহা এই পাণ্ডুলিপিতে সন্নিবেশিত হইয়াছে। রাজব্যবস্থার বিধান এতদ্দেশে বিস্তার করাই যখন আমাদের কোন আইনের উদ্দেশ্য হয়, তদ্রূপস্থলে (বিশেষতঃ বিস্তীর্ণ বাণিজ্য সংক্রান্ত স্বার্থ লইয়া ব্যবস্থা প্রণয়ন করিবার স্থলে) তদ্রূপ রাজব্যবস্থার বিধানের যত কাছে২ চলা যায় তাহাই বাঞ্ছনীয় বোধ হয়, এরূপ করিলে যতদূর হইতে পারে এতদ্দেশের আইন ইংলণ্ডের আইনের অনুরূপ হয়।

৩। পাণ্ডুলিপিতে একজন রেজিষ্ট্রার নিয়োগের ও ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করণের বিধান আছে, এবং এই পাণ্ডুলিপির বিধানমতে কোন ব্যবসায়ির চিহ্ন রেজিষ্টরী করা না গেলে নির্দ্দিষ্ট তারিখের পর উক্ত ব্যবসায়ির চিহ্নের অবৈধ ব্যবহার নিমিত্ত কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না, এইরূপ বিধান করা গিয়াছে। অতঃপর ব্যবসায়ির চিহ্ন যে২ প্রয়োজনীয় লক্ষণ বিশিষ্ট হইবে, এই পাণ্ডুলিপিতে তাহারও নির্দ্দেশ করা গিয়াছে। কিন্তু এক্ষণে যে২ ব্যবসায়ির চিহ্ন ব্যবহৃত হইতেছে ও যাহা আশ্রয় পাইবার যোগ্য, পূর্ব্বোক্ত বিধানের কার্য্য হইতে তৎসমুদয় রক্ষা করা গিয়াছে। পাণ্ডুলিপির অন্যান্য বিধান এই২ বিধানের আনুষঙ্গিক মাত্র, এবং তন্মধ্যে কেবল এই বিধানটী এস্থলে উল্লেখযোগ্য যে কলিকাতার হাই কোর্ট এই আইনের কার্য্যপক্ষ কোর্ট বলিয়া নিযুক্ত হইয়াছেন। কেবল কলিকাতায় গ্রন্থবিষয়ক স্বত্বের ও নূতন গঠন নির্দ্দেশের স্বামিত্ব রেজিষ্টরী করা যায় বলিয়া, যখন বুঝা যাইতেছে যে, রেজিষ্টরী আফিস কলিকাতায় থাকিবে, তখন উক্ত কোর্টকে নিযুক্ত করাই সর্ব্বাপেক্ষা সুবিধা ইহা স্পষ্টই দৃষ্ট হইতেছে।

হুইটলী ষ্টোকস।

১৮৭৯ সাল ২৯ মার্চ।

সি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্য বিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৬ সেপ্টেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ২৬ জুন তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হইয়া সিলেক্‌ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৭৯ সালের ৮ নম্বর।

কোন২ মৃত ব্যক্তির চরমপত্রের প্রবেট ও সম্পদের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানের বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

যেং স্থলে ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন বর্ত্তে না সেই২ স্থলে মৃত ব্যক্তিদের চরমপত্রের প্রবেট ও সম্পদের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানের বিধান করা কর্ত্তব্য; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত দেশে বর্ত্তিবে, ও

আরম্ভ। ইহা ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখে বলবৎ হইবে।

হিন্দুপ্রভৃতির প্রবেট ও ধনাধ্যক্ষতার প্রতি ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন বর্ত্তাইবার কথা। ২ ধারা। ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ৩৩১ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও কিম্বা ৩৩২ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রকারান্তরের আজ্ঞা করিলেও, উক্ত আইনের নিম্নলিখিত অংশ, অর্থাৎ,

১৭৯ অবধি ১৮৬ পর্য্যন্ত ধারা,
১৮৮ ও ১৮৯ ধারা,
১৯১ অবধি ১৯৯ পর্য্যন্ত ধারা,
৩০ খণ্ড,
২৩৯ ধারা ব্যতীত ৩১ খণ্ড, ও
৩৩ অবধি ৫০ পর্য্যন্ত খণ্ড,

(প্রবেট ও দ্রব্য নিরূপণাধিকারিত্ব বিষয়ক আইন সংশোধন করিবার) ১৮৭৫ সালের ১৩ আইন দ্বারা ও (১৮৭৫ সালের ১৩ আইন সংশোধন করণার্থ) ১৮৭৭ সালের ২ আইনদ্বারা ও (জিলার প্রতিনিধি কার্য্যকারক বিষয়ক) ১৮৭৯ সালের আইন দ্বারা যেরূপে সংশোধিত হইয়াছে, সেইরূপে, যে প্রত্যেক হিন্দু ও মুসলমান ও বৌদ্ধ ও ঐ আইনের ৩৩২ ধারামতে বর্জ্জিত ব্যক্তি ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখে কি তাহার পরে মরিবেন, তাঁহাদের প্রতি বর্ত্তিবে।

উক্ত আইনের ১৯৯ ধারায় সংযোগ করিবার কথা। ৩ ধারা। উক্ত আইনের যেং অংশ এইরূপে বর্ত্তান গেল, ১৯৯ ধারার পর পশ্চাল্লিখিত ধারাটী থাকিলে যেরূপ হইত, সেইরূপে সেই২ অংশপাঠ করা যাইবে।

"১৯৯ ক ধারা। মৃত ব্যক্তি চরমপত্র না করিয়া মরিলে, অকৃতচরমপত্র ব্যক্তির সম্পদের বিভাগ বিষয়ক যে বিধি উক্ত মৃত ব্যক্তির সম্বন্ধে খাটে, সেই বিধিক্রমে উক্ত মৃত ব্যক্তির সম্পদের সমুদয় কি কোন অংশ পাইবার স্বত্ব যে কোন ব্যক্তির থাকে, তাঁহার প্রতি ঐ সম্পদের ধনাধ্যক্ষতা ভার দেওয়া যাইতে পারিবে।

"তদ্রূপ কএক ব্যক্তি ধনাধ্যক্ষতা প্রাপ্তি নিমিত্ত প্রার্থনা করিলে, আদালত স্বীয় বিবেচনামতে তন্মধ্যে এক কি একাধিক ব্যক্তিকে ঐ ক্ষমতা দিতে পারিবেন।

"তদ্রূপ কোন ব্যক্তি প্রার্থনা না করিলে, মৃত ব্যক্তির উত্তমর্ণকে ধনাধ্যক্ষতা দেওয়া যাইতে পারিবে।"

উক্ত আইনের ২৫৬ ধারার সংশোধনের কথা।

৪ ধারা। এই আইনক্রমে উক্ত আইন যে স্থলে বর্ত্তান যাইতেছে সেই স্থলে ২৫৬ ধারার "দেওয়া যায়" এই কথার পরে "ও, জজ সাহেব আজ্ঞা করিলে, যে কোন ব্যক্তিকে প্রবেট দেওয়া যায়" এইং কথা দিতে হইবে।

ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিতে অস্বীকার করিতে পারিবার কথা।

৫ ধারা। ইতি পূর্ব্বে ভাবান্তরের কথা থাকিলেও, হিন্দুদের চরমপত্রবিষয়ক ১৮৭০ সালের আইন যে স্থানে খাটে তদ্ভিন্ন স্থলে, আদালত, হেতু লিপিবদ্ধ করিয়া এই আইন মত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র পাইবার প্রার্থনা স্বীয় বিবেচনামতে অগ্রাহ্য করিতে পারিবেন।

সংরক্ষণের ধারা।

৬ ধারা। এই আইনের কোন কথা দ্বারা

(ক) যে চরমপত্র মত বিনিয়োগ প্রকারান্তরে অসিদ্ধ হইত তাহা সিদ্ধ হইবে না; কিম্বা

(খ) তদ্রূপ যে বিনিয়োগ প্রকারান্তরে সিদ্ধ হইত তাহা অসিদ্ধ হইবে না; কিম্বা

(গ) মৃত ব্যক্তির যে সম্পত্তি প্রকারান্তরে উত্তরজীবিত্ব ক্রমে অন্য ব্যক্তির প্রতি বর্ত্তিত তাহা অস্থির কি ধনাধ্যক্ষের প্রতি বর্ত্তিবে না; কিম্বা

(ঘ) প্রকারান্তরে কোন ব্যক্তির যে ভরণপোষণের স্বত্ব থাকিত তাহা নষ্ট হইবে না; কিম্বা

(ঙ) বঙ্গদেশের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের, যে স্বত্ব ও কর্ত্তব্য ও অধিকার আছে তাহার কোন ব্যাঘাত হইবে না।

অর্থ করণের ধারা।

৭ ধারা। বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত বোধ না হইলে, ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ৩ ধারায় যেং শব্দের অর্থ করা গিয়াছে, উক্ত ৩ ধারায় সেইং শব্দের যেং অর্থ প্রদত্ত হইয়াছে, এই আইনে ও এই আইনক্রমে বর্ত্তান ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ধারাগুলিতে সেইং অর্থ ধরা যাইবে।

কেবল এই আইনমতে প্রবেট ও ধনাধ্যক্ষতা প্রদত্ত হইবার কথা।

৮ ধারা। কোন হিন্দু কি মুসলমান কি বৌদ্ধ কিম্বা পূর্ব্বোক্তরূপ বর্জ্জিত ব্যক্তি ১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখে কি তাহার পরে মরিলে, ব্রিটিষ ভারতবর্ষের কোন আদালত কর্ত্তৃক এই আইন ভিন্ন অন্য কোনক্রমে উক্ত মৃত ব্যক্তির চরম পত্রের প্রবেট কি সম্পদের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদত্ত হইবে না।

১৮৭০ সালের ২১ আইনের সংশোধনের কথা।

৯ ধারা। হিন্দুদের চরমপত্র বিষয়ক ১৮৭০ সালের আইনে নিম্নলিখিত সংশোধন গুলি করিতে হইবে,

(ক) ২ ধারায় "১৭৯" অবধি আরম্ভ করিয়া 'ঐ ২ খণ্ড" পর্য্যন্ত সমুদয় কথার পরিবর্ত্তে "১৮৭ ধারা" এই কথা দিতে হইবে;

(খ) ৬ ধারায় '১০৩, ও ১৮২ ধারার" এইং কথার পরিবর্ত্তে "১০৩ ধারার" এই কথা দিতে হইবে।

(গ) উক্ত ধারার তৃতীয় প্রকরণ ও ৩ ধারার শেষ প্রকরণ রহিত করা যাইবে।

১৮৮০ সালের জানুয়ারি মাসের ১ তারিখের পূর্ব্বে চরমপত্রকারি কি অকৃতচরম পত্র কোন ব্যক্তি মরিলে, তৎ সম্বন্ধে এই ধারার কোন কথা খাটিবে না।

১৮৬৬ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি যে প্রবেট ও ধনাধ্যক্ষতা পত্র প্রদত্ত হইয়াছে তাহা সিদ্ধ করিবার কথা।

১০ ধারা। মৃত কোন হিন্দুর কি মুসলমানের কি বৌদ্ধের কি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের বিধান হইতে মুক্ত ব্যক্তির চরম পত্রের যে প্রবেট কিম্বা সম্পদের ধনাধ্যক্ষতার যে ক্ষমতাপত্র ১৮৬৬ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি প্রদত্ত হইয়াছে তাহা তৎকালে এই আইন বলবৎ থাকিলেও বৈধ হইলে আইনমতে প্রদত্ত হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ব্রিটিষ ভারতবর্ষের আইনের এক্ষণে যেরূপ অবস্থা, তাহাতে, সাধারণতঃ বলিতে গেলে, কোন মৃত হিন্দুর কি মুসলমানের কি বৌদ্ধের কি ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের কার্য্য হইতে মুক্ত অন্য ব্যক্তির সম্পদের স্বত্বাভিষিক্তস্বরূপ সম্পূর্ণ ও সিদ্ধান্ত স্বত্ব কোন ব্যক্তির প্রতি অর্পণ করিবার উপায় নাই।

হিন্দুদের চরমপত্রবিষয়ক আইন এক্ষণে কেবল রাজধানী নগরসমূহে ও নিম্ন বঙ্গ প্রদেশে প্রচলিত আছে; এবং এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্যান্য স্থানে বর্ত্তাইবার যে প্রস্তাব এক্ষণে বিচারাধীন রহিয়াছে, তাহা কার্য্যে পরিণত হইলেও, ইহা কেবল হিন্দুদের চরমপত্রমত উত্তরাধিকারের স্থলে খাটিবে।

১৮৬০ সালের ২৭ আইনমতে যে সর্টিফিকেট দেওয়া যায় তাহাতে সর্টিফিকেট প্রাপ্ত ব্যক্তি কেবল কোনং অত্যন্ত সীমাবদ্ধ কার্য্যের নিমিত্ত স্থলাভিষিক্ত হন; এবং বোম্বাই প্রেসিডেন্সীতে ১৮২৭ সালের ৮ আইনমতে অধিকতর ক্ষমতা প্রদায়ি সর্টিফিকেট পাওয়া গেলেও, উক্ত সর্টিফিকেটধারির পদ ঠিক কিরূপ, ইহা স্পষ্ট বুঝা যায় না।

যেং স্থলে ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন ও হিন্দুদের চরমপত্রবিষয়ক আইন বর্ত্তে না সেইং স্থলে রাজধানীনগর সমূহে এতদ্দেশীয় মৃত ব্যক্তিদের চরমপত্রের প্রবেট ও সম্পদের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র সুপ্রীম কোর্টের চার্টরমতে দেওয়া যাইতে পারে; কিন্তু তদ্রূপে দেওয়া গেলে স্থলাভিষিক্ত

স্বরূপ যে পদ প্রদত্ত হয় তাহা মৃত ইউরোপীয় খ্রিষ্টীয় প্রজাদের সম্পর্কে দত্ত তদ্রূপ পত্রানুযায়ি পদ অপেক্ষা অনেকাংশে ন্যূন।

২। এই রূপ অবস্থা হইতে সময়ে ২ অনেক কষ্ট ও মোকদ্দমা উপস্থিত হয়। উত্তরাধিকারিরা বহুসংখ্যক হইতে পারে; তাহাদের স্বার্থের পরিমাণ বিভিন্ন হইতে পারে; তন্মধ্যে কেহ২ অপ্রাপ্তবয়স্ক কি প্রকারান্তরে অক্ষম হইতে পারে; কেহ দূরে থাকিতে পারে; কাহারও স্বত্ব লইয়া বিবাদ হইতে পারে সম্পদের বিরুদ্ধ দাওয়ার নিষ্পত্তি এইরূপে অত্যন্ত জটিল ব্যাপার হইতে পারে; উহার কোন অংশ বিক্রয় করিবার প্রয়োজন হইলে, ও ঐঅংশে সন্তোষজনক স্বত্ব সংস্থাপন করা অসম্ভব হইতে পারে।

৩। কিছু কাল হইল কলিকাতার হাই কোর্টের বর্ত্তমান জজ ব্রোটন সাহেব যৎকালে বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল ছিলেন, তিনি এই অসুখ দূর করিবার উপায় অবলম্বনের আবশ্যকতা ভারতবর্ষীয় গবর্ণমেন্টের জ্ঞানগোচর করিয়াছিলেন; এবং তাঁহার লিখিত এক খানি আইনের পাণ্ডুলিপি স্থানীয় কর্ত্তৃপক্ষদের মত জানিবার নিমিত্ত তাঁহাদের নিকটে প্রেরিত হইয়াছিল। উক্ত পাণ্ডুলিপিতে ভিন্ন ২ শ্রেণীর লোকের উত্তরাধিকারের ব্যবস্থায় হস্তক্ষেপ করা না গেলেও তৎপ্রতি প্রবেট ও ধনাধ্যক্ষতা সম্পর্কীয় ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের বিধানগুলি কার্য্যতঃ বর্ত্তাইবার কল্পনা ছিল, এবং তন্মধ্যে এই বিধানও ছিল যে মৃত ব্যক্তির উত্তরাধিকারোৎপন্ন কোন স্বত্ব সংস্থাপন করিবার পূর্ব্বে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র লইতে হইবে।

৪। স্থানীয় কর্ত্তৃপক্ষদের রিপোর্ট এক্ষণে পাওয়া গিয়াছে, ও ঐ সকল রিপোর্টের মর্ম্ম সংক্ষেপে এই বলিয়া বর্ণনা করা যাইতে পারে যে, কোন মৃত ব্যক্তির চরমপত্রের প্রবেট কি সম্পদের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র পাইবার স্বার্থ যাঁহাদের আছে তাঁহারা চাহিলে তাহা পাইতে পারেন, ইহার উপায় বিধান করিবার অনুকূলে অনেকের মত থাকিলেও, প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র মূলে প্রয়োজনীয় করিবার প্রস্তাবের প্রতি সাধারণতঃ এই বলিয়া দোষার্পণ হইয়াছে যে, তাহাতে যে স্থলে কোন গোলযোগ কি বিবাদ নাই সে স্থলেও বহুসংখ্যক দরিদ্র ও অজ্ঞান লোকের অনাবশ্যক কষ্ট ও ব্যয় হইবার সম্ভাবনা।

৫। এইরূপে যাহা২ নির্দ্দেশ করা গেলে, তৎক্রমে বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। এক্ষণে যাঁহারা ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের অধীন নহেন এতদ্দ্বারা তাঁহাদের প্রতি প্রবেট ও, ধনাধ্যক্ষতা প্রদান ও অছিদের ও ধনাধ্যক্ষদের ক্ষমতা ও কর্ত্তব্য ও কার্য্যপ্রণালী সম্পর্কীয় উক্ত আইনের অংশগুলি বর্ত্তান গিয়াছে। কিন্তু যে২ ধারামতে (১৮৭ ও ১৯০) প্রবেট ও ধনাধ্যক্ষতা লওয়া অবশ্যক হয় এবং চরমপত্রাভাবে স্বার্থযুক্ত ভিন্ন ২ ব্যক্তি যে ক্রমে ধনাধ্যক্ষতা পাইবার অধিকারী সেই ক্রম যে২ ধারায় (২০০ অবধি ২০৭ পর্য্যন্ত) নির্দ্দিষ্ট হইয়াছে, সেই২ ধারা উঠাইয়া দেওয়া গিয়াছে।

৬। শেষোক্ত ধারাগুলি বর্ত্তান অসম্ভব, কারণ উক্ত ধারাগুলি চরমপত্রাভাবে যে উত্তরাধিকারের ব্যবস্থা মূলক, তাহা যে২ শ্রেণীর লোকের জন্য এই পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে তাঁহাদের ঐ বিষয়ের ব্যবস্থা হইতে বিভিন্ন। এই সকল শ্রেণীর নিমিত্ত কেবল এই সাধারণ বিধি করা যাইতে পারে যে ক্ষমতাপত্রদান স্বার্থানুযায়ী হইবে, এবং সম্পদের অংশের উত্তরাধিকারী কএক ব্যক্তি ধনাধ্যক্ষতার দাওয়া করিলে, জজ সাহেব যেমন উচিত বোধ করেন তেমনই এক কি একাধিক জনকে দিতে পারিবেন, ও তদ্রূপ কোন ব্যক্তি প্রার্থনা না করিলে, কোন উত্তমর্ণকে দিতে পারিবেন।

৭। এই বিধি পাণ্ডুলিপির ৩ ধারায় প্রদত্ত হইয়াছে; এবং পারিবারিক বিবাদস্থলে মৃত ব্যক্তির সম্পদের অতি সামান্য অংশ পাইবার স্বত্বাপন্ন কোন ব্যক্তি সহাধিকারিদিগকে কষ্ট দিবার অভিপ্রায়েই কেবল আপনি ধনাধ্যক্ষতা পাইবার প্রার্থনা করিয়া তাহাদিগকে প্রার্থনা করাইতে বাধ্য করিতে পারে, এইরূপ আশঙ্কা হওয়াতে, হেতু লিপিবদ্ধ করিয়া প্রার্থনা অগ্রাহ্য করিবার সম্পূর্ণ ক্ষমতা ৫ ধারায় দেওয়া গিয়াছে।

৮। ইংলণ্ডীয় আইনের অনুবর্ত্তন করিয়া ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনে কেবল ধনাধ্যক্ষের নিকটে উপযুক্তমতে আপন কার্য্য করিবার জামিন লইবার বিধান আছে। এই বিবেচনায় এরূপ করা যায় যে অছি যখন চরমপত্রকারির মনোনীত ব্যক্তি তাঁহার নিকট জামিন না লইলে শঙ্কা নাই। কিন্তু যে২ শ্রেণীর প্রতি এই আইন বর্ত্তান যাইবে, তাহাদের মধ্যে কখন২ এরূপ স্থল ঘটিবে আশঙ্কা হয় যে স্থলে অছির নিকটেও জামিন লওয়া বিহিত হইতে পারে; এজন্য উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২৫৬ ধারা এরূপে সংশোধন করিয়া একটী ধারা (৪) পাণ্ডুলিপিতে দেওয়া গিয়াছে যে তদ্দ্বারা অছির প্রতি জামিন দিবার আদেশ করিবার ক্ষমতা আদালতের প্রতি অর্পিত হইয়াছে।

৯। যে২ শ্রেণীর প্রতি পাণ্ডুলিপি বর্ত্তান যাইতেছে তাহাদের উত্তরাধিকারবিষয়ক যে২ মূলব্যবস্থা আছে, পাণ্ডুলিপির ৬ ধারায় সম্পূর্ণরূপে তৎসমুদয় সংরক্ষণ করা গিয়াছে।

১০। পূর্ব্বোল্লিখিত পুরাতন সুপ্রীম কোর্টের চার্টরমতে অসম্পূর্ণ ভাবের প্রবেট ও ধনাধ্যক্ষতা প্রদান উঠাইয়া দেওয়াই ৮ ধারার উদ্দেশ্য।

১১। ৯ ধারার নির্দ্দিষ্ট হিন্দুদের চরমপত্র বিষয়ক আইনের কোন২ অংশ এই কারণে রহিত করা গেল, যে বর্ত্তমান পাণ্ডুলিপিতে তৎসমুদয় অধিকতর ব্যাপ্তি সহকারে পুনর্ব্বিধিবদ্ধ হইল, । ব্রিটিষ ব্রহ্মদেশে যে কোন২ প্রবেট ও ধনাধ্যক্ষতা প্রদত্ত হইয়াছে, তাহার সিদ্ধতা সম্বন্ধে সমুদয় সন্দেহ অপনয়ন করাই ১০ ধারার উদ্দেশ্য।

উইটলি ষ্টোক্স।

সিমলা, ১৮৭৯ সাল ১৬ মে।

ডি, ফিটজপাট্রিক,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৬ সেপ্টেম্বর।]

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ২৬ জুন তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৭৯ সালের ৯ নম্বর।

নির্ব্বিবাদস্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানের আরো বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। নির্ব্বিবাদ স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানের আরো বিধান করা আবশ্যক; এনিমিত্ত নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "জিলার প্রতিনিধি কার্য্যকারক বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যপ্তি। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে;

আরম্ভ। ও ইহা ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিনে বলবৎ হইবে।

উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২৩৫ ধারার পরে যে ধারা দিতে হইবে তাহার কথা। ২ ধারা। ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইনের ২৩৫ ধারার পর নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

নির্ব্বিবাদ স্থলে কার্য্য করিবার নিমিত্ত জিলার জজ সাহেবের প্রতিনিধি নিয়োগ করিবার কথা। "২৩৫ ক ধারা। হাই কোর্ট সময়ে ২ যে স্থানীয় সীমা নির্দ্দেশ করেন, সেই সীমার মধ্যে নির্ব্বিবাদ স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানার্থ প্রতিনিধিস্বরূপ জিলার জজ সাহেবের কর্ম্ম করিবার নিমিত্ত, হাই কোর্ট সময়ে ২ যেরূপ উচিত বোধ করেন কোন জিলার মধ্যে তদ্রূপ বিচারসংক্রান্ত কার্য্যকারক নিযুক্ত করিতে পারিবেন।

কিন্তু কোন হাই কোর্ট রাজকীয় সনদদ্বারা সংস্থাপিত না হইলে, স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি গ্রহণপূর্ব্বক তদ্রূপ নিয়োগ করা যাইবে।

যে ব্যক্তিদিগকে তদ্রূপে নিযুক্ত করা যায়, তাঁহারা জিলার প্রতিনিধি কার্য্যকারক নামে খ্যাত হইবেন।"

উক্ত আইনের ২৪১ ধারার পর যে ধারা দিতে হইবে তাহার কথা। ৩ ধারা। উক্ত আইনের ২৪১ ধারার পর নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।—

প্রতিনিধি কার্য্যকারকের প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিতে পারিবার কথা। "২৪১ ক ধারা। যে স্থলে বিবাদ নাই, সেই স্থলে পশ্চাল্লিখিতমতে সত্যপাঠযুক্ত আবেদনপত্রক্রমে যদি দৃষ্ট হয় যে উক্তপত্রকারি কিম্বা, স্থলবিশেষে, অকৃতচরমপত্র ব্যক্তি মৃত্যুকালে জিলার প্রতিনিধি কার্য্যকারকের বিচারাধীন স্থানে বাস করিতেছিলেন তবে উক্ত কার্য্যকারকের নিকটে তদর্থে প্রার্থনা করা গেলে, তিনি প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিতে পারিবেন।"

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৭ সেপ্টেম্বর।]

২৪৪ ও ২৪৬ ধারায় যাহা যোগ করিতে হইবে, তাহার কথা। ৪ ধারা। উক্ত আইনের ২৪৪ ও ২৪৬ ধারায় নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে,—"ও জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকট প্রার্থনা করা গেলে, আবেদনপত্রে আরো লিখিতে হইবে যে মৃত ব্যক্তি মৃত্যু কালে উক্ত প্রতিনিধি কার্য্যকারকের বিচারাধীন স্থলে বাস করিতেছিলেন।"

উক্ত আইনের ২৫১ ধারার পরিবর্ত্তে ধারা দিবার কথা। ৫ ধারা। উক্ত আইনের ২৫১ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী দিতে হইবে।

প্রবেট কি ধনাধ্যক্ষতা দানের বিপক্ষ কেবিয়টের অর্থাৎ নিবারক পত্রের কথা। "২৫১ ধারা। প্রবেট কি ধনাধ্যক্ষতা দানের বিপক্ষ কেবিয়ট অর্থাৎ নিবারকপত্র জিলার জজ সাহেবের কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে দাখিল করা যাইতে পারিবে; ও জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে কোন নিবারকপত্র দাখিল হইবামাত্র, তিনি জিলার জজ সাহেবের নিকটে তাহার প্রতিলিপি পাঠাইবেন; ও জিলার জজ সাহেবের নিকটে কোন নিবারকপত্র দাখিল হইবামাত্র, মৃত ব্যক্তি মৃত্যুকালে যাঁহার বিচারাধীন স্থানে বাস করিতেছিলেন বলিয়া কথিত হয়, এরূপ কোন জিলার প্রতিনিধি কার্য্যকারক থাকিলে তাঁহার নিকটে ও জিলার জজ সাহেব অন্য যে জজ সাহেবের কি জিলার প্রতিনিধি কার্য্যকারকের নিকটে প্রেরণ করা সুবিধাজনক জ্ঞান করেন তাহার নিকটে, ঐ নিবারকপত্রের প্রতিলিপি পাঠাইতে হইবে।"

উক্ত আইনের ২৫৩ ধারার সংশোধনের কথা। ৬ ধারা। উক্ত আইনের ২৫৩ ধারায় "জজ সাহেবের" এই কথার পর "কিম্বা কার্য্যকারকের" এই কথা, ও "গেলে পর" এই কথার পরে "কিম্বা অন্য কোন প্রতিনিধি কার্য্যকারকের নিকট উক্ত পত্র দাখিল হইবার নোটিস দেওয়া গেলে পর" এই২ কথা দিতে হইবে।

উক্ত আইনের ২৫৩ ধারার পর যে২ ধারা দিতে হইবে, তাহার কথা। ৭ ধারা। ২৫৩ ধারার পর উক্ত আইনে নিম্নলিখিত ধারাগুলি যোগ করিতে হইবে।

জিলার প্রতিনিধি কার্য্যকারক কখন প্রবেট কি ধনাধ্যক্ষতা দান করিবেন না, তাহার কথা। "২৫৩ক ধারা। যে স্থলে দিবার সম্বন্ধে বিবাদ থাকে কিম্বা যে স্থলে প্রকারান্তরে জিলার প্রতিনিধি কার্য্য কারকের বোধ হয় যে তাঁহার আদালত হইতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া উচিত নহে, সেই স্থলে তিনি প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবেন না।

ব্যাখ্যা।—বিবাদ, শব্দে আনুষ্ঠানিক কার্য্যে বাধা দিবার নিমিত্ত কোন ব্যক্তির স্বয়ং কি স্বীকৃত মোক্তার দ্বারা কিম্বা তৎপক্ষে কার্য্য করিতে নিয়মিতরূপে নিযুক্ত উকীলের দ্বারা উপস্থিত হওয়া বুঝায়।

"২৫৩খ ধারা। বিবাদ না থাকিলেও যে স্থলে জিলার প্রতিনিধি কার্য্যকারকের সন্দেহ হয় যে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া উচিত কি না অথবা যে স্থলে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার সম্বন্ধে কিম্বা দিবার প্রার্থনাপত্র সম্বন্ধে কোন প্রশ্ন উত্থিত হয়, জিলার প্রতিনিধি কার্য্যকারক উচিত বোধ করিলে সেই বিষয়ের বর্ণনাপত্র জিলার জজ সাহেবের নিকট প্রেরণ করিতে পারিবেন। জজ সাহেব যেরূপ আদেশ দেওয়া আবশ্যক বোধ করেন, সেই আদেশানুসারে প্রার্থনা পত্রের বিষয় লইয়া কার্য্য করিবার আজ্ঞা জিলার প্রতিনিধি কার্য্যকারকের প্রতি দিতে পারিবেন, কিম্বা উক্ত প্রার্থনাপত্রের বিষয় সম্বন্ধে জিলার প্রতিনিধি কার্য্যকারকের অন্য আনুষ্ঠানিক কার্য্য বারণ করিয়া প্রার্থনাকারি পক্ষকে তদ্বিষয়ে জজ সাহেবের নিকটে প্রার্থনা করিতে বলিতে পারিবেন।

বিবাদ না থাকিলেও সন্দেহস্থলে জিলার জজ সাহেবের নিকটে বর্ণনাপত্র পাঠাইতে পারিবার কথা।

"২৫৩গ ধারা। যে প্রত্যেক স্থলে বিবাদ থাকে কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারক বিবেচনা করেন যে তাঁহার আদালতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দান অস্বীকার করা কর্ত্তব্য, প্রার্থনা পত্র ও তৎসঙ্গে যেং দলীল দাখিল করা যায় তৎ সমুদয় যে ব্যক্তি প্রার্থনা করিয়াছিলেন, জিলার জজ সাহেবের নিকটে দিবার জন্য তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে। কিন্তু জিলা প্রতিনিধি কার্য্যকারক ন্যায় বিচারার্থে উক্ত কাগজপত্র আটক করিয়া রাখা আবশ্যক জ্ঞান করিলে ঐ কার্য্য করণার্থ তাঁহাকে এতদ্দ্বারা ক্ষমতা দেওয়া গেল, ও তদ্রূপ স্থলে তিনি তাহা জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন।"

বিবাদ থাকিলে কিম্বা তাঁহার আদালতে প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিতে অস্বীকার করা কর্ত্তব্য জিলার প্রতিনিধি কার্য্যকারকের এরূপ বোধ হইলে. কার্য্যপ্রণালীর কথা।

৮ ধারা। উক্ত আইনের ২৫৪ ও ২৫৫ ধারায় "অমুক জিলার জজ" এই কথার পরে "[কিম্বা প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানার্থে নিযুক্ত অমুক স্থানের (বিচারাধীন স্থান এইস্থলে নির্দ্দেশ করিবে) প্রতিনিধি কার্য্যকারক]" এইং কথা দিতে হইবে; ও ৩০৮ ধারায় "যে জিলার জজ সাহেব" এই কথার পরে "কিম্বা যাঁহার জিলার প্রতিনিধি কার্য্যকারক" এইং কথা দিতে হইবে।

২৫৪ ও ২৫৫ ও ৩০৮ ধারার সংশোধনের কথা।

৯ ধারা। উক্ত আইনের ২৪৬ ও ২৫০ ও ২৫৪ ও ২৫৭ ধারায় "জজ সাহেবের" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকের" এই কথা; ২৫০ ধারায় "জজ সাহেব" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারক" এই কথা; ও ২৫৭ ধারায় "জিলার জজ সাহেবেরা" এই কথার পর "কিম্বা জিলার প্রতিনিধি কার্য্যকারকেরা" এই কথা দিতে হইবে।

উক্ত আইনের কোনং ধারায় "জিলার প্রতিনিধি কার্য্যকারক" এই কথা দিতে হইবার কথা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

লা কমিশ্যনর সাহেবেরা প্রথমতঃ ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক আইনের যে পাণ্ডুলিপি প্রস্তুত করেন, তাহাতে জিলার জজ সাহেবকে এই ক্ষমতা দিয়াছিলেন যে তিনি নির্ব্বিবাদ স্থলে প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রদানার্থ আপনার প্রতিনিধিস্বরূপ কার্য্য করিবার নিমিত্ত বিচারসম্পর্কীয় কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। প্রবেট কোর্ট বিষয়ক ১৮৫৭ সালের আইনমতে ইংলণ্ডে যে সকল ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার নিযুক্ত হন, উক্ত কার্য্যকারকেরা অনেকাংশে তাঁহাদের ন্যায় হইতেন। কিন্তু অংশতঃ অনাবশ্যক বিবেচনায় ও অংশতঃ জিলার জজ সাহেবদের প্রতি যে ক্ষমতা অর্পণ করিবার কথা হয় তাহার কুব্যবহার হইবার আশঙ্কায়, সিলেক্ট কমিটী এই বিষয় সম্পর্কীয় বিধানগুলি পাণ্ডুলিপি হইতে উঠাইয়া দেন।

কিন্তু এক্ষণে যে সকল ব্যক্তি ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের বিধান হইতে মুক্ত আছেন, তাঁহাদের চরমপত্রের প্রবেট ও সম্পদের ধনাধ্যক্ষতা প্রদানের বিধানার্থে যে পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে তাহা যদি বিধিবদ্ধ হয়, তবে বোধ হয় প্রবেট ও ধনাধ্যক্ষতা প্রদানের কার্য্য এত পরিমাণে বাড়িয়া যাইবে, যে জিলার জজ সাহেবেরা সাহায্য বিনা তাহা চালাইতে পারিবেন না।

এ নিমিত্ত সিলেক্ট কমিটী যেং ধারা উঠাইয়া দিয়াছিলেন, আকারগত কিঞ্চিৎ পরিবর্ত্তন সহকারে, সেইং ধারা উত্তরাধিকারিত্ববিষয়ক আইনে পুনঃসন্নিবেশ করিবার উদ্দেশে এই পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে; কিন্তু সিলেক্ট কমিটী যে কুব্যবহারের আশঙ্কা করিয়াছিলেন, যত দূর সম্ভব তাহা এড়াইবার নিমিত্ত, প্রতিনিধি কার্য্যকারক নিয়োগ করিবার ক্ষমতা জিলার জজ সাহেবদিগকে না দিয়া হাই কোর্টের প্রতি অর্পণ করা গিয়াছে, এবং কোন হাই কোর্ট রাজকীয় সনন্দ দ্বারা সংস্থাপিত না হইলে, উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ করিতে হইবে।

সিমলা,
১৮৭৯ সাল ২৮ মে।

হুইটলী ষ্টোক্‌স।
ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৬ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৫ নবেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ৭ নবেম্বর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষীয় শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায়।—

১৮৭৯ সালের ১৭ নম্বর।

কারখানা বিষয়ক ১৮৭৯ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

কারখানায় খাটনির বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। কারখানায় খাটনির বিধান করা আবশ্যক; অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "কারখানা বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

আরম্ভ। এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে; ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া অন্যান্য ধারা ব্রিটিষ ভারতবর্ষের যে যে স্থানে প্রচলিত করেন, উক্ত ধারাগুলি কেবল সেই সেই স্থানে প্রচলিত হইবে।

অর্থ করণের ধারা। ২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথা দ্বারা বিপরীত ভাব প্রকাশ না হইলে,

"কারখানা" কোন দ্রব্য কি তাহার অংশ প্রস্তুত বা পরিষ্কৃত বা মেরামত বা ভূষিত বা সম্পূর্ণ বা বিক্রয়োদ্দেশে প্রকারান্তরে রূপান্তরিত করণের কিম্বা তদানুসঙ্গিক ব্যাপার উপলক্ষে বা লাভপ্রত্যাশায় প্রবর্ত্তিত শারীরিক পরিশ্রম করিতে

যে ব্যবসায়ের স্থানের সীমার মধ্যে পঞ্চাশ কি তদূর্দ্ধ সংখ্যক লোক নিযুক্ত থাকে, তাহারই অঙ্গস্বরূপ হইয়া একই ব্যক্তিদের অধিকারে একই নগরে বা স্থানে যে বাটী প্রভৃতি থাকে, "কারখানা" শব্দে তৎসমুদয় বুঝাইবে ;

এবং কেবল বাসগৃহরূপে ব্যবহৃত অংশভিন্ন কারখানার প্রত্যেক অংশ কারখানা বলিয়া জ্ঞান হইবে।

"শিশু"

"শিশু" শব্দে বারবৎসরের ন্যূনবয়স্ক শিশু বুঝাইবে।

"বালক" বা "বালিকা"

"বালক" বা "বালিকা" শব্দে বারবৎসর অবধি ষোল বৎসর বয়স পর্য্যন্ত ব্যক্তি বুঝাইবে।

"কলের সরঞ্জাম"।

"কলের সরঞ্জাম" বলিতে খাড়া কি তেরচা কি ভূমির সমান্তরাল শিক ও যে চক্র কি চক্রাকার যন্ত্র কি কপিযন্ত্র দ্বারা আদ্য চালক শক্তির গতি কোন কলে পরিচালিত হয় তাহাও বুঝাইবে।

পরিদর্শকদের কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া, যে সকল ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন, তাহাদিগকে কোন স্থানের বা জিলার কারখানার পরিদর্শকের পদে নিযুক্ত করিতে পারিবেন।

উক্ত ব্যক্তিরা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়ানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

কোন ব্যক্তি কোন কারখানায় কর্ম্ম করিতে থাকিলে উক্ত পরিদর্শকেরা তথায় প্রবেশ করিতে পারিবেন।

কর্ম্ম করিবার বয়সের কথা।

৪ ধারা। (ক) প্রথম যে বৎসর এই ধারা ব্রিটিশ ভারতবর্ষের কোন স্থানে বর্ত্তে, তত্রত্য কোন কারখানায় সেই বৎসর কোন ব্যক্তি সাত বৎসরের কম বয়স্ক হইলে,ও

(খ) সেই বৎসরের পর, আট বৎসরের কম বয়স্ক হইলে,

কর্ম্ম করিতে পাইবে না।

যত ঘণ্টা কর্ম্ম করিবে, তাহার কথা।

৫ ধারা। কোন দিন কোন কারখানায় কোন শিশু [illegible] ঘণ্টার অধিক ও কোন বালক বা বালিকা আট ঘণ্টার অধিক কর্ম্ম করিবে না।

শিশু বা বালক বালিকা যেন [illegible] কার্য্যে নিযুক্ত না হইবার কথা।

৬ ধারা। কারখানা যাঁহার দখলে থাকে তিনি যৎকালে উক্ত কারখানার কলের সরঞ্জাম কি কল চালিত হইতেছে, তৎকালে কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে ঐ সরঞ্জামের কি কলের কোন অংশ পরিষ্কার করিতে দিবেন না; অথবা যৎকালে বাষ্পীয় যন্ত্রের বা স্থলবিশেষে জলচক্রযন্ত্রের বা অন্য কোন যন্ত্রের বলে কোন [illegible] চলিত কল চালিত হইতেছে তৎকালে ঐ কলের অচল ও সচল অংশের মধ্যে কোন শিশু কিম্বা বালক বা বালিকাকে কর্ম্ম করিতে দিবেন না।

বেড়া দিবার কথা।

৭ ধারা। কোন কারখানার কোন অংশে কোন বাষ্পীয় যন্ত্রের কি জলচক্র যন্ত্রের কি অন্য কোন যন্ত্রের [illegible] যে প্রত্যেক ফ্লাই হুইলের অর্থাৎ ঘুরপাক দিবার চক্রের সাক্ষাৎ সম্বন্ধ থাকে তাহা, এবং বাষ্পীয় যন্ত্রের বা জলচক্র যন্ত্রের প্রত্যেক অংশ, এবং কারখানার কলের বা কলের সরঞ্জামের যে প্রত্যেক কাপ্শিকল কলে প্রভৃতি উঠাইবার নামাইবার যন্ত্র বেড়া দিয়া না রাখিলে কারখানার স্থানীয় পরিদর্শকের মতে বিপদ ঘটিবার সম্ভাবনা ও তাহার নিকটে কোন শিশুর কি বালক বা বালিকার যাতায়াত করিতে কি কর্ম্ম করিতে হয় তাহা, যৎকালে চালিত হইতে থাকে, উক্ত পরিদর্শক আদেশ করিলে কারখানা যাঁহার দখলে থাকে তিনি তাহা এপ্রকার বেড়া দিয়া ঘিরিয়া রাখিবেন যেন কোন আঘাত ঘটিবার আশঙ্কা না থাকে :

কারখানায় ব্যক্তিদিগের গুরুতর আঘাত লাগিলে তাহার সম্বাদ দিবার কথা।

৮ ধারা। কোন কারখানা যাঁহার দখলে থাকে তিনি কিম্বা তাঁহার অনুপস্থানে উক্ত কারখানার কার্য্য নির্ব্বাহক প্রধান কর্ম্মকারক তথায় কোন ব্যক্তির কোন রূপ আঘাত লাগিলে তাহার সম্বাদ স্থানীয় গবর্ণমেণ্ট সময়েৎ বিধি করিয়া যে কর্ত্তৃপক্ষকে যে সময় মধ্যে দিবার আদেশ করেন, উক্ত সম্বাদ সেই কর্ত্তৃপক্ষকে সেই সময় মধ্যে দিবেন।

দণ্ডের কথা।

৯ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিধান ভঙ্গ করিয়া,

(ক) কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে কর্ম্ম করাইলে; কিম্বা

(খ) কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে ৬ ধারার নিষিদ্ধ কোন কর্ম্ম কিম্বা উক্ত ধারা লঙ্ঘন করিয়া কোন কর্ম্ম করাইলে; কিম্বা

(গ) কোন আশঙ্কা না থাকে কোন কলের কি কলের সরঞ্জামের এরূপ বেড়া দিতে উপেক্ষা করিলে; কিম্বা

(ঘ) কোন আঘাত লাগিবার সম্বাদ দিতে উপেক্ষা করিলে;

তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

একই দিনে একইপ্রকারের অপরাধের নিমিত্ত একমাত্র দণ্ড হইবার কথা।

কিন্তু একই দিনে একই প্রকারের অপরাধ হইলে উক্ত ব্যক্তির একাধিক দণ্ড হইতে পারিবে না।

ক্ষতি পূরণ পাইবার স্বত্ব সংরক্ষণের কথা।

পরন্তু এই আইনের বিধান ভঙ্গ হেতুক কোন ব্যক্তির আঘাত লাগিলে তজ্জন্যে আইনমতে তাঁহার যে ক্ষতিপূরণ পাইবার স্বত্ব থাকে, এই আইনের কোন কথায় তাহার কোন বিঘ্ন হইবে না।

আইনের বিধান ভঙ্গ হইলে আসলী দখলীকারের দায়ের কথা।

১০ ধারা। কোন কারখানায় এই আইনের বিধান ভঙ্গ হইলে উক্ত কারখানা যাঁহার দখলে থাকে তিনি আসলী দায়ী বলিয়া গণ্য হইবেন; কিন্তু উক্ত বিধান ভঙ্গ নিমিত্ত অভিযোগ উপস্থিত হইবার পূর্ব্বে তিনি যদি প্রমাণ দিয়া কারখানার স্থানীয় পরিদর্শককে বুঝাইয়া দিতে পারেন যে তাঁহার অজ্ঞাতসারে বা সম্মতি বিনা

অন্য কোন ব্যক্তি কর্তৃক ঐ বিধান ভঙ্গ হইয়াছে, তাহা হইলে তিনি উক্ত দায় হইতে মুক্ত হইতে পারিবেন ; এবং যে ব্যক্তি উক্ত বিধান ভঙ্গ করিয়াছে, সেই ব্যক্তি তজ্জন্য দায়ী হইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিবার কথা।

১০ ধারা। এই আইনমত কারখানা সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট,

(ক) কল বেড়া দিয়া রাখিবার,

(খ) পরিদর্শন করিবার,

(গ) কারখানার কাহারও আঘাত লাগিলে দখলী-কারদের বা কর্ম্মকারকদের যে সম্বাদ দিতে হইবে তাহার, ও

(ঘ) প্রকারান্তরে এই আইনের বিধান বলবৎ করিবার,

বিধানার্থ সময়ে২ এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধি রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে ও প্রকাশিত হইবামাত্র আইনতুল্য বলবৎ হইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

কারখানায় খাটনির বিধান লইয়া বহু কাল বাদানুবাদ চলিতেছে, এবং ইহার সম্বন্ধে অনেক মতভেদ আছে। যে সকল ভিন্ন২ মত প্রকাশিত হইয়াছে ও নানা প্রকারের যে যে পরামর্শ প্রদত্ত হইয়াছে, তৎসমুদয় বিবেচনা করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই সিদ্ধান্ত করিয়াছেন যে এক্ষণে কেবল পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে ব্যবস্থা করিতে হইবে, যথা,

(১) যে বয়সে শিশুরা কর্ম্ম করিতে পারিবে তাহা নির্ণয় করা ;

(২) শিশুরা ও বালক বালিকারা যত ঘণ্টা খাটিতে পারিবে তাহা ধার্য্য করা ;

(৩) কোন২ আশঙ্কাজনক কার্য্যে শিশুদের ও বালক বালিকাদের নিয়োগ নিষেধ করা ;

(৪) আশঙ্কাজনক কলাদি বেড়া দিয়া ঘেরিয়া রাখা ;

(৫) দুর্ঘটনার সংবাদ দেওয়া ; ও

(৬) রাজকীয় পরিদর্শক নিয়োগ করা।

এই সকল বিষয় অবলম্বন করিয়া এই আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্ট সমূহ এই আইন ব্রিটিস ভারতবর্ষের যে যে স্থানে প্রচলিত করেন, ইহা কেবল সেই২ স্থানেই প্রচলিত হইবে।

সি, ডবলিউ, কলবিন,

১৮৭৯ সাল ১৩ অক্টোবর।

ডি, ফিটজপাটিক,

ব্যবস্থাপন কার্য্যবিভাগ,

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Raj Krishna Mukhopadhyaya, M.A. and B. L,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৭৯ সাল ২ ডিসেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ৭ নবেম্বর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষীয় শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায়।—

১৮৭৯ সালের ১৭ নম্বর।

কারখানা বিষয়ক ১৮৭৯ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

কারখানায় খাটনির বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। কারখানায় খাটনির বিধান করা আবশ্যক; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন "কারখানাবিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

আরম্ভ। এবং ইহা অবিলম্বে বলবৎ হইবে।

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে; ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়েং স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া অন্যান্য ধারা ব্রিটিষ ভারতবর্ষের যে যে স্থানে প্রচলিত করেন, উক্ত ধারাগুলি কেবল সেই সেই স্থানে প্রচলিত হইবে।

অর্থ করণের ধারা। ২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাবার্ত্তা বিপরীত ভাব প্রকাশ না হইলে

"কারখানা" কোন দ্রব্য কি তাহার অংশ প্রস্তুত বা পরিবর্ত্তিত বা মেরামত বা ভূষিত বা সম্পূর্ণ বা বিক্রয়োদ্দেশে প্রকারান্তরে রূপান্তরিত করণের কিম্বা তদানুষঙ্গিক ব্যবসায় উপলক্ষে বা লাভপ্রত্যাশায় প্রবর্ত্তিত শারীরিক পরিশ্রম করিতে

যে ব্যবসায়ের স্থানের সীমার মধ্যে পঞ্চাশ কি তদূর্দ্ধ সংখ্যক লোক নিযুক্ত থাকে, তাহারই অঙ্গস্বরূপ হইয়া একই ব্যক্তিদের অধিকারে একই নগরে বা স্থানে যে বাটী প্রভৃতি থাকে, "কারখানা" শব্দে তৎসমুদয় বুঝাইবে ;

এবং কেবল বাসগৃহরূপে ব্যবহৃত অংশভিন্ন কারখানার প্রত্যেক অংশ কারখানা বলিয়া জ্ঞান হইবে ।

"শিশু"

"শিশু" শব্দে বার বৎসরের ন্যূনবয়স্ক শিশু বুঝাইবে ।

"বালক" বা "বালিকা"

"বালক" বা "বালিকা" শব্দে বার বৎসর অবধি ষোল বৎসর বয়স পর্য্যন্ত ব্যক্তি বুঝাইবে ।

"কলের সরঞ্জাম" ।

"কলের সরঞ্জাম" বলিতে খাড়া কি তেরচা কি ভূমির সমান্তরাল শিক ও যে চক্র কি চক্রাকার যন্ত্র কি কপিযন্ত্র দ্বারা আদ্য চালক শক্তির গতি কোন কলে পরিচালিত হয় তাহাও বুঝাইবে ।

পরিদর্শকদের কথা ।

৩ ধারা । স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া, যে সকল ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন, তাহাদিগকে কোন স্থানের বা জিলার কারখানার পরিদর্শকের পদে নিযুক্ত করিতে পারিবেন ।

উক্ত ব্যক্তিরা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়ানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন ।

কোন ব্যক্তি কোন কারখানায় কর্ম্ম করিতে থাকিলে উক্ত পরিদর্শকেরা তথায় প্রবেশ করিতে পারিবেন ।

কর্ম্ম করিবার বয়সের কথা ।

৪ ধারা । (ক) প্রথম যে বৎসর এই ধারা ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে বর্ত্তে, তত্রত্য কোন কারখানায় সেই বৎসর কোন ব্যক্তি সাত বৎসরের কম বয়স্ক হইলে,ও

(খ) সেই বৎসরের পর, আট বৎসরের কম বয়স্ক হইলে,

কর্ম্ম করিতে পাইবে না ।

যত ঘণ্টা কর্ম্ম করিবে, তাহার কথা ।

৫ ধারা । কোন দিন কোন কারখানায় কোন শিশু ছয় ঘণ্টার অধিক ও কোন বালক বা বালিকা আট ঘণ্টার অধিক কর্ম্ম করিবে না ।

শিশু বা বালক বালিকা কোন ২ আশঙ্কাজনক কার্য্যে নিযুক্ত না হইবার কথা ।

৬ ধারা । কারখানা যাঁহার দখলে থাকে তিনি যৎকালে উক্ত কারখানার কলের সরঞ্জাম কি কল চালিত হইতেছে, তৎকালে কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে ঐ সরঞ্জামের কি কলের কোন অংশ পরিষ্কার করিতে দিবেন না ; অথবা যৎকালে বাষ্পীয় যন্ত্রের বা জলবিশেষে জলচক্রযন্ত্রের বা অন্য কোন যন্ত্রের বলে স্বতঃ চলিষ্ণু কোন কল চালিত হইতেছে, তৎকালে ঐ কলের অচল ও সচল অংশের মধ্যে কোন শিশু কিম্বা বালক বা বালিকাকে কর্ম্ম করিতে দিবেন না ।

বেড়া দিবার কথা ।

৭ ধারা । কোন কারখানার কোন অংশস্থ কোন বাষ্পীয় যন্ত্রের কি জলচক্র যন্ত্রের কি অন্য কোন যন্ত্রের সহিত যে প্রত্যেক ফ্লাই হুইলের অর্থাৎ ঘুরপাক দিবার চক্রের সাক্ষাৎ সম্বন্ধ থাকে তাহা, এবং বাষ্পীয় যন্ত্রের বা জলচক্র যন্ত্রের প্রত্যেক অংশ, এবং কারখানার কলের বা কলের সরঞ্জামের যে প্রত্যেক কপি, শিকল, ঘুরী প্রভৃতি উঠাইবার নামাইবার যন্ত্র বেড়া দিয়া না রাখিলে কারখানার স্থানীয় পরিদর্শকের মতে বিপদ ঘটিবার সম্ভাবনা ও যাহার নিকটে কোন শিশুর কি বালক বালিকার যাতায়াত করিতে কি কর্ম্ম করিতে হয় তাহা, যৎকালে চালিত হইতে থাকে, উক্ত পরিদর্শক আদেশ করিলে, কারখানা যাঁহার দখলে থাকে তিনি তাহা এপ্রকার বেড়া দিয়া ঘেরিয়া রাখিবেন যেন কোন আনিষ্ট ঘটিবার আশঙ্কা না থাকে ।

কারখানাস্থ ব্যক্তিদিগের কোনরূপ আঘাত লাগিলে তাহার সম্বাদ দিবার কথা ।

৮ ধারা । কোন কারখানা যাঁহার দখলে থাকে তিনি কিম্বা তাঁহার অনুপস্থানে উক্ত কারখানার কার্য্যনির্ব্বাহক প্রধানকর্ম্মকারক, তথায় কোন ব্যক্তির কোন রূপ আঘাত লাগিলে তাহার সম্বাদ স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি করিয়া যে কর্ত্তৃপক্ষকে যে সময় মধ্যে দিবার আদেশ করেন, উক্ত সম্বাদ সেই কর্ত্তৃপক্ষকে সেই সময়মধ্যে দিবেন ।

দণ্ডের কথা ।

৯ ধারা । কোন ব্যক্তি এই আইনের বিধান ভঙ্গ করিয়া,

(ক) কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে কর্ম্ম করাইলে; কিম্বা

(খ) কোন শিশুকে কিম্বা বালক বা বালিকাকে ৬ ধারার নিষিদ্ধ কোন কর্ম্ম কিম্বা উক্ত ধারা লঙ্ঘন করিয়া কোন কর্ম্ম করাইলে; কিম্বা

(গ) কোন আশঙ্কা না থাকে কোন কলের কি কলের সরঞ্জামের এরূপ বেড়া দিতে উপেক্ষা করিলে ; কিম্বা

(ঘ) কোন আঘাত লাগিবার সম্বাদ দিতে উপেক্ষা করিলে ;

তাহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ।

একই দিনে একইপ্রকারের অপরাধের নিমিত্ত একমাত্র দণ্ড হইবার কথা ।

কিন্তু একই দিনে একই প্রকারের অপরাধ হইলে উক্ত ব্যক্তির একাধিক দণ্ড হইতে পারিবে না ।

ক্ষতি পূরণ পাইবার স্বত্ব সংরক্ষণের কথা ।

পরন্তু এই আইনের বিধান ভঙ্গ হেতুক কোন ব্যক্তির আঘাত লাগিলে তজ্জন্যে আইনমতে তাঁহার যে ক্ষতিপূরণ পাইবার স্বত্ব থাকে, এই আইনের কোন কথায় তাহার কোন বিঘ্ন হইবে না ।

আইনের বিধান ভঙ্গ হইলে আদৌ দখলীকারের দায়ের কথা ।

১০ ধারা । কোন কারখানায় এই আইনের বিধান ভঙ্গ হইলে, উক্ত কারখানা যাঁহার দখলে থাকে তিনি আদৌ দায়ী বলিয়া গণ্য হইবেন ; কিন্তু উক্ত বিধান ভঙ্গ নিমিত্ত অভিযোগ উপস্থিত হইবার পূর্ব্বে, তিনি যদি প্রমাণ দিয়া কারখানার স্থানীয় পরিদর্শকের হৃদবোধ জন্মাইয়া দিতে পারেন যে তাঁহার অজ্ঞাতসারে বা সম্মতি বিনা

অন্য কোন ব্যক্তি কর্তৃক ঐ বিধান ভঙ্গ হইয়াছে, তাহা হইলে তিনি উক্ত দায় হইতে মুক্ত হইতে পারিবেন; এবং যে ব্যক্তি উক্ত বিধান ভঙ্গ করিয়াছে, সেই ব্যক্তি তজ্জন্য দায়ী হইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিবার কথা।

১১ ধারা। এই আইনমত কারখানা সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট,

(ক) কল বেড়া দিয়া রাখিবার,

(খ) পরিদর্শন করিবার,

(গ) কারখানায় কাহারও আঘাত লাগিলে দখলীকারদের বা কর্ম্মকারকদের যে সম্বাদ দিতে হইবে তাহার, ও

(ঘ) প্রকারান্তরে এই আইনের বিধান ফলবৎ করিবার,

বিধানার্থ সময়েং এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধি রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে ও প্রকাশিত হইবামাত্র আইনের তুল্য বলবৎ হইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

কারখানায় খাটনির বিধান লইয়া বহু কাল বাদানুবাদ চলিতেছে, এবং ইহার সম্বন্ধে অনেক মতভেদ আছে। যে সকল ভিন্নং মত প্রকাশিত হইয়াছে ও নানা প্রকারের যে যে পরামর্শ প্রদত্ত হইয়াছে, তৎসমুদয় বিবেচনা করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জনরল সাহেব এই সিদ্ধান্ত করিয়াছেন যে, এক্ষণে কেবল পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে ব্যবস্থা করিতে হইবে, যথা,

(১) যে বয়সের শিশুরা কর্ম্ম করিতে পারিবে তাহা নির্ণয় করা;

(২) শিশুরা ও বালক বালিকারা যত ঘণ্টা খাটিতে পারিবে তাহা ধার্য্য করা;

(৩) কোনং আশঙ্কাজনক কার্য্যে শিশুদের ও বালক বালিকাদের নিয়োগ নিষেধ করা;

(৪) আশঙ্কাজনক কলাদি বেড়া দিয়া ঘেরিয়া রাখা;

(৫) দুর্ঘটনার সংবাদ দেওয়া; ও

(৬) রাজকীয় পরিদর্শক নিয়োগ করা।

এই সকল বিষয় অবলম্বন করিয়া এই আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্ট সমূহ এই আইন ব্রিটিষ ভারতবর্ষের যে যে স্থানে প্রচলিত করেন, ইহা কেবল সেইং স্থানেই প্রচলিত হইবে।

বি, ডবলিউ, কলবিন,

১৮৭৯ সাল ১৩ অক্টোবর।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B. L,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৭৯ সাল ৯ ডিসেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ১৪ নবেম্বর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায়।

১৮৭৯ সালের ১৮ নবেম্বর।

বাণিজ্য ও ব্যবসায়ের টাক্সবিষয়ক ১৮৭৯ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

ধারা।

১৮। টাক্স লইতে ত্রুটি হইলে পরে কাটিয়া লইবার কথা।

১৯। কালেক্টর সাহেবের রসীদ দিতে হইবার কথা।

২০। টাকা কাটিয়া লওয়াতে কোন ব্যক্তির আপত্তি থাকিলে, তাঁহার দরখাস্ত দ্বারা কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে পারিবার কথা।

২১। দরখাস্তকারির নিয়োগকর্ত্তাকে নোটিস দিবার কথা।

দরখাস্ত শুনিবার কথা।

২২। ১৯ ধারামতে টাকা না দিলে দণ্ডের কথা।

---

৪ অধ্যায়।

পরিশিষ্ট।

২৩। ২০ কি ২১ কি ২২ ধারামত আজ্ঞা পুনরালোচনা করিবার কথা।

২৪। আইনমত পাওনা টাকা আদায় করিবার কথা।

২৫। অন্যান্য কার্য্যকারকের আইনমত কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবার কথা।

২৬। চাহিলে রসীদ উপস্থিত করিতে হইবার কথা।

কালেক্টর সাহেবের প্রবর্ত্তনায় অভিযোগ হইবার কথা।

২৭। গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের দায়ী হইবার কথা।

২৮। ব্যাসধারী প্রভৃতি টাক্সের যে টাকা দেন তাহা রাখিতে পারিবার কথা।

২৯। দেওয়ানী আদালতের ক্ষমতাক্রমে কালেক্টর সাহেবের কার্য্য করিবার কথা।

৩০। কালেক্টর সাহেবকে সংবাদ দিবার কথা।

৩১। মুক্তিদান করিবার ও বিধিপ্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৩২। পথকর ও পূর্ত্ত বিভাগীয় করের আইনমত বাটীর টাক্স হইতে মুক্তি পাইবার কথা।

প্রথম তফসীল।—যেং আইন রহিত হইল।

দ্বিতীয় তফসীল।—কর্ম্মের উপর টাক্স।

বাণিজ্য ও ব্যবসায়ের উপর টাক্স করিবার আইনের পাণ্ডুলিপি।

অনুবাদ।

বাণিজ্য, কারবার ও কারুকর্ম্মের লাইসেন্স বিষয়ক যে যে আইন একণে ব্রিটিষ ভারতবর্ষের কোন কোন স্থানে প্রচলিত আছে তৎসমুদয় সংগ্রহ ও সংশোধন করা ও পশ্চাল্লিখিতমতে ঐ আইনের কার্য্যস্থল বৃদ্ধি করা বিহিত; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

---

১ অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন “বাণিজ্য ও ব্যবসায়ের টাক্স বিষয়ক ১৮৮০ সালের আইন” নামে খ্যাত হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

স্থানীয় ব্যাপ্তি।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমুদয় স্থানে এবং ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের যে সকল চাকর শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ রাজার কি রাজাধিকারের দেশে থাকেন তাঁহাদের প্রতিও বর্ত্তিবে;

আরম্ভ।

এবং ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসে বলবৎ হইবে।

কোনং আইন সংরক্ষণের কথা।

কিন্তু কোন শিল্প কর্ম্মের কি বাণিজ্যের কি ব্যবসায়ের কি বৃত্তির কি চাকরীর টাক্স বিষয়ক কোন আইন এতদ্দ্বারা স্পষ্টরূপে রহিত করা না গেলে, এই আইনের কোন কথা দ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

রহিত হইবার কথা।

২ ধারা। পূর্ব্বোক্ত তারিখ অবধি এতৎসংযুক্ত প্রথম তফসীলের উল্লিখিত আইনগুলি রহিত হইবে।

অর্থকরণের ধারা।

“কালেক্টর”।

৩ ধারা। এই আইনে, “কালেক্টর” শব্দে কোন জিলার রাজস্বসংক্রান্ত কর্ত্তৃত্ব ভারপ্রাপ্ত প্রধান কার্য্যকারককে এবং প্রত্যেক রাজধানীনগরে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকেও বুঝাইবে।

“কর্ম্ম”।

কোন ব্যক্তির সম্বন্ধে “কর্ম্ম” শব্দের ব্যবহার হইলে, কৃষিকর্ম্ম ও কৃষকদ্বারা স্বকর্ষিত ভূমির শস্য বিক্রয় ও খাজানাস্বরূপ শস্য গ্রাহককর্ত্তৃক ঐ শস্যের বিক্রয়, এই সকল কর্ম্ম ভিন্ন উক্ত ব্যক্তি ব্রিটিষ ভারতবর্ষ মধ্যে যে কি যে যে বাণিজ্য কি কারবার কি শিল্পকর্ম্ম কি কারুকর্ম্ম কি ব্যবসায় চালান, “কর্ম্ম” শব্দে তাহা বুঝাইবে।

১ ব্যাখ্যা। কোন কুঠীর পক্ষে উক্ত কুঠীর কোন অংশীদার কোন কর্ম্ম চালাইলে, উক্ত কর্ম্ম কুঠীর কর্ম্ম বলিয়া গণ্য হইবে। উক্ত ব্যক্তির বলিয়া নয়।

২ ব্যাখ্যা। কোন কৃষক যে শস্য উৎপাদন করেন বা খাজানাস্বরূপ শস্য গ্রাহক যে শস্য প্রাপ্ত হন, তাহা হাটে লইয়া যাইবার নিমিত্ত সচরাচর তাঁহার যে কার্য্যে নিযুক্ত হইতে হয়, তাহাও “কৃষিকর্ম্ম” শব্দে ব্যাপ্ত হইবে।

এই আইনের কার্য্যপক্ষে প্রত্যেক রাজধানী নগর এক একটী জিলা বলিয়া গণ্য হইবে।

---

২ অধ্যায়।

কর্ম্মের উপর টাক্সের বিধি।

যাঁহারা কর্ম্ম চালান, তাঁহাদের শ্রেণী অনুসারে টাকা দিবার কথা।

৪ ধারা। ১৮৮০ সালের আপ্রিল মাসের কিম্বা পরবর্ত্তি অন্য কোন আপ্রিল মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় তাহার কোন সময়ে কোন ব্যক্তি আপনার কি অন্য কোন ব্যক্তির পক্ষে কোন কর্ম্ম চালাইলে, যদি তিনি এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত কোন শ্রেণী ভুক্ত হন, তবে উক্ত শ্রেণীর ব্যক্তিদের দেয় বলিয়া যত টাকা ঐ তফসীলে নির্দ্দিষ্ট থাকে তত টাকা উক্ত কর্ম্মের সদর স্থান যে জিলার অন্তর্গত সেই জিলার কালেক্টর সাহেবকে দিবেন।

কিন্তু যে ব্যক্তি পূর্ব্বে কোন কর্ম্ম চালাইতেন না, সেই ব্যক্তি তদ্রূপ কোন বৎসরের জুলাই মাসের প্রথম দিবস

অবধি কি তৎপরে কোন কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে, সেই বৎসরের নিমিত্ত তাঁহার নিম্নলিখিত হারের অধিক দিতে হইবে না, অর্থাৎ,

উক্ত বৎসরের অক্টোবর মাসের প্রথম দিবসের পূর্ব্বে তদ্রূপ কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে, উক্ত টাকার চারি ভাগের তিন ভাগ;

উক্ত বৎসরের অক্টোবর মাসের প্রথম দিবস অবধি কি তৎপরে কিন্তু জানুয়ারি মাসের প্রথম দিবসের পূর্ব্বে তদ্রূপ কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে, উক্ত টাকার অর্দ্ধেক; ও

উক্ত বৎসরের জানুয়ারি মাসের প্রথম দিবস অবধি কি তৎপরে তদ্রূপ কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে, উক্ত টাকার চারি ভাগের এক ভাগ।

পরন্তু যদি কোন ব্যক্তি উক্ত বৎসরের কিয়ৎকালমাত্র কর্ম্ম চালাইতে থাকেন, এরূপ স্থলান্তর ঘটিলে, কালেক্টর সাহেব লিখিত আজ্ঞা দিয়া উক্ত টাকার উপযুক্ত অংশ ক্ষমা করিতে পারিবেন।

এই আইনের কার্য্যপক্ষে কোন্ স্থান কোন কর্ম্মের সদর স্থান বলিয়া গণ্য হইবে এবিষয়ে কোন প্রশ্ন উত্থিত হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেব, কিম্বা এতদর্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেব সময়েং যে কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন তিনি, উক্ত প্রশ্নের নিষ্পত্তি করিবেন ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

কালেক্টর সাহেবের শ্রেণী নিরূপণ ও ফর্দ্দ প্রস্তুত করিতে হইবার কথা।

৫ ধারা। এই অধ্যায়মতে যে সকল ব্যক্তি কালেক্টর সাহেবকে টাকা দিতে দায়ী, তাঁহারা কে কোন শ্রেণীভুক্ত, তিনি সময়েং ইহা নিরূপণ করিবেন, এবং প্রতি বৎসর আপ্রিল মাসের প্রথম দিবসে কি তৎ পূর্ব্বে উক্ত ব্যক্তিদিগের নামের ফর্দ্দ জিলার চলিত ভাষায় প্রস্তুত করিয়া আপনার আফিসে রাখিবেন। প্রত্যেক ব্যক্তি যে কর্ম্ম চালায়, ঐ কর্ম্ম যেং স্থানে চালায়, সে ব্যক্তি যে শ্রেণীভুক্ত, ও উক্ত দিবস যে বৎসরের আরম্ভ হয় সেই বৎসর তাহার যত টাকা দেয়, ঐ ফর্দ্দে এইং কথা লেখা থাকিবে।

ফর্দ্দ প্রকাশ করিবার কথা।

উক্ত রূপে যে ফর্দ্দ রাখা যায় তাহা যুক্তিসঙ্গত সকল সময়েই কিছু না দিয়া সর্ব্ব সাধারণে দেখিতে পাইবে; এবং স্থানীয় গবর্নমেন্ট সময়েং আজ্ঞা দিয়া টাক্সদায়ি নগরের ও গ্রামের যে বা যেং প্রকাশ্য স্থান নির্দ্দেশ করেন ও টাক্সদাতা ব্যক্তিদিগকে অন্য যে (যদি কোন) প্রকারে জানাইবার আদেশ করেন, সেইং স্থানে ও সেই প্রকারে ফর্দ্দের যে বা যেং অংশ কালেক্টর সাহেব উপযুক্ত জ্ঞান করেন আপ্রিল মাসের প্রথম দিবসে বা তৎপূর্ব্বে সেই বা সেইং অংশ প্রকাশ করা যাইবে।

এই আইনের কার্য্যপক্ষে কোন্ ভাষা জিলার চলিত ভাষা বলিয়া গণ্য হইবে, এবিষয়ে কোন প্রশ্ন উত্থিত হইলে, স্থানীয় গবর্নমেন্ট তাহার নিষ্পত্তি করিবেন, এবং ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

ফর্দ্দে যাঁহাদের নাম না থাকে তাঁহাদের কথা।

৬ ধারা। কোন ব্যক্তি যাঁহার নিমিত্ত এই অধ্যায়মতে কালেক্টর সাহেবকে টাকা দিতে দায়ী কোন বৎসরের আপ্রিল মাসের প্রথম দিবসে তদ্রূপ কোন কর্ম্ম চালাইতে থাকিলে, ৫ ধারামতে যে ফর্দ্দ প্রস্তুত হয় তাহাতে তাঁহার নাম না থাকিলেও, উক্ত বৎসরের যে মাসের প্রথম দিবসের পূর্ব্বে,

ফর্দ্দ প্রস্তুত হইবার পর যাঁহারা কর্ম্মারম্ভ করেন, তাঁহাদের কথা।

এবং পূর্ব্বে যিনি কোন কর্ম্ম চালাইতেন না, এরূপ কোন ব্যক্তি যাহার নিমিত্ত উক্তরূপ টাকা দিতে দায়ী কোন বৎসর আপ্রিল মাসের প্রথম দিবসের পর তাদৃশ কোন কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে, তদ্রূপ আরম্ভ করিবার এক মাস মধ্যে,

তাঁহার যে শ্রেণীমতে যত টাকা দিতে হইবে তন্নিরূপণার্থে কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিবেন এবং তাহা হইলে কালেক্টর সাহেব লিখিত আজ্ঞা দিয়া তাহা নিরূপণ করিবেন।

টাক্স কখন্ দিতে হইবে, তাহার কথা।

৭ ধারা। ৫ ধারামতে যে ফর্দ্দ প্রস্তুত করা যায়, তাহাতে যে প্রত্যেক ব্যক্তির নাম ভুক্ত থাকে, তিনি উক্ত ফর্দ্দ প্রস্তুত হইবার পরবর্ত্তি যে মাসের প্রথম দিবসের পূর্ব্বে, এবং ৬ ধারামতে যে কোন ব্যক্তির শ্রেণী নিরূপণ হয় তিনি তদ্রূপ নিরূপণ হইবার এক মাসের মধ্যে, তাঁহার দেয় বলিয়া যে টাকা উক্ত ফর্দ্দে থাকে বা, স্থলবিশেষে, কালেক্টর সাহেব কর্ত্তৃক নিরূপিত হয় সেই টাকা কিম্বা তাহা ৪০ টাকার অধিক হইলে তদর্দ্ধ কালেক্টর সাহেবকে দিবেন।

এই ধারার প্রথম প্রকরণমতে অর্দ্ধেক টাকা মাত্র দেয় হইলে, প্রথমার্দ্ধ যে তারিখে দেয় হয় সেই তারিখ অবধি ছয় মাস গত হইলে অপরার্দ্ধ দেয় হইবে, কিম্বা উক্ত ছয় মাসমধ্যে পরবর্ত্তি মার্চ মাসের প্রথম দিবস পড়িলে উক্ত দিবসে অপরার্দ্ধ দেয় হইবে।

রসীদ দিবার কথা।

৮ ধারা। যে প্রত্যেক ব্যক্তি ৭ ধারামতে কোন টাকা দেন কালেক্টর সাহেব তাঁহাকে একখান রসীদ দিবেন, তাহাতে এইং কথা লেখা থাকিবে;

(ক) রসীদ যে তারিখে দেওয়া যায়;

(খ) যে ব্যক্তিকে দেওয়া যায় তাঁহার নাম ও কর্ম্ম।

(গ) তিনি যে শ্রেণী ভুক্ত;

(ঘ) তাঁহার কর্ম্মের ভাব;

(ঙ) যে বা যেং স্থানে তিনি কর্ম্ম চালান;

(চ) তিনি যে টাকা দিলেন;

(ছ) যে বৎসরের কি কোন বৎসরের যে অংশনিমিত্ত ঐ টাকা প্রদত্ত হইল; ও

(জ) অন্যান্য যে বিশেষ বিবরণ স্থানীয় গবর্নমেন্ট সময়েং নির্দ্দেশ করেন।

উক্ত রসীদে যেং কথা লেখা থাকে, যাবৎ বিপরীত প্রমাণ না হয়, তাবৎ সেইং কথা এই আইনের কার্য্যপক্ষে প্রমাণ সিদ্ধ বলিয়া বিবেচিত হইবে।

৬ ও ৭ ধারার আদেশ পালন না করিলে দণ্ডের কথা।

৯ ধারা। ৬ ধারার আদেশমতে কোন ব্যক্তি কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে উপেক্ষা করিলে, সেই ব্যক্তি এই আইনের কার্য্য পক্ষে যে শ্রেণীভুক্ত হইবে তাহা কালেক্টর সাহেব আপনিই লিখিত আজ্ঞা দিয়া নিরূপণ করিতে পারিবেন; এবং ঐ শ্রেণীর ব্যক্তিদের যে টাকা দিতে হয়, কালেক্টর সাহেব আজ্ঞা করিলে, ঐ ব্যক্তির সেই টাকার অতিরিক্ত তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৭ ধারার আদেশমতে কোন ব্যক্তি টাকা দিতে ত্রুটি করিলে, কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে ঐ ব্যক্তির উক্ত টাকার অতিরিক্ত তাহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

আপত্তিকারির দরখাস্তের কথা।

১০ ধারা। ৫ ধারামতে প্রস্তুত করা ফর্দ্দে কিম্বা ঐ ফর্দ্দ প্রস্তুত হইবার পর কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে কোন ব্যক্তি যে শ্রেণীভুক্ত হন, তৎসম্বন্ধে তাঁহার আপত্তি থাকিলে, যদি উক্ত ফর্দ্দ বা আজ্ঞামতে তাঁহার দেয় টাকা দিয়া থাকেন, অথবা উক্ত টাকা চল্লিশের অধিক হইলে তাহার অর্দ্ধেক দিয়া থাকেন, তবে ঐ ফর্দ্দ প্রকাশিত হইবার পর কিম্বা, স্থলবিশেষে, উক্ত আজ্ঞার তারিখের পর ত্রিশ দিন মধ্যে, কিম্বা প্রত্যেক স্থলে উচিত বিবেচনা করিয়া কালেক্টর সাহেব অতিরিক্ত যে সময় দেন সেই সময়ের মধ্যে তাঁহার নাম অন্য শ্রেণীভুক্ত করিবার স্বত্ব স্থাপনার্থ অথবা এই অধ্যায়মত টাক্স হইতে মুক্ত হইবার নিমিত্ত দরখাস্ত দ্বারা কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে পারিবেন।

দরখাস্ত শুনিবার কথা।

কালেক্টর সাহেব ঐ দরখাস্ত শুনিবার একটী দিন ধার্য্য করিবেন, এবং ঐ ধার্য্যকৃত দিনে, অথবা তিনি সময়ে২ আদেশ দিয়া পরবর্ত্তি অন্য যে দিন ধার্য্য করেন সেই দিনে, দরখাস্ত শুনিয়া তাহার উপর যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

মুনিসিপল কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃক টাক্স ধার্য্য ও আদায় হইবার কথা।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট লিখিত আজ্ঞা দিয়া আদেশ করিতে পারিবেন যে,

(ক) কোন মুনিসিপল কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীন কোন স্থান এই অধ্যায়ের কার্য্যপক্ষে একটী জিলা বলিয়া গণ্য হইবে;

(খ) উক্ত মুনিসিপল কর্ত্তৃপক্ষ কিম্বা সেই কর্ত্তৃপক্ষের কোন কার্য্যকারক, কালেক্টর সাহেবের কর্ত্তৃত্বাধীনে এবং উক্ত আজ্ঞার নির্দ্দিষ্ট নিষেধ ও নিয়মাধীনে, এই অধ্যায়মতে উক্ত স্থানে যে টাক্স প্রাপ্য হয় তৎসমস্ত কি তাহার কোন অংশ ধার্য্য কি আদায় করিবার অথবা ধার্য্য ও আদায় করিবার নিমিত্ত এই আইনমত কালেক্টরের অন্যতর ক্ষমতাক্রমে কার্য্য করিবেন;

(গ) ঐ টাক্স বাবদ যত টাকা পাওনা থাকে তাহা আদায় করিবার নিমিত্ত এই আইনমতে যে কোন ক্ষমতা প্রদত্ত হয়, উক্ত কর্ত্তৃপক্ষ কি কার্য্যকারক তৎপরিবর্ত্তে কি তদতিরিক্ত উক্ত স্থানে মুনিসিপল টাক্স আদায়ের আইনমত ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

(ঘ) ঐ টাক্স বাবদ উক্ত কর্ত্তৃপক্ষ যত টাকা আদায় করেন তাহা উক্ত কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীন ফণ্ডে জমা করা যাইবে; ও

(ঙ) উক্ত কর্ত্তৃপক্ষ যথাবিধি মঞ্জুর করিলে কোন বৎসর টাক্স বাবদ যে টাকা আদায় হইবার সম্ভাবনা, রফা করিয়া তৎপরিবর্ত্তে যত টাকা লওয়া উচিত বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট অনুমান করেন, ঐ কর্ত্তৃপক্ষ উক্ত বৎসর ঐ ফণ্ড হইতে তত টাকা লইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে জমা করিয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

৩ অধ্যায়।

কার্য্যকারকদের ও কর্ম্মচারিদের উপর টাক্সের বিধি।

অর্থকরণের ধারা। "সামান্য নিয়োগকর্ত্তা"।

১২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত বোধ না হইলে, এই অধ্যায়ে "সামান্য নিয়োগকর্ত্তা" শব্দে কোন কোম্পানি ও মুনিসিপল কি অন্য প্রকাশ্য সম্প্রদায় কি সমাজ বুঝাইবে।

"বেতন।"

নির্দ্দিষ্ট বেতনের পরিবর্ত্তে কি তদতিরিক্ত যে বৃত্তি, ফী, কমিশন, উপরী পাওনা কি লভ্য নিয়োগকর্ত্তার নিকটে পাওয়া যায়, "বেতন" শব্দে তৎসমুদয়ও বুঝাইবে; কিন্তু পাথেয়, কি তাম্বুর কি ঘোড়ার কি খোরাকী খরচ কিম্বা বিশেষ কোন ব্যয় নির্ব্বাহার্থে প্রদত্ত অন্য কোন টাকা, উক্ত শব্দে বাচ্য নহে।

গবর্ণমেণ্টের কার্য্যকারকদের টাকা কাটিয়া লইবার কথা।

১৩ ধারা। যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কোন বৈতনিক পদ কি চাকরী কি ক্ষমতাপত্রপ্রাপ্ত হন, তাঁহার বেতন মাসে এক শত টাকার কম না হইলে, ১৮৮০ সালের মার্চ মাসের ৩১ তারিখের পর কোন সময়ের প্রাপ্য বেতন হইতে একজামিনর অব ক্লেম বা অন্য যে কর্ত্তৃপক্ষ বেতনের টাকা দেন তিনি বেতন দিবার সময়ে শতকরা দেড় টাকা কাটিয়া লইবেন। তাহাই এই আইনমতে প্রদত্ত টাক্স বলিয়া গণ্য হইবে।

মুক্ত হইবার কথা।

প্রচলিত প্রথাক্রমে সৈন্যসংক্রান্ত ও সিবিল দলস্থ উভয় প্রকার লোকেই নির্ব্বিশেষে যে চাকরী পাইয়া থাকেন, শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের যে সৈন্যাধ্যক্ষেরা ও ওয়ারণ্ট আফিসরেরা ও সনদ অপ্রাপ্ত জমাদারেরা ও সৈনিকেরা তদ্রূপ চাকরী না করেন ও যাঁহাদের মাসিক বেতন পাঁচ শত টাকার অধিক নহে, এই অধ্যায়ের কোন কথা তাঁহাদের প্রতি বর্ত্তিবে না।

বৈতনিক চাকরী প্রাপ্ত অন্য লোকের টাকা কাটিয়া লইবার কথা।

১৪ ধারা। সামান্য নিয়োগকর্ত্তার অধীনে যে ব্যক্তির বৈতনিক চাকরী আছে তাঁহার বেতন মাসে এক শত টাকার কম না হইলে, ১৮৮০ সালের মার্চ মাসের ৩১ তারিখের পর কোন সময়ের প্রাপ্য বেতন হইতে উক্ত নিয়োগকর্ত্তা বেতন দিবার সময়ে শতকরা দেড় টাকা কাটিয়া লইবেন। তাহাই এই আইনমতে দেয় টাক্স বলিয়া গণ্য হইবে।

টাকা কাটিয়া লইবার রসীদ দিবার কথা।

১৫ ধারা। যে ব্যক্তির বেতন হইতে শতকরা দেড় টাকা কাটিয়া লওয়া হয়, সামান্য প্রত্যেক নিয়োগকর্ত্তা কাটিয়া লইবার সময়ে তাঁহাকে তাহার রসীদ দিবেন; এবং কোন নিয়োগকর্ত্তা তদ্রূপ রসীদ দিতে অস্বীকার করিলে, কালেক্টর সাহেবের আজ্ঞামতে তাঁহার দশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

টাক্সের নিমিত্ত সামান্য নিয়োগকর্ত্তার আপনি গবর্ণমেণ্টের নিকটে দায়ী হইবার কথা।

১৬ ধারা। সামান্য প্রত্যেক নিয়োগকর্ত্তা যে সকল ব্যক্তিকে চাকর রাখেন, তাহাদের বেতন হইতে তিনি উক্ত টাকা কাটিয়া লউন বা না লউন, তাহাদের প্রত্যেকের ঐ টাকার নিমিত্ত তিনি আপনি গবর্ণমেণ্টের নিকটে দায়ী

এবং প্রত্যেক বৎসর জানুয়ারি মাসের প্রথম দিবসে
ও আপ্রেল মাসের প্রথম দিবসে
ও জুলাই মাসের প্রথম দিবসে
ও অক্টোবর মাসের প্রথম দিবসে

কিস্তিক্রমে টাকা দিবার কথা।

উক্ত নিয়োগকর্ত্তা এই ধারামত স্বীয় দেয় সমুদয় টাকা যে জিলায় তদ্রূপ কোন ব্যক্তির বেতন প্রদত্ত হয় সেই জিলার কালেক্টর সাহেবকে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ এতদর্থে অন্য যে কালেক্টর সাহেবকে নিযুক্ত করেন তাঁহাকে দিবেন।

১৭ ধারা। ১৬ ধারার আদেশমত টাকা দেওয়া ন হইতে সামান্য কোন নিয়োগ কর্ত্তা যোত্রহীন বলিয়া প্রকাশ হইলে, অথবা কোম্পানি বা কুঠীস্বরূপ কর্ম্ম তুলিয়া লইলে বা তদ্রূপ কর্ম্ম হইতে বিরত হইলে, চাকরিয়া ব্যক্তি কালেক্টর সাহেব চাহিলে, ঐ টাকা দিতে বাধ্য থাকিবেন।

নিয়োগকর্ত্তা যোত্রহীন প্রভৃতি হইলে যে ট্যাক্সনিমিত্ত চাকরিয়া ব্যক্তির দায়ী হইবার কথা।

১৮ ধারা। এই অধ্যায়মতে যে টাকা কাটিয়া লইতে হয়, তাহা যে বেতন হইতে দেয় সেই বেতন দিবার সময়ে কাটিয়া লওয়া না গেলে, সেই নিয়োগকর্ত্তার সেই ব্যক্তিকে পরে যে বেতন দিতে হয় এরূপ কোন বেতন হইতে তাহা কাটিয়া লইতে হইবে।

ট্যাক্স লইতে ত্রুটি হইলে পরে কাটিয়া লইবার কথা।

১৯ ধারা। এই অধ্যায়মতে কোন ব্যক্তি কোন টাকা দিলে, কালেক্টর সাহেব তাহার রসীদ দিবেন; ঐ রসীদে এই২ কথা লেখা থাকিবে,

কালেক্টর সাহেবের রসীদ দিতে হইবার কথা।

(ক) রসীদ দিবার তারিখ;
(খ) নিয়োগকর্ত্তার ও চাকরিয়া ব্যক্তির নাম;
(গ) যে টাকা প্রদত্ত হইল;
(ঘ) যে সময়ের নিমিত্ত তাহা প্রদত্ত হইল; ও
(ঙ) যে ব্যক্তি কর্ত্তৃক তাহা প্রদত্ত হইল।

২০ ধারা। ১৪ ধারার বিধানমতে কোন ব্যক্তির বেতন হইতে যত টাকা কাটিয়া লওয়া হয়, তৎসম্বন্ধে তাঁহার আপত্তি থাকিলে, অথবা তিনি তাঁহার বেতন হইতে কোন টাকা কাটা যাইবার দায়িত্ব অস্বীকার করিলে, টাকা কাটিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে, অথবা স্থল বিশেষে কালেক্টর সাহেব যে অতিরিক্ত সময় উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে কর্ত্তিত টাকা কি তাহার কোন অংশ পাইবার স্বত্ব স্থাপনার্থে দরখাস্ত দ্বারা কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে পারিবেন।

টাকা কাটিয়া লওয়াতে কোন ব্যক্তির আপত্তি থাকিলে, তাঁহার দরখাস্ত দ্বারা কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিতে পারিবার কথা।

২১ ধারা। কালেক্টর সাহেব ঐ দরখাস্ত শুনিবার একটী দিন ধার্য্য করিবেন; ঐ দিন উক্ত দরখাস্ত করিবার তারিখ অবধি অন্যূন দশদিনান্তর হইবে। উক্ত ব্যক্তির নিয়োগ কর্ত্তাকে ইহার নোটিস দেওয়া যাইবে;

দরখাস্তকারির নিয়োগ কর্ত্তাকে নোটিস দিবার কথা।

এবং কালেক্টর সাহেব উক্ত ধার্য্যকৃত দিনে অথবা সময়ে২ আদেশ দিয়া তিনি পরবর্ত্তি যে দিন স্থির করেন সেই দিনে দরখাস্তকারির কথা শুনিয়া, ও নিয়োগকর্ত্তা উপস্থিত হইলে তাঁহারও কথা শুনিয়া, যেরূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

দরখাস্ত শুনিবার কথা।

২২ ধারা। সামান্য কোন নিয়োগকর্ত্তা ১৬ ধারার আদেশমত কোন টাকা দিতে ত্রুটি করিলে, কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে ঐ নিয়োগকর্ত্তার উক্ত টাকার অতিরিক্ত তাহার তিনগুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১৬ ধারামতে টাকা না দিলে দণ্ডের কথা।

৪ অধ্যায়।

পরিশিষ্ট।

২৩ ধারা। ১০ কি ২১ কি ২২ ধারামতে কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহাতে কিম্বা ৪ ধারার দ্বিতীয় উপবিধানমত ক্ষমাদান করিতে কালেক্টর সাহেব অস্বীকার করাতে, কোন ব্যক্তি অসন্তুষ্ট হইয়া প্রার্থনা করিলে, উক্ত খণ্ডের রাজস্বসংক্রান্ত কমিশনর সাহেব, অথবা স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে সময়ে২ অন্য যে কার্য্যকারককে ক্ষমতা দেন তিনি স্বীয় বিবেচনামতে মোকদ্দমার নথী তলব করিয়া তদুপরি যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন, এবং উক্ত আজ্ঞা চূড়ান্ত হইবে।

১০ কি ২১ কি ২২ ধারামত আজ্ঞা পুনরালোচনা করিবার কথা।

২৪ ধারা। এই আইনমতে যে টাকা পাওনা হয় ও যে অর্থদণ্ড দেয় হয়, তাহা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইবে।

আইনমত পাওনা টাকা আদায় করিবার কথা।

কিন্তু যে বৎসর মার্চ্চ মাসের ৩১ তারিখে শেষ হয়, সেই বৎসরে যে টাকা পাওনা বা যে অর্থদণ্ড দেয় হয় বৎসরের শেষ তারিখ অবধি তিন মাস গত হইলে পর সেই টাকা বা অর্থদণ্ড আদায়ের নিমিত্ত কোন আনুষ্ঠানিক কার্য্য আরম্ভ করা যাইবে না।

২৫ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের প্রতি যে২ ক্ষমতা ও কর্ত্তব্যভার প্রদত্ত ও অর্পিত হইল, আসিষ্টাণ্ট কালেক্টর সাহেব অথবা এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি জিলার কালেক্টর সাহেবের কর্ত্তৃত্ব ও আজ্ঞাধীনে, সেই সকল বা তন্মধ্যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে ও সেই সকল বা তন্মধ্যে কোন কর্ত্তব্য সম্পাদন করিতে পারিবেন।

অন্যান্য কার্য্যকারকের আইনমত কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবার কথা।

এই ধারামতে নিযুক্ত কোন কার্য্যকারক ১০ কি ২১ কি ২২ ধারামতে কোন আজ্ঞা করিলে, ২৩ ধারামতে খণ্ডের কমিশনর সাহেবের প্রতি যে পুনরালোচনা করিবার ক্ষমতা অর্পিত হইয়াছে সেই ক্ষমতানুসারে কালেক্টর সাহেব উক্ত আজ্ঞা সম্বন্ধে কার্য্য করিতে পারিবেন এবং উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে।

২৬ ধারা। যে ব্যক্তির কাছে এই আইনমত কোন রসীদ আছে, কালেক্টর সাহেবের নিকটে সামান্য কি বিশেষ ক্ষমতাপত্র প্রাপ্ত হইয়া যে কার্য্যকারক উক্ত রসীদ উপ-

চাহিলে রসীদ উপস্থিত করিতে হইবার কথা।

স্থিত করিবার ও দেখাইবার আদেশ দিতে পারেন, তিনি আদেশ করিলে সেই ব্যক্তির তাহা উপস্থিত করিতে ও দেখাইতে হইবে।

কালেক্টর সাহেবের প্রবর্তনায় অভিযোগ হইবার কথা।

কিন্তু কোন ব্যক্তি রসীদ উপস্থিত করিতে উপেক্ষা বা অস্বীকার করিলে, কালেক্টর সাহেবের প্রবর্ত্তনা বিনা তাহার বিরুদ্ধে কোন কার্য্যানুষ্ঠান হইবে না।

গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের দায়ী হইবার কথা।

২৭ ধারা। যে কর্ম্মের আয় পদোপলক্ষে তাঁহাদের হস্তে বা কর্ত্তৃত্বাধীনে আছে, এবং যে সকল ব্যক্তি তাঁহাদের আজ্ঞাধীনে নিযুক্ত থাকে, তৎসম্বন্ধে কোর্ট অব ওয়ার্ড ও ব্রিটিষ ভারতবর্ষস্থ কোন আদালতের নিযুক্ত গ্রাহক ও কার্য্যাধ্যক্ষ এই আইনমতে দায়ী হইবেন।

ন্যাসধারী প্রভৃতি টাক্সের যে টাকা দেন তাহা রাখিতে পারিবার কথা।

২৮ ধারা। যখন কোন ন্যাসধারী কি অভিভাবক কি কুরেটর কি কমিটী কি এজেন্ট তৎস্বরূপ এই আইনমতে দায়ী হন, অথবা যখন কোন কোর্ট অব ওয়ার্ড, কিম্বা কোন আদালতের নিযুক্ত গ্রাহক কি কার্য্যাধ্যক্ষ এই আইনমতে দায়ী হন, তদ্রূপ দায়ী ব্যক্তির ও কোর্টের হস্তে উক্ত ন্যাসধারী কি অভিভাবক কি কুরেটর কি কমিটী কি এজেন্ট স্বরূপ, অথবা উক্ত কোর্ট অব ওয়ার্ড কি গ্রাহক কি কার্য্যাধ্যক্ষ স্বরূপ, যে টাকা আইসে, সেই টাকা হইতে সময়েং সেই ব্যক্তি ও কোর্ট দায়ের টাকা শোধ করিতে যাহা আবশ্যক হয় তাহা রাখিতে পারিবেন।

এই আইনের বিধানক্রমে যে টাকা রাখা ও দেওয়া যায় তদ্রূপ প্রত্যেক ব্যক্তিকে ও কোর্টকে এতদ্দ্বারা সেই টাকার দায় হইতে মুক্ত করা গেল।

দেওয়ানী আদালতের ক্ষমতাক্রমে কালেক্টর সাহেবের কার্য্য করিবার কথা।

২৯ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে মোকদ্দমার বিচারার্থে দেওয়ানী আদালতের প্রতি যেং ক্ষমতা অর্পিত হইয়াছে, ১০ কি ২১ ধারামত আনুষ্ঠানিক কার্য্যোপলক্ষে, কালেক্টর সাহেব তদন্তর্গত যে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ কোন আনুষ্ঠানিক কার্য্যচলনসময়ে দরখাস্তকারির প্রবর্ত্তনা বিনা অথবা তাহার কথিত বৃত্তান্তের সত্যতা নিরূপণাভিপ্রায় বিনা কালেক্টর সাহেব কোন সাক্ষ্য তলব করিবেন না।

কালেক্টর সাহেবকে সম্বাদ দিবার কথা।

৩০ ধারা। এই আইনমত কালেক্টরের কোন ক্ষমতাক্রমে যে কার্য্যকারক কার্য্য করিতেছেন, তিনি যে সম্বাদ লিখিয়া বা অন্যরূপে দিবার আদেশ করেন, প্রত্যেক ব্যক্তি আইনমতে তাহা দিতে বাধ্য হইবে।

মুক্তিদান করিবার ও বিধিপ্রণয়ন করিবার স্থানীয় গবর্ণমেণ্ট সম্বন্ধে ক্ষমতার কথা।

৩১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক (ক) উক্ত গবর্ণমেন্টের শাসনাধীন দেশের কোন অংশ, কিম্বা উক্ত দেশস্থ কোন ব্যক্তিদিগকে বা কোন শ্রেণীর ব্যক্তিদিগকে এই আইনের কি তাহার কোন বিধানের কার্য্য হইতে মুক্ত করিতে পারিবেন ও উক্ত মুক্তিদান রহিত করিতেও পারিবেন;

(খ) এই আইনমতে কোন ব্যক্তির কি কোন শ্রেণীর ব্যক্তিদের যে টাকা দিতে হয় তাহা কমাইতে পারিবেন; ও

(গ). (১) এই আইনমতে দেয় টাকা যে প্রকারে আদায় করিতে হইবে তাহার বিধানার্থ; ও (২) কোন বা কোন প্রকার স্থলে এই আইনমত কোন ব্যক্তির উপর নোটিস জারী করিবার বিধানার্থ; ও (৩) সামান্যতঃ এই আইনসংক্রান্ত বিষয়ে কর্ম্মচারিদের উপদেশার্থ, এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

[.... গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

পথকর ও পূর্ত্ত বিভাগীয় করের আইনমত বার্টীর টাক্স হইতে মুক্তি পাইবার কথা।

৩২ ধারা। যে ব্যক্তি এই আইনমতে কোন টাক্স দেন তিনি যত কাল ঐ টাক্স দিতে থাকেন, তত কাল ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৪র্থ খণ্ডমতে অথবা ১৮৭৭ সালের বঙ্গীয় ২ আইনের ৭ ধারামতে তাঁহার বাটীর উপর যে পথকর কি পূর্ত্তবিভাগীয় কর ধার্য্য থাকে তাহার কোন কিস্তির টাকা ১৮৮০ সালের আপ্রিল মাসের প্রথম দিবসের পরে পাওনা হইলে তাঁহার ঐ টাকা দিতে হইবে না।

প্রথম তফসীল।

যেং আইন রহিত হইল।

(২ ধারা দেখ।)

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর	নাম	যতদূর রহিত হইল।
১৮৭৮ সা, ২ আ,	পঞ্জাব ও উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যার বাণিজ্য ও কারবারের লাইসেন্স বিষয়ক আইন।	সমুদয়।

মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর	নাম	যতদূর রহিত হইল।
১৮৭৮ সা, ৩ আ,	মান্দ্রাজ প্রেসিডেন্সীতে বাণিজ্য ও কারবার ও কারুকার্য্যের লাইসেন্স বিষয়ক আইন।	সমুদয়।

মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর	নাম	যতদূর রহিত হইল।
১৮৭৮ সা, ৩ আ,	বোম্বাই প্রেসিডেন্সীতে বাণিজ্য ও কারবার ও কারুকার্য্যের লাইসেন্স বিষয়ক আইন।	সমুদয়।

বাবস্থাপক সভা ঘটিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর	নাম	যত রহিত হইল।
১৮৭৮ সা, ১ আ,	বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে ব্যবসায়ের, ও কারবারের ও শিল্পকর্ম্মের লাইসেনস দেওন বিষয়ক আইন।	সমুদয়।

দ্বিতীয় তফসীল।

কর্ম্মের উপর টাকস।

(৪ ধারা দেখ।)

১	[illegible]	৩	৪
শ্রেণীর নম্বর	যাহাদের কর্ম্মের বার্ষিক আয় নিম্নলিখিত টাকার অধিক	কিন্তু নিম্নলিখিত টাকার অনধিক	যত টাকস দিতে হইবে।
১ ...	২৫০৲	৩৫০৲	৪৲
২ ...	৩৫০৲	৫০০৲	৭৲
৩ ...	৫০০৲	৬০০৲	১০৲
৪ ...	৬০০৲	৮০০৲	১২৲
৫ ...	৮০০৲	১,০০০৲	১৬৲
৬ ...	১,০০০৲	১,২০০৲	২০৲
৭ ...	১,২০০৲	১,৬০০৲	২৫৲
৮ ...	১,৬০০৲	২,০০০৲	৩২৲
৯ ...	২,০০০৲	২,৫০০৲	৪০৲
১০ ...	২,৫০০৲	৩,০০০৲	৫০৲
১১ ...	৩,০০০৲	৪,০০০৲	৬০৲
১২ ...	৪,০০০৲	৫,০০০৲	৮০৲
১৩ ...	৫,০০০৲	৬,০০০৲	১০০৲
১৪ ...	৬,০০০৲	৮,০০০৲	১২০৲
১৫ ...	৮,০০০৲	১০,০০০৲	১৬০৲
১৬ ...	১০,০০০৲	১২,০০০৲	২০০৲
১৭ ...	১২,০০০৲	১৬,০০০৲	২৪০৲
১৮ ...	১৬,০০০৲	২০,০০০৲	৩২০৲
১৯ ...	২০,০০০৲	২,৪০০০৲	৪০০৲
২০ ...	২৪,০০০৲	৩২,০০০৲	৪৮০৲
২১ ...	৩২,০০০৲	৪০,০০০৲	৬৪০৲
২২ ...	৪০,০০০৲	৪৮,০০০৲	৮০০৲
২৩ ...	৪৮,০০০৲	৬০,০০০৲	৯৬০৲
২৪ ...	৬০,০০০৲	৮০,০০০৲	১,২০০৲
২৫ ...	৮০,০০০৲	১,০০০০০৲	১৬,০০৲
২৬ ...	১,০০,০০০৲	১.২৫,০০০	২,০০০৲
২৭ ...	১,২৫,০০০৲	১,৫০,০০০৲	২,৫০০৲
২৮ ...	১,৫০,০০০৲	২,০০,০০০৲	৩,০০০৲
২৯ ...	২,০০,০০০৲	২,৫০,০০০৲	৪,০০০৲
৩০ ...	২,৫০,০০০৲	৩,০০,০০০৲	৫,০০০৲
৩১ ...	৩,০০,০০০৲	৪,০০,০০০৲	৬,০০০৲
৩২ ...	৪,০০,০০০৲	৫,০০,০০০৲	৮,০০০৲

এই রূপে ২ ও ৩ ঘরের অঙ্ক ১,০০,০০০ বৃদ্ধি হইলে প্রত্যেক নূতন শ্রেণীর নিমিত্ত ৪ ঘরে ২০০০ বৃদ্ধি হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১। এক্ষণে লাইসেন্স টাক্স সংক্রান্ত চারিটী আইন আছে। শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার প্রণীত ১৮৭৮ সালের ২ আইন পঞ্জাব ও উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যায় প্রচলিত আছে; এবং স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত তিন খানি তৎসদৃশ আইন মান্দ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সীতে ও বঙ্গদেশে প্রচলিত আছে এই সকল আইন সংগ্রহ ও সংশোধন করা এক্ষণে বাঞ্ছনীয় বোধ হইয়াছে এবং এই নিমিত্ত বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে।

২। যে সকল ব্যক্তির বার্ষিক আনুমানিক আয় ২৫০ টাকার কম এইরূপ টাক্স হইতে তাহাদিগকে অব্যাহতি দেওয়া আবশ্যক বোধ হয়। এই প্রকার প্রণালী পরিবর্ত্তন করিলে দশ লক্ষেরও অধিক লোকে টাক্স হইতে অব্যাহতি পাইবে, এবং ইহাতে বার্ষিক ২৪,০০,০০০ টাকা রাজস্ব ক্ষতি হইবে।

৩। এক্ষণে যে অল্পতর আয়ের উপর লাইসেন্স টাক্স আছে, এই প্রকারে তাহা বাদ দিলে রাজস্বের যে ক্ষতি হয় তৎপূরণার্থে এবং সেই সঙ্গে করভারের অধিকতর সমতা সম্পাদনার্থে প্রস্তাব করা যাইতেছে যে, যে হারে বণিক সম্প্রদায়ের উপর টাক্স লওয়া যায় সেই হারে ব্যবহারাদি ব্যবসায়ীদের উপর ও বেতনগ্রাহি অপেক্ষাকৃত সঙ্গতিপন্ন রাজকর্ম্মচারি ও অপর ব্যক্তিদের উপর টাক্স ধরা হয়।

বণিক্ সম্প্রদায়ের ও ব্যবহারাদি ব্যবসায়িদের সম্বন্ধে একই প্রকার নিয়ম করিবার প্রস্তাব হইতেছে বর্ত্তমান লাইসেন্স টাক্স বিষয়ক আইনে বণিক্ সম্প্রদায় সম্বন্ধে যে প্রণালী অবলম্বিত হইয়াছে, পাণ্ডুলিপিতে সেই প্রণালীর গুরুতর পরিবর্ত্তন করা যায় নাই, কেবল মাত্র অধিকতর আয়বান্ ব্যক্তিদের দেয় ফী বৃদ্ধি করা আবশ্যক হইতেছে, স্পষ্টই বুঝা যাইতেছে; কারণ তাহা না করিলে, বেতনভোগী লোকে যে হারে টাক্স দিবে অধিকতর ধনবান বণিকদের তদপেক্ষা কম হারে টাক্স দিতে হয়। এক্ষণে যে শ্রেণী বন্ধন প্রণালী চলিত আছে সামান্যতঃ সেই প্রণালীই রাখা হইয়াছে। এই প্রকার প্রণালীমতে ভিন্ন২ শ্রেণীর আয়ের উপর যে টাক্স ধার্য্য করা যায় তাহার হারে কিঞ্চিৎ ইতরবিশেষ অপরিহার্য্য; কিন্তু নূতন তফসীল এপ্রকারে প্রস্তুত করা গিয়াছে, যে উচ্চতম ও নিম্নতম হারের মধ্যে শতকরা ॥০ আট আনার অধিক প্রভেদ নাই। টাক্সের গড় পড়তা আনুমানিক বার্ষিক উপার্জ্জনের উপর শত করা ১॥০ টাকার কিছু উপর হইবে।

৪। রাজকীয় হউক কি না হউক, বেতনভোগী ব্যক্তিদের উপর টাক্স করিবার স্বতন্ত্র বিধান করা গিয়াছে; কারণ তাহাদের ঠিক আয় জানা থাকাতে যে মোটামোটী শ্রেণীবন্ধন প্রণালী বণিকসম্প্রদায়ের ও ব্যবহারাদি ব্যবসায়ীদের পক্ষে বাঞ্ছনীয়, তাহাদের পক্ষে তাহা আবশ্যক বা হিতকর নহে। ১৮৬৭ সালের ২১ আইনের ও ১৮৬৮ সালের ৯ আইনের দর্শিত [illegible]দের অনেক দূর অনুবর্ত্তন করিয়া বেতনভোগি ব্য[illegible] প্রকৃত বেতনের উপর টাক্স ধার্য্য করিবার প্রস্তাব করা গিয়াছে। মাসিক বেতন ১০০ টাকা বা বার্ষিক বেতন ১,২০০ টাকা টাক্সযোগ্য বেতনের নিম্ন সীমা বলিয়া ধরা গিয়াছে।

এই শ্রেণীর লোকের টাক্সের হার শত করা দেড় টাকা হইবে, এবং তাহা ব্যতীত সকল শ্রেণীর লোকের উপরই গড়ে একই হারে টাক্স হইবে।

৫। পূর্ব্বোক্ত পদ্ধতি অনুবর্ত্তন করিয়া, প্রস্তাব করা গিয়াছে যে, গবর্ণমেণ্টের যে সৈন্যসংক্রান্ত কর্ম্মচারিদের বেতন ও বৃত্তি মাসে ৫০০ টাকার কি এতৎসম্বন্ধে ৬০০৲ টাকার অধিক নহে, তাঁহাদের টাক্স দিতে হইবে না।

৬। বণিক সম্প্রদায়ের নিম্নশ্রেণীর উপর টাক্স ছাড়িয়া দেওয়াতে যে ২৪,০০,০০০ টাকা ক্ষতি হইয়াছে, ব্যবসায়ী ও বেতনভোগী ব্যক্তিদের উপর পাণ্ডুলিপিতে যে প্রকার টাক্স করিবার প্রস্তাব আছে তাহাতে সেই ক্ষতিপূরণ হইবার মত টাকা আদায় হইবে, অনুমান হয়। সুতরাং ইহাতে সরকারী রাজস্বের বিশেষ কোন লাভ হইবে না।

৭। এই সুযোগে আইনের অন্যান্য স্থল সংশোধন করা গিয়াছে, কিন্তু তৎসমুদয় এত গুরুতর নহে যে এখানে উল্লেখ করিতে হয়।

৮। বর্ত্তমান আইনক্রমে জানুয়ারি মাসের আরম্ভে টাক্স ধার্য্য করিবার কার্য্য প্রবৃত্ত করা উচিত। এই নিমিত্ত বর্ত্তমান পাণ্ডুলিপি যদি আইনে পরিণত হয়, ইহা ৩১ ডিসেম্বর তারিখের পূর্ব্বে বিধিবদ্ধ হওয়া বাঞ্ছনীয়। কিন্তু আপ্রিল মাসের প্রথম দিবসে আগামি রাজস্ব সংক্রান্ত বৎসর আরম্ভ না হইলে পর কোন টাকা পাওনা হইবে না।

জান ষ্ট্রেচি।

১৮৭৯ সাল ১৩ নবেম্বর।

ডি, ফিট্জপাট্রিক,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

ডিক্রীজারীতে নিলামের ইস্তাহার জারীর নিমিত্ত নাজিরের প্রতি হুকুম।

[দেওয়ানী কার্য্যবিধি আইনের ২৮৭ ধারা।]

আদালত।

মোকদ্দমা নং   সন ১৮

সাং

বনাম

সাং

আদালতের নাজিরের প্রতি।

যেহেতু ডিক্রীদারের ডিক্রীর টাকা আদায় কারণ দায়িকের নীচের তফসীলের লিখিত আয়দাদ নিলামের আদেশ হইয়াছে, অতএব আগামি সন ১৮   সালের   তারিখ মোতাবেক সন ১২   সালের   তারিখ নিলামের দিন ধার্য্যমতে এই পরওয়ানা দ্বারা   কেতা নিলামী এস্তেহার তোমার হাওলা করিয়া লেখা যাইতেছে যে উক্ত নিলামী ইস্তাহার এক কেতা এই আদালতের সদর দরওয়াজায় ও এক কেতা জজ আদালতে ও এক কেতা কালেক্টরীতে ও বাকী   কেতা তফসীলের লিখিত আয়দাদে ঢোলসহরতপূর্ব্বক রীতিমত জারী করত ঐ জারীর রসীদ তোমার কৈফিয়ত্‌সহ হুজুরে দাখিল করহ ইতি সন ১৮   সাল তারিখ

তফসীল আয়দাদ।

ডিক্রীজারীতে নিলামের ইস্তাহার জারীর নিমিত্ত নাজিরের প্রতি হুকুম ।

[দেওয়ানী কার্য্যবিধি আইনের ২৮৭ ধারা ।]

আদালত ।

মোকদ্দমা নং সন ১৮

সাং

বনাম

সাং

আদালতের নাজিরের প্রতি ।

যেহেতু ডিক্রীদারের ডিক্রীর টাকা আদায় কারণ দায়িকের নীচের তফসীলের লিখিত জায়দায় নিলামের আদেশ হইয়াছে, অতএব আগামি সন ১৮ সালের তারিখ মোতাবেক সন ১২ সালের তারিখ নিলামের দিন ধার্য্যমতে এই পরওয়ানা দ্বারা কেতা নিলামী এস্তেহার তোমার হাওলা করিয়া লেখা যাইতেছে যে উক্ত নিলামী ইস্তাহার এক কেতা এই আদালতের সদর দরওয়াজায় ও এক কেতা জজ আদা[illegible] ও এক কেতা কালেক্টরীতে ও বাকী কেতা তফসীলের লিখিত জায়দাদে ঢোলসহরতপূর্ব্বক [illegible]তিমত জারী করত ঐ জারীর রুবকারী তোমার কৈফিয়ত্‌সহ হুজুরে দাখিল করহ ইতি সন ১৮ সাল তারিখ

তফসীল জায়দাদ ।